

আমারে এ আঁখারে

কবি অতুলপ্রসাদ সেনের জীবন-উপস্থাস

কল্যাণকুমার বস্থ



অভ্যুদয় প্রকাশ-মন্দির ৬, বহিম চাটুচ্ছে খ্রীট, কলকাতা ১২

প্রকাশ কবেছেন অমিয়কুমার চক্রবর্তী

৬, বন্ধিম চাটুজ্জে খ্ৰীট কলকাতা ১২

জগন্নাথ পান

ছেপেছেন

শান্তিনাথ প্রেস

১৬, হেমেন্দ্র সেন 🕏 🕏 কলকাতা ৬

প্ৰচ্ছদ এ কৈছেন

গণেশ বহু

70.00

ছেলেবেলায় প্রথম বাবার মূথে কবি অতুলপ্রসাদের নাম ও গান এবং তাঁব লখনউ প্রবাদেব দিনগুলিব কথা শুনি। অতুলপ্রসাদ বিংশ শতাব্দীব প্রথমভাগ থেকে লথনউ-প্রবাসী হরেছিলেন এবং প্রবাদেই দেহরকা করেছিলেন। বংশপরম্পরায় আমরাও ' ছিলাম লখনউ প্রবাসী। অতুলপ্রসাদেব দকে প্রথম পরিচয় আমার, মাকে উপহার দেওয়া বাবাব লাল •কাপড়ে তুলোর প্যাডে বাঁধাই সোনাব জলে লেখা পুরোনো সংস্কবণেব গানেব বইয়ের মাধ্যমে। স্থরেব একটা হাওয়া বহে গেল। তারপর এল ণানেব পব গান বন্ধু প্রভু সেন, এখন লগুন প্রবাসী কমাশিয়াল আর্টিন্ট—তথন আমাদেব গানেব আদর বসত কথনো আর্ট কলেঞ্চেব মাঠে। চিত্র সঙ্গীত সাহিত্যের মধ্যে কোথায় যেন একটা যোগস্তুত্ত আছে, দেদিক থেকে আৰ্ট স্থূন বা কলেজেব মাঠের একটা ঐতিহ্ন আছে। সেখান থেকে গানের আসব বসত কখনো বন্ধু ভামল সেন এবং প্রভূব বালীগঞ্জ স্টেশনের কাছের একটা বাডিতে। পিয়ানোর সামনে বসে প্রভূ গান গাইত: 'আমারে ভেঙে ভেঙে', 'একা মোব গানেব তবী ভাদিয়েছিলাম' বা 'আর কতকাল থাকৰ বনে চুয়ার খুলে', এবং আৰও কত যে গান। বভ দৰদী গলা ছিল তাব। দে গানগুলিব করুণ স্তবের মাদ্রা বড নিষ্ঠুব হয়ে হৃদয়টাকে আঘাত করত। তথনই ভাবতাম, এত করুণ হবে এত বাধার গান অতুলপ্রসাদ কেমন করে বচনা কবলেন। তথন কি জানতাম এমন স্থব-পাগল মানুষটিকে। পরে একটু একটু করে জেনেছি এবং একটা সম্বন্ধ কবে বসেছি। আমাব মনের ইচ্ছে অতুলপ্রসাদের জীবন काहिनी काना।—এ कीवन काहिनी छाइ छाव माहिछा-कीवन, छाँव कावा-कीवन, তাঁর স্থবের জীবন-কথা। ইতিমধ্যে আমাকে প্রেবণা দিতে আমাব বাবা (শ্রীযুক্ত বসস্তকুমার বস্থ) লখনউয়ের

প্রবাস জীবন এবং অতুলপ্রসাদ প্রসঙ্গে একথানি পাণুলিপিও তৈরি কবেছিলেন। তাতে আমাব উৎসাহ আবও বৃদ্ধি পায়। কবিপুত্র শ্রীযুক্ত দিলীপ সেন এবং পুত্রবধ্ শ্রীয়তী বেলা দেন নানান তথ্য ও মূল্যবান চিত্র দিয়ে অমূগৃহীত করেছেন। শ্রীযুক্ত সেন অনেক শ্রম স্বীকার করে আমাকে সঙ্গে করে লখনউয়ে কবিব স্বতি-চিহ্নিত স্থানগুলি ঘূরিয়ে দেপিয়েছেন এবং কবির সন্থক্ষে নানান বিষয় আলোচনা করেছেন। কবির ভাইঝি শ্রীয়তী জ্যোৎস্না সেন কবিব নানান তথ্য, তাঁর পিতার ভায়েরি, কবির হন্তাক্ষর-চিত্র ও অমূল্য উপদেশ দিয়ে রুভক্ততা পাশে বেঁধেছেন। এছাড়া আমি অনেকেব কাছেই রুভক্ত: বেমন, শ্রীমৎ স্বামী বিমলানন্দ গিরি মহারান্ধ, ৬ ডাং কালিদান নাগ, সাহিত্য-গ্রেমিক শ্রীস্থরেশ চক্রবর্তী, শ্রীসঞ্জীবকুমার মূখোপাধ্যায়, শ্রীদেবকুমার বন্ধ, শ্রীপ্রভাত

গলোণাধ্যাম, এবং আরও অনেকেই। একখানি গান বিশিষ্ট সাংবাদিক সাহিত্যিক শীর্মতাত গলোপাধ্যাম কবি অতুলপ্রসাদ বচিত বলে দাবি করেছেন। সে গানখানি এখনও অপ্রকাশিত। গানখানি তুলে দিলাম:

জননী বন্ধ, তোমাব সন্থ লভিয়া যদি গো,

অঙ্গ আমার হয় মা কয়,

তথাপি বঙ্গে ভ্রকৃটি-ভঙ্গে তৃচ্ছ কবিয়:

গাহিব জননী, ভোমাবি জয়।

লান্থিত আমবা যদিও জননী শোণিত বঞ্চিত মোদেব শিব.

শোণত বাঞ্চ খোদেব নেব, বক্ষ ডেদিয়া বহে যায় গুলি

তথাপি ফেলি না অশ্রনীব,

মৃত্যু সতত কবিছে নৃত্যু শিয়রে মোদেব

তবুও কবি না কাহাবে ভয়।

অভয়াব বরপুত্র আমবা

হাসিয়া কবি মা গবল পান,

शानवा कार्य या गर्ज नाम,

অনল দহন ধদিও মা বুকে

কঠে গাহিবে ভোমাবি গান .

সপ্ত কোটি সস্তান আমরা

ভোমার লাগিয়া এনেছি অর্থা,

তৃমি গো জননী দেবতা মোদেব

ধরায় তুমি মা মোদের স্বর্গ।

ৰে পূজার মাগো এত আয়োজন

প্রাণ বিনিময়ে

त्म रचन यख्य भूर्व इग्र।

শ্রীবসন্তকুমাব **বস্থ** ও শ্রীমতী শাস্তি বস্থ

उर्दर्भाशन

- ১১২ পृष्ठीय २१ नारेदन 'त्रवीक्तनाथ' अव ऋतन 'वशीक्तनाथ' श्रद ।
- ১११ 🗼 २१ महित्न 'ताशकमन' व ऋत 'वाशक् मृत श्रदा।
- ১>৪ , २ नाहरन 'श्रवानामानी' वर इटन 'नवनामानी' इटर।
- ২•৪ , ৬ লাইনেব শেবে পড়তে হবে 'জ্ঞান চক্রবর্তী, বাধাক্মল, রাধাক্ম্দ্বা এলে বিশ্ববিদ্যালয়েব মন্ত্রণাককে নিয়ে গেলেন। দেবা-সমিতি থেকে, বয়স্কাউট স্মানোসিয়েশ্ন থেকে ছাক স্থানে। বাব'



super complant recover me sunt are?

which was seen by a subject of the s

\$ omv(43 2735 (or 12 121) one]

Err (10 p adour son mo mo ime (

Section autosite (and more)

The log heregoing

The los on substitution of the subst



অতুলপ্রসাদ খেন



ক্ৰিণড়ী শীম্মতী কেম্ক্সম সেন

মন্ডে কাবে অতুলক্ষাদ



প্ৰথম সারিতে ব্সেঃ কবিনায় রায়, প্ৰশাস্চন্দ্ৰ মহলান্বীশ, অভূলপ্ৰসাদ সেন, শিশিরকুমার দৃত, জকুমার রায়। ≱ণিড়িয়েঃ হিরণ স্থাল, অভিভকুষার চক্রবভী, কালিগাস নাগ, প্ভাডচল গলেশাগায়, ডঃ হিজেলনাথ সৈত, মারেজর সারিতে বনেঃ যভীনুনাথ মুগোপাধায়ে, অমল হোম, জুনাভিকুয়ার চটোপাধায়ে, জীবনময় রায়। अन्डीब्रिक्स 57. हामिसिशिय, क्रेबिडिस (मन, जिरिकाबन्द व्यिष्टिशियुरी।





রামপ্রদাদ দেন (অতুলপ্রদাদ দেনের পিডা)







লক্ষোয়ে অত্পপ্রসাদের মর্যর-মৃতি



অতুলপ্ৰদাদ দেন

কেউ যদি জিজেস করে, তোমার বাবার নাম কী? কী বলবে অতুল বল তো বাবা? বলবে, ডাঃ রামপ্রসাদ সেন। তোমার বাবা এক জন ডাক্তার। বাবা আবার বলতেন—

মায়ের নাম কী জান ? শ্রীমতী হেমন্তশশী সেন। ঠাকুর্দার নামও তোমার জানা উচিত, শ্রীযুক্ত বাবু রুক্ষচন্দ্র সেন। আমাদের দেশ কোথায় জান অতুল ? ফরিদপুর জেলার দক্ষিণ বিক্রমপুর পরগণার থালবিল-ঘেরা এক গগুগ্রাম, নাম তার মগর। আজ্ব থেকে বহুদিন আগে অষ্টাদশ শতান্দীর মাঝখানে বাঙলায় ইন্ট ইণ্ডিয়া কোম্পানি মথন গোড়া গেড়ে বরেছে, তাদের হাত পশ্চিম দিকে বিস্তার আরম্ভ করেছে, সেই সময়ে তোমার ঠাকুর্দা জন্মগ্রহণ করেছিলেন। কবিরাজি তার পেশা ছিল। আশেপাশের যে-কটি গ্রামের মামুষ ছিল তাদের তিনিই ছিলেন কাগুরী। হাত্যশশু হয়েছিল। রোগ সারানোর পাওনা হিসেবে শাকটা মূলোটা থেকে, কলুর তেল থেকে, গয়লাবাড়ির ঘ্রধ-ঘি, সংসারের যা কিছু প্রয়োজনীয় জিনিসের তাঁর অভাব কোনদিনও হয়নি। মাঝে মাঝে জমিদারবাড়ি থেকে ডাক আসত, তথন পাওনা-থোওনা ভালই ছিল। অন্নবন্ত্রের অভাব ছিল না। তোমার ঠাকুর্দার তিন ছেলে তুই মেয়ে—তোমার বড় জ্যাঠামশাইয়ের নাম তুর্গাপ্রসাদ সেন, তারপর তোমার বড় পিসিমা উমাতারা, তারপর মেজজ্যাঠামশাই গুরুপ্রসাদ, ছোট পিসি ভবস্কনরী, আর সবথেকে ছোট্ট কে জান, তোমার বাবা রামপ্রসাদ। তোমার কোন কাকা নেই।

বাবা আবার বলতেন, তোমার জন্ম ঢাকা শহরে ১২৭৮ সনের কার্তিক মাসে এক রবিবার—ইংরাজী ২০-১০-১৮৭১ খ্রীস্টাব্দে। ত্রিম থুব ছোট্ট ছিলে বাবা, নীল নীল চোথ তোমার, একমাথা চুল, সোনার মত রং। আঁতুড়ঘরে তোমাকে তোমার মায়ের কোলের কাছে শুয়ে থাকতে দেথে কী ষে ভাল লাগল তেকবার তোমার ম্থখানা দেখেই ভীষণ ভালবেসে ফেললুম। তোমাকে কোলে নিয়ে আদর করবার জন্মে ইচ্ছে হয়েছিল। কিন্তু জান ত

আমাকে তথন কোলে তুলেছিলে বাবা ? না। কোলে তুলে নিতে পারলুম কই !

কেন বাবা ?

আঁত্ড়গরে ছোটদের কোলে তোলা নিয়ম নেই। দিদিমা-ঠাক্মারা কোলে তুলতে দেয় না।

তুমি তাহলে আমাকে কোলেই নাওনি বাবা ?

তা কেন হবে। তুমি যথন একটু বড় হলে, আঁতুড়ঘর থেকে তোমার মা তোমাকে নিয়ে বাইরে এলেন, আমি তথন তোমাকে বৃকে রেথে বদে থাকতুম দক্ষিণের বারান্দায়, শীতের রোদে, আমার ইজিচেয়ারটিতে। কথনো তোমার মাকে ল্কিয়ে তোমাকে কোলে তুলে নিয়ে নেমে আসতুম চুপিচুপি সিঁড়ি ধরে একেবারে বাগানে। লতানে দাদা গোলাপ-ঝাড়টি আমার খুব প্রিয় ছিল, তার বাঁধানো চৌতরায় তোমাকে নিয়ে বদে থাকতুম ঘটার পর ঘটা। মিঠে রোদ উঠত, মৃহ হাওয়া বইত। তোমাকে আমি বাগানে নিয়ে আদি তোমার মা কিন্তু পছন্দ করতেন না। বলতেন ঠাণ্ডা লাগবে। কিন্তু তোমার ঠাণ্ডা লাগলেই হল, তোমাকে যে আমার গরম বুকের মাঝে বন্দী করে রাগতুন। তুমি যে আমার কত আনন্দের—তুমি যে আমার আত্মছ!

জান, তোমাকে কোলে নিয়ে যথন আমি বাগানে নেমে আসতুম তথন তোমার মা মুখভার করতেন। আমি হাসতুম, তোমার মা রাগ করতেন। তোমাকে নিয়ে আমাদের ঝগড়া হত।

তোমার মা বলতেন, থোকন আমার। আমি বলত্ম, তুমি আমার। তোমার মা তোমাকে কোলে তুলে নেবার জন্মে হাত বাড়াতেন। তোমাকে ডাকতেন। তুমি ধিলধিল করে হাসতে। নীল নীল চোধ আমার পানে তুলে তাকাতে। আমি বলতুম, 'ও' তোমার কাছে যাবে না।। 'ও' তোমার ছেলে নয়।

'ও' বললে, বাবা ভোমার ওপর মা তাহলে থুব রাগ করতেন, তাই না বাব।!

বাবা বলতেন, হাা, খুউব। তারপর তুমি একটু বড় হলে। হামাগুডি দিতে শিখলে। প্রথমে বৃকে হেঁটে হেঁটে, তারপর হাতে পায়ে শক্তি হল। তথন দেয়ল ধরে তুপায়ে দাঁড়ালে। টলটল করে হাঁটলে, হাঁটতে গিয়ে পড়ে গেলে মাটিতে বারবার—তথনই তো তুমি হাঁটতে চলতে শিখলে। প্রথম যেদিন আমার হাত ছেড়ে চললে দেদিন তোমার মা বিশাস্ট করছিলেন না। আবার যথন আমাদের চোথের সামনে পায়ে পায়ে চললে তথন তোমার ক্তিও থেকে আমাদের কাছে আমাদের ক্তিওটাট বড় বলে মনে হল। মনে হল আমাদের স্বপ্ন সকল হয়েছে।

এখন আমি অনেক বড় হয়ে গেছি, না বাবা--? ও বলে।

বাবা হাসতেন। বলতেন, তা হয়েছ, অনেক বড় হয়েছ, আমার মত বড় হয়েছ। স্বাভ হাসতেন।

মা-বাবা ওর কথায় কেন হাসেন 'ও' মাঝে মাঝে ভাবে। বাবা বলতেন, ভোমাকে মাছৰ হতে হবে অতুল; দেশ এবং দশের মাঝে একজন হতে হবে। মা বলতেন 'থোকন', বাবা বলতেন 'অতুল'।

মা বলতেন, জার্ন, তোমার বাবা কত কষ্ট করেছেন তবে আজ দাঁড়িয়েছেন। এই ডাক্তার হিসেবে এত স্থনাম, ডাক্তারথানার প্রতিষ্ঠা—এ কি সহজ্ব কথা! কত দিনরাত পরিশ্রম করে তবে না·····

মা বলতেন, তোমার বাবা দেশে তোমাদের গ্রামের পাঠশালায় লেখাপড়া শেষ করে তোমার ছোটপিসির কাছে পণ্ডিংসায় গিয়ে বাংলা এবং ফারসী শেখেন। সেখান থেকে পণ্ডিত হয়ে জপসা ইস্কুলে পণ্ডিতের কাজ নিলেন। পণ্ডিতের কাজ কিছুদিনের মধ্যে তোমার বাবার আর ভাল লাগল না। একদিন পণ্ডিতের কাজ ছেড়ে দিয়ে অজানা উদ্দেশ্যে বেরিয়ে পড়লেন। ভাসতে ভাসতে কলকাতায় এসে উপস্থিত। ওখানে এক মহর্ষির সক্ষে আলাপ হয়। তাঁর দয়ায় এবং সাহায্যে তোমার বাবা মেডিক্যাল কলেজের বাংলা ক্লাসে ভতি হলেন। সঙ্গে সঙ্গে বান্ধ ধর্ম নিলেন। তোমার বাবা পণ্ডিত ছিলেন, তারপর ডাক্তার হলেন। ডাক্তার হয়ে সরকারী কাজে নানা জায়গায় যুরে বেড়ালেন। ঢাকাতেও এলেন, পাগলা গারদের ডাক্তারের চাকরী নিয়েন্ন। তথন তুমি কোখায় থোকন!

মা, তুমি ? ও নীল নীল চোথ তুলে মাকে জিজেস করত।

মা বলতেন, তোমার বাব। তথনই তো আমাকে বিয়ে করে বাড়ি নিয়ে এলেন। তারপর জান থোকন···মা কিছুক্ষণ থামতেন, যেন দম নিতেন, তারপর বলতেন—

কিছুদিন পর তোমার বাবার এ চাকরীতেও মন বসল না। প্রায়ই হাসপাতাল থেকে ফিরে এসে মুখ গন্তীর করে থাকতেন। প্রায়ই বলতেন, পরের গোলামী আর করব না। চাকরী করে আর কী হবে। চাকরীতে উন্নতি নেই। গোনা টাকা—তথনই বৃঝাতাম অফিসে কারো না কারে। সঙ্গে ঝণড়াঝাটি হয়েছে। তোমার বাবা আবার কোনরকম অফায়ই সহু করতে পারেন না। অফায় দেখলেই কথে দাঁড়ান। তাই সকলের সঙ্গে মনোমালিফ ঘটে। আমি কত বলেছি, চোথ বৃজে থাকলেই তো পার। তোমার বাবা বলেন, পারি না—কোন অফায়ই আমার সহু হয় না। পরের চাকরী আর করব না। আমি বলি, বেশ তো পরের চাকরী নাই বা করলে। কে তোমায় মাথার দিব্যি দিয়েছে। চাকরী করার দরকারই বা কী, ঢাকা শহরে প্রাইভেটে প্র্যাকটিস কর না। তোমার বাবা বলতেন, তুমি ঠিক বলেছ। প্রাইভেটে গ্রাকটিস করে হাতে কিছু টাকা জমালেন—প্রতিষ্ঠা করলেন 'আর পি. সেন নিউ মেডিক্যাল হল'। ঢাকা শহরের মধ্যে এগন সবচেয়ে বড় ওবুধের দোকান। কত নামজাদা ডাজনাররা পালা করে বন্দেন।

১ মহর্ষি দেবেক্সনাথ ঠাতুর।

মা বলতেন, খোকন, আজ কী পড়াশোনা করলে ? কাল যে পড়াগুলি দিয়েছিলাম সব হয়েছে ?

'ও' বলত, হয়েছে মা। তারপর গড়গড় করে সব পড়া বলে যেত। সে সময়ে মা ছিলেন যেন একাধারে গুরুমা এবং প্রাণের বন্ধু। ওর সব কথা মাকে বলা চাই। থোকন বুঝতে পারুক আর না পারুক। আদলে মায়েরও যে কারো সঙ্গে কথা বলা চাই… বাড়িতে আর কে আছে! ছোটবোনটা তো^২ এতটুকুন, সবসময়েই ঘুম আর ঘুম। আড়াইজনের (অতুল এবং তার ছোটবোনকে 'একজন'ও ধরা যায় না) সংসারের কাজ কতটুকুন! অল্লেই সব কাজ সারা হয়ে যায়। তারপর আর সময় পার হতে চায় না। কথনো সেলাই নিয়ে বসেন, খুকুর জন্মে ফ্রক তৈরি করেন। থোকনের জন্মে শার্টের মাপ নেন, থোকনকে সামনে দাঁড় করিয়ে ... অথবা শীতকালে উলের সোয়েটার বোনেন …কিন্তু সে কাজও সীমাবদ্ধ। কোন সকালে মিরাতারের বাসায় স্থনারায়ণবাবু, কাশীনাথবার, প্রিয়লালবার এবং ঢাকা মেডিক্যাল কলেছের শিক্ষক তুর্গাদাসবারুরা^ত আসতেন। সাত্রসকালে চা জলখাবারের মধ্যে দিয়ে সময়টা মেল ট্রেনের মত এগিয়ে চলত। মিরাতারের বাদা ছিল যেন ডাক্তারদের ক্লাব কিংবা ডাক্তারদের ইম্পুল। কারণ করুণা ভাইয়ের বেটা কালীনাথ ঘটক এবং অটল ভাইরা ডাক্তারী শিক্ষা এথানেই করতেন। ঢাকার মেডিকেল স্কুলের স্থপারিণ্টেণ্ডেণ্ট ক্রমবি সাহেবও আসতেন। পাদরির মত অমায়িক এবং আলাপী ছিলেন। পালি পায়ে জলকাদা ভেঙে ক্লগী দেশতে যেতেন। দুপুর হলেই মিরাভারের বাসা একেবারে নির্জন। থোকনের বাবা যেন মনে প্রাণে ছাক্রার। ডাক্তার, রুগী, রোগ এছাড়া পৃথিবীতে যেন আর কোন কথা নেই, পৃথিবীতে আর কেউ নেই। কোন্ সকালে ডাক্তার বন্ধুদের সঙ্গে নিউ মেডিক্যাল হলে তিনি বেরিয়ে যান। আর কত রাতে তিনি বাডি কেরেন। পত্যি থোকন তার বাবাকে কথ খনোই কাছে পায় না। বাবার দক্ষে কোন কথা বলার স্যোগ পায় না। ভর্ পোকনই কি।

মা বলেন, জান থোকন, তুমি ধথন খুব ছোট তথন একবার আমরা দেশে গিয়েছিলাম···। তোমার বাবার প্রতি বছর দেশে যাওয়া চাই। ঢাকা থেকে কয়েক-দিনের জন্মে ছুটি নিয়ে দেশ থেকে ঘুরে না এলে তোমার বাবার ঢাকা শহরে মন বদে না, কান্তকর্ম ভাল লাগে না। দেশের বাড়িতে তোমার মেজজ্যাঠামশাই⁸ কবিরান্ধী

- ২ অতুলপ্রদাদ সেনের তিন বোনের মধ্যে বড় হিরণবালা।
- ও ঢাকা শহরের তৎকালীন নামজাদা ডাক্তারগং—ডাক্তার স্থনারায়ণ দিংহ, ডাঃ :
 প্রিরলাল বস্থ, ডাঃ তুর্গাদাস রায়।
- ৪ অতুলপ্রদাদের জ্যাঠামশাই কবিরাক গুরুপ্রদাদ সেন।

করেন। তোমার জাঠতুতো দাদারা কোন ইস্কুলে পড়ে জান—তোমার বাবাই দেশে-গ্রামে একথানা ইস্কুল করে দিয়েছিলেন—সেই ইস্কুলে। তানপর জান, দেশের গ্রামের বাড়িতে আমরা একমাদ থাকলুম। তানপর তুমি, তোমার বাবা এবং আমি ঢাকায় ফিরব বলে পদ্মানদীতে বজরায় চলেছি সেই সময়ে এক প্রচণ্ড তুফান উঠল—সেই ঝড় তুফানই পূর্ব-বাঙলার ১২৮০ সনের সেই কুগ্যাত ঝড়-তুফান আর বল্যা। সেই বল্যায় নোয়াথালি, বাথরগঞ্জ ভেনে গিয়েছিল। কী ক্ষতিটাই না হয়েছিল! কত মাহ্ব আর জীবজন্ধ ভেনে গিয়েছিল তার ঠিকানা নেই।

গোকন বলে, পদ্মা নদীতে সেই ঝড়ের মাঝে আমাদের তথন কী হল মা ?

মা বললেন, দেকথা ভাবলে আজও শিউরিয়ে উঠি বাবা! আমাদের বন্ধরা বন্থার জলে ভেসে পদ্মার এক চড়ায় ঠেকল। মাঝি-মাল্লারা তোমার বাবাকে বললে যদি প্রাণ বাঁচাতে চান চড়ায় উঠে প্রাণ বাঁচান কর্তা। তোমার বাবা, তুমি এবং আমি তাড়াতাড়ি চভায় এদে প্রাণ বাঁচাব ভাবলাম। মাঝি-মাল্লাদের কথামত চভায় এদে উঠলাম। কিন্তু ক্রমণ বস্থার জল বাড়তে শুরু করল। পায়ের পাত। ভিজে গেল। পায়ের পাতা ছাড়িয়ে হাঁটু, হাঁটু থেকে কোমর, কোমর থেকে আমার গলা পর্যন্ত জল উঠল। অসহ স্রোতের টানে আমর। বুঝি ভেসেই যাব। তোমার বাবা ভোমাকে কাঁধে তুলে নিলেন। আমরা সারাক্ষণ ভগবানকে ডাকলাম। ভগবান বোধহয় আমাদের কথা ভানলেন। ভোর হল। জল ধীরে ধীরে নেমে গেল। আমাদের মাঝি-মাল্লারা এসে আমাদের উদ্ধার করে নিয়ে গেল। ভগবানের অসীম করুণায় আমরা মৃত্যুর মৃথ থেকে ফিরে এলাম। মা বললেন, আর একবার তুমি আর আমি এই ঢাকা শহরে কী বিপদে পড়েছিলাম! 'अ' वलरल, आभात अन्न अन्न भरन आर भा। आभता रमिन भाभातवाड़ि शाब्हिलांभ, যোড়ার গাড়িতে। ঘোড়ার গাড়ি চলছিল আর খুব তুলছিল, খুউব ভোরে চালাচ্ছিল কোচ ওয়ানটা। ছুঠতে ছুটতে ঘোড়া গুলো যেন পাগল হয়ে গিয়েছিল। তুমি মৃথ বাড়িয়ে কোচওয়ানকে বললে যেন মা, আন্তে চালাও। কিন্তু ভোমার কথাটা শেষ হল না, আমাদের গাডিটা হেলে পডল।

মা বললেন, কোচ ওয়ান ঘোড়াছটো সামলাতে পারল না। খোড়ান্ডকু আমরা পড়লাম থালের জলে। আমি তোমাকে বৃকের মাঝে জড়িয়ে ধরে ছিটকে পড়েছিলাম থালের ধারের নরম মাটিতে, তাই দেবারও ভগবানের অসীম করুণায় বেঁচে গিয়েছিলাম। চোথ মেলে সেনিন যে দৃশ্য দেগেছিলাম আজো ভূলতে পারিনি থোকন। আমাদের ঘোড়ার গাড়িটা একেবারে ভেঙে চুরমার, ঘোড়াছটো মরে পড়েছিল খালের ধারে। কোচওয়ানটার যে কী অবস্থা হয়েছিল আজও জানি না। সকলে সেদিন আমাকে ভোমাকে তুলে নিয়ে মিরাভারের বাড়িতে পৌছে দিয়েছিল। ভোমার বাবা ভোমাকে আমাকে পরীকা করে বলেছিলেন, ভগবানের করুণায় এবারও ভোমরা বেঁচে ফিরে এসেছ, আমার ভাগ্য এবং ভোমার পুণ্য।

বাবা সবসময়ে ভাক্তারখানায়, মা ঘরকন্নার কাজে ব্যস্ত, ওর কাজ ছোটবোনটিকে পাহারা দেওয়া। কতভাবেই না ছোটবোনটিকে হাসাবার চেটা করে ও। কথনো নেচেকুঁদে, কখনো মুখে নানা শব্দ করে। বোনটি খিলখিলিয়ে হেসে ওঠে। হাসলে বোনটিকে বড় মিষ্টি লাগে। তবু মনে মনে ভাবে বোনটি সভ্যি বড় ছোট্ট। আর একটু বড় হলে বেশ হত। জানলা দিয়ে বাইরে তাকিয়ে দেখত মাঠের ধারের ছেলেদের। ওরা কপাটি খেলত, 'কপাটি কপাটি' বলতে বলতে। একদলের একজন সৈনিক আর-একদলের এলাকার মধ্যে পৌছে সকলকে 'মার' দিয়ে এল কিংবা সে বুঝি নিজেই ধরা পড়ল, ফিরে আসতে পারল না নিজের দলে। 'ওর' ইছে হত ওদের দলে নাম লেখায়। ওদের মত চিংকার করে 'কপাটি কপাটি' বলে হাসি হাসে। ওদের মত খেলতে খেলতে খুলোয় গড়াগড়ি দিলে মা বোধহয় খুবই বকবেন। মা যে বলেন ওদের সঙ্গে বলেক তামার মেলামেশা করা উচিত নয় খোকন…ওরা বড় ছুই। দেখছ না জামা কাপড় ছিঁড়ে খুলোকাদা মেখে কি ষাক্ছেতাই কাণ্ডগানা করছে। ওদের সঙ্গে মেলামেশা করাটা মায়ের অপছন্দ। তাতে বাবা-মাকে লুকিয়ে বাগানের গেট খুলে চুপিচুপি ওদের দলে চলে যাবে। কিন্তু সাহসে কুলায় না।

বাবা বোঝেন বুঝি। বলেন, অতুল তোমার এত মন গারাপ কেন ?

বাবা বলেন, আমি জানি। ওর সঙ্গীদাথী নেই—ওর একজন সঙ্গী চাই, ওর একজন বন্ধু চাই। ওর বুঝি বন্ধু-বান্ধ্ব নেই ?

মা বলেন, নেই তো।

বাবা বলেন, আচ্ছা আমি ওর একজন সঙ্গী এনে দেব খেলাধুলো পড়াশোনার সবের— কালই।

বাবা দেশে জ্যাঠামশাইকে চিঠি লিখলেন: দাদা, তোমার সত্যকে আমার কাছে পাঠিয়ে দাও। আমার অতুলের দঙ্গে ঢাকা শহরে মানুষ হবে। একসঙ্গে থাকবে। পড়াশোনা করবে। আমি তোমার সত্যর ভার নিতে চাই।

জ্যাঠামশাই আনন্দের দঙ্গে চিঠির উত্তর দিলেন। লিখলেন, বেশ তো ভাই তুমি সত্যর ভার নিতে চাও এ তো খুশির কথা। তোমার কাছে থাকলে আমি নির্ভাবনায় থাকি। সত্য তোমারই ছেলে। আমি পাঠিয়ে দেব তোমার কাছে নিশ্চয়ই। চোথ মেলে চাও থোকন—মার কত ঘুমোবে! দেখ তোমার সামনে কে দাঁড়িয়ে আছে, কাকে দক্ষে এনেছি। মা বললেন।

বিশ্বাস হয় না। রোজ দকালে ওর ঘুম ভাঙানোর জন্তে মায়ের কতই না অজুহাত। কথনো চোথের সামনে জানলা খুলে দিয়ে রোদ এনে দিয়ে ঘুম টুটিয়ে দেন। কথনো ঠাণ্ডা হাতথানা কপালে ছুইয়ে বলেন, কেমন ঠাণ্ডা বল তো! উঠে পড় শিগগির। এদব কথা ও জানে। তাই চোপ না খুলেই গায়ের চাদর্গানা চোপ প্রস্তু টেনে এনে পাণ ফিরে শোয় ও।

মা বললেন, উঠবি না তে।—তবে উঠিদ্নে।…..চল্রে কালো, আমরা যাই। আর কি সে বিছানায় শুয়ে থাকে! মুহূর্তে গায়ের চাদর সরিয়ে বিছানা থেকে লাফিয়ে নামে। কালোদা…তুমি! তুমি কখন এলে দাদা।

মা হাদেন।

পূজাপাঠ সেরে বাবা হাসেন।

ছেলেবেলার দিনগুলার ' ওর' জীবনের অনেকথানি জারগা জুড়ে ছিল ওর ছ-মাসের বড় জাঠতুতো কালাচাদদাদা বা সত্যদাদা। বি মিরাতারের বাসায় দাদার আসার সঙ্গে সঙ্গে দিনগুলো যেন অন্ত রঙ ধারণ করল। বাবার ফুলবাগানের শথ ছিল, আবার সবজির থেতে দবজি ফলানোরও ইচ্ছে ছিল। সবজির থেতে নিঙে দাঁড়িয়ে মালিকে কাল্প করাতেন। সকলকে বলতেন, থেতের ফল তরিতর নারি বড় মিঠে জিনিস হে! এর আলাদাই স্বাদ গন্ধ। বাবার বাগান করার দেগাদেথি ওরও বাগান করার ইচ্ছে জাগত। তুই ভাইয়ের কোন্ সকালে ঘুম থেকে উঠে বিছানা ছেড়েই বাগানে চলে যাওয়া চাই। ফুল বাগানে, সবজির থেতের আল ধরে ধরে ফুরে ফিরে বেড়াত। মালির সহকারী হয়ে খুরপি দিয়ে মাটি ঝুঁড়ত। কোলাল দিয়ে মাটি কোপাতে গিয়ে মালির কাছে বকুনি শুনত। খেলা ছিল ওদের রোজ সকালে বাগানে প্রজাপতি আর ফড়িংয়ের পিছু পিছু ছোটা। কোন ডালে ফুলে বা পাতায় বসলে পা টিপে টিপে উপস্থিত হয়ে তার ডানাহটি ধরা। একবার প্রকাণ্ড একটা নানা রঙের প্রজাপতি ওকে লোভ দেগিয়ে এ ডালে ও ডালে ফুলে পাতায় বসে পালিয়ে যায় আর ও ছিটকে পড়ে কাঁটাঝোপের মাঝখানে। হাত-পা অনেকটা কেটে ছড়ে যায়। খুব খানিকটা বকুনি সেদিন জমা ছিল মায়ের কাছে।

৫ সত্যপ্রসাদ দেন। গুরুপ্রসাদ সেনের পুত্র।

সাত সকালে থালি পায়ে তুই ভাই বাগানে যায় মায়ের ইচ্ছে নয় তা। কিন্তু ওদের থালি পায়ে বাগানে-বাগানে ঝোপে-ঝাড়ে ঘুরে বেড়াতে ভাল লাগত। হিরণ ছোট বোনটি, মাকে লুকিয়ে দাদাদের পিছু পিছু বাগানে আসত। মা তথন ব্যস্ত থাকতেন ছোট্ট কিরণকে থিরে। কিরণ সে বছর হয়েছে। ছেলেবেলায় মায়ের কাছে কত বকুনি চড়চাপড়টাই না খেয়েছে ওরা। তবে ভালোও বাসতেন খুউব। চড় চাপড় মেরে মার হুংথ হত, গায়ে মাথায় হাত বুলিয়ে আদর করতেন। ওর বাবা ভোরবেলায় ওঠা পছন্দ করতেন।

বাবা বলতেন, তাড়াতাড়ি শুতে যাবে, তাড়াতাড়ি উঠবে। রোছ সকালে বিছানার ধারে এসে বলতেন, অতুল, সত্য, বিছানা থেকে উঠে পড় · · · আর ঘুম নয়। তিনি নিজে খুব ভোরে উঠতেন। অনেকদিন ঘুম ভেঙে শুনেছে ওরা বাবার গম্ভীর দরাছ গলার গান:

অগ্নি স্থময়ী উবে

কে তোমারে নির্মিল

বালার্ক-সিন্দুরফোঁটা কে তোমার ভালে দিল

হাসিতে মৃত্ মৃত্

আনন্দে ভাসিছে সবে

কে শেখালো এত হাসি, কেবা সে যে হাসাইল ?

গান শুনে ওরা বৃষ্ধতে পারে এখনো তাহলে বাবা বিছানা ত্যাগ করেন নি, আরো কিছুক্ষণ চোথ বৃজে বিছানায় শুয়ে থাকা যায়। প্রত্যেকদিন হুবগান গেয়ে ভগবানের কাছে প্রার্থনা করে তবে বাবা বিছানা ত্যাগ করবেন। তারপর শুরু হবে তাঁর সংস্কৃত শ্লোক আর্ভি। ঘুম ভাঙিয়ে ওদের প্রায় দিনই সংস্কৃত শ্লোক মৃণস্ত করানো চাই। দাদার সংস্কৃত শ্লোক ভাল লাগত না। ফিকির খুঁজত বাগানে যাওয়ার জন্মে।

'থুড়োমশাইয়ের' অলক্ষ্যে ওকে চিমটি কাটত, চুপি-চুপি বলত, চল পালাই। ওর কিন্তু সংস্কৃত শ্লোক ভাল লাগত। বাবার সঙ্গে সংস্কৃত শ্লোক আবৃত্তি করতে আরো ভাল লাগত। শ্বরণশক্তি প্রথর ছিল, যা শুনত ভুলত না।

রামপ্রসাদ পুত্রদের সংস্কৃত শ্লোক শিক্ষা দেবার পর হেসে বলতেন—যাও তোমাদের পাঠ শেষ হল, এবার মুগ হাত-পা ধুয়ে ছুধ খেয়ে পড়তে বসে যাও।

ও বলত, বাবা, একবার আমি আর দাদা বাগান থেকে ঘুরে আসব ?

বাবা হেসে বলতেন, আচ্ছা যাও, বেশি দেরি কোরো না। আর, থালি পায়ে বাগানে যেও না।

কোন-কোন দিন বাবাও ওদের সঙ্গে নেমে এসে ওদের ফুলের ফলের গাছের সঙ্গে পরিচয় করাতেন। মালিকে বকে-ঝকে তরিতরকারি পেতের তদারকি করতেন। বাবার ডায়েবেটিস ছিল, সেইজ্ল্য রোজ ছবেলা মাছ মাংস হত। বাবা নিজে ডাব্ডার হয়েও আপন শ্রীর স্থাষ্য সম্বন্ধে বাধা-নিষেধ মেনে চলতেন না। ডাব্ডারেরা বোধ- হয় অন্তদেরই উপদেশ দিয়ে থাকেন। নিজেরা মেনে চলেন না। ভোজনবিলাসী যাকে বলে রামপ্রসাদ তাই। বলতেন, ভাল থেতে হলে নিজে হাতে বাজার সারতে হয়। মাঝে মাঝে বলতেন, চল অতুল আমার সঙ্গে বাজারে। নিজে হাতে বাজার করবে চল।

মা রাজি হতেন না : কাজ নেই থোকন তোমার বাজারে গিয়ে, রোদ লাগাবে—
শরীর থারাপ হবে।

বাবা একদিন বললেন, এবার ভোমাদের ইন্ধুলে ভতি হতে হবে অতুল-সত্য। কয়েকদিনের মধ্যেই ওদের হুর্গাবাবৃর মডেল ইন্ধুলে ভতি করে দিলেন। 'মিরাতারের গল্লি' থেকে হুর্গাবাবৃর বিছালয়ের দূরত্ব সামান্ত। বাবা কাজে য়াওয়ার পথে গাড়িতে ওদের হুজনকে ইন্ধুলে পৌছে দিতেন। কখনো কখনো ভরা পায়ে হেঁটে ইন্ধুলে যেত। বাবা সব সময়েই সাহেবী পোশাক পরতেন। এবং পছন্দ করতেন ওরাও যেন ভাই পরে। বেশবাস দেখে ইন্ধুলের বন্ধুরা প্রথম দিনেই ওদের নাম দিয়েছিল সাহেব। ওরা ছিল সাহেব-বাড়ির ছেলে। ইন্ধুলের বন্ধুরা একটু আঘটু ঠাট্টা করত, কিন্তু সম্মানও করত। সে সময়ে বন্ধুরা ছিল মনা, মতা, ভূতো—হর্গাবাবৃরই ছেলেরা, এবং বন্ধবাবুর ছেলে যোগেশ এবং আরো কিছু ব্রান্ধ ছেলের।।

সেই সময়ে বাবা বলতেন, বল তো অতুল আমাদের কী ধর্ম ? আবার নিজে নিজেই বলতেন বাবা, আমরা ব্রাহ্ম। এই ব্রাহ্ম ধর্মের পরিকল্পনা করেন কে জান তো ? রাজা রামমোহন রায়। এই ব্রাহ্মধর্মের প্রতিষ্ঠাতা কে জান তো ? মহিষি দেবেক্দ্রনাথ ঠাকুরে। আমি যথন প্রথম কলকাতা যাই মহিষি দেবেক্দ্রনাথ ঠাকুরের সঙ্গে আমার আলাপ পরিচয় হয়। তথন তিনি আমাকে ব্রাহ্মধর্মে দীক্ষা দেন। দেবেক্দ্রনাথ ঠাকুরের প্রতিষ্ঠিত ব্রাহ্মসমাজকে বলা হয় 'আদি ব্রাহ্মসমাজ'। তারপর ব্রহ্মানন্দ কেশবচক্দ্র সেনের সঙ্গে মহর্মির আদর্শগত বিরোধ হল। কেশবচক্র প্রতিষ্ঠা করে বসলেন নববিধান বা ভারতব্যীয় ব্রাহ্মসমাজ।

মডেল ইস্কুলের প্রতিষ্ঠাত। তুর্গাদাসবাব্ও ব্রাহ্ম। ওঁর ইস্কুলের যে ক-জন শিক্ষক তাঁরাও ব্রাহ্মধর্মী। সংকার্য হিসেবে ব্রাহ্মরা তথন প্রায়ই বিজ্ঞালয়ের প্রতিষ্ঠা করতেন। রামপ্রসাদও দেশে গ্রামের বাড়িতে একটা প্রাইমারী ইস্কুল করেছিলেন। সেইরকম তুর্গাদাসবাব্ও ঢাকা শহরে ইস্কুল করলেন। উদ্দেশ মহং ছিল, কিন্তু পূর্ণতা ছিল না শিক্ষার ব্যাপারে। কারণ তুর্গাবাব্র বিজ্ঞালয়ের শিক্ষকেরা নববিধান সভার সভ্য এবং প্রচারক ছিলেন। এরা সকলে একটা বাড়ি ভাড়া করে থাকতেন। নববিধান সভার প্রচার কাজ সেরে ক্লান্ত হয়ে বাড়ি ফিরে সকালের প্রার্থনা সারতেই তাদের বেলা বারোটা

সাড়ে বারোটা বেজে যেত। তারপর খাওয়া-দাওয়া সেরে তাঁরা যথন বিছালয়ে

আসতেন তথন একটা দেড়টা বেজে ষেত। তাই পড়াশোনার বদলে গোলমালই বেশি হত।

যোগেশ, মনা, মতা, ভূতো, সত্য, অতুলরা টেবিল পিটিয়ে বাগ্যকার্যে নিযুক্ত থাকত। কখনো গান জুড়ে দিত। গোলমালে হুৰ্গাদাসবাবু ক্লাস ছেড়ে ছুটে আসতেন। সৌম্য শাস্ত মুখে বুঝি বিরক্তির রেখা ফুটত। পরমূহুর্তে শাস্তভাবে পিঠে হাত বুলিয়ে বলতেন. এমন কাজ কোরো না বাবারা, একটু চুপ করে বোস তোমরা—এক্নি তোমাদের শিক্ষকমহাশয় আদবেন। তোমাদের গোলমালের জন্মে অন্য শ্রেণীর পড়ার ক্ষতি হয়। ব্যাঘাত হয়। হুর্গাদাসবাবুর ক্লাসের মধ্যে প্রবেশ করলে ক্লাস একেবারে শাস্ত, ক্লাদের বাইরে পা বাড়ালেই কল্লোল জেগে উঠত। আনন্দবার্র^৬ পুত্র স্থবীর এবং গোবিন্দবাবুর পুত্র স্থবোধ গান গাইত। মিরাতারের বাসাবাড়ির দক্ষিণের ঘরটা ওদের গানবাজনা চর্চার আসর। গান এবং বাজনা হুই চলত। স্থ্যোধের বাবা গোবিন্দবাবু গান লিখতেন। স্থবোধ বাবার দেওয়া স্থরেই বাবার গান গাইত, কত কাল পরে বল ভারত রে হৃঃখ-সাগর সাঁতরি পার হবে। স্থবোধের গানের সঙ্গে সঙ্গে মনা, মতা, ভূতো, সত্য কাঠের টেবিল পিটত বেস্থরোভাবে। বাবার পাথোয়াজ্পানা বাবার ঘর থেকে নামিয়ে আনত ও বাবার অসাক্ষাতে। বাবার ঘরের এককোণে সব ষশ্রই থাকত—বেহালা, তবলা, হারমোনিয়াম। রেওয়াজে যদিও ফুরসত মিলত না তবু যন্ত্রসঙ্গীত শেথার একটা আগ্রহ এবং ইচ্ছেছিল বাবার। বাবা গান লিগতেন, কবিতা রচনা করতেন। হোলির সময়ে হোলির গান, প্রার্থনার সময়ে প্রার্থনা-সঙ্গীত লিখতেন। ... নিরাতারের বাসার একধারে বড়দের গানবান্ধনার আসর, অন্তদিকে ছোটদের আসর। স্থবোধ অতুল পান্না দিয়ে চিংকার করে গান গাইত। বন্ধুরা আনন্দে হাততালি দিত। কিন্তু প্রায়ই স্থবোধের দঙ্গে পেরে উঠত না অতুল। স্থানের বর্ণন হঠাথ বাবার লেখা গান ছেড়ে দিয়ে হিন্দি গান চিৎকার করে 🗫 করে দিত তথন রণে ভঙ্গ দিতে হত অতুলকে। কারণ ওর কোন হিন্দি গানে দুখল নেই। ওদিকে আকর্ষণ ও নেই। স্থবোধরা যে ছিল পশ্চিমে।

কুচবিহারের মহারাজার সঙ্গে ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেনের কন্ত। স্থনীতি দেবীর বিবাহ উপলক্ষে ব্রাহ্মসমাজের মধ্যে আদর্শগত ও নীতিগত দিক থেকে মহা আন্দোলন উপঞ্চিত হল। ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজের মধ্যেও ভাঙন দেখা দিল। তার পরবর্তী অধ্যায়ে আনন্দমোহন বস্তা, শিবনাথ শাস্ত্রী প্রমুখ প্রগতিশীল একদল ব্রাহ্ম সভ্য সাধারণ ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠা করলেন। ঢাকাতেও তার তেউ এসে পৌছল। সাধারণ ব্রাহ্মসমাজে রইলেন প্রতিহ বিজয়ক্ষণ গোস্বামী, অভুলের মাতামহ রাজ্যি কালীনারায়ণ গুপ্তা, ডাঃ পি. কে.

७ ञाननकन्द्र द्वाय । १ ८गाविनकन्द्र द्वाय ।

রায়, প্রসন্ধুমার মন্ত্র্মদার, রজনীকান্ত ঘোষ, নবকান্ত চট্টোপাধ্যায় এর। সকলে।
নববিধান সমাজ অর্থাৎ কেশবচন্দ্রের মতবাদ সমর্থন করে দাঁড়ালেন সর্বপ্রথমে ভাঃ
রামপ্রসাদ সেন। তাঁর সঙ্গে এগিয়ে এলেন বন্ধচন্দ্র রায়, ভাঃ তুর্গাদাস রায়, গোপীক্ষ
সেন, কৈলাসচন্দ্র নন্দী, বৈকুণ্ঠ ঘোষ। মুদ্ধিল হল উপাসনা করার জায়গা নিয়ে; একট।
অফিস তো চাই। নববিধান সমাজের একটা মন্দিরও চাই।
রামপ্রসাদ বললেন, যতদিন না আমরা মন্দির গড়তে পারি আমার বাড়িতেই হোক
উপাসনা—নববিধানের অফিস হোক আমার বাড়ি।

ভাই হল।

প্রতি রবিবার মিরাতারের বাসাবাড়ি হল নববিধান সভার সভ্যদের উপাসনার স্থান এবং অফিল। নববিধান সভার সভ্য-সভ্যারাও আসতেন উপাসনায় যোগ দিতে। মিরাতারের বাসাবাড়ি প্রথমে ছিল ডাক্রারদের ক্লাব, এখন সেইসঙ্গে হল নববিধান সমাজের ব্রাহ্ম সভ্য-সভ্যাদের মিলন-ক্ষেত্র। ধর্ম সম্বন্ধে আলোচনা-সমালোচনা হত, আবার রবিবার নিয়ম করে উপাসনা-সভা বসত। অন্তরপুরিকারা যোগ দিতেন, আলাপ-আলোচনায় এবং উপাসনায়। ছোটরাও যোগ দিত। উপাসনা সভায় ছোট অতুলের নিপুণ পাথোয়ান্ধ বান্ধ উপস্থিত সকলে খুব্ উপভোগ করতেন। বাবা একদিন প্রার্থনা সভায় নকলের সামনে ওকে ওর উপযোগী ছোট একটা পাথোয়ান্ধ উপহার দিলেন। ওর সেদিন কী আনন্দ।

মিরাতারের বাসায় থাকতে থাকতেই বাবা একদিন ছুর্গাবাবুর ইস্কুল ছাড়িয়ে ওকে আর সত্যকে ঢাকা কলেজিয়েট ইস্কুলে ভাতি করে দিলেন। সত্যি, মডেল ইস্কুলে বিশেষ কিছু পড়াশোনা হচ্ছিল না, শুধু গে ামালেই সময় যায়।

মছেল ইন্ধল আর মানা, মতা, যোগেশ, ভৃতো আর ত্র্গাবারর মেয়ে বিনোদিদি সকলকে হারিয়ে আদতে ওদের বড় মন কেমন করছিল। কিন্তু উপায়ই বা কী ! এর কিছুদিন পরে মিরাতারের গল্লির সেই কতদিনের পরিচিত বাড়িটাকেও তো ছেড়ে আসতে হল। বাবা দেদিন মাকে বললেন, বড় অন্থবিধেয় পড়া গেছে জান, আমাদের এই মিরাতারের বাড়ি ছেডে দিতে হবে। কালীপ্রসন্নবার্ নোটিশ দিয়েছেন ৷ মিরাতারের বাড়িতে আমরা এগারো বছর রইলাম। বাড়িওয়ালার ভয়, বারো বছর থাকলে বাড়িটাতে আমাদের স্বত্ত জন্মে যাবে, তথন বাড়িটা তার হাতছাড়া হয়ে যাবেটা

৮ 'মিরাতারের গল্পিতে যে বাসায় থাকিতাম তাহার মালিক ছিলেন কালীপ্রসন্ন বস্থ। এই বাসায় আমর। ১১ বংসর ছিলাম। পাছে ১২ বংসর থাকিলে আমাদের স্বস্থ জন্মে সেইজন্মে আমরা সে বাসা ছাড়িতে বাধ্য হইয়াছিলাম।' সত্যপ্রসাদের ডায়েরি থেকে।

মা হেসে বললেন, সেরকম আইন আছে ওনেছি যেন! আমরা অনেকদিন ভাড়া গুনে দিলাম, বাড়ি আমরা ছাড়ব কেন! দাও না একটা কেস ঠুকে।

বাবা হেনে বললেন, না সেরকম অধর্ম করতে পারব না। বাবা বাড়ি খুঁজলেন। পেলেন না স্থবিধেমত। দাহ বললেন, যতদিন না তোমরা বাড়ি পাও আমার কাছে থাক না। দরকার কী এত বাড়ি থোঁজার, আমার এত বড় বাড়ি! অনেক ঘর আছে থালি। চলে এস। কোন অস্থবিধে হবে না, রামপ্রসাদ।

বাবা বললেন, আচ্ছা।

অনেকদিনের স্থৃতিঘের। মিরাতারের গল্পির বাড়ি ছেড়ে চলে আসতে হল। মালপত্তর গরুর গাড়িতে আগেই চলে গেল। ঘোড়ার গাড়িতে চড়ে মায়ের সঙ্গে এল ১৪ নম্বর লক্ষ্মীবাজারে মামার বাড়িতে থাকতে এখন থেকে।

কিন্তু শশুরবাড়িতে বাস করা যায় না চিরকাল। তা ছাড়া লক্ষ্মীবাজার থেকে 'ঢাকা মেডিক্যাল স্টোর' অনেক দূর। তাই রামপ্রসাদ মিরাতারের গল্লির কাছাকাছি ডাক্টারথানার কাছেই একথানা ঘর ভাড়া নিলেন। ডাক্টারথানার কাজ শেষ করে সেথানেই বিশ্রাম নিতেন। সেথানেই অফিস, আড্ডার জায়গা। মাঝে মাঝে রাত্রিবাস করতেন সেথানেই। কোন কোনদিন লক্ষ্মীবাজারে এসে থাকতেন সারাদিন ছুটিছাটাতে। সেদিন অতুল-সত্যকে সারাদিন নিয়ে ব্যস্ত থাকতেন।

দেখি কতদ্র পড়াশোনা করলে—

কে আমার প্রশ্নের জবাব দিতে পারে তাড়াতাড়ি,—অতুল না সত্য! নতুন কী গান শেখা হল অতুল ? না কি আজকাল গান-বাজনা সব ভুলে গেছ ?

রামপ্রসাদের মিরাতারের বাসাবাড়ি ছেড়ে দেওয়ায় ঢাকার নববিধান সমাজের অফিস ঘর এবং উপাসনা-সভার যথেষ্ট ক্ষতি হল। নববিধানের নব্য সভ্যবুন্দ এসে ধরলেন রামপ্রসাদকে, এই নবসভার একথানা মন্দির চাই। রামপ্রসাদের মনেও আস্তরিক ইচ্ছে জেগেছিল নববিধান সভার একথানি মন্দির গড়ার। কিন্তু মন্দির গড়া কি সহজ্ব কথা! তার জন্মে অনেক অর্থ অনেক পরিশ্রম প্রয়োজন। রামপ্রসাদ তার সহযোগীদের বললেন, তাঁদের নববিধান সভার মন্দির যে করেই হোক তৈরি করতে হবে। যেমন করেই হোক অর্থ সংগ্রহ করতে হবে।

রামপ্রসাদের কথায়, উৎসাহ পেলেন নববিধান সভার সভ্যরা। মনপ্রাণ স'পে চাঁদার থাতা নিয়ে বেরিয়ে পড়লেন ঢাকা শহরের পাড়ায় পাড়ায়, বাড়িতে বাড়িতে, দোকানে অফিসে। তাঁদের সঙ্গে রয়েছেন ডাক্তার রামপ্রসাদ সেন। যেথানে যে দোরে যতটুকুও সাহায্য পাওয়া যায় সেথানে পা বাড়ালেন অকুষ্ঠিত হৃদয়ে ডাক্তার রামপ্রসাদ।

ভাল কাজে অনেকে অনেক কথা বলে থাকে। অনেক ভাল, 'অনেক মন্দ কথা। অনেক বন্ধুবান্ধব আত্মীয় স্বজনের কাছে রামপ্রসাদ ধিকৃত হলেন। অনেকে বললেন, ডাক্তারী ছেড়ে এ কী কাজে নেমেছেন ডাক্তার ····আপনি ঢাকার একজন নাম-করা ডাক্তার•••

রামপ্রসাদ হাসেন। আমি তো কোন কাজ ত্যাগ করে কোন কাজ করছি না। রামপ্রসাদ হেসে বলেন আপন স্ত্রীকে, তুমি বল তো হেমন্তশনী, আমি যে কাজে নিজেকে নামিয়েছি সে কাজকৈ ভুল বলে তোমার মনে হয় ?

হেমন্তশ্ৰা বলতেন, তুমি ঠিক পথে আছ।

হেমস্তশা তার স্বামী ডাঃ রামপ্রসাদকে উৎসাহ জোগাতেন। তিনি স্বামী এবং পুত্রদের দক্ষে দকল ধর্মীয় অমুষ্ঠানে যোগ দিতেন। মাঘোৎসব অমুষ্ঠানে তিনি প্রধান অংশের ভার নিতেন। রায়া-খাওয়া, পরিবেশন, সব কিছু তিনি নিজে দেখতেন। প্রার্থনাসভায় পুরুষসিংহ শ্রীরাসবিহারী মৃথোপাধ্যায় আসতেন। কুলীনদের মধ্যে বহুবিবাহ প্রথা লোপ করার জন্মে তিনি জীবনমুদ্ধে নেমেছিলেন। ডাঃ রামপ্রসাদ তাঁকে তার কাজে উৎসাহ দিতেন।

ডাঃ রামপ্রসাদ সেন তাঁর স্ত্রী হেমন্তশশীকে প্রায়ই বলতেন, এক স্ত্রীর মৃত্যুর পর পুরুষের। যেমন দ্বিতীয়বার বিবাহ করে, সে রকম স্বামীবিয়োগের পর স্ত্রীরও দ্বিতীয়বার পাণিগ্রহণে কোন বাধা নেই। তুমি কী বল ?

স্ত্রী চূপ করে স্বামীর ম্থের দিকে তাকিয়ে থাকতেন। স্বামী বলতেন, স্ত্রী-জাতির দিতীয়বার বিবাহে সমাজের কোন বাধানিষেধ থাকা উচিত নয়। বৌদ্ধর্মাবলম্বী চীন, জাপান, বর্মীদের মধ্যে, এমনকি আমাদের ভারতবর্ষের কিছু কিছু হিন্দুর মধ্যেও পুনবিবাহ প্রথা চালু আছে। তবে কেন এই প্রথা আমাদের মধ্যে চালু করা হবে না ? স্ত্রী বলতেন, সত্যি তুমি একথা অস্তরে অস্তরে বিশ্বাস কর ?

স্বামী বলতেন, নিশ্চয়ই।
তেহেসে একবার বলেছিলেন, জান, তোমাকে বিবাহের আগে আমার বিধবা বিবাহ করার থ্ব আস্তরিক ইচ্ছা জেগেছিল। স্বামী বলেন, আমি যে কথা চিন্তা করি আস্তরিক ভাবেই চিন্তা করি। স্ত্রী অবাক হয়ে স্বামীর মুখের দিকে তাকিয়ে থাকতেন। ভগবানও বোধহয় অলক্ষ্যে হেসেছিলেন। রামপ্রসাদ সেনের মতবাদের পরীক্ষা হেমন্তশশীর ওপর দিয়েই দেখতে চাইলেন। কিন্তু সেকথা আরোক বছর পরের ঘটনা।

স্বামীর তথন দিন নেই রাত নেই পরিশ্রম আর পরিশ্রম। মন্দির তাঁকে গড়ে

৯ 'খুড়োমহাশয় বিধবা বিবাহের পক্ষপাতী ছিলেন। এক সময়ে নিজেই বিধবা বিবাহ করিতে সঙ্কল্প করিয়াছিলেন।' সত্যপ্রসাদ সেনের ডায়েরি থেকে।

তুলতেই হবে। কোন্ সকালে তিনি নবসভার সভ্যদের সঙ্গে নিয়ে ঢাকা শহরের পাড়ায় পাড়ায় অর্থসংগ্রহের চেষ্টায় বেরোন। স্নান আহারের ঠিক থাকে না। হেমস্তশশী অন্থাগ করেন, মাঝে মাঝে রাগ করে বসেন। বলেন—দরকার নেই এমন মন্দিরের যার জন্তে তোমার শরীরটা এমন যায়! তোমার কী অবস্থা হয়েছে বল তো! দেখেছ নিজের শরীরটা একবার আয়নায়? তোমার জন্তে আমার বড় ভয় হয় গো!

স্থামী হেসে বলেন, আর কিছুদিন। আর কিছুদিনের মধ্যেই আমাদের টাকা তোলার কাজ শেষ হবে। আর অল প্রয়োজন।

একদিন স্বামী খুব আনন্দিতভাবে এসে বললেন, জান, আমাদের কোথায় মন্দির নির্মাণ হবে তার স্থান আমরা নির্বাচন করে এলাম। আরো কিছুদিন পরে বললেন, জান, আজ আমাদের জমি কেনা হল। এখন শুধু মন্দিরের নক্সা করা বাকি।

কিছুদিনের মধ্যে রামপ্রসাদকে ঘিরে নববিধান সভার সভাবৃন্দ অতি উৎসাহের সঙ্গে নক্সা নির্মাণ সংক্রান্ত আলোচনায় মেতে উঠলেন।

নক্সার কাজ শেষ। দেদিন নিউ মেডিক্যাল স্টোর থেকে বেরিয়ে মন্দিরের জারগা জনির মাপঝোপের কাজ শেষ করে লক্ষ্মীবাজারের বাডিতে কিরে এলেন ডাঃ রামপ্রসাদ। এসে স্থীকে বললেন, আমার শরীরটার কেমন যেন জরজ্বর মনে হচ্ছে। দেখ তো আমাব পিঠে কোন ফোড়া হয়েছে কি পূ কেমন যেন ব্যবা ব্যধা লাগছে।

স্ত্রী বললেন, হা। তোমার পিঠে একটা বিষ্ঠোড়া হয়েছে।

সোমান্ত বিষক্ষোড়া!' ডাঃ রামপ্রসাদ বিষক্ষোড়াটার ওপর বিশেষ মনোধ্যের দেবার দরকার মনে করলেন না। পরিণামে আরো কিছু কষ্টভোগ করতে হল। ক্ষোড়াটা আকারে বড় হয়ে টস্টসিয়ে উঠল। ডাঃ রামপ্রসাদ তথন ধির করলেন, নিজেই নিজের কোঁড়া অপারেশন করবেন। যা ভাবা তাই কাছ। আরনার সামনে দাভিয়ে নিজেই নিজের কোঁড়াটিকে চিরে দিলেন। কিছু হিতে বিপ্রীত হল। আগে থেকেই ডায়েবেটিস ছিল, যা আর ভকোলো না। আরো নারাত্মক আকারে কার্বাহলে দাঁডিয়ে গেল। রামপ্রসাদ একেবারে শ্রাণায়ী হয়ে পড়লেন।

বাইরের কারো সঙ্গে দেখা করা চলে না। নববিধান সমাজের সভারা প্রায় দিনই আসেন, বাইরে থেকে থবর নিয়ে চলে যান; দেখা করার অন্ত্মতি মেলে না। কথনো কথনো একটু ভাল থাকলে বিছানার পাশে এসে দাঙান বন্ধুরা, রামপ্রসাদ তাঁদের দেখে হাসতে চেষ্টা করেন। মন্দির নির্মাণের কাজ কতদূর এগুলো আগ্রহের দঙ্গে থবর নেন। মন্দির শেষ না হলে যে তাঁর কোপাও যাওয়ার উপায় নেই। শেষে সেই দিন—অতুলের প্রথম ত্মথের দিনটি এসে গেল। রামপ্রসাদ অত্যন্ত অন্তর, তাকে মিরাতারের কাছে তাঁর একার নিবাদ সেই বাদাবাড়ি থেকে লক্ষ্মীবাজারে অঞ্জান অবস্থায় নিয়ে আবা

হল। ত্র্বল শরীর, রক্ত-চলাচল প্রায় বন্ধ হয়ে এসেছে। তুপুরবেলার দিকে তাঁর অবস্থা আরো গারাপ হয়ে এল। দাদামশাই-দিদিমা ব্যস্ত হয়ে অতুল সত্যকে ডাক্তার ডেকে আনতে বললেন। অতুলরা ছটে গিয়ে ঢাকা মেডিক্যাল কলেজের ডাঃ পি. কে. রায়কে গবর দিল। ডাঃ পি. কে. রায় এলেন। আরো কয়েকজন বড় বড় ডাক্তার এলেন ডাঃ রামপ্রসাদকে পরীক্ষা করতে। কিন্তু কোন মতেই কিছু করা গেল না। রাত্রে অতুলের পিতা রামপ্রসাদের আত্মা অমরলোকে যাত্রা করল। হিরণ কিরণ, অতুলের বোনেরা, কাঁদল মাটিতে লুটিয়ে লুটিয়ে, দিদিমা, মামা, মামী, মাসীরা কাঁদলেন। অতুল সত্য কাঁদল। বাবার মৃতদেহের দিকে তাকিয়ে—মা পাথরের চোগ নিয়ে বিবয়-বিয়াদ পাথরের মৃতিতে বসে রইলেন—মা কাঁদলেন না। দিদিমা অশ্রনয়নে মায়ের মাথায় হাত রাখলেন। ছোট বোন ছুটকিকে এনে মার কোলে বসিয়ে দিলেন। মা তথন কাঁদলেন। ভোরে শ্রামপুরঘাটে তার নশ্র দেহ ভয়ীভূত হল। সাধারণ ব্রাহ্মসমাজ এবং নববিধান সমাজের সকল সভারা সেদিন মশানঘাটে উপস্থিত ছিলেন।

তিন

স্থানী রামপ্রসাদের অকালে মৃত্যু হলে হেমন্তশানী নাবালক ছেলেমেয়ের ভবিশ্বতের ভাবনায় অশ্রু বিসর্জন করছিলেন, সেদিন অতুলের দাতু মহাঁষি কালীনারায়ণ গুপু এসে নিংশদে মেয়ের পাশে দাড়ালেন। মেয়ের মাথায় হাত রেথে বললেন, ভাবনা কোর না মা, আমি তো এখনও বেঁচে আছি। অতুলের বড়মামা ক্লুগোবিন্দ গুপু তিনিও ছোটবোনকে বললেন, তুই ভাবিস না হেমন্ত, আমরা সকলে আছি তোর পাশে, তোর ভাবনা কি! আছ-শান্তি চুকে গেল। দেখতে দেখতে কিছুদিন এগিয়ে গেল। এরই মাঝে একদিন সত্যকে খুঁজে পাচ্ছিল না অতুল ও সমবয়সী ছোটমামা বিনয়। কোথাও খুঁজে পেল না—বাগানে, তাদের প্রিয় গোলাপঝাড়টের চৌতরাটিতে, অথবা পুক্রপাডে অথবা রহিন মাছের চৌবাচ্চার ধারে, কোথাও নেই।

মা বললেন, সত্যি, সত্য আমার কোথায় গেল রে !

শেষে অনেক থোঁজাথুঁজির পর অতুল-বিনয়-স্থালা সত্যকে থুঁজে পেল চিল-কোঠার কুঠরি ঘরে। নিজের ছোট টিনের বাক্সর সামনে বসে অঝোর-ঝরে কাদছে সে, আর ভার বাক্সর চারধারে ছড়ানো ভার পাতলুন-পাঞ্চাবি-সাট-ধুতি।

অতুল বললে, দাদা তুমি এথানে বসে কাঁদছ! আর আমরা তোমায় কোথায় না কোথায় খুঁজে বেড়াচ্চি। মা তোমাকে দেগতে না পেয়ে ব্যস্ত হয়েছেন। ডাকছেন, চল নিচে। শত্য কেঁদে বললে, আমি কোথাও যাব না। আমার কোথাও জায়গা নেই। কাকামশাই মারা গেছেন, তোমার মামার বাড়িতে আমার জায়গা হবে না অতুল। আমার কিনের সম্পর্ক! আমি দেশে বাবার কাছে চলে যাব। তোমাদের ছেড়ে যেতে কট্ট হচ্ছে।

অতুল বললে, তোমাকে যেতে দিলে তো। বিনয়মামা দাদার একথানা হাত ধর তো, আমি একথানা হাত ধরছি, চল মায়ের কাছে নিয়ে যাই। সমায়ের কাছে অতুল অমুযোগ করল, দেখেছ মা, বাবা মারা যেতে দাদা ভেবেছে আমরা ্ঝি পর হয়ে গেলুম।

হেমস্তশনী সেদিন জলভরা চোথে বলেছিলেন সত্যকে, অতুল আমার যেরকম, বাবা সত্য, তুমিও আমার সেরকম। অতুলের মামার বাড়ি তোমারও মামার বাড়ি। তোমরা হটি আমারই ছেলে। কেন তুমি আমাদের ছেড়ে যাবে! এথানেই অতুলের সঙ্গে পড়াশোনা কর^{২০}।

ছেলেবেলার অতুলের একমাত্র সাথী সত্য। একই বিছানায় শোয়া, অনেক সময় একই থালায় থাওয়া, একসঙ্গে বেড়াতে যাওয়া, একই ঘরে পড়াশোনা। এখন সাথী এসে জুটল ছোটমামা বিনয় আর সমবয়সী মাসি স্থবালা।

সত্য বলত, বন্ধুত্বটা একা আমারই ছত্তে অতুল এর ভাগতুমি আর কাউকে দিতে পারবে না। তুমি একা আমার।

১০ সত্যপ্রসাদ লিখেছেন:

'বাংলা ২২৯১ সাল কাতিক মাস থুড়োমহাশয় পরলোকগমন করিলে আমি চতুদিকে অন্ধকার দেখিতে লাগিলাম। বাবা ও ছোট পিসিমা খুড়োমশাইয়ের পীড়ার কথা শুনিয়া বাড়ি হইতে দেখিতে আসিয়া তাঁহাকে দেখিতে পান নাই। আমি আপাতত তাঁহাদের সহিত বাড়ি চলিলাম। কিছুদিন পরে স্নেহময়ী খুড়িমা জানাইলেন অতুলের সদে আমার ও স্থান অতুলের মামার বাড়িতে হইবে। এখানে রাজ্যি কালীনারায়ণ অতুলের মাতামহ ও তাঁহার মহীয়সী ধার্মিকা সহধর্মিণী অন্ধন। দেবী অতুলের মাতামহী। কালীনারায়ণের জ্যেষ্ঠ পুত্র শুর কে. জি. শুপ্ত, মধ্যম পুত্র ভালার প্যারীমোহন, তৃতীয় গঙ্গাগোবিল শুপ্ত (পানীবারু), চতুর্থ বিনয়চন্দ্র। কলাগণ, খুড়িমা হেমস্কশেশী, সৌদামিনী, চপলা, সরলা, বিমলা ও স্থবালা। এখানে আমি যে স্নেহ যত্র পাইয়াছি, তাহা স্মরণ করিতেই আনন্দে পুলকিত হইয়া উঠি। কোনমতে তাঁহারা বৃঝিতে দিতেন না বে এ বাড়ি আমার আপন মাতুলালয় নহে। বিনয় ছিলেন আমাদের কিছু বড়। প্রতি মাঘোৎসবের সময় আমরা পাবনার ধৃতি পাইতাম। বিনয়, অতুল কি আমার কাপড়ের কোন প্রভেদ থাকিত না।"

বিনয়মানা হাসত। হাসত স্থবালা সত্যর কথা শুনে। হেসে উঠত নগেন্দ্র, প্রাণকেই, নিলনী। সত্য তত রাগত। রাগবে না? অতৃদ্ধ বেন বজ্ঞ বেশি মিডক হয়ে পড়ছিল। সকলের সঙ্গে হেসে-হেসে অকারণ কথা বলত। খুব ঘনিষ্ঠ হয়েছিল বিনয়-মানা স্থবালা মাসীর সঙ্গে এবং ঢাকা কলেজিয়েট স্কুলের নলিনী, নগেন্দ্র, প্রাণকেইর (নলিনী নাগ, প্রাণক্ষণ্ণ বস্থ, নগেন্দ্র সোম) সঙ্গে। ওরা সব সময়েই অতৃলকে ঘিরে থাকত। অতৃলও যেন ওদের সককে বেশি মূল্যবান বলে মনে করত। ইস্কুল বসবার আগে বা শনিবার ছুটির পর কিংবা রবিবার ইস্কুলের ময়দানে বসে নগেন্দ্র কবিতা লিখে পড়ত। অতৃল যেন কত সমঝদার, সেইভাবে তার মতামত জানতে চাইত। নগেন্দ্রর কবিতা লেখার রোগ ছিল। শুনে অতৃল হাসত। বিনয়মানার মত অতৃলও তথন ছবি আঁকত। কথা বলতে বলতে, কাগজে-পেন্দিলে-কলমে স্কুলবাড়ি, গাছপালা, মাঠের ধারে দারোয়ানদের নিচু টালির বাড়িগুলো আঁকত।

নগেন্দ্র কবিতার থাতাগানা বন্ধ করে বলত, কী ছাইপাশ ছবি আঁকছিদ অতুল! আমার কবিতা শুনে ছবি আঁকতে পারিদ তে' বৃঝি!

এবারেও অতুল হাসত।

নলিনী বলত, আমাব মৃথ আঁক তো দেখি…

তথন সুর্য নেমে আসত মাঠের ধারে, তারপ্র ইস্কুল্রাভিটার পিছনে, তারপর আরো নিচে আকাশ অস্কুলার করে দিয়ে…

সত্য বলত, চল অতুল খুড়িম। রাগ করবেন আর দেরি করলে। দাদ। ধেন অতুলের জীবনরক্ষক। এর পর সত্যি আর দেরি করা ধায় না। অতুল, সত্য, নগেন্দ্র, নলিনী, প্রাণকেষ্ট্র, বিনয় ছজনের এই দলটি হাটতে হাটতে ঘরমুখো হত।

কলেজিয়েট স্কুলের হেডমাস্টার ছিলেন কৈলাস বস্থ। প্রিন্সিপ্যাল ছিলেন পোপসাহেব—জনভনস-সমাবেশ পোপ। পোপসাহেব থেলাধুলোর ভক্ত ছিলেন। ভাল ক্রিকেটফুটবল থেলতেন। কলেজিয়েট স্কুলের টিমও ছিল সেইরকম। ঢাকা কলেজিয়েট
স্কুল-কলেজ টিমের ভাল ভাল ছাত্রদের একত্রিত করে পোপসাহেব একবার দিখিজয়ে
বেরিয়ে পড়লেন। ঢাকার ছাত্রদল হারিয়ে দিল ক্রফনগর কলেজের, রংপুর কলেজের
ছেলেদের। সেই সময়ে ঢাকা কলেজ ও স্কুলের রত্ব ছিলেন সারদারক্লন রায় ও তাঁর
ভাই মৃক্তিদা, কুলদা, যতীন রায়, বিপিন, স্থায় বস্থ, বিজয় বন্দ্যোপাধ্যায়। ঢাকার
ছেলেদের নাম ছিল থেলাধুলায়। পোপসাহেব ছিলেন স্বকিছুর উল্লোক্তা। পোপসাহেব
ধদিও প্রিন্সিপ্যাল ছিলেন তবুও কলেজিয়েট স্কুলের নিচু প্রেণীতে ইংরেজি পড়াতেন।
পরীক্ষার সময়ে ছাত্ররা ভীত হয়ে পড়লে ধীরভাবে পিছনে দাঁড়িয়ে গায়ে-মাথায় হাত

বৃলিয়ে আছর করে সাহস দিতেন। মাঝে মাঝে অতুলদের তহাতে কোলে তুলে আদর করে বলতেন—স্পোর্টসম্যান হও, দৌড়ও, ঘোড়ায় চড়, রোয়িং কর। শুধু পড়াশোনায় কিছু হবে না—শরীর এবং মন ভাল রাখতে হলে পড়াশোনার সঙ্গে পলাধুলো করা দরকার। সারদা, কুলদা, মুক্তিদা এঁরা ছিলেন অতুল বিনয় সত্যদের আদর্শ।

পোপসাহেব হঠাৎ চলে গেলেন কলেজিয়েট স্কুল ছেড়ে আপন দেশে। তাঁর জান্ত্রগায় এলেন বৃথসাহেব। পোপসাহেবের বিপরীত। বৃথসাহেব খুবই শিক্ষিত, অকে খুব মাথা। বৃথসাহেব সম্বন্ধে গল্প আছে, বৃথসাহেবের মৃত্যুর পর তাঁর মন্তিম্বের গঠন দেখবার জল্পে তাঁর শরীর দশ হাজার টাকায় বিক্রি হয়েছিল।

নৃথসাহেব ছিলেন গণ্ডীর রাশভারি প্রকৃতির মাস্কুষ। ছেলেদের সঙ্গে বিশেষ কোন কথাবাতা বলতেন না। ক্লাসে পড়াবার সময়ে অঙ্গভঙ্গী করে পড়াতেন। সে সময়ে যে কছন শিক্ষক ছিলেন তাদের সকলের নামে এক কবিতা রচনা হয়। কবিতা রচনা হয় কলেজিয়েট স্কুলের মাঠে। রচনায় অতুল ও অতুলের সহপাঠী অনেকের নামই পাওয়া যায়। কবিতাটি:

'বৃথে'র প্রধান কর্ম অঙ্গভঙ্গী করা।
গোলমালে 'আগস্থি'র ঘণ্টা হয় সারা।
'বিছানিধি', 'ডাঃ রায়' বলিতে অক্ষম।
'প্রসন্ধ' তাহাকে ভাবে সদা অন্থপম।
সাহেবী ফ্যাসন দক্ষ 'সারদারঞ্জন,'
বৃক ফুলিয়ে হাটেন বাবু 'স্থ্নারায়ণ'—>>

কৈশোরের দিনগুলিতে অতুলের ছোটমাম। বিনয় ছিল ষেন সকল বন্ধু-বান্ধবদের মাম।—
অথবা সকলের নেতা।

বয়েদে সামান্ত বড় এবং মান্তেও বৈকি। তাই বোধহয় তার এই অধিকার-বোধটুকু জন্মছিল। মাঝে মাঝে ছজনের এই দলটিকে নিয়ে চলত হোলির গান শুনতে, নয় তো জন্মান্তমীর কিংবা মহরমের মিছিল দেখতে। ঢাকা শহর গানবাজনার জন্ম বিখ্যাত; এমন মহল্লা নেই যেখানে গানের আসর বসে না—গানের বৈঠকখানা নেই। হোলির সময়ে প্রত্যেক বছর পাল্লা দিয়ে হোলির গান চলত। বাবুর বাজারের পুলের পুবদিকে এবং পশ্চিমদিকে ঢাকা শহরের লোক ভেঙে পড়ত। এই ছ-দলের লোকেরাই এক বছর

১১ বলা বাছল্য সেই সময়ে ঢাকা কলেজিয়েট স্কুলের শিক্ষক ছিলেন প্রিন্সিপ্যাল মি: বৃথ, শ্রীস্থকুমার আগন্ধি, প্রসন্ধ বিভারত্ব, সারদারঞ্জন রায়, স্থনারায়ণ ঘোষ, ডাঃ পি. কে. রায় ও সারদা পণ্ডিত।

লন্দ্রীবাজার রাজাবাব্র ময়দানে, অন্ত বছর উর্ফুলালাবাবৃদের বাড়িতে পালা দিয়ে গান জুড়ত। স্থর তান মান লয় এসব নিয়ে বিচার হত। গানের মধ্যে এমন ভাষা থাকত ষেগুলি গুনগান করছে না গাল দিচ্ছে বোঝা যেত না। ভাষ্ণ নামে একজন ওস্তাদ গাইয়ে ছিল সে একবার গাইল: 'ভাষ্ণকা জ্যোতিসে—তেরা ভর দেকা চাঁদ বদন' মর্থাৎ স্থের আলোয় তোমার স্থুলর মুখ ঢেকে ফেলব।

অতৃল একদিন চুপি চুপি বিনয়মামাকে বললে, ভান্থ ওস্তাদ 'ভান্থকা জ্যোতিসে' বললে, 'না কি 'ভান্থকা জ্তিসে ' বললে মামা ! আমার তাই ষেন মনে হল।

বিনয়মামা বললে, চূটো কথাই ভাম্ব ওস্তাদ বলে থাকে অতুল।

বিনয়মামার কথা বলার ভঙ্গিতে নগেন্দ্র নলিনী প্রাণকেষ্টরা হেসে ওঠে।

যে কোন উৎসবে বিনয়মামা অম্বির, সঙ্গে সঙ্গে কর্মতৎপর হয়ে গুঠে। পড়ার ঘরে অতুল আর সত্যকে এসে চূপি চূপি ডাক দিয়ে যায়। আজ মহরম, কাল জন্মাষ্টমী, পরশু শিবচতুর্দশী। বলত চুপি চুপি পা টিপে-টিপে নেমে আসবি, বুঝলি, ধরা পড়িস নি যেন বাবা কাক। দিদিদের হাতে। পা টিপে-টিপে সম্ভর্পণে সকলের চোথের আড়াল হয়ে নেমে আসত অতুল সত্য। তারপর তিনজনে লক্ষ্মীবাজারের সেই বিখ্যাত বাড়ি থেকে পায়ে-পায়ে চলে এদিক-ওদিক তাকিয়ে পথে নামত। রাস্তার মাঝে গাছের নিচে অপেক্ষা করত আরও তিন বন্ধু। সেথানে উপস্থিত হলে আর সন্ধান পায় কে ! বাঁশের সাঁকো পেরিয়ে উর্ফু লালাবাবুর বাড়ির পাশ কাটিয়ে ছুটতে ছুটতে হাঁপাতে হাপাতে এসে পড়ত 'নয়া সরকারের থালের ধারে' ওরা। নয়া সরকারের থালের ধারে দক্ষিণ দিকে তাঁতির বাজার, উত্তর দিকে নবাবপুর। ঢাকা শহরের শত-সহস্র নরনারী এখানে জমায়েত হত। এখান থেকে জন্মাষ্টমীর মিছিল বের হত। সমস্ত ঢাকা শহরময় এবং শহরতলীর মামুষদের মনে সাড়া পড়ে যেত। মেলা বসত যেন এখানে। পথঘাট আথ আর চিনেবাদামের থোসায় কলঙ্কিত হত। চালাক গাড়োয়ানেরা নবাগত সরল গ্রামবাসীদের সমস্ত ঢাকা শহর দেখাবার নাম করে কিছুদূর ঘুরিয়ে এই মেলার সামনে এনে নামিয়ে দিত। তাতির বাজারের এবং নবাবপুরের মামুষদের মধ্যে চিরকালের রেষারেষি ছিল। তাঁতির বাজারের পোদারবাবুরা এই মিছিল এবং মেলার জন্মে বেশ কিছু টাকা রেথে দিতেন, তার স্থদ থেকে ব্যয় হত নবাবপুরের মেলা, এবং মিছিলের বায় চাঁদা করে হত। তাঁতির বাজারকে এইজন্মে বলা হত 'বাপেপুতে'. নবাবপুরকে 'দাতেগোতে' অর্থাৎ দাত গোষ্ঠীতে।

জন্মাষ্টমী মিছিলের মত মিছিল সমস্ত ভারতবর্ষের মধ্যে আর কোথাও হত না যেমনটি ঢাকায় হত। প্রথমে ৫০।৬০টি হাতি চলত, তারপ্র শতাধিক ঘোড়া, তারপর ছোট ছোট সঞ্জিত চৌকি। ঘোড়া হাতিগুলি মূল্যবান পোশাকে সাজানো হত। গলায় সোনার গয়না থাকত। তারপর যেত স্থাক্কিত বড় চৌকিগুলি।
তারপর থাকত ছোট চৌকিগুলি। বড় চৌকিগুলিতে পৌরাণিক অথবা ঐতিহাসিক
চিত্র রাখা থাকত। যেমন—সীতাহরণ, পদ্মিনীর চিতায় আরোহণ, ইক্কের রাজসভা।
বড় বড় পয়সাওয়ালা মাম্বরা আপন আপন হাতিতে চড়ে মেলায় যোগ দিতেন।
বড়লোক জমিদারদের এক একজনের অনেকগুলি হাতি থাকত। জয়াইমীর মিছিল
দেখতে দেখতে অতুলের মাঝে মাঝে ইচ্ছে হত মিছিলের মধ্যে সেও যোগ
দেয়। জয়াইমীর মিছিলে যোগ দেওয়া হয় না কোনবার। তর্ মামাদের সঙ্গে
বালিয়াটির জমিদার দিগুবারুর (ব্রজেক্রকুমার রায়) হাজিতে চড়ে মেলা দেখতে আসা
অতুলের কাছে খ্ব লোভনীয় ছিল। তেমনি লোভনীয় ছিল দাত্র হাত ধরে 'বনবিহার
উৎসব' দেখতে যাওয়া। বনবিহার উৎসবে শ্রীক্রফের গোর্চবিহার সংক্রান্ত নানা দুশ্র
মাটির পুতুলে তৈরি করে দেখানা হত।

ঠাকুদা^{১২} বলতেন, বল তে। দাত্তাই তোমাদের কোথায় নিয়ে যাব আজ? কী এক আশ্চর্য জিনিস দেখাব বল তে। একটু পরে বলতেন, চল তোমাদের আজ প্রতাপবারর বাডিতে নিয়ে যাই।

প্রতাপবার্র বাড়ির কথায়—বাঙলাবাজারে যেতে হবে শুনে আনন্দে নৃত্য করতে ইচ্ছে হত। ঠাকুলির জানহাতের কনিষ্ঠা আঙুল আপন হাতের মুঠোয় ধরে রাগত অতুল। অন্ত হাতের মধ্যমা ও কনিষ্ঠায় অধিকার ছিল বিনয় ও সভ্যর। শ্রীক্ষের গোষ্ঠ-বিহারের স্থানর পুতুলগুলি দেখতে দেখতে অভিভূত হয়ে পড়ত অতুলরা। ঠাকুলি তথন এর শুণাগুণ বিচার করতেন। কোন্টি দেখতে ভাল, কোন্টি বা দেখতে মদ, কোন্টির নাক বাঁকা, কোন্ কৃষ্ণের বাঁণি ঠিক হয়নি, কোন্টি বড়ই মনোমধুকব। সহজ সরলভাবে দাত্ ব্যাগ্যা করতেন। ব্যাগ্যা শুনে অতুলরা হেসে কেলত শতির শ্রীকৃষ্ণ কী তুটুটাই না ছিল, ওরা ভাবত।

ঠাকুদা ছিলেন স্বকিছুর স্মরাদার ব্যাখ্যাকার। ঠাকুদা ছিলেন মস্ত বড় শিল্পী।
অতুল বিনয়রা কিশোর বলে ওদের জগংট। যদি ছোট হয়, অভিজ্ঞতা যদি অল্প হয়.
ওদের ক্যানভাপটা যদি সেই পরিমাণ ছোট হয় তবে ঠাকুদার অনেক বয়স, অনেক
অভিজ্ঞতা, অনেক স্কল্প, ঠাকুদার ক্যানভাপটা অনেক বড়। ঠাকুদার প্যালেটে অনেক
রঙ়। মানে মানে ঠাকুদা বলতেন, কিভাবে চোগ আর মন পোলা রেগে এই
পৃথিবীটাকে দেখতে হয়। পৃথিবীর অনেক রঙ; ঋতুতে ঋতুতে রঙ বদলায়। ঠাকুদা
বলতেন শীতকালে কোন্দেশ থেকে নাকে ঝাকে পাথির দল উড়ে আসে, পদ্মার

১২ অতুলপ্রসাদ দাদামহাশয়কে ঠাকুদা বলতেন। অত্লপ্রসাদের নামকরণ করেন তার 'ঠাকুদা'।

150978 B

আমারে এ আঁধারে

চড়ায় বদে আবার ঝাঁক বেঁধে উড়ে যায়। পদ্মা মেঘনা ব্রহ্মপুত্র কোন্ সময়ে উত্তাল সমূদ্রে পরিণত হয়ে ভয়হরী মূতিতে পাড় ভেঙে চলে। কথন ঘন মেঘে ঢাকা বিষণ্ণ মূতিতে আঁকা স্রোতিবিনী বহে চলে একাকী। দাত্ব এসব ছবি বোধহয় মনে মমে আঁকতেন এবং বিস্ফারিত-নয়ন নাতিদের বলে আনন্দ পেতেন। দাত্ব ছিলেন অত্লের কবিজীবনের কবিত্ব উন্মেষের যেন প্রথম সোপান।

কিন্তু তথনও অতুল কোনদিন স্থপ্নে ভাবে নি সে কবি হবে, কবিতা লিখবে। সে ছবি আঁকত, গান গাইত, বেহাল। এস্রাজ্ব তবলা বাজাত আর মাঝে মাঝে পানিমামাকে দেখে নাটক করার ইচ্ছে জাগত। পানিমামা নাটক লিখতেন, অভিনয় করতেন, চিত্রপট আঁকতেন, নৃত্যপরিকল্পনা পেকে পরিচালনা সব কিছুতেই তিনি ছিলেন সিদ্ধহন্ত। নাটকে প্রভাত দৃশ্যে নানান পাণির ডাক থেকে সিংহের গর্জন সবই তিনি শোনাতেন। এক কথায় তিনি ছিলেন নাটকপাগল। পানিমামা অতুলদের মাঝে মাঝে বলতেন, চল অতুল আছ তোমাদের সীতার বনবাস দেখতে নিয়ে যাই। কোনদিন বলতেন, চল অতুল নালদর্পণ বিলমগল দেখে আসি। এসব নাটকে পানিমামাই ছিলেন প্রাণ। পানিমামাই অতুলদের প্রথম নবাবপুরে শকুন্তলা নাটক দেখতে নিয়ে গেলেন। সেদিনই প্রথম দিন, অতুলের প্রথম নাটকের সঙ্গে পরিচয়। শকুন্তলা নাটকে পানিমামা সেজেছিলেন রাজা ছয়ন্ত ক্লিন গান গাইতে পারেন অতুল কোনদিনও ভাবতে পারে নি। সেদিন এক অতুত সঙ্গীত-জগতে প্রবেশ করেছিল অতুল—অতুত তান লয়। কৈশোর জীবনে প্রথম দেখা সেই শকুন্তলা নাটক অতুল কোনদিনও ভাবতে পারে নি। সেদেন প্রথম দেখা সেই শকুন্তলা নাটক অতুল কোনদিনও ভ্লতে পাবে নি।

পানিমামা রাজা ত্মস্তের বেশবাস শথে ম্থের রঙ ধুয়ে সেদিন যথন অত্লের দামনে এদে দাড়িয়ে বললেন—বাড়ি চল অতুল, তথন পানিমামার ম্থের দিকে বিশায়াবিষ্ট তাকিয়ে ছিল সে। যেন বিখাস হচ্ছিল না এই পানিমামাই রাজা তুমস্ত কিংবা রাজা তুমস্ত হিবারাজা

পানিমামা তার হাতে ঝাঁকুনি দিয়ে বলেছিলেন, আমার ম্থের দিকে তাকিয়ে এত কী ভাবছিদ অতুল!

ভাবনার কি কোন শেষ আছে! পানিমামার মুখের দিকে তাকিয়ে কত কি চিস্তা এদেছিল তার—কোন কিংবদন্তীর দেশ থেকে রাজা হুমস্ত এদে দাঁড়ালেন রাজবেশ ত্যাগ করে এ কোন সাধারণ বেশে…তব্ রাজা ওর কাছে। মনে মনে হঠাৎ সেদিনই সে তার জীবনের লক্ষ্য ঠিক করে নিল…তার জীবনের শ্রেষ্ঠ কাজ হবে অভিনয় আর গান।

১৩ শকুন্তলা নাটকের গানের কোন কোন হুর অতুলপ্রসাদের গানে আছে, বেমন "স্থী ধর ধর মালা"·····

পানিমামা এক হাতে অতুলকে ধরে অন্ত হাতে সত্যর হাত ধরে ধীরে ধীরে চলছিলেন।
সামনে সামনে বিনয়মামা চলছিল। খাল পোল পেরিয়ে পানিমামা তাড়াতাড়ি চলছিলেন,
বিনয়'ছুটতে শুরু করে দিল। সত্য পানিমামার হাত ছাড়িয়ে বিনয়ের পাশাপাশি ছুটতে
শুরু করল। পানিমামা কি জানি কেন আস্তে আস্তে চলতে শুরু করলেন—সম্ভবত
অতুল পানিমামার মত ক্রুত চলতে পারছিল না। পানিমামা মাথা নিচু করে একবার
অতুলকে দেখলেন। তারপর মিষ্টি হাসি হেসে বললেন, একটা কথা বল তো অতুল!
তুমি যখন আমার মত বড় হবে অতুল, তখন তুমি কী হবে বল তো!

ততক্ষণে দশ নম্বর লক্ষীবাজারের সেই বিখ্যাত বাড়িখানা এসে গিয়েছিল যেখানে অতুলের কৈশোর জীবন পার হয়েছিল ে সেদিন কিন্তু সেজমামার প্রশ্নের উত্তর দেওয়া হল না, কারণ লক্ষীবাজারের বাড়ি পৌছতে না পৌছতেই মা ডাকলেন, অতুল—
অ…তু…ল! কোখায় ছিলি বাবা!

অতুল পানিমামার হাত ছাড়িয়ে দৌড় দিয়ে একেবারে মায়ের কাছে অন্দরমহলে। এবার যে উজাড করে দেওয়া চাই সেদিনের যতকিছু অভিজ্ঞত।!

চার

আজ কী বল তে। অতুল ? দাদা এদে সেদিন বললে। ও বললে, আমার মনে আছে, আজ তপসির^{১৪} অন্নপ্রাশন।

দাদা বললে, আমাদের কিছু দিতে হবে আমাদের ছোট বোনটিকে। একেবারে নতুন কিছু। কীদেওয়া যায় বল তো! অতুল তুমি যদি একটা কবিত। লিখে দাও ওর নামে তাহলে খুব ভাল হয়।

দাদা বলল কবিত। লিগতে। নগেন্দ্র কতদিন বলেছে, আমার লেগা দেখে তোর কবিত।
লিগতে ইচ্ছা হয় না রে অতুল ? ইস্কুলের মাঠে তাদের ছোট্র আমরে কতদিন নগেন্দ্র
কবিতা পড়েছে উৎসাহভরে। পড়তে পড়তে থেমে পড়ে বলেছে, আমার কবিতা কেমন
লাগছে রে তোদের ? অতুল, তোকে কবিতা শুনিয়ে আমার বেশ ভাল লাগে। তুই
কেন কবিতা লিগিদ না অতুল ?

বিনয়মামা মাঝে মাঝে বিরক্ত করতেন। কাগছে পেন্সিলে আঁকিবৃকি কেটে অতুলের টেবিলে রেপে বলতেন, এই যে ছবি এঁকে দিলুম এই ছবি দেশে কবিত। লেগ তোদেশি কবি! স্থানর একটা বাঁধানো গাতা উপহার দিয়েছিল বিনয়মামা।

১৪ তপদি (ইলা দেন) স্থার কে. জি. গুপুর ছোট মেয়ে।

অতুল রাগ করে বলত, বিনয়মামা তোমার ছবি তুমি নিম্নে **যাও, তোমার খাতা তুমি** ফেরত নাও, আমি কবিতা লিখতে পারব না, আ<mark>মায় কবি বলবে না।</mark> বিনয়মামা খাতা ফেরত নিত না, হাসত।

কিন্তু কবিতা লেখার প্রেরণা ওর ঠাকুর্দা। ঠাকুর্দা গান লিখতেন, কবিতা লিখতেন, ওদের সকলকে ডেকে পাশে বসিয়ে নিজেই গান গাইতেন। ঠাকুর্দা কত হোলির গান লিখেছেন। বাবাও হোলির গান লিখেছেন। ঠাকুরদা তার 'ভাবসঙ্গীত' গীতি কবিতার বইখানি ওর হাতে দিয়ে বললেন, অতুল তোমাকে এমন গান লিখতে হবে। তবু লেখা হয় না। আজ সকালে মনটা যেন কেমন অন্তরকম হয়ে ছিল। বিনয়মামার দেওয়। খাতা পড়ার বইয়ের মাঝে লুকিয়ে রেথে জানলা দিয়ে বাইরে তাকিয়ে ছিল সে। হঠাৎ ছেলেবেলার মিরাতারের বাড়ির বাগানে দাদার সঙ্গে প্রজাপতি ধরার কথা মনে পড়ে গেল। আরো মনে পড়ল বাবার সৌম্য-শান্ত ম্থখানির কথা। রোজ সকালে ঘুম থেকে ওঠার আগে বাবার সেই তব-গান যেন শুনতে পেত সে। এগানে এসে, অনেকদিন ভোরের হুর্ঘকে প্রণাম করা হয় নি·····

কার যেন পারের শব্দ শোনা গেল। অতুল তাড়াতাড়ি কবিতার থাতা রিথে এদিকওদিক মৃথ তুলে চাইল। আর তথনই দেখল, জানলার বাইরে বকুলগাছের ডালে ছোট্ট
হলুদ-লাল পাথিটা পুচ্ছ নাচাচ্ছে মনের আনন্দে। অতুলের দিকে মৃথ তুলে তাকিয়ে
ডেকে উঠল—যেন কথা বলল। তু-একবার ডাকল, তারপর বকুলগাছের ডাল থেকে
উড়ে চলে গেল। কোথায় কে জানে। ছোট পাখিটার দিকে কিছুক্ষণ তাকিয়ে থেকে
অতুল তার কবিতার থাতা টেনে নিল বুকের কাছে, কলম কালিতে ডুবিয়ে কি যেন
লিগতে শুরু করল। যতক্ষণ না বিশ্যমামা এসেছিল ততক্ষণ লিখল। বিনয়মামা ও
দাদা এসে পড়ার ঘরে দাঁড়াতেই অতুল থাতা লুকিয়ে নিল, কিন্তু ততক্ষণে বিনয়মামার
হাতে কবিতার খাতাখানা চলে গেছে। অতুল লক্ষায় লাল হল।

বিনয়মামা স্তর করে পড়তে লাগন—

"তোমারি উন্থানে তোমারি যতনে উঠিল কুস্তম ফুটিয়া। এ নব কলিকা হউক স্থ্যভি তোমার সৌরভ লুটিয়া। প্রাণের মাঝারে নাচিছে হরষ সব বন্ধন টুটিয়া। আজি মন চায়, অঞ্জলি লয়ে ধাই তব প্রাণে ছুটিয়া। ৰে প্ৰিয় নামটি দিলাম শিশুরে

স্থেহের সাগর মথিরা।

সে নামের সাথে তব পৃত নাম

থাকে যেন সদা গ্রথিয়া।

হাসি দিয়া এরে কর গো পালিত

তব স্বেহ-কোলে রাখিয়া;

নম্বনেতে দিও, মাগো স্বেহ্ময়ী,

প্রেমের অঞ্চন জাঁকিয়া।

ষেন স্বার্থের কঠিন আঘাতে

ষায় না কুস্থম ঝরিয়া।

রক্ষিও নাথ, তোমার বক্ষে

সকল তুঃখ হরিয়া।

দেগ প্রভূ দেখ, চালাইয়ো এরে

তুমি নিজ হাতে ধরিয়া;

मकन-পानीय नित्या जुमि नित्य।

পরাণ-পাত্র ভরিয়া।

দীৰ্ঘায় হোক এ কোমল শিশু

সকলের প্রেমে বাড়িয়া:

দে জীবনে, প্রভূ, ষেন কোথা কভূ

না যায় তোমারে ছাড়িয়া।

পড়া শেষ করে বিনয়মামা বললে, বাঃ অতুল, চমংকার কবিতা লিখেছিস ! তারপর আবার পড়ল : তপসি ছোট বোনটির অন্ধ্রাশন উপলক্ষে রচিত অতুলদাদা ও সত্যদাদার স্থেতর উপহার।

পড়া শেষ করে কবিতার পাতাপানি হাতে ঝুলিয়ে বিনয়মামা বললে, যাই কবিতাটা সকলকে দেখিয়ে আসি।

অতুল বাধা দিয়ে বললে, দাঁড়াও বিনয়মামা, গাতাটা দিয়ে যাও। তোমার পায়ে পড়ি বিনয়মামা কবিতাটা দেখিও না কাউকে! কিন্তু কে কার কথা শোনে। বিনয়মামার সঙ্গে ছুটে পারা কি সহজ কথা!

একদিন বিনয়মামা এসে থবর দিল, অতুল সত্য শুনেছিস ! েতারা ষে ইস্কুলে পড়তিস, হুর্গাবাবুর ইস্কুল, সেই ইস্কুল উঠে গেছে। · · ·

অমনি অতুলের মনে পড়ল হুর্গাবাবুর ইস্কুলের কথা, তাদের সেই মডেল হাই স্কুল।

মনে পড়ল ইক্লের বৃদ্দের মনা-মতা-ভূতো-খোগেশকে, জার সেইসব দিনগুলো। বাদ্ধর্ম-প্রচারক মাস্টারমশাইরা উপাসনা শ্রেষে আসতে দেরি করতেন, ইক্লেকী সোরগোলই না হত তথন। মনা, মতা, ভূতো শেষ পর্যস্ত পড়েছিল সেই ইক্লেই। অতুল বললে, জান বিনয়মামা, তুর্গাদাসবাব্ বড় ভাল লোক অমারা তাঁর ক্লাসে বড় গোলমাল করতাম, এখন সত্যি তুঃখ হয়।

বিনয়মামা বললে, আরো একটা থবর আছে জানিস! বিনয়মামা ষেন সাংবাদিক! বেখানে যে কোন থবর সব তার নথদর্পণে। কাল কোথায় কোন্ কৃত্তির আথড়ায় কোন্ পালোয়ান লড়তে আসবে, কোন্ গানের জলসায় কোন্ গায়ক আসবে, অথবা সেদিন সাধারণ ব্রাহ্মসমাজে হঠাং মৃহুর্তের জন্মে কেশব সেন এসেছিলেন···সাধারণ ব্রাহ্মসমাজ আর ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজের মধ্যে কী ভীষণ ঝগড়া বিবাদ শুরু হল, এসব অনেক সত্য সংবাদ (!) পরিবেশন করত।—বিনয়মামা বললে, জানিস—পানিদার সঙ্গে তুর্গাদাসবাবুর মেয়ের বিয়ে হচ্ছে।

অতুল বললে, তাই বুঝি ? বিনোদদিদি আমাদের সেজমামী হবেন ?

এর কিছুদিন পরে পানিমামার সঙ্গে বিয়ে হল বিনোদমণির। তারপর কিছুদিনের মধ্যে পানিমামা কলকাতা শহরে চাকরি নিয়ে চলে গেলেন। কলকাতায় চলে গেলেন বড়মামা রুফ্গগোবিন্দ গুপ্ত স্থ্রী ছেলেমেয়েদের সঙ্গে নিয়ে। লক্ষ্মীবান্ধারের বাড়িটাধীরে ধীরে একেবারে শৃত্ত হয়ে গেল। অতুল সত্যরা সে বছর এণ্ট্রান্ধ পরীক্ষা দিল। কলকাতা যাওয়ার আগে প্রায়ই পানিমামা বলতেন, অতুলবাব, বড় হয়ে তোমার কীহওয়ার ইচ্ছে?

অতুল নায়ের মুখের দিকে তাকিয়ে একবার হেসে নামার কথার উত্তর দিত, কিছু তার আগে নাকে প্রশ্ন করত, বল তে। মা বড় হয়ে আমি কী হলে তুমি খুশি হও ?

মা বলতেন, আমি চাই তুমি উকিল-ব্যারিন্টার হও। তোমাকে ব্যারিন্টার হতে হবে অতুল। আমি তোমাকে বিলেত পাঠাব। ব্যারিন্টার হয়ে ফিরে এসে দেশের দশের মুথ উজ্জ্বল করবে। তোমাকে সেরা মান্তব হতে হবে।

পানিমামা বলতেন, তোমার অতুল গায়ক হবে, ছবি-আঁকিয়ে হবে—দেখছ না অতুলের চোখছটো! এমন ভাসা-ভাসা চোখ আর দেখেছ? এ চোখ যার সে কবি না হয়ে যায় না।

মা আপন ভাইয়ের কথায় হেসে বলতেন, আমার মনের ইচ্ছে তুমি রাথবে না অতুল ? অতুল হেসে বলত, মা আমি ব্যারিস্টারও হব, কবিও হব। তোমার মনের ইচ্ছা আমি রাথব না এ কথনো হতে পারে!

বাবাকে হারাবার পর মা-ই একাধারে বাবা ও মা। মা যেন বছরূপিণী। কখনো

কর্মণাময়ী কখনো রুদ্ররূপিণী কখনো শান্তিমর্মী মাকে এক মৃহুর্ভ ভূলে থাকা ত্ংগছ অতুলের পক্ষে। রাত্রে কিশোর অতুল মার পাশে ভয়ে অনেক দিন মায়ের গায়ে হাত রেখে বলেছে—মা সত্যি তুমি চাও আমি ব্যারিস্টার হই—অনেক বড় হই, তাই না মা ? মা বলেন, নিশ্চয়ই আমি তাই চাই অতুল।

আমি তাহলে খুব ভালভাবে এণ্ট্রান্স পাশ করব মা। খুউব মনোষোগ দিয়ে পড়ব। এণ্ট্রান্স পাশ করে কলকাতায় কলেজে ভতি হব। কলেজ থকে পাশ করে আমায় বিলেভ ধেতে হবে মা।

আমি তোমাকে বিলেত পাঠাব অতুল।

কিন্তু পরক্ষণেই বিষয় হন হেমস্তশশী স্বামী রামপ্রসাদের কথা ভেবে। তুমি যদি এত সকালে চলে গেলে তবে তোমার অতুল, তোমার হিরণ-কিরণ-প্রভাকে আমার মনের মত করে কেমন করে মাসুষ করব ! তেমনভাবে ওরা মাসুষ হবে গো ?

অতুল ! অনেকক্ষণ পরে ডাকেন হেমস্তশনী। মাথায় হাত বুলিয়ে বলেন, শুতে ধাবি না ? তোমার পাশে আর একটু শুই মা, অতুল বলে।

অনেকক্ষণ মায়ের পাশে শুরে থাকে। মায়ের পাশে শুলে অনেক শাস্তি। ইচ্ছে হয় না আর চলে মাসে—তবু এক সময়ে ওকে হিরণ-কিরণ-প্রভার জন্তে জায়গা ছেড়ে দিতে হয়। ওরা যে ছোট, ও যে বড়—দাদা! মার অমৃল্য বিছানার কোণ ছেড়ে দিতে কট হয়। অন্ত ঘরে আপন বিছানায় দাদার পাশে শুতে হয়। তই ভাই তুই বন্ধুতে গলা জড়িয়ে ঘূমিয়ে পড়ে। কিছুদিন থেকে মা-র শরীরটা বড় খারাপ হয়েছিল। বাবা মারা যাবার পর মার শরীরটা ভেঙে পড়েছে। মা শরীরটাকে মোটেই য়া করেন নি; খাওয়া-দাওয়া না করে, দিন রাত সংসারের কাজ করেছেন। শরীরটার আর কিছু অবশিষ্ট রাথেন নি। দিদিমা কতদিন বলেছেন, হেম, তোমার সংসারে এত কাজ না করলেও চলবে—আমার বাড়িতে কাজ করার জন্তে লোকের অভাব কিছু নেই।

মা বলেছেন, তবু সামার তো কিছু সময় কাটে।

দিদিমা বলেছেন, তোমার কাজ তোমার অতুলকে এবং তোমার মেয়েদের মাজ্য করা। এদের মাজ্য করাই তোমার জীবনের ব্রত।

কিন্তু মায়ের শরীর আ্রো অস্তম্ভ হয়ে পড়ল। ডাক্তার বললেন, ঢাকা থেকে অক্ত কোথাও যাওয়া উচিত। চেঞে।

বড়মামা লিখলেন: হেমস্ত, আমার কাছে চলে আয় কলকাতায়। বড়মামা দক্ষে করে নিম্নে কেলেন কলকাতায়। অতুল আর তার বোনেরা ঢাকাতেই রইল—পড়াশোনা বন্ধ করে তো আর তাদের যা ওয়া চলে না। তাই ভাই-বোনেরা সকলেই ঢাকাতেই রইল। আবার মা কিরে এলেন। কেদে কেদে চোপ লাল করে পনের দিন পরেই। কী করে,

বল্ কী করে তোদের চোথের আড়ালে রেখে থাকি—মা বলেন, আমার ঢাকাই অনেক ভাল, স্বাস্থ্যকর। কিন্তু জীবনের শ্রেষ্ঠ বছর কট্টা এখানে পার করেও মায়ের শরীর এবং স্বাস্থ্য ঢাকায় ভাল থাকছিল না। আবার তাঁকে ফিরে যেতে হল দাদার কাছে চিকিৎসার জন্মে। আবার ফিরে এলেন। আবার তাঁকে চলে যেতে হল। এই বোধহয় শেষ যাওয়া।

পরীক্ষা তথন হয়ে গেছে। অতুলের অফুরস্ত অবসর। সাধারণ ব্রাক্ষসমাজে বিনয়মামা দাদার সঙ্গে রোজ যেত ও। মনে পড়ে মা ঢাকাতে থাকতে কতদিন একসঙ্গে উপাসনা সভায় গেছেন। যথন বাবা বেঁচে ছিলেন তথন স্বাইকে সঙ্গে করে নিয়ে যেতেন। তাই বা কেন, নববিধান সভার বা ভারতবর্ষীয় ব্রাক্ষসভার উপাসনা-সভা নিরাতারের বাসাতেই হত। বাবা গান গাইতেন—ব্রাক্ষসঙ্গীত। অতুলকেও গান গাইতে হত। বাবা ছিলেন কেশবচন্দ্রের দলে—নববিধান সভার সভা। ঠাকুদা সাধারণ ব্রাক্ষ সমাজের। ছজনের মতবাদ পৃথক ছিল। আজ বাবাও নেই ঠাকুদাও নেই, মা অনেক দ্রেকলকাতায়। তব ব্রাক্ষসমাজে উপস্থিত হয়ে উপাসনা করা অতুলদের নিত্য-কর্মের মধ্যে। উপাসনা সভায় উপাসনা সঙ্গীত গাইতে হত তাকে। মাঝে মাঝেও নিজে কয়েকটি প্রার্থনা সঙ্গীত রচনা করে স্বর্গ দিয়ে গান গাইত।

সাধারণ ব্রাহ্মসমাজ থেকে উপাসনা শেষে কিরে এল সেদিন বিনর, সতা এবং অতুল ১০ নহর লক্ষ্মাবাজারে মামার বাডিতে। কিন্তু এ কোথায় এল অতুলরা—চারিদিকে সকলে শোকে মৃত্যমান। দিদিমা কাদছেন, মাসিরা-মামীমারা কাদছেন, তার বোনেরা কাদছে তবে কি তার মা আর ইছলগতে নেই! অতুল তাডাতাড়ি ছুটে গেল দিদিমার কাছে তিদিমা আমার মা, আমার মা কেমন ত্যাছেন! বল!

দিদিমা কোন কথা বললেন না। দিদিমার হাতে একটা চিঠি ধরা ছিল। বিনয়মামা দিদিমার হাত থেকে চিঠিখানা নিয়ে পড়ল।

অতুলের বড়মামা ক্লফগোবিন্দ গুপের চিঠি। তিনি লিথেছেন হেমন্তশশী দ্বিতীয়বার বিবাহ করেছেন—তুর্গামোহন দাশকে।

সংবাদ এতই মর্মান্তিক, অতুল ফুঁ পিয়ে ফুঁ পিয়ে কাদল । তকে খেন বললে, তোমার মা তিনার মা নয় । কে খেন কানে কানে বললে, তোমার মা পর হয়ে গেছেন; তোমার মা নয় । কে খেন কানে কানে বললে, তোমার মা পর হয়ে গেছেন; তোমাদের তিনি আর ভালবাদেন না আমাদেল তাঁর ভালবাদা মিখ্যে । তেতকলে ভরে এল । অতুল ছুটতে ছুটতে পড়ার ঘরে এসে দরজা বন্ধ করে দিল। ততক্কণে ওর ছুটোগের জল বাধ ভেঙে বন্ধার স্রোতে তুক্ল ছাপিয়ে গেল।

অতুল তোমার পরীক্ষা হয়ে গেছে। তুমি ভালভাবে পাশ করবে আমি জানি। তোমার আমারে এ আঁধারে বোধহর ছুটি হয়ে গেছে এখন। তুমি ষত শীব্র পার হিরণ-কিরণ-ছুটকিকে সঙ্গে নিয়ে আমার কাছে কলকাতায় চলে এস। তোমাদের জন্তে পথ চেয়ে থাকব। ভালবাসা নিও।—মা। সেদিন ছোট্ট একথানি চিঠি কলকাতা থেকে মা লিখেছেন। ছোট বোন ছুটকি এসে দিয়ে গেল। বললে, দাদা আমরা মার কাছে যাব। হিরণ কিরণ তুই বোন বললে, দাদা আমরাও মার কাছে যাব। মাকে কতদিন দেখিনি। বড় মন কেমন করছে। অতুল বললে, তোমরা যাও আমি যাব না। তোমাদের আমি মার কাছে পৌছে দিয়ে অন্ত কোথাও চলে যাব। ১৫

অঞ্চপূর্ণ চোথে বিদায়-নিল ও থেলার সাথী সত্যদাদা বিনয়মামা স্থবালামাসীদের কাছ থেকে। মামার বাড়ির সঙ্গে সকল সম্পর্ক শেষ হল। বোনেদের হাত ধরে কলকাতার পথে রওনা হয়ে গেল অতুল। স্তীমারে পদ্মা পার হয়ে গোয়ালন্দ এসে ট্রেন ধরে ওরা। যতদূর টেন এগিয়ে চলে তত ধেন মায়ায় টানে ঢাকা। মনে পড়ে যায় লক্ষ্মীবাজারের কৈশোরের সেই দিনগুলো…আরো দূরে শৈশবের মিরাতারের বাসা-বাড়ি। দাদার সঙ্গে বাগানে বাগানে ঘূরে প্রজাপতি-কড়িং ধরা। মনা মতা ভূতো, ছেলেবেলার বন্ধুদের। আরো অস্পষ্ট মনে পড়ে বাবা-মার সঙ্গে বজরায় পদ্মা পার হয়ে দেশের বাড়িতে যাওয়া। কিরণ-প্রভা তথনও হয়নি, হিরণটা এই এতটুকুন। কত কী ঘটনা! চলস্ত রেলগাডির জানলায় ধেন ভেসে ওঠে আর মৃহতে মিলিয়ে যায়। রেলগাড়ি এগিয়ে চলে, এগিয়ে চলে—কলকাতায়। কৈশোর শেষ হয়েছে ওর। এগিয়ে চলেছে। … ওর লক্ষ সামনে, বহুদূর চলতে হবে।

2৫ "ইংরেজি ১৮৯০ জুন মাদের এক রবিবার আমি অতুল বিনয় ব্রাহ্মদমাজ হইতে বাসায় ফিরিয়া দেখি সেথানে সকলেই শোকে মৃহ্মান। শোকাতুরা অতুলের মাতামহী ঠাকুরানী। অহুসন্ধানে জানিলাম যে খুড়িমাতা ঠাকুরানী দ্বিতীয়বার জর্গামোহন দাশ মহাশয়ের সঙ্গে পরিণীত। হইয়াছেন। এ সংবাদ কে. জি. গুপ্ত লিপিয়াছেন কলিকাত। হইতে। এ সংবাদে সকলেই বিচলিত। হিরণ প্রভৃতি কাঁদিতেছে। আমর। খুব কাঁদিতে লাগিলাম। আমি তে। নিজেকে সম্পূর্ণ আশ্রয়হীন বলিয়া মনে করিতে লাগিলাম। অতুলের মাতুলালয়ের সঙ্গে আশ্রয়হীন বলিয়া মনে করিতে লাগিলাম। অতুলের মাতুলালয়ের সঙ্গে আশ্বর ক্রমন ছি ভিয়। গেল। আমি এখন দাড়াই কোণ। গু সেদিনকার আশাত আমার খুবই প্রাণে লাগিয়াছিল। সে শোকাবহ দৃশ্য আজও আমার শ্বরণ হয়। অতুল ভয়ীদের লইয়। কিছুদিনের মধ্যেই কলিকাতায় চলিয়। গেল। ভয়ীরা গেল মায়ের কাছে। অতুল রহিল মাতুল পানীবাবুর কাছে। তথন কে. জি. গুপ্ত রেভিনিউ বোর্ডের মেয়ার আর পানীবাবু চীফ ইনকাম ট্যাক্স আ্রাসের কলিকাতার।"—সত্যপ্রসাদ সেনের ছায়েরি থেকে।

সৌম্য শাস্ত ভদুলোকটি আজও পানিমামার বাড়িতে বদার ঘরের আরাম কেদারায় কষ্টকর ভদিতে বদে আবৃত্তি করছিলেন সেই একই অসংলগ্ন শন্দগুলি, যে কথার সম্পূর্ণ অর্থ ওর মনে কোন রেখাপাত করে ন।। অর্থ বড় হাস্তকর, অবাস্তব, অবাস্তর বলে মনে জাগে। ওর ইচ্ছে জেগেছিল দেই মুহর্তে সেগান থেকে চলে আসে। পানিমামা বলেছিলেন, বস অতুল, এমন করে ওঁকে অপমান করে মেও না।

ভদ্রলোক আবার বলেছিলেন, তোমার না তোমার জন্মে অপেক্ষা করছেন। তোমার জন্মে তোমার আসার পথ চেয়ে আছেন। আজ তোমাকে আমি সঙ্গে করে নিয়ে যাব। তোমার কোন আপত্তি আমি শুনব না।

অতুল বলেছিল, না, আমার যাবার উপায় নেই। মাকে জানিয়ে দেবেন মার উপর আমার কোন ভালবাসা জমা নেই। আমাকে দেখবার কথা যেন মনে না আনেন। আমার বোনেদের নিয়ে তিনি স্থা থাকুন, আমার কথা তিনি ভূলে যান। ক্লাস্ত হয়ে ও আবার বলেছিল, পানিমামা, ভদ্রলোককে তুমি আমার সামনে থেকে যেতে বল, কিয়া অমুমতি দাও আমি এখান থেকে বিদায় নিই।

কয়েকটি শব্দহীন মূহর্ত অতিক্রান্ত হয়েছিল। তদ্রলোক এগিয়ে এদে দাঁড়িয়েছিলেন অতুলের পাশে। পিঠে হাত রেগে বলেছিলেন, তোমাকে যে আমার চাই! চল আন্ধ আমার সঙ্গে বাবা, আর কোন কথা ভনব না।

ভদলোক যে পিতৃত্বের দাবি নিয়ে দ। ড়িয়েছিলেন তা বৃঝি অস্বীকার করা যায় না, অতৃল পারে না। ধীরে ঘুরে ফিরে মাকে মনে পড়ে ওর। মিরাতারের বাসায় ওরা যথন ছিল—মা বাবা আর… বাবা ডাক্টারথানায় সময় কাটাতেন অনেকথানি। তথন বাড়িতে কেবল ও আর মা। মায়ের কোলে মাথা রেথে, মায়ের মুথে তাকিয়ে থাকত ও। মা ওর চোথের দিকে তাকিয়ে বলতেন, আমার দিকে তাকিয়ে কী দেখিস খোকা! ও বলত, মা তৃমি খুউব স্থন্দর, তোমাকে খুউব স্থন্দর দেখায়। তারপর বাবা মারা গেলেন। তথন মায়ের চেহারা থারাপ হয়ে গেল। মা আপন শরীরের উপর আর কোন যত্ন করতেন না। আধবেলা থেতেন। বান্ধসমাজে ঘণ্টার পর ঘণ্টা বিরামহীন ক্লান্তিহীন প্রার্থনা করতেন। তারপর মায়ের শরীর ভেঙে গেল। মা কলকাতায় চলে এলেন। …ওর হঠাৎ মনে হল, কতদিন নাকে দেখেনি! মা কেমন আছেন এ থবর কথনো জানতে চায়নি ও। কথনো জিজ্ঞাসা করা হয়নি মা কেমন আছেন। মা কেন

আসেন না এখানে! ও মনে মনে বড় অস্থির হল। অস্থিরতা প্রকাশ পেল ওর চলনে, আচরণে। তুর্গামোহনবাবু বোধহয় ওর মনের কথা বৃঝতে পেরেছিলেন, ওর অস্থিরতা অস্থভব করেছিলেন। তাই ধীরে ধীরে বললেন, তোমার মা এখন অনেকটা ভাল আছেন; তোমাকে দেখার জন্তে ব্যাকুল। তুমি চল বাবা আমার সঙ্গে।

ও সম্বৃতি জানিয়ে বললে, আচ্ছা চলুন মাকে দেখে আসি। তুর্গামোহনবাবৃধীরে ধীরে বললেন, মাকে দেখে চলে আসলে চলবে না: তোমার মা। তুমি তাঁকে দেবা-বত্ব করবে, কাছে থাকবে, পাশে বসবে, তবেই না তোমার ম। স্কৃত্ব হয়ে উঠবেন! তোমাকে সকলের চেয়ে প্রয়োজন আমার। তুমি পার মায়ের মনের প্রফল্লতা ফিরিয়ে স্থানতে।

জতুল বললে, বেশ আমি মায়ের পাশে থাকব। মাকে সেবা করে ভাল করে তুলব। হঠাৎ ষেন মার জত্তে বড় মন কেমন করে উঠল, উতলা হল মন। ও বললে, চলুন, আমি ষাওয়ার জত্তে তৈরি।

কলকাতা শহরের একথারে পানিমামা থাকতেন। পানিমামা তথন ছিলেন চীফ ইনকাম ট্যাক্স্ আাসেসর। বড়মামা কঞ্গোবিন্দ গুপ্ত রেভিনিউ বোডের মেম্বার। তিনি থাকতেন সপরিবারে কলকাতা শহরের আর একধারে। আর ছিল হুগামোহনবারর বাছি। সেখানে মা থাকতেন, বোনেরা থাকত। অতুলও মাঝে মাঝে এসে থাকত। বোনেরা সে বাড়িকে আপন বাড়ি বলে মনে করলেও ওর কিন্তু সে কথা কথনে। মনে হয়নি। হুর্গামোহনবার্র এই যে আত্মীয়তা, এই যে অন্তরঙ্গতা, ওর কাছে জ্যে জ্বমে অসহ্থ হয়ে উঠেছিল। অথচ হুর্গামোহনবার ওকে স্নেই করতেন, ভালবাসতেন। নিজে সঙ্গে নিয়ে বেড়াতে বেরোতেন, পেতে বসতেন। খগন যা প্রয়োজন হয় ওর চিন্তা করার সঙ্গে সঙ্গেই যেন আশ্রর্থ দক্ষতার সঙ্গে বৃথতে পারতেন এবং হাতের কাছে সাজিয়ে রাখতেন। তবুও ধরা-ছোঁয়ার বাইরে ও। হুর্গামোহনবার্কে দেখে মনে মনে বিরক্ত হত—বিশেষত হুর্গামোহনবার যথন মায়ের সঙ্গে সাংসারিক গ্রুবা যে-কোন বিষয়ে কথা বলতেন। ও জ্রুটি করত, বিরক্ত বোধ করত। অনেক দিন রাগ করে ঘর ত্যাগ করে চলে যেত। হুর্গামোহনবার্ দে কথা মনে মনে বুরতে পারতেন। মৃথে কিছু বলতেন না।

অবস্থা চরমে পৌছত যথন ও তুর্গামোহনবাবুর বাড়ি ফিরত না। চলে আসত পানিমামার বাড়ি। পানিমামা, তোমার বাড়িতেই আমি থাকব, তোমার এথানে থাকতে আমার ভাল লাগে। নয় তো এসে উঠত বড়মামার বাড়ি। সেইথানেই কয়েক দিন কাটিয়ে আসত। নামাতো ভাইবোনেরা ওকে কাছে পেয়ে হাতে স্বর্গ পেত। হাসি-গল্পে-গোনে-থেলায়

মুহূর্তগুলি প্রাণময় হত। ওর তথন মনে পড়ত কৈশোরের দিনগুলো। ঢাকার লন্ধী-বাজারের দিনগুলো। কলকাতায় এসে রঙ লাগত।

অতুল বলত, চল হেম একটু বেড়িয়ে আসি।

মামাতো বোন হেমকুস্থম বড় জেদী। যথন যা চাইবে না পাওয়া পর্যস্ত স্বস্তি নেই। এই জেদের জন্তে মামাতো বোনটি কম মার থেয়েছে মামীমার হাতে ! অতুলের স্নেহদৃষ্টি তাই মামাতো বোনটিকে ঘিরে। ভাল লাগে তাকে।

মামাতো বোন হেমকুস্থম যৌবনের প্রথম সন্ধিনীও। যদিও বালিকা, তব্ও তার সঙ্গে মনের কথা বলা যায়। মনের যত কিছু ত্থে প্রকাশ করা যায়। অতুল বলে, জান হেম, সামাদের মিরাতারের বাসার কথা আমার বড় মনে পড়ে। মিরাতারের বাসার কথা মনে এলেই বাবার কথা মনে পড়ে। জান, এখনও মাঝে মাঝে ঘুম ভেঙে আমি যেন বাবার গলায় স্তোত্রপাঠ শুনতে পাই। বাবা যেন বলছেন, 'অয়ি স্থথময়ী উষে কে তোমারে নিরমিল। বালার্ক সিন্দুর-ফোঁটা কে তোমার ভালে দিল'। বাবা প্রার্থনা শেষ করেই আমাকে আর দাদাকে ঘুম থেকে ওঠাতেন। এখনো মাঝে মাঝে ছুলে চোথ বুজে শুয়ে থাকি। তুর্গামোহনবাবু, তিনিও ভোরে শ্যাত্যাগ করে স্থোত্র পাঠ করেন, স্থেপ্রণাম করেন বাবার মতন। ঘুম ভেঙে ওঁর গলা শুনতে পাই। কিন্তু বাবার মত অমন দরাজ গলা নয়। উনিও মাঝে মাঝে স্থোত্রপাঠ শেষে আমার বিছানার পাশে দাড়িয়ে বলেন, অতুলবাবু আর কত ঘুমোবে! ওঁর কথা শুনে আমার কালা পায় হেম। হেম বলে, অতুলদা, তোমার তথন বাবার কথা মনে পড়ে আমি জানি।

ও বলে, ছুর্গামোহনবারুর কোন কথা আমি সহু করতে পারি না। ভ্র কথা যাতে ভনতে না পাই তাই কান হাত দিয়ে ঢেকে রাখি।

হেম বলে, তোমার হাত দেখি অতুল । হাতের উপর হাত রাথে হেম। বলে, তুমি বড় তুর্বল। একটু শক্ত হও অতুলদা। তারপর বলে, জান অতুলদা, আমার মনে একটা ইচ্ছে হয়, ইচ্ছে হয় খুব ভাল বেহালা বাজাই। খুব নাম করি। তোমার নামকরা নাম্ব হতে ইচ্ছে হয় না? আমি ঠিক বলছি, তোমার খুব নাম হবে। কবিত। আজকাল আর লেখ না?

অতুল বলে, আমার কিছু ভাল লাগে না, কিছুই আমার হবে না। আমি বাবাকে ভুলতে পারি না, মাকে ভালবাসতে পারি না; হুর্গামোহনবাবুকে শ্রদ্ধা দেখাতে পারি না: হুর্গামোহনবাবু ভাল লোক, তবুও…। বোনেদের কথা ভুলতে বসেছি…তোমার এখানে মাঝে মাঝে আসি, কিছু তোমার এখানে আসতেও আমার আজকাল ভাল লাগে না। ভাবি তোমরা আমাকে কেন এত ভালবাস, আমি তো আর কাউকে ভালবাসতে পারি না।

হৈম বলে, তুমি দব পার। তোমাকে অনেক বড় হতে হবে অত্লদা—অনেক বড়।
অতুল বলে, হেম, তুমি আমার কথা জান না, বোঝ না।

আমি সব বুঝি, হেম হাসে।

ভারপর অতুলের হাত ধরে টেনে নিয়ে যায় হেম। কানে কানে কি বেন কি কথা বলে। তারপর শোনা যায় অস্পষ্ট কথা, হেরে যাবে ?

ও বলে না।

প্রবেশিকা পরীক্ষার ফল প্রকাশ হল। ১৮৮২ সন। অতুল ভালভাবে পাশ করল। পানিমামা-বিনোদমণি পিঠ চাপড়ে বললেন, বাং! মামাতো ভাইবোনেরা চারদিক থেকে ঘিরে ধরে প্রকে ব্যতিবাস্ত করে তুলল। মেছ বোন হেমকুস্থম অতুলদাকে উদ্ধার করে বলল, অতুলদা পাশ করেছে যখন, মিষ্টি তখন আমাদেরই খাওয়াতে হবে। বড়মামাকে, জি. গুপ্ত একদিন সকলকে অতুলের পাশ করার দৌলতে নিমন্ত্রণ করে থাওয়ালেন। হুর্গামোহন দাশ আন্তরিক শুভেচ্ছা ভানালেন। আনন্দ প্রকাশ করে বললেন, অতুল তোমাকে ভাল কলেজে এফ-এ পড়তে হবে। এফ-এ পাশ করে বি-এ পড়তে হবে, এম-এ পড়তে হবে। তারপর মনে মনে কী ঠিক করেছ বল তো অতুল গুর্গামোহনবাবুর কথার উত্তরে মা বললেন, আমি চাই ও ব্যারিস্টার হোক।

ছুর্গামোহনবাবু বললেন, ব্যারিস্টার হতে গেলে লণ্ডনে যেতে হবে। বেশ তো, তোমার ছেলেকে আমি লণ্ডনে পাঠাব। কিন্তু সে কথা এখন দূরে, আগে এফ-এ ক্লাসে ভর্তি হতে হবে, ভালভাবে পাশ করতে হবে ওকে।

একদিন অতুলকে সঙ্গে নিয়ে তুর্গামোহনবার প্রেসিডেন্সি কলেজে পৌছে গেলেন। তুমি তাহলে প্রেসিডেন্সি কলেজে ভতি হয়ে গেলে অতুল। খুউব তাল হল। আমার চেনা-শোনা কলেজ—ভাল কলেজ। ভহো বলতে ভূলে গেছি, আমার ভাইপো চিত্ত—
চিত্তরপ্তন দাশ এখানেই পড়ে বি-এ ক্লাসে। একসঙ্গে একই কলেজে যখন পড়বে তখন আলাপ পরিচয়ও হয়ে যাবে।

আমার সঙ্গে ওঁর পরিচয় আছে। উনি তে। একবার ঢাকায় গিয়েছিলেন। ই্যা হ্যা, সে তে। আনি জানি, ডাঃ রামপ্রসাদ সেনের সঙ্গে কি আমার নতুন পরিচয়। ···এবার মন দিয়ে পড়াশোনা কর অতুলবার, কেমন!

অতুল তুর্গামোছনবাবুর বাড়িতে থেকে কলেছে যাতায়াত করতে লাগল। কথনো সেজমামা পানিমামার (গঙ্গাগোবিন্দ গুপুর) বাড়িতে থেকে।

প্রেসিডেন্সি কলেছের মাঠে পড়াশোনরে ফাঁকে আড্ডাথানা জমত মন্দ নয়। সকলেই কি সমবয়সী ? হয়ত বয়সের দিক থেকে এবং শ্রেণীগতভাবে সকলে সমান নয় —কেউ এক. এর ছাত্র, কেউ বি. এর ছাত্র—তাতে কী এসে যায় ? আড্ডাথানায় বা সাহিত্যালোচনা কেন্দ্রে সকলের সমান অধিকার। প্রেসিডেন্সি কলেন্দের মার্চ থেকে আবার কথনো-সখনো গোলদিঘির চৌকো পাড়ে ঘাসের উপর বসত। জোর আলোচনা হত। ... রবিবাবু আলোচনায় অনেকখানি আলোচিত কবি ছিলেন। কবি ছিলেৰে অব্লসন্ন নাম ছড়িয়েছে। এথানে ওথানে সাহিত্যসভা থেকে ভাক পড়েছে।···ওঁর (কড়ি ও কোমল) তার আগে প্রকাশ হয়েছে। কড়ি ও কোমলকে ব্যঙ্গ করে সমালোচনা করে একথানা বই প্রকাশিত হল 'বাহুরে রচিত মিঠেকড়া'। কিছুদিন সকলের মূথে মূথে ব্যঙ্গ কবিতাগুলি চলল—কলকাতার পাড়ায় পাড়ায়, গোলদিঘির ধারে ধারে, কলেজ ইউনিভারসিটির ছাত্রদের মূথে নুথে—কলকাত। পার হয়ে ঢাকা-ময়মনসিং সব জায়গায়। চিনেবাদাম আর ঝালমুড়ি থেতে থেতে প্রেনিডেন্সি কলেজের মাঠে অথবা গোলদিছির ম্বাসে বসে থাকতে থাকতে গতুল স্বেন ব্যানাঞ্চিকে নকল করে হঠাং বক্তৃতা ওক করত-বন্ধগণ…

বন্ধুর। প্রথম প্রথম ঠাট্টাচ্ছলে ওর দিকে তাকিয়ে হাসত, তারপর অবাক হয়ে ওর মূথের দিকে তাকিয়ে বক্তব্য শুনত। চুচারজন লোক জড় হত, ভিড় জমবার আগেই ঝুপ করে বদে পড়ত ও গাপন জায়গায়। বন্ধুরা বলত, চমংকার । অনেকে আবার বলত, স্থরেন বন্দ্যোপাধ্যায়ের শিশ্ব হয়ে পড়।

অতুল মনে মনে হাসে। ওরা আর ভানে কী।

ঢাকাতে থাকতে হুরেন বন্দ্যোপাধাায় যখনই ও্পানে উপস্থিত হুয়েছেন, বক্তুতা দিয়েছেন, অতুল সেগানে উপস্থিত হয়েছে। বকৃত। সনেছে। ঢাকাতে বকৃতা দিয়েছেন পণ্ডিভ বিজ্যুক্ষ গোস্বামী, মনোমোহন ঘোষ, টি. পালিত, আনন্দমোহন বহু, প্রতাপচক্ত মন্ত্র্মদার; শিবনাথ শাস্ত্রীর বক্তৃত ও ছেলেবেলায় ওর শোনার সৌভাগ্য হয়েছে। কিন্তু স্থরেন বন্দ্যোপাধ্যায়ের বক্ততা । একবার স্থরেন বন্দ্যোপাধ্যায়কে দেখবার জন্তে সকলকে লুকিয়ে ঢাক। থেকে নারায়ণগঞ্জ গিয়েছিল। তাঁর সঙ্গে আলাপ জমিয়ে একসঙ্গে ঢাকায় ফিরেছিল।···স্থরেনবার ছিলেন ওর কৈশোর জীবনের আর এক আদর্শ। রূপবার্দের বাগানে কিম্বা আনন্দ মান্টারমহাশয়ের বাগানের নির্জন-নিভূতে সাহিত্যালোচনা এবং বক্তৃতার অভ্যাস চলত · · তথন সঙ্গী দাদা, সত্যেক্ত ও জ্ঞান। সে কথা আর এরা কী জানে ? ञ्चरत्रन रान्त्राभाधात्र र्यवात कः धारम ना थाकात मिन्नास्त कतलन, हत्रभन्दी, नत्रभन्दी কংগ্রেস লীভারদের মধ্যে দারুণ ঝগড়া বিবাদ শ্লারা শহর, সারা দেশ জুড়ে ভীষণ উত্তেজনা। গোলদিঘির ধারে, কলেজ ইউনিভারসিটির মাঠে, ছাত্রদের মাঝেও দাবন উত্তেজনা। অতুলপ্রসাদ সেদিন দাঁড়িয়ে উঠে বললে, The National Congress without Surendranath is a mere farce.

১৮৯০ সনে চিন্তরঞ্জন প্রেসিডেন্সি কলেজ থেকে বি-এ পাশ করে বিলেতে চললেন। সে

বছর অতুলপ্রসাদ প্রেসিডেন্সিতে এফ-এ শ্রেণীর ছাত্র। যদিও জুনিয়র ছাত্র তব্ কলতা কম ছিল না ওদের মধ্যে। বি-এ পাশ করে চিত্তরঞ্জন বিলেত চলেছেন সিভিল সাজিস পরীক্ষায় বসতে, বন্ধুরা কয়েকজন ব্যস্ত হল বিলেত যাওয়ার বাজার সারতে। ঠাঙার দেশ, তাই তার যথোপযুক্ত গরম জামাকাপড় সাজসরঞ্জাম চৌরন্ধীর সাহেব-পাড়া থেকে কিনে আনা হল। চিত্তকে কলেজের ছাত্ররা একটা 'ফেয়ারওয়েল' দিল। রাজেন বললে, চিত্তদ। তৃমি চলে গেলে আমাদের স্টুডেন্ট অ্যাসোসিয়েশন একেবারে কানা হয়ে যাবে।—

চিত্তরপ্তন বললে, তোমরা তো রইলে। তুমি, অতুল চট্টোপাধ্যায়, অতুলপ্রসাদ। তাছাড়া ব্যোমকেশ চক্রবর্তী সম্পাদক, দেবপ্রসাদ সর্বাধিকারী সহ-সম্পাদক—সেথানে আমি তো সাধারণ সভ্য, বলতে পার কর্মী। তোমাদের কোন অস্থবিধায় পড়তে হবে না, স্থরেন বন্দ্যোপাধ্যায় সভাপতি হিসেবে অভিভাবক হিসেবে তোমাদের মাথার উপর রইলেন।

অতুলপ্রসাদ বললে, চিত্তদা, তোমার অভাবে অ্যালবার্ট হলে এবং হিন্দু স্কলে আমাদের দাপ্তাহিক অধিবেশনগুলোয় মন বসবে না। আমাদের সাহিত্য-সভায় উজ্জ্বল জ্যোতিক্ষকে আপাতত আমরা বিদায় দিলাম।

চিত্তরঞ্জন চলে গেল ইংলণ্ডে। জাহাজ-ঘাটে 'সী অফ' করে এল ওরা। জিব্রান্টার পার হয়ে অনেক দেশ ঘুরে চিত্ত পৌছবে ইংলণ্ড উপকৃলে—দেখবে কত দেশ, কত নতুন মাস্থবের সঙ্গে আলাপ হবে…এক বিচিত্র অন্থভূতি জাগছিল ওর। মনের কোণে প্রবল বাসনা জাগল—বিলেত যেতে হবে। চিত্তকে সী অফ করে বন্ধুরা ফিরে চলছিল। বন্ধুদের কাছ থেকে বিদায় নিয়ে গড়ের মাঠ পার হয়ে ধর্মতলার মোড়ে এসে ঘোডার গাড়ি ধরে সোজা উপস্থিত হল পানিমামার বাড়ি।

পানিমামা-মামীমা বললেন, অনেকদিন তোমাদের কোন থবর নেই অতুল। মা ভাল আছেন ? হিরণ, কিরণ, প্রভা ভাল আছে ?

ভাল, भाभा।

হুৰ্গামোহনবাৰু ?

ভাল।

অনেক দিনের পর আমাদের কথা মনে পড়ল বৃঝি ?

পানিমামা, জান, আজ আমাদের এক বন্ধুকে জাহাজে তুলে দিয়ে এলাম। জিব্রান্টার পার হয়ে ইংলণ্ডে যাবে, আই-সি-এস পরীক্ষায় বসবে।

তাই বৃঝি তোমার মন থারাপ! তোমারও বৃঝি বাইরের দেশে ষেতে ইচ্ছে করছে? বল আমি তোমাকে কিভাবে সাহায্য করতে পারি ? পানিমামা, তৃমি পার না আমাকে কিছু টাকা দিতে? পানিমামা, তৃমি পার না এদেশ থেকে আমায় অনেক দ্র দেশে পাঠিয়ে দিতে? এদেশের আকাশ যাতে আমাকে দেখতে না হয়! এদেশের হাওয়া আর আমার ভাল লাগছে না। পানিমামা, পার না—পার না…।

অতুল, শাস্ত হও।

অশাস্ত অতুল। একছুটে বেরিয়ে যায় বালিগঞ্জে স্টোর রোডে বড়মামা কে. জি. গুপ্তর বাড়ির উদ্দেশ্যে।

কী খবর অতুল ?

আমারে এ আঁধারে

তুমি আমাদের সবরকম সাহায্য পাবে অতুল, শাস্ত হও! স্থির হয়ে বস। অস্থির অতুল।

বস্তুত অতুলপ্রসাদ তথন দ্বিতীয়বার মায়ের বিবাহের জ্বন্থে এতদূর আঘাত পেয়েছে যে, নানানভাবে সে ছৃ:থ ভূলতে চেষ্টা করেও কিছুতেই ভূলতে পারে না। অনেক দ্রদেশে উপস্থিত হয়ে অপরিচিত জগতে, অপরিচিত মাসুষের মাঝে থেকে সান্ধনা পেতে চায় ও। সে-দেশে পড়তে চায়। এখানে পড়াশোনায় মনোযোগ দিতে পারে না। চিন্তদা চলে গেল। চিন্তদা যেন ডাক দিয়ে গেল। যদিও প্রেসিডেন্সি কলেজে ও ছিল ভাল ছাত্র। তুর্গামোহনবাব্র প্রথম পক্ষের জামাই প্রেসিডেন্সি কলেজের অধ্যাপক দার্শনিক পি. কে. রায় ওকে স্নেহ করতেন। স্নেহ করতেন প্রেসিডেন্সি কলেজের বিদেশী অধ্যাপকরা। পি. কে. রায় ছিলেন গম্ভীরপ্রকৃতির মাসুষ; পি. কে. রায়ের ক্লাসে খ্যালক চিন্তরঞ্জন পর্যন্ত মনোযোগ দিয়ে পড়াশোনা করত। এমনিতে চিন্তরঞ্জনের পড়াশোনায় বিশেষ মনোযোগ ছিল না।

পি. কে. রায় বলতেন, অতুলপ্রসাদ কলেজের একজন সেরা ছাত্র। মাঝে মাঝে বলতেন, মাই ডিয়ার বয়, বল তো তোমার জীবনের লক্ষ্য কী ?

সহপাঠী রাজেন্দ্র বলেছিল, স্থার, আমার ভারতের হাই-কমিশনার হওয়ার ইচ্ছে। অতুল বলেছিল, স্থার, আমার ব্যারিস্টার হওয়ার ইচ্ছে। সেই ছেলেবেলা থেকে আমি স্বপ্ন দেখে এসেছি। বিলেত আমার যেতেই হবে।

অতুল চট্টোপাধ্যায় বলত, স্থার, অতুলপ্রসাদ খুব ভাল কবিতা লেখে! আপনি শোনেন নি ?

পি. কে. রায় বলতেন, অতুল, তোমার লেখা আমাকে দেখিও। পি. কে. রায়ের কাছে আচার্য জগদীশচক্র বস্থর কথা প্রায়ই শুনত ওরা। আচার্য জগদীশচক্র বস্থ হুর্গামোহনের জামাতা। লেডি অবলা বস্থ হুর্গামোহনের প্রথম পক্ষের কলা। বন্ধুরা অনেকেই বিদেশে পাড়ি দিল। অতুলের মন খারাপ। পি. কে. রায় বললেন,

90

পাশটা করে নাও, তারপর তোমার ষাওয়াই মন্ধল। কিন্তু বি-এ পাশ করার আগেই বিলেত আকর্ষণ করল। বিদেশে যাওয়ার সময় হল। বিদেশে যাওয়ার আগে কলেজের অধ্যাপকদের সঙ্গে দেখা করে এল অতুল। একজন বিদেশী অধ্যাপক বললেন, বল তোমার কী উপকারে আসতে পারি…আমাকে যাবার আগে জানিও, আমার এক বন্ধুকে তোমার নামে একখানা চিঠি দিয়ে দেব, সেখানেই গিয়ে উঠতে পার। তোমাকে তিনি পোর্ট থেকে এসে সঙ্গে করে নিয়ে যেতেও পারেন।

বাড়ি ফিরে এল অতুল। এসে মাকে বললে, মা, আমার পাসপোর্ট এবং প্যাসেজ জোগাড় হলেই লণ্ডনের পথে পা বাড়াতে পারি। লণ্ডনে থাকার একটা ব্যবস্থা আমার অধ্যাপক করে দেবেন বলেছেন। এখন প্যাসেজের টাকা জোগাড় হলেই হয়ে য়য়। ফুর্গামোহনবাবু অতুলকে বুকে জড়িয়ে ধরে বললেন, খুব স্থখবর বাবা, তোমার প্যাসেজের জন্তে ভাবতে হবে না, আমি সব ব্যবস্থা করে দেব—কিছু ভেব না। কত লাগবে আমাকে বল।

অতৃল চূপ করে রইল। হুর্গামোহনবাবুর হাত থেকে টাকা নিতে হবে, একথা মনে হতেই ওর মনে যেন কেমন বিরোধ বাধল। হুর্গামোহনবাবুর টাকা—এ টাকায় আমার কোন অধিকার নেই—এ টাকায় আমার কোন অধিকার থাকতে পারে না। তাঁর টাকা আমি নিতে পারি না, তার থেকেও বড় কথা, তাঁর টাকা নিয়ে আমি আমার আপন ক্যারিয়ার তৈরি করতে পারব না; নিজের কাছে নিজে ছোট হয়ে যাব। এ হতে পারে না, অসম্ভব।

না মা, ওঁর টাকা নিতে আমায় বোলো না।

মায়ের চোথে জল দেখা দিল।

অতুল বললে, মা, তুমি কাদ্ছ! আমি বিলেত ধাব না মা।

অতুল, আমার অনেক সাধ ছিল তুমি ব্যারিস্টার হবে। দেশের দশের এবং আমার মৃথ উচ্ছল করে কিরবে।

মা, আমারও কি ইচ্ছে নয় তা! আমি ছেলেবেলা থেকে স্বপ্ন দেখেছি বিলেত ধাব। মনে নেই মা কতদিন তোমার কোলে মাথা রেখে স্তম্মে বলেছি—আমাকে কি কেউ তার চাকর করে নিয়ে যায় না! কিন্তু না মা, এভাবে আমাকে ওঁর টাকা নিতে বোলো না। আমি পারব না—আমার মন সায় দেয় না।

ধোকন, মা ডাকেন।

কবেকার সেই ছেলেবেলার ডাক ! কই মা তো আজকাল আর এ নামে ডাকেন না ! বড় হতে মা ডাকেন, অতুল। থোকন নামটি ষেন কোন বিশ্বতির অশ্বরালে ডুব দিয়েছে। মা বলেন, সতুল, তুমি তো আমার কথা শোন। কোনদিন আমার কোন কথার অবাধ্য হওনা। আমি চাই তুমি বড় হও—অনেক বড় হতে হবে। কে কি বলল না বলল তাতে তোমার কিছু এসে যাবে না। তোমার চলার পথে তোমার পায়ে পায়ে অনেক বাধা অনেক বিপত্তি জড়িয়ে চলবে, তাদের পিছনে রেখে চলতে হবে; তোমার অনেক মনঃকট্ট হবে, তোমাকে হয়ত অনেকে বলবে স্বার্থপর, হয়ত অনেকে অনেক তুর্নাম দেবে, কিছু তাতেও তোমায় লক্ষ্যপথে স্থির থাকতে হবে, বিচ্যুত হলে চলবে না। তোমাকে মায়্রষ হতে হবে অতুল, আমাদের ম্থ চেয়ে তোমাকে মায়্রষ হতে হবে। বোনেদের এবং তোমার মায়ের তার নিতে হবে। অতুল, বে স্থাোগ তুমি পাবে তাকে জীবনে কোনদিন নট হতে দিও না। জীবনে স্থাোগ থুব কমই আসে।

হেমস্তর্শনীর চোথছটি সজল হয় বুঝি।

মা, মা, তুমি কাঁদছ! তোমার মনে আমি কোন গুংগ দিতে চাই না মা। তুমি ধা চাইবে তাই হবে।

ত্র্গামোহন স্নিশ্ব কঠে বললেন, তুমি ঠাণ্ডার দেশে যাবে, তোমায় প্রয়োজনীয় গ্রম জামাকাপড় সঙ্গে নিতে হবে। চল, তোমাকে সঙ্গে নিয়ে ঘূরে আদি।

অতুল বলে, চলুন।

অতুলের মনের ভাব ধীরে ধীরে এতদিনে পরিবর্তন হয় বৃঝি। অতুল মাকে এবং ত্র্গামোহনবাবৃকে প্রণাম করে চলে গেল বাড়ির বাইরে—পানিমামার বাড়ি, পানিমামাকে খবরটা দিতে হবে। পানিমামাকে খবরটা দিয়েই বড়মামা রুক্ষগোবিন্দ গুপ্তর বালিগঞ্জের বাড়িতে উপস্থিত হল। মামা-মামীমা বললেন, আমরা খব খুশি তোমার কথা শুনে। ব্যারিন্টার হয়ে ঘরে ফে —এই আশীর্বাদ করি। বড়মামা বললেন, তোমার কোন কিছু প্রয়োজন হলে আমাকে জানাতে সক্ষোচ কোরো না। মামাতো ভাইবোনরা ঘিরে ধরল। হেমকুক্ষম বললে, অতুলদা, তুমি আগে ইংল্যাণ্ড ষাও না… আমরাও পিছু পিছু ষাব।

বিলাত যাত্রার জন্তে পানিমামা অনেক চেষ্টা করলেন, অনেকরকম সাহাষ্য—আর্থিক এবং কায়িক। পানিমামার চেষ্টায় এবং অতুলের ঘোরাষ্বিতে পাসপে। ট পেতে দেরি হল না। তুর্গামোহনবার একদিন ওকে সঙ্গে করে নিয়ে চললেন দোকানে—কেনা হল শীতের দেশের উপযোগী গরম জামা-কাপড়, বাক্স-বিছানা। আবশুকীয় জিনিসপত্র যোগাড় করা হল, তারপর বিদেশ যাওয়ার দিন এগিয়ে এল। কলকাতার চাদপালঘাট থেকে অতুলের জাহার্জ যাত্র। করবে ইংল্যাণ্ড উপকূলে। চাদপালঘাটে সেদিন ভিড়। তুর্গামোহনবার, মা-বোনেরা, মামা-মামী, মামাতো ভাই-বোনেরা, বন্ধুবান্ধব সকলে বিদায় জানাতে এসে দাঁড়ালেন গঙ্গার জাহাজঘাটে। মায়ের মন বিষণ্ণ, তাঁর অতুল আজ

কতদূর চলেছে এত অল্প বন্ধনে! এতদূরে একলা যেতে পারবে তো? যদি অস্থবিস্থথ হয়—ভয়ে কেঁপে ওঠে মন। পরক্ষণেই মন আনন্দে ভরে ওঠে—ভাঁর অতুল ব্যারিস্টার হয়ে ফিরবে; কত বড় হবে, নাম হবে, যশ হবে। ক্ষণে ক্ষণে আনন্দবেদনার ওঠা-পড়া চলে মায়ের মনপ্রাণে।

অতুল মাকে প্রণাম করে, একে একে গুরুজনদের প্রণাম করে আশীর্বাদ মাথায় রাখে। বন্ধদের শুভেচ্ছা-শুভকামনা গ্রহণ করে। ছোটদের দিকে হাসিমুখে চেয়ে হাত আন্দোলিত করে জাহাজের সিঁড়ি বেয়ে জাহাজের ডেকে উঠে যায়। জাহাজের রেলিং ধরে দাঁড়ায় অতুল। সংযোগ-স্ত্র ছিন্ন হয়ে জাহাজ্ঞ বন্দর ত্যাগ করে। দ্রম্ম ছড়িয়ে পড়ে।

দূর থেকে ও দেখল মা আঁচলে চোথ মুছছেন। ছোট বোনেরা জলভরা চোথে তাকিয়ে আছে। শেষবারের মত হাত আন্দোলিত করে মামা-মামীরা জেটি থেকে নেমে চলেছেন, সবশেষে হেমকুস্থম। জাহাজঘাটে অগুস্তি মান্থষের ভিড়।…হেমকুস্থম কি একবার পিছু ফিরে তাকালো…পিছু ফিরে তাকিয়ে বৃঝি একবার দাঁড়ালো—আদরের মামাতো বোনটি। তারপর সব ঝাপসা হয়ে গেল—ভাগীরথীর ওপারের সারি সারি কলকারথানার ধোঁয়া, চিমনি…পরিচিত শহরটা।…

জাহাজ এগিয়ে চলল ভায়মগুহারবার কাকদ্বীপ ছাড়িয়ে স্থন্দরবনের ধার দিয়ে সাগর-মুখে।

ভাগীরথী ক্রমে ক্রমে প্রসারিত হতে হতে অকস্মাৎ এক ব্যাপ্তির মধ্যে এনে দিল যথন, নিজেকে যেন মনে হল কত ক্ষ্মু, বিন্দু মাত্র। ১৬

১৬ অতুলপ্রসাদের পিতা ডঃ রামপ্রসাদ সেন ও ব্রান্ধর্মী সমাজকর্মী উকিল
তুর্গামোহন দাশের মধ্যে বন্ধুত্ব ছিল। ব্যবসায়িক নানা প্রয়োজনে ডাঃ রামপ্রসাদ সেন তুর্গামোহন দাশের কাছ থেকে প্রায়ই পরামর্শ গ্রহণ করতেন। পরে বৃদ্ধ বয়সে তুর্গামোহন দাশ অতুল-মাতা হেমস্তশশীকে বিবাহ করেন। তুর্গামোহন দাশ
স্থপরিচিত সমাজসেবী ব্রাহ্মধর্মাবলম্বী, নিজের সর্বস্ব তিনি দান করে গেছেন—
তাঁর মত উদার-মন, দৃঢ়চেতা, তাঁর মত দানশীল ব্যক্তি বিরল। বৃদ্ধবয়সে তাঁর
এই সিদ্ধান্তে পরিবারের অত্যান্ত ব্যক্তিদের সঙ্গে মনোমালিল্য হয়েছে, তবু তিনি
সঙ্কল্পে অটল। স্বত্যপ্রসাদ সেন তাঁর ডায়েরির মধ্যে তুর্গামোহন দাশের উল্লেখ
খুব কমই করেছেন। কবি অতুলপ্রসাদের জীবনী রচনার ইচ্ছে সত্যপ্রসাদের
ছিল, কিন্তু তাঁর মনে ভয় ছিল, "তাহা হয়ত পক্ষপাতদোবে ত্ই হইতে পারে।"
তবে সত্যপ্রসাদ সেন স্বীকার করেছেন, "অতুল ভয়িদের লইয়া কিছুদিনের

অতুল বিলেতে পাড়ি দিল ১৮৯০ সনের নভেম্বর মাসে, তারিখটা সঠিক জানা
ধায় না। তথন ওর বয়স উনিশ বছর এক মাস। কলকাতা ও ঢাকা ছাড়া সে বাংলার
বাইরে কোথাও ধায়নি। এবার তাকে যেতে হবে স্থান্র সম্প্রপারে, একেবারে খাস
বিলেতে। সেথানকার আচার-ব্যবহার, মাম্বজন স্বকিছুই তার কাছে অপরিচিত।
এমনকি ভাল করে কাঁটা-চামচ ধরে থাওয়াতেও ও ততটা পোক্ত নয়। তার মাঝেই
সাম্বনা সহপাঠী হই বক্স্—জ্যোতিষ দাশ ও নলিনী গুপ্ত। তারা ছুজনে চলছিল
বিদেশে উচ্চশিক্ষার্থে। জাহাজে কয়েকজন অন্য প্রদেশবাসী ভারতবর্ষের তরুণ ছাত্র
একসঙ্গে চলেছিল। তাদের সঙ্গে ওর আলাপ হল। ক্রমশ তা বদ্ধুত্বে পরিণত হল।
তাদের সঙ্গে থাওয়া-দাওয়ায়, গল্পে-গানে, থেলায় সময়টা এগিয়ে চলছিল—কম সময় ভো
নয় —প্রায় পাঁচিশ দিন থেকে এক মাস এই জাহাজে সম্দ্রের বুকে থাকতে হবে। হঠাথ
ভেক-এ কৈশোর বয়সের সঙ্গী জ্ঞান রায়ের সঙ্গে দেখা।

মধ্যেই কলিকাতায় চলিয়া গেল। ভগ্নিরা গেল মায়ের কাছে।" ভগ্নিদের বিবাহ হল। বিবাহ দিলেন তুর্গামোহন দাশ খরচপত্তর করেও; এ-কথা বলেছেন শ্রীমতী কুমদিনী দত্ত (অতুলপ্রসাদের মাসতুতো ভাই শিশিরকুমার দত্তর স্বী)। শ্রীমতী বেলা সেন (অতুলপ্রসাদের পুত্রবধূ) বলেছেন, "তুর্গামোহন দাশ আমাদের পরিবারের যে তুর্গানি বন্ধু ছিলেন, আমার শুলুরমশাইকে কতথানি দাহায্য করেছিলেন—বিলেত যাওয়া এবং অন্তান্ত বিষয়ে তার একখানি হিসেব আমি দেখেছিলাম প্রথম আমার যখন বিবাহ হয় সেই সময়ে, তারপর তা আর খুঁজে পাইনি। হারিয়ে গেছে।" আবার সত্যপ্রসাদ বলেছেন,—"বিলাত গিয়া ব্যারিস্টার হওয়ার প্রবল বাসনা অতুলের প্রাণে কিশোর বয়্ম হইতেই ছিল। খুড়োমহাশয় অকালে চলিয়া যাওয়াতে যে সংস্থান রাথিয়, গিয়াছিলেন, তাহাতে ইহা সম্ভব হওয়া স্কঠিন ছিল। তাবাবনেও সাংসারিক নানা ঘটনায় অতুলের প্রাণে নিদারুণ আঘাত লাগিয়াছিল, ফলে মাতুলদের কাহারো কাহারো প্রাণে এত সমবেদনা জাগিয়া উঠিয়াছিল যে, অতুলকে দূর দেশে পাঠাইয়া তাহার প্রাণের জালা প্রশমিত করিতে চেষ্টা করা সমীচীন মনে করিলেন।"

···প্রেসিডেন্সি কলেক্ষে এফ-এ পড়া হল না অতুলপ্রসাদের। এনট্রান্স পাশ করে ১৮৯০ খ্রীস্টাব্দে অতুল চললেন লণ্ডনে ব্যারিস্টারি পড়তে।

আমারে এ আধারে

জ্ঞান জড়িয়ে ধরল অতুলকে। কতদিন পরে দেখা, কোথায় ছিলে এতদিন কোথায় পড়ছিলে, কী পড়ছিলে, কোথায় পড়তে যাচ্ছ ?

একসংক্ত অনেকগুলি প্রশ্ন বৃঝি করে জ্ঞান—জ্ঞানেন্দ্র রায়—ঢাকার সেই জ্ঞান রায়… রায়বাবৃদের বাগানে কিংবা আনন্দ-মান্টারমহাশয়ের বাগানঘেরা বাড়িতে বসে যে কাব্যালোচনা করত। লুকিয়ে লুকিয়ে কবিতা লিখে শোনাতো। রবীন্দ্রনাথের কথা জ্ঞানই প্রথম শোনায় তাকে। সেই অজ্ঞাত ইতিহাস কোন বিশ্বতির অস্তরালে অনাবিষ্কৃত হয়ে আছে। মনেই পড়েনি। সেই জ্ঞান চলছে বিলেতে ইঞ্জিনীয়ারিং পড়তে। অতুল বললে, আমার ইচ্ছে আছে ভাই ব্যারিস্টারি পড়ব। কিন্তু আপাতত প্রাথমিক পর্যায় অতিক্রম করতে হবে। তারপর ব্যারিস্টারির কথা ভাবা যাবে।

জ্ঞান রায়কে সহযাত্রীরূপে পেয়ে খুব খুণি হল অতুল। জাহাজের অক্যান্ত ভারতীয় ছাত্রদের সঙ্গে আলাপ করিয়ে দিল। আলাপ করিয়ে দিল জ্যোতিষ দাশ, নলিনী গুপ্তর সঙ্গে। যে জাহাজে অতুলরা চলেছিল, সে-জাহাজে জন-দশ বার মিলিটারি সাহেব সপরিবারে ছুটিতে দেশে ফিরছিলেন। তারা যেদিকে থাকতেন, সেদিকে ভারতীয় যাত্রীদের যাওয়া নিষিদ্ধ করেছিল জাহাজের স্টুয়ার্ট।—'অপমানকর ব্যবহার'। কিছ কী আর আশা করা যায় শাসকগোষ্ঠীর কাছে! মনে ক্ষোভই শুধু জমা থাকে। ভারতীয় ছাত্ররা, যাত্রীরা নিজেরাই একটা চক্র তৈরি করে নিলে কেমন হয়, বলল জ্ঞান রায়। অতুল বললে, সেথানে ওদের প্রবেশ নিষিদ্ধ হবে।

मकल मात्र मिल।

তাই-ই হল। ভারতীয়দের চক্রে গান-বাজনার চমংকার এক জলসা হয়ে গেল। কেউ গান গাইল, সেতার বাজালো, বেহালায় বাজালো ভারতীয় রাগ-রাগিণী। অভারতীয় ওদেশীয়রা দূর থেকে তাকিয়ে দেখল। এগানে ওদের প্রবেশ নিষেধ।

ভাহাত এগিয়ে চলল। ভারত মহাসাগর পার হয়ে কলম্বো বন্দরে থেমে, এডেন বন্দর হয়ে হয়েত পেরিয়ে আলেকভেণ্ডিয়া ছৢ৾য়ে একেবারে ভ্মধ্যসাগরের মার্সিলিস বন্দরের মাটি কামড়ে ধরল। তারপর জিব্রান্টার থেকে ব্রিন্টল অভিম্থে যাত্রা। জাহাজের দিন গুলো প্রথমদিকে সামৃদ্রিক অফ্রন্থতায় বড় অম্বস্থিতে কাটছিল। তারপর নীল আকাশ আর নীল জলের সঙ্গে কেমন যেন মিতালি হল। সামৃদ্রিক পাথি আর উড়্ক্ মাছেদের দিকে তাকিয়ে তাকিয়ে কৌত্রল কথন বিরক্তিতে পরিণত হল, তব্ও রাতের সমৃদ্রে কালো জলের মাঝে হীরক-থচিত আকাশের দিকে তাকিয়ে তাকিয়ে বৃঝি আশ মেটে না। জান্তব দানবটার একটানা আর্তনাদে অবিয়ত যাত্রায় হঠাৎ মাটির জক্তে বড় কালা পায়। মায়ের জক্তে বৃঝি মন কেমন করে ওর।

ইংলণ্ডের উপকৃল এগিয়ে আদে। ইংলণ্ডের যত কাছাকাছি এগিয়ে আদে মনে ভয়

জাগে তত। ভাবে লগুন শহর পৃথিবীর মধ্যে বৃহত্তম শহর—তার অধিবাসীরা তাকে কিভাবে নেবে কে জানে সহধাত্রী ইংরেজরা দেশের কাছাকাছি এসে অসহিষ্ণৃ হয়েছিল। যত শীদ্র সন্তব আপন জন্মভূমি আপন পিতৃভূমিতে প্রত্যাবর্তনের জন্ম ব্যগ্র এবং অধীর হয়ে উঠেছিল। দেশের মাটির দেখা পেতে বোধহয় শান্ত হয়েছিল ওরা। আপন আপন জিনিসপত্রের তদারকিতে ওরা যথন ব্যস্ত ছিল, করমর্দন করছিল বিদায় সন্তাবণ জানিয়ে, একে অপরের সঙ্গে ভভেচ্ছা বিনিময়ে রত ছিল, ও তথন অবাক হয়ে সমুদ্রপারের ভিন্ন পৃথিবীর মুখ দেখল। অবাক হল, এবং উন্বিশ্ন হল। শেষে ভাবল, বিলেত দেশটা মাটিরই।

লগুনর কিংস ডকে জাহাজ এসে ভিড়ল। সাহেব যাত্রীরা সারি দিয়ে আগে আগে নামলেন, তাঁদের অবতরণ সমাপ্ত হলে ভারতীয়দের পালা। অতুল ও তার বন্ধুরা একে একে নেমে এল। নতুন দেশ, নতুন শহর, নতুন মাসুষ, নতুন দৃষ্টা। লগুনের মাটিতে পা রেথে অবশেষে অতুল ভাবল, আমি এলাম আমার ছেলেবেলার স্বপ্পকে সফল করে তুলতে—সেই দেশে। আজকে স্বপ্প সফল হল, আজ এখানে আমার নতুন জীবন শুরু। যে-কটা বছর থাকব, সে-কটা বছরকে সফল করে তুলতে হবে। ভগবান, তুমি আমার সহায় হও।

ওরা চার বন্ধুতে প্রথম এসে উঠল কোন ছোটেলে। তারপর যে-যার কাছ থেকে বিদায় নিয়ে যে-যার পথে।

অতুল তার কলেজের কাছাকাছি এক প্রীতে পূর্বনির্ধারিত একজন ভদ্র সম্রান্ত ইংরেজ ভদ্রলোকের বাড়িতে এনে উঠল। বৃদ্ধ এবং তার স্থ্রী ছাডা আর সংসারে কেউ ছিল না। বৃদ্ধ পেনশনপ্রাপ্ত। পুত্র-কল্পা নেই। অতুলকে প্রেয়ে খৃব আনন্দিত হলেন। বৃড়ো-বৃড়ির সংসারে চদিনেই অতুল বড় আপনার হয়ে গেল। অতুলের রূপ-গুণ মৃশ্ব করেছিল ওদের।

কিছুদিন পরে লগুন জীবনযাত্রার সঙ্গে অভ্যন্ত হয়ে কলেজে প্রবেশ করে অতৃল মাকে চিঠি লিখল। মা, তুমি আমার জন্মে ভেবো না বেশি। আমি এখানে এক বৃড়ি মাসি ও বৃড়ো মেসো পেয়েছি তারা আমাকে তাদের ছেলের মত মনে করেন। আমি ভারতবাসী তাঁরা ইংরেজ—এই বিভেদটুকু তাদের মনে নেই।

ভারপর আরও চিঠি লিখল অতুল মাকে ... এখানে যে এত শীত পড়ে এ-ধারণা আমার ছিল না। দারুণ শীতে হাড় কাঁপিয়ে দিচ্ছে। তারপর সব সময়ে বৃষ্টি । সব সময়ে বৃষ্টি — আর মেমলা মনমরা আকাশ। একটুকু রোদ নেই। বেজায় ঠাণ্ডা। দেশ থেকে যে-সব গরম জামা-কাপড় এনেছিলাম, তা এখানকার শীতে কাজে আসবে না। জুতো-শুলো ভিজে গেলে পরা মৃদ্ধিল। এখানে গুয়াটারপ্রফ ছুতো, গরম গুয়াটারপ্রফ ক,

ওভারকোট ছাড়া এক-পা চলা মৃদ্ধিল। আমাকে ওই ছুটোই করাতে হবে। উপস্থিত এখন আমি বাঁর এখানে আছি, তিনিই আমাকে একটা গরম স্থটের ব্যবস্থা করে দিয়েছেন। আমি ষে-টাকা সঙ্গে নিয়ে এসেছিলাম, সে-টাকা আমার কলেজে ভাঁত হতেই লেগে গেছে। আমি চেষ্টা করছি আমার কলেজের অবসর সময়ে একটা কাজের চেষ্টা করতে। তোমার ভাবনার কারণ নেই। এখানে সকলে এমনিই করে। আমি এখানে থাকার খরচ চালিয়ে নিতে পারব। আমাকে যদি গরম জামা ইত্যাদির জক্তে কিছু টাকা পাঠাও ভাল হয়।

হেমস্তশনী চিঠি পেয়ে তুর্গামোহনবাবৃকে জানালেন। তুর্গামোহনবাবৃ টেলিগ্রাফ মনি অর্ডারে কিছু টাকা পাঠালেন। তখনকার দিনে বিলেতের চিঠি একবার করে মেল জাহাজে আসত। এদিকে মা, ওদিকে ছেলে চিঠির জ্বন্থে আশা করে বসে থাকতেন। মা-র মন যতকিছু তুর্ভাবনার বন। কোনবার যদি কোন চিঠি পৌছল না বা হারিয়ে গেল, অমনি থাওয়া দাওয়া ত্যাগ। এদিকে তুর্গামোহনবাবৃর স্বাস্থ্য দিন দিন ভেঙে এল।

অতুল লিখন · · এই শীতে রোজ ভোরবেলা উঠে কলেজে ছুটতে হয়। তুমি তো জান মা, কেউ ভোরবেলা ডেকে তুলে না দিলে আমি কোনদিনই সকাল সকাল উঠতে পারি না ... তোমার বোধহয় জানতে ইচ্ছে করছে এথানে আমাকে কে তুলে দিচ্ছে, না ? আমার বুড়ি ল্যাণ্ডলেডি। তিনি ভোরবেলায় এসে দরজায় টোকা দিয়ে বলেন, আসতে পারি ? তারপর ঘরে এসে গরম গরম কফির কাপ এগিয়ে দিয়ে, ফায়ার-প্লেদের আগুনের কাঠ সরিয়ে আগুন তাজা করে বলেন, আমার প্রিয় খোকন, উঠে পড় তাড়াতাডি, তোমাকে কলেজে যেতে হবে না ৮ আমি পালকের গরম লেপটায় মুথ অবধি ঢেকে নিয়ে পাশ ফিরে শুই। শীতের জত্যে উঠতেই ইচ্ছে করে না। তবু উঠতে হয়। এক চুমুকে কফি শেষ করে, গরম জামা-কাপড় পরে, ওভারকোট বর্ধাতি ব্দিরে ঘড়ির দিকে তাকিয়ে ল্যাওলেডিকে 'গুডমনি' জানিয়ে তাড়াতাড়ি ছুটি। লওনের আকাশ তথন সন্ধকার থাকে। গুড়িগুড়ি বৃষ্টি পড়ে, একহাত দুরের মামুষও দেখা যায় না। তবু আমার মত অসংগ্য মাতুষ ছুটে চলে তথন স্কুল-কলেজে-অফিসে। ওই ভোরে অন্ধকার থেকেই লওনের কর্মজীবন শুরু হয়ে যায়। । । আমার বাড়ি থেকে বড় রাস্তা ধরে কলেছে যেতে একটু দূর পড়ে। কিন্তু সর্টকাট একটা রাস্তাও আছে, পার্কের মধ্যে দিয়ে পার হয়ে যায় লোকে। বসস্তে সমস্ত পার্কটা ফুলে ফুলে ছেয়ে থাকে। কেউ ফুলে হাত দেয় না বা ভোলে না, এ-কথা ভাৰতেই অবাক লাগে। আমাদের দেশ হলে পার্কের ফুলের কী অবস্থা হত ভাব। এথানে সারা ঋতুটা মা বেশ বোঝা যায়—শীত, বসন্ত, গ্রীম, বর্ষা, শরং, হেমস্ত। এথানে 'সামার' লোকে

উপভোগ করে। উইক এগু-এ দিন কাটিয়ে আদে সাগর-বেলায় : ছুটিছাটা পেলেই দলে দলে ইংরেজরা বেরিয়ে পড়ে এ শহর থেকে ও শহরে, গ্রাম থেকে শহরে শহর থেকে গ্রামে, পাহাড়ে, বনে, সমুদ্রে। উর্ধেখাদে ঘোড়া ছেটিতে এরা ভালবাদে। আমি এদের প্রাণোচ্ছল জীবনের দিকে তাকিয়ে চোখ ফেরাতে পারি না। তব্ও মাঝে মাঝে বড় মন খারাপ হয়ে যায়, এদের সাদা-কালোর ঘদ্র দেখে। লগুনের পথে প্রান্তে কিছু-সংখ্যক ইংরেজ যুবক আমাদের ঘণা করে। তাদের ব্যবহারে অসম্ভই আমরা। আমাদের সঙ্গে প্রায়ই ওদের কথা-কাটাকাটি হয়ে যায়। ওদের ব্যবহারের প্রতিবাদ করার জন্মে আমরা ভারতবাসীরা একটা সংগঠন করেছি—আমাদের ইচ্ছে যা-কিছু অস্তায়, অবিচার তার সবল প্রতিবাদ করা। প্রতিবাদ আমরা জানাই এখানকার কাগজপত্রে, সভা সমাবেশে। তুমি তো জান চিত্তরঞ্জনকে। চিত্তদা এখন এ-কাজের ভার নিয়েছে। তুমি আমার কথা বেশি ভেবো না মা……

হয়ত সেদিন অতুল চিঠির শেষ শুবকটি লিথে কেটে দিয়েছিল। কারণ মা দূরে ভারতবর্ষে থেকে চিস্তিত হবেন। মা-কে ভাবনায় রেথে লাভ কি!

কিন্তু মায়ের কি চিন্তা ভাবনা যায়! মনটা যেন সকল সময়েই ওকে ঘিরে থাকে।
শারনে-স্থপনে, রাত্রে-জাগরণে অইপ্রহর মায়ের চিন্তা। প্রবাদী পুত্রের জন্মে ভাবনা,
ভাবনা হুর্গামোহনবাব্র জন্মে। হুর্গামোহনবাব্র স্বাস্থ্য দিন দিন ভেঙে পড়ছিল।
অতুলের মাকে দ্বিতীয়বার বিবাহ করায় হুর্গামোহনবাব্র প্রথম পক্ষের পুত্রকন্তা,
আত্মীয়স্বজন সকলে তাঁকে প্রায় ত্যাগ করেছেন। হুর্গামোহনবাব্ অস্কুস্থ শরীরেও তাঁর
কাজকর্ম কিছু ত্যাগ করেননি—কত কাজ তাঁর! প্রতি মাসে অতুলকেও টাকা
পাঠাচ্ছিলেন। আর ব্ঝি শরীর সয় না। আর টাক। পাঠানো হয়ে ওঠে না। তাঁর
মাথার উপর মনেক ঋণ জমে ওঠে। মা পড়লেন সমস্থায়। পুত্র বিদেশে অর্থকষ্টে
রয়েছে। এদিকে স্বামী অস্কুস্থ, তাঁকে কী করেই বা বলা যায় আরো অর্থ জোগাও,
আরো অর্থ পাঠাও। প্রাথমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে অতুল তথন ব্যারিস্টারি পড়ছে।
ব্যারিস্টারি পড়তে হলে তথনকার দিনে রেওয়াজ ছিল প্রফেসরদের মাঝে মাঝে
তোয়াজ করে ডিনার টেবিলে আমন্ত্রণ করা। প্রফেসর প্রসন্ন হলে ভাগ্য প্রসন্ন হবে।
কিন্তু ডিনার টেবিলে প্রফেসরদের নিমন্ত্রণ করা কি সহজ কথা! অর্থ কোথায়?
টাকার কত প্রয়োজন—বাসস্থানের ভাড়া, থাওয়ার থরচ, পাঠ্যপুত্রক কেনা,
যাতায়াতের থরচাদি, কলেজের মাইনে।

মা একদিন মেজ ভাই প্যারীমোহনের বাড়ি উপস্থিত হয়ে সব কথা খুলে বললেন। বললেন, আমার অতুলকে তুমি কিছু সাহায্য কর দাদা। তুমি সাহায্য না করলে নয়, আমি আর পেরে উঠছি না। প্যারীমোহন জানালেন, তোমার ভাবনার কিছু নেই, আমি এবার থেকে অতুলকে কিছু কিছু পাঠাবো। অতুল বিলেত থেকে ফিরে এসে ব্যারিস্টারিতে এনরীল হয়ে আমার টাকাটা শোধ করে দেবে যতদিনে হয়।

···অতুল ক্বতজ্ঞতার দঙ্গে চিঠি দিল প্যারীমোহনকে।

লণ্ডনে মিডল টেম্পলে ব্যারিস্টারি পড়ছে অতুল। প্রায়ই পড়াশোনার জন্তে বিটিশ মিউজিয়ামের লাইব্রেরিতে তাকে ধেতে হয়। লাইব্রেরিতে বসে ঘণ্টার পর ঘণ্টা অতিক্রম হয়। লণ্ডনে তথন চিত্তরঞ্জন, মনোমোহন ঘোষ, অরবিন্দ ঘোষ। চিত্তদার সঙ্গে প্রায়ই দেখা হয়ে যায় ব্রিটিশ মিউজিয়ামে। চিত্তদা তথন খব উত্তেজিত। আই-সি-এস পরীক্ষা দিতে দিতে হঠাং উঠে গিয়ে ব্যারিস্টারি পড়ছেন। সিনিয়র ছাত্র!

আমি ব্যারিস্টারি কেন পড়ছি জান ? এদের বিছা, এদের বৃদ্ধির ধার দেখে নিয়ে। আসরে নেমে এদের সঙ্গে যুদ্ধে মাতব।

উত্তেভনার কারণ অক্স।

'তুমি জান আমরা ভারতবাদী। আমরা এখানে প্রবাদী। বিদেশী—বিদেশাদের সঙ্গে বিধনের ব্যবহার করা উচিত তা এদের জানা নেই। আমাদের গায়ে যদি কাদা ছোঁড়ে, নোংরা জল ত্যাগ করে আমরা কি তার প্রতিবাদ করব না! সঙ্গে সঙ্গে বিটিশ মিউজিয়ামের লাইবেরি ঘরে অভাভ ভারতীয় ছাত্রদের মাঝে কথাটি প্রচার হয়ে যেত। চিত্তরঞ্জন বলতেন, আমাদের পড়াশোনার মাঝে মাঝে আনেক কাজ করার আছে। বিটিশ মিউজিয়ামে বসেই সকল ভারতীয় ছাত্রদের জড়ো করে সেদিন বললেন,—আপনারা পড়েছেন এদেশের পালামেটের সদস্ত জেম্স্ ম্যাকলীন সাহেবের বক্তা। আমাদের ভারতবর্ধকে কিভাবে ছোট করেছেন! আমাদের ভারতবর্ধের ম্সলমানদের বলেছেন 'দাস' (slaves) এবং হিন্দুদের বলেছেন 'চুক্তিবদ্ধ দাস' (Indentured slaves)! এর একটা বিহিত করতেই হবে।

একজন ভারতীয় ছাত্র বললেন, প্রতিবাদ করা উচিত; আর একজন বললেন, ম্যাকলীন সাহেবকে ক্ষমা চাইতে বলা হোক।

চিত্তরঞ্জন বললেন, আমি ভেবে রেখেছি। লণ্ডনের এক্সেটর হলে সকল ভারতীয় ছাত্রদের একব্রিত করে শীঘ্রই আমরা এক সভায় মিলিত হচ্ছি।

যে কথা সেই কাজ। পড়াশোনা বন্ধ হল প্রায়। চিত্তরঞ্জন ঝাঁপিয়ে পড়লেন দেশের কাজে—দেশের মাস্থাধের অপমানের প্রতিকারকল্পে। ১৮৯২ খ্রীস্টাব্দে এক্সেটর হলে লগুনের সমস্ত প্রবাসী ভারতীয় ছাত্ররা একত্রিত হলেন। চিত্তরঞ্জন একটি আলামরী বক্তৃতা দিলেন। রক্ত গরম হল ভারতীয় ছাত্রদের। সভার স্থির হল 🖫

- (১) জেম্দ্ ম্যাকলীন সাহেব ভারতীয়দের সম্বন্ধে যে-সকল উক্তি করেছেন তার জক্তে তাঁকে ভারতীয়দের কাছে ক্ষমা চাইতে হবে।
- (২) এইসকল উক্তির জত্যে তাঁকে পার্লামেণ্টের সদস্তপদ থেকে অপসারিত
- করতে হবে। (৩) ইংলণ্ডের রানীর কাছে এক আবেদন-পত্র পাঠাতে হবে।

ইংলণ্ডের বিদ্যা ইংরেজ সমাজে ম্যাকলীনের কার্যকলাপ এবং ভারতীয় ছাত্রদের চরম প্রতিবাদ বিষয় নিয়ে দারুণ আলোচনা-সমালোচনা হল। গোঁড়া ইংরেছর। म्याकनीनत्क ममर्थन करत वकुछ। पिरनन। উपात हेश्तब्छत्मत कार्छ म्याकनीन धिकुछ হলেন। তাঁরা কাগজে পত্তে চিঠি লিখলেন, ম্যাকলীন সাহেবকে পার্লামেন্টের সভা থেকে বহিষ্কৃত করা হোক। উত্তেজিত হল ইংলণ্ডের কাগছ গুলি। তাঁরা চিত্তরঞ্চনের বকুতার সমর্থক হয়ে বকুতার উদ্ধৃতি দিয়ে ভারতবাসীদের সমর্থন করে সম্পাদকীয় লিখলেন। চিত্তরঞ্জনের অবশেষে জিত হল। চিত্তরঞ্জনের পিছনে অতুলপ্রসাদ। একদিন ভোরবেলা সংবাদপত্রে অতুল দেখল ম্যাকলীন সাহেবকে পার্লামেন্ট সভা থেকে বহিষ্কৃত করা হয়েছে। সংবাদ পাঠ করে খুব খুশি হয়ে অতুল ছুটল চিত্তদার বাসার দেখা করে আনন্দ প্রকাশ করতে। ... চিত্তরঞ্জনের বোধহয় কোনদিনই কোন কাজের শেষ নেই। একথানি কাজের ইতিমৃহুর্তেই আর একথানি গুরুত্বপূর্ণ কাজের আরম্ভ। ব্যারিস্টারি পড়ার মাঝে চিত্তদা এত সময় কোথায় পায়, ও ভাবে ! অবার শুরু হয়ে গেল নির্বাচনী প্রতিদ্বন্দিতা। পাডায় পাডায় বাড়িতে বাড়িতে ঘোরাঘুরি করে প্রচারকার্য, লয়েড পার্কে বক্তৃতা, এক্সেটর হলে ভারতীয়দের গোপন প্রামর্শ, ব্রিটিশ মিউজিয়ামের পাঠাগারে অবসর সময়ে অফুশীলন। চিত্তরঞ্জন যেখানে যে काटक तरप्रहिन, तम-काक जानजारव मभाधान ना श्रव यात्र ना। 'फिनमव'ही' থেকে প্রবাসী ছাত্রদের জন্তে সে বছর দাদাভাই নৌরজি পার্লামেন্টের সদক্ত নির্বাচিত श्लन।

কদিন পরে জ্ঞান এদে বলল, অতুল, চল আজ বিখ্যাত গায়িকা ম্যাদাম প্যাটের গান ভনে আসি। ম্যাদাম প্যাটের নাম ভনেছ ? অতুল হাসল।

জ্ঞান বলল, ম্যাদাম প্যাট এ-দেশের একজন বিখ্যাত গায়িকা। ওঁর গান শোনার জক্তে এ-দেশের লোক পাগল, জান।

ম্যাদাম প্যাটের স্থমিষ্ট স্থমধুর গলার 'হোম স্থমিট হোম' গানখানি গাওয়া ও বোধহয় কোনদিনও ভূলতে পারবে না। সত্যি অপূর্ব, অতুলনীয়।^{১৭}

জ্ঞানের আবির্ভাব এমনি মাঝে মাঝে হয়। যেমদ সেদিন এসে বললে, জান অতুলপ্রসাদ, রবীন্দ্রনাথ এসে লগুনে পৌছেছিলেন অগস্টে, নভেম্বরের প্রথম সপ্তাহেই মাত্র ত্যাস এগারো দিন থেকে ভারতবর্ষে ফিরে গেলেন। লগুনে এসে কোথাও ঘূরে বেড়ালেন না, বাড়িতে অলসভাবে বই পড়ে পড়ে পার করলেন।

মাঝে মাঝে গ্রীম্মাবকাশে ঝড়ের মত এসে বলে, চল সী কোস্ট থেকে লম্বা দৌড় দিয়ে আসি, না হয় ছটো ঘোড়া ভাড়া করে টেম্দ্ নদীর পারে ঘোড়া ছোটাই ।···তাও যাবে না ' ভবে চল না-হয় নিছক সময় কাটানোর জন্তে একটা থিয়েটার তো দেখে আসতে পারি । সব সময়ে এত কী ভাব, এত কী পড় বল তো ! আমরা কি পড়াশোনা করি না !

অতুল বলে, বোস জ্ঞান।

জ্ঞান বলে, না তুমি উঠে পড়। তেঠিবে না? পরমূহতে জ্ঞান উঠে দাঁড়ায়।
অতুল বলে, একটু কফি পান করে যাও জ্ঞান, আমার ল্যাণ্ডলেডিকে এক্ষ্নি বলছি।
জ্ঞান বলে, না থাক। তারপর ধেমনি ঝড়ের মত তার আবির্ভাব, তেমনি ঝড়ের
মত প্রসান।

ছুটির দিনগুলি অতুল এক মুহূর্ত সময় নই করে না। বইপত্তর গুছিয়ে, ল্যাওলেডির কাছ থেকে বিদায় নিয়ে পার্কের সর্টকাট রাস্তা ধরে ফুলবাগিচার সামনে দাঁড়িয়ে শীতের দেশের মিষ্টি রোদ উপভোগ করে। কখনো রোদে ঘাদে পা ছড়িয়ে বসে ছোট ছেলেমেয়েদের থেলা, ছুটোছুটি করা দেখে। মাঝে মাঝে বৃঝি নিছেকে একাকী, নিঃসঙ্ক মনে হয় 'তরুণ-তরুণীর কলকাকলিপূর্ণ প্রকাশ্য চুম্বনের উৎসব-মহোৎসবে'। পার্ক থেকে বেরিয়ে হাঁটতে হাঁটতে লগুনের পথ অতিক্রম করে মাটির তলার রেলপথ ধরে এসে উপস্থিত হয় ব্রিটিশ মিউজিয়ামের পাঠাগারটিতে।

ও জানে ওর সময় অল্প, অথচ অনেক কাজ এখনও বাকি। এ দেশ থেকে তাকে আহরণ করে নিয়ে যেতে হবে অনেক জ্ঞান। অনেক পাণ্ডিত্যপূর্ণ পুস্তকের সঞ্চয় এই পাঠাগারের ন্তরে তরে। এদেশে অনেক পণ্ডিত বাস করেন, এঁদের কাছে অনেক আনেক শেখার আছে—এদেশের ভালটুকু তাকে নিতে হবে—এ জীবনের যত কিছু ভাল মন্দকে বিসর্জন দিয়ে। পাঠাগারের মাঝে ওর বসার নিদিষ্ট আসনটিতে অনেক সময় এগিয়ে চলে। সামনে সাজানো বইয়ের মেলা; ওর চারধারে বই, ওর টেবিলে

১৭ অতুলপ্রসাদ দেনের রচিত 'প্রবাসী চলরে দেশে চল' গানটিতে 'হোম স্থইট হোম' গানটির স্থরের ছায়া পড়ে। ৰই—মনোখোগের দক্তে বই পড়ে ও, কখনো নোট লিখে রাখে। কখনো কাউন্টারে দাঁড়িয়ে নতুন বইয়ের নামের তালিকা পাঠায়।

সেদিন ব্রিটিশ মিউজিয়ামের বিখ্যাত পাঠাগার ওকে অকন্মাৎ বড় আনন্দ দিল। কাউণ্টারে দাঁড়িয়ে বইয়ের তালিকা দেখতে দেখতে হঠাৎ ওর চোথে ধরা দিল 'বাংলা দাহিত্য-পুস্তকে'র তালিকা। কেবল 'বাংলা দাহিত্য-পুস্তকের' তালিকা নয়, বাংলা বই যে দকল ভাষায় অমুবাদ হয়েছে তারও সংক্ষিপ্ত পরিচয়। সেদিন বোধহয় আনেকক্ষণ বইয়ের তালিকা ধরা ওর হাত কেঁপেছিল। বাংলাদেশ থেকে হাজার হাজার মাইল দ্রে কোন এক প্রখ্যাত পাঠাগারকক্ষে বাংলা বই, বাংলা ভাষার প্রতি এত দম্মান—একথা ভাবতেই কেমন যেন বাংলাভাষার উপর প্রগাঢ় প্রদ্ধা এবং ভালবাদায় মন ভরে গেল। গর্মে ভরে উঠছিল বৃক। তালিকার প্রথমেই ছিল মাইকেল মধুস্থদনের নাম। বিষমিচক্রের কপালকুণ্ডলার ইংরেজি অমুবাদ করেছেন ফিলিপ সাহেব। ইংরেজি ভাষা থেকে অঞ্চান্য ভাষাতেও অমুবাদ হয়েছে বিষমচক্রের উপগ্রাস এবং মধুস্থদনের কাব্য।

অতুল আগ্রহের দক্ষে ব্রিটিশ লাইব্রেরি তন্নতন্ন করে থুঁজে বেড়ালো ভারতীয় ভাষার অমুল্য রম্বরাজি।

কলেজ থেকে বাড়িতে ফিরে চা বা কফি থেতে থেতে মনে পড়ে যায় রোজ দেশের কথা। বেশি করে মনে পড়ে জাঠতুত দাদার কথা। তাকে অতুল কলকাতায় থাকতে বলেছিল, দাদা, আমি তোমাকে মাসে মাসে পাঁচ টাকা করে পাঠাবো তোমার যদি কিছু সাহায্য হয়। মেডিকেল স্কুলে ভতি হও। ডাক্তার তোমাকে হতেই হবে। তোমার কথা আমার মনে থাকবে চিরদি: অতুল! দাদা বলেছিল।

অতুল কথা রেপেছিল। কলকাতা থেকে মাসে মাসে দাদাকে ঢাকার ঠিকানায় টাকা পাঠিয়ে দিয়েছিল, ভুল হয় নি। তারপর ওকে লণ্ডন চলে আসতে হল। ওর নিজের হাতেই বা তথন কোথায় টাকা, ওর টাকার কত প্রয়োজন! দাদাকে তাই ভৃঃথিত মনে টাকা দিতে পারার অক্ষমতার কথা জানিয়ে চিঠি দিল ও।

আগুনের ধারে পা বাড়িয়ে দিয়ে ও দাদার কথা ভাবে। দাদা বোধহয় অনেক কষ্ট করেও মেডিকেল স্কুলের পড়া চালিয়ে যাচ্ছে। আমি যথন ব্যারিস্টার হয়ে দেশে ফিরব, দাদা তথন ডাক্টার হয়ে প্র্যাকটিসে বসবে।

দাদার অনেকদিন চিঠি পায়নি অতুল। দাদার তো নয়ই, মায়ের, বোনেদের কারোর নয়। বিদেশে দেশের সামাল্য থবরটুকুও জানার জল্মে উৎক্ষিত থাকে মন। সেদিন একই দিনে তিন্ধানা চিঠি আসে অতুলের। সত্যদাদার চিঠি, মারের চিঠি, আর একখানা—গোটা গোটা অক্ষরে ওর নাম ও ঠিকানা লেখা—এ চিঠি বোধহয় হেমকুস্থমের। দাদা লিখেছেন, ঢাকা থেকে। দাদা ঢাকায়। আর অতুল লগুনে—কত দ্রে! দাদা লিখেছেন, আমাদের ছই ভাইকে জীবনে দাঁড়াডে হবে। আমাদের ছজনের মাথার উপর অনেক ঝড়ঝঞ্চা বয়ে গেছে আমাদের মাথার উপর অনেক ঝড়ঝঞ্চা বয়ে গেছে আমাদের মাথার উপর অনেক দায়িব, সব বাধাবিপত্তি পার হয়ে ঝড়ঝঞ্চা কাটিয়ে আমরা নিশ্বয়ই মাথা তুলে দাঁড়াতে পারব; অনেক দ্রে থেকেও তোমার ম্থ আমার সকল সময়ে মনে হয় ভাই।

মা লিখেছেন, বাবা, আমি আর কলকাতার একা থাকতে পারছি না। তুমি বত তাড়াতাড়ি পার পড়াশোনা শেষ করে বাংলাদেশে ফিরে আনাদের ভার হাতে তুলে নাও।

মায়ের চিঠি বড় করুণ স্থারে লেখা। মায়ের চিঠিতে অতুল জানল, তুর্গামোহনবাবুর শরীর খুব ভেঙে পড়েছে, বোধহয় এ-যাত্রায় আর কাটিয়ে উঠতে পারবেন না। মা ওকে বন্ধুর মত চিঠি লিখেছেন। মা এবং তুর্গামোহনবাবুর কোখায় য়েন একটা ভূল হয়ে গেছে, সকলের কাছে হেয় হয়ে গেছেন ওঁরা। আজ তর্গামোহনবাবুর অন্থথের সময়ে, মরণ-বাঁচনের সময়ে কেউ তাঁকে দেখার নেই। তুর্গামোহনবাবুও কারো কাছ থেকে কোন রকম সাহায়্য নিতে রাজি নন একথা জানে ও। দীর্ঘনিশাস ত্যাগ করে অতুল।

হেমকুস্থমের চিঠি তুলে নিল হাতে। হেমকুস্থমের চিঠিতে কিছু খশির হাওয়া ছিল বোধহয়। কারণ ওর মুখে তার ছায়া দোল খেল। ও একবার দেয়ালপঞ্জীর দিকে চোখ তুলে তাকালো। কে ষেন ধীরে ধীরে বললে, হেমকুস্থম সংস্থাব তহেমকুস্থম ওই লণ্ডনে বল্লিছিল।

সাত

বিদেশে থাকতে থাকতে হঠাং যদি দেশের নামুষের দেখা পাওয়া যায় কথা দুরোতে চায় না। দেশের জন্তে হঠাং যেন কেমন করে মন। মনের থোলা বাতায়নে দেশের দিনগুলির কথা ভিড় করে আসে। আত্মীয় বন্ধু প্রতিটি মান্ত্র্যের থবরাথবর জানতে ইচ্ছে করে। যাদের সঙ্গে ছদিনের আলাপ, ছটি মাত্র কথা হয়েছে—যারা দেশে ছিল জ্বলক্ষা, অপাংক্তেয় হয়ে—তারাও যেন ব্যক্তিম্ব নিয়ে ধরা পড়ে। তাদের কথা জ্বানতে ইচ্ছে করে।

আছে৷ হেম, তোমাদের স্টোর রোডের বাড়ির মোড়ে নামাবলী গায়ে সেই বৃড়ি ভিধিরিটা এখনও বসে থাকে রোজকার মত ঘুম-ঘুম চোথে হাত বাড়িয়ে? বাগানের শিউলি গাছে এখনও বোধহয় ফুল ফুটছে খুউব, নয়! হাস্বুহানার গন্ধ এখনও ঠিক তেমনি ছড়ায় পুবের বারান্দায় ?·····কলকাতায় এখন বোধহয় খুউব গরম····য়াই বল কলকাতার গরম অনেক ভালো লওনের এই ঠাঙার হাতে জমে বাওয়ার থেকে!

ওর কতই না কথা মনে হয়। জানতে ইচ্ছে করে মা কেমন, বোনেরা কেমন জাছে। হুর্গামোহনবাবুর কথাও জানতে ইচ্ছে করে। জানতে ইচ্ছে করে পানিমামার কথা। পানিমামার কি এখনো থিয়েটার-যাত্রা করার নেশা আছে? কলকাতায় কি কোন থিয়েটার ক্লাব করেছেন? বিনোদমামী বোধহয় এই মৃহুর্তে মাথার কাপড় খুলে রান্নাঘরে রান্নার কাজে ব্যস্ত। মনে পড়ে ছোটমামা বিনয়কে। বিনয়মামার মত থামথেয়ালী বোধহয় সারা ঢাকা শহরে খুঁজে মেলে না। কে জানে দাদা কেমন আছে ঢাকায়—অনেকদিন ওর কোন খবর পাওয়া যায় নি। মনে পড়ে আরো কত না মৃথ!……

আছা হেম, তুমি এখনও ছবি আঁকছ তো? কলকাতায় থাকতে তোমার ছবি আঁকায় থুউব মনোযোগ দেখেছিলাম—সথ এখনও আছে তো? · · · · · · বেহালা—না তো, এস্রাজ বাজনা কেমন হচ্ছে? তুমি তো এস্রাজ শিথছিলে, না? এখানে তোমাকে একটা ষন্ত্রসঙ্গীত শিথতে হবে। কী শিথবে বল, বেহালা না এস্রাজ্ঞ কেনিটা ভালো লাগে বল?

লণ্ডনে থাকতে প্রায়ই ছুটি পেলে ও মামার বাড়ি এসে পৌতে যায়। মামা-মামীমা, মামাতো ভাইবোনেরা ওকে কাছে পেয়ে খুব খুণি হয়।

তুমি আছ সারাদিন এখানেই থাকবে এখানেই থাবে। আমরা সারাদিন আজ এখানে গল্প করব · · · · · রাভটা আছ আমাদের এখানেই থেকে যাও না অতুল, তুমি ভো আছকাল মার এদিকে আস না '

মামা বলেন, পড়াশোনা কেমন হচ্ছে অতুল ? তোমার কোন কিছু দরকার হলে আমাদের জানাতে দেরি কোরো না।

অতুল বলে, আচ্ছা মামা।

লওনে মামার বাড়ি এসে ষেন মনেই হয় না ভারতবর্ষের বাইরে আছে। সেছ থাবার থেতে থেতে অরুচি জন্ম গেল মুখে। মামার বাড়িতে এলে তবু মামীমার হাতের রালা থাওয়া যায়, বাংলাদেশের স্বাদ-গদ্ধযুক্ত মুখরোচক থাবারের গদ্ধে-গদ্ধেই পেট ভরে বার। আর বাংলা কথা বলা যায় মন খুলে। আপন ভাষায় কথা বলার ষে কী স্থ ভা বিদেশে উপস্থিত না হলে বোঝাই যায় না। মামীমা মাঝে মাঝে বলেন, আমরা এখানে নতুন এসেছি পথঘাট কিছুই জানি না, অতুল তুমি তোমার ভাইবোনদের শহরটা একট্-আধট্ ঘ্রিয়ে দেখিয়ে দাও। ওঁর তো সময়ই হয় না। কাজ নিয়ে এত ব্যস্ত থাকেন।

ও বলে, বেশ তো মামীমা, ছুটি পেলে আপনাদের সমস্ত লগুন ঘুরিয়ে দেখাবো।
লগুন শহরটা কি কম বড়! দিন দিন চারদিকে কেবল এগিয়েই চলেছে। কৃল-কিনারা
নেই কোন। ওরা ঘুরে বেড়ালো লগুনের পাড়ায় পাড়ায় দ্রষ্টব্য স্থান দেখতে দেখতে।
কোনদিন ওরা যায় থিয়েটারে। কোনদিন মামীমা, আপশার গুয়েস্টার্ন ক্যাসিকাল
নিউজিক ভাল লাগে? মোজার্ট বিটোফেনের হুর? মাদাম প্যাটের গান শুনবেন?
কিস্থা চলুন মামীমা আমরা আজ শেক্স্পীয়ারের নাটক দেখে আসি কোন।

কথনো মামা-মামীমাদের সঙ্গে ব্রাইটনের সম্প্রবেলায় কিন্তা ব্রিস্টলের সী-কোপ্টে সামারের কয়েকটা দিন আনন্দ-হুল্লোড়ে পার করে আসে। সেথানে সম্প্রবেলায় রঙিন ছাতার নিচে রৌদ্র্র্লানে স্বাস্থ্যকামী ওরা। কথনও বালুকাবেলায় হাটতে হাটতে আনক দূরে বালির পাহাড় আর ঝাউ-বীথিকার নির্জনে দাঁডিয়ে পিকনিক স্পট নির্বাচিত করে। সম্প্র-টেউ আছড়ে পড়ে বালিয়াড়িতে, গুনগুন করে হুর আসে মনে সমুদ্রের গর্জনে।

তুমি বেহালা শেথ হেম। তোমার বেহালার হাত বড় মিষ্টি। আজ তুমি বেহালা বাজাও ভনি।

হেমকুস্ম বেহালা আনে, কগনও আনমনে ছড় টানে। সূর ওঠে তারের ঘাণে। কগনও কোন বেস্থরো সূর কানে বাজে। হেনের কানে সে-সূর ধরা পড়ে। বাজনা বন্ধ রেখে বেহালা নামিয়ে রাখে।

ও বলে, থামলে কেন, বাজাও। বেহালার হাত তোমার মিঠে। আমি বলছি, তুমি থুব নাম-করা শিল্পী হবে। চারিদিকে তোমার নাম ছড়িয়ে যাবে দেখো।

বড়মামাকে বলে অতুল, একজন ভালো বেহালা-শিক্ষক রাখন মামা হেমকুস্থমের বেহালা শেখার জল্ঞে। বেহালায় খুব উৎসাহ হেমকুস্থমের।

বেশ তো, হেমকুস্থম বেহালা বাজনা শিথুক ভালো শিক্ষকের কাছে। এ তো ভাল কথা, স্থানন্দেরই কথা !

হেমকুষ্ণমের ইচ্ছে শুধু বেহালা শেখায় নয়, চিত্রশিক্ষা এবং চর্চাও শুরু করে দিল একজন সাহেব চিত্র-শিক্ষকের কাছে। সঙ্গে সঙ্গে বেহালা শিক্ষাও চলল আর একজন সঙ্গীত-শিক্ষকের কাছে থেকে। অল্পদিনের মধ্যেই হেম পাশ্চান্ত্য সঙ্গীতে, বেহালা বাদনে পারদর্শী হয়ে ওঠে। লগুনের অনেক সঙ্গীতসভায় সঙ্গীত-শিক্ষকের সঙ্গে বাজিয়ে আসে। কথনও কোন আসরে একাকী বেহালা বাজিয়ে সকলকে মুগ্ধ করে। ক্রমে ক্রমে সঙ্গীতর্মিক সমাজে হেমকুস্থমের নাম ছড়ায়।

অতুল মৃগ্ধ দৃষ্টিতে তাকিয়ে বলে, এই তো চাই হেম ! তোমার প্রতিভা আছে !

বাবা অফিসের কাজে দব সময়ে ব্যস্ত, মা সাংসারিক কাজে ব্যস্ত, কুস্থম বলে, দাদা, তুমি আমার সঙ্গে চল ক্লাবে, সভায়, নাচের আদরে। ক্লাবে আমার বেহালা বাজনা কেমন লাগল দাদা?

হেমকু প্রমের কেমন যেন আকর্ষণী শক্তি আছে। ফিটফাট করে সাজলে বড় স্কলার দেখায়। হেমের সঙ্গে কথা বলতে ভালো লাগে, হেমের কথা ভনতে ভালো লাগে। হেমের অন্তিত্ব যেন কেমন আনন্দ দেয় ওকে। প্রায় দিনই তাই পড়াশোনার শেষে ও মামার বাড়ি চলে আদে, হেমের দঙ্গে গল্প করে। হেমের দঙ্গে এই অন্তর্গতা যে অক্তদের চোখে মন্ত রূপ ধারণ করতে পারে—দে-কথা ও ভাবে না। হেমের সাহচর্য লাভের জন্তে ও বোধহয় সবকিছু ত্যাগ করতে প্রস্তুত। ক্রমে ও কেমন ধেন তঃসাহসী হয়ে ওঠে। কয়েক মাস পরে হেমকু হুমরা লওন ছেড়ে চলে গেল। বড়মামা রুফগোবিন্দ গুপ্তের লণ্ডনের কাছ আপাতত শেষ। আর এখন এখানে থাকার প্রয়োজন নেই। বিষ মন অতুলপ্রদাদের। বিষয় মনে ঘূরে বেড়ায় লণ্ডন শহরের রাস্তায় রাস্তায়। হাইড পার্কে কারণহীন আবশ্যকহীন বক্ততা শোনে অনেকক্ষণ, টেম্স্ নদীর তীরে দাঁড়িয়ে তার জলে স্থউচ্চ প্রাদাদপুঞ্জের ছায়ার দিকে তাকিয়ে থাকে। ঝির-ঝির বুষ্টি আর বরফ-কৃচি-ছাওয়া পথে গঠাং ও আপন মনে আবিন্ধার করল, ও নিজে ওর শরীরের ওপর অত্যাচার করছে। কারণ, ঘুম নেই চোথে। স্নান আহারের ইচ্ছে নেই, সময়-মত হচ্ছেও না। যে-কাজের জন্তে এসেছে এখানে, সেই কাজ অর্থাৎ পড়াশোনা যথেষ্ট পরিমাণে করতে পারছে না। আর এ-কথা মনে হতেই মনে হল এবার ওকে আরো পরিশ্রম করতে হবে। আর অন্ত কোনদিকে মন নয়, কোন কিছু ভাবনা নয়, শুধু পড়াশোনা, শুধুই পড়াশোনার কথা ভাবতে হবে। তবু একদিন চিত্তদার কথা মনে হল। চিত্তদার অনেকদিন গ্বরাথ্বর নেওয়া হয়নি। চিত্তদার বাড়ি গেলে হয়। চলল চিত্তদার কুঠি। চিত্তরঞ্নের লওনের বাসায় তখন দ্বিজেক্সবাবু এবং আরও কয়েকজন প্রবাসী ভারতবাসীদের মাঝে জোর সাহিত্যালোচনা চলছে।

চিত্তরগুন বললেন: এসো, এসো অতুল!

ছিজে এলাল বললেন, অতুলবাবু, অনেকদিন আপনার পিয়ানো ভনিনি। গান কী রচনা করলেন ?

অতুল বললে, আপনি বরং একটা গান করুন, দ্বিজেনবাবু, আমি আর কী গান জানি; তাছাড়া কদিন থেকে আমার মনটাও ভালো নেই। আপনারই গান শোনা যাক। দিজেজ্ঞলাল বললেন, কেন? দিজেজ্ঞলাল অকস্মাৎ উচ্চহাস্তে ফেটে পড়লেন। হেসে সকলকে চমকে দিয়ে পিয়ানো বাজিয়ে হঠাৎ শুক করলেন তাঁর স্বরচিত গান। সভাশেষে বললেন, আজ আমরা চিত্তরঞ্জনকে হাসিম্থে বিদায় অভিনন্দন জানাচ্ছি। আপনারা জানেন, চিত্তরঞ্জন ব্যারিস্টারি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন। এখন খুব শীদ্র দেশে ফিরে চলেছেন। আমরা খুব স্থবী, সেইসঙ্গে হৃংথিত ও, যে ওঁকে আমাদের পাশে পাব না ভেবে। আমরা ওঁর দেশে ফিরে যাওয়ায় আনন্দ প্রকাশ করছি, সেইসঙ্গে শুভ কামনা জানাই, দেশে উনি একজন স্থনামধন্য ব্যারিস্টার বলে পরিচিত হবেন।

সভা ভঙ্গ হল। কয়েকদিন পরে চিত্তরঞ্জন ভারতবর্ষে ফিরলেন। চিত্তদার অভাব পূর্ণ হয় না। বিষয় মন। আবার পড়াশোনার মধ্যে ডুবে গেল অতুল। ভূলে গেল ক্লাব, ইণ্ডিয়া হাউসে ভারতীয় ছাত্রদের আড্ডা, টেম্স্ নদীর পাড়ে স্র্যুডোবা। অহরহ রৃষ্টি, ঝির-ঝির বরফ পড়া। ফায়ার-প্রেসের গনগনে আগুনের সামনে শরীর সেঁকতে সেঁকতে পালকের লেপে গা ঢেকে রাতভার প্রস্তুতি চলে পরীক্ষা-পর্বের। অবশেষে ফাইক্লাল পরীক্ষা এল। পবীক্ষা দেওয়া হল। পার্টি দেওয়া হলে ব্যারিস্টারিতে 'এনরোল্ড হল সে। এবার দেশে ফিরতে হবে। কিস্কু দেশে ফেরার আগে এ-দেশটা একবার ঘুরে দেখে যাবে না! আবার কবে স্থ্যোগ হবে কে জানে! টাকার কিছু টানাটানি, প্যাসেজ বৃঝি পুরোপুরি হয় না। মাকে চিঠি লিখতে লজ্জা করে। তবু চিঠি না লিখলে নয়।…কোনরকমে কিছু টাকা জোগাড় করে মা ওকে পার্ঠিয়ে দিলেন। ও দেশে ফেরার জন্মে তোড়জোড় শুরু করল,—সত্যি এ-দেশ আর ভালো লাগে না।

১৮৯৪ সন। অতুল দেশে যাত্রা করল।

ষাত্রীবাহী 'পি আনত ও'-র জাহাজ। নানান দেশ ঘুরে কলকাতার আউটরাম ঘাটে এসে
নঙর করল। জাহাজঘাটে আগ্রীয়-স্বজন বন্ধুবান্ধব…কী যে আনন্দ দেশের মাটিতে পা
রেখে—কী আনন্দ! তবু হংগ হয় মাকে দেখে—মাকে ধেন চেনা যায় না—আনেক
বিয়েদ হয়েছে। বোনেদের ও চেনা যায় না।……মা বোধহয় মনে মনে ঈশরকে
ধন্তবাদ দিচ্ছেন……তোমার করুণায় আমার চোখের মণি এত বড় হয়ে ফিরে এসে
আমাদের সকলের মৃথ উজ্জল করেছে……তোমাকে ধন্তবাদ, অসীম ধন্তবাদ!

নাটিতে মাথা স্পর্শ করল ও প্রথমে, তারপর মাকে প্রণাম করল। ঘোড়ার গাড়িতে সোয়ার হয়ে কলকাতার হুর্গামোহনবাবুর বাড়িতে এসে উঠল ওরা। সকলের জক্তে বিদেশ থেকে কিছু কিছু জিনিসপত্র এনেছিল। অতুল এগিয়ে দিতে সকলেই খুব খুলি। বোনেরা সব সময়েই তাকে ঘিরে বলে গল্প শোনে। মা কাজের অবসরে মাঝে মাঝে হাসি মৃথে এসে বসেন। ওকে পেয়ে ফেন নতুন জীবন ফিরে পেরেছেন, বাড়িতে একটা খুশির হাওয়া বইছে।

সেদিন সম্বেকো বড়মামার বাড়িতে এল।

মামা-মামীদের দক্ষে বিলেতের অনেক কণাবার্তা আলাপ-আলোচনা হল।

কিন্তু অতুলের চোথ যাকে খুঁজছিল দেই হেমকুস্তমের দেখা নেই। অতুল মামীমাকে জিজেন করেছিল—কুসুম কোথায় মামীমা!

মামীমা বলেন, ওর শরীরটা কদিন থেকে ভাল যাচ্ছে না। সে বোধহয় নিজের ঘরেই শুয়ে আছে।

অতুল হেমকুস্তমের ঘরে এল। কপালে ছোঁয়ালো হাতখানি। তাতে হেমকুস্তম চোধ মেলে তাকাল না।

অতুল বৃঝল হেমকুস্থমের অভিমান হয়েছে। অভিমান ভাঙাতে ওর ঘন কালো চুলে হাত বুলিয়ে বললে, হেম একটা কথা শোন।

কুস্থম বললে, আমি ভোমার কোন কথা ভ্রমব না! তুমি ওদেশে থাকতে আমাকে কোন চিঠি লেখ নি কেন ভূমি ?

অতুল হাসল। বললে, অপরাধ হয়েছে, স্বীকার কর্মচ।

অনেক সাধ্যসাধনায় বনি পাহাডও টলে। হেমকুস্থমের রাগ প্ডল—বড় অভিমানিনী মেয়ে। হাসি হুলোডে, গল্লে-গল্লে অনেক রাতে থাওয়া-দাওয়া সেরে বাড়ি ফিরল অতুল। পরের দিন সেজমামা পানিমামার সঙ্গে দেখা করল। ত-চার দিনের মধ্যেই দেখা-সাক্ষাতের পালা চ্কে গেল। একদিন সকলে মিলে-মিশে স্থির করলেন অতুল একটা বাড়ি ভাডা করবে, সেখানে সে তার অফিস-ঘর সাজিয়ে বসবে। প্রাাকটিসের জন্মে প্রয়োজনীয় জিনিসপত্র কেনাকাট। -তার ভার মামারা, মা এবং হুর্গামোহনবাবু নিলেন। ৮২ নম্বর সাকুলার রোডে নতুন বাড়ি ভাডা নেওয়া হল, সেখানেই অতুল থাকবে। অফিস হবে। অতুল ও ডাঃ নগেন্দ্র দাশ একসঙ্গে সেই ভাডা-বাড়িতে এসে উঠলেন। অতুল কলকাতা হাইকোটে এনরোল্ড্ও হল। কর্মজীবনে প্রবেশ করার আগে একবার দেশ থেকে ঘুরে এল—দেশের মাটির আশীর্বাদ নিয়ে।

কোট-কাছারি যাতায়াত শুরু হল। নতুন ব্যারিস্টার অতুলপ্রসাদের রূপ এবং গুণমুগ্ধ হলেন ইন্ধ-বন্ধ সমাজের মামুষরা।

আই. সি. এস. এবং ব্যারিস্টার পাত্র লোভনীয়। অতুল স্কদর্শন এবং ব্যারিস্টার, পাত্র হিসাবে লোভনীয়। অতএব ও রোজই উত্তাক্ত হয়। ব্যতিব্যস্ত অতুল। অনেকে সোজা এসে পৌছে যান ওর মা এবং মামাদের দরবারে লোভনীয় প্রস্তাব নিয়ে। মামারা বলেন পরে জানানো হবে। পুত্রগর্বে গবিতা মা বৃদ্ধি বলেন, সময় হলে আপনাদের খবর দেওয়া হবে। এখনও আমার অতুলের বিয়ের কথা ভাবিনি—কভ আর বয়দ হল।

তেইশ-চব্বিশ বছরের পক্ষে ওকে যেন একটু বড় দেগায়; স্থন্দর স্থগঠিত দীর্ঘ দেহ। সারা দিনের পরিশ্রমেও শরীরে যেন কোন রকম রাস্তি নেই। কাজ, কাজ আর কাজ ' সময় কোথায় বিয়ের কথা ভাববার! সময় আছে কিন্তু অন্ত কাজের। সেথানে যে প্রাণের টান! কোর্ট থেকে ফিরে এসেই পোশাক পরিবর্তন করে ছোটে কাবে। অন্তুত এক কাব—নাম তার থামথেয়ালী সজ্য—থামথেয়ালীপনা যাদের অঙ্কের ভূষণ। রবীন্দ্রনাথ সে সজ্জের নেতা। জোড়াসাঁকোয় সে সজ্যের জন্ম।

খামথেয়ালী সভ্তের নামকরণ শিল্পগুরু অবনীন্দ্রনাথ ঠাকুরের।

সরলা দেবী একদিন ওকে সঙ্গে নিয়ে উপস্থিত হলেন রবীক্রনাথের দরবারে। আলাপ করিয়ে দিলেন তার সঙ্গে। প্রথম দর্শনেই প্রেম। এর আগে হয়ত রবীক্রনাথের ছবি ও দেখেছে'। এখন তার অনিন্দাস্থলর স্লিগ্ধ কান্তি দেখে মৃগ্ধ হল। সেদিন অতুলও ছিল সেই চায়ের আসরের নিমন্ত্রিত ব্যক্তি। রবীক্রনাথও নিমন্ত্রিত। স্থললিত কঠে স্বরচিত গান কবি শোনাচ্ছিলেন। বছ ভাল লাগছিল সেই স্বমধ্র সঙ্গীত। সঙ্গীত সমাপ্ত হলে ওর কে এক ছুইু বন্ধু সেই সময়ে রবীক্রনাথকে বললে, দেখুন, অতুল গান করে এবং নিজেও কিছু কিছু গান রচনা করে।

की मुक्किन !

ছেলেবেলায় গোপনে কবিতা লিখে তৃ-একটা গান রচনা করে নিতাস্ত অস্তরত্ব বন্ধু বা আত্মীয় ছাড়া আর কাউকে শোনায় নি। তারপর গানের গাত। ধরা পড়াতে কীলজ্জা! আর এখন লক্ষায় সঙ্গোচে পৃথিবী দ্বিধা হও ভাব।

অতুল প্রতিবাদ করে। কবি শোনেন না। বলেন, সে তোভাল কথা; আপনি নিজের রচিত একটা গান করুন।

को मृक्षिन !

মনে মনে ভাবে ও, ভারতের শ্রেষ্ঠতম গীতিকবি এবং একজন প্রগায়কের সামনে ওর নিজের রচিত গান গাইতে হবে! যদি স্তরে ভূল থাকে, কম্পিত হয় কণ্ঠস্বর, স্থর তান ছন্দ হারিয়ে ফেলে!

রবীজ্ঞনাথ বৃঝলেন যে ও বিত্রত হয়েছে। তিনি আশ্বাস দিলেন। ওর মনে সাহস দিলেন, পিঠ চাপড়ে বললেন, গান করুন অতুলবানু, নিশ্চয়ই পারবেন।

সকলের সামনে দেদিন কম্পান্থিত কলেবরে কম্পিত কণ্ঠে গান['] গাইল, ওর মৃথের উষ্ণ-রক্তিম ভাব কাটতে বেশ সময় লাগল। শিষ্টতার প্রতিমৃতি রবীন্দ্রনাথ শাস্ত হয়ে বসে শুনলেন গান। গান শেষ হলে বললেন, চমংকার অতুলবাবু, আপনি বেশ গান করেন!

তথন ও ছিল , আপনি' এবং 'অতুলবাবু', পরে হল 'তুমি' এবং 'অতুল'। ও ছিল খামখেয়ালী সভার সর্বকনিষ্ঠ সদস্য। সভ্য-সংখ্যা কম ছিল না। রবীন্দ্রনাথ ঠাকুর, দ্বিজেক্সলাল রায়, মহারাজা জগদীক্রনারায়ণ রায়, বলেক্সনাথ ঠাকুর, জ্ঞানেক্সনাথ ঠাকুর, অবনীন্দ্রনাথ ঠাকুর, লোকেন্দ্রনাথ পালিত। এঁরা সাহিত্যিক, স্থরসিক, শিল্পী; খাম-থেয়ালীর সদস্য-পদে। সভার কাজকর্ম একট্র খামখেয়ালী ধরনের—নিয়মের কোন বাঁধাধরা নেই। উদ্দেশ হাস্থরদের উদ্দীপন করা, নানান সঙ্গীতের মাধ্যমে সভ্যদের চিত্ত আরুষ্ট করা এবং সভাশেষে জঠরের তৃষ্টি-সাধন। হাসির বক্সায় ভাসিয়ে হাসির গান গেয়ে থামথেয়ালীর মজলিশকে মশগুল করে রাখতেন দিজেব্রুলাল। দিজেব্রুলাল গানের এক পদ গেয়ে গান থামিয়ে মুচকি হাসি হাসেন, সভ্যেরা সঙ্গে-সঙ্গে কোরাস ধরেন। রবীন্দ্রনাথ কোরাদের নেতা। দিজেন্দ্রলাল গান ধরেন, 'হতে পাছেম আমি একজন মন্ত বড় বীর! আর রবীক্তনাথ মাথা আন্দোলিত করে কোরাস ধরেন, 'তা বটেই তো, তা বটেই তো! দিচেন্দ্রনাল আবার গানে ডুব দেন, 'নন্দলাল একদা করিল ভীষণ পণ'। রবীক্রনাথ দলবল সমেত গান ধরেন, 'বাহারে নন্দ বাহারে নন্দলাল।' দিজেব্রুলাল থামথেয়ালী সভাদের হাসির উদ্বেল তরঙ্গে যেন নৃত্যু করান। রবীব্রনাথ স্থা হাসির রুমের ভয়হবী প্রাবনে মাতিয়ে তোলেন। গামগোলী আসরে মাঝে-মাঝে রাধিকাপ্রসাদ গোপ্বামীর আবিভাব হয়। মাঝে-মাঝে অবন ঠাকুর তুলি রেখে এস্রাছ হাতে এদে উপস্থিত হ্ন সভার মাঝে। দেদিন তাঁর হাতে**র জাতুস্পর্শে মৃক্তি** পায় জগতের বন্দী যত রাগরাগিণী। আপন-আপন রচনা পাঠ করেন অনেক সাহিত্যিক। কিন্তু বলেন্দ্রনাথ ঠাকুরের লেখা অপূর্ব, অতুলনীয়। ষেমন স্থপুরুষ, তেমন উদার কণ্ঠস্বর।

বলেক্সনাথ-রবীক্রনাথকে দেখে মাঝে নাঝে মনে হয়, ওঁদের মত সারা জীবনটা ধদি সাহিত্যের চর্চায় মেতে থাকা যায়! শুধুই সাহিত্য চর্চা—বাগ্দেবীর আরাধনা—সাহিত্য আলোচনা; আর কোন কাজ নয়, কোন চিন্তা নয়, কোর্টে পৌছে অনর্গল 'অনেক মিথাাও সতা বলে ধরে নিয়ে' মকেলের হয়ে অপর পক্ষের সঙ্গে ধুদ্ধ প্রবৃত্ত হওয়া নয়। তেওঁ ভাগাঁকোর দক্ষিণের বারান্দার এক কোণে একট্করো জায়গার জন্মে লালায়িত মন।

খামখেয়ালীর অধিবেশন এক একজন সদস্তের বাড়িতে হয়। যাঁর বাড়িতে অধিবেশন বদে তাঁকে আগেই সকল সদস্তকে নিমন্ত্রণ করতে হয়। ভোজনের স্থবাবস্থাও সঙ্গে সঙ্গের রাখা চাই। সেবার বলেন্দ্রনাথের পালা—সৌন্দর্ধের পূজারী বলেন্দ্রনাথ। কবির কবিতাপাঠ, অন্যান্তের রচনাপাঠ, সঙ্গীত, হাসির গান, খামখেয়ালী উৎসব সজ্যোগের পর স্বত্রভাষী বিনয়ী বলেন্দ্রনাথ ভোজনের জন্তে অন্ত একটি ঘরে সকলকে নিয়ে উপস্থিত

হলেন। সে ঘরটি এমনভাবে ফুলপাতায় স্থন্দরভাবে সঙ্গিত ছিল যে মনে হয় ব্ঝি নন্দনের পুষ্পকুঞ্জে এলুম। মাঝখানে দেখি জলাশয়। মাঝে মাঝে ত্-একটি বনস্পতি, জলে রাজহংস, জলপদ্ম, সবসীর তটের চারপাশে নবতুর্বাদল। সবই প্রকৃতির অফুকারী -----হংস তরুলতা তুর্বাদল সবই রুত্রিম। সেই কাঁচ-নির্মিত জলাধারের চার-পাশে বসবার আসন। প্রত্যেকটি আসনের সামনে নানাধরনের গাগুসম্ভার, তাতে বিচিত্র বর্ণবিক্রাস। আমরা ষেই থেতে বসলাম অমনি কোন ল্ক্কায়িত জায়গা থেকে মৃত্যুন্দ সানাই বাজতে লাগল। উচ্চ হাসি এবং সভাদের আহার্যকালীন মুখব্যাদান দর্পণে প্রতিবিশ্বিত হয়ে হাসির মাত্রা আরো বাড়তে লাগল। আর বাক্যকুশলী, আলাপকুশলী হাশ্তরসিক রবীন্দ্রনাথ, হিজেক্রলাল, জগদীন্দ্র রায়, অর্ধেন্দু মুন্ডাফী সকলে এমন হাসতে হুক করলেন, যে সেই আলোড়নে স্থাগ্য কোথায় তলিয়ে যায় বুঝতে পারা গেল না। রবীক্রনাথ বললেন, এবারের খামথেয়ালীর আসর অতুল তোমার বাড়িতে বসবে ছির হয়েছে। জ্ঞানী গুণীর পদ্ধলিতে ধন্ত হবে এ-ঘর—তাই বাডি-ঘরদোর সাজানো হল। কোর্টকাছারি থেকে তাড়াতাড়ি ছুটি করে বাডি ফিরল অতুল। মান রাথতে হবে বৈকি, তার জত্তে দাম দিতেও হবে।—একাকী জীবনে মাঝে মাঝে বড় অহুবিধেয় পড়তে হয়। কতদিকে কত দৃষ্টি রাখা যায় । একাকী—নিজেকে বড নিঃসঙ্গ মনে হয় ... একজন যদি সঙ্গী থাকত

বড়মামা ক্লফগোবিন্দ গুপ্ত একদিন এলেন অতুলের বাড়িতে, সঙ্গে বড়মামীমা এবং কলা হেমকুস্থম।

বড়মামা মামীমাকে দেগে অতুল ভাড়াভাড়ি অফিস-ঘর থেকে বাইরে এসে অভ্যর্থনা জানাল।

বড়মামা বললেন, আমরা আর বসব না অতুল। এদিকে এসেছিলাম, তোমাকে আমরা একবার দেখতে এলাম।

অতুলপ্রসাদ সেনের রচনা 'আমার কয়েকটি রবীক্রশ্বতি' থেকে।

মামীমা বললেন, তুমিও আর আমাদের বাড়ি যাও না অতুল।

বড়মামা বললেন, তুমি নাকি এখন সাহিত্যচর্চা করছ ? করছ কর, কিন্তু আপন কাজকে তুলো না যেন। সময় নাই কোরো না। মনে রেথ প্র্যাকটিস জমাতে হলে দিনরাত প্রাকটিসের কথা ভাবতে হবে—মন-প্রাণ দিয়ে ভাবতে হবে; তবেই জীবনে দাড়াতে পারবে।

ষাবার আগে হেমকুস্থম বলে গেল, তৃ-একদিনের মধ্যে আমাদের বাড়ি এসো। আর ওর কথা শুনে মনটা ষেন কেমন হল। ওর কথা হঠাৎ যথন মনে হয় কোন কাজের অবসরে তথন সব কাজে যেন কেমন ভূল হয়ে যায়। মঙ্কেলদের দলিল-দন্তাবেজে বুথাই যুরে ফিরে মরে। সঙ্গাল ভূল হয়, প্রতিপক্ষের ব্যারিস্টার অ্যাডভোকেটরা উচ্চম্বরে হেসে ওঠেন। সিনিয়র এস. পি. সিংহ বলেন, মাই বয়, ভোমার কী হয়েছে? কাজে এত ভূল কেন! তুমি তো এমন নও ?

বার লাইব্রেরিতে বসে আইনের মোটা-মোটা বই খুলে নোট নিতে নিতে হঠাৎ যেন আপনাকে কাজের ছোট গণ্ডিতে বাঁধা বলে মনে হয়। এই জটিলতা-কুটিলতাভরা জগতে নিখাস নিতে কট্ট হয়। মৃহূর্তে এ জীবন এ জীবিকা ত্যাগ করে ভেসে খেতে ইচ্ছে হয়। তথ্য মনে পড়ে সাহিত্যচক্রের কথা। রবীন্দ্রনাথের অনিন্দ্যস্করে স্নিগ্ধ কাস্তি, বলেন্দ্রনাথের স্থমিট স্থমধুর কাব্যকর্প, দিজেন্দ্রলালের সর্বদা হাস্তপূর্ণ মৃথমণ্ডল। তথ্য হাইকোর্টের এই লাল হুর্ভেগ্ন হুর্গ তথ্য অত্নের কাছে অসহত তথ্য বদি তথ্য

কর্মকান্ত অতুল দেদিন ফিরে চলে কোট থেকে ঘরমুখো। অকস্মাৎ নববধার প্রথম বৃষ্টি-কোটা স্পর্শ দেয় শরীরে মনে। কেন জানি না ওর রবীক্রনাথকে মনে পড়ে যায়। সিক্ত শরীরে সটান পৌছে গেল জোড়াসাঁকোর ঠাকুরবাড়ি।……বর্ধার প্রথম সায়াহে কবি তার একান্ত ঘনিষ্ঠ সহচ.. লোকেন পালিতের সঙ্গে একান্তে একগানি ছোট ঘরে বদে নববর্ধার রূপ দেখছিলেন এবং মাঝে মাঝে তন্ময় কবি তাঁর বর্ধার কবিতা আরুত্তি করছিলেন আর গান গাইছিলেন। সথা লোকেন পালিত ইংরাজি, ফরাসী, ইউরোপীয় ভাষা থেকে সেই কবিতাগুলির সমভাবাপন্ন কবিতা আরুত্তি করছিলেন। কবি বললেন, 'এস অতুল, বোস এখানে—আমার পাশে। তুমি আসবে আমি ভেবেছিলাম। তোমার কথা ভাবছিলাম অনেকদিন।'

বর্ষাকাল জুড়ে চলল সেই বর্ষামঙ্গল আসর। কবি বলতেন, তুমি এসো ছিপ্রহরের পরে। লোকেন্দ্র পালিত বলতেন, জগতের কোন ভাষায় রবীন্দ্রনাথের বর্ষার কবিতা ও বর্ষা-সঙ্গীতের তুলনা নেই। আমি বখন তোমার বাড়ি আসব, তুমি তখন কাজ করতে পারবে না, বৃঝলেরেখে দাও তোমার দলিল-দ্সাবেজ ফাইল-কাগজপত্রগুলো। আমার দিকে চোখ তুলে তাকাওআমার দঙ্গে গল্প কর।

কিন্তু হেম, তুমি জান না তুমি কী ক্ষতি করছ আমার! তোমার জন্মে আমার
কথাটা বুঝি শেষ করতে পারে না অতুল।

সময়-অসময় নেই, হেমক্সম ওর দারকুলার রোডের বাড়িতে এসে ওর সমস্ত কাজকে গোলমাল করে দেয়। বাইরের লোকজন মানে না। ওর জন্তে ভদ্রতা রাথা বৃথি দায় হয়ে পড়ে। অফিসে এসে ওর টেবিলের অপর দিকের চেয়ারে বসে। পরক্ষণেই চেয়ার ঠেলে দাড়িয়ে ওঠে। চারিদিকে ঘূরে তাকিয়ে বলে—তোমার অফিস-ঘর কী অপরিষ্কার • ৩ইজন্তেই তো কোন ক্লায়েণ্ট আসে না তোমার কাছে! পরিষ্কার করতে পার না ঘরদোর গুপয়সঃ নেই গুনা কি, পয়সার দিকে মন নেই গুতবে কোন্দিকে মন ? বলে হেসে ওঠে।

কোন-কোনদিন অফিস-ঘরে এসে তাক পরিষ্কার করে, বইপত্তর গুছিয়ে, টেবিলের অনেক কাগছ বাছে কাগছের ঝুডিতে ফেলে, ফুলদানিতে ফুল রেখে বলে—দেখ এবার ···· তারপর হেসে বলে, বল কী 'ফুল ভালবাসো না তুমি !

কোনদিন বা অফিস-ঘরে এসে কোন কথা না বলে ধার রাশ্লাঘরে। স্টোভ জালিয়ে গরম জলের কেটলি চডিয়ে হাক দেয়—চিনি কোথায় ? উঃ কী তেষ্টা পেয়েছে !

তারপর গরম চায়ের কাপ হাতে নিয়ে ওর টেবিলে ঠকাস করে নামিয়ে রেথে বলে, চা খাও। পরমূহুর্তেই বলে, চা খাক্ত, কিন্তু বেশি থেও না, শরীর খারাপ হবে—তোমার জন্যে আমার বড ভাবনা!

ষদিও প্রায়-দিন হেমকুস্কন এদে পৌছতে পারে না সারকুলার রোডের বাড়িতে, তর্
মূহুর্ভগুলি ওর প্রত্যাশাতে পূর্ণ থাকে নানা কাছের মাঝে। হেমকুস্থমের কথা মনে
হয়। ননে হয় এই মূহুর্তে হেম হয়ত ওর কথা ভাবছে, তা না হলে হেমের কথা
এত মনে পড়ে কেন! মন বলে এক্ষনি ছুটে চলে যাই একবার দেখে আদি তাকে,
অস্থ-বিস্থ করেনি তো! তব্ভিন্থা কেন যে মনের সামনে এদে দাঁড়ায় ও ব্রতে
পারে না।

মা আসেন রোজ সকালে। আপন বাড়ির কাজ সেরে ছেলের বাড়ি দেখাশোনা করতে। 'ছেলের নিঃসঙ্গ জীবন মাকে সকল সময়ে বড় ব্যথিত করে। মা বলেন, বাবা, তুই এবার একটা বিয়ে-থা করে সংসারী হ।

ও বলে, না মা, এগন আমি বিয়েতে মত দিতে পারব না। আমাকে নিজের পায়ে দাড়াতে দাও।

হেলে মামীমারা বলেন, বল তোমার কী রকম মেয়ে পছন্দ। না কি তুমি নিজে পছন্দ করে বিয়ে করবে ?

ও কিছু বলে না, হাসে। তেও জানে আত্মীয়-স্বজন বন্ধু-বান্ধব সকলের সঙ্গে হয়ত একদিন ওর বিচ্ছেদ নেমে আসতে পারে। ও ব্বতে পারে ওকে প্রচণ্ড বাধার বিরুদ্ধে একা দাঁড়াতে হবে; কারণ বিয়ে যে ও করবে না একথা ঠিক নয়—ও আপন মনোনীত মেয়েকে বিয়ে করবে এবং ও স্থির নিশ্চিত যে, ওদের এই বিবাহে ওর কোন আত্মীয়-স্বজন সন্মতি দেবে না। কিন্তু ও সন্ধল্পে দৃচ। অতুলের মানসী প্রতিমা যে ওর মামাতো বোন হেমকুস্কম!

কলকাতায় ব্যারিস্টারিতে প্র্যাকটিস জমে না। এখানে প্র্যাকটিস করেন রথী-মহারথীরা। দেওয়ানীতে রাসবিহারী ঘোষ, তারক পালিত, বিনোদ মিত্র, সত্যপ্রসন্ন সিংহ; কৌজদারিতে অনেক ইংরেজ ব্যারিস্টার—ধেমন নর্টন সাহেব, বাঙালী ব্যোমকেশ চক্রবর্তী। এর মাঝে নতুন ব্যারিস্টার অতুলপ্রসাদের জায়গা কোখায়! চিত্তরঞ্জন তথন কলকাতা হাইকোর্টে ব্যারিস্টার রূপে নাম লিখিয়েছেন।…এস. পি. সিংহ এবং আরও কে কে যেন পরামর্শ দিলেন, রংপুরে গিয়ে প্র্যাকটিস কর্মন। প্র্যাকটিস জমবে।

ননটাও হঠাং ভীষণ থারাপ হয়ে .গল যিনি ওদের এত সাহাষ্য করতেন অর্থ দিয়ে বৃদ্ধি দিয়ে সাহস দিয়ে, তাঁর আকস্মিক মৃত্যুতে। হুর্গামোহনবাবুর মৃত্যুতে ওর প্রাণে শেল বাজল।* এথন থেকে সমস্ত সংসারটাই ওর কাঁধে এসে পড়ল।

সংসার আর চলে না। রংপুরে প্রাকটিসের কথাটা মনে পড়ল সেরংপুর বড় শহর, তবে, কলকাতার মত বড় নয়। এবং প্রতিষোগিতাও সেথানে কম নিশ্চয়ই। রংপুরে প্রাকটিস করলে ফলাফল নিশ্চয়ই ভাল হবে। কথাটা মনংপৃত হল। সঙ্গে-সঙ্গেই মন থারাপ হয়ে গেল। কলকাতা ছেড়ে গেলেই কলকাতার বা বাংলার সাহিত্য জগৎ থেকে দ্রে সরে থেতে হবে। রবীন্দ্রনাথ, অবনীন্দ্রনাথ, বলেন্দ্রনাথের অম্ল্য সঙ্গ থেকে সে বঞ্চিত হবে। থামথেয়ালী সজ্বের সকল সভ্যদের মন থেকে সে মৃছে যাবে। বিদ্

হুর্গামোহনবাব্র মৃত্যু হয় ১৯শে ভিদেয়র ১৮৯৭

যাওয়ার সহল্প ছেড়ে দেয় না। শুভদিন দেখে রংপুর ষাত্রা করে। এবং উৎসাহের সঙ্গে রংপুরে কিছুদিন প্র্যাকটিস শুরু করে। কিছু সেথানেও ব্যর্থতা। প্র্যাকটিস জ্বমে না। কিছু মাদ পরে অতুল রংপুরে প্র্যাকটিস করা ছেড়ে দিয়ে আবার ফিরে চলে এল কলকাতায়। কলকাতায় এদে শাস্তি—কলকাতায় সঙ্গীত…সাহিত্যিক বন্ধৃ…রবীন্দ্রনাথ, অবনীন্দ্রনাথ, বলেন্দ্রনাথ, থামথেয়ালী সঙ্গা—এবং প্রাকৃটিত প্রেমের কলি……।

এদিকে হেমকুস্থম ও অতুলের প্রেমের সম্পর্ক আর আত্মীয়দের কাছে অজানা রইল ন। আত্মীয়দের অনেকে উপদেশ দিলেন, অনেকে তিরস্কার করলেন। অতুল, হেমকুস্থম, তোমাদের জন্তে আমাদের সমস্ত পরিবারের মুখ দেখানো দায়!

मा नीतरव रहारथत छन रक्नरन ।

তুমি জান অতুল, তোমার এ বিবাহে আত্মীয়দের মধ্যে বিচ্ছেদ আসবে, সম্পর্ক তিক্ত হবে। মামাতো বোনকে বিয়ের ইচ্ছে ত্যাগ কর বাবা। এ অসিদ্ধ,—আমাদের সমাজ রীতিনীতিব বাইবে।

কিন্তু হেমকস্তমের সঙ্গে বিবাহ না হলে কোনদিনই আমি বিবাহ করব না। একথা জেনো। আর বীতিনীতি, সমাজ—সমাজ আমরা অনেকেই মানি না। **আমরাই** হাতে গড়ি, আমরাই ভাঙি।

অতুল !

ক্মাকর মা!

ওদিকে হেমকুস্কম তার মাকে বললে, অতুলকে ছাড়া আর কাউকে বিবাহ করতে সেরাছি নয়। বিরক্ত গলেন মামা মামীমা, মেয়ে এবং ভাগনের ব্যবহারে। কিন্তু মেয়ে বড় হয়েছে, রাগের মাথায় কিছু একটা ঘটে যাওয়া—বেমন আত্মতাতী হওয়া—হেমকুন্তমের পক্ষে বিচিত্র নয়। এমনিতেই হেমকুন্তম বড় অভিমানিনী, একগুঁরে, ছেদী প্রকৃতির মেয়ে। তাকে ভয় হয়। অনেক ভেবে চিন্তে বড়মামা জানালেন, বেশ, তোমরা সাবালক হয়েছ, বিয়ে করতে চাও কর। তবে কিন্তু ক্তেনে রেথ, এদেশে ভোমাদের বিবাহ হবে না। এ দেশের আইনে ভোমাদের বিবাহ হতে পারে না। অতুল হেমকে জানালো, আমাদের বিয়ে যদি এদেশের আইনে না মানে তবে বিদেশের আইনে মানবে। ওগানে আমাদের বিয়ের কোন বাধা নেই। আমরা বিয়ের জন্তে বিদেশে পাড়ি দেব।

করেক মাস পরে শুর কে. জি. গুপ্ত অফিসের কাজে লণ্ডন চলে গেলেন। · · · · · শা কিছু জমানো টাকা আর কিছু ধার-দেনা করে কিছুমাত্র দেরি না করে কলকাতা থেকে এক রাতে অতুল হেমকে নিয়ে বোম্বাই রওয়ানা হয়ে গেল।

বোষাই থেকে জাহাজ-যোগে স্কটল্যাও। সেথানে অনাড়ম্বরে চ্জনের বিবাহ হল। সুইটজারল্যাও থেকে লওনের পথে পা বাড়ালো অতৃল হেম।

সে বছরটা উনিশশো এক।

লওনে পৌছে অতুল হেমকুস্থমকে বলল, আজ আমাদের নিজেদের সভ্যি একাকী মনে হচ্ছে আমরা আত্মীয়-স্বজন বন্ধু-বান্ধব পরিভ্যক্ত, সমাজ আমাদের দূরে ঠেলে দিয়েছে। বিবাহের জন্তে দূর প্রবাদে আমাদের ছুটে আসতে হল হেম। দেশে বিবাহ হলে ভোমার বিবাহে উৎসবের ঘটা হভ আলোর রোশনি, বাজির ঝলকানিতে আকাশ হাসত। এথানে আমরা এখন একেবারে নিঃস্ব।

কে বলে আমরা নিংম্ব ?

জান হেম, আমি স্থির করেছি আমরা আর দেশে ফিরব না ক্রেন্ড। দেশের আমাদের কোলে স্থান দেয়নি; দেশের মাস্থ্য আমাদের অবজ্ঞা করেছে। দেশের জন্যে এই দূর বিদেশে বসে মন কোঁদে উঠলেও ভাবতে হবে, এই দেশই আমাদের আশ্রয়দাতা। আমাদের কর্মভূমি হবে এই দেশ, এবং আমাদের অন্নভূমিও। আমি আমার কর্মভূমি হিদেবে ইংল্যাণ্ডকেই মনোনীত করলাম। আমি এখানেই ব্যারিস্টারি করব হেমকুস্থম —এই ব্রিটিশ দ্বীপপুঞে।

হেম বলে, সেই ভাল।

ব্রেকফান্ট সেরে অনেক উৎসাহের সঙ্গে রোজ সকালে নতুন কর্মক্ষেত্রে ছোটে অতুল। কিন্তু বারে-বারে ব্যর্থ হয়। কলকাতা হাইকোটে, রংপুরে আর এখন লগুনের গুল্ড বেলীতে সেই একই ইতিহাস। সারাদিন-শেষে কর্মহীন ক্লান্তি মেথে যখন ও বাড়ি ফেরে তখন দরজার পাশে দাঁড়িয়ে থাকে হেমকুস্থম। হেমকুস্থমের দিকে চোখ তূলে তাকাতে পারে না ও। কেমন যেন লজ্জা করে। মাঝে মাঝে জগংটার ওপর প্রচণ্ড আক্রোশ এসে জমা হয়। মাঝে মাঝে বুঝি নিজের ওপর আছা হারিয়ে ফেলে। হেমকুস্থম উৎসাহ দেয় তখন। বলে, তুমি একদিন আপন আসন নিজেই করে নিতে পারবে দেখো। আমাদের এর মধ্যেই নিজেদের চালিয়ে নিতে হবে তেলাম হালিয়ে কোনব দেখো। স্থান আমাদের আসবে।

লগুনে শীত পড়তে শুরু হয়। গাছের পাতা ধীরে ধারে করে কর্মানসার রূপ নের। কুরানার পথবাট ছেয়ে যায়। ঝিরঝিরে বরফ পড়ে পড়ে রান্তাঘাট ঘরবাড়ি চেকে দেয়। বর্শার ফলার মত ঠাগু হাওয়া এসে গায়ে বিধে জালা ধরায়। রোদের মৃথ দেখা যায় না। মেঘলা মনমরা ঠাগু দিনরাত। জালানির জ্বভাব। ব্রেষ্টে গরম জামাকাপড়ের জ্বভাব। জার বৃঝি দিন চলে না। একদিন বাড়িগুরালা এসে অতুলকে শুনিয়ে দিয়ে গেল বাড়ি ভাড়া বাকি পড়েছে, শীদ্র মিটিয়ে দাও না হলে অন্ত কোথাও বাড়ি দেখে-শুনে নাও। দিন চলাই মৃষ্কিল হয়ে ওঠে। কোন-কোনদিন সকালে মোড়ের মাথার দোকান থেকে সদেজ-সজ্জি মাংস কিনে এনে হেমকুস্থমের কাছে নামিয়ে দিয়ে বলে, কয়েকদিন কট করে চালিরে নাও হেম। তেনান-কোনদিন হাতে কিছু পাউণ্ড-শিলিং এলে মনমেজাজ শরীফ হয়ে ওঠে। অতুল বলে, আজ বাড়িতে রান্নার প্রয়োজন নেই হেম, চল রেন্ডোর মার ভিনার থাওয়া যাক। দিলদরিয়া মেজাজ বলে এত অভাব-অভাব ভালো লাগে না। তেল হেম আজ আমরা নাটক দেখে আসি ক্রোদিকাল গান শুনে আসি ক্রেকার লাগে আমার ওয়েন্টার্ন মিউজিক। আমার গানের স্থরে কিছু কিছু এদেশের স্থরের ছোঁয়া আছে, জান!

হেমকুস্থম বলে, তুমি তো অনেকদিন কোন গান রচনা করো নি গো।

হবে, হবে, সব হবে। উল্লসিত অতুল। উচ্চহাস্থ করে। উচ্চহাস্থে হংথ বেদনা সৰ ঝরে পড়ুক।

নাঝে মাঝে বড় বিষণ্ণ মনে হয় অতুলের। বলে, হেম, দেশ থেকে কেউ কোন চিঠি লিখে আমাদের থবর নিলে না। আমার আত্মীয়-স্বজনেরা না হয় আমাকে ভূলেছেন কিন্তু আমার বন্ধু-বান্ধবরাও কেন চিঠি লিখল না? দকলে কি আমাদের মন থেকে মুছে ফেলল ? অামি একা থাকতে কোনদিনই ভালোবাসতাম না—আমি চিরকালই ভেবেছি আমি থাকব আমার বন্ধু-বান্ধব আত্মীয়-স্বজন সকলের সঙ্গে।

হেম বলে, যারা আমাদের সঙ্গে কোন সম্পর্ক রাখতে ইচ্ছা করেন না তাঁদের সঙ্গে আমরাও কোন সম্পর্ক রাখব না।* আমরা বেশ আছি। প্রয়োজন হলে আমরা চিরকাল একলা বাস করব।

ছিঃ হেম, অমন কথা মনে রেখোনা, মনে এনোনা কথ্খনো। সামান্ত কথার রেশ ধরে অতুল ও হেম তৃছনের মনে অশান্তির বীজ দেখা দেয়। তৃছনের কারো শান্তি থাকে না মনে, কারণে-অকারণে মনোমালিন্ত থটে যায়।

হেম বলে, কাকে চিঠি লিখছ ভনি !

অতুল বলে, মাকে। মায়ের জত্যে বড় চিন্তা-ভাবনা হচ্চে। মা এবং বোনদের কথা

* অতুলপ্রসাদ সকল সনয়ে আর্মায়-পরিজন সহ থাকিতে ভালোবাসিতেন। যে
সকল আর্মায়-স্বজন বন্ধু-বান্ধব তাঁহাদের প্রতিবন্ধক স্বরূপ দাড়াইয়াছিলেন
হেমকুস্তম (অতুলপ্রসাদ সেনের স্থা) তাঁহাদের কারো সাথে সম্পর্ক রাখিতে
চাহিতেন না। পরবর্তীকালে স্বামী-স্থার বিচ্ছেদ এই কারণেই ঘটে।'
(শ্রীসত্যপ্রসাদ সেনের ডায়েরি থেকে)

মনে পড়ছে বড় আজ। কতদিন তেনের দেখিনি জান! বড় দেখতে ইচ্ছে করে। কিভাবে যে ওঁদের দিন চলছে কে জানে! আমি তো চলে এলাম তেন বিরক্তিজরা গলায় হেম বলে, তোমার মাকে বৃঝি তৃমি খুব ভালবাদ? তোমার মা এবং বোনেরা তোমায় বিয়ের পর কেমন ভালোবাদেন আমি দেখে নিয়েছি। তৃমি চিঠি লিখছ! কিন্তু ওঁরা তো তোমাকে কোনদিন চিঠি লিখেছেন বলে মনে পড়ে না! অতৃল চুপ করে থাকে। কখনও উত্তেজিত হয়ে পায়চারি করে ঘরময়। মুখে বিরক্তির রেখা ফোটে। কখনও ক্লান্ত হয়ে অবদন্ধ বোধ করে। বিরক্তির রেখাগুলি সময়ের স্রোতে অন্তর্ধান করে। অতৃল বলে, সত্যি হেম, তোমাকে স্থাথ রাখতে পারলাম না। তোমাকে বিয়ে করে কেবল কট্ট দিলাম। একটুকুর জন্তেও স্থাথ রাখতে পারলাম না— অভাব, অর্থকন্ট, অনটন আমাদের চিরদঙ্গী হয়ে রইল। ব্যারিন্টারিতে এখানেও ভালোভাবে বসতে পারলাম না। হেরে গেলাম হেম।

হেমকুস্থম আশ্বাস দেয়।

কোট থেকে কোন-কোন দিন ফিরে জামা কাপড় না বদলে ইজিচেয়ারে ক্লান্তভাবে ভয়ে থাকে অতুল। হেমকুস্থমের প্রশ্নের উত্তরে বলে, শরীর ও মন কোনটাই ভাল লাগে না

হেম বলে, কিছু হল না বৃঝি!

किছू ना, किছू ना (११)।

এক সময় উত্তেজনায় পাড়িয়ে ওঠে ও। মৃষ্টিবদ্ধ তুহাত পিছনে রেথে ঘরময় ঘুরে বেডায়। কথনও ফায়ার প্রেসের সামনে এসে পাড়ায়। উত্তপ্ত আগুনের লাল আভায় ওর মৃথখানা রক্তাভ মনে হয়। নিজল তথানি হাত ছোঁছে, চুল ছেঁছে। হেমকুস্থমের পাশে এসে দাডায়। বলে, হেম, তুমি শী: ত কষ্ট পাও। ঘুম ভেঙে আমি দেখেছি তুমি অনেক দিন বিছানায় উঠে বসে আছ। তেনার কষ্ট আমি বুঝতে পারি তেনার দেটে থেকে ফিরে সোজা উপস্থিত হয়েছিলাম একটা পোশাকের দোকানে, ইচ্ছে ছিল তোমার জন্মে একখানা গরম ওভারকোট আর একটা পালকের লেপ কিনে আনব। তেনার জন্মে এক আমি কিনে আনতে পারলাম না, ওভারকোট কেনার মত টাকা আমার নেই।

হেম ওকে ধীরে ধীরে ডাকে,—শোন একটা কথা আছে কোছে এস লক্ষীটি । আমার এথানে বস—এথানে এস কোমাকে যে কথা বলব ভাবছিলাম । বে কথাটা বলা হয়নি; কিন্তু বলতে লজ্জা করে। আমি কেন বিছানায় উঠে বসি, জান ? আমার …

की रुख़िष्ह रुम ... जूमि कि अञ्च ह, तन, जूमि कि अञ्च ?

হেম মিষ্টি হাসি হাসে।

ट्रम, की ट्राइट्डं आभाग वन, आभाग वन।

হেমকুস্থম অকস্মাৎ ওর চোথে যেন অন্ত রূপে ধরা দিল। হেমকুস্থমের জাঁথিচ্টি ষেন বড় ক্লান্ত মনে হয়। ক্লান্তি যেন সারা শরীরে ছড়িয়ে। রুক্ষতার বান অক্লে; তব্ ষেন কেমন খুশির আভা ওর মুখখানিতে।

হেমকুস্থমের মিষ্টি-হাসি মুথথানিতে চেয়ে ও বলে, তাহলে তে। তোমার শরীরের খুব ষত্র করা উচিত। তোমাকে নিয়ম করে চলতে হবে।

আবার উৎসাহ ফিরে আসে কাজে। বিগুণ উৎসাহ উত্তম মনে এনে বাঁপিয়ে পড়ে কাজের মধ্যে। হেমকুস্থমকে নিয়ে লগুনের হাসপাতালে যাতায়াত চলে। হাসপাতালে হেমকুস্থমের ষমজ সস্তান প্রসব হয়। বিদেশী বন্ধুরা এসে 'উইশ' করে গেলেন। প্রবাসী দেশী বন্ধুরা বললেন, মিষ্টি খা ওয়ান। একসঙ্গে তুই পুত্রের গবিত পিতা অতুল-প্রসাদ সেন।

স্বামী-স্ত্রী হুজনে হুজনের চোথে তাকিয়ে হাসে। অতুল বলে, এদের নাম দেওয়া দরকার। কী নাম দিই বল তো! একজনের গলায় হার পরিয়ে দাও, একজনের গলা শৃত্ত রাধ। হুজনকে চিনতে পারবে তো! হুজনেই যে এক দেখতে!

হেম বলে, তুমি এদের একটা নাম বল।

স্বামী বললে, একজনের নাম দাও দিলীপ—পুরো নাম দিলীপকুমার সেন····· অন্তজনের কি নাম দেব বলতো ?

হেম মিল রেখে বললে, নিলীপ—পুরো নাম নিলীপকুমার সেন। মিল রেখে নাম দিরে দিলুম। কেমন নাম বল।

यामी वनतन, निजीश मात्न की ?

স্ত্রী বললে, তুমি কবিতা লেগ, এত মানে জ্বিজ্ঞেদ করছ কেন ? মানে নেই ? স্থামী বললে, চমংকার ! চল একদিন এদের একটা ছবি তুলে নিয়ে আদি।

অবস্থার কিছু পরিবর্তন হয়। পুত্রন্বয়ের সৌভাগ্যে সৌভাগ্য স্থচিত করে বৃঝি। কিছ আবার অবনতি—আর্থিক অবনতি, মানসিক বিচ্যুতি, ছোটগাট ঘটনা থেকে অশাস্থি স্থামী এবং স্থীর মধ্যে।

এদেশ আমার আর ভাল লাগে না—দেশ ছেড়ে এই বিদেশে। বাঙলা দেশ আমাকে ডাক পাঠাছে। বাঙলা দেশের সাহিত্যিক বন্ধুদের জন্মে আমার মন কেমন করে থেকে থেকে। আমি ওদের ডাক শুনেছি, আমায় ষেতে হবে। আমায় ষেতে হবে সেখানে আমার শহুতামলা মাতৃভূমিতে আমার সেই ষে সেই সোনার বাংলায়; আমার কেউ বেধে রাথতে পারবে না আর।

যমজ পুত্রের একজন নিলীপ মারা গেল হৃদিনের জ্বরে ভূগে। মাত্র ছটি মাস আয়ু সঙ্গে নিয়ে সে এসেছিল এই পৃথিবীতে। মন ভেঙে গেল স্বামী স্বীর। আর এথানে থাকা যায় না। হেমকুস্থম বলে, চল আমরা ফিরে যাই দেশে।

ওন্ত বেলী থেকে সেদিন ফিরে এলেন অতুলপ্রসাদ। বললেন, শোন হেমকুস্থম, মনস্থির করেছি আমরা এবার দেশে ফিরে যাব। তবে, কলকাতায় ফিরব না। রংপুরেও নয়—বাংলাদেশে কোথাও নয়। ভারতবর্গে ফিরে যুক্তপ্রদেশের রাজধানী লখনউ শহরে আমরা বাসা বাঁধব। নবাব-শহর লখনউ শহরে আমি ব্যারিস্টারি শুরু করব নতুন করে। আমার বন্ধু লখনউয়ের বিশিষ্ট এক তালুকদার আমাকে আহ্বান দিয়েছেন। মনে হয় ওখানে আমার পদার জমবে। আমায় ঠিকানা দিয়েছেন এক খ্যাতনামা বিশিষ্ট বাঙালী অ্যাডভোকেট মহাশয় যাঁর নাম বিপিনবিহারী বস্থ। তিনি আমাকে কথা দিয়েছেন সাহায্য করবেন। তথন প্যাসেজ পেয়েছ তাঁদের সঙ্গে। আমাকে আথাস দিয়ে ভাক পাঠিয়েছেন। এখন প্যাসেজ পেয়ে গেলে, টাকা জোগাড় হয়ে গেলে যত তাড়াতাড়ি পারি ফিরে যাব আমরা ভারতবর্ষে।

नग्न

চিঠি-লেগলৈথির পাট শেষ হয়েছিল। ডিসেম্বর ১৯০২ সন কি ১৯০৩-এর জান্ত্রারি। অতুলপ্রসাদের লথনউ প্রবাসের দিন এগিয়ে এল। বিপিনবিহারী নিজের বড় ছেলে সনংকুমারকে অফিসগাড়ি নিয়ে ইঙ্টিশানে আনতে পাঠালেন। গাড়ি এসে ঝাউলাল পুলের বাড়িতে প্রপৌছল। বিপিনবিহারী নিজের দপ্তর্থানা থেকে বেরিয়ে এসে অতুল-প্রসাদকে সাদর আহ্বান জানালেন। নিজের বড় মেয়ে প্রভাকে বললেন, বৌমাকে তুমি বাড়ির ভিতরে নিয়ে যাও। তোমার মায়ের কাছে।

প্রভারই বয়দী হেমকুস্বম—অতুলপ্রদাদের স্ত্রী,—স্থনী, স্বাস্থ্যবতী, স্থলরী। বিপিন-বিহারীর স্ত্রী শরংবালার প্রথম দৃষ্টিতেই ভাল লাগল। বিপিনবিহারী অতুলপ্রসাদকে আপন গেন্ট-ফ্রমে থাকার বন্দোবস্ত করে দিলেন। শরংবালার মনঃপৃত হল না। বললেন, এরা তো আমার ছেলে বৌয়ের মত; আমার বাড়িতেই থাকুক। তুমি বরং তোমার ঘর ছেডে দাও।

বিপিনবিহারী হাসলেন।

ঘরের অভাব ছিল না। বাগানের ধারেই ইউক্যালিপ্টাস বীথি, সামনে স্থসজ্জিত ঘরখানি। সেইখানেই তাঁদের থাকবার ব্যবস্থা করে দিলেন। এদিকে কেশরবাগের বাড়িথানি ভাড়ার ব্যবস্থা হয়েছিল। রংচংয়ের কাজ শেষ হয়েছিল। অতুলপ্রসাদের জন্মে ওয়াজিদ হোসেনকে বলে সমস্ত আসবাবপত্র তার দোকান থেকে আনিয়ে দিলেন। ড্রইংরুম সেট, বেডরুমের জন্মে থাট-পালঙ, অফিসম্বরের টেবিল-চেয়ার আলমারি প্রভৃতি কোন কিছুরই ক্রটি রাখলেন না। অতুলপ্রসাদকে কাছারিতে নিয়ে গিয়ে জুডিশিয়াল ক্রমিশনার সাহেবের সঙ্গে পরিচয় করিয়ে দিলেন। পরিচয় করিয়ে দিলেন জজ্পাহেবদের সঙ্গেও।

বিপিনবিহারী লখনউ বার আাসোসিয়েশনের চেয়ারম্যান। কিছুদিনের মধ্যেই অতুল-প্রসাদকে তিনি এখানকার সভ্য করে দিলেন। বিপিনবিহারী অতুলপ্রসাদকে সকল বিষয়ে পরামর্শ দিলেন। একদিন বললেন, যদিও আপনি এখানে হাইকোর্টে প্র্যাকটিস করতে আরম্ভ করেছেন, আপনাকে নিচের আদালতের দলিলপত্র বিষয়ে জানতে হবে। এখানে নিচের আদালতের বেশির ভাগ কাজ-কর্মই উর্হ ভাষাতে হয়। আপনার উর্হ শেখার খুবই প্রয়োজন। উর্হ না জানলে এখানকার কাজ-কর্মে আপনার খুব অস্থবিধে হবে। আপনাকে আমি একজন মৌলভী ঠিক করে দেব। তিনি আপনাকে উর্হ শেখাবেন। আমার মৃদ্দিজীকে (মৃহরি) বলব আপনার জন্তে একজন হাঁসিয়ার মৃদ্দি দেখে দেবে।

বিপিনবিহারী আবার বললেন, আপনার কর্মক্ষেত্র সম্বন্ধে কিছু জানা প্রয়োজন। আপনি বাস করছেন এখন সংযুক্ত প্রদেশের রাজধানী লখনউ শহরে। সংযুক্ত প্রদেশ হয়েছে অষোধ্যা এবং আগ্রা এই চুটি প্রদেশকে যুক্ত করে। আউধ বা অযোধ্যা রাজ্য যা নবাব ওয়াজিদ আলি শাকে রাজাচ্যত করে ইংরেজ দথল করেছিল তার নামই নন-রেগুলেটেড अद्राप्त राज धरा राज । এর অধীনে নটি জেলা। রাজধানী লখনউ। অন্য ভাগে আগ্রা প্রদেশ, এর অধীনে কুড়ি-বাইশটি জেলা, রাজধানী এলাহাবাদ। এই প্রদেশে একজন करत (नक्टिन्ताने गर्नत भामनकार्य करतन। आधा श्राम्भान (कना-भामकरमत वना হয় ম্যাজিস্টেট অ্যাণ্ড কালেকটর। আউধের জেলা-শাসকদের বলা হয় কমিশনার। আগ্রা প্রদেশের দর্বোচ্চ বিচারালয় এলাহাবাদ হাই কোর্ট। আর আউধের দবোচ্চ বিচারালয়ের নাম জুডিশিয়াল কমিশনার্স কোর্ট। কোর্টের বিচারের শেষ আপিল হয় লওনের প্রিভি কাউন্সিলে। জুডিশিয়াল কমিশনার্স কোর্টকে চীফ কোর্ট করা হয়, সেইজন্তে জজের সংখ্যা বাড়িয়ে দেওয়া হয়। যুক্তপ্রদেশের গভর্নররা এলাহাবাদ ও লগনউতে ভাগাভাগি করে থাকেন; গরম কালে নৈনিতাল যান। আউধ যদিও ছোট প্রদেশ তবু এথানকার জমিদারদের প্রবল প্রতাপ। 'এ'দের বলা হয় তালুকদার বা Barons of Oudh । वं त्रा देशतरकत रुष्टि । विशानकात रामव कमिनारतता देशतकरम्त বিরুদ্ধে সেপাই-বিশ্রোহের সময় লড়াই করেছিলেন তাঁদের জমিদারি কেড়ে নিয়ে যারা

ইংরেজকে দাহায্য করেছিল ইংরেজরা তাদের মধ্যে বিতরপ করেছিল। এদের মধ্যে একটা বিলিতি আইনও প্রচলন করা হয় যাতে বংশের একমাত্র বড় ছেলেই জমিদারির উত্তরাধিকারী হবে। অন্য ছেলেরা বাব্য়ানা বা খোরপোশের জন্মে কিছু জমি ও কিছু টাকাকড়ি পাবে। এইদব জমিদার, তালুকদার ও নানান শরিকদের মধ্যে প্রায়ই হাঙ্গানা লেগে যায়। লখনউতে মানলা মোকর্দমার বিরতি নেই। লখনউ কাছারি দ্বদময়েই দরগরম।

বিপিনবিহারী বললেন অতুলপ্রসাদকে, এথানে আপনার ব্যারিন্টারি জমবে না তো কোথায় জমবে! আপনি জানেন, আমি লখনউ আসি ১৮৮৫তে, ঠিক আপনারই মত অবস্থাতে। আর আজ ১৯০৩ খ্রীন্টাব্দের জান্তুয়ারি মাস। আমাকে তো আপনি দেখছেন। আপনিও এথানে সার্থক হবেন অতুলবাবু।

বিপিনবাব্ তাঁর বন্ধু ও সহকর্মী বড়-বড় উকিল ব্যারিস্টার,—শুর ওয়াজির হোসেন, লালা শ্রীরাম, মহম্মদ নাসিম তাঁদের সকলের সঙ্গে পরিচয় করিয়ে দিলেন। বললেন,— ব্যারিস্টার মিঃ এ. পি. সেন আমার স্নেহভাজন, পুত্রের মতন। এখন আমার সঙ্গে একসঙ্গে কাজ করবেন। আপনারা মিঃ সেনের জন্তে একটু ভাববেন।

उँता वनत्नन, निक्तप्रहे, निक्तप्रहे!

মহম্মদ নাসিম বললেন, আপনার শরীর খুউব অস্কস্থ বলে মনে হচ্ছে যেন বিপিনবারু।
শরীরটা ভালো নেই নাসিম কিছুদিন থেকে।
আপনি খুউব বেশি পরিশ্রম করেন বিপিনবার।

বিপিনবিহারী ক্লান্ত হাসি হাসেন।

আপনি এই লখনউ শহরে কবে এসেছেন বিপিনবার ? অতুলপ্রসাদ বললেন।

অনেক দিন। জীবনটাই কাটিয়ে দিলাম এই সংযুক্ত প্রদেশে। আমার পৈত্রিক ভূমি বাংলা দেশের কোলগরে। বাবা নারা যাওয়ার পর জ্ঞাতিদের অসং ব্যবহারে মা আমাকে দঙ্গে নিয়ে বারাসতের বাহুর গ্রামে যান। বারাসত থেকে এনট্রান্স পাশ করি। তারপর বাংলাদেশ ছেড়ে মাকে সঙ্গে নিয়ে চলে আসি কানপুরে মাসির বাড়ি। মাসির বাড়িতে থেকে টিউশানি করে বি-এ পাশ করলাম, তারপর মীরাট কলেজে চাকরি নিলাম। মীরাট কলেজে থাকাকালীন বাংলাদেশে গিয়ে কুমারটুলির মহেক্রনাথ ঘোষের মেয়েকে বিয়ে করলাম। তারপর এম.এ. পরীক্ষা দেব; তার জত্যে স্থবিধে হবে ভেবে মীরাট কলেজ ছেড়ে দিয়ে এলাহাবাদের সরকারি বিভালয়ে যোগ দিলাম। এলাহাবাদ ইউনিভার্দিটি তথনও স্থাপিত হয় নি। কলকাতা ইউনিভার্দিটির অধীন ছিল এলাহাবাদের মেয়র কলেজ। এম. এ-তে সেবার আমি ভাগ্যক্রমে ফার্স্ট হয়ে গেলাম অতুলবারু, আর সঙ্গে-সঙ্গে ল-টা পড়ে নিলাম। এলাহাবাদে আমার ঘনিষ্ঠ

বন্ধু ছিল ডা: রামলাল চক্রবর্তী। হাসপাতালে কি একটা ভূলের জন্মে রামলাল চক্রবর্তীকে লখনউ শহরের সরকারি সার্জেন রূপে বদলি করে দেওয়া হল। আমি তখন এদিকে ওদিকে ইংরিজি কাগজপত্তে প্রবন্ধ লিথতাম, এমন সময়ে, জানেন, কলকাতা থেকে এক পাদরি এলেন এলাহাবাদে। এসে বক্তৃতায় এবং পুস্তিক। ছাপিয়ে হিন্দুধর্মকে আক্রমণ করে প্রচার করতে লাগলেন খ্রীস্টধর্ম অনেক ভালো, অনেক বড়। ভালো লাগে - কি পাদরির এসব কাজকর্ম ? আপনিই বলুন ৷ আমিও তাঁর বক্তৃতার ও পুষ্টিকার সম্চিত জবাব কবিতায় লিথে ছাপিয়ে সকলের মাঝে ঘুরে ঘুরে বিলি করলাম। এতে সাহেব মহল থুবই বিরক্ত হলেন। আমার চালচলন কাজকর্ম সবই ডি. পি. আই-এর কানে গেল। সাহেব এক্সপ্লানেশন চাইলেন। আম জানালাম আম কোন অক্সায় করি নি—অক্তায় করেছ তোমরা আমার কাছে এক্সপ্লানেশন চেয়ে। কারণ আমি তো কেবল তোমাদের ব্যবহারের উত্তর দিয়েছি। আমি কোন এক্সপ্রানেশন দিতে পারব না। ছেড়ে দিলাম চাকরি। অথকই দারুণ। ঠিক সেই সময়ে বন্ধু রামলাল ডাক্তারের চিঠি পেলাম। রামলাল ালখেছেন, ত্রাম তো 'ল' পাশ করেছ। লখনউ চলে এস। তোমার আদর্শ জায়গা। ওকালাত কর। নবাব-শহরে তোমার প্র্যাকটিস জমবে নিশ্চয়ই। আমরা তোমার পথ চেয়ে বদে রইলাম। — আমর। কে ? আমি মনে মনে ভাবলাম। রামলাল জানালেন আমাদের প্রবাসী বাঙালীদের মধ্যে একজনও উকিল নেই, তুমি সে অভাব পূণ করবে। তুমি যত শাঘ্র সম্ভব চলে এপ। ঝাউলাল পুলের উপর রায়বাহাত্ব ত্যাপ্রসাদের বাড়ি তোমার জ্ঞে ভাড়া নিলে রেখেছি, সেথানেই উঠবে।—ভাঃ রামলাল চক্রবতীর মত বন্ধু আর হয় ন।।

ে আর দেরি করলাম না। আবার নতুন জাবন ে নতুন পেশার শুরু। ডেরা ডাওা তুলে লখনউ এদে উপস্থিত হলাম। আর শুরু করে দিলাম ওকালতি। লখনউতে আসবার পর আমার ভাগ্যদেবা স্থপ্রসন্ধ হলেন। ওকালতিতে প্রার জ্যে উঠল। মুঠোভরা ধুলো তুলি, দেখি দোনা হয়ে যায়। যে বাড়িতে ভাড়াটে হয়ে চুকেছিলাম তা কিছু বছর পরে কিনোনলাম। সংস্কার করালাম। বড় রাখার উপর আফস-বাড়ি তুললাম। অতিথিদের থাকবার জল্মে গেল্ট-হাউস হল। ঘোড়ার গাড়ি রাথার আন্তাবল, বাইরের মক্লেদের জল্মে আন্তানা, সবই হল। আচারো বছরের প্রাকিটিশে খনেক কিছুই করলাম অতুলবাবু। নাজিবাবাদ মহল্লায় আর একথানা প্রাসাদ কিনলাম ত্বাঙলা দেশ ছেড়ে একেখানা বাড়ি করলাম তার একটা সাধ ছিল আমার স্থার জমিদার-গিন্নি হবার। তাই বা কেন বাকি থাকে! কিনে ফেল্লাম একটা জমিদারি—এই যুক্তপ্রদেশেই—লখনউ থেকে কিছু দুরে ওনাওতে। বলে হেদে ফেললেন উচ্চস্বরে বিপিনবিহারী।

প্রাত্তংকালে জোবনা পরে মাথা টুপিতে ঢেকে মোটা লাঠি হাতে ছোটখাটো শরীরখানা এগিয়ে চলত গোলাগঞ্জের নিচু রাস্তা ভেঙে—রাস্তাটা যেখানে সমান হয়ে গেছে রেসিডেন্সির কাছে সেখানে থেমে পড়ে ডাক দিতেন লখনউয়ের তংকালীন প্রখ্যাত উকিল বিপিনবিহারী বস্থ লখনউর প্রখ্যাত বাঙালী, রায়বাহাত্বর ডাঃ রামলাল চক্রবর্তীকেঃ রামলাল আছে! নাকি হে?

ডাঃ রামলাল চক্রবর্তী আপন বাড়ির বাগানে চা থাওয়ার অবসরে ডাক্তারি বইয়ের পাতা ওন্টাতেন। দরাজ গলার ডাক শুনে গলার আওয়াজ উচুতে তুলে বলতেন, বস হে ব্রাহ্ম বিপিনবিহারী বস্থ ! চা-পান কর।

বিপিনবিহারী হাসতে হাসতে লোহার ফটক সরিয়ে অন্দরে এসে বলতেন, বান্ধ তো হলে না, ব্রাহ্মণই রইলে। ব্রাহ্মদের ধর্ম তুমি কী ব্রবে ? না ডাক্তার, বাম্নের বাড়িতে আমি চা থাই না।

ডাঃ রামলাল চক্রবর্তী হেদে বলতেন, তুমি কি আমাকে ব্রাহ্ম ধর্মে দীক্ষিত করতে ইচ্ছে কর নাকি ?

বিপিনবিহারী হাসিম্থে বলতেন, চেষ্টা করলে তোমাকে অনেক আগেই ব্রাহ্ম ধর্মে দীক্ষিত করে আমাদের দল পুষ্ট করতে পারতাম। কিন্তু এলাহাবাদে যথন কেশব-চন্দ্রের কাছে ব্রাহ্মধর্মে দীক্ষিত হই তথন আমার মায়ের কালাকাটিতে প্রতিজ্ঞা করেছিলাম, আমার বংশের কিংবা কোন মান্ত্যকে জোর করে ব্রাহ্ম ধর্মে দীক্ষিত করতে চেষ্টা করব না। সে যদি আপন ইচ্ছায় ব্রাহ্ম ধর্ম গ্রহণ করে তো দীক্ষা দেব। রামলাল ডাক্রার হেসে বলতেন, জানি।

বিপিনবিহারী হেদে বলতেন, তোম বলরামপুরের হাতির কী সংবাদ ? হাতির খোরাক সংগ্রহ করতে পারছ তো ? আজকাল প্রাতঃকালে তোমাকে হস্তীপৃষ্ঠে ভাষ্যমাণ হতে দেখি না তো! বলরামপুরের মহারাজাকেই হাতি ফেরত দিয়ে এলে বৃঝি ?

ভাঃ রামলাল চক্রবর্তী সে সময়ে সত্যি বড় অস্থবিধেয় পড়েছিলেন। বলরামপুরের মহারাজা শিকারে বেরিয়ে একবার বাঘের থাবায় আহত হল। 'অ.ঠারো ঘা'র কবলে পড়ে জীবন মরণ সমস্যা। লথনউয়ের সিভিল সার্জন সাহেব হার মানলেন। এলাহাবাদ থেকেও সাহেব সিভিল সার্জেন এলেন, তিনিও ঘায়ের পচ রোধ করতে পারলেন না। তথন মহারাজের কানে কে বললে যেন, 'মহারাজা আপকা লথনউকা হাসপাতালমে এক বজালী ডকটর হ্যার। হু সিয়ার আদমি, উস্কো অগর আপ দেখায় তো উমেদ হায় কি আপ জলদি অচ্ছা হো যাইয়েগা।' থবর গেল ডাঃ রামলাল চক্রবর্তীর কাছে। বাম্ন মাহ্রষ তায় কালীভক্ত; কালীর নাম জপ করে, ওহ্নধের ব্যাগ হাতে নিয়ে

বলরামপুরের রাজার চিকিৎসায় চললেন রামলাল ডাক্তার। রাজাকে অনেক চেষ্টায় স্থ করে তুললেন। রাজা খুশি হয়ে বললেন, রামলালবাবু তুমি ষা চাও তাই দেব। রামলাল বললেন, মহারাজ, আমি কিছু চাই না।

তা কী হয়! মহারাজা বলরামপুর আউধের সবথেকে বড় তালুকদার। তাঁর বিস্তৃত জমিদারিতে লক্ষ-লক্ষ টাকা আয়। রামলাল ডাক্তারের উপর খুশি হয়ে মহারাজা এক লক্ষ টাকা নগদ, একশো টাকা মাসোহারা, আর একখানা হাতি উপহার দিয়ে বসলেন। হাতি পেয়ে রামলাল ডাক্তারের মহা মুস্থিল—হাতির খোরাক রোজ জোগানো কি সহজ কথা! কিছুদিন পরে রামলাল ডাক্তার হাতিতে চড়ে বলরামপুর রাজার দরবারে উপস্থিত হয়ে কুনিশ করে বললেন, মহারাজ, আপনার হাতি আপনি দয়া করে গ্রহণ করুন। আপনার এই মহামূল্য হাতির খোরপোষের বায় আমার ডাক্তারি পেশা থেকে নির্বাহ করতে পারছি না মহারাজ। বলরামপুরের মহারাজা বললেন, ডক্টর. যদি তোমাকে একটা ছোট জমিদারি উপহার দিই তাহলে বোধহয় হাতির খোরাক চালানো তোমার পক্ষে স্থবিধে হবে। তোমাকে একটা জমিদারি উপহার দেব।

বলরামপুরের মহারাজার রুপায় ছোটখাটো জমিদার হলেন ডাঃ রামলাল চক্রবর্তী। মহারাজার অন্থরোধে, এবং কর্মদক্ষতার জন্মে যুক্তপ্রদেশের লেফটেন্যাণ্ট গভর্নর তাঁকে রায়বাহাত্বর উপাধিতে সম্মানিত করলেন।

সেই সময়ে লখনউ শহরে যে ক-জন বিশিষ্ট বার্ডালী ছিলেন তাঁদের মধ্যে অধ্যাপক শরংচন্দ্র মুখোপাধ্যায় আর কুলভ্যণ ভাতৃড়ী, লখনউয়ের ত্ব-জন বাঙালী জজ—কালিদাদ সিংহ ও গিরিশচন্দ্র বহু, গভর্মেন্ট পাবলিক লাইবেরির কিউরেটর গদাধর গান্থলী এবং ডাঃ নবীনচন্দ্র মিত্র স্থপরিচিত ছিলেন। সকলে অতুলপ্রসাদের বয়োজ্যেষ্ঠ, বিপিনবিহারী বস্তর বন্ধু-বান্ধব। লখনউ প্রবাসী এই আটজন বাঙালী আপন আপন বিষয়ে এক-একটি হস্তবিশেষ। একদিন কোন এক মৃহুর্তে এই আটজন এক ফোটোগ্রাফারের ক্যামেরার চোথে ধরা পড়ে গিয়েছিলেন। বিপিনবিহারী ছবির দিকে ভাকিয়ে বলতেন, আমরা অইনুনি। ঝাউলাল পুলের অফিস-ঘরের দেওয়ালে ছবিগানি টাঙানো থাকত ষেথানে বিপিনবিহারী বসতেন ঠিক ভার পিছনের দেওয়ালেই।

একদিন সঙ্গে করে প্রবীণদের দরবারে অতৃলপ্রসাদকে উপস্থিত করলেন। বিপিন-বিহারী বললেন, আহ্ন পরিচয় করিয়ে দিই। ইনি ডাঃ নবীন মিত্র, ইনি অধ্যাপক ম্পোপাধ্যায়। ইনি জজ-সাহেব মিঃ ভাতৃড়ী। ইনি····। অতৃলপ্রসাদ সাদরে গৃহীত হলেন শকলের প্রাণের মাঝে। জলসাহেব কালীপ্রশন্ন এবং গিরিশচক্স বললেন, কোন অস্থবিধে হলে আমাদের লানাবেন। বিপিনবাবৃও আছেন, উনি আপনাকে অনেক উপদেশ দেবেন। কিভাবে লখনউয়ে প্রতিষ্ঠা পাওয়া যায় সে রহস্ত ওঁর জানা। রামলাল ভাক্তার বললেন, কৈশরবাগ খেকে গোলাগঞ্জ খুব একটা দূর নয়। মাঝেনাঝে আড্ডা দিতে চলে পাসবেন আমার বাড়ি।

অতুলপ্রদাদ যথন প্রথম লখনউতে এলেন বিপিনবিহারী বললেন, চলুন আপনাকে লখনউ শহর ঘুরিয়ে দেখিয়ে দিই—আমাদের বাঙালীদের স্বকটি প্রতিষ্ঠান দেখাই।
অতুলপ্রসাদের সঙ্গ প্রেয়ে বিপিনবিহারীর আর নাওয়া-খাওয়ার ফ্রস্ত মেলে না • স্ত্রী
শরংকুমারী অনুযোগ করেনঃ তোমার এখন বয়স হয়েছে, অত ঘোরাঘুরি না করলেই
কি নয় ? স্নং রাজু না-হয় অতুল কুল্লফে লখনউয়ের সঙ্গে পরিচয় করিয়ে দেবে।

তুমি বদো।

বিপিনবিহারী স্ত্রার মৃথের দিকে তাকিয়ে থাকেন। অতুলপ্রসাদকে বললেন, জানেন অতুলবাব, চোদ বছর বয়দের সময়ে কলকাতা থেকে শরংবালাকে বিবাহ করে এনেছি রাম ওর বুরিদীপ মুখ লেখে। ছয় বছরের বুরিদীপ্ত মুখ দেখে স্বয়ং বিভাসাগর মহাশয় বলেছিলেন, এমন যার উজ্জ্বল মুখ তাকে বাড়িতে বদিয়ে রেথেছ কেন সেনগিয়ী? বিভাসাগর মহাশয় শরংবালাকে নিয়ে গিয়ে বেথুন ইন্ধুলে ভতি করে দিয়েছিলেন। শরংবালাকে বিয়ে করার পর কত বছর পার হয়েছে, প্রভা সনং হয়েছে—এলাহাবাদে একটি ছেলে তুটি মেয়ে হল। লগনউ এসে তুটি ছেলে চারটি মেয়ে হল। আমার স্ত্রীটি প্রগতিবাদী; আমার সঙ্গে ব্রাহ্মসমাজে উপাসনায় যান, আবার শান্তড়ির সঙ্গে তুর্গাবাড়ি, কালীবাড়িতে পুজোপাঠও করে থারে। লখনউ এসে শরংবালা আমাকে বলেছিল, তুমি তো এত কাজ কর, একটা মেয়েদের ইস্কল কর না কেন? তোমার মেয়েদের শিক্ষার জন্মে তুমি যথন চিন্তা কর, দেশের সকল মেয়েদের জন্মে কেন ভাব না? শরংবালার সঙ্গে কথায় পারবার উপায় নেই। আমি তথন বলতাম, আমারও অনেক দিনের ইচ্ছে, শরং, একটা ইম্বল করি। সত্যি আমানের ছেলেমেয়ের। ভালো করে বাংলা পড়তে পারে না, বাংলা বলতে পারে না। বাংলা দেশ ছেড়ে এসে আমরা বাংলা ভূলেছি; আমারও ইচ্ছে হয় বাঙালী ছেলেমেয়েদের জন্তে একথানা স্কুল গড়ে তুলি। তারপর আমি কাঁপিয়ে পড়লাম ইস্কুল তৈরির কাজে ····· সেদিন লখনউয়ের কয়েকটি ইয়ং ম্যান বাঙালীর ছেলে এসে আমায় ধরেছিল, আমরা একটা ক্লাব তৈরি করতে চাই—আপনি আমাদের সঙ্গে থাকুন, আমাদের পৃষ্ঠপোষক হোন। আমারও অনেক দিনের ইচ্ছে একটা বাঙালী প্রতিষ্ঠান হোক-রান্তায় রান্তায়

ঘুরে না বেড়িয়ে নষ্টামি না করে ছেলেগুলো যদি বাংলার সংস্কৃতি-সম্পদ-কৃষ্টি ইত্যাদি
নিয়ে একটু চিস্তা করে তাহলে অনেক মঙ্গল। আমি সেদিন আমারও মতামত
অনেকটা বললাম ওদের। আমি বললাম, আমাদের ক্লাবের নাম হবে ইয়ংম্যান
অ্যাসোসিয়েশন। ক্লাবে খেলাধুলো হবে ঘরে এবং মাঠে-ময়দানে; একটা লাইত্রেরি
করতে হবে—পড়াশোনার পাঠ রাখতে হবে। আমরা বাংলা দেশ থেকে সভপ্রকাশিত
গ্রন্থ সব আনাব—আরো ইচ্ছে আছে, আমরা ক্লাব প্রাঙ্গণে মাঝে মাঝে যাত্রা-থিয়েটার
করব।

ইয়ংম্যানরা বলেছিল খুব ভাল, খুব ভাল হয়।

বিপিনবিহারী বললেন, এইভাবেই ইয়ংম্যান অ্যাসোসিয়েশনের জন্ম হয়। আমি তথন বলেছিলাম ওদের, ভোমরা শিগগির একটা কমিটি ফর্ম কর। ডাক্ডার রামলাল চক্রবর্তী, শরৎবাবু, গিরীশবাবু, ভাতৃড়ী সাহেব এ দের কাছ থেকে মোটা কিছু চাঁদা নিয়ে এস, ওঁদের কাছে আরো অনেক সাহাষ্য পাবে। আর আমি তো আছি, যথন দরকার লাগবে আমাকে তোমাদের মধ্যে ধরে নিয়ো—আমি খুব আ্যাকটিভ।

বিপিনবিহারী বস্তর চেষ্টাতেই প্রতিষ্ঠিত হল কুইন্স অ্যাংলো স্থাংস্কৃট হাই স্কুল, হিন্দু গার্লস স্কুল। শিক্ষিত মান্থাদের জন্মে রাফায়েল ক্লাবের জন্ম হল। বিপিনবিহারীর চেষ্টায়, অন্ধপ্রেরণায় এবং কর্মে অনেক কিছুই হল, কিন্তু মাত্র উনপঞ্চাশ বছর বয়সে তাঁর মৃত্যু হল। তিনি প্রচারবিম্থ ছিলেন বলে এবং অন্তরালে থাকতে ভালোবাসতেন বলে তাঁর নামটুকু লখনউয়ের বুক থেকে ধুয়ে মুছে গেল। আমিনাবাদ মহল্লার ঝাউলাল পুলের উপরে ভাঙা পোড়ো বাড়িটিকে দেখে আজ আর কেউ ধারণা করতে পারবেন না এখানে প্রবল পরাক্রমশালী এবং বিত্তবান অ্যাডভোকেট বিপিনবিহারী বস্তু বাস করতেন। অব্লেপ্রসাদ আসর জমিয়ে এলেন তার পরে।

বিপিনবিহারী বলতেন, আমার মনে হয় আপনি লখনউ বারের একজন শ্রেষ্ঠ ব্যারিস্টার হবেন।

অতুনপ্রসাদ বাগ্মী, ক্ষণজন্মা পুরুষটির দিকে চোথ তুলে তাকাতেন।

বিপিনবিহারী বলতেন, জানেন, আমার মন বলছে আমি আর বেশিদিন বাঁচব না। তারপর দীর্ঘনিশ্বাস ছেড়ে বলতেন, সনতের উপর আমার অনেক আশা ছিল তেনে সনংকে আমার পেশায় আমার মনের মতন করে মাছ্রুষ করব। পারলাম না। ওকে শ্রীচারশিপ পড়াতে গেলাম। পড়ল না। আমার কোন ছেলে উকিল হবে না। ওকথা কেন বলছেন ? আপনার কোন না কোন পুত্র নিশ্চয়ই আপনার পথে এসে সে অভাব পূর্ণ করবে।

বিপিনবিহারী আবার বলতেন, আমার সব সময়ে আর এক ভাবনা আমার বড় মেয়ে প্রভাকে ঘিরে। আমার বড় জামাই ধনেন বিলেত গেল আজ কত বছর। ফিরল না এখনও। ডাক্তারি পরীক্ষা দিল, পাশ করল, এখন চাকরি করছে ওখানেই। কবে যে ফিরবে তার কোন ঠিক নেই। ওদের জন্তে ভাবতে ভাবতেই আমার শরীরটা গেল অতুলবাবু।

লখনউতে বড় মেয়ে এবং তাঁর নাতি সত্যেনকে এনে রেখেছিলেন বিপিনবিহারী। অতুলপ্রসাদের স্বী হেমকুস্কম এসে প্রভাকে নানান ভাবে সান্ত্রনা দিতেন।

বিপিনবিহারীর শরীর ভেঙে এসেছিল। বন্ধু রামলাল ডাব্রুরার বললেন, গ্যাসট্রক আলসার। অন্থ বন্ধু নবীন ডাব্রুরার বললেন, পেটে টিউমার হয়েছে। খাওয়া দাওয়া প্রায় বন্ধ। দিন দিন তুর্বল হয়ে পড়ে শরীর, তবু মক্কেল কোর্ট কাছারি থেকে মৃক্তি নেই। আরো আছে হাতে গড়া নানান প্রতিষ্ঠান যার সঙ্গে তিনি অঙ্গাঙ্গীভাবে যুক্ত; সেগুলিও না দেখলে নয়। আর বুঝি শরীর সয় না। রামলাল ডাব্রুরার পরামর্শ দিলেন, বিপিনবিহারী, কলকাতায় গিয়ে ভালো ডাব্রুরার দেখাও! এখানকার থেকে ভ্রথনে স্থিধে।

অতুলপ্রদাদ তথন রোজ দকালে মামলা মকর্দমার কাজে ঝাউলাল পুলে বিপিনবিহারীর বাডিতে আসতেন।

বিপিনবিহারী নির্জনে ক্লান্ত হয়ে অফিস-ঘরে তাঁর আরাম-কেদারায় শুয়ে ছিলেন। অতুলপ্রসাদ বললেন, কেমন আছেন ?

ভালো নেই। আমার বোধহয় ডাক এসে গেছে অতুলবাবৃ। বিপিনবিহারী ক্লান্তভাবে বললেনঃ আর বোধহয় আপনাদের সঙ্গে দেখা হবে না। ডাঃ রামলাল চক্রবর্তী দেখতে এসেছিলেন আজকে; এইমাত্র আমায় বলে গেলেন কলকাতায় না গেলে আমি বাঁচব না। কলকাতায় গিয়ে চিকিৎসা করাবো। কিন্তু আমার মন বলছে, এই বোধহয় আমার শেষ যাওয়া।

অতুলপ্রসাদ বললেন, না না, এ কথা আপনি মনে আনবেন না। এসব কী কথা ভাবছেন!

বিপিনবিহারী হাসলেন।

বললেন, মি: সেন, বাঙালী সংগঠনগুলির জন্মে আমার বড় ভাবনা। এদের নিজেদের মধ্যে বড় রেশারেশি, ঝগড়া বিবাদ। আমার বড় প্রাণের ওই ইয়ংম্যান আাসোসিয়েশন। বেঙ্গলী ক্লাব ও ইয়ংম্যান আাসোসিয়েশনের মধ্যে মিটমাট কি হয় না? ওদের ভার আপনার হাতে দিয়ে গেলাম—আমার আরো কত কাজ করার ইচ্ছে ছিল অতুলবাবু, কিন্তু আমি বোধহয় আর বাঁচব না।

আপনি এত ভেঙে পড়ছেন কেন ?

আমি যে নিজেকে বুঝতে পারছি অতুলবাবু!

এ আপনার ভুল ধারণা। আপনি কলকাতা থেকে স্কুম্থ হয়ে আসবেন বিশিনবাবু।
অতুলবাবু, আপনি যোগ্যতম। আপনি পারবেন। আপনি দেখবেন হিন্দু গার্লস স্কুল
অ্যাংলো স্থাংস্কৃট হাই স্কুল তাদের উন্নতির জন্তে। আপনি আমাকে কথা দিন। এরা
আমার বড় প্রাণের……

কথা দিলাম। কিন্তু আপনি কেন এত ··· অতুলপ্রসাদ বললেন, একটা শুভ সংবাদ আজ নিয়ে এসেছি আপনার কাছে। জানেন, আজ আমাকে জানানো হয়েছে আমি রাফায়েল ক্লাবের সেক্রেটারি মনোনীত হয়েছি।

বিপিনবিহারী আনন্দ প্রকাশ করলেন। তারপর ক্লান্তভাবে শুয়ে বললেন, আপনি অনেক বড় হবেন অতুলবাব্। আপনার অনেক নাম হবে আমি তথন এ জগতে থাকব না। আমি যখন থাকব না আমার কথা মনে রাখবেন ! সনতের মা আর আমার নাবালক ছেলেমেয়েদের জল্যে বড় ভাবনা। আমার বড় ছেলে সনতের বৃদ্ধি পাকা হয়নি। বিষয় আশয় ঠিকমত বাঁচাতে পারবে কি না জানিনা আমনি ওদের দেখবেন, আমি যদি না ফিরি ?

অতুলপ্রসাদ বললেন, আপনাকে চিন্তা করতে হবে না বিপিনবার । কিন্তু আপনার ভাবনা অমূলক।

বিপিনবিহারী বললেন, আমার মৃছরিকে বলেছি, মামলা-মকর্দমার কাগজ-পত্র যা কিছু আছে আপনাকে দেবে, আর আপনার কথা দে যেন শোনে। আমার গাড়ি-ঘোড়া রেথে গেলুম, আপনি ব্যবহার করবেন। আমি কাল সকালের মেলে কলকাতায় চলে যাচছি। বিপিনবিহারী সপরিবারে লখনউ ছেড়ে চলে গেলেন। কলকাতার মেডিকেল কলেতের কয়েকজন বড় বড় ডাক্তার দেখলেন। কিছুতে কিছু হল না যখন, তখনকার দিনের প্রসিদ্ধ কবিরাজ গলাপ্রদাদ সেনকে ডাকা হল। গলাপ্রদাদ বিপিনবিহারীকে পরীক্ষা করে নাড়া দেখে বললেন, এর আয়ু পনের দিন। এ কথা জনে বিপিনবিহারীর শত্তরমশাই বাড়ি গিয়ে বিহানায় জলেন। তিনদিনের দিন তিনি মারা গেলেন। বিপিনবিহারী মারা গেলেন যোল দিনের দিন। দূর বিদেশে কাজের স্তত্তে বাদ করলে ও বিপিনবিহারী বাংলা দেশকে বড় ভালোবাদতেন। দেহ রাখলেন জয়ভ্মিতেই। পারলৌকিক কাজকর্ম শেষ হলে শরংবালার ভাই বললেন, ছেলেমেয়েদের সঙ্গে নিয়ে লখনউ ফিরে আর দরকার কী ও সেখানকার জমিদারি, বাড়ি ঘর দোর বিক্রি করে দিয়ে কলকাতায় থাক। শরংবালা বললেন, না। আমি লখনউ ফিরে যাব, আমার

স্বামীর ভিটেতেই।

শরৎবালা নাবালক ছেলেমেয়েদের অভিভাবক হয়ে লখনউ ফিরে এলেন। বাড়ির গাড়ি নিয়ে মূন্দি কানাইয়ালাল অঘোরবাবুর সঙ্গে গেল কেশন থেকে আনতে।

নিয়ে মৃশ্ব কানাহয়ালাল অঘারবাব্র সঙ্গে গেল সেশন থেকে আনতে।
মনে পড়ে সেদিনের কথা···হেমকুস্থমকে দেখে শরংবালার শোক নতুন করে উথলে উঠল।
ছেলেমেয়েদের চোথ জলে ভরে এল। হেমকুস্থম শরংবালাকে সান্ধনা দিয়ে ছেলে-মেয়েদের আদর করে আপন বাড়িতে এনে রাখলেন। অতুলপ্রসাদ এলেন কোর্ট থেকে
ফিরে সোজা বিপিনবিহারীর বাড়ি। শরংবালার বৈধব্য বেশ তাঁকে তৃঃথ দিচ্ছিল।
নিঃশব্দে কিছু সময় পার হল। শরংবালা অতুলপ্রসাদের সঙ্গে আপন ভবিয়ং বিষয় নিয়ে
আলোচনা করলেন। বড় ছেলে সনতের একটা চাকরির খ্ব প্রয়োজন জানালেন।
আমি ওর কথা ভেবেছি, অতুলপ্রসাদ বললেন। গ্রিফিথ সাহেবকে বলব। সনতের
চাকরি হবে নিশ্চয়ই।

একদিন তুপুরবেলা সনংকে সঙ্গে নিয়ে গ্রিফিথ সাহেবের সঙ্গে দেখা করলেন অতুলপ্রসাদ। সনতের চাকরি হল কপিইং ডিপার্ট মেণ্টে হেড-কপিইন্টের পদে। অন্ত যে যে ছেলে এবং মেয়ে যারা যেখানে যে শিক্ষায়তনে পড়ছিল তারা সেখানেই রইল, যাতায়াত করল।

ব্রাক্ষসমাজের প্রার্থনা-শেষে অতুলপ্রসাদ ও হেমকুস্কম আদেন মাঝে মাঝে ঝাউলাল পুলে শরংবালার বাড়ি।

কেমন আছেন মা? ছেলেমেয়েরা সব কেমন আছে? সনতের কাজকর্ম কেমন হচ্ছে?

শরৎবালা মিটি হাসি হাসেন। বলেন, আমরা ভালোই। তোমরা ভালো তো ? দিলীপ কেমন আছে ? তোমার ছেলে বড় ভোগে বাবা, ওর দিকে একটু দৃষ্টি রেখো।

একদিন বললেন, আমাদের জমিদারিট। নিয়ে বড় মৃদ্ধিল হয়েছে বাবা। সনংকে পাঠিয়েছিলাম জমিদারি দেখাশোনার জল্ঞে। দেখাশোনার অভাবে প্রজারা অসম্ভষ্ট হয়ে আছে। কিছু মৃসলমান প্রজা সেদিন সনংকে হত্যা করার চেষ্টা করে। অনেক কষ্টে সনং পালিয়ে প্রাণ বাঁচায়। তাই ভাবছি, কে আর জমিদারিটা দেখবে। আর রাখবই না। ও জমিদারি কাউকে তুমি বিক্রি করে দিতে পার ?

অতুলপ্রসাদ রাজি হলেন।

কয়েকদিনের মধ্যেই অতুলপ্রসাদের চেষ্টায় লখনউয়ের প্রখ্যাত অ্যাডভোকেট মহম্মদ নসিম 'ওনাউ'র জমিদারি কিনে নিলেন।

অতুলপ্রসাদ ঝাউনাল পুলের বাড়িতে এসে আপন মনের থেয়ালে অরগ্যান বাজিয়ে স্থরেলা গলায় স্বরচিত গান গাইতেন। তাঁর চার পাশ দিরে বসত ছোট্ট ভক্তরা, বিপিন-বিহারীর ছেলেমেয়েরা—সনং, বসস্ত, বিনোদিনী, কুম্দিনীরা—হেমকুস্থম তথন সান্ধনা

দিতেন তার প্রিয় স্থী বিপিনবিহারীর মেয়ে প্রভাবতীকে—প্রভাবতীর স্থামী স্থদ্র বিদেশে।

সেদিন শরংবালা বললেন অতুলপ্রসাদকে, তুমি তো অনেক দিন বিলেতে ছিলে বাবা, বিলেতের কথা অনেক জান। আমার জামাইকে ওদেশ থেকে ফিরিয়ে আনতে পার না! বারো বছর হল—আমার জামাই বিলেতে গেছে ডাক্তারি পড়তে। ডাক্তারি পড়া শেষ হল। এখন চাকরি করছে বোধহয় লিভারপুলের কোন হাসপাতালে।

অতৃলপ্রসাদ বললেন, আচ্ছা আমি যথাসাধ্য চেষ্টা করব মা ওঁকে দেশে ফিরিয়ে আনার জক্তে।

চিঠি-লেখালেখি করে মত করিয়ে, টমাস কুক কোম্পানির দৌলতে পাসেজ বুক করিয়ে, অবশেষে বিপিনবিহারী বস্থর বড়জামাই এলেন ভারতবর্ষে ফিরে।

এরপর অনেক দিন অনেক বছর ছিল বিপিনবিহারীর পরিবারের সঙ্গে অতুলপ্রসাদের পরিবারের ঘনিষ্ঠ আত্মীয়তার মত সম্পর্ক। দীর্ঘ বারো বছর পরে বিপিনবিহারীর স্ত্রী শরংবালার মৃত্যু হল। শবাস্থগমনও করেছিলেন অতুলপ্রসাদ নতমস্তকে।

···তারপর কালের স্রোতে কত পরিচয়, কত ঘনিষ্ঠতা অস্তরঙ্গতা, কত শ্বতির শেষ হয়, —কে আর তার খবর রাথে।*

*লেথক লখনউ প্রবাসী বস্থ পরিবারের একজন। তাঁর পিতার মৃথ থেকে অতুলপ্রসাদের অনেক কথা ও কাহিনী শুনেছেন। শ্রীবসস্তকুমার বস্থর (লেথকের পিতা) পাণ্ডুলিপি থেকেও কিছু অংশ গৃহীত।

এই প্রসঙ্গে কিছু নতুন তথ্যযুক্ত একথানি পত্র লেথকের হাতে এসেছিল যা ভবিষ্যুৎ জীবনীকার বা ঐতিহাসিকগণের প্রয়োজন মনে করে তুলে দেওয়া হল।

"আপনার লেখার প্রথম দিকের সংখ্যায় ('অমৃত' পত্রিকায় ধারা-প্রকাশনার সময়ে) একটি নামের উল্লেখে স্থদ্র অতীতের একটি বিশ্বতপ্রায় ঘটনার কথা মনে করে এই চিঠিখানি না লিখে পারলাম না। আপনার রচনায় বিপিনবিহারী বস্তর নামটিই এই চিঠি লেখার মূল উদ্দেশু। এই নামটি ছোটবেলা থেকে আমরা শ্রন্ধার সঙ্গে শ্বরণ করে এসেছি, যদিও এই স্থদীর্ঘ জীবনে ইহার সাথে সাক্ষাৎ সংস্পর্শে আসার স্থযোগ জীবনে আসে নি।…সে আজ প্রায় ২৮৭৬।৭৭ সালের কথা। একটি ক্লীন ব্রাহ্মণের পরিবারের শিশুকন্তা পিতামাতার গৌরীদানের পুণ্যে ৬।৭ বৎসরে বিধবা হন। সেদিনের সমাজ-ব্যবস্থার কথা আপনার অজানা। সেই বয়সেই ব্রাহ্মণের বিধবার কঠোর আচার অষ্ঠোনে ক্লিটা বালিকার ত্থে ব্যাকুল হয়ে বালিকার দাদার তৃটি যুবক বন্ধু তাকে একদিন গোপনে বাড়ি থেকে চুরি করে এনে পণ্ডিত শিবনাথ শান্তী মহাশয়ের কাছে দেন। ১২।১৩ বৎসরের এই মেয়েটিকে

অতুলপ্রসাদ লখনউ এসেছিলেন ১৯০২ কি ১৯০৩ সালে। লখনউয়ে তখন তিনি নতুন ব্যারিস্টার। তাঁর তীক্ষ বৃদ্ধি, কর্মে আম্বরিকতা ও কর্মতংপরতা তাঁকে অক্তম শ্রেষ্ঠ ব্যারিস্টার বলে লখনউ শহরের মধ্যে তুলে ধরল। শুধু ব্যারিস্টার কেন, একাধারে তিনি রাজনীতিবিদ, সমাজ সেবক ও সমাজ সংস্থারক, সাহিত্যিক, কবি, গীতিকার। এক সময়ে সঙ্গীতজ্ঞ নবাব ওয়াজিদ আলি শাহের নির্বাসন হয়েছিল হিন্দুস্থানী সঙ্গীতের পীঠস্থান লখনউ নগরী থেকে স্নদূর বাঙলা দেশে। সেদিন কলকাতার মেটেব্রুজ অঞ্চল দঙ্গীতজগতের তীর্থক্ষেত্র হয়ে উঠেছিল। ইতিহাস প্রতিশোধ নিল। অতুলপ্রসাদকে যেতে হল স্বদূর লখনউ নগরীতে বাঙলাদেশের দূত হয়ে। এদিক দিয়ে বাঙলা সঙ্গীত লাভবানই হয়েছে। অতুলপ্রসাদ বাঙলা গানে ঠুংরির আমেজ এনেছেন। হিন্দুস্থানী সঙ্গীতের সঙ্গে তিনি বাঙলার নিজম্ব স্থর—কীর্তন, বাউল, ভাটিয়ালি মিশিয়েছেন। অতুলপ্রসাদ যথন প্রথম এসেছিলেন লখনউয়ে তখন লখনউয়ের অবস্থা ভাল ছিল না। পুরোনো শহর 'চকের' দিকটা ছিল থুবই ঘিঞ্জি। নবাবি আমল যদিও তথন শেষ হয়েছে তবু নবাবি আমলের কৌলীগু কাটিয়ে উঠতে পারে নি লখনউয়ের মাস্ক্ষেরা। मिপारी विद्याद्य পর লখনউ শহরের পুরোনো বাড়ি ঘর দোর মাঠ করে সাফ করে সাহেবপাড়া হন্তরতগঞ্জ উঠল। নতুন চওড়া রাস্তা হল—মল রোড। মল রোডে বিরাট বিরাট অট্রালিকা দোকান অফিস বাজার হল। একদিকে সাহেবপাড়া হজরতগঞ্জ, অক্তদিকে পুরোনো চকের নবাবি ঐতিহা। মাঝে আমিনাবাদ অবহেলিত। একটিমাত্র সদর রাস্তা ইষ্টিশান থেকে কৈশরবাগ পর্যন্ত এসেছিল, আর ছিল কিছু উলটো-পালটা আঁকাবাঁকা অন্ধকার গলি-পথ। সেথানে বন্তিবাড়ি, থোলা নর্দমা তুধারে। সেই পরিবেশে দোকান বাজার মণ্ডি আর বাইজীদের মহন্না। ভদ্রপাড়াগুলো হল গণেশগঞ্জ,

শাস্ত্রীমহাশয় কন্তাম্মহে পালন করেন। পরে যথাসময়ে তাঁর মনোনীত পাত্র বাংলার নব্যুগের অন্ততম চিস্তানায়ক বিপিনচন্দ্র পালের সঙ্গে বিবাহ দেন। বিপিনচন্দ্র ছিলেন আমার পিতৃদেব, আর এই মেয়েটি আমারই গর্ভধারিণী জননী। এই ছটি যুবকের একজন মার দ্রসম্পর্কের আত্মীয় বিভাসাগর জীবনীকার চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়, আর অন্তজন সেদিনের লখনউয়ের উকিল বিপিনবিহারী বস্থ। বর্তমানে আমার বয়স ৮০ বংসর। ছোটবেলা থেকে এই ছজনার কথা বাবার কাছ থেকে অন্তার সঙ্গে ভনে এসেছি। নমস্বারাস্তে—শোভনা নন্দী।

মকবুলগঞ্জ, ঘোষিয়ারীমণ্ডি, নয়াগাও। আর একটা রান্তা আমিনাবাদ থেকে বেরিয়ে ঝাউলাল পুল, গোলাগঞ্চ, আগমীর দেওড়ি হয়ে পুরোনো চক অবধি গিয়েছিল।… অতুলপ্রসাদ এমে যে বাড়িখানি প্রথমে ভাড়া নিলেন তা হল নবাব ওয়াজিদ আলি শাহর কৈশরবাগের দক্ষিণ ফটকের সামনে হুটো রাস্তা আউটরাম রোড ও ক্যান্টনমেন্ট রোডের মোড়ে। ওয়াজিদ আলি শাহর বেগম মহল ছিল কৈশরবাগে,—বিরাট একটা চৌকোনা জমির মধ্যে চারদিকে সারিবদ্ধ প্রাসাদ বেগমদের থাকবার জন্তে। বাগিচার মাঝখানে আর একখানা প্রাসাদ, তার নাম বারত্বয়ারী। এখানে নবাব বেগমদের নিয়ে গান-বাজনার আসরে মাততেন। উত্তর দিকে বেগমদের স্থান এবং সম্ভরণের জন্মে বাঁধানো প্রকাণ্ড পুষ্করিণী, কৈশরবাগের ভেতরের বাগানে অল্প দূরে মার্বেল পাথরের আসন। ফুল পাতার ছাওয়া কুঞ্জ, যেখানে বৈগমরা একান্তে বদে আলাপচারী হতেন। কৈশরবাগে চারটে দর ওয়াজা ছিল—উত্তর দক্ষিণ পূর্ব পশ্চিমে। ইংরেজরা লথনউ অধিকার করার পর উত্তর দক্ষিণ দরওয়াজা ভেঙে ফেলে। সেই শৃশু জায়গায় ক্যানিং কলেজ স্থাপিত হয়। দক্ষিণ দরওয়াজা ভেঙে একটা রাম্ভা চলে গেল আমিনাবাদ থেকে কৈশরবাগের মধ্য দিয়ে। মল রোডে এসে মিশে গোমতীর তীর ধরে এগুল। গোমতী নদীর তীরে নবাবের বিখ্যাত ছত্তরমঞ্জিল প্রাসাদ রূপ নিল ইংরেজদের আমোদ-প্রমোদ-বিলাস ব্যসনের ইউনাইটেড দাভিদ ক্লাবে। দেখানে ভারতীয়দের প্রবেশ নিষিদ্ধ। অল্প কিছু দূরে সিপাহী বিদ্রোহের ইংরেজদের শ্বতিস্বরূপ বেলিগার্ড বা রেসিডেন্সি। বাকি নবাব আমলের ঘর বাড়ি ভেঙে টুটে ... নবাবের মন্ত্রী রোশস্থদৌলার বাড়ি দখল করে তাতে তেপুটি কমিশনারের কোর্ট হল। কোর্ট কাছারি নতুন করে করা হল।—এই হল মিউ-টিনির পরের লখনউ। তখন ছিল বাঙালী তালুকদার দক্ষিণারঞ্জনের লখনউ। লখনউয়ের উন্নতির মূলে দক্ষিণারঞ্জন।

এথনকার লখনউ শহরকে নতুন করে গড়ে তোলেন বাবু গঙ্গাপ্রসাদ ভার্মা এবং লেফটেন্সান্ট গভর্নর স্থার হারকুট বাটলার। তারপার এলেন অতুলপ্রসাদ।

গঙ্গাপ্রসাদ মিউনিসিপ্যালিটির সভ্য হয়ে পরে বেসরকারী চেয়ারম্যান হয়ে লখনউ আমিনাবাদ মহল্লার উন্নতির কাজে পণ করলেন। ছোটলাট স্থার হারকুট বাটলারকে রাজি করিয়ে বিলেত থেকে নগরপরিকল্পক প্রফেসর গেডিসকে আনিয়ে শহরকে উল্লততর করে তুললেন। তৈরি হল আমিনাবাদ পার্ক, আমিছদেনীলা পার্ক, লেডীজ পার্ক, আরো অনেক পূম্পপত্রশোভিত উন্থান। নবাবের আমল থেকেই লখনউকে বলা হত উন্থান-নগরী। ইংরেজরা তার মর্যাদা ক্ষ্ম করল না। নতুন নতুন চওড়া রাস্তা হল —বার নাম ল্যাট্রপ রোড, হিউয়েট রোড, শ্রীরাম রোড, গলাপ্রসাদ রোড। আমিছদেনীলা পার্কে গলাপ্রসাদ নিজের টাকায় তাঁর আপন ভাইদের নামে প্রকাশ্ত এক

ধর্মশালা তৈরি করলেন। লখনউয়ের কৈশরবাগের বারত্রারীতে 'জনসাধারণের সমাবেশে'র একটিমাত্র জায়গা ছিল। এছাড়া আমিছদৌলা পার্কে 'জনসমাবেশের' মত একখানা হলঘর ও পাঠাগার তৈরি হল। গঙ্গাপ্রসাদের মৃত্যুর পর এই হলম্বের নাম রাখা হল গঙ্গাপ্রসাদ মেমোরিয়াল হল।

তারপর রঙ্গমঞে এলেন অতুলপ্রসাদ।

সেদিন বিপিনবিহারী বস্থ গদাপ্রসাদের দক্ষে অতুলপ্রসাদের পরিচয় করিয়ে দিয়েছিলেন। বলেছিলেন: ···এই যে আমাদের তরুণ ব্যারিস্টার বন্ধু মিঃ এ. পি. সেন। ···লগুন থেকে এলেন বাবু গদাপ্রসাদ ভার্মা ·····

গঙ্গাপ্রসাদের সম্পাদনায় 'অ্যাডভোকেট' কাগজ তথন পক্ষপাতহীন নির্ভীক দৃষ্টি নিয়ে এবং স্বাধীন চিস্তায় লথনউ থেকে প্রকাশিত হয়ে লথনউবাসীদের প্রিয় পাত্র হয়েছে। লথনউবাসীদের আরো মনের কাছে হয়েছেন গঙ্গাপ্রসাদ। কিন্তু এবার বোধহয় বিদায় নেবার পালা।

গঙ্গাপ্রসাদ দেখেছিলেন অতুলপ্রসাদকে। জরুরি জহরত চেনে। বিপিনবিহারীকে ধীরে ধীরে বললেন গঙ্গাপ্রসাদ, এই যে যুবক—একে কোথা থেকে আনলেন বিপিনবাবু! এমন নির্ভীক প্রতিভাময় অপরূপ চোথছটি! আমাদের যুগ শেষ হয়েছে বিপিনবাবু। অবশেষে অতুলপ্রসাদ।

অতুলপ্রসাদের লখনউ বা লখনউয়ের অতুলপ্রসাদ।

সেদিন অতুলপ্রসাদকে বাদ দিয়ে লখনউয়ের অন্তিত্ব ছিল না—কোন মূল্য ছিল না। লখনউয়ের মৃকুটহীন নবাব অতুলপ্রসাদ।—যে-কোন প্রতিষ্ঠানে যে-কোন সংগঠনে উন্নয়নমূলক কাজে সঙ্গীতের আসরে রাজনীতিতে অতুলপ্রসাদ সকলের সামনে। হরিমতী বালিকা বিভালয়, ক্যানিং কলেজ, রামক্বফাশ্রম, আউধ সেবা সমিতি—অতুলপ্রসাদ কর্মকতা হিসেবে সামনে না দাঁড়ালে চলে না। ক্যানিং কলেজ যথন লখনউ বিশ্ববিভালয় রূপে মর্যাদা পেল তথন তিনিই তো মন্ত্রণাদাতা। বিশ্ববিভালয়ের নানান সভার Executive council, Board of Appointment সভার মনোনীত মন্ত্রণাদাতা হয়ে অভাবসিদ্ধ নিরপেক্ষ বিচারে চরিত্রমাধ্র্যে বিশ্ববিভালয়ের ছাত্র অধ্যাপক সব শ্রেণীর মামুবের আন্তরিক শ্রদ্ধা এবং অহুরাণ পেয়েছেন।

অত্নপ্রসাদ নথনউয়ের স্থাসিদ্ধ প্রথম ক্লাব বেন্ধনী ইয়ংম্যান অ্যাসোসিয়েশনের একজন কর্মকর্তা। প্রবাদে বাঙালীদের যেখানে বাস সেখানেই তাদের একখানা ক্লাব আর একখানা কালীবাড়ি। নথনউতে কালীবাড়ির প্রতিষ্ঠা ১৮৬৪ সালে। কলকাতা থেকে মিলিটারি হেডকোয়ার্টার্স উঠে এল লখনউতে; তথন চাকরি স্তত্ত্বে চার-পাচশো বাঙালী কর্মচারী লখনউতে বসবাস করছে। আরো ছিলেন আউই রোহিলখণ্ড রেলওরের

চাকুরিয়া বাঙালীরা; তাদের অবসর সময় কাটানোর জন্তে প্রতিষ্ঠা হল বেকলী ক্লাবের। রেলওয়ে ইঞ্জিনীয়ার অতুল সিংহ হিউয়েট রোডের ওপর একখানি জমি দিলেন। তাঁর চেষ্টাতেই বেকলী ক্লাবের পাকা স্টেজ, হলঘর হল। অতুলপ্রসাদ যখন লখনউতে এলেন তখন তুই ক্লাবের রেশারেশি শুরু হয়েছে। প্রবাসে বাঙালীদের মধ্যে একতা থাকা দরকার। অথচ যেখানেই তু-দশ ঘর বাঙালী সেখানেই হুটো ক্লাব, হুটো দল, হু-রকম মত, হু-রকম কাজকর্ম। এরা মিলে মিশে থাকতে জানে না, পারে না, ভালোবাসে না। তাই অতুলপ্রসাদ বেকলী ইয়ংম্যান অ্যাসোসিয়েশন এবং বেকলী ক্লাবের মধ্যে সম্ঝোতা আনতে চেষ্টা করলেন: বেকলী ক্লাব প্রবীণদের, বেকলী ইয়ংম্যান অ্যাসোসিয়েশন নবীনদের।

প্রবীণ এবং নবীনদের ছন্দ্র চিরকালের, চিরযুগের।

আচ্ছা আমরা ত্জনে ত্জনের অভিমান, আত্মন্তরিতা, অবজ্ঞাটুকু বিসর্জন দিয়ে কি এক হতে পারি না? আমরা একসঙ্গে এসে দাঁড়াতে পারি না কি পরস্পরের কাছে? প্রবীণের অভিজ্ঞতাটুকু এবং নবীনের প্রাণময়তার নির্যাসটুকু নিয়ে সবেগে ধাবিত হতে পারি না নানান কাজের মাঝে? অতুলপ্রসাদ বললেন। আমরা একসঙ্গে তৃটি ক্লাব মিলে মিশে হতে পারি না বেকলী ইয়ংম্যান অ্যাসোসিয়েশন?

বেশ, তাই হোক।

অনেক দিনের চেষ্টায় ত্টি ক্লাবের মিলন হল। অবশ্য অনেক বছর পরে। বেঙ্গলী ক্লাবের কর্ণধার অতুল সিংহের তথন মৃত্যু হয়েছে।

কিন্তু তারও আগে, অতুলপ্রদাদ তথন যুবক, ১৯০৮ দাল। ভারতবর্গে তথন স্বদেশী আন্দোলন শুরু হয়েছে, আগুন জলে উঠেছে ভারতবর্গের এক প্রান্ত থেকে অপর প্রান্তে। বাঙলা দেশের বিপ্লবী তরুণরা ইংরেজ দরকারের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করেছেন। ইংরেজ শাসকগোষ্ঠার শাসনতন্ত্রের ভিত কেঁপে গেছে। মজঃফরপুর বোমার মামলায় ক্ষুদিরামের ফাঁদি হল। প্রফুল্ল চাকী কানাই আত্মত্যাগ করলেন। আলিপুর বোমার মামলায় বারীন ঘোষ উল্লাসকরের যাবজ্জীবন দ্বীপান্তর হল। ব্যারিস্টার দি. আর. দাশের সভ্যালে অরবিন্দ ঘোষ মৃক্তি পেলেন। আগুন জনল ভারতবাদীর রক্তে রক্তে: 'ইংরেজ, ভারত ছাড়!' স্বদেশের কবি অতুলপ্রসাদ। তরুণ কবি অতুলপ্রসাদ। রক্তে তার বান ডাকল। তথন শুধু গান। রক্ত-পাগল-করা গান। 'উঠগো ভারতলক্ষ্মী'র কবি অতুলপ্রসাদ। সারা বাঙলার মাহ্যম্ব—বাঙলা দেশ কেন, সারা দেশের মাহ্যম্ব এককণ্ঠে গাইল সেদিন:

উঠ গো ভারতলন্মী উঠ আদি-জগতজন পৃজ্যা তুংধ দৈক্ত সব নাশি, কর দ্রিত ভারত লক্ষা।
ছাড়ো গো ছাড়ো শোকশ্যা, করো সক্ষা
পুন: কমল-কনক-ধন-ধাক্তে।
জননী গো লহ তুলে বক্ষে,
শাস্থন-বাস দেহ তুলে কক্ষে,
কাঁদিছে তব চরণ্ডলে
জিংশতি কোটি নরনারী গো।

বিপ্রবীরা গেল যাবজ্জীবন দ্বীপান্তরে, ফাঁসির মঞ্চে। কণ্ঠে তাদের গান…

থাঁচার গান গাইব না আর থাঁচায় বসে।
কণ্ঠ আমার রবে না আর পরের বশে।
সোনার শিকল দে রে পুলি
ত্য়ারথানি দে রে তুলি।
বুকের জালা যাব ভূলি
মেঘ পরশে—শীতল মেঘের পরশে।
থাকবে নিচে ধরার ধৃলি,
ভূলব পরের বচনগুলি
বলব আমার আপন বুলি

মন-হরবে---আপন মনের হরবে।

আমাদের দেশ কখনই স্বাধীন হবে না উন্নত হবে না যদি ধর্মে গোঁড়ামি থাকে—মাছ্য মাছ্যকে দ্বণা করে, ভাই ভাইয়ের ফুকে ছুরি হানে। আমাদের দেশে অনেক জাতি অনেক ধর্ম অনেক বর্ণ। আমরা একে অন্তকে দ্বণা করি, একে অন্তকে দাবিয়ে রাখি। একজন আর একজনের ছায়া স্পর্শ করি না। ছায়া ছুঁয়ে গেলে অপবিত্ত মনে হয়, গঙ্গামানে পবিত্র হই। কিন্তু কল্পনা করি কি, গঙ্গার সে স্বোতধারায় পবিত্ত স্থানেই কি আমাদের মনের অপবিত্ততা দূর হয় ? অতুলপ্রসাদ সেদিন লিখলেন—

পরের শিকল ভাঙিস পরে,
নিজের নিগড় ভাঙরে ভাই।
আপন কারায় বন্ধ ভোরা
পরের কারায় বন্দী ভাই।
হা রে মুর্খ, হা রে জন্ধ,
ভাইয়ে ভাইয়ে করিস দক্ষ!

দেশের শক্তি করিস মন্স—
তোদের তৃচ্ছ করে তাই সবাই।
সার ত্যজিয়া খোসার বড়াই।
তাই মন্দিরে মসজিদে লড়াই।
প্রবেশ করে দেখ রে তৃ-ভাই—

অন্দরে যে একজনাই।
দেশমাতার আর বিশ্বমাতার
ক্রেচ্ছ কাফের এক পরিবার।
নয় তুরস্ক—নয়কো তাতার

জন্ম মৃত্যু এই যে ঠাই। ভিন্ন জাত অ'র ভিন্ন বংশ— এক জাতি তাই একশো অংশ। হিন্দু রে, তুই হবি ধ্বংস

না ঘুচালে এই বালাই। ভাইকে ছুঁলে পদতলে শুদ্ধ হোস তুই গঙ্গাব্দলে

প্ররে সেই অম্ভূত ছেলেই তুলে কোলে তুই হন যে গঙ্গা মাঈ।

থাবি নে জল ভাইয়ের দেওয়া ? থাস নে অন্ধ তাদের হোঁওয়া ? ওরে, শবরীর আধ-খাওয়া মেওয়া

রঘুনাথ তো খেলেন তাই।

তোরাই আবার সভার স্থলে হাঁকিস সাম্য উচ্চরোলে ; সম-তন্ত্র চাস সকলে—

বিশ্বপ্রেমের দিস দোহাই ! জাতির গলায় জাতের ফাঁস, ধর্ম করছে ধর্মনাশ,

দাসত্ব তোচে না তাই। ছাড় দেখি রে রেবারেষি, কর্ প্রাণে প্রাণে মেশামেশি।

তথন তোদের সব বিদেশী দাস না বলে বলবে ভাই।

অতুলপ্রদাদ তখন মিউনিসিপ্যালিটির ভাইদ প্রেসিডেন্ট, তখন একটা অবটন ঘটে গেল।

লখন উকে বলা হয় নবাব-শহর। দূরদেশ থেকে যাত্রীরা যখন নগরপ্রাস্তে এসে দাঁড়ায় তথন মনে হয় এ কোন নবাবী ছনিয়ায় এলাম। গমুস্ক, খাম্বা, সিংদরওয়াজা **আ**র নবাবী মেজাজ এ শহরের বৈশিষ্টা। লখনউয়ের আমিরী শেষ হওয়া সন্তেও লখনউ এখনও আমির। ছত্তর মঞ্জিলের ছাদে বদে নবাবের সর্ব অঙ্গে স্থান্ধি আতর-যুক্ত তেলমর্দন চলত সেই সময়টিতে গোমতীর ওপারের কবুত্তরখানা থেকে ঝাঁকে ঝাঁকে পান্নরা উড়িয়ে দেওয়া হত নবাবের মাথায় ছায়া দেবার জতে। দিলদরিয়া নবাব আসফদৌলার শাসনকালে একবার অযোধ্যা প্রদেশে তুভিক্ষ হয়। সব প্রজাদের অন্নাভাব ও অর্থকষ্ট দেখা দেয়। দিলদরিয়া নবাব প্রজাদের সাহাষ্যের জন্মে শোনা যায় প্রকাণ্ড এক ইমারত তৈরি করার কথা চিস্তা করলেন। পরিকল্পনা হল দিনরাত কাব্দের। দিনে যে কাঞ্চ হয় রাতে তার কিছু অংশ ভেঙে ফেলা হয়—আদল উদ্দেশ্য প্রজাদের আধিক সাহায্য করা। এমনি করে সেইমারত তৈরি হল। আগ্রা-অষোধ্যার নবাবদের শাসনকালে हिन्-मूननमानदम्त मर्था मन्नर्क त्यांनाम्हि जान हिन। यहत्रत्यत नमस्य हेमांत्रज्ञान আলো দিয়ে সাজানো হত এবং দে আলোর রোশনাই দেখতে হিন্দু মুসলমান তুই সম্প্রদায়ের মামুষই ভিড় করত।—তেমনি দশহরার সময়ে ছই-সম্প্রদায়ের মামুষ রামলীলায় রাবণ বধের দৃশ্য উপভোগ করত। তবু মহরমের সময়ে ইসলামধর্মীয়দের মধ্যে সিয়া-স্থন্নি এই হুই সম্প্রদায়ের মধ্যে একটা বিরোধ লেগে থাকত প্রত্যেক বছর। সিয়ারা তাজিয়া রাথত দশদিন, তাজিয়ার সামনে মাসিয়া' গাইত। দশ দিনের দিন দল বেঁধে বুক চাপড়িয়ে শোকের মিছিল বার করত। ওদিকে স্থানিদের মিছিল আসত হর্ষভরে লাঠি ছুরি খেলা খেলতে খেলতে। তুই মিছিল দামনাদামনি হওয়া-মাত্রই খুনোখুনি লড়াই বেধে ষেত।

সিয়া স্থানির ঝগড়া চলে আসছিল নবাবী আমল থেকে। তারপর এল ইংরেজ। সিয়া স্থানির চিরকালীন বিরোধ যদিও অবসান হল তবু স্ত্রপাত হল আর এক ভাত্বিরোধের, বিদেশী শাসকের হতকেপের ফলে। অতুলপ্রসাদ তথন মিউনিসিপ্যালিটির ভাইস প্রেসিডেটে।

লখনউতে আমিনাবাদ পার্কের কোণে ছোট একটা মহাবীরের মন্দির আছে, সে মন্দিরে একজন বৃদ্ধ ব্রাহ্মণ থাকত। সে গরমের দিনে কাছাকাছি ইদারা থেকে জল তুলে এনে লোকেদের জলপান করাত ও মন্দিরের পূজাপাঠ আরতি ও রক্ষণাবেক্ষণ করত।

এ ব্যবস্থাটি জনসাধারণের অলক্ষ্যেই ছিল। আমিনাবাদের চারদিকে হিন্দু-মুসলমান ব্যবসায়ীদের নানান দোকান ঘর, কিছু-কিছু অফিস, পোস্ট অফিস, ব্যাহ্ণ। আনেপাশে কোন মসজিদ ছিল না। তাই কিছু মুসলমান পার্কের দক্ষিণ-পশ্চিম কোণে মাতৃর বিছিয়ে নমাজ পড়ত। এই নমাজ পড়া এবং মন্দিরের পূজা পাঠ আরতি বেশ মিলে মিশে শাস্তভাবে চলে আসছিল কয়েক বছর। তারপর হঠাৎ পট পরিবর্তন হল, সকলের ধারণা শাসক বিদেশী দলের চক্রাস্তে পার্কে মুসলমানদের নমাজে বসার সংখ্যা বেড়ে গেল এবং মহাবীরের মন্দিরের ক্ষীণ ঘণ্টাধ্বনি তাদের আপত্তির কারণ হয়ে দাঁড়াল। প্রথম-প্রথম সেই ব্রাহ্মণ আরতির সময়ে মন্দিরে ঘৃণ্টা বাজানো বন্ধ করে দিত। কিছ হিন্দের সংখ্যাও আমিনাবাদে কম ছিল না; তারাও সকলে আরতির সময়ে মন্দিরে এদে জড়ো হল। শাঁক ঘণ্টাধ্বনি জোর হল। একদিন অবস্থা চরমে উঠল যথন তুই সম্প্রদায়ের তুই ধর্মের মাছবের মধ্যে পাথর ছোড়াছুড়ি, লাঠালাঠি, ছোরা-মারামারির ঘটনা ঘটে গেল। রাস্তাঘাট অন্ধকার। মোড়ে মোড়ে জটলা। শাস্তিরক্ষক বাহিনীর দেখা নেই। ভারতবর্ষের এই প্রথম সাম্প্রদায়িক দান্ধা কয়েকদিন ধরে চলল। দানা যথন চলছে তথন হাট বাজার দোকানপাট বন্ধ; অভুক্ত মাহুষ। ছধ মেলে না শিশুর। অতুলপ্রসাদ ছুটলেন ডেপুটি কমিশনারের কাছে। তাঁকে বললেন, তিন চারদিন হয়ে গেল জনসাধারণের এমন অবস্থা, আর আপনারা চুপ করে বসে আছেন! দালা বন্ধ করুন! পুলিশ মিলিটারি ডাকুন!

কমিশনারটি পাকা সাম্রাজ্যবাদী। বললেন, মিঃ সেন, আপনারা সকলে স্বরাজ্য কামনা করছেন। আমরা এখানে না থাকলে আপনাদের স্বরাজ্য কেমন হবে একটু ভোগ করে দেখুন!

অতুলপ্রসাদ সংযত মাহয়। তিনি জানালেন, আমাদের মধ্যে কোনদিনই কোন বংগড়া বিবাদ হয়নি, ছিল না, যতদিন কোন না কোন বিদেশী তৃতীয় ব্যক্তির আগনন ঘটেছে।

এরপর ত্-একদিনের মধ্যেই লখনউ শহরে মিলিটারি পুলিশ আসতে দেখা গেল।
লখনউ শাস্ত হল কয়েক দিনের মধ্যেই। কিন্তু লখনউ শহরের আন্দোলনের জের ধরে
সারা ভারতবর্ষে ছড়িয়ে পড়ল সাম্প্রদায়িক দাঙ্গা। লখনউয়ের 'মিউজিক বিফোর মন্ধ'
হত্তে পরেই হিন্দু মুসলমানের বিভেদ স্পষ্টি, বোধহয় পরবর্তীকালে মুসলিম লীগের
পত্তন এবং ভারতবর্ষের ভাগাভাগিও।

রাজনৈতিক জীবনে এবং মতবাদে অতুলপ্রসাদ গোথ্লের মত ও পথের অছরাগী— ডিনি ছিলেন নির্ভীক, স্বাধীনচেতা ও অগ্রণী নেতা। গোথ্লেকে আন্তরিক আন্তর্গ করতেন। সেদিনের স্থদেশপ্রীতির ঢেউ উন্তর ভারতেও পৌছেছিল। সে বছর কংগ্রেসের অধিবেশন মহামতি গোখ্লের নেতৃত্বে বারাণসী ও লখনউতে বসে। অতুলপ্রসাদ ডেলিগেট হয়ে অভ্যর্থনা সমিতির সভ্য হন এবং গোধ্লের সকে বিশেষ-ভাবে পরিচিত হবার সৌভাগ্য হয়। পরবর্তীকালে গোধ্লের স্থাপিত 'নারভেন্ট অব্' ইণ্ডিয়া' সমিতির তিনি একজন সভ্য হন। সারভেন্ট অব্ইণ্ডিয়ার বিশিষ্ট নেতারা অনেকবার দ্ধুখনউতে এদে অতুলপ্রসাদের আতিথ্য গ্রহণ করেছেন। গোখ্লে বখন লখনউ এদেছেন অনেক সময়ে অতুলপ্রসাদের বাড়িতেই উঠেছেন। অতুল**প্রসাদের** অতিথি হয়ে তাঁর বাড়িতে থেকেছেন সরলা দেবী, চিত্তরঞ্জন দাশ, স্তর আভতোৰ ম্থোপাধাায়, বিপিনচন্দ্র পাল। সেবার এলেন লখনউতে রাষ্ট্রগুফ স্থরেক্সনাথ বন্দ্যোপাধ্যায়। রক্ষিরম এসোসিয়েশন হলে স্থরেক্সনাথের বক্তৃতা। পণ্ডিত মদনমোহন মালবা সভাপতির আসনে উপবিষ্ট। বাঙালী ক্লাবের তরফ থেকে অতুলপ্রসাদ স্থরেন্দ্রনাথকে মাল্যদান করে অভ্যার্থনা করার পর স্থরেন্দ্রনাথ দাঁড়িয়ে সিংহনিনাদে বক্তৃতা করছেন, এমন সময়ে একটি অবাঙালী কলেজের ছেলে 'ট্রেটর, ট্রেটর টু দি কানট্রি' চিংকার করে উঠে ভয়ে পালিয়ে গেল। স্থরেক্সনাথের নিনাদ নরম হঙ্গে গেল এবং তিনি চ্যালেঞ্চ করলেন, যে 'ট্রেটর' বলে তাঁকে সম্বোধন করলেন তাঁকে তিনি সম্মুখে প্রশ্ন করতে চান ; কিছু সে তথন পলাতক। মালব্যক্ষী **আসন থেকে** উঠে নত হয়ে সভার সামনে 'অ্যাপোলঙ্গি' চাইলেন।**···সেবারই তো বিপিনচক্র পাল এক মাস প্রায় লখনউতে থেকে বৈষ্ণব ধর্মের উপর বারত্যারী হলে ধারাবাহিক বক্তৃতা **मि**ट्लब ।

বাঙালী যুবক সমিতির তথন তুর্দান্ত জয়ধাতা। কারণ অতুলপ্রসাদ তথন কর্ণধার। প্রবাদে লখনউ নগরীতে প্রায়ই দিক্পানে আগমন ঘটে, আর সকলের সন্মান-সম্বর্ধনা-সভার জন্মে আছে একটি মাত্র ক্লাব যার কর্ণধার অতুলপ্রসাদ।

'আমাদের মধ্যে উচ্চ-নীচ জ্ঞান, জাত্যভিমান বড় বেশি।' বললেন অতুল প্রসাদ।
লখনউতে সে সময়ে বাঙালীদের সামাজিক অমুষ্ঠানে, তুর্গাপূজায়, কালীপূজায়, বিবাহে,
অন্নপ্রাশনে বা প্রান্ধবাদরে বান্ধান কায়স্থ ও অক্যান্ত জাতিদের পৃথক পৃথক স্থান্ধবাদরে
থাতগ্রহণের জন্তে আসন ব্যবস্থার রীতি ছিল। বান্ধণ ছাড়া অন্তকে থাত্তক্রয় ছুঁতে
দেওয়া হত না।

নিশ্যুই অক্সায়! কেন?

অতৃলপ্রসাদ ডাক দিলেন ক্লাবের সভ্যদের। তিনি বললেন, আমাকে যথন তোমাদের ক্লাবের প্রধান বলে মেনে নিয়েছ আশা করি আমার কথা তোমরা ভনবে।

কোন-কোন উৎসব অহঠান উপলকে চাঁদা তুলে সকলে মিলে একসঙ্গে বসে ধাওয়া-

সত্যকুমার মৃ্থোপাধ্যায়ের ভায়েরি থেকে

দাওরার বন্দোবন্ত হত। প্রথমে ক্লাবের অনেক সভ্য হয়ত ইতন্তত·····বিধাপ্রস্থ হতেন এক পংক্তিতে বসে খাছ গ্রহণে—অনেকদিনের সংস্কার !···একত্র ভোজনে একতা বাড়ে, মুসলমানদের মধ্যে এই বে একতা তার কারণ উচ্চ নীচ সকলেই তারা একত্র ভোজন করে। মুসলমানদের মধ্যে একটা প্রথা আছে আহারের সময়ে মনিবও তার ভূতাকে বলে 'আও ভাই বিসমিলা' করো। এই লোকাচার শিটাচার ভারা এখনও বজায় রেখেছে।—বলেছেন অতুলপ্রসাদ।* ব্যারিস্টার অতুলপ্রসাদ। সমাজসংস্কারক অতুলপ্রসাদ। কর্মী অতুলপ্রসাদ। দিনরাত সেই কাজ—জীবন-ভোর কাজ··· রাজনীতিবিদ অতুলপ্রসাদ। বহু টাকা গোখ্লের 'সার্ভেন্ট অব্ ইণ্ডিয়াতে' দান করেছেন। প্রতি বছর কংগ্রেসের অধিবেশনে যোগ দিতেন এবং কখনো কখনো অভ্যর্থনা-সমিতির সেক্রেটারি হিসেবেও কাজ করেছেন। স্থরাট কংগ্রেসের সময়ে বে দলাদলি হয় এবং ঘটি বিভিন্ন দলের স্ত্রপাত হয় সে সময় তিনি সেখানে উপস্থিত ছিলেন এবং এ ব্যাপারে তাঁর মনে খ্ব আঘাত লেগেছিল। অসহযোগ আন্দোলনের সময়ে নরমপস্থীরা কংগ্রেস থেকে আলাদা হয়ে 'লিবার্যাল' দল গড়লেন। অতুলপ্রসাদও

খদেশী কবি অতুলপ্রসাদ—খদেশের মৃত্তি-কামনা থার ছিল খপ্প। গীতিকার, গায়কও অতুলপ্রসাদ।—যেথানে সেথানে, যে-কোন থাতায়, ছে ড়া কাগজের টুকরোয়, ডায়েরিতে জন্ম নিয়েছে তাঁর বিখ্যাত কবিতা, গানগুলি। গীতিকবিতা। কত কবিতা হারিয়ে গেছে, কত গান বিশ্বতির আড়ালে। কবিতায় তাঁর বড় সঙ্কোচ। লুকিয়ে রাগতেন নিজেকে নিজের কবি পরিচয় থেকে। গান ও কবিতা ছিল তাঁর হৃদয়ের বড় কাছের। লেথার আগে মনের মধ্যে স্থরের আনাগোনা চলত। স্থর প্রথমে মৃত্তি চাইত। পিছু পিছু আসত কথা।

কংগ্রেস ত্যাগ করে নিবার্যাল লীগে যোগ দিলেন।—তথন তিনি যুক্তপ্রদেশের

মোকর্দমার কাজে একবার অতুলপ্রসাদ কানপুর গেলেন। দেখা হল সমাজকর্মী ডাঃ স্থরেন্দ্রনাথ সেনের সঙ্গে। স্থরেন্দ্রনাথের সঙ্গে বাঙলা ভাষা সংক্রান্ত কথা বলে অতুল-প্রসাদ তাঁকে বললেন, প্রবাসী বাঙালীদের একটা মিলন-ক্ষেত্র দরকার যেখানে বছরে একবার আমরা সকলে মিলে আমাদের সংস্কৃতি, কৃষ্টি ও ভাবের আদান প্রদান করতে পারি। প্রবাসেও আমাদের বাঙলা সাহিত্যের ধারা যাতে সমাস্তরাল চলে, ব্যাহত না হয় তার দিকে আমাদের দৃষ্টি রাখা কর্তব্য।

स्रात्रस्थां वनात्मन, निक्त्रहे! सामारमत छाहरन व विषय वनाहावारमत सक्षमारहव

লিবার্যাল নেতা।

^{*}বসম্ভকুমার বহুর পাণ্ডুলিপি থেকে

লালগোপাল মুখোপাখ্যায়, কাশীর কেদার বন্দ্যোপাখার, পণ্ডিতপ্রবর গোপীনাথ কবিরাজ এবং আর বারা প্রতিষ্ঠাবান ব্যক্তি আছেন তাঁদের সঙ্গে বোগাবোগ করতে হয়। কানপুরে এ বিষয়ে প্রথম আলোচনাচক্র হল। নাম ছির হল 'উত্তর-ভারতীয় বন্ধ-সাহিত্য সন্মেলন।' প্রথম অধিবেশন বসল কাশীতে ১৯২৩ সালে। অতুলপ্রসাদ এই সভাতেই প্রথম গাইলেন:—

মোদের গরব, মোদের আশা,
আ মরি বাংলা ভাষা !
ভোমার কোলে ভোমার বোলে
কতই শাস্তি ভলোবাসা ।
কি জাতু বাংলা গানে—
গান গেয়ে দাঁড় মাঝি টানে
(এমন কোথা আর আছে গো!)
গেয়ে গান নাচে বাউল
গান গেয়ে ধান কাটে চাষা ।
ইডাাদি—

এগার

প্রগো নিঠুর দরদী, একি খেলছ অহকণ ! তোমার কাঁটায় ভরা বন, তোমার প্রেমে ভরা মন।

মা এসে পৌছলেন লখনউতে। মেয়েদের বিয়ে হয়ে গেছে, হুর্গামোহনবাব্র মৃত্যু হয়েছে—এখন সম্পূর্ণ একা। তাই প্রবাসেই এসে ছেলের কাছে জীবনটা পার করবেন না তো কার কাছে। ছেলেও মাকেই কাছে রাখতে চায়। মা তুমি আমার কাছে থাকো। তুমি আমার কাছে এসে থাকলে আমার বড় শাস্তি। তোমার জল্ঞে আমার কভ ষে ভাবনা ভোমাকে কী বলব ······! তুমি না বোলো না মা। অতুলপ্রসাদ মাকে আপনার কাছে এনে রাখলেন। হেমকুস্থমের এতে আপত্তি। আপত্তির কারণ—ষে বে আত্মীয়স্বন্ধন ওঁদের বিয়ের বিরুদ্ধে মত পোষণ করছিলেন তাঁদের সঙ্গে কোন সম্পর্ক রাখা চলবে না। তাই অতুলপ্রসাদ যখন তাঁর মাকে লখনউয়ে এসে বসবাস করার জন্ত বারবার অত্বরোধ জানাচ্ছিলেন, হেমকুস্থম তখন তার প্রবল প্রতিবাদ জানিয়ে চলছিলেন।

আমি চাই না তুমি তোমার কোন আত্মীয়-স্বজনকে আমাদের এই লখনউয়ের বাড়িতে নিয়ে আলো।

অবুঝ হয়ো না হেম। ওকথা তোমার মুথে মানায় না।

হেমকুস্থমের ইচ্ছে হেমস্তশশী কলকাতাতেই বাস কন্ধন। অতুলপ্রসাদ মাকে মাসে মাসে বেমন টাকা পাঠাচ্ছেন তেমনিই টাকা পাঠাবেন। লখনউতে মায়ের আগমনের কোন প্রয়োজন নেই। এই পর্যস্তই থাকুক মা এবং ছেলের সম্পর্ক। হেমস্তশশী লখনউ এলে কেবল জটিলতার স্পষ্ট হবে।

चजुनश्रमात्मत रेट्स मकनत्क धकमत्क निराप्त थोका।

মা আসবেন বৈকি আমার বাড়িতে। আমার বাড়ি তো তাঁরও বাড়ি। তাঁরও অধিকার্র আছে এই বাড়িতে থাকবার। বোনেরাও আসবে। বোনেদের ছেলেরাও আসবে আমার এথানে। আমার প্রতিটি আত্মীয়ক্ষজন আসবেন থার ইচ্ছা হবে। আমি কাউকে বাধা দেব না। তুমি পুরোনো দিনের কথা ভোল। এথন ক্ষথের দিন তোমার, মিলে মিশে থাকতে হবে ভোমায়।

আমি পারব না।

ওকথা বললে ভোমার চলবে না হেম।

তোমার এখানে বথেষ্ট নাম হয়েছে, প্রতিপত্তি হয়েছে; তোমার স্থনাম্টুকু গ্রহণ করে তোমার অন্থাহ ভিক্ষা করে অনেক আত্মীয়স্থলন বন্ধু-বান্ধব জীবনে দাঁড়াতে চায়। ছঃখের সময়ে কিংবা তোমার অসময়ে তাঁরা কোন্ সহাম্পৃতি দেখিয়েছিলেন? আমি কাউকে অমুগ্রহ করব না। আমার এই লখনউর বাড়িতে কোনদিনই কাউকে আসতে বলব না। আমার এই লখনউর বাড়ির দরজা সব সময়ে তোমার আত্মীয়-স্বজনদের বাছে বন্ধই থাকবে।

তা বলে তুমি চাও আমার মা আমার বাড়িতে কোনদিন আসবেন না ? সেদিন হেমকুস্থমের উত্তর বড় তীক্ষ্ণ, বড় পরিষ্কার। তাঁরা যদি এ বাড়িতে এসে বসবাস আরম্ভ করেন, আমি তবে এ বাড়ি ছেড়ে চলে যাব!

অতুলপ্রসাদ মৃথের উপর কিছু বলতেন না। পরে বলতেন, জেনে রেখো, মা ছাড়া আমার এ ছনিয়ায় আর কেউ নেই। মা যথন 'অতুল' বলে ডাকেন তথন আমার সেই ছেলেবেলার দিনগুলি মনে পড়ে—মনেই থাকে না আমার এত বয়স হয়েছে

—এত প্রতিষ্ঠা হয়েছে। মায়ের জন্ম আজ আমি এত বড় হয়েছি। মায়ের ইচ্ছায় মায়ের চেষ্টায় মায়ের প্রেরণায় আজ আমার এই প্রতিষ্ঠা, আর তোমার কথায় মাকে ভূলে যাব! মাকে দ্রে রেখে দেব!

মা লিখলেন, অতুল তুই যথন আমায় ডাক দিয়েছিস আমি নিশ্চয়ই তোদের কাছে গিয়ে থাকব।

মাকে কলকাতা থেকে এক সময়ে সঙ্গে করে নিয়ে এলেন অতুলপ্রসাদ কৈশরবাগ ও আউট্রাম রোডের বাদাবাড়িতে। মা ঘুরে ঘুরে দেখলেন কৈশরবাগের বাড়ি। ঘরগুলি, বাইরের ফুল-বাগিচা, টেনিদ লন, আউট-হাউস ইত্যাদি। অল্প দুরে ব্রাহ্মসমাজের প্রার্থনা-স্থলটি। মা বললেন, তুমি একটা ওয়েলার ঘোড়া আর গাড়ি কিনেছ। বাড়ি ঘরদোর স্থলর করে সাজিয়েছ। এবার টাকা কিছু সঞ্চয় কর। তোমার মত হেমকুস্থমও একটু বেশি থরচ-টরচ করে দেখছি। এটা বন্ধ করতে হবে। টাকার মর্ম আমি বুঝি। তোমাকে একটা বাড়ি করতে হবে মনে রেখো। গাড়ির থেকে বাড়ির প্রয়োজন আগে। মাথা গোজবার একটা আন্তানা চাই তো, ভাড়া বাড়িতে কতদিন কাটাবে! অবচ অনেক কমিয়ে দিতে হবে। আমার কথামত কাজ কর, দেখবে তোমার ভালো হবে।

মা প্রথম দিন থেকে এসেই সংসারের জোয়াল কাঁথে তুলে নিলেন। সর্বমন্ত্রী কর্জী হলেন। চিরকাল যে পদে অভ্যন্থ সে পদ কি সহজে ত্যাগ করা যায়। ভাই বললেন— হেমকুক্মম, তোমার ভাঁড়ারের চাবিটা আমাকে দিও। দেখি ভোমার ভাঁড়ার ঘর কেমন সাজিয়ে গুছিয়ে রেখেছ! সংসারের বিষয়ে আর তোমাকে চিস্তা করতে হবে না, তুমি নিজের শরীর এবং অতুলের শরীরের দিকে দৃষ্টি রেখ। অতুলের শরীর এমন কেন হল বল তো? চিনতেই পারিনি প্রথম যখন ওকে দেখলাম। তুমি ওকে ভালভাবে দেখনা বৃঝি ?

দিন এগিয়ে চলে। কিংবা দিন অচল হয়। থেমে দাঁড়ায় দিন। মনে মনে অসস্তোষ জমা হয় হেমকুস্থমের এবং হেমস্তশশীর মধ্যে। কথা হয় না তৃ-জনের মধ্যে।

হেমকুহ্ম হেমন্তশনীর সঙ্গে বিশেষ কোন কথাবার্তা বলেন না জ্রুদির প্রয়োজন ছাড়া। আপন মনে চিস্তা করেন। সংসারে হেমন্তশনীর সর্বময়ী কর্তৃত্ব দেখে হেমকুহ্ম বিরক্ত হন। ভেতরে ভেতরে জলে ধান। ক্রমে নিজেকে গুটিয়ে নিয়ে আপন মনে আপন ঘরে অস্তরীণ হলেন। অতৃলপ্রসাদ ব্যলেন না, কোনদিকে দৃষ্টি রাখলেন না। আপন কাজে মেতে থাকলেন। হেমকুহ্ম মাঝে মাঝে ঘর ছেড়ে বাইরে বেরিয়ে অতৃলপ্রসাদকে আপন মনের ছঃখ জানাবার প্রয়াস পান। কিন্তু সব কথা বলতে পারেন না। বলা হয় না। অথবা অতৃলপ্রসাদ হেসে হেসে বলেন, বেশ তো আছ, কোন কাজকর্মের ভাবনা নেই, খাও-দাও আর…আনন্দ কর। তোমার হুখ স্বাচ্ছন্দা দেখে ৯ামার লোভ হয়, এমন মা পেয়েছ !

মা বলেন, হেম, তুমি ঘরে বদে কী এত ভাব বল তো! এস, আমার দক্ষে সংদারের কাজে হাত লাগাও।

হেমকুষ্ম হেমন্তশনীর ডাকে কথনো সাড়া দেন; কথনো মৃথ ভার। শুনেও শোনেন না। সম্পর্ক ক্রমে তিক্ত হয়ে ওঠে। অপ্রসন্ন হেমন্তশনী অতুলপ্রসাদকে মাঝে মাঝে হেমকুষ্মের অবাধ্যতার কথা বলেন। অতুলপ্রসাদ হেমকুষ্মের ওপর বিরক্ত হন। হেমকুষ্মেরও ধৈর্যচ্যতি ঘটে। রুষ্ট কঠে মাঝে মাঝে বলেন, আমি চললাম! আমাকে তোমার আর প্রয়োজন নেই দেখছি। থাক তোমরা মা ছেলে। আমার যেদিকে হচোধ যার চলে যাব। হেমকুষ্ম ভ্লতে পারেন না কোন পূর্বস্থতি। পূর্বের যত কিছু অবহেলা প্রতিশোধের রূপ ধরে বাসা বেঁধে থাকে অণুক্ষণ। অতুলপ্রসাদ সেদিক দিয়ে অনেকটা ক্ষমাপরায়ণ, আপনভোলা প্রকৃতির। অতুলপ্রসাদ প্রায়ই বলেন, তুমি সব কাজেতে এমন রাগ করে ওঠ কেন?

অতুসপ্রসাদের হুটি সমস্থা স্থী এবং মাকে ঘিরে। ক্রমে অসহা হয়ে যায় দিন গুলো। প্রায় সব দিনই বখন পুত্রকে কাছে মেলে, মায়ের অভিযোগের অস্ত নেই। স্থীরও মায়ের প্রতি অভিযোগ রোজকার কাজের মধ্যে। অশান্তি। সবদিন অশান্তি, ছোটখাটো কথা থেকে অশান্তি দানা বাঁধে। নিরুৎসাহ দিন-রাতি। বাড়ির মধ্যে থাকতে ইচ্ছে হয় না। তাই বাইরের কাজ নিয়ে সারাক্ষণ মেতে থাকেন অতুলপ্রসাদ। বাড়ি

এসেও দ্বী এবং মাকে এড়িয়ে সকল সময়ে অফিস ঘরে। অবসর সময়ে কোর্টের কাজ নিয়ে বসেন। মাঝে মাঝে মনে হয় হেমকুস্থমের কথা মত মাকে লখনউতে না আনলেই যেন ভাল হত। অস্তত এই রোজকার অশান্তির হাজ্পেকে বাঁচতেন। কিন্তু হেমকুস্থমেরই বা এত জেদ কেন! হেমকুস্থম কি মায়ের সঙ্গে মানিয়ে নিয়ে চলতে পারে না? একসঙ্গে বাস করে কি সকলে স্থী হওয়া যায় না? মায়ের কথা ভেবে হঃথ হয়—মা কোথায় আর যাবেন? বোনেরা থাকলে তো তাঁরই দেখাশোনার কথা। তিনিই তো তাঁর একমাত্র পুত্র। কর্তব্য নয় কি মাকে এই বৃদ্ধব্য দেখা? চিরজীবন মা ভারু হঃথই পেলেন। আর হঃথ নয়।

প্রথম প্রথম অতুলপ্রসাদ স্থী এবং মায়ের পরস্পারের দোষারোপ শুনতেন। বোঝাতেচেষ্টা করতেন ত্জনকেই। এতে বিপরীত ফল হত। ত্-জনই তাঁকে অপরের পক্ষপাতী
মনে করে অভিমানে এবং রাগে তাঁর সঙ্গে কথা বলা বন্ধ করে দিতেন। এই অবস্থা
কদিন চলছিল যথন হেমকুস্থম অতুলপ্রসাদের সঙ্গে কথা বলছিলেন না। বড় একটা
মোকদ্দমায় অতুলপ্রসাদও কয়েকদিন খুব ব্যস্ত। কাছারিতে হাড়ভাঙা খাটুনি।
অনেক রাত অবধি মক্তেলদের সঙ্গে পরামর্শ করা। ঘুমে চোথ ঢুলে আসে। বৈঠকখানা দর থেকে উঠে এসে কিছু খেয়ে শুয়ে পড়লেই আর ভাবতে ইচ্ছে করে না কোন
সাংসারিক কথা, বা সংসারটা কেমন চলছে। মাঝে মাঝে মনে হয় এই ঝগড়া হয়ত
ত্-দিনের, মিটে যাবে কাল সকালেই। কাল সকালে ঘুম ভেঙে দেখবেন এই সংসারের
নতুন রূপ। নতুন দৃশ্র। কিন্তু কোন পরিবর্তন নেই। প্রতিদিনের একই ঘটনা।
তোমার এত রাগ কেন আমি ব্ঝি না। ক্ষুক্ব অতুলপ্রসাদ।

তোমার যদি রাগের কোন কারণ থা ত তবে ব্ঝতাম! আমি ব্ঝি না কেন তুমি মায়ের প্রতি রাগ কর। মা তোমার কী করেছেন এমন? প্রতিটি কাজে মায়ের কেন এত খুঁত ধর?

ভালোমন্দ মেশানো মান্ত্র । মায়ের সব কাজই কি তোমার মন্দ মনে হয় ? তাঁর ভালোটা কি ভোমার চোখে পড়ে না ? তাঁর আন্তরিকভায় ভোমার সন্দেহ জাগে এখনো ? তিনি ভো ভোমার ভালোই চান । চাননা কি, তুমিই বল ? ভোমার ভালবাসেন না, না ?

এ ধরনের কোন কথা আমাকে বোলো না। আমার শরীর খারাপ লাগে, আমার মাধা ঘোরে, শরীর কেমন করে, মাধায় রক্ত চড়ে ধায়। তুমি জান আমার শরীর ধারাপ ! কিন্তু তুমি কি জান না মা তোমাকে কডটা ভালবাসেন ?

আমি জানি বৈকি ।

না তুমি জান না ! তাহলে মায়ের দকে, আমার অক্সান্ত আত্মীয়ত্বজনদের দকে এমন আমারে এ আধারে ব্যবহার কখনো করতে না। তুমি জান না তোমার কথায় মা কতটা অপমানিত বোধ করেন। হাজার হোক তিনি বুড়ো মাহ্নব; তাঁর সন্মানটুকু দেওরা তোমার উচিত। সন্মান দিতে আমি জানি বদি আমি নিজে সন্মান পাই। আমায় তুমি কতটুকু সন্মান দিয়েছ! আমাকে তুমি শুধু বকো আর শুধু ক্রটি বিচ্যুতিই দেখ। অন্ত কারো নয়। আমিই কেবল তোমার কাছে দোষ করি। আমার বেন কোন শুণই নেই, সবই দোষ!

তোমার কি কোন দোশ নেই তুমি বলতে চাও? আমার মা এমনি-এমনি তোমার উপন্ন ক্ষ হন আমি মনে করব ?

শ্বেমনি মনে করার তোমার প্রয়োজন নেই। আমিই সকলের সঙ্গে ঝগড়া করে বেড়াই এ তোমার জানা উচিত! আমি তোমার সঙ্গে ঝগড়া করি, তোমার মায়ের সঙ্গে ঝগড়া করি। আমি ঝগড়াটে। আমি রাগী। আমি·····কিস্তু আমি যা বলি আমি তাই করি। আমি অতি ধারাপ আর তুমি খুউব ভাল, তাই নয় ?

প্রায় দিনই এই ঘটনা ঘটে। সত্যপ্রসাদ সেন লিথেছেন, 'অতুলের মা অতুলের সঙ্গে আসিয়া থাকিতে আরম্ভ করিলেন। এই সময়ে অতুলের জীবনে মন্ত পরীক্ষা আরম্ভ হইল। আয়ীয়দের সঙ্গে অতুলের কোন যোগ থাকে উহা তাহার পত্নীর ইচ্ছা নাই। অথচ অতুলের স্বাভাবিক স্নেহপ্রবণতা ইহার বিপরীত। ফলতঃ প্রতিপদেই পতি পত্নীর মধ্যে মনোমালিক্ত বৃদ্ধি পাইতে লাগিল। তেংকু স্থমের ব্যবহার অতুলের মনে খ্ব আঘাত দিতে লাগিল। অতুল ইচ্ছা করে আয়ীয়ন্ত্রজনদের লইয়া থাকে; হেমকুন্থম বাধা দিতে লাগিল। ক্রমে বাধা অত্যাচারে পরিণত হইল। বিবাহের পর অতুল রাহ্মন্তর চক্রের মত হইয়া পড়িয়াছিল। আমাদের সহিত সকল রক্ম সম্পর্ক ছির হইয়া গিয়াছিল। তামাকে পরে ইহার কারণ বলিয়াছিল যে সে একেবারে উপায়হীন হইয়া পড়িয়াছিল। একদিকে হেমকুন্থমের জেল যেমন বাড়িতে লাগিল অক্তদিকে আয়ীয়ন্ত্রজন বন্ধ্বান্ধবদের জন্ম অতুলের স্বেহ মমতা ক্ল ঢাপাইয়া উঠিতে লাগিল। তাত্রজনের প্রেমিক ব্রাম্বর্জন বন্ধ্বান্ধবদের জন্ম অতুলের স্বেহ মমতা ক্ল ঢাপাইয়া উঠিতে লাগিল। তাত্রজনের প্রেমিক ব্রাম্বর্জন বন্ধ্বান্ধবদের জন্ম অতুলের স্বেহ মমতা ক্ল ঢাপাইয়া উঠিতে লাগিল। তাত্রজনের প্রেমিক ব্রাম্বর্জন ব্রাম্বর্জন ব্রাম্বর্জন বন্ধন স্বান্ধর তার মন পত্নীর অন্তায় জেল সভ্য করিতে অপারগ হইয়া উঠিল।

শাশুড়ি বধ্র সম্পর্ক ক্রমে তিক্ততার পর্যায়ে পৌছে গেল। অতি রাগে অক্সন্থ হেমকুক্সম। প্রায়দিনই হন মৃছিত। ডাঃ ট্যাগুনের চিকিৎসায় চিকিৎসিত হন হেমকুক্সম। স্ক্রাবাকারী হলেন অতুলপ্রসাদ ও মহেশ চটোপাধ্যায়। মহেশ চটোপাধ্যায় পুত্র দিলীপের শিক্ষক, অতুলপ্রসাদের স্নেহভান্সন। মহেশ পরেপকারী। শড়াশোনা করেন, দিলীপকেও পড়ান। অতুলপ্রসাদের নিকট আধিক দিক দিয়ে অনেক বিবরে কৃতক্ষ। মহেশ বলেন অতুলপ্রসাদকে, আপনি ব্যস্ত হবেন না। দিদি এমন কিছু অহত নন, আমার পরীকা হয়ে গেছে, এখন আমার অবসর। দিদিকে দেখাশোনা, ওষ্ধপত্ত থাওয়ানো, পথ্য ইত্যাদি বিষয়ে দেখতে পারি।

তা-ছাড়া আরা তো আছে। আপনি ভাববেন না কিছু।

অতুলপ্রসাদ বললেন, ঠিক আছে; তোমার দিদি তোমাকে স্নেষ্ট করেন। একজন অজ্ঞানা-অচেনা মাহুষের চেয়ে একজন পরিচিত মাহুষের সেবা-সাহুচর্যে শরীর ও মন স্কৃষ্ব ও সতেজ থাকবে। তুমি থাকলে আমিও অনেকটা নিশ্চিস্ত থাকব।

অতুলপ্রসাদের মা নানা ঘটনায় হত-চকিত। ছেলের কাছে মুথ দেখাতে পারেন না। আপন চিস্তায় একা একা ঘরে বসে ভারাক্রাস্ত। কেনই বা এখানে আসতে সম্মত হলেন! ছেলের স্থের সংসারে এ কী বিপর্যয় আনলেন তিনি! আমার এখনু কলকাতার ফিরে যাওয়া উচিত ; একবার মনে করলেন। আর একবার মনে হল হেমকুস্মকে দেখে আসি। ভাবলেন, হেমকুস্ম কি তাতে আরো উত্তেজিত হবে ? হেমকুস্থমকে দেখতে গিয়ে ষদি আবার অন্ত কোন পরিস্থিতিতে পড়তে হয়! যদি সে কিছু মনে করে ! নানা কথা শহরের লোকের মূখে মূখে ফিরবে, কী করে আমি মুখ দেখাব সকলের সামনে ? আমি তো অশাস্তি চাই নি ! অতুলের ভালোর জস্তেই আমি সংসারের ভার নিতে চেয়েছিলাম, ধাতে সে ত্-পয়দা জমিয়ে একটা মাথা গোঁজবার বাড়ি-ঘর তৈরি করতে পারে। তা আমার কপাল মন্দ, আমার জক্তেই তাদের এই বিড়ম্বনা। আমি আর এথানে থাকব না। অতুলকে বলব, আমাকে পাঠিয়ে দে বাবা ধেখান থেকে আমি এসেছি; যা পারিস দিস তাতেই আমার চলে যাবে। অনেক ছঃখ নিয়ে আমি এ পৃথিবীতে এগেছি…অনেক হুঃখ আমার কপালে এখনো লেখা আছে। হেমন্তশনী আপন মনকে অনেক বোঝাবার চেটা করলেন, তারপর মনে মনে ভাবলেন,

হেমকুস্থম স্বস্থ হোক, আমি তাকে হু . দেখে এখান থেকে চলে যাব।

কিছুদিন পরে হেমকুস্কম তথন কিছু স্বস্থ হয়েছেন। কম্বেকটি মাস গেছে এগিয়ে। হেমন্তশনী একদিন অতুলপ্রসাদকে বললেন, অতুল, আমার আর এখানে বাস করতে ইচ্ছে করছে না বাবা, শরীরটা মোটেই ভালো থাকছে না। আমি চলে গেলে তোমরা স্থাী হবে অতুল।

অতুলপ্রসাদ হঃখিত মনে বললেন, এ কথা কেন বলছ মা! কিন্তু মা, তুমি ধদি চলে ষাও আমার মনে কী রকম হঃথ হবে সেকথা তুমি জান?

জানি বাবা। তব্…

না মা তুমি যেও না।

ना वावा !

মা তুমি আমার কাছে থাকবে না ? তুমি ষেও না।

শামায় বাধা দিও না বাবা। স্থামায় বেতে দাও।

কেন কিরে বেতে চাও অত্লপ্রসাদ অনেক ছাথে বললেন, বেশ তবে তুমি যাও মা! আর একবার বলছি তুমি থাক মা, তোমার আর কোন কট হবে না, কেউ তোমাকে অপমান করবে না কোনদিন।

না বাবা, তুমি আর আমাকে বাধা দিও না। আমি আসব তোমার কাছে, আবার আসব।

কৈশরবাগের মোড়ের বাড়ির দিকে পিছু ফিরে তাকালেন হেমস্তশনী। ভাঙা দিন জোড়া লাগে না। চোধহটি অঞ্চলজন হল। ধীরে ধীরে বললেন, অতুল আমায় তুই বিদায় দে বাবা।

অতুলপ্রসাদ প্রণাম করলেন মাকে ব্যথিত মনে। হেমকুস্থম দরজার কোণে শক্ত পাথরের মৃতির মত দাড়িয়ে রইলেন অহুত্ব শরীরে। গাড়ি চলে গেল কৈশরবাগের মোড় অতিক্রম করে চার বাগিচার ক্লু প্রান্তরের মধ্য দিয়ে দূরে · · অনেক দূরে।

বারো

মা অপমানিত মনে কিছুদিনের মধ্যে লখনউ ত্যাগ করে চলে গেলেন। কোন রকমেই আর বেঁধে রাখা গেল না। মা লখনউ ছেড়ে চলে যাওয়ার পর থেকে অতুলপ্রসাদের সারা মন নৈরাশ্যে ভরে গেল। যত্নচালিত মাহুষের মত প্রতিদিনের কাজকর্ম করে চললেন। হেমকুহুমের মানসিক স্বস্থতা তখনও সম্পূর্ণ ফিরে আসে নি। উপযুক্ত চিকিৎসায় এবং মহেশের সেবা-যত্নের ফলে হেমকুহুম অনেকটা স্বস্থ হলেন। চিকিৎসক বলেছিলেন হেমকুহুম যেন সকালে বিকেলে একটু আধটু ভ্রমণ করেন, ভাতে তাঁর মন প্রফুল্ল থাকবে। মন প্রফুল্ল থাকলে শরীর ভাল থাকবে।

অতৃলপ্রসাদ হেমকুস্থমকে সঙ্গে নিয়ে প্রাতঃভ্রমণে বাহির হতেন। সঙ্গী হিসেবে মহেশ চট্টোপাধ্যায়ের সঙ্গ ত্-জনের কাছেই আনন্দজনক। মহেশের সঙ্গে কথা কয়ে হেমকুস্থমের মন অনেকটা ভাল থাকে; তাই অতৃলপ্রসাদ মহেশকে বলেন, তুমি এসে কথা কয়ে তোমার দিদির মনকে চাঙা করে রেখ, কেমন ?

চিকিৎসক বলেছিলেন এমন কোন কাজ করবেন না মি: সেন বাতে মিসেস সেন উত্তেজিত হন। উত্তেজনা ওঁর শরীরে আনবে অনিষ্ট।

অতুলপ্রসাদ সে কথা জানেন বোঝেন, তবু উত্তেজনাপূর্ণ শব্দগুলি ত্-চার কথার নাঝে অজ্ঞাতসারে এসে পড়ে। নিজেকে সংবরণে সামর্থ্য নেই, ভূলতে পারেন না হেমকুস্থমের জন্মেই মা তাঁদের ত্যাগ করে চলে গেছেন, আত্মীয়স্বজনের সঙ্গে কোন সম্পর্ক নেই। বড় কক্ষ হন অতুলপ্রসাদ। মুখ-দেখাদেখি কম হয় ইদানীং হেমকুস্থম এবং অতুলপ্রসাদের মাঝখানে অদৃশ্য এক দেয়াল বিধাতা ধীরে ধীরে গড়ে তুলতে থাকেন। তাই বোধহয় অতুলপ্রসাদের কাজের বিরতি নেই, সময় নেই এক মূহুর্ত, অবসর নেই হেমকুস্থমের সঙ্গে গল্প করার। কোর্টের কাজকর্ম সেরে মামলা-মোকর্দমার কাজকর্মের পর সঙ্গেটুকু তথন যায় সাহিত্য সাধনান্য, গান রচনান্ত্র, স্বর সংযোজনায়। প্রায় প্রতিদিনই অগুন্তি মাম্বরের আনাগোনা, সাহিত্য-সভা, সজীত-সভা। প্রায় দিনই স্বর্রপিয়াসীর দল হেমকুস্থমের সময়টুকু নিংশেষে উলাড় করে নিয়ে উপন্থিত থাকে। রবাহত অভ্যাগতদের ভিড়ে নিজেকে খ্ব অসহায় বোধ হয় হেমকুস্থমের। অতুলপ্রসাদকে অনেক দ্রের মামুষ বলে মনে হয়, সেই কারণেই তাঁকে অসহনীয় মনে হয়। ক্ষমাহীন দাবি জানায়। প্রতিশোধের স্পৃহা জাগায়। মহেণকে ক্লে নিয়ে শিশ্ব-শিশ্বা-পরিবৃত অত্লপ্রসাদের সামনে দিয়ে হেমকুস্থম

ভ্রমণে বাহির হন প্রারই দিন। তামতী নদীর তীর ধরে ধীরে ধীরে এগিয়ে চলেন, কৈশরবাগের বাগিচায় এসে লতানিকৃঞ্জ-ছেরা পাথরের আসনে বসে কথনও আলাপচারী হন। কথনও আপন মনে ভাবেন—ভাবনার কৃল-কিনারা ছিল নাকোন। বাগিচার সবৃজ্জ মাঠে অক্ত সব ছেলেমেয়েদের সঙ্গে দিলীপ থেলাধুলোয় মাতে। তারপর রোদ উঠলে বেড়ানো সাক হয়। বিকেলে রোদ পড়লে ছেলে ইস্কুল থেকে ফিরলে তাকে জ্লেখাবার খাইয়ে খেলতে পাঠান। খেলাধুলো করে এনে তৃমি পড়তে বদবে, তারপর আমি বেড়িয়ে ফিরে এলে মহেশকাকা ভোমাকে পড়াতে বসবেন।

একদিন সন্ধাবেলা হেমকুস্থম বেড়াতে বেরিয়েছেন, বেড়াতে বেড়াতে গোমতী নদীর তীর ধরে মতিমহল অবধি এসে তার চন্ধরে বসেছেন। অনক রাত হল। বাড়ি ফিরতে ইচ্ছে হল না হেমকুস্থমের। করী হবে বাড়ি ফিরে — সেই নির্দ্ধন নির্বান্ধব পুরীতে— বেখানে এক মুহূর্ত আর বাস করতে ইচ্ছে হল্প না — বেখানে কথা বলার—ভালবাসার মান্থয় নেই। হঠাৎ হেমকুস্থমের যেন মনে হয় তিনি অনেক দিন অতুলপ্রসাদের সঙ্গে কথা বলেন নি, তাঁর পরিচর্ষা করেন নি—ব্যবধানের প্রাচীর কেন যে হঠাৎ মাঝে রূপ নিল কে বলতে পারে!

অকশাৎ হেমকুস্থের মন অতুসপ্রসাদের জন্তে কেমন যেন চঞ্চল হল। বাড়ি ফিরে এলেন। বাড়ির গেট পার হয়ে ভেতরে এসে দেখেন, বসার ঘরের সব-কটা আলো জলছে 'দিন' হয়ে। স্বরলহরী ভেসে আসছে নারী পুক্ষ কঠের। ধীরে ধীরে বসার ঘরের দরজার পাশে এসে দাড়ালেন হেমকুস্থম। দেখলেন, আপন মনে বিভার হয়ে অর্গান বাজিয়ে গান গাইছেন অতুলপ্রসাদ। তাঁকে ঘিরে দাড়িয়ে তাঁর গলার স্থরে স্বর মিলিয়ে গান গাইছেন ছটি তরুণ তরুণী। তারা বোধহয় অতুলপ্রসাদের নতুন কোন গানের স্বর তুলতে চেষ্টা করছে। নতুন দৃশ্য কিছু নয়, তব্ হেমকুস্থমের মন সেদিন বোধহয় ও দৃশ্য দেখার জন্তে প্রস্তুত ছিল না। এল ছরস্ত রাগ, প্রচণ্ড আক্রোশে হল তার প্রকাশ।

বিরক্ত বিত্রত অতুলপ্রসাদ বললেন—শাস্ত হও। অশাস্ত হেমকুস্কম।

সংষত মাত্র্য অতুলপ্রসাদ।

বললেন, দেখ, আমরা আজ ত্-জনে ত্-পথে চলেছি। আমরা বোধহয় আর ত্-জন ত্-জনকে ভালবাসতে পারছি না। অথবা আমাদের ভালবাসা আজ শুকনো মালা আমাদের মাঝে বিরাজ করছে। আমাদের একত্রে থাকা বোধহয় আর ঘটবে না। ভোমার বা ধরচপত্র ভোমাকে আমি দেব। তুমি আমায় মৃক্তি দাও, আর অশান্তি নয়।

উত্তেজিত হেমকুস্থম বললেন, আমি কোথাও ধাব না তোমাকে ছেড়ে! আমি এথানেই থাকব— আমার বাড়ি, আমার ঘর।

অতুলপ্রদাদ ঘরময় ঘুরে বেড়ালেন অশাস্তভাবে।

শে রাতে অতুলপ্রসাদ এবং হেমকুস্থম তু-জনেই অভুক্ত রইলেন। নিদ্রাহীন রাত যাপন করলেন ভিন্ন ঘরে। ঘরময় পায়চারি করেছেন অতুলপ্রসাদ এবং **অনবর**ভ ধূম**পা**ন করেছেন, যদিচ ধূমপান তিনি করতেন কচিৎ কখনো। বরময় পোড়া দিগারেটের টুকরো, চোথে মৃথে অনি দ্রার ক্লান্তি, মৃথ দেখে মনে হচ্ছিল সমাধানের পথ এখনও স্বৃদ্ধ পরাহত। কোন সমাধানে পৌছতে পারেন নি অতুলপ্রসাদ। ভাবছিলেন, হেমকুস্কুমকে যথন বিবাহ করেছিলাম তথন আত্মীয়ম্বজনরা আমাকে বাধা দিয়েছিলেন। মারও ইচ্ছে ছিল না আমি ওকে বিয়ে করি। ওর জক্তে আত্মীয়ম্বজন বন্ধুবান্ধব সকলের কাছে আমি হেয় হয়েছি। আমার সঙ্গে কেউ সম্পর্ক রাথে নি। তাদের সকলের কথা ভনিনি, এখন আমাকে তাই ফলভোগ করতে হচ্ছে। হেমকুস্থমের দকে একসঙ্গে দিন্ধাপন করা ক্রমেই অসহ হয়ে উঠছে। আরো কিছুদিন একদঙ্গে থাকলে আমাকে হয়ত পাগল হতে হবে। হয় আমি পাগল হব, নয় তো হেমকুস্থম। এ অশান্তির হাত থেকে আমি মৃক্তি পেতে চাই। विष्ठ्यम हाफा आमारमत उभाग त्नरे—विष्ठ्यम—रमरे **डान। किन्छ** ... ७ वनमाम তুমি যেথানে ইচ্ছে থাকো, যদি বিচ্ছেদ মেনে নাও অর্থ চাও, নাও; কিন্তু দোহাই আর অণান্তি নয়। আমার মান ইচ্ছত নষ্ট করে আমার ওপর প্রতিশোধ নিও না। আমি শান্তি চাই, আমি স্বন্তি চাই; কী দোষ করেছি তোমার কাছে ? তর স্থ স্থবিধের সবই তো ব্যবস্থা করেছি, কোনদিক দিয়ে কোন অভাব রাখি নি। আমার আত্মীয়দের সঙ্গে ও কোন যোগাযোগ রাখতে চায় না; আমিও দূরে চলে এসে ওর কথা রেখেছি— এতদিন পরে এখন যদি কেউ আমার কাছে আসে, আমার দক্ষে ভাল ব্যবহার করে আমি কেন তাদের না বলব ! ... আমি যে এগানে এসে এত টাকা উপার্জন করছি সে ভুধু কি হেম আর দিলীপের জন্মেই ! ... আমার মনের ইচ্ছে ... আমার দেশের মাত্র্য···আমার প্রাণ···ও আপন স্বার্থকে বড় করে দেখে; অস্বীকার করি না দে কথা খুব অযৌক্তিক নয়। তবুও !···ও চায় না আমি কোন ছেলেমেয়েদের সংক মেলামেশা করি ... কিন্তু কী করে এ সভব ! আমার গান আমার কবিতা यकि কারো ভালো লাগে আর তাতে আরুষ্ট হয়ে ওরা যদি আদে আমার কাছে গান শিখতে, আমি কি বলব ছোমরা চলে যাও? এত অভন্ত আমি হতে পারব না। ওর মনের এই দুর্বলতার জন্মেই ওর নিজের মনে অশাস্তি ডেকে এনেছে!

অবশেষে অতুলপ্রসাদ সমাধানের পথ খুঁজে পেলেন। হাতে যে কটা মামলা আছে

শেষ করে নি। মুনশিকে টাকাপয়সা দিয়ে যাব, হেমকুস্থাকে খরচপত্র দেবে।
দিলীপ ষেমন লেখাপড়া করছে করুক। মহেশকে বলে যাব ষেন ওকে দেখাশোনা
করে। সত্যকুমার স্বামাকে খুউব ভালোবাসে। সে যেন রোজ এসে থোঁজখবর
নিয়ে যায়, আমাকে যেন চিঠিপত্র লিখে থোঁজখবর জানায়। হেমকুস্থম এখানে থাকুক।
ওর জন্তে চাকর-বাকর খানসামা বেয়ারা ফিটন আইভিলভার কুঞ্জ সব রইল। ও স্থথ
থাকুক এখানে। লেখনউ ছেড়ে যেতে একটু ছঃখ হবে—আনেকদিনের কর্মভূমি,
আনেকখানি প্রতিষ্ঠা, নাম-যশ, তবু আমাকে কলকাতায় ফিরে গিয়ে নতুন করে
কর্মজীবন শুক্র করতে হবে। তা হোক, আবার নতুন কয়েই না হয় যাত্রা শুক্র হবে।
মনে মনেই একটা সনাধানের পথ খুঁজে পেয়ে আনেকটা নিশ্চিস্ত হয়ে বিছানায় শুয়ে
ঘুমিয়ে পড়লেন অতুলপ্রসাদ।

প্রদিন স্কালবেলায় গোমতী নদীর তীরে বেড়াতে গিয়েছেন স্ত্যুক্মার, ফেরার পথে ভাবলেন একবার অতুলদাদার বাড়ি ঘুরে গেলে কেমন হয়। যে কথা ভাবা সেই কাজ।* স্ত্যুক্মার অতুলদাদার বাড়ির দিকে পা বাড়ালেন। কানাইলাল বসে ছিলেন। তিনি জানালেন সাহেব ঘুম্চ্ছেন এখনও।

সত্যকুমার শুনে আশ্চর্য হলেন। মনে ভাবলেন, সাহেব তে। এত বেলা অবধি ঘুমোন না, শরীর ভাল আছে তো? ইতিমধ্যে পুরোনো ভূত্য বেরিয়ে এসে বললে, বাবু আপনি যাবেন না বস্থন, আমি বৈঠকখানা খুলে দিচ্ছি। সত্যকুমার বৈঠকখানায় বসলে পর ভূত্যটি বলল, কাল সাহেব মেমসাহেব রাত্তে ত্-জনেই কেউ খাওয়া-দাওয়া করেন নি। আপনি এসেছেন, আপনাকে দেখলে সাহেব খুলি হবেন। আপনাকে চা দিয়ে যাচ্ছি, কাগজ দেখুন।

ভূত্য প্রভূর ঘরে ধীরে ধীরে আওয়াজ দিয়ে প্রভূকে জাগিয়ে জানালো, সত্যকুমারবাবু এসেছেন, বৈঠকখানায় আপনার জন্মে অপেক্ষায় আছেন।

অতৃলপ্রসাদ হাতম্থ ধুয়ে সত্যকুমারের সঙ্গে সাক্ষাৎ করে বললেন, তুমি এসেছ ভালোই হয়েছে, তোমার কথাই কাল রাতে ভাবছিলাম।

সত্যকুমার বললেন, আপনি ও বৌঠান কাল রাতে কিছু থাননি, কী ব্যাপার বলুন তো ! অতুলপ্রসাদ তথন গতকালের ঘটনার কথা সত্যকুমারকে বললেন। এবং তিনি মনে

* শত্যকুমারের পরিচয়— সত্যকুমার ম্থোপাধ্যায়, পিতা অছোরনাথ ম্থোপাধ্যায় ষিনি নববিধান সমাজের একজন প্রচারক ছিলেন। সত্যকুমার অতুলপ্রসাদের একজন ঘনিষ্ঠ সহচর। মনে মনে ষা দ্বির করেছেন, অর্থাৎ তিনি এসময়ে কিছু দূরে থাকলে হেমকুস্থমের মনের পরিবর্তন হঁতে পারে, সেকথা সত্যকুমারকে জানালেন।

সত্যকুমার বললেন, যদি তাই ভেবে থাকেন তাহলে সে কাজই করে দেখুন।
অতুলপ্রসাদ বললেন, তোমাকে যে ভার দিচ্ছি সেটা তোমাকে পালন করতে হবে।
সত্যকুমার বললেন, আপনি নিশ্চিম্ন থাকুন। আমি সে কাজ ষথাসাধ্য করে বাব।
অতুলপ্রসাদ বললেন, তুমি একবার বৌঠানের কাছে যাও। উনি আমার ওপর রেগে
আছেন। রাতেও কিছু খাননি। তোমার কথা বৌঠান শুনবেন। আমি সামনে
যাব না। আমায় আবার এক্নি স্নান করে বেরোতে হবে কোর্টে। একটা বড়

সত্যকুমার হেসে হেমকুস্থমের ঘরে এলেন। হেমকুস্থম তথন আরাম-কেদারায় শুয়ে আছেন। আয়া চূল আঁচড়ে দিচ্ছে। সত্যকুমারকে দেশে আস্তরিকভাবে ডাকলেন হেমকুস্থম। স্বাভাবিকভাবে বললেন, তুমি অনেকদিন আসনি যে সত্যকুমার ? তাঁর চেহারার মধ্যে গতকালের ঝড়ের কোন চিহ্ন নেই।

সত্যকুমার বললেন, আজ সকালে আপনি বেড়াতে গেলেন না যে!

यकर्ममा ठलएह। एमथह ना, मरक्लता एमारत धतना मिरत्र वरम जाएह।

আজ শরীরটা তেমন ভাল বোধ হচ্ছিল না, হেমকুস্থম বললেন, মহেশকে বললাম তুমি দিলীপকে নিয়ে বেড়াতে যাও।

সত্যকুমার বললেন, আপনার চা-জলখাবার খাওয়া হয়েছে? শুনলাম কাল থেকে আপনি অন্নগ্রহণ করেন নি। বড় অন্তায়। আয়াকে বলি আপনার খাবার দিয়ে যেতে। আমার জল্পেও এককাপ চা বানাতে বলবেন। যদিও অতুলদার ঘরে আমার এক কাপ চা হয়েছে তবু আমি তো চায়ের পোকা জানেন, লাহেবের সঙ্গে অফিসের কাজে দেরাত্বন মুসৌরি ঘুরে এলাম। মুসৌরি বড় চমংকার জায়গা, চারদিকে পাহাড় ঝরনা, দ্রে একটা লেক আছে পরিষ্কার পরিচ্ছন্ন—বড় ভাল লাগল। এক কাজ করতে তো পারেন, দাদা এবং আপনি দিলীপকে নিয়ে কয়েকদিনের জল্পে সেখান থেকে ঘুরে আসতে পারেন। শরীরও সায়বে, মনও ভাল থাকবে। আমি বলছি দেখবেন, সেখানে কয়েকটি দিন কাটিয়ে এলে একেবারে নতুন জীবন মনে হবে। জার দেরি কয়বেন না, আপনারা ভ্রমণে বেরিয়ে পড়ুন।

হেমকুস্থম কিছুক্ষণ চূপ করে থেকে বললেন, আমারও আর ভাল লাগে না।
এখানে বড় একদেয়ে মনে হয়। তবে, উনি এখানকার কাজকর্ম বন্ধ রেখে মুসৌরি
বৈতে পারবেন কি । বলবেন ভোমরা যাও। ওঁকে আমি এই সাতশো রাক্ষ্মীর
দেশে রেখে যেতে পারব না!

সভ্যকুমার বললেন, দেরাত্ন মৃসৌরি বেড়াতে ষাওয়ায় আপনার মত আছে

ভানলাম। এখন দেখি দাদাকে বলে। আশা করি দাদাও মত দেবেন। আছাং আজ চলি, আর একদিন আসব,—অফিস আছে তো! এই বলে সত্যকুমার উঠে পড়লেন। যাবার আগে অতুলপ্রসাদের সঙ্গে কাছারিতে দেখা করে বলে এলেন, বৌঠানের মেজাজ ভালোই দেখলুম। চা-টা খাছেন। পরে তাঁর সঙ্গে দেখা করে পরবর্তী কার্যক্রম আপনাকে জানাবো। ইতিমধ্যে আপনি বৌঠানের ওপর মেজাজ-টেজাজ দেখাবেন না যেন।

অতুলপ্রসাদের বাড়িকে থিরে পৃথিবীর আহ্নিক গতি যেমন চলছিল তেমনই চলল। দকালে উঠে হাতম্থ ধুয়ে, ভৃত্যের দেওয়া চা ডিম টোস্ট থেয়ে অতুলপ্রসাদ নিজের কাছারি-ঘরে মক্কেল নিয়ে ব্দেন। তারপর কোটে যাওয়ার সময় হলে তাড়াতাড়ি উঠে স্নান সেরে জামাকাপড় পরে থেতে বসেন। কোনরকমে তাড়াহুড়ো করে খাওয়া সেরে থাবার ঘর থেকে বেরিয়ে বারান্দায় আদেন। কানাইয়ালাল নথিপত্র নিয়ে গাড়ির সামনে দাঁড়িয়ে আছেন। তাঁরা উঠলে গাড়ি ছেড়ে দেয়। তারপর চলে সারাদিন পরিশ্রম। জজদের সামনে দাঁড়িয়ে মকেলদের হয়ে আরগুমেন্ট। দুপুর একটার সময় লাঞ্চের ছুটি—সেই সময়টা যা একটু বিশ্রাম। জ্লবোগের পর বার লাইত্রেরিতে পৌছে বন্ধুবান্ধব সহকর্মীদের সঙ্গে গল্পসল্প আলোচনায় কোন দিক দিয়ে সময়টা কেটে যায়। তারপর আবার ডাক পড়ে। জজ্বসাহেবের সামনে পৌছে গিয়ে চলতে থাকে আবার বাক্যুদ্ধ প্রতিপক্ষের উকিল ব্যরিস্টারদের সঙ্গে বেলা চারটে অবধি। চারটে বাজলে জজেরা উঠে পড়েন। কোট বন্ধ হয়। তথন বাড়ি ফেরার পালা। অতুলপ্রদাদ বাড়িতে ফিরে ক্লাস্তভাবে স্তায়ে পড়েন আরামকেদারায় ষতক্ষণ না ভৃত্য এদে তাঁর কোট খুলতে সাহায্য করে। ভূত্য তার মনিবের কাঞ্চকর্মের রীতিনীতি সব বোঝে। আস্তে আস্তে জুতো-মোজা পা থেকে খুলে নিয়ে স্লিপার এগিয়ে দেয় পায়ে। পাজামা পাঞ্চাবি গেঞ্জি এনে কাছে ক্লাথে। ঘরের পরদা টেনে দিয়ে বাইরে এসে দাড়ায়। বাইরের পোশাক ছাড়া হলে শেগুলি নিয়ে গিয়ে যথাস্থানে পাট করে রেথে দেয়। তারপর মগে মৃথ হাত ধোবার **জ্বল ও** গামলা নিয়ে আসে। তিনি হাত মৃথ ধুয়ে নিলে তোয়ালে এগিয়ে দেয় মৃগ হাত মোছার জন্মে। মোছা হলে পায়ে জল ঢেলে, পা তোয়ালে দিয়ে মৃছিয়ে মগ সরিয়ে নিয়ে যায় ভৃত্য। গরমের দিনে আনে তাঁর প্রিয় বরফ-দেওয়া ফলসার সর্বত।

দিন-ছই কাটলে একদিন সভ্যকুমার অফিস-ফেরতা এলেন অতুলপ্রসাদের বাড়ি। তথনো তিনি কোট থেকে ফেরেন নি। ভৃত্যদের কাছে শুনলেন মেমসাহেব বাড়িতে আছেন, কোথাও বেড়াতে যান নি। সত্যকুমার মনে ভাবলেন ভালই হল, তিনি বৌঠানের সঙ্গে দেখা করার কথাই ভাবছিলেন প্রথমে। তাই তাঁর সঙ্গে সাক্ষাতের ডদেশ্রে বাড়ির অন্দরমহলে এলেন।

হেমকু স্থম তাঁর গলার স্বর শুনতে পেয়ে ঘর থেকে বেরিয়ে এদে বললেন, সত্যকুমার, তুমি সেদিন বলে গেলে আসবে ক-দিন, আর দেখাই নেই!

আসিনি তার কারণ, আমাদের অফিসে অভিট হচ্ছিল, তাই রোজই ফিরতে রাত হত।

হেমকুস্থম বললেন, তুমি সেদিন দেরাত্নের কথা বলছিলে। আমারও খুব ইচ্ছে হচ্ছে

সেথানেই যাই। অনেকদিন লখনউয়ের বাইরে পা বাড়াই নি। কিঙ্ক তোমার দাদার
ইচ্ছে না হলে কেমন করে যাই বল তো!

সত্যকুমার বললেন, এখনো বৃঝি আপনাদের মধ্যে অভিমান চলেছে, কথা বন্ধ?
আপনার মনের কথা দৃত হয়ে আমায় অতুলদাদার কানে পৌছে দিতে হবে তো!

সত্যকুমার চা খেতে খেতে বললেন, বৌঠান আর নয়, এবার দাদার দক্ষে মিটমাট করে ফেলুন। আপনিও কিছু ত্যাগ করুন, দাদাও কিছু করুন। যা হ্বার তা তো হয়েই গেছে।

হেমকু হ্বম বললেন, না ভাই, আমি কেন মিটমাট করতে যাব প্রথমে ? উনি যথন এখনও আমার সঙ্গে কথা বলেন না, কাছে ডাকেন না, কোন সংগ্রাব রাখতে চান না তথন আমারই বা নিচ্ হরে লাভ কী ? আমি বা সব কিছু ত্যাগ করে প্রথমে ওঁর কাছে এগিয়ে যাব কেন ?

সত্যকুমার হাসতে হাসতে বললেন, আপনিও নিচ্ হবেন না, দাদাও নিচ্ হবেন না। ত্-জনেরই এক কথা, সমান জিদ। হবে না কেন, যথন তুজনেরই মাঝে একই রক্ত বইছে! দাদা কোর্ট থেকে আজন, শাজই আমি দাদাকে মুসৌরি যাওয়ার কথা বলছি এবং রাজি করাচিছ। আপনি নিশ্চিস্ত হয়ে মুসৌরি যাওয়ার জল্যে তোড়জোড় কর্মন।

তা তোমার যা ইচ্ছে কর, হেমকুস্থম বললেন। দাদা তোমার কথা শোনেন শুনবেন, কিন্তু আমি তোমার দাদার কাছে প্রথমে যাব না।

সত্যকুমার বললেন, দাদা আমার কথা শুনবেন। আমাকে তিনি ছোট ভাইয়ের মত ভালবাদেন। দাদার মত মাহ্রষ হয় না! জানেন, আমার অফিস থেকে চাকরির জত্যে একজন সিকিউরিটি চাইলেন, দাদা আমার জত্যে দাড়ালেন।

এমন সময় ভৃত্য এবে জানিয়ে গেল সাহেব অনেকক্ষণ এসেছেন এবং সত্যকুমারবারকে সেলাম দিয়েছেন। সত্যকুমার বললেন, চল যাচ্ছি।

সত্যকুমার অতুলপ্রসাদের ঘরে আসতেই তাকে দেখে তিনি বললেন, তুমি ছ দিন আস নি এদিকে ? সত্যকুমার অতুলপ্রসাদকে অফিসের কথা পুনর্বার জানালেন। তারপর বললেন, অতুলদাদা, আপনি যে লক্ষ্মে ছেড়ে বনবাসে যাচ্ছিলেন তা এখন কিছুদিনের জন্তে স্থগিত রাখুন।

(क्न ?

বদি অভয় দেন তো বলি।

বল

আমি বলি কি, আপনি এবং বৌঠান এখন কিছুদিনের জন্তে দেরাছন মুসৌরি কিম্বা সিমলা-নৈনিতাল থেকে বেড়িয়ে আস্থন। তাহলে সব মেঘ কেটে যাবে।

তারপর সত্যকুমার হেমকুস্থমের সঙ্গে তাঁদের আলাপ-আলোচনার আছম্ভ সব কথা জানালেন। বললেন বৌদি আমার প্রস্তাবনা শুনে পাহাড়ে যেতে উৎস্থক।

অতৃনপ্রসাদ বললেন, বেশ হেমকুস্থম যদি রাজি থাকে আনন্দের সঙ্গেই যাওয়া যাবে।

তহাতের কাজগুলোর তাড়াতাড়ি একটা নিস্পত্তি করে নি। যাক, তোমার কথা

ভনে ভাল লাগল। তুমি যে আমাদের হিতকামনা কর এতে আমি স্থী হয়েছি।

সত্যকুমার বললেন, এ কথা কেন বলছেন, আমি আপনার ছোট ভাইয়ের মতন।

কিছু পরে সত্যকুমার বললেন, বৌঠানের যখন পাহাড়ে যাবার ইচ্ছে হয়েছে আপনি তথন আর দেরি করবেন না। যত তাড়াতাড়ি হয় বেরিয়ে যাওয়ার চেটা করুন। আগামী সপ্তাহের শুক্রবার যাত্রা করতে পারেন, দিনটা ভাল।

অতুলপ্রসাদ বললেন, দেখি যদি পারি তো সেই চেষ্টা করব। বরং তুমি কাল একবার এসো।

পরের দিন সত্যকুমার আসতে অতুলপ্রসাদ বললেন, দেখ আমার হাতে হটো মোকর্দমা আছে, তার একটার কাল নিম্পত্তি হয়ে যাবে; অফুটার দিন পড়েছে শুক্রবার। সেইদিনই গাড়ি রিজার্ভের ব্যবস্থা করে দিলে শনিবার রাত্তের গাড়িতে দেরাহ্ন রগুনা হয়ে যাব।

সত্যকুমার বললেন, ঠিক আছে। বৌঠানকে বলেছেন কি ? অতুলপ্রসাদ বললেন, না, তুমি বল গিয়ে।

আপনি তো আমার হিতকামনা সব সময়ে করে থাকেন।

হেমকুষ্ম শুনে বললেন, দেখ, না আঁচালে বিশাস নেই। যতক্ষণ না গাড়িতে চড়ছি বিশাস হচ্ছে না।

শুক্রবার সকালে অতুলপ্রসাদের সব্দে সত্যকুমার দেখা করলেন। তিনি বললেন, তুমি এসেছ ভালোই হল। তোমাকে টাকা দিচ্ছি। তুমি কালকের জন্তে রিন্ধারভেশানটা করিয়ে দাও। সত্যকুমার টাকা নিয়ে চলে যেতে বেতে বললেন, আজ বিকেলে টিকিট নিয়ে আসছি। এখন অফিসের তাড়া।

সত্যকুমার বিকেলবেলা অফিন-ফেরতা অতুলপ্রসাদের বাড়ি এলেন। শুনলেন সাহেব এখনও বাড়িতে ফেরেন নি। তাই বৌঠানের কাছেই সোজা চলে গেলেন। কুস্থম বৌঠানকে দেখেই বললেন, গোছগাছ করে ফেলুন। টিকিট কাটা বার্থ রিজার্ভ হয়ে গেছে।

বৌঠান হেসে বললেন, সমৃদ্রের ওপর পোল বেঁধে ফেলেছ দেখছি। সীতা উদ্ধারের আর দেরি নেই !

আপনি ষেন আমার দক্ষে কার তুলনা করলেন ? তাই যদি হতে পারতাম তাহলে বুক চিরে আপনাদের হজনকে পাশাপাশি দেখালে খুশি হতেন বৌঠান।

রসিকতায় ত্জনেই হাসলেন। টমটমের শব্দে হেমকুস্থম বললেন, ওই তোমার দাদার প্রিয় ওয়েলার ঘোড়া দাদাকে নিয়ে বোধহয় কোর্টইয়ার্ডে প্রবেশ করল। অনেক দেরি হল। তোমার দাদা জামা কাপড় ছাড়ুন, মৃথ-হাত-পাধুয়ে নিন। তোমার ধ্বর আমার ভূতাই দেবে। তুমি ততক্ষণ এখানে আমার কাছেই বোস।

সত্যকুমার বললেন, বৌঠান আপনি আজকে আমার একটা অমুরোধ রাথবেন। আজ চলুন একবার ও-ঘরে আমার সঙ্গে। আপনাকে যেতেই হবে। ওজ্জর আপত্তি শুনব না। হেমকুস্থম কিছুক্ষণ চুপ করে থেকে বললেন, আচ্ছা যাব, তুমি যথন বলছ।

একটু পরে সত্যকুমার উঠে দাঁড়িয়ে বললেন, চলুন বৌঠান। তহমকুস্থম লচ্ছিত ভঙ্গিতে বললেন, তুমি এগোও আমি আসছি।

সত্যকুমার অতুলপ্রসাদের ঘরে প্রবেশ করে বললেন, দাদা, টিকিট হয়ে গেছে। কালকের বিদ্রান বার্থ রিজার্ভ করাও হয়ে গেছে।

অতুলপ্রসাদ ক্লাস্তভাবে আরাম কেদারাম্ম গদে ছিলেন। সত্যকুমারের দিকে চোথ তুলে ভাকালেন। বললৈন, আজ ভেবেছিলাম মোকর্দমাটা শেষ হয়ে যাবে, তা হল না। দোমবারও চলবে। কী করি বল তো ?

অতৃলপ্রসাদ যথন এই কথা বলছিলেন হেমকুস্থম তথন ঘরে প্রবেশ করছেন। কথাটা তাঁর কানেও গেল। তাঁর নত মন্তক দেখে অতৃলপ্রসাদ তাঁর দিকে চেয়ে রইলেন। একই বাড়িতে আছেন অথচ কতদিন তাঁদের দেখা-সাক্ষাত হয়নি, কথাও বন্ধ।

সত্যকুমার বললেন, বৌঠান এসেছেন ? দাদার পাশের চেয়ারটায় বস্থন। তারপর অতুলপ্রসাদের দিকে ফিরে বললেন, কী বলছিলেন দাদা ? বৌঠানেরও পরামর্শ দরকার। হেমকুস্থম এগিয়ে এসে অতুলপ্রসাদের পাশের সোফায় বসতে বসতে বললেন, দেখলে তো সত্যকুমার ? বলৈছিলাম না ষতক্ষণ গাড়িতে মা উঠি বিশাস নেই !

অতুলপ্রসাদ থানিক চিস্তা করে বললেন, সত্যকুমার তুমি ভাই একটা কাল্ল কর। তুমি কিছুদিন ছুটি নিয়ে চল আমাদের সঙ্গে। বেশ আনন্দেই সেধানে আমাদের দিনগুলি

কাটবে। আমি ভাবছিলাম তোমার সঙ্গে কালকেই তোমার বৌঠানকে পাঠিয়ে দিই, তারপর এখানকার কাজটা শেষ করেই আমি সেখানে রওনা হয়ে যাব।
সভাকুমার বললেন, আমার তো আপনাদের সঙ্গে যেতে খুবই ইচ্ছে করে। কিন্তু বুড়ো বাবা-মাকে ছেড়ে যাই কেমন করে? তার ওপর বাবার শরীরটাও ভাল নেই, কখন কী হয় বলা যায় না। আমি চলে গেলে ডাক্তার ডাকার দ্বিতীয় কোন মায়্ব্রষ্থ নেই।
হেমকুস্থম আর চুপ করে থাকতে পারলেন না। অতুলপ্রসাদকে বলে ফেললেন, তোমার এই কাজ-কাজের জন্তে আমি পাগল হয়ে যাব।

সে কী বলছ ! অতুলপ্রসাদ বললেন, কাজই তো আমাদের লক্ষ্মী, কাজই তো আমাদের অন্ধ-বন্ধ স্থথ ঐশ্বর্য জোগাচ্ছে। যাক এসব কথা নিয়ে তর্কাতর্কি করে লাভ নেই, কালকের যাওয়ার কী করা যায় তার একটা ঠিক করতে হবে।

হেমকুস্থম মনংক্ষা হয়ে ম্থভার করে বললেন, তাহলে আমি আর যাব না। বলে রাগ করে ওঠে চলে আসছিলেন, সত্যকুমার বললেন, বৌঠান আপনাদের আমি নিরাশ করতাম না, কিন্তু বাবা-মায়ের কথা ভেবে বড় অস্থবিধায় পড়েছি। তবে আমি একটা কথা ভেবেছি। মহেশের পরাক্ষা তো হয়ে গেছে, সে-ই না-হয় কাল আপনাকে আর দিলীপকে নিয়ে যাক। তারপর দাদা তো ত্-চার্দিনের মধ্যে যাছেন। তারপর মহেশ না-হয় ফিরে আসবে।

এই কথা শুনে অতুলপ্রসাদ হেমকুস্থমকে বললেন, তুমি আর অমত কোরো না। সত্যক্ষার থব ভাল সাজেদান দিয়েছে। তারপর চাকরকে ডেকে বললেন, দেখ তো মাস্টারবাব দিলীপের ঘরে পাড়াচ্ছেন কি না! তাহলে আমাদের এখানে পাঠিয়ে দাও। মহেশ দিলীপকে পড়াচ্ছিলেন, থবর পেয়ে ঘরে এলেন। অতুলপ্রসাদ বললেন, মহেশ, তোমাকে ডেকেছিলান একটা কাজে করতে হলে। তোমার তো পরীক্ষা হয়ে গেছে, এখন ছুটি। তোমাকে ভাই একটা কাজ করতে হলে। আমাদের মুসৌরি যাবার স্ব ব্যবস্থা কালকের রাতের গাড়িতে হয়েছিল, কিন্তু আমার একটা দরকারি কাজের জন্তে কাল যাওয়া হয়ে উঠছে না, ত-একদিন পরে যাব। কাল তোমাকে দিলীপ আর দিলীপের মাকে দেখানে নিয়ে থেতে হবে।

সে একটু ভাবল। তারপর বললে, আচ্ছা আমি রাজি, আপনি যথন বলছেন।
অতুলপ্রসাদ বললেন, আনি সেগানে ভোমাদের জন্যে সেথানকার সিভিল মিলিটারি
হোটেলে থাকবার সব বল্লেবস্ত করে দিছিছ। তাদের গাড়িও ভোমাদের নিতে
আসবে। কোন ভাবনা নেই, হোটেলের নালিকও আমার মন্কেল। সে-ই এখান থেকে
টেলিগ্রাম করে বন্দোবস্ত করে দেবে। ভারপর বললেন, তুমি কাল সন্ধ্যার আগেই সব
ব্যবস্থা করে নাও। জিনিসপত্র নিয়ে চলে আসবে আমার বাড়িতে।

মহেশ উঠে গেল দিলীপের ঘরে। সত্যকুমার বললেন, বৌঠান আপনার তাহলে সব ব্যবস্থা হয়ে গেল। এখন গোছগাছ করে নিন, আমি আপনাদের কাল ইক্তিশানে গিয়ে ট্রেন তুলে দিয়ে আসব। হেমকুস্থম বললেন, যাচ্ছি, কিন্তু তোমার ওপর ভার রইল তোমার দাদাকে যত তাড়াতাড়ি হয় পাঠিয়ে দেবে।

সত্যকুমার হেসে বললেন, নিশ্চয়ই! সত্যকুমার ট্রেনের টিকিট রিজারভেশন স্নিপ ইত্যাদি অতুলপ্রসাদের হাতে এগিয়ে দিলেন, তারপর আবার দেখা হবে বলে বিদায় নিলেন।

হেমকুস্থম চেয়ার ছেড়ে দাঁড়িয়ে উঠে ঘর থেকে চলে যাচ্ছিলেন, অতুলপ্রসাদ হাত ধরে বললেন বোস।

হেমকুস্থম বললেন, কী বলছ বল।

অত্লপ্রসাদ বললেন, এতদিন তুমি আমার সঙ্গে কথা না কয়ে কিরকম করে ছিলে বল তো ?

হেমকুস্থম বললেন, কেন, তুমিও তো আমার দঙ্গে কথা না বলে আছ। তারপর হেসে বললেন, সত্যকুমার সেদিন যা বলেছিল ঠিকই বলেছিল।

অতুলপ্ৰসাদ বললেন, কী বলেছিল ?

হেমকুস্কম বললেন, সে বললে, আপনাদের ত্-জনের যা গোঁ! কেউ কম যান না! হবে না কেন, একই রক্ত রয়েছে!

অতুলপ্রসাদ হেসে বললেন, ও মুধ্ফোড় লোক। পেটে একটা কথা রাখে না, সবই বলে ফেলে। তারপর বললেন, কুস্কুম, ভোমার জন্তে কাল বড় মন কেমন করছিল যথন ঝম-ঝম বৃষ্টি পড়ছিল। তাই আর বিছান স্ব গ্রাকতে পারলাম না, একটা গান লিখে ফেললাম। ভনবে ?

হেমকুস্ম বললেন, আন।

অতুলপ্রসাদ উঠে গিয়ে নিজের শোবার ঘর থেকে প্যাত নিয়ে এলেন। বললেন, পড়ছি শোন। ভধু পড়া নয়, গুন-গুন স্থরে স্থরেলা কঠে তিনি গাইলেন:

বঁধুয়া, নিদ নাহি আঁথিপাতে।
আমিও একাকী, তুমিও একাকী
আজি এ বাদল রাতে।
ডাকিছে দাত্রী মিলন জ্মিানে,
বিদ্ধী ডাকিছে উল্লাসে।
পল্লীর বধ্ বিরহী বঁধুরে
মধুর মিলনে সম্ভাবে।

আমারো বে সাধ বরষার রাত
কাটাই নাথের সাথে—
নিদ নাহি আঁথিপাতে।
গগনে বাদল, নয়নে বাদল,
জীবনে বাদল ছাইয়া;
এস হে আমার বাদলের বঁধু,
চাতকিনী আছে চাহিয়া।
কাঁদিছে রজনী তোমার লাগিয়া,
সজনী তোমার জাগিয়া।
কোন্ অভিমানে হে নিঠুর নাথ,
এখনো আমারে ত্যাগিয়া?
এ জীবন-ভার হয়েছে অবহ
সঁপিব তোমার হাতে।—
নিদ নাহি আঁথিপাতে।

গান ভনে হেমকুস্ম হেসে বললেন, তুনি এতও পারো! থাক রাত হয়েছে, দিলীপের মান্টার চলে গেল, তোমাদের থাবার দিতে বলি। তুমি থাবার ঘরে এস। অনেকদিন পরে আবার আনন্দে একসঙ্গে থাওয়া-দাওয়া করলেন। মেঘাচ্ছন্ন আকাশ ফর্সা হয়ে চাঁদ্ উঠল, তু-জনের মনের মেষও কেটে গেল।

পরেরদিন ভোর হতেই পাথির ডাকে ঘুম ভেঙে গেল। বিছানা ত্যাগ করে নিঃশব্দে শোবার ঘর থেকে বেরিয়ে এদে দরজাটা ভেজিয়ে দিলেন হেমকুস্থম। তারপর বাগানের সামনের বারান্দায় একটা বেতের চেয়ার টেনে বসে পাথির কাকলি, ফুরফুরে বাতাস আনন্দের সঙ্গে উপভোগ করতে করতে ভাবলেন, ভগবান, কেন আমার এই স্থপে বাধা পড়ে! কেন আমায় রাগেতে পাগল করে তোলে অধার জত্যে দিগ্ বিদিক-জ্ঞানশৃষ্য হয়ে পড়ি! আমার তো কোন কিছুরই অভাব রাথ নি! তবে কেন এমন হল? সকলের অমতে বিনা আর্শীবাদে আমাদের এই মিলন, তাই কি এত বাধা পড়ে! চা-পর্ব আজ একসঙ্গে বদে সমাপ্ত হল। অতুলপ্রসাদ বললেন, তুমি এবার তৈরি হয়ে নাও। কেনাকাটা যদি কিছু সারতে হয় সারো, একসঙ্গে গাড়িতে বোরোবো। আমি এখন কাছারিতে গিয়ে বসছি। তোমার সময় হলে আমায় ডাক পাঠিও। দিলীপকে পড়িয়ে মহেশ বাড়ি ফিরছিল, হেমকুস্থম বললেন, ভোমার জিনিদপত্র সঙ্গে করে নিয়ে আমার এখানেই রাগ ,একদঙ্গে থেয়ে দেয়ে ইষ্টিশানে যাব। বিকেল থেকে অতুলপ্রসাদ মক্কেলদের নিয়ে বসেছিলেন। ওদের সঙ্গে কথাবার্তায় সন্ধা উত্তীর্ণ হয়ে গেল। মক্কেলদের বিদায় করে ধীর পায়ে উঠে অধৈর্য হেমকুস্থমের ঘরে এদে ছেসে বললেন, তোমার কথা ভূলিনি। টেনের এখনও দেরি আছে। কোচওয়ানকে গাড়ি আনতেও বলেছি।

হেমকুস্থম বললেন, মৃথ-ছাত-পা ধুয়ে এদে তুমিও আমার সঙ্গে বদে থেয়ে নাও। অতুলপ্রসাদ বললেন, বেশ, ভাল।

হেমকুশ্বম কিছু পরে থাওয়ার অবসরে বললেন, দেথ তুমি এখানে যেন বেশি দেরি কোরো না, যত তাড়াভাড়ি পার দেরাহন চলে এসো। তুমি না এলে আমার ভাল লাগবে না। তোমার জন্তে আমার বড় মন-কেমন করছে। কবে আসবে? আরো কিছু পরে বললেন, আয়া এসে কদিন ছুটি চাচ্ছিল। ওকে কিছুদিনের ছুটি দিয়ে দিয়েছি।

স্থাসময়ে টেন ছলে উঠল। প্লাটফরমের ধার ধরে এগিয়ে চলল। সত্যকুমার বললেন, বৌঠান, এবার বিশ্বাস হচ্ছে তো আপনি সত্যি-সত্যি দেরাছন মুসৌরি চলেছেন? হেমকুস্থম জানলা দিয়ে মৃথ বাড়িয়ে বললেন, তোমার দাদাকে বে-দিন পাঠাতে পারবে সেদিনই বুঝব, আজ নয়।

ট্রেন প্লাটফর্ম ছেড়ে চলে গেল। অতুলপ্রসাদ কিছুক্ষণ অনিমেষে তাকিয়ে রইলেন। সত্যকুমারের কণ্ঠস্বরে ফিরে বললেন, সা, চল যাওয়া যাক।

পাশাপাশি ফিটনে বদে সত্যকুমারকে বললেন, তোমার বাইছিরি আছে ! যাক তুমি আমাদের একটা বড় কাজ করলে—যা মনাস্তর হয়ে দাঁড়িয়েছিল আমার ভয় হচ্ছিল এর পরিণতি কোথায় গিয়ে না দাঁডায়। তোমার তো কাল ছুটি আছে, দশটার পর এদো না আমার দক্ষে থাওয়া-দাওয়া করবে। সারা তুপুর তোমার দক্ষে গল্পজ্জব করা যাবে।

সভ্যকুমার বললেন, বেশ, আপনি যথন বলেছেন যাব। ফিটন সভাকুমারের বাড়ির কাছাকাছি আসতে সভাকুমার বললেন, গাড়িটা এখানেই থাক, গলির মধ্যে গিয়ে কাজ নেই; আমি চলে যাব। ফিটন থামতে সভাকুমার বাড়ির পথ ধরলেন। কোচওয়ানকে অতুলপ্রসাদ বললেন, বাড়ি চল। কিছুদ্র চলার পর কোচওয়ানকে বললেন, গাড়ি ঘোরাও, চল গোমতী নদীর ধারে ধারে। । । ।

জো হকুম।

কোচওয়ান দেলাম দিল।

রিভার-ব্যাক্ষ রোড ধরে অতুলপ্রসাদের ভিক্টোরিয়া ফিটন এগিয়ে চলল! শীর্ণকায়া গোমতীর জলধারা বয়ে চলে। এমনিতে গোমতী বড় শাস্ত, কিন্তু যথন বলা নামে, তৃ-কূল ভাদিয়ে চলে। তবে তা কদাচিং, পদ্মা-মেঘনার মত অহরহ নয়। 'পদ্মা' এই কপাটির নধ্য দিয়ে পূর্ব বাঙলার স্থৃতি মনে ভাদে। অদ্বে অন্তমিত স্থা লোহাপুলের ধার ছোঁদে। লক্ষ্ণটিলার ওপর নবনিমিত মেডিকেল কলেজ। এপাশে ভ্লভ্লাইয়া, ছন্তুর মঞ্জিল, নবাবের প্রসাদ—এখন ইংরেজদের ক্লাব, কোলাহল অট্টাস্য আনন্দ-ছল্লোড়ে মন্ত। গোমতীর ওপরে নতুন লখনউ ধীরে-ধীরে এগিয়ে চলেছে—বাটলারগঞ্জ তেমকুস্থম এখন অনেক দূরে এগিয়েছে। তামতীর ধারে-ধারে চলে অতুলপ্রসাদের ভিক্টোরিয়া ফিটন। বনেদী সাদ্ধা রঙের ওয়েলার ঘোড়া ক্ষ্রে শব্দ তোলে ঠক্ ঠকাল্ ঠক্ ঠক্। গাটি লখনউর পোশাক অতুলপ্রসাদের অলে—সাদা মসলিনের শেরওয়ানি, চ্ডিদার পায়জামা, চিকন কান্ধের বাঁকা টুপি। মনে স্থ্র আনে গুন-গুন। ভিক্টোরিয়া ফিটন থেকে নেমে শেরওয়ানির পিছনে হাতত্টি মৃষ্টবন্ধ করে পায়চারি করেন

আপন মনে। মৃনে স্থরের থেলা যথন চলে তথন নতুন গানের আনাগোনা হয়। মৃক্তিচায় কথা স্বরে স্বরে:

কৈ গো তুমি আসিলে অতিথি মম কুটিরে ?
কবে ষেন দেখেছি তোমারে আমি
কুঞ্জ-কুস্থম হাতে ফিরিতে ষম্না-তীরে।
ও ছটি নয়নমণি চিনি যে গো আমি চিনি,
কাজল মধুপ-ছায়া দেখেছি ফুল শিশিরে।
জানি ও উজল হাসি, বিষাদ-তমস-নাশী,
দেখেছি বৃহ্মি ধন্ম নীল নীরদ-নীরে।

কোচ ওয়ান গাড়ি নিয়ে এল। দরজা খুলে সেলাম দিল। বললে, এবার কোন্ দিকে যাবেন সাহাব ?

ওয়েলার ঘোড়ার গায়ে হাত ব্লিয়ে ফিটনে চডলেন অতুলপ্রসাদ। বললেন, বাড়ি চল। বাড়িতে এসে খানসামাকে ডাকলেন, কালকের জন্ম মোগলাই খানা বানাতে হুকুম দিলেন। খাগুরসিক অতুলপ্রসাদ।

কাল রবিবার। ছুটির দিন। ছুটির দিনে বন্ধু বান্ধব ভক্ত শিশু শিশু। সকলের অবারিত দার। আর তার। এলে তাদের জ্ঞো সামাশু কিছুর বন্দোবস্ত করতে হয় বৈকি।

সকালে মক্ষেলদের জন্তে কিছু সময় ব্যয় করলেন। এগারোটার সময়ে সভ্যকুমার এলেন। বললেন, এস এস সভ্যকুমার।

চর্ব্য-চোষ্য থেয়ে ত্রুন ডিভানে শুয়ে নানান গল্পগুলব করলেন। চারটে বাছতেই সত্যকুমার লাফিয়ে উঠলেন—হকি ম্যাচ আছে। একটা ভালো টিমের সঙ্গে আমাদের ক্লাবের। যাব মনে করছি।

অতুলপ্রসাদ বললেন, চা-টা খেয়ে যাও।

চা-পান করে সত্যকুমার ছুট দিলেন। বিকেলবেল। ছুটির দিনে বাড়িতে থাকতে ইচ্ছে হল না। স্নান সেরে জামা কাপড বদলিয়ে অতুলপ্রসাদ ছডি হাতে বেরিয়ে পড়কেন। গোমতী নদীর ধারে নির্জন রিভার-ব্যান্ধ রোডে বেশ খানিকটা বেডিয়ে ধখন ফিরলেন তখন সন্ধ্যা হয়-হয়। বসার ঘরে ছ-চারজন লোক বসে আছেন। অফিস-হরে আলো জলছে। সহকর্মী ব্যারিস্টার মমতাঙ্গ হোসেন বসে আছেন তাঁর জন্যে। তাঁকে অভিনুক্ষন জানাতে হাত মিলিয়ে অতুলপ্রসাদ বল্লেন, কী ব্যাপার?

মমতাজ বের্ট্রান বললেন, দেখ, বার-কাউন্সিলের সভাপতি নির্বাচন করা হবে ক-দিন পরে।

অতুলপ্রসার্ক্রবলনেন, সে তো আমি জানি।

মমতাজ হোসেন বললেন, তথু জানলেই হবে না। এবার তোমাকে সভাপতি করতে চাই—আমাদের পার্টি এবং লালার পার্টির সকলে তোমাকে ভোট দেব। তৃমি রাজি কি না বল ?

অতুলপ্রসাদ বললেন, দে কী করে হয়! পণ্ডিত গোকরন মিখ্র প্রনো এবং বিজ্ঞ লোক, আমি তো তাঁর কাছে নগণ্য।

মমতাজ জানালেন, আমরা তোমার নাম নির্বাচন করেছি। তোমার দাড়াতেই হবে। আমি তোমার কথা বিশ্বেশ্বর নাথের কাছে বলেছি। তিনি বলেছেন, তুমি সভাপতি-পদে দাঁডালে তাঁদের পার্টির সকলেই তোমাকে ভোট দেবেন।

অতুলপ্রসাদ ভাবলেন, ঈশ্বরের অসীম করুণা। বললেন, আপনারা যা স্থির করছেন আমি রাজি আছি। কিন্তু কথাটা আর একবার ভেবে দেখবেন। তারপর বললেন, হোসেন সাহেব, কী খাবেন বলুন, চা না কফি ?

আদ্ধ কিছু না, কিছু না। মমতাব্ধ হোদেন বললেন, আগে তুমি বার-কাউন্সিলের সভাপতি হও তারপর আমরা একটা ভোক্ত থাব তোমার কাছে। আদ্ধ উঠি। এই বলে তিনি উঠে পড়লেন। অতুলপ্রসাদ তাঁকে ফটক পর্যন্ত এগিয়ে দিয়ে এলেন।

এক জন লোক লখনউ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য জ্ঞান চক্রবর্তী মহাশয়ের কাছ থেকে একখানি চিঠি নিয়ে এসেছিলেন, অতুলপ্রসাদ চিঠিখানি হাতে নিয়ে পড়লেন। জ্ঞান চক্রবর্তী জানিয়েছেন, আপনাকে আমার খুব প্রয়োজন। আপনাকে আমাদের বিখবিদ্যালয়ের কার্যকরী সভার সভ্যরূপে মনোনীত করতে মনস্থ করেছি। একদিন সাক্ষাৎ হলে বাধিত হব। আগামী সোমবার আপনি কি কাছারির পর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনে আমাদের সঙ্গে মিলিত হতে পারেন ?

অতুলপ্রসাদ দেখা করার প্রতিশ্রুতি দিয়ে চিঠি নিথে প্লাঠিয়ে দিলেন। সকলে চলে খেতে অতুলপ্রসাদ ঘরে বসে নিশ্চিম্ন হয়ে সিগার ধরালেন। তারপর মনে মনে ভাবলেন, কোথায় কাছারির কাজ সেরে দেরাছন মুসৌরি যাব তা নয়, ঘটো কাজের বাধা এসে গেল। এখন শ্যাম রাখি না কুল রাখি! ভগবানের দেওয়া সম্মান, অথবা স্ত্রীর মনোরঞ্জন। কুত্বম নিশ্চয়ই খুউবই রাগ করবে আমার দেরি হলে। যাক কালকেই তাকে সব কথা জানিয়ে চিঠি দিয়ে দেব।

সাতটা আটটা বাজতেই একের পর এক বন্ধ্-বান্ধব আসতে শুরু করল। সর্কলের জ্বন্থেই অবারিত ছার। গান গল্প আলাপ-আলোচনার মধ্য দিয়ে সময়টা কোন্ দিক দিয়ে এগিয়ে ষায়—বোঝাই দার হয়। বস্তুত সপ্তাহের ছটা দিন কার্জ্যেলৈ থাকে ঠাসা। কোট কাছারি উকিল মক্কেল,—এদের নিয়ে জীবন কাটে। ক্লিাস ফেলার অবসর থাকে না ত্রীফের চাপে। রবিবার একট্ খুশির হাওয়া, মৃক্তির আনন্দ,

অগ্ন জগতের থব্র আনে। সেদিন ওধু গান আর গান আর গান। রবিবারে হেমকুস্থমও বেন কেমন দ্রের মাহুব। হেমকুস্থমের কথাও মনে থাকে না। কভ হাসি, কত যে গান·····

অতুলদা, আপনি দেদিন যে গান শেথাচ্ছিলেন তুলতে পারি নি। আজ কিছ আপনার কাছ থেকে তুলে নেব।

কী গান শেখাচ্ছিলাম বল তো ! আমার মনে পড়ছে না । ওই ষে, মেয়েটি বলে: কত গান তো হল গাওয়া আর মিছে কেন গাওয়াও ······ 'অতুলদা' গাইলেন:

যদি যতই মরি ঘুরে
তুমি ততই রবে দূরে,
তবে কেন বাঁশির স্থরে
তব তরে শুধু ধাওয়াও?

অতুলদা, অপূর্ব আপনার গাওয়া! এমন প্রাণ-মন দিয়ে আর কে গাইতে পারে? আপনার লেখা গান আপনার গলায় না শুনলে জীবন অসার্থক!
বিদেশ থেকে আনা ছোট্ট একথানি হারমোনিয়াম। কোলের কাছে কত আদরে তুলে স্থারেলা কঠে গাইলেন:

যদি সন্ধ্যা হলে বেলা
নাহি মিলে তব বেলা,
পথ ডোলা মোর ভেলা
এ অকুলে কেন বাওয়াও ?

অতুলদা · · · · অতুলদা—

'ষদি আমার দিবারাতি কাটি' যাবে বিনা সাথী তবে কেন বঁধুর লাগি পথ পানে শুধু চাওয়াও ?

ञ्जूनमा

বড় ব্যথা তোমায় চাওয়া;
আরো ব্যথা ভূলে যাওয়া;
বদি ব্যথী না আসিবে,
এত ব্যথা কেন পাওয়াও?

পরের দিন যে মোকদ্মাটার জত্যে যাওয়া হল না দেরাত্ন, তা আরো ত্-দিন চলল। তারপর বার অ্যাসোশিয়েশনের সভাপতিত্বের জত্যে তাঁর বন্ধুরা যে প্রস্তাব এনেছিল তার নির্বাচনও ত্ব-এক দিনের মধ্যে হবে। লখনউ বিশ্ববিভালয়ের উপাচার্য জ্ঞানেন্দ্র চক্রবর্তী মহাশম্ম তাঁকে বিশ্ববিভালয়ের কার্যকরী সভার সভ্য করে নিয়ে তাঁর উপর একটা শুক্ত দায়িত্ব দিয়েছেন। এসবের জত্যে নিশাস ফেলবার উপায় নেই।

হঠাৎ থবর পেলেন দরলা দেবী আসছেন লখনউয়ে। ... সেদিন কী আনন্দের দিন ! সরলা দেবী এলেন অতুলদাদার গৃহপ্রাঙ্গণে। বন্দেমাতরম গান গাইলেন। সহস্রাধিক শ্রোতা মৃশ্ব, স্তব্ধ, নির্বাক হয়ে যেন গানের লহরে লহরে আনন্দে সাঁতার কাটতে লাগল। সমস্ত পাড়াটা যেন সঙ্গীত-ঝহারে আমোদিত হল। তারপর অতুলপ্রসাদ মিষ্ট কণ্ঠে স্থললিত কবিফ্লভ ভাষায় সরলা দেবীকে প্রশংসাস্ট্চক যে ভাষায় মালা পরিয়ে দিলেন তাতে সরলা দেবী পরিতোষ লাভ করে স্বীকার করলেন যে মালার গুরু ভারে তাঁর মন্তক নত হয়েছে এবং সে ভার বহন করা তাঁর সাধ্যের অতীত। সরলা দেবী লখনউ থেকে বিদায় গ্রহণ করলেন।

কিগো অতুন, যাবে নাকি আমার দক্ষে? রামগড়ে আমার বাড়িটি বেশ ভাল। নাম দিয়েছি 'হৈমন্তী'। প্রায় তিনশো বিঘে জমির ওপর বাঁগান-বাড়ি—আছে আপেল পেয়ারা পীচ থোবানি আথরোট ফলের গাছ। চল, চল।

রবীক্তনাথ ডাক দিয়েছেন। তাঁর অমূল্য সঙ্গ ত্যাগ করা যায়? নিশ্চয়ই নয়।

...হেমকুস্থম রাগ করবে। বড় অভিমানিনী.....কিন্তু...

১৯১৪, মে-জুন মাস। কবি রবীক্সনাথ কন্তা পুত্রবধ্ পরিবারের লোকজন-সমেত হিম্পিরির পায়ের তলায় রামগড়ের উদ্দেশ্তে বেরিয়ে পড়লেন।

রবীন্দ্রনাথ বদরিকাশ্রম তীর্থদর্শন করে হিমালয় ঘুরে ফেরার পথে মুকুল দে ও দিনেন্দ্রনাথকে সঙ্গে নিয়ে রামগড় পৌছে গেলেন। এলেন অতুলপ্রসাদ। পরে এলেন সি.
এফ. অ্যানডুজ। বাড়ি জমজমাট, দিনেন্দ্রের আগমনে আরো জমে উঠল। গরগুজব
হাসি গানের বিরাম রইল না। আহারের প্রাচুর ব্যবস্থা হল—নিজেদের বাগান থেকেই

আমদানি হল শাক-সন্ধি, টাটকা ফলমূল। সবচেয়ে জমিয়ে দিল গান। গায়কের ব্যাহস্পর্শ — একই জায়গায় রবীন্দ্রনাথ, অতুলপ্রসাদ, দিনেন্দ্রনাথ। 'হৈমস্কীতে' গানের কোয়ারা ছুটল। রবীন্দ্রনাথ সব কাজ ছেড়ে প্রতিদিন নতুন গান রচনা করে তাতে স্থর দিতে লাগলেন। দীনেন্দ্র কাছে রয়েছে, রবীন্দ্রনাথ নির্ভয়। স্থর হারিয়ে যাবে না, তাকে একবার নতুন স্থর শোনালেই সে মনে রাখবে। তাই মনের আনন্দে রবীন্দ্রনাথ গান বাঁধতে লাগলেন। নতুন কী গান বাঁধা হয়েছে শোনায় সকলের আগ্রহ। কিন্তু সবচেয়ে বেশি আগ্রহ বোধহয় অতুলপ্রসাদের।

আজ—আজ কী গান লিখলেন, কী স্থর দিলেন ? অতুলপ্রসাদ বলেন।
তোকে যে গান কাল শেখালাম, রবীন্দ্রনাথ দিনেন্দ্রকে বলেন, তুই-ই গেয়ে দে না।
আমার কি ছাই মনে আছে ?

দিনেক্দ গান ধরেন। একটা শেষ হলে আর-একটা। অতুলপ্রসাদের তবু তৃষ্ণা মেটে না। নতুন গান শেষ হলে পূরনো গান থেকে গাইতে বললেন, তার যেগুলি বিশেষ ভাল লাগে। রবীক্রনাথ তথন অতুলপ্রসাদকে বললেন, তোমার আশ তো মিটল, এথন আমাদের আশ মেটাও। আমরা এবার তোমার গান শুনি। অতুলপ্রসাদ তথন তার মিষ্টি গলায় গানের পর গান গেয়ে যান। বনমালী যতক্ষণ না 'থেতে যে হবে' বলে সভা ভেঙে দেয় ততক্ষণ গান আর বন্ধ হয় না।

রামগড়ের দিনগুলো রবীক্র-সঙ্গমে কী আনন্দেই না পার হয়েছিল।

অতুলপ্রসাদের নিজের কথাতে সে বব দিনের কথা শোনা যাক। ""একদিন বৈকালে প্রবদ্ধ বেগে বর্ধা নামিল এবং অনেক রাত্রি পর্যন্ত অবিরাম রৃষ্টি হইল। সেদিন আমাদের বর্ধার আসর বিসল বৈকাল হইতে সারস্ত করিয়া রাত্রি প্রায় দশটা পর্যন্ত। কবি একাধারে বর্ধার কবিতা পাঠ করিলেন এবং গান গাইলেন। সে দিনটা আমি কথনও ভূলিব না। রাত্রি আটটার সময়ে থাবার প্রস্তত। কবিকলা এবং প্রেবধ্ দারে দাড়াইয়া আমাদের প্রতীক্ষা করিতেছেন। কবির কিম্বা আমাদের কাহারও ভ্রক্ষেপ নাই। বর্ধাগীতির মাদকতায় আমাদের বাহজ্ঞান রহিত করিয়াছে। ক্র্পেপাসা তিরোহিত হইয়াছে। শেএই প্রসঙ্গে একটি হাসির কথা মনে পড়িতেছে। সে আসরে রবীন্দ্রনাথ একবার আমাকে আদেশ করিলেন, অতুল তোমাদের দেশের একটা হিন্দী গান গাও তো হে!' আমি গাহিলাম, 'মহারাজ কেওরিয়া থোল বসকি বৃদ্ধ পড়ে।' সময়োপযোগী বলিয়া সকলের সে গানটি ভাল লাগিল। কবি সে গানটি আমার সহিষ্ঠ গাহিতে লাগিলেন।—আমাদের সকলকেই বর্ধার মোহ আচ্ছন্ন করিয়াছে, এমনকি সঙ্গীত-অজ্ঞ রেঃ আ্যানভূজ সাহেবকেও এই গানের ছোঁয়া ধরিল। তিনি অস্কৃত উচ্চারণ করিয়া এবং ততোধিক বেস্ক্রো কর্ঠম্বরে আমাদের সহিত গাহিতে লাগিলেন

'মহারাজা কেওরিয়া···থেলো।' তাঁর সঙ্গীতের আক্মিক উচ্ছাস রোধ করা তৃষ্ণর দেখিয়া আমরা তাঁকে বাধা দিবার ব্যর্থ প্রয়াস করিলাম না।
…সেবার রামগড়ে কবির গান রচনার একটি স্বর্গীয় দৃশ্য দেখিলাম। তিনি যে ঘরে শুইতেন আমার শয্যা সেই ঘরেই ছিল। আমি দেখিতাম তিনি প্রতাহ ভোর না হইতেই জাগিতেন এবং স্র্যোদয়ের পূর্বেই বাটির বাহির হইয়া যাইতেন। একদিন আমার কৌতূহল হইল। আমিও তাঁহার অলক্ষিতে তাঁহার পিছু পিছু গেলাম। আমি একটি বৃহৎ প্রস্তরের অন্তরালে নিজেকে লুকাইয়া তাঁহাকে দেখিতে লাগিলাম। দেখিলাম তিনি একটি সমতল শিলার উপর উপবেশন করিলেন। যেথানে বসিন্ধেন তার তুইদিকে প্রস্ফুটিত স্থুনর শৈলকুস্থম। তার সমাথে অনন্ত আকাশ এবং হিমালয়ের তুক্ষ গিরিশ্রেণী। ত্যারমালা বালরবি-কিরণে লোহিতাভ। কবি আকাশ এবং হিমগিরি পানে অনিমেষ তাকাইয়া আছেন। তাঁর প্রশান্ত ও হুন্দর ম্থমওল উষার আলোয় শান্তোজ্জন। তিনি গুন-গুন করিয়া তন্ময় চিত্তে গান রচনা করিতেছেন …'এই লভিন্ন সঙ্গ তব ওন্দর হে স্থনর।' আমি দে স্বর্গীয় দৃশ্য মৃগ্ধ নয়নে দেখিতে লাগিলাম এবং তার দেই অন্ত্রপম গানটির দদ্য রচনা ও স্থরবিক্যাদ শুনিতে লাগিলাম। অনেকক্ষণ তাহা দেখিলাম এবং ভনিলাম, এবং তিনি নামিয়া আদিবার পূর্বেই পলাইয়া আদিলাম। আর একদিন প্রাতে শুনিলাম তিনি তেমনি করিয়া গান রচনা করিতেছেন — 'ফুল ফুটেছে মোর আদনের ডাইনে বাঁয়ে পূজার ছায়ে।' এইরকম করিয়া প্রায় প্রাতে লুকাইয়া তাঁর গান রচনা শুনিতাম আর বাণীর বরপুত্রের সেই দেবময় মৃতি হিমালয়ের কোলে উপবিষ্ট দেখিতাম। একদিন ধরা পড়িয়া গেলাম। পলাইয়া আদিবার সময়ে দেখিয়া ফেলিলেন। স্থচতুর কবি ব্ঝিলেন যে গোপনে আমি তাঁর গান ভনিতেছিলাম। তিনি ডাকিয়া জিজাদা করিলেন—'অতুল এখানে এত ভোরে যে, কোথায় ছুটে যাচ্ছ ?' আমি দেখিলাম ধরা পড়িয়াছি, আর উপায় নাই। বলিলাম, 'লুকাইয়া অ'পনার গান ভনিতেছিলাম।'

তার তুইদিন পরে তিনি যখন আমাদের শুনাইলেন—'এই লভিন্ন সঙ্গ তব স্তন্দর হে স্থানর', আমি বলিলাম—ওই গানটি আমি শুনিয়াছি। তিনি বলিলেন—পূর্বে কী করে শুনলে? আমি তো মাত্র ছ-দিন হল গানটি রচনা করেছি। আমি বলিলাম—রচনা করবার সময়েই শুনেছিলাম।

কবি বললেন, তুমি তো বড় ত্ই ! এই রকম করে রোজ শুনতে বৃঝি ? আমরা সকলে খুউব হাসিলাম।

···· এ দিন বৈকালে বাহিরে বদিয়া আমরা চা ও গৃহজাত নানাপ্রকার স্থগান্তর সভোগে ব্যস্ত ছিলাম, কবি হঠাৎ পিছন হইতে আদিয়া, অতুল, এদ বলে হাত ধরে টানিয়া লইয়া চলিলেন। তাহার কন্থা ও পুত্রবধ্ বলিয়া উঠলেন—বাবা ওকি, অতুলবাবুর যে থাওয়া এখনো শেষ হয়নি।—তা হবে এখন, বলিয়া দক্ষে লইয়া চলিলেন। তাঁহার বালকের মত উৎসাহ আনার বড় মধুর লাগিল। আমি আগ্রহের দক্ষে চলিলাম। তিনি অনতিদ্রে লইয়া গিয়া পরম রমণীয় পত্রপুপণোভিত একটি স্থানর নির্জন স্থান আমাকে দেখাইলেন। তিনি বলিলেন, আমি রোজ এখানে আসি। এখানে বিস, গান গাই এবং গান রচনা করি। আমি অন্থরোধ করিবামাত্রই কয়েকটি গান দেখানে বিসয়া আমাকে শোনাইলেন। কা যে ভাল লাগিয়াছিল বলিতে পারিতেছি না। ফিরিয়া আদিলে কবিকতা বলিলেন, বাবা, তোমার যে কাও, অতুলাবুকে না থাইয়ে কোথার এতক্ষণ ধরে রেখেছিলে? তিনি বলিলেন, অতুলকে জিজ্ঞেদ কর। আমি বললাম, আমি দেখানে খুউব ভাল জিনিস থেয়ে এসেডি।

অতুরপ্রদাদ তাঁর অফিদ-ঘরে পরিবৃত মক্কেলদের মাঝ থেকেও অভ্যর্থনা করে তাঁদের হাসিম্থে ফটক পর্যন্ত পৌছে দিয়ে এলেন। বললেন, নিশ্চয়ই যাব নিমন্ত্রণে। নিশ্চয়ই, নিশ্চয়ই ! আপনারা কী থাওয়াচ্ছেন বলুন। কী কী মেহু ?

মার্কেট খেকে পছল্দমত উপহার কিনে বাড়ি ফিরলেন। জামা-কাপড় বদলে খাবার ঘরে চা-জলথাবার থেতে বদেছেন। হেমকুস্থমকৈ ঘরে দেখতে না পেয়ে ভৃত্যকে বললেন, মেমদাহেব কোথায়?

* অতুলপ্রসাদ রচিত 'আমার কয়েকটি রবীল্র-শ্বৃতি' থেকে (উত্তরা-প্রকাশিত ষষ্ঠ বর্য, মাঘ ১৩৩৮ সাল ; পৃষ্ঠা ৪৫৫-৪৬•) ভূত্য জানালো, তিনি তাঁর ঘরেই আছেন।

অতুলপ্রসাদ কি মনে করে চায়ের পেয়ালা হাত থেকে টেবিলে নামিয়ে তাঁকে ডাকতে গেলেন।

হেম শোন—হেম, উৎফুল্ল অতুলপ্রসাদ বললেন, এতদিন একটা কেস নিয়ে বড় ব্যস্ত ছিলাম, হাফ ছাড়বার ফুরসত পাইনি। আজ মিটে গেছে। খুউব খাটুনি গেছে, জান! যাক, চল আজ বন্ধুর উৎসবে গিয়ে একটু আমোদ করে আসি চল।

হেমকুস্থম চোথ তুলে তাকালেন।

হাঁয় শোন, আর একটা কথা। জন্মদিনের উপহার স্বরূপ একটা উপহার কোর্ট থেকে ফেরার পথে কিনে এনেছি। এই বলে ঘরে উঠে গিয়ে কাপড়ের প্যাকেটটা নিয়ে এসে হেমকুস্থুমের সামনে মেলে ধরলেন খুব খুশি মনে।

উপহারের কাপড়টা দেখেই অকস্মাং হেমকুস্থমের পুরোনো বীভংস ভয়গ্বর রাগ জেগে উঠল। রক্তবর্ণ চম্মুগোলক কাঁপতে কাঁপতে ধির হল। ঝড়ের পূর্বাভাস। বললেন, তা তো আনবেই! আনবে না কেন, আনবে বৈকি! হঠাং হেমকুস্থম উঠে দাঁড়িয়ে কাপড়ের বাণ্ডিলটা হাতে ধরে ছুঁড়ে ফেলে দিলেন ঘরের কোণে। বললেন, যাও তুমি একা যেথানে খুশি, আমি যাব না!

অতুলপ্রসাদ কথা না বাড়িয়ে হর ছেড়ে টমটম হাকিয়ে উর্নশ্বাসে অনিটিট পথে যাত্রা করলেন।

অনেক রাতে বাড়ি ফিরে এলেন। হর-বাড়ি তথন পে:তা গন্ধে ছাওয়া। হাওয়ায় পোড়া গন্ধ। এল সন্দেহ।

হেমকুত্বম কোথায় ?

দেখলেন, হেমকুস্তম তার এক একথানি দামী স্কৃট এবং সাট এনে ছড়ে! করেছিলেন উঠোনে, ভাতে আগুন জালিয়েছেন। তার বাইরের পোশাকের কোন একথানিও আর অবশিষ্ট রাথেন নি। কাল যে কী পরে কোটে যাবেন তারও ঠিকানা নেই। মাথার মধ্যে আগুন জলছিল, তবু ধির এবং শান্ত মনে চিন্তা করলেন অনুলপ্রমান। মুম এল না চিন্তার ভারে। কোন নির্দিষ্ট বিশান্তে পৌছনো গেল না। অবশ্যে ভোর হল।

ভোর হলে তিনি অন্য কোনগানে চলে যাবার জন্মে মনন্তির করলেন। ভৃত্যকে বললেন তাঁর যা কিছু বাকি জামা-কাপড় পোশাক-আশাক যেন তাঁর স্থটকেসে গুছিয়ে দেয়। তিনি একটু একা বাইরে যাবেন। বিছানাপত্ত সে যেন বেঁধে-ছেঁদে রাথে। তারপর বললেন, কোচ ওয়ানকে বল গাড়ি বার করতে, আমি একটু খুরে আসব। এই বলে তিনি গাড়িতে বেরিয়ে পড়লেন। বন্ধবিরের বাড়িতে গিয়ে বললেন, আমি

কিছুদিনের জত্তে কলকাতা যাব মনস্থ করেছি। আমার হাতের মামলা-মোকর্দমাগুলো তুমিই দেখো। মুন্সিজী তোমাকে সব কাগজপত্রগুলো দিয়ে যাবে।

বেশিক্ষণ গাঁড়াতে ইচ্ছে হল না। শরীর ষেন ভাল মনে হচ্ছিল না। অতুলপ্রসাদ বিদায় নিলেন। বাড়িতে এসে মৃন্দিজীকে বললেন, আমি কিছুদিনের জন্তে বাইরে যাচ্ছি। মেমসাহেব ও দিলীপ থাকবে। তুমি এসে রোজ দেখাশোনা করবে। আমি চলে গেলে আমার গাড়ির কোচওয়ানকে ছুটি দিয়ে দিও। আমার থিদমংগার ভূত্যও বলছিল দেশে যাবে। তাকেও দেশে পাঠিয়ে দিও। আয়া, মালি, থানাসামা ও নেমসাহেবের গাড়ি থাকবে। দেগবে এদের যেন কোন কট না হয়। আমি মাঝে মাঝে তোমাকে চিঠি লিগব। এখানকার গরচপত্রেরও ব্যবস্থা করে যাচ্ছি। আমার বন্ধু ব্যারিস্টার সাহেবের কাছে তুমি তোমার মোকর্দমার কাগজপত্র নিয়ে যাবে। তিনিই সব কাজ করবেন। তিনি যা বলবেন তাই কোরো তার কথা-মতো।

ভাবলেন একবার হেমঞ্জনের দঙ্গে দেখা করে যাবেন। পায়ে পায়ে এগিয়ে গেলেন হেমকুত্বনের ঘরের দিকে। তারপর কি মনে করে কিরে এলেন। এসে আরাম কেদারায় শুয়ে ভাবনেন আপন মনে হেলে, এর আগেরবার মিটমাট হয়েছিল সত্যকুমারের জন্যে। কিন্তু বোধহয় মিটমাট রক্ষা তাঁদের মধ্যে কোনদিনই হবে না, কোনদিনই তাঁদের মনের মিল হবে না। আশ্চর্ম, কেমন করে মনে মিল হয়েছিল সেকথা ভেবে এখন আশ্চর্ম মনে হয়। ভাবতে ভাবতে কখন ঘুমিয়ে প্রেছিলেন।

ঘুন ভেঙে দেখলেন, অফিদ-ঘরে মকেলরা বদে আছেন। এঁরা এখনো জানেন না দেন লাহেব লখনউ থেকে বিদায় নিছেন। মৃন্দিজীর কথা ওরা অনেকেই বৃথতে পারছেন না, বিজ্ঞারিত নয়নে তাকিয়ে শাহেন। অনেকে নানা প্রশ্নে মৃন্দিজীকে ব্যতিবাত করে তুল্জেন। অতুলপ্রসাদ তাদের দিকে তাকিয়ে দীর্ঘনিশ্বাস ত্যাগ করে ভূতাকে বললেন, কোচোয়ানকে বল গাড়ি বার করতে, দেশন যাব। আর তুমি আমার জিনিদপত্র গুলো গাড়িতে তুলে দাও। দেরি কোরো না। আমার টেনের সময় হয়ে গেছে। আর থামি কোগায় যাজি মেনসাহেব যদি প্রশ্ন করেন তবে বোলো জানি না, আমাদের কোন কবা বলে যাননি।

একথা বলে অতুলপ্রশাদ কিছুক্ষণ কি যেন ভাবলেন। তারপর তাঁর প্রিয় ভিক্টোরিয়া ফিটন গাড়িতে চড়ে কোসোনাকে বললেন, স্টেশন চলো।

(क्रीम)

এরপর যবনিক। উঠল ১৯১৬ সালে। অতুলপ্রসাদ পারিবারিক কারণে লগনউ ত্যাগ করে কলকাতাবাসী হয়েছেন। ইচ্ছা কলকাতায় বাস করে এখানেই ব্যারিস্টারি করবেন। ব্যারিস্টার চিত্তরঙ্গন দাশ, লর্ড সত্যপ্রসন্ন সিংহ এবং কলকাতার আরো কয়েকজন তাঁকে অন্প্রেরণা দিলেন। কলকাতায় বাস করে এখানেই প্র্যাকটিস কর্জন, কেন অত দূরে আমাদের ছেড়ে থাকবেন!

অতুলপ্রসাদ ফ্লাট ভাড়া নিলেন ওয়েলেসলি খ্রীটের মোডে ওয়েলেসলি ম্যানশনে। লখনউ ভ্যাগ করে এসে রোজকার অশান্তির হাত থেকে মৃক্তি পেয়ে স্বন্ধির নিশাস ফেললেন। শান্তি পেলেন।

কলকাতায় এদে মায়ের সঙ্গে দেখা করলেন। তাঁর অতুল কলকাতায় মায়ের প্রতিদিনের প্রতীক্ষা চলে। অতুল এলেন মায়ের কাছে। মায়ের স্বাহ্য তেওে গেছে, সেরপ নেই। মা জীবনে শােক তাপ কম ভােগ করেন নি। বেশি হৃঃথ এবং শােকে মাহ্য অনেক সময়ে পাগল হয়ে যায়, কিন্তু তিনি ভগবানের মৃথ চেয়ে সকল কিছু সহা করেছেন। তার অতুলের জীবনও নানা পরীক্ষা নানা সহটের মধ্য দিয়ে চল্ছে। তিনি ব্যতে পারেন তার স্বেহের ধন অতুল মাঝে-মাঝে ভেঙে পড়ে মাঝে-মাঝে অধৈর্য হয়, কিন্তু তিনি জানেন ভগবানের প্রতি বিখাসই তাকে সহা করবার শক্তি গেবে, বল দেবে। ইশ্বর-বিশ্বাসী, ইশ্বর-নির্ভর হওয়া ছাছা উপায় নেই। শান্তি নেই। অতুলপ্রসাদ স্বোলা মাসীদের সঙ্গে দেখা করলেন। ছেলেবেলার দিনগুলোর কথা স্বরণ হল। মেসোমশাই ডাঃ প্রাণক্ষণ আচার্য। সাহানা, স্বপ্রভা, রেণুকা, কনক,

অমল একদিন এসে বললে, চলুন সাহিত্যিক শিল্পীদের আড়োয়। কলকাতা সাহিত্যের রক্ষভূমি। কয়েক বছর আগে অমল হোম অতুলপ্রসাদকে সঙ্গে নিয়ে ভারতী অফিসের বৈঠকে উপস্থিত হয়েছিলেন। পরিচয় হয়েছিল সেদিন কবি সত্যেক্সনাথ দত্র সঙ্গে কবি অতুলপ্রসাদের। সেদিনের কথা কি ভোলা যায়।

উষা এদের শেগা নতুন গান গুলো শুনলেন, শুনে দূল ক্রটি শুধহিয়ে দিলেন।

- *"বদ্ধ-নহলে অতুলপ্রসাদের গানের ও অতুলপ্রসাদ মানুষটির কথা অনেক গল্প করল,ম। তাঁর কোন গান তথনও বের হয়নি। ভারতী অফিসে আমাদের প্রতিদিন বৈঠক
 - * সাহিত্যপ্রেমিক এবং স্থপাহিত্যিক অমল হোম তাঁর 'শ্বতিকথা' প্রবন্ধে (উত্তরা আখিন সংখ্যা ১৩৪২) লিখেছেন কলকাতায় ফিরে এসে।

বসত। মণিলাল এবং সত্যেন্দ্রনাথ ছিলেন বন্ধুমহলের মধ্যমণি। আর ছিলেন চারু বন্দ্যোপাধ্যার মহাশর। এখানে বেস্তুরে। হারমোনিয়ামের সঙ্গে আমরা ততোধিক বেস্কুরো গলা মিলিয়ে গাইতামঃ

বঁধুয়া, নিদ নাহি আবিপাতে।

সত্যেন্দ্রনাথ যোগ দিতেন তার সঙ্গে। ব্যার সন্ধ্যাগুলি মূর্ত হয়ে উঠত গানের কলিতে:

গগনে বাদল, নয়নে বাদল
জীবনে বাদল ছাইয়া—
এনো হে আনার বাদলের বঁদু
চাতকিনী আছে চাহিয়া।

অতুন প্রসাদের থানের ভক্ত হয়ে উঠলেন সন্মেলনাথ ৷ তার তাগিদেই আমি অতুল-প্রসাদকে লিগলাম আপনার নতুন গান যা হচ্ছে আমায় পাঠিয়ে দিন। চিঠি লেগামাত্রই জবাব পেলাম—স্লেম্পূর্ণ পত্র, তার গান সত্যেন্দ্রনাথের (দ্তু) ভাল লাগাতে প্রম আনল এবং গৌরব বোধ করেছেন। কিন্তু কোন গান পাঠাননি। লিখেছেন, স্থর ছাত্য আমার লেগাও নি বত চলহীন। ভালের রাজার কাতে তা কি করিয়া পাঠাব ? এবার যথন কলিকাভার আদৰ তথন একদিন দত্যেন্দ্রবাব্কে, আপনাকে, এবং আপনার বন্ধদের গান ওনাইব। কিন্তু অতুলপ্রসাদের নতুন গান শোনবার ও শেথবার স্থযোগ ঘটে গেন অপ্রত্যাশিতভাবে আমার প্রম আত্মীয় ও বন্ধ স্থকুমার রায়ের পারী অতুলপ্রসালের মাসতুত গোন শ্রীমতী স্থপ্রভা রায়ের কাছে। একদিন হঠাৎ আবিচার কর্ত্রাম একথানি স্থ্রমা চাম্চার বাঁধানো পাতা—আগাগোড়া অতুলপ্রসাদের স্বহতে লেখা বর্তিত স্পীতে ঠানা। গানগুলি স্তোল্কনাথ-স্মীপে পৌছে দিলাম। তখন তিনি আনন্দ প্রকাশ করলেন ···· কিছুদিন পরে অতুলপ্রসাদের চিঠি পেলাম কলক।তার আসহেন। তার নেসোমশাই শ্রদান্সদ ভাক্তার প্রাণক্ষণ আচার্য মহাশয়ের বাছিতে তার সভে দেখা হল। সকালবেলা প্রাণক্ষণ আচার্য মহাশ্যের কর্তাকে গান শোনাভেন, শেগাচ্ছেন। দে মন্ত্রমুগ্ধ কণ্ঠস্বর হারিদন রোডের ট্রামের ও মোটরের ঘর্ণর পানি চাপিয়ে তার স্থরনহরী মৃদ্ধ করেছিল। বাডি ফিরে এলাম। কথা হল প্রদিন সন্ধার তিনি ভারতী অফিসের বৈঠকে আসবেন—সত্যেন্দ্রনাথের থাকা চাই। তাঁব সন্দে পরিচয় লাভের জন্মে অতুলপ্রসাদ উংস্থক। হুই কবির পরম্পরের সঙ্গে সাক্ষাং হল। ত্-জনেই স্বল্লভাষী, মধুর স্বভাষ। অক্লান্ত-কণ্ঠ অতুলপ্রসাদ গানের পর গান গেয়ে শোনালেন।"

সাহিত্য-প্রেমিক অমল হোম দেদিন ওয়েলেসলি ম্যানশনে এসে অতুলপ্রসাদকে

বললেন, চলুন আমাদের ক্লাবে। অতুলপ্রসাদের মাসতৃত ভাই শিশিরকুমার দত্ত বললেন, যথন এসেছ তথন আমাদের মন্ডে ক্লাবে নাম লেখাও।

মন্ডে ক্লাব ?

হাা, হাা আমাদের মণ্ডা ক্লাব।

কি বলছ আমি কিছু বুঝতে পারছি না।

তবে শোন আমাদের মণ্ডা ক্লাবের ইতিহাস আর স্বকুমারের কথা।

স্তুমার? আমাদের স্তুমার?

বাঙলা দেশ তো সাহিত্যের রঙ্গভূমি। এই সাহিত্যের রঙ্গভূমিটিতে আর এক সাহিত্যক, নাম—মন্ডে ক্লাব। শিশুসাহিত্যিক স্থকুমার রায়ের অনবত্ত স্থাই ননসেন্স ক্লাব। তারই রূপ বদলিয়ে নাম বদলিয়ে অনেক বড় হয়ে হল মন্ডে ক্লাব। সোমবাজের নাম অনুসারে রাখা হল মন্ডে ক্লাব, আসলে আড়ালে সকলে বলে মণ্ডা ক্লাব—মণ্ডা মিঠাই না হলে কি ক্লাব চলে! স্বকুমার রায়ের নামকরণ—নামকরণে অনবত্ত স্থকুমার। মন্ডে ক্লাবের বৈঠক প্রত্যেক সভ্যদের বাড়িতে হয়। বার বাড়িতে অধিবেশন বলে মণ্ডা মিঠাই খানা-পিনার সমন্ত ব্যবস্থা তিনি করেন। অবিজ্ঞেন নানান বিষয়ে আলোচনা হয়: সাহিত্য সঙ্গীত বিজ্ঞান গণিত; আসলে যদিও সঙ্গীত ও কাব্যালোচনাই প্রধান।

বাঃ, বেশ বেশ।

ভোমাকেও আমাদের মধ্যে আদতে হবে ভাইদাদা, আমাদের শক্তি বৃদ্ধি করতে হবে। হবে, হবে।

কবে।

ठल, এकमिन या ख्या शहर ।

মন্ডে প্লাবের সাহিত্য-প্রেমিক বন্ধরাও অতুলপ্রসাদকে বললেন, আপুনি যথন কলকাতায় এসেছেন আমাদের বৈঠকে যোগ দিন।

অতুলপ্রসাদ বললেন, বা'লাদেশে দেই কারণেই তে। এলাম। গল্পে গানে হাস্ত-পরিহাসে সমবয়সী অল্পবয়সী সকলকে একান্তভাবে আপনার করে নিলেন। অতুলপ্রসাদের গানের ভক্ত হলেন মন্ডে কাবের বন্ধুরা।

সেই সময় মন্তে ক্লাবের প্রাথমিক সভ্য ছিলেন স্তকুমার রায়, তাঁর ছই ভাই স্থাবিনয় ও স্থাবিমল রায়, প্রভাতচল্র গঙ্গোপাধ্যায়, অমলচল্র হোম, হিতেল্রমোহন বস্ত, ডাঃ দিছেল্রনাথ মৈত্র, শিশিরকুমার দত্ত, কালিদাস নাগ, প্রশাস্তচল্র মহলানবীশ, হিরণকুমার স্থাতাল, শ্রশচল্র সেন, সতীশচল্র চটোপাধ্যায়, স্থানীতিকুমার চটোপাধ্যায়, অজিতকুমার চক্রবর্তী, গিরিজাশহর রায়চৌধুরী, ধীরেক্রচল্র গুপু, জীবনময় রায়।

অতুলপ্রসাদের মায়তুত ভাই শিশিরকুমার দত্ত মন্ডে ক্লাবের সর্বসম্মতিক্রমে সেকেটারি নির্বাচিত হন।

মন্ডে ক্লাবে এলেন অতুলপ্রদাদ। মন্ডে ক্লাবের বৈঠকের জন্তে অতুলপ্রদাদের ক্ল্যাটের বদার ঘরে একজোড়া ভক্তাপোয় পড়ল। তার ওপর পাতা হল পুরো গালিচা। তারপর চর্ব্য চোয় লেহু পেয় ইত্যাদি দক্ষিণ হস্তের ব্যাপার যেরকম বিরাট আকার ধারণ করল তাতে ক্লাবের বৈঠক অত্য কোথাও বদা কঠিন হয়ে দাঁড়ালো। প্রত্যেক বৈঠকেই স্থানিবিড় সঙ্গীত চর্চা চলে, কাব্যালোচনা চলে। অতুলপ্রদাদ প্রায় প্রত্যেক বৈঠকেই স্থানিত কবিতা পাঠ করেন এবং সঙ্গীত শোনান।

শুণু যে নিজের ফ্ল্যাটের অধিবেশনে অতুলপ্রসাদ উপস্থিত থাকেন তা নয়, অতা সব সভাদের বাড়ির অধিবেশনগুলিতেও পৌছে যেতেন। বৈঠক অনেকের বাড়িতেই বদে। ডাক্তার দিজেন্দ্রনাথ মৈথের গদার উপরে মেয়ো হাসপাতালের ছাদে, নরেজনাথ দেন খ্রীট ও ফকিয়া খ্রীটের অমল হোমের বৈঠকগানায়, গড়পারে স্ত্রুমার রায়ের ডুইংক্লমে, স্থাীতিকুমার চটোপাধ্যায়ের স্থকিয়া রো-র পৈতৃক বাসভবনে, বিজয়ঃল বস্তুর চিড়িয়াথানার ভিতরের কোয়াটারে। বিজয়চল্ল বস্তু ছিলেন চিড়িয়া-খানার স্থপারিটেতেওট, কালিদাস নাগের মামা। চিড়িয়াখানায় সেই প্রথম মন্ডে ক্লাবের সকল সভ্য মিলিত হয়েছিলেন। একথানি ছবি তোলা হল, সেই প্রথম এবং শেষ ছবি মন্ডে ক্লাবের সকল সভাদের—অতুলপ্রসাদ সেগানে মধামণি। সন্ধ্যা উত্তীর্ণ হায়ছিল। জোম্মায় চিড়িয়াখানার ঝিলে সেদিন চম্মকার রোয়িং করা থেল। আর একবার মনতে ক্লাবের সকল সভারা স্থানার ভাড়া করে চললেন কোলাঘাই। ভোরবেলা স্থিমার কলকাতার চাদপাল ঘাট থেকে ্যাঙ্র তুলল। যাত্রা শুরু হল। কোলাঘাট। কলকল জলস্রোত দিগন্তপ্রসারী বেলাভূমি আর একটানা স্তীমারের যান্ত্রিক প্রনির সঙ্গে সঙ্গে চলন আনন্দ-উৎসব সাহিত্যালোচন। আর জঠর তৃপ্তি। আর সকল কিছু ছাপিয়ে সকলের কঠে সেদিন রবীন্দ্রনাথ এবং অতুলপ্রসাদের গান। অপরাত্রে কোলাখাটে নেমে ডাক-বাংলোর ছাদে পূণিমার নিশিষাপনের মধুর স্থতি মনে এঁকে ফিরে এলেন সকলে কলকাতায়। একবার কোন অধিবেশনে অমন হোম অসুকার ভয়াইল্ডের মানুষ ও ভাহার কর্ম 'Man and his work' এই নামে খুব বড একথানা প্রবন্ধ পাঠ করে উপস্থিত সভাদের বুঝি ধৈর্যচাতি ঘটিয়েছিলেন। অতুলপ্রসাদ মনোধোগ দিয়ে প্রবন্ধথানি শুনে বললেন, পরের অধিবেশনে অস্কার ওয়াইল্ড সম্বন্ধে কিছু বলবেন। তার কিছুদিন পরে কালিদাস নাগের মামার আলিপুর চিড়িয়াথানার কোয়াটারে যথন মন্ডে ক্লাবের অধিবেশন বদল অতুলপ্রসাদ অদ্কার ওয়াইল্ডের ট্রায়াল বৃত্তান্ত শোনালেন। অস্কার ওয়াইন্ডের যথন ট্রায়াল হয় তখন চিত্তরঞ্জন দাশ এবং

অতৃনপ্রসাদ ত্-জনেই ব্যারিস্টারি পড়ছেন। ওল্ড বেলীতে তাঁরা ত্-জনেই বিচার দেখতে গিয়েছিলেন। Sir Edward Carsonএর জেরার জবাবে ওয়াইল্ডের মুথে কি রকম তুবড়ি ছুটেছিল সে গল্ল করলেন।

মন্তে ক্লাবের বৈঠকে অতুলপ্রসাদ একবার নিশচিত কয়েকটি কবিতা পাঠ ও ব্যাখা। করেন। আর একবার চেন্টারটনের 'ওরারশিপ অব্ দি ওয়েলদি' পাঠ করেন।*
কলকাতায় এদে পুরোনো বল্ল্-বান্ধব এবং আয়্লায়-মাজনের দাদে দেখা-সাক্ষাই হাওমার এবং সাহিত্যচক্রের মধ্যে থেকে মন যদিও কিছু ভাল হিল তব্ কোখায় যেন একটা অভাব-বোধ অনুক্ষণ ছোগে থাকে। দে অভাব পূর্ব হয় না ব্বি। ভূলতে পারেন না লখনউ—তাঁর অনেক দিনের অনেক বহুরের পরিচিত জগইটাকে—স্বদেশের আয়্লীয়েই মত মাজ্যদের, মাজলদের। কালেলোক বহুরের পরিচিত জগইটাকে—স্বদেশের আয়্লীয়েই মত মাজ্যদের, মাজলদের। কালেলোক হয়ালাদের সোয়ারির ছালে প্রতীক্ষা, আমিনাবাদ ধীরে ধীরে জমজমাট হয়ে আসাছে, কেশরবাগের রাভা ধরে গোড়ার প্রের শাল ভূলে ধুলোর বড় উঠিয়ে গোমতীর লোহাপুলের দিকে দৌড় দিল একা-টালার দল। প্রিয় ওয়েলার ঘোড়া আর সালা ফিটনের ছালে বুলি ক্লিকি মন কেমন করে কথা আনবে ছোটখাট কথা কত যে মনে পড়ে। একট্ পরে দিলীপের মান্টার মহেশ আদবে গরের প্রত্তেজমণের বড়া নাক্ষার কথা বত বে মনে পড়ে। একট্ পরে দিলীপের মান্টার মহেশ আদবে প্রের প্রত্তেজমণে বেরেটে দেশবার জল্যে মন কেমন করে ওঠে। ভাল লাগে নাক্লেকাতা।

তথন রবীজনাথের কথা মনে পড়ে। রবীজনাথ তথন শান্তিনিকেতনে। কলকাতঃ
শহর থেকে হঠাং শান্তিনিকেতন চলে এলেন অতুলপ্রসাদ। কয়েকটা দিন রবীজ-স্পুন্ধ
অতিবাহিত করে কিরে এলেন কলকাতায় ওয়েলেসলি ম্যানশনে, বুদ্ধ থিদনংগার নবা।
আলির তত্ত্বিধানে। কলকাতায় প্রভু ভূত্যে সংসার। প্রভু কর্মসল থেকে না কের:
পর্যন্ত অভুক্ত থাকে ভূত্য। বছ বিধাসী খিদমংগার নবাব আলি।

একদিন লীডার সম্পাদক পি. ওয়াই. চিন্তামণি এসেন। পুরোনো ছই রাজনীতিবিদি বন্ধুর সাক্ষাই হল। দেশের বর্তমান অবহা সম্বন্ধে আলোচনা হল। নি. ওয়াই.-এব গান্ধীজীর অসহযোগ আন্দোলনের উপর বিশেষ আছা নেই। এতুলপ্রসাদ বললেন, দেখে নিও ওর মাঝেই মহ। শক্তি লুকিয়ে আছে। আমার বিশেষ আছা না থাকলেও অনাছা নেই। এজানী ওয়দের সমাগ্য হয় ওয়েসেসলি ম্যানশনে। সরোজিনী নাইছা ভাই হারীজ্ঞনাথকে সেদিন বললেন, দেখে রেখ একদিন তুমি ভোমার দিদিকে ছাড়িয়ে

^{*} এ অনল হোনের 'ফুতিকগা' ও প্রভাতচন্দ্র গলোপাধ্যারের 'আমাদের মন্ডে কাব'থেকে।

যাবে ঠিক। হারীন্দ্রনাথের তথন অল্ল বয়স। গানে অপূর্ব গলা, তেমনি অপূর্ব তাঁর কবিতা রচনা করা। হারীন্দ্রনাথ এসে নেমেছিল অতুলপ্রসাদের বাড়ি তাঁর অতিথি হয়ে। অনেক দিন ছিল। মন্ডে ক্লাবের অনেক সভাবুন্দ জনায়েত হতেন হাইকোটের বার লাইব্রেরিতে অতুলপ্রসাদের কাছে। যোধপুরী পাজামার ওপর কালো অথবা গয়েরি রং ইউনিফর্ম কোট, মাথায় রাজপুতানী পাগড়ি—এই ছিল তাঁর পোশাক। আর ছিল তাঁর অপরূপ রসিকতা। বড় রসিক মান্ত্র্য অতুলপ্রসাদ। সেদিন এক পরিচিত ফরেস্ট অফিসার বন্ধু বললেন, হন্দরবন চলেছি অফিসের কাছে। যাবেন আমার সঙ্গে—কয়েকটা দিন বেড়িয়ে আসবেন গ আপনার ভাল লাগবে। আমরা লঞ্চে যাব আর আসব; আপনার কোন অস্থবিধে হবে না। অতুলপ্রসাদ রাজি হলেন।

স্তীম লঞ্চটি বেশ বড়। অতুলপ্রসাদের ভাল লাগল। ছ-থানি ঘর—একটি থাবার ঘর ও একটি শোবার ঘর। বাথক্রমে স্নানের ব্যবহা। একথানি ঘরে লেথাপড়া করার ছত্তে ছোট্ট একথানি টেবিল চেয়ার পাতা। টেবিলে বই কাগছপত্র কালি—যেথানে যেমনটি ঠিক তেমনিই।

বন্ধু বললেন, আপনার প্রয়োজনে আদতে পারে তাই এই ব্যবস্থা হয়েছে।
লক্ষের নিচের তলায় লক্ষের ইজিন, লোকজনদের থাকার ব্যবস্থা একদিকে। রেলিংদেওয়া ছোট একটা বারান্দা, ছু-খানি বেতের চেয়ার পাতা। চেয়ারে আরামে বদে
অতুলপ্রসাদ বললেন, বেশ ব্যবস্থা হয়েছে। খানা-টানার কি ব্যবস্থা করেছে হে
ফরেস্ট অফিসার হেসে বলজেন, স্বন্ধরবনে হরিণ শিকার যদিও বে-আইনী কিন্তু আপনি
যখন আমাদের অতিথি তখন সব গ্রস্থাই হয়েছে……হরিণের মাংসের রায়ারও
ব্যবস্থা হয়েছে।

ভেরি গুড, অতুলপ্রসাদ হাদলেন—বে-আইনী কাছটাও ভোমাকে দিয়ে করিয়ে নিচ্ছি তাহলে—কীবল ?

সন্ধ্যা নাগাদ লঞ্চাড়ল। লঞ্ এগিয়ে চলল মাঝ-দ্রিয়া ধরে কলকাতার দীমানা ছাড়িয়ে, কলকারথানার আলো-ধোঁয়ার রাজ্য পার হয়ে। দীমান্তের অন্ধকারে গাছের সারি। মিলন-পিয়াদী জোনাকীরা জলে-জলে সারা।

অতুলপ্রসাদ বললেন, একটু পরে চাদ উঠবে। আকাশ দেখে তাই মনে হয়।
বন্ধু বললেন, প্রোগাম এমন করেছি যাতে প্রিমার সময়টা আমরা বনে কাটাতে পারি।
চাঁদের আলোয় স্থানরবনের দৃশ্য অপরপ—কিন্তু সে দৃশ্য বড় ভয়ন্বর, বড় নির্জন।
অতুলপ্রসাদ বললেন, আমি সে দৃশ্য দেখবার জন্ম খুবই উদ্গ্রীব।
একটু পরে চাঁদ উঠল। স্থিম আলোয় পৃথিবীর রূপ ফিরল। চন্দ্রালোকে জলতরক্ষে

শত-শত চন্দ্রমা-মালিকার সৃষ্টি হল। নভোমগুলে আলোকের ছটা। মৃগ্ধ অতুলপ্রসাদ। লঞ্চ এগিয়ে চলল। তন্ময়তা ভাঙল বন্ধু যথন বললেন, আহ্বন আমরা থাবার ঘরে যাই, থাওয়া দাওয়া দেরে নিই। আপনার ক্ষিদে পায়নি ? এখানে বসেই থানা থাবেন ? থানসামাকে আনতে বলি ?

অতুলপ্রসাদ বললেন, না চল থাবার ঘরে যাই।

থাওয়া শেষ হতেই তাঁরা তু-জনে বারান্দায় বেতের চেয়ারে এসে বসলেন।

বন্ধু বললেন, এমন পরিবেশে আপনি একটা কবিতা আবৃত্তি করুন। তবন্ধুর অন্থরোধে অতুলপ্রসাদ কয়েকটি কবিতা আবৃত্তি করলেন; পরে কয়েকটি আপন গান গাইলেন। রাত হয়েছিল; তথন অতুলপ্রসাদ গান থামিয়ে বললেন, আর নয় চল, এবার ঘুমনো যাক।

লক্ষের ভিতরে এদে তুই বরু আপন-আপন শ্যায় শয়ন করলেন। পাশের জানলা দিয়ে গলার মনমাতানো বাতাস আসছিল। দ্বীম-লক্ষ চলছিল তার আপন গতিতে, ইঞ্জিনের একটানা শন্ধ-তরঙ্গ তুলে। ইঞ্জিনের শন্ধ, জলের শন্ধ এবং বাইরের নিন্তর্ক নিথর মৌন পৃথিবী চন্দ্রকিরং মেথে ইতরূপে স্বপ্নের জাল বুনছিল। অতুলপ্রসাদ ঘুমিয়ে ছিলেন, রাত অনেক তথন, মুথে চন্দ্রকিরণ পড়ল এসে। মোহানায় এল লক্ষ। হঠাং ঘুম ভেঙে চোথ মেলে চাইলেন। আন্তে আন্তে বিছানায় উঠে বসলেন। জানলার মধ্য দিয়ে দেগলেন চাদনি রাতের তরঙ্গায়িত মনোম্প্রকর ভাগীরণীর দৃশ্য। বিছানা থেকে নেমে শাড়িয়ে টেবিল থেকে কাগজপত্র কলম এনে জানলার পাশে বসলেন। মনের মধ্যের স্বর ম্ক্তি চাইল। গুনগুন গাইলেন। তারপর কলম তুলে কাগজে লিখলেনতর্লে কাগজে লিখলেনত্নিছেবি নিথতে অস্ববিধা হল না কোন। লিথলেন—

আজি এ নিশি, সথী, সহিতে নারি।
কেবলই পড়িছে মনে যনুনা-বারি।
এমনি সোনার তরী ভেসেছিল নভোপরি—
নাহিক খ্যামের তরী, নাহি বাঁশরী।
ছিল গো সেদিন, সথী, হেন যামিনা।
আছে ফুল নাহি মধু,

আছে আশা নাহি বঁধু,
আছে নিশা, নাহি শুধু অভিসারী।
মিলন-মধুর নিশি আসিবে না আর,
আজি এ চাঁদনী ধরা বিরহ-বেদন-ভরা,
আকাশের গ্রহ-ভারা শ্রাম-ভিগারী।

গান লেখা হলে বেহাগের স্থারে গুনগুনিয়ে জানলার দিকে মুখ কিরিয়ে গাইলেন।
ভয়, পাছে বন্ধুর ঘুম ভেঙে যায়। গান থামতেই বন্ধু মুগ্ধভাবে বললেন, আমার জীবন•
সার্থক হল অমন পরিবেশে আপনার গান ভনকাম! আর একটা গান আপনি গান।
গান থামিয়ে অতুলপ্রসাদ বললেন, তুমি বৃঝি ঘুমোওনি ? ভয়ে ভয়েই আমার গান
ভনছিলে প্রথম থেকেই ?

আপনিও তো ঘুমোন নি। কেন ?

অতুলপ্রসাদ হাসলেন। বললেন, ঘুমিরে তো ছিলান। চাদ বাদ সেধে ঘুম ছুটিয়ে দিল।

বন্ধু বন্দেন, রাত জাগলে আপনার শরীর থারাপ হবে। হেসে বনলেন, ঝিলিমিলি নামিয়ে দিন, চন্দ্রকিরণ আসবে না। তাহলেই নিদ্রাদেবীর আগমন ঘটবে।

পরের দিন ভোরবেলা ইঞ্জিনের একটানা ঘর-ঘর শব্দে এবং এককাঁক উড়ে-চলা পাথির কলকাকলিতে ঘুম ভেঙে গেল। চোথ মেলে চাইলেন অতুলপ্রসাদ। বন্ধু এসে স্প্রভাত জানিয়ে আপন অফিসের কাজে ফাইল-পত্তরের মাঝে ব্যস্ত হলেন। অতুলপ্রসাদ আরাম-কেদারায় বলে তাকিয়ে রইলেন দূরে। মোহানা অতিক্রম করে লঞ্চ এল স্ক্রেরন অঞ্চলের অসংখ্য থাড়ির একটিতে। স্কুনরেন এলাকা শুরু হল। স্কুনরী বৃক্ষের জঙ্গল। আরো কতরকমের গাহ, গাছে ফল ফুল, নানান পাথির কলকাকলিম্থর বনভূমি। বন ঘন থেকে ঘনতর হল,—স্থ্রিশির প্রবেশ নিষিদ্ধ। ভয়াবহ। বড় উদাসী—তবু স্কুনর। মৃথ্য অতুলপ্রসাদ লিখলেন—

তরে বন, তোর বিজনে সংগোপনে
কোন্ উদাসী থাকে ?
আমার মনের বনের উদাসীরে
ডাকে সে আজ ডাকে।
নিজে দে নীরব হয়ে রয়,
শোনে সে ফুল যে কথা কয় ,
তক্ষর হিয়া আলিঙ্গিয়া লতার অহ্নয়,
শোনে সে লতার অহ্নয়।
পাথিদের প্রগল্ভতা দেয় কি ব্যথা তাকে ?
তারে কেউ পায় নাকো ডাকি,
থাকে সে সদাই একাকী;
কোন একাকী করল তারে এমন একাকী?

বৃঝি সে রুষ্ণ আধারে যেন কেউ দেখতে না পারে

আপন মনে খুঁজে বেড়ায় গোপন স্থারে। বলে মোর পাগলা পরান থোঁজে সে আমাকে!*

বন্ধুর সঙ্গে স্থন্দরবনে আরো কয়েকটি দিন কাটিয়ে নতুন জীবনের আস্বাদ গ্রহণ করে ফিরে এলেন অতুলপ্রসাদ কলকাতায়।

ভারপর আরও এগিয়েছে কিছুদিন। চলেছে মন্ডে ক্লাবের অধিবেশন। ওয়েলেসনি ব্রিটের বৈঠকথানায় রবিবারে রবিবারে সাহিত্য-বাসর, সঙ্গীতের অন্ধান। চলছে কোর্ট কাছারি মকেল কেস—এমনি দিনে একদিন সন্ধ্যায় ওয়েলেসলি ব্রিটের ওয়েলেসলি ম্যানশনের ফ্লাটের দরজার 'ডাকার ঘন্টা' অধৈর্য হয়ে বাজল। বৃদ্ধ খিদমংগার নবাব আলি দরজা খুলে ধরামাত্রই ঈষং কৃশ এবং দীর্ঘ একটি মামুষ ফিন্মংগারকে প্রায় ঠেলে সরিয়ে দিয়ে ঘরে ঢুকে এল। নবাব আলি আগন্তকের পিছু পিছু এসে দেখে, সাহেব এবং আগন্তক সাহেব ঘনিষ্ঠ আলিঙ্গনপাশে বদ্ধ। ভূত্য অবাক চোথে তাকিয়ে রইল।

অতুলপ্রসাণ বললেন, দাদা, তোমাকে কতদিন পরে দেখলাম বল তো !

সভাপ্রদান বললেন, হা ভাই, কতদিন পর! ভনেছিলাম তুনি কলক।তায় এসেছ, তোনার ঠিকানা খুঁজে খুঁজে থানি হয়রান। তুমি ভাই আমাদের আর কোন থবর রাথ না!

অতুলপ্রসাদ বললেন, তুমি তো বর্গা থেকে ফিরে এসে এখন লাকসামে আছে। দেখ, আমিও খার রাখি তোমার, যদিও চিঠিপত্র লিখতে পারি না। তাছাডা আমার চিঠিপত্র লেখাও ঠিক আদে না—তবু আমার মনটা তোমাদের থিরেই থাকে সব সময়। সত্যপ্রসাদ হেদে বললেন, জানি জানি। তা তুমি কবে আসহ লাকসামে—আমার ওখানে? চল আমরা একসঙ্গে বেড়িয়ে আসব ঢাকা, আমাদের গ্রামখানি থেকে। কতদিন গ্রামখানিতে যাইনি বল তো! মনে পড়ে না তোমার ঢাকার মিরাতারের বাসা, লক্ষীবাজারের দিনগুলো, ভেলেবেলার বন্ধ্-বান্ধবদের!

মনে পড়ে বৈকি।

ওঃ ৷ জান, কত কথা যে আমার জমা হয়ে আছে !

* ওপরের কবিতাটি স্থন্দরবন যাত্রাপথে রচিত। সম্পূর্ণ কবিতাটি রচনার পর শেষ অংশটি পরিবর্ত্তন করেন। কোন একজন ফরেন্ট অফিসার বন্ধুর সঙ্গে অতুলপ্রসাদ ১৯১৬ সালের কোন এক সময়ে স্থন্দরবন ভ্রমণে গিয়েছিলেন। এই তথ্যটুকু নানা স্থত্রে জানতে পারা যায়। আমাবত, দাদা!

তারপর ত্ই ভাই ত্ই বন্ধুতে কত স্থ-তৃংথের কথা হয়। অতুলপ্রসাদ বললেন, দাদা তৃমি আমার জন্যে একটু অপেক্ষা কর, আমি শীঘ্রই যাব তোমার কাছে, একটু সময় হাতে পেলেই।

সত্যপ্রসাদ কিরে চলে গেলেন লাকসামে তাঁর কর্মস্থলে। মন ভাল লাগছিল না, তাই কিছুদিনের সধ্যেই অতুলপ্রসাদ দাদার কাছে লাকসামে চলে এলেন। সত্যপ্রসাদ অতুলপ্রসাদকে কাছে পেয়ে খুটব খুশি। প্রী স্থরবালাকে বললেন, অতুল এসেছে। অতুলকে ভাল থাওয়াও-লাভয়াও। দেখো অতুলের যেন কোন কট না হয়, অতুল সাহিব মানুষ্। স্থীকে বিব্রত করে তুমলেন।

অতুল বলনেন, দাদা তুমি থাম! তুমি কি চাও আমি চলে যাই? স্বরালাকে বললেন অতুলপ্রাসাদ, গোঠান, আনি সাতেব-টাতেব নই। আমি থাটি বাঙালী, মনেপ্রাণে বাঙালা। উচ্চাতি হাসেন অতুলপ্রসাদ। হাসিম্থ সহ সময়েই। আসর জমিয়ে বসে নানান মজার গল্ল-কথা বনেন। এত হাসতে পারেন যে ওর সঙ্গে পালা দিয়ে গুসা বোধহয় আর কারো পক্ষে সত্তব নয়। এত হাসি, তাই বোধহয় মনে এত ভংগ— বারা যত হাসে তাদের মনে ততটা ছংখ। অথবা কি জানি, হেসে হেসে বোধহয় তারা ছংখ ভুলতে চায়। খাওয়া-দাওয়ার পর কত রাত ধরে ছুই ভাইয়ে কত গল্ল চলে। ছ-জনে ছ-ছনের দীর্ঘ বিচ্ছেদ-সময়কার ঘটনাবলীর কথা বলে, স্থ-ছংথের কথা প্রশাণ পায়। অতুলপ্রসাদ-হেমকুস্থনের বর্তমান সম্পর্কের কথা জানতে পেরে সত্ত্রশাদ ছংথিত হলেন।

ক-দিন সভাপ্রদ দের কাছে লা চসামে থা কবার পর অতুলপ্রসাদ বললেন, দাদা আমার বড় ইচ্ছে, এত কাছে যগন এদেছি একবার খামাদের দেশটা আমাদের গ্রামটা ঘূরে আসি। আমাদের দেশ, আমাদের গ্রাম, কতদিন আমাদের মাতৃভূমিকে দেখিনি! তুমিও তো বলেছিলে, তুমি আমার সঙ্গে চল না।

সত্যপ্রসাদ জানালেন, ছুটি পাওয়ার বড় অস্ত্রবিধে এখন।

অতুলপ্রসাদ বললেন, ঠিক আছে, এক কাজ করা যাক। দেশ থেকে ফিরে আসি, তারপর কিছুদিন দাজিলিং ধেড়াতে যাব ইচ্ছে আছে… তুমি এর মধ্যে ব্যবস্থা করে ফেল ছুটির। তু-জনেই দাজিলিং যাব।

সত্যপ্রসাদ বললেন, আচ্ছা, আমি চেষ্টা করছি ছুটির জন্মে।

অতুলপ্রসাদ দিনকয়েক পরে লাকসাম থেকে ঢাকা এসে উপস্থিত হ:লন। ঢাকাতে এসে কিছু কাজে আটকে পড়লেন। গ্রামে, অর্থাৎ দেশে যাওয়া আর হল না, সময় ছিল না। দূর থেকেই মনে পড়ল গ্রামের সেই হোগলাবন, কাজসদিঘি, ক্ষেত-ভরা ধান, বকুলতলার মাঠ, গ্রামের চাষী-ভাইদের। সবকিছুই কি এখন বদলে গৈছে ?

পুরোনো মাত্র্যরা বিদায় নিয়েছে ? দৃষ্টিভঙ্গিরও বদল হয়েছে ? মনে পড়ে বাবা মার সঙ্গে ক'তবার পুজোর ছুটিতে দেশে গ্রামের বাড়িতে যাওয়া হয়েছিল। আজ যাওয়া হল না।

এদিকে হেমকুস্থম বাংলা দেশ থেকে দ্রে যুক্তপ্রদেশের রাজধানী লখনউয়ে পুত্র দিলীপকে নিয়ে দিন কাটাচ্ছেন। একাকী জীবন, মাঝে মাঝে অঙ্গহ্ন হয়ে ওঠে। জীবনে যত নিঃসঙ্গতা বোধ জাগে, তা ছাপিয়ে অভিমান, শেষে ক্রোধ এসে জমে। প্রতিশোধের স্পৃহা মনের কোণে বাসা বাঁধে।

মাঝে মাঝে মনে হয় হেমকুস্থমের, যা কিছু দোয শুধু কি তাঁরই ? যা কিছু অন্তায় অবিচার তার দায়ে তিনিই দায়ী, আর কি কেউ নয় ? কেন ? অতুলপ্রসাদ তাঁর সানিধ্য থেকে মৃক্ত হয়ে লখনউ থেকে স্থদ্র বাঙলা দেশে পৌছলেন, আর সকলের চোথে হেমকুস্থম অপরাধী হলেন! কিন্তু এত সহজে অতুলপ্রসাদ মৃক্তি পাবেন না! হেমকুস্থম অতুলপ্রসাদকে মৃক্তি দেবেন না!

দিলীপ পড়ছিল কনভেট স্থলে। সে-বছর দিলীপের পড়াশোনা এবং পরীক্ষার ফল আশান্তরপ হল না। ছেলেবেলাতেই নানান অন্তথ-বিন্তথ করে সে কিছু মনে রাথতে পারে না। সব কিছু যেন কেমন ভুল হয়ে যায়। ওর পড়াশোনা আর হবে না। দিলীপের মান্টারমণায় মহেশ এসে হেনকুন্তমের কাছে বিদায় চাইলেন। মহেশ এম-এ পাশ করেছে ভালভাবে, আগ্রীয়স্বজনদের মধ্যে বিশেষ কেউ নেই। লথনউতে একমাত্র বাবা ছিলেন। বাবা হঠাং মারা গেলেন। মহেশ এসে জানালেন হেম-কুন্তমকে লথনউতে তার আর মন ঠিক গাকছে না। বাংলাদেশে ফিরে যাবে। কলকাতায় পৌতে কোন একটা চাকরি-টাকরি খুঁছে নেবে।

হেনকুত্বন বললেন, তুমি এধানে ছিলে আমার তবু একজন সদী ছিল, কথা বলার, দেখাশোনার, ও সাংসারিক নানান কাজে সাহায্য করার। একটু থেমে বললেন, কী প্রয়োজন তোমার কলকাতায় যাওয়ার! তার থেকে তুমি যেরকম দিলীপের গাজেন টিউটর হয়ে আছ, সেইরকনই থাক। তোমার কোন অন্তানিরে হবে না। তোমার হাত-থরচা বাভিয়ে দেব।

মহেশের অস্ক্রিধে কি 🕫 হবার নয়। কারণ, তার যথন যে-দ্বিনিসের প্রয়োজন, হেমকুস্থামের প্রথর দৃষ্ট তৎক্ষণাং সেদিকে পৌছে ধায়। কোন অস্ব্রিধে নেই—তব্ কোথায় যেন একটা অস্বান্তি। ব্রাহ্মণ যুবক ক্তজ্ঞ। তবু অধির। হেমকুস্থমের অর্থের অভাব নেই।…

অতুলপ্রসাদ কলকাতা হাইকোর্টে প্রচুর অর্থ উপার্জন করছেন। প্রতি মাদে হেমকুস্থমের নামে টাকা পাঠিয়ে থাকেন। টাকা পাঠিয়েই বেন তাঁর সকল কর্তব্য শেষ। হেমকুস্থম ভাবেন—টাকাটাই কি সব! মনে মনে দ্বির করেন, টাকা আমি আর নেব না।

একদিন সত্যকুমার এলেন। বললেন, বৌঠান কেমন আছেন? দাদার চিঠিপত্ত পেয়েছেন?

হেমকুস্থম বললেন, কলকাতায় পৌছে পর্যন্ত তিনি আমাকে একটা চিঠিও লেখেন নি।
কিন্তু আমি শুনেছি তিনি সকলকে প্রায়ই চিঠি লেখেন। আমাদের মূন্শিকেও
চিঠিপত্র লেখেন। অথচ আমাদের কোন চিঠিপত্র লেখার ফুরসত হয় না। টাকা
পাঠিয়েই বোঝেন কাজ সারা হল।

সত্যকুমার সাম্বনা দিলেন। বললেন, বৌঠান আপনি উতলা হবেন না। দাদা আমার শিবতুল্য লোক। রাগ নিশ্চয়ই পড়বে একদিন, সেদিন আপনার কাছে নিশ্চয়ই ছুটে চলে আসবেন।

হেমকুস্থম বললেন, না সত্যকুমার সে দিন আর নেই। কলকাতায় তাঁর আপন জনেরা তাঁর মনের আগুনকে আরে। জালিয়ে দিচ্ছে আমার বিরুদ্ধে। নাহলে তিনি এতদিনে ফিরে আসতেন। তুমি তো এতদিন আমাকে দেখছ। আমি কি এত মন্দ যে আমার সঙ্গে থাকা যায় না? অবশ্য আমার একটা দোষ আছে আমি জানি—আমি রাগ সংবরণ করতে পারি না—আমি বড় অভিমানিনী, আমি ব্কতে পারি। তিনিও তা জানেন। অথচ আমি যদি কোল কথা বলি উনি সে কথা কোনদিন রাথবেন না, শুনবেন না—দে কাজ করবেনই আমার কথা না শুনে। কেন বল তো!

সত্যকুমার চুপ করে রইলেন।

মহেশ বিমর্ধ থাকে কেন যে হেমকুস্থম বুঝতে পারেন না।

তুমি পাশ করেছ ভালভাবে, এখন এখানেই চেষ্টা করলে তো চাকরি পেতে পার। তোমার এত ভাবনা চিস্তার দরকার কী।

মহেশ হাসে।

মহেশ একটা চাকরি জোগাড়ের চেষ্টা করে। দেশ-বিদেশের কাগজেপত্তে দরখান্ত ছাড়তে শুরু করে, যদি মনের মত একটা অধ্যাপনা জুটে যায়। অবশেষে বাংলা-দেশে কলকাতা শহরের দক্ষিণ অঞ্চলের দাউথ সাবার্বান কলেজ কথেকে ভাক এল। মাহিনা তারা ভাল দেবে, চাকরিটা ভাল। চিঠি পেয়ে মহেশের মন উৎস্কুর হল। চিঠি

^{*} সাউথ সাবার্বন কলেজ—বর্তমানে আ**ও**তোষ কলেজ।

হাতে নিয়ে হেমকুস্থমের বাংলোয় এল মহেশ। নতুন চাকরির কথা জানাল আর বলল, ক-দিনের মধ্যে তাঁকে কলকাতায় পৌছে চাকরিতে বোগদান করতে হবে। তনে হেমকুস্থম মনে বড় আঘাত পেলেন, তাঁর মন চঞ্চল হল।

অনেক দিনের সম্পর্ক এমন একদিনে শেষ করা যায়! মহেশেরও কট হচ্ছিল।
হেমকুস্থম বললেন, তুমি চলে গেলে, মহেশ, আমার ছেলেটার কী যে পড়াশোনা হবে
ভেবে আকুল হচ্ছি। ওর জন্মে আমার যত ভাবনা!

মহেশ একটা প্রস্তাব দিল। হেমকুস্থমকে বললে, আপনারা আমার অনেক উপকার করেছেন, আমি আপনাদের কাছে খুউব ঋণী। দিলীপের পড়াশোনার ক্ষতি হোক আমি চাই না। তাই আপনার কাছে প্রস্তাব করছি, মিঃ সেন তো কলকাতায় আছেন, আমি কলকাতায় চলেছি, আপনি দিলীপকে সঙ্গে নিয়ে আমার সঙ্গে চলুন কলকাতায়। আপনাকে মিঃ সেনের বাড়িতে পৌছে দেব। দিলীপ এবং আপনি ওথানেই থাকুন। দিলীপ পড়াশোনা করুক কলকাতায় কোন ইস্কুলে থেকে। আমিও ওর পড়াশোনার বিষয়ে সবরকম সাহায্য করব। বাংলাদেশে আন্ততোষ মুখোপাদ্যায় মহাশয় এনটান্দ্ পরীক্ষার অনেক স্থবিধে করে দিয়েছেন, ওথানে দিলীপের পাশ করার স্থবিধে হবে। হেমকুস্থমের কথাটি মনঃপৃত হলেও অতুলপ্রসাদের বাড়িতে উপস্থিত হয়ে সেথানেই বাস করার কথাটি মনে ধরল না। কেনই বা তিনি প্রথমে স্বামীর কাছে যাবেন, যথন স্বামী তাঁকে লখনউতে একলা রেথে চলে গেছেন ? অসম্ভব!

প্রথমে বিরক্তি এল মনে, তারপর ঘিরে ধরল সেই পুরাতন প্রাণঘাতী রাগ। মনে জললেন সেই অন্তর্জালায়; অল্লক্ষণের মধ্যে সমন্ত শরীরকে কাঁপিয়ে তুলল। রাগ ধ্বন মনে আসে, সমন্ত শরীর অবসন্ন বোধ হয়।

মহেশ তৈরি হল। লখনউয়ের ষা কিছু আত্মার টান, মায়া মমতা তার থেকে মৃক্ত হল।

হেমকুস্থম বললেন, কলকাতায় মাকে চিঠি লিখছি, মায়ের ওখানে প্রথমে নামব। তুমি কলকাতা যাওয়ার বন্দোবস্ত কর।

সত্যকুমার এর মাঝে একদিন অফিস-ফেরতা এলেন। সত্যকুমারকে হেমকুস্থম তাঁর ভবিশ্বং পরিকল্পনার কথা বললেন। সত্যকুমার সকল কিছু শুনে চূপ করে রইলেন। তারপর ধীরে ধীরে বললেন, আপনি যা ভেবেছেন ঠিকই। ছেলের ভবিশ্বং আপনাকে আগে ভাবতে হবে বৈকি। আপনার সেথানকার থরচপত্তরের কথা ভেবেছেন? আমার মনে হয় দাদাকে সব কথা জানানো উচিত। আপনি বলেন তো দাদাকে আমি চিঠি লিখতে পারি।

হেমকুল্পম বললেন, তোমাকে কিছু ভাবতে হবে না। আমার নিজের যথেষ্ট টাকা

আছে। আমাকে কারো সাহায্য করার প্রয়োজন হবে না। আমি আমার ছেলেকে মনের মতন করে মাহ্য করব। আমি দিলীপকে সঙ্গে নিয়ে মহেশের সঙ্গে কলকাতার যাচ্ছি। কোথায় উঠব এখন বলতে পারব না, আর আমার ঠিকানা যদি জানতেও পার কোনদিন তোমার দাদাকে জানাবার চেষ্টা কোরো না।

শত্যকুমার বিব্রত বোধ করলেন। বন্ধুরা কয়েকজন বলাবলি করলেন কাজটা ঠিক হল না। মহেশ মনে মনে ভীত হল। হেমকুস্থম বললেন, মহেশ, আমাকে ও দিলীপকে দলে নিয়ে কলকাতায় যেতে তোমার কি ইচ্ছে নয়! মহেশ বলল, একথা কেন বলছেন? তবে আমার মনে হয় আপনি আমার সঙ্গে এ-সময়ে কলকাতায় গেলে সেন সাহেব কিছু মনে করবেন।

হেমকুস্থম বললেন, তা যদি কিছু মনে করেন করবেন। তিনিও তো আমাকে লখনউতে রেখে চলে গেলেন একলা। এখন থেকে আমি আমার মনের মত চলব। তুমি কি ভয় পাচ্ছ মহেশ ?

মহেশ বললে, না।

এক সন্ধায় হেমকুস্থম লথনউ শহর ত্যাগ করে অনিদিষ্ট ঠিকানায় মহেশের সঙ্গে কলকাতাগামী মেল ট্রেন ধরলেন।

ওদিকে অতুলপ্রসাদ লাকসাম থেকে ঢাকা পৌছে গেলেন। অনেকদিন পর দেশে এসে দেশের হরবস্থা দেখে খুউব হৃঃথ হল। আগ্রীয়স্বজনেরা কে কোথায় ছড়িয়ে পড়েছে। অপরিচিত নতুন মুথ, নতুন জীবন সব। কেউ কাউকে চেনেন না। ঢাকা শহর বদলিয়ে গেছে। বিনয়মামার সঙ্গে দেখা হল। বিনয়মামা ঢাকাতেই বসবাস করেন, পৈত্রিক জমিজমা দেখাশোনা করেন। পুরোনো স্কুল কলেজের বন্ধুরা কে কোথায় চলে গেছে। বিরাট একটা পরিবর্তন সারা জগংটা জুড়ে নেমেছে যেন। কোথাও গিয়ে স্বস্তি নেই—কোথাও শাস্তি নেই। লাকসামে ফিরে এলেন অতুলপ্রসাদ। সত্যপ্রসাদকে বললেন, তৈরি হয়ে আছ তো দাদা ? চল বেরিয়ে পড়ি দাজিলিং।

সত্যপ্রসাদ বললেন, চল আমি তৈরি।

দিন কয়েকের মধ্যেই অতুলপ্রসাদ সত্যপ্রসাদ ছই ভাই—ছই বন্ধতে দাজিলিঙের উদ্দেশ্যে শিলিগুড়ি রওনা হলেন। সকালে শিলিগুড়ি স্টেশনে নেমে জলষোগ সেরে দাজিলিং-গামী ছোট্ট ট্রেনে উঠে বসলেন। ট্রেন পাইন বনের মধ্য দিয়ে চড়াই-উংরাই পথে এগিয়ে চলল। খুউব ভাল লাগল সকালের ঠাণ্ডা বাতাস। সকালের আলো পাইনের বন ছুঁয়ে আলো-আধারিতে স্বপ্নরাজ্য করে তুলল। কবির মন আলোলিত হল।

শত্যপ্রসাদ বললেন, তুমি কবিতা লেখ, স্বপ্নলোকে ঘূরে বেড়াও; আমি ততক্ষণে বাস্তবের জগতের থবরাথবর আজকের থবরের কাগজ থেকে সংগ্রন্থ করি, কী বল ?
স্বতুলপ্রসাদ হাসলেন মৃত্ মৃত্। মনে স্থর দোলা দিল। লিখলেন—

এই বনেতে বনমালী, কোথা তব বনফুল?
কার লাগি ধ্যায় এত দলে দলে অলিকুল?
স্থরভি পবন মোরে
ঘুরাইছে মিছে ঘোরে,
ভুধু কি ফুটাও কাঁটা,
ফুটাও না কি মুকুল?
গহনে বিহগ হেন আমারে ভুলার কেন?
এত গন্ধ এত গান সকলি কি মহা ভুল?
বড় সাধ ছিল মনে
ভরিব আঁচল বনে.

ভূলিব চরণে ব্যথা, নয়ন বেদন-ত্ল।

লেখা শেষ হলে গুন-গুন ভৈরবী হারে গাইতে লাগলেন গান। টেন এগিয়ে চলে।
ঝেলাঘরের টেন। ছোট-ছোট তিনটি বোগি। ছোট্ট ইঞ্জিনথানি। টেন চলে
ঝিকিঝিকি। এল কাশিয়ং, গেল বাতাসিয়া লুপ। ঘুমে আচ্ছন্ন ঘুম পিছনে সরে গেল,
টেন এগিয়ে চলেছে। সবুজ এই পাহাড় বন উপত্যকা। মেঘমালার দেশে নানান রঙের
মেলা। হালর ! অতুলপ্রসাদ লিখলেন—

কে হে তুমি স্থলর,

অতি স্থলর, অতি স্থলর!
কভু নবীন ভাস্থ ভালে,
কভু ভ্ষিত নীরদমালে,
কভু বিহগক্জিত কুহক কণ্ঠে

গাহিছ অতি স্থলর!
কভু নির্মল নীল প্রাতে
কনককিরীট মাথে
অভ্রভেদী অচলাদনে

রাজিছ অতি স্থলর!
কভু পুশিত নভ-কুঞ্জে
তব নৈশ বংশী শুল্পে;

· কভূ পীত-ক্যোৎস্না-বসন স্ঠাম— মূরতি অতি স্থন্দর !

দার্জিলিং এসে তুই ভাই নিরিবিলিতে হোটেলে পাশাপাশি তৃথানি ঘর নিলেন।
কিন্তু অতৃলপ্রসাদ আপন শয্যায় শয়নের অল্পন্দণ পরেই দাদার শয্যায় এসে দাদার বৃক্
মাথা রেথে শুয়ে থাকতেন। নীরবতার মাঝেই অতৃলপ্রসাদের প্রাণের বেদনা সভ্যপ্রসাদ
অম্বত্ব করতেন। অতৃলপ্রসাদও সত্যপ্রসাদের সহাম্বত্তির স্লিগ্ধ হোঁয়াটুকু প্রাণভরে
গ্রহণ করতেন। কত বিনিদ্র রঙ্গনী গেছে তুই ভাইয়ের আন্তরিক তৃঃথম্বথের গলে
গল্পে। সকাল হবার আগেই তুই ভাই বেড়াতে যেতেন। মেঘমালার দেশ দার্জিলিং—
শৈলাবাসের রানী। কথনো চড়াই ভেঙে, কথনও উৎরাই বেয়ে নেমেছেন নিচে।
পাইন বনের ধারে ধারে—আলো আঁধারিতে—স্থের সাতটি রঙের স্বপ্নের পুরীতে।
রাত থাকতে যাত্রা করে টাইগার হিলের ভোরের স্থর্গাদ্য দেখে কবির মনে ভাবের
বন্ধা নেমেছে কথনও। পর্বতের শীর্ষদেশে দাঁড়িয়ে কথনও বলেছেন—প্রকৃতির এই
সৌন্দর্য তৃঃথ শোক সব ভূলিয়ে দেয়। কথনো বলেছেন, পর্বতশীর্ষে এসে দঁড়ালে মন বড়
উদার হয়। এই বিরাটের মাঝে অসীমের মাঝে নিজেকে কৃদ্র—অতি কৃদ্র বলে মনে
হয়…চার দেয়ালের ছোট্ট আবদ্ধ ঘরে উদার হাওয়া যায় না, তাই দেখানে মন বড়
অম্পার। এত হিংসা দেয় ক্ম্বতা।

বলেছেন দিলীপের জন্যে মাঝে মাঝে বড় মন কেমন করে। জানো দাদা, কতদিন ছেলেটাকে দেখিনি। হেমকুস্থম রাগ করে তাকে আমার চোথের আড়ালে দ্রে সরিয়ে রেখ্রেছে।

কথনো অভিমান করে বলেছেন, যাব না। কোথাও যাব না, এথানেই থাকব। চলতে চলতে পথের ধারে বদেছেন অতুলপ্রসাদ সত্যপ্রসাদ।…পথের ধারে পাথরে বসে বিহঙ্গের কাকলির মত তাঁর নতুন নতুন গান শুনিয়েছেন, মৃদ্ধ করেছেন দাদাকে অতুলপ্রসাদ। তথন বাঙলা দেশে তাঁর গানের কী আর প্রচলন ছিল।

বোহেমিয়ান কবি অতুলপ্রসাদ, চারণ কবি অতুলপ্রসাদ গান গাইলেন অক্সাৎ সেদিন···

যাব না, যাব না, যাব না ঘরে,
বাহির করেছে পাগল মোরে।
বনের বিজনে মৃত্ল বায়,
তলে তলে ফুল বলে আমায়,
ঘরের বাহিরে ফুটিবি আয়
পুলক ভরে॥

আকাশের হু-তীরে হু-বেলা আলো কালো করে হোলিখেলা, আমার পরানে লেগেছে রঙ

কালোর পরে ॥

নীল সরে হেমতরী-'পরে হাসে নব বিধু লাজ-ভরে। 'এস বধৃ' বলে ডাকে মোরে

মোহন স্থরে *

অতুলপ্রসাদের মাসতৃত ভাই শিশিরকুমার দত্ত দাজিলিং এলেন। অকস্মাৎ দেখা তাঁদের দাজিলিঙের রাস্তায়। শিশিরকুমারের মুখে অতুলপ্রসাদ শুনলেন হেমকুস্থমও দিলীপকে সঙ্গে নিয়ে দাজিলিং এনেছেন। শিশির তাঁদের দাজিলিং এনেছেন। শিশিরকুমার বললেন, হেমকুস্থমের সঙ্গে দেখা করার ইচ্ছে হয় তো বল আমি হেমকুস্থমকে তোমার কথা বলি।

বিশ্বাস হয় না হেমকুস্থম ও দিলীপ এদেছে দার্জিলিঙে! তবে কি তাঁর জন্মেই লখনউ থেকে ছুটে এল এই দার্জিলিঙে হেমকুস্থম? বিশ্বাস হয় না! অবিশ্বাসই কি হয়? বরং অবিশ্বাসের হাতে আপনাকে সমর্পন করে স্থা হতে ইচ্ছে জাগে। দিলীপের জন্মে বড় মন কেমন করে। একমাত্র ছেলে—কতদিন তাকে দেখেন নি অতুলপ্রাসাদ!

শিশির বললেন, তুমি রাজি হলেই হল। তাহলে হেমকুস্থমকে বলি। তোমার সঙ্গে দেখা হয়ে যাবে এই ভরসা মনে এনেই দাজিলিঙে এনেছিলাম ওদের। যাক তুমি যে রাজি হয়েছ ভাইদাদা তাতে আমি খুব খুশি। এবার তোমাদের মিলন হোক। তাকে আমি নিয়ে আসব তোমার কাছে।

শিশির হেমকুস্থমকে বললেন, ভাইদাদা তোমার দেখা পাওয়ার জন্মে ব্যস্ত। তুমি রাজি হলেই তোমাকে আর দিলীপকে ওঁর কাছে নিয়ে যাব।

•••কিন্তু আমি ষে ওঁর সঙ্গে সাক্ষাং করব তোমার মনে এ বিশ্বাস কে জন্মালো ? আমি যাব না। যাও এ-কথা জানিয়ে দাও।•••

কিন্তু হেম, কথাটা আর-একবার ভেবে দেখ। মনে কর

স্বামার ভাবনার কিছু নেই।

হেমকুস্থম রাজি হলেন না অতুলপ্রদাদের সঙ্গে দেখা করায়। কেন যে, কেউ বলডে পারল না। জানালেন দার্জিলিঙে তিনি বেড়াতে এসেছেন, কারো সঙ্গে সাক্ষাতের জ্ঞানের নয়। কোন শর্ত মেনে নিয়ে তিনি এই পাহাড়ি শহরে আসেন নি। শিশির-

শত্যপ্রসাদ সেনের ভায়েরি থেকে। কবিতাটি দার্জিলিঙয়ে রচিত।

কুমার দত্ত ন্তব্ধ হয়ে শুনলেন। পরে অতুলপ্রসাদকে সে-কথা জানালেন। পুত্র দিলীপক্তে একবারটি চোথে দেবার কামনা জানালেন, দে আবেদনও মঞ্জুর হল না। হেমকুসুম নিষ্ঠ্রভাবে প্রভ্যাখ্যান করলেন। শিশিরকুমার সে কথা অতুলপ্রসাদকে জানিয়ে এলেন। অতুলপ্রসাদ আর একবার শিশিরকুমারকে বললেন, তুমি একবারের মত আমার ছেলেকে লুকিয়ে আমার কাছে এনে দাও। তাকে অনেকদিন দেখিনি, ওঁর জ্ঞো আমার বড় মন কেমন করছে— একবার দেখতে চাই। তুমি দিলীপকে একবার আমার কাছে এনে দিতে পার না?

শিশিরকুমার বললেন, আচ্ছা আমি চেষ্টা করব। আমি দিলীপকে তোমার কাছে এনে দেব ভাইদাদা, তুমি কিছু ভেবো না।

কিন্তু হেমকুস্থমের চোথের সামনে থেকে দিলীপকে আনা কি কম কষ্টকর! হেমকুস্থম চোথে চোথে রাথেন দিলীপকে। এবং ওঁর সন্দেহ শিশিরকুমারকে। তব্ও···

ত্ব-একদিনের মধ্যেই বেড়াতে যাওয়ার নাম করে দিলীপের হাত ধরে শিশিরকুমার অতুলপ্রদাদের হোটেলে পৌছে গেলেন। পর-পর আরো কয়েকদিন এলেন। পিতাপুত্রের মিলন হল। দে দৃশু বুঝি দেখা যায় না! *

কয়েকদিন পরে অতুলপ্রসাদ সত্যপ্রসাদকে বললেন, চল দাদা এবার ফেরা যাক। তুমি তো তোমার কর্মস্থলে ফিরছ না ?

হঠাং অতুলপ্রসাদ স্থির করলেন আবার লখনউ ফিরে যাবেন। হেমকুস্থম যথন কলকাতায়, তথন তাঁর কলকাতায় থাকা চলবে না। ভাবলেন, তাহলে কোথায় যাওয়া যায়! মন বলল, লখনউ ফিরে চল। সেই পরিচিত শহর, পরিচিত জগৎ, পরিচিত লোকেদের মাঝে তেদের তো প্রয়োজন ব্যারিস্ট'ব সেন সাহেবকে, মভারেট নেতা মিঃ এ পিং সেনকে। ভাল লাগে লখনউ ফিরতে; তবু কলকাতা ত্যাগ করে, এই সাহিত্যের রক্ষভূমি ছেড়ে চলে যেতে মন চায় না।

২৫ ফ্রেব্রুয়ারি ১৯১৭ মন্ডে ক্লাবের পক্ষ থেকে কবি অতুলপ্রসাদ সেনকে বিদায় সম্বর্ধনা জানালেন ক্লাবের সভ্যরা ছঃথিত মনে। তার ছ-চারদিনের মধ্যে অতুলপ্রসাদ শহর কলকাতা ছেড়ে ফিরে চলে এলেন পুরনো কর্মক্ষেত্র নবাব শহর লখনউ।

* শ্রীমতী কুম্দিনী দত্ত (শিশিরকুমার দত্তর স্থ্রী) এবং শ্রীদিলীপকুমার সেনের বক্তব্য অমুদারে।

প্রের

একমাত্র ছেলে দিলীপকে নিয়ে দাজিলিং থেকে ফিরে এসে হেমকুস্থম প্রথমে উঠলেন ১০।১ ল্যান্সডাউন রোডের বাড়িতে। তারপর ৩৩।১ ডি অথবা ১১।১ বি ল্যান্সডাউন রোডের বাড়িতে। হেমকুস্থমের বাবা তথন অল্প দূরে স্টোর রোডের তাঁর আপন বাড়িতে সপরিবারে থাকতেন। মহেশ উত্তরপাড়া থেকে সাউথ সাবার্বন কলেজে যাতায়াত করত। কলেজ-ফেরতা প্রায় প্রত্যেক দিন দিলীপদের বাড়ি পৌছে গিয়ে দিলীপের পড়াশোনার বিষয়ে সাহায্য করত। হেমকুস্থমের সাংসারিক নানা কাজে নানা বিষয়ে সাহায্যে আসত।

মহেশকে হেমকুস্থম বললেন, এবার দিলীপকে একটা ইন্ধলে ভাতি করে দাও। দিলীপ ভাতি হল মিত্র ইনষ্টিটিউশনের নিচু ক্লাসে। ছেলেবেলায় শক্ত অস্থথে তার শারীরিক এবং মানসিক ক্রমবিকাশে কিছুটা বাধা হয়েছিল, তাই বয়সের তুলনায় দিলীপকে বিভালয়ের নিচু ক্লাসেই ভাতি হতে হয়েছিল। মহেশ কলকাতায় এসেও তার ছাত্রকে নিয়ে যথাসাধ্য চেষ্টা করছিল কিভাবে তার বৃদ্ধির বিকাশ হয়, পড়াশোনায় মন দিতে পারে। উত্তরপাড়া থেকে কলেজে যাতায়াতে অনেক অস্থবিধে হচ্ছিল, মহেশ ভাবল কলেজের কাছাকাছি থাকলেই ভাল হয়। রোজ অত দ্রে যাতায়াত করতে হয় না, হেমদিদিরও দেখাশোনা করা যায়।

কয়েক মাস পরে মহেশ চক্রবেড়িয়া রোডে উঠে এল। চক্রবেড়িয়া রোড থেকে হেমকুস্থমের ল্যান্সডাউন রোডের বাসস্থান কাছাকাছি। মহেশ কলেজ যাওয়ার আগে বা পরে এসে ধ্বরাথ্বর নিত, দিলীপের পড়াশোনা দেথত।

মহেশ প্রায়ই হেমকুস্থমকে বলত, আপনার বড় কট হচ্ছে। আপনি একজন রান্নার লোক রাথুন। আপনি নিজে হাত পুড়িয়ে রান্না করবেন না। আপনার এসব অভ্যাস নেই।

মহেশ মাঝে মাঝে অস্থযোগ করে, আপনার এভাবে এখানে থাকার কোন মানেই হয় না। সেনসাহেবের কাছে আপনি ফিরে চলুন, আমি আপনাকে লখনউ পৌছে দিয়ে আসব।

হেমকুস্থম মহেশের কথায় মত দিতে পারেন না, যদিও মাঝে মাঝে তাঁর লখনউয়ের জত্যে মন ব্যাকুল হয়। মন ব্যাকুল হয় অতুলপ্রসাদের জত্যে; একবার চোথের দেখা পেতে ইচ্ছে হয়। কিন্তু মনের সে-ইচ্ছেকে বোধহয় জোর করে দমন করতে হয়।…

যদিও হেমকুস্থমের অনেক গুণ—তিনি চিত্রশিল্পী একজন, ভাল বেহালা-বাজিয়ে, পিয়ানো বাদিকা, ফচিসম্পন্না, প্রেমময়ী, সেবাপরায়ণা, মধুর ভাষিণীও, তবু ওই এক দোষ তাঁর—ত্রস্ত রাগ। রাগ ষথন মনে জমা হয়, রূপ বদলিয়ে য়য়। রাগে অজ হেমকুস্থম বড় ভয়য়রী। দার্জিলিঙে শিশিরকুমার দিলীপকে অতুলপ্রসাদের কাছে নিয়ে গিয়েছিলেন একথা জানতে পেরে হেমকুস্থমের রাগের কথা শিশিরকুমার ভূলতে পারেন না। অথচ দার্জিলিঙে যথন শিশিরকুমারের সঙ্গে হেমকুস্থম গিয়েছিলেন তথন কি জানতেন না তাঁর স্বামী অতুলপ্রসাদ দার্জিলিঙে আছেন ? মনের কোঁণে ক্ষীণ বাসনা কি ছিল না তাঁর স্বামীর সঙ্গে দেখা হবে।

কলকাতায় অনেক আত্মীয়ম্বজন চারিদিকে ছড়িয়ে বাস করে। হেমকুস্থমের তাঁদের কারো সঙ্গে কোন প্রয়োজন নেই। তবু মায়ের জন্মে বাবার জন্মে মন কেমন করে, ভাই কথনও-কথনও স্টোর রোডে বাপের বাড়ি মা-বাবাকে দেখে আসেন। ...এমনি-ভাবে বিচ্ছেদের মাঝে কয়েক বছর এগিয়ে গেল। গ্রীশ্মের ছুটিতে অতুলপ্রসাদ মাঝে মাঝে কলকাতায় এসেছেন; নেমেছেন হোটেলে, কখনো বন্ধুবান্ধবের বাড়িতে। ষেমন, ডাঃ দিজেন মৈত্রের মেয়ো হাসপাতালের কোয়ার্টারে। কোয়ার্টারের খোলা ছাতে গঙ্গার ধারের হাওয়ায় আসর জমিয়েছেন গানের—মনমাতানো গান। কথনো নেমেছেন এসে মাসতৃত ভাই শিশিরকুমারের বাড়িতে; তথন মন্ডে ক্লাবের বন্ধুরা তাঁকে ঘিরে ধরেছে। কলকাতায় এদে নেমেছেন কখনো মেসোমশাই ডা: প্রাণকৃষ্ণ আচার্যের কুঠিতে, স্তবালা মাসি ও তার মেয়ে উযাকে গান শিখিয়েছেন—স্থবালা মাসি তো তাঁর গান বাংলা দেশে প্রথম প্রচার করলেন, পরে অবস্থা অতুলপ্রসাদের গান প্রচারের প্রধান কৃতিত্ব পেতে পারেন ্রাদিলীপকুমার রাম্ম এবং শ্রীমতী সাহানা দেবী। গান শিথিয়েছেন স্থপ্রভা, কনক দাসকে। হাসি খুশিতে, সরস গল্পে, গানে প্রাণবস্ত পুরুষটির অভিযাত্রা। তাঁর সঙ্গে কে কয়েক পা চলল আর কে কয়েক পা চলতে পারল না পিছিয়ে পড়ল বা বসে পড়ল তা দেখবার দ্রকার নেই। ছোট, উধ্ব**িখাসে** ছুটে চল, কাজ কর। পিছনে দেখবার প্রয়োজন নেই। জীবনে যাত্রাটাই বড়। পথ চল আর প্রাণ খুলে হাস। জীবনে বিষয়তার কোন প্রয়োজন নেই। বিষয় মন এবং অভিমান দৈয় আনে জীবনে। জীবনকে ত্ৰ:সহ করে তোলে। কলকাতায় এসেও অতুলপ্রসাদ হেমকুস্থমের সঙ্গে দেখা করেন না। হেমকুস্থমও অতুলপ্রসাদের সঙ্গে কোনরকম সম্পর্ক রাখতে ইচ্ছুক নন। বিচ্ছেদ হওয়াই স্থির হল, তাঁরা ত্-জনে ত্-জনের জীবন থেকে সরে দাঁড়াবেন। অভিমান করে তু-জনে বিচ্ছিন্ন আগেই ছিলেন, এখন বিচ্ছেদ চিরজীবনের মত—কোর্ট কাছারি কিছু হল না ত্র-জনেই আপনা আপনি স্থির করলেন। অতুলপ্রসাদ মাদে মাদে হেমকুস্থমকে পাচশো টাকা পাঠাবেন, হেমকুস্থম প্রাপ্তিম্বীকার করবেন। দিলীপ বছরের কিছু সময় মায়ের কাছে থাকবে, কিছু সময় বাবার কাছে থাকবে। আর কোন যোগস্থত্ত থাকবে না।

তবু যোগস্থ বোধহয় মহেশ। মহেশ তথন সাউথ সাবার্বন কলেজের অধ্যাপনা ছেড়ে দিয়ে প্রেসিডেন্সি কলেজের অধ্যাপকরূপে যোগ দিয়েছে। একার সংসার। ভোর-বেলা নিজের হাতে রাল্লা সেরে ছোটে কলেজে। কলেজে পড়ানো এবং অবসর সময়ে পাঠাগারে পড়াশোনার পর ছুটতে হয় টিউশানিতে। বাড়ি ফেরার পথে রোজকার মত একবার হেমকুস্থমের বাড়ি আসা, দিলীপের স্কুলের পড়া তৈরি করে দেওয়া, তাকে নতুন পড়া দেওয়া-নেওয়া। পড়ানো শেষ হতে না হতেই হেমকুস্থম মহেশের চাজ্লেখাবার নিয়ে এসে- সামনে রেখে চেয়ার টেনে মুখোমুখি বসে তাকে খাওয়ান।…এ ধেন রোজকার নিয়ম।

হেমকুস্ম বলেন, একা মান্থৰ তুমি, এত খাটার দরকার কী? খেটেই জীবনটা শেষ করবে নাকি?

মহেশ কিছু বলে না, হাদে। হেমকুন্তম জানেন মহেশের তিন কুলে কেউ নেই।
মহেশ বড় পরোপকারী মান্ত্র। অন্তের অনেক বিপদ-আপদ মাথায় তুলে নিয়েছে,
থাটতে পারে প্রচণ্ড, আর সকলের উপকার করে বেড়ায়। ও যদি শোনে ওর কোন
অনায়ীয় অপরিচিত পুরুষ একাকী রোগগ্রস্ত অসহায় অবস্থায় আছে, ও সব কাজ
কেলে তার কাছে ছুটে যায়, আন্তরিক দেবা-ভুশ্রষায় সারিয়ে তোলে।* টাকা কড়ি
আমে দেবা দিয়ে কোন কিছুর অভাব রাথে না। তাই বোধহয় তার টাকার এত
দরকার, এত পরিশ্রম করে সে। উপকার করা যার নেশা, সে বোধহয় সারাটা
জীবন পরের উপকার করে যায়।

প্রতি সন্ধ্যায় সেই একই ঘটনা। ক্লান্ত প্রান্ত মহেশ আসে, দিলীপের পড়াশোনা দেখে।
নীরবে হেমকুস্থমের ম্থোম্থি বসে থাকে। হেমকুস্থমের বেদনায় ব্যথিত হয়।
ভগবানের কাছে প্রার্থনা করে—হেমকুস্থম যাতে স্থগী হয়, বিচ্ছেদের অবদান হয়।
…মহেশ হেমকুস্থমকে না জানিয়ে কলকাতার দব থবর জানিয়ে লখনউতে
অতুলপ্রসাদকে মাঝে মাঝে চিঠি লেখে। দিলীপ মাঝে মাঝে লখনউ চলে যায়।
দিলীপ যখন থাকে না, লখনউতে যায় তার বাবার কাছে মহেশের তখন কাজ বেড়ে যায়,
ল্যান্সভাউন রোডের বাড়িতে আসার সময়ই পায় না। কত কাজে মহেশকে থাকতে
হয়! চার দেয়ালের বদ্ধ ঘরে প্রাণ হাঁপিয়ে ওঠে হেমকুস্থমের একাকী জীবনে। ইচ্ছে
হয় থোলা আকাশের নিচে দাঁড়িয়ে একবৃক নিখাদ নিতে, কিন্তু অনেক ইচ্ছেই অপূর্ণ
*যন্ত্রাগ্রন্থত এক দূরসম্পর্কের আগ্নীয়ের সেবা করার সময় যন্ত্রাগে আক্রান্ত

হয়ে মহেশের মৃত্যু হয়।

থেকে যায়। কলকাতার আকাশে করুণা নেই—ধোঁয়া আর মলিনতা দিরে চিরকাল এখানে অন্ধকার নেমে আসে। ব্যর্থতার বোঝা বয়ে মান্নুষরা টলতে টলতে পথ চলে। হেমকুস্থমের মনে কোন স্থু নেই, কোনদিন কোন স্থু ছিল না, থাকবেও না। ত্থু যেন চিরকালের সাথী। মাঝে মাঝে একাকীত্বের বেদনা অন্থির করে তোলে তাঁকে।

হেমকুস্থমের শরীরটা ক্রমে যেন তুর্বল হয়ে উঠছে। কয়েক মালের মধ্যে হেমকুস্থম শ্বা নিলেন।

মহেশ বলল, আমি অ্তুলদাদাকে একটা থবর দিই। তাঁকে সকল কথা জানিয়ে একটা চিঠি লিখি।

অস্কৃত্ব শরীর। তবু হেমকুস্থম বললেন, না তাকে কোন থবর দেবার দরকার নেই। কোন চিঠি লিথবে না মহেশ। আমার শরীরের কোন কথা জানাবে না।

কিন্তু ভেবে দেখুন, আপনার শরীরের যে অবস্থা তাতে ওঁকে থবর দেওয়া উচিত।

আমার জন্মে তোমায় ভাবতে হবে না। কারও ভাবনার প্রয়োজন নেই। তুমি যদি কোন চিঠি লেখ, তোমার আমার সম্পর্ক শেষ হবে।

মহেশ ভাবনায় পড়ল। তাকে এই ভাবনা থেকে উদ্ধার করল দিলীপ। সে এসে মার পাশে দাঁড়িয়ে বললে, মা আমি লখনউ যাচ্ছি—বাবাকে খবর দেব। তোমার এত অস্থ্য, বাবা জানবেন না, এ ঠিক নয়। বাবা তোমাকে ভালভাবে চিকিৎসা করাবেন। তুমি ভাল হয়ে যাবে মা।

আমি বেশ ভাল আছি বাবা, আমার কোন অহুখ নেই।

না, তুমি ভাল নেই। মা তোমার সানউয়ের জন্তে মন কেমন করে না? আমার বাবার জন্তে মন কেমন করে। এখানে আমরা আর কতদিন থাকব! মা তুমি লখনউ চল। তোমার কথা শুনে বাবা নিশ্চয়ই আমাদের নিয়ে যাবেন।

হেমকুস্ম কিছু বলেন না। তাঁর বৃঝি থৌবনের নানা রঙের নানা শ্বতি-ছেরা লখনউ টানে। বিয়ের পর লঙন থেকে ফিরে কলকাতা, রংপুর; বাংলা বিহার কোথাও তাঁদের আন্তানা জুটল না, শেষে স্বদ্র সেই নবাব শহরে। সেদিনের দিনগুলো কী আনন্দময়ই না ছিল! তবে কেন এমন হল? হেমকুস্থমের এই অস্কৃতা—এ কি কেবল শরীরের জন্তেই, মন কি আর-এক কারণ নয়? দীর্ঘনিশ্বাস ত্যাগ করেন হেমকুস্থম। রাগের কথা মনে হলে মনে পড়ে, অস্তায় এবং অসম্ভব একগুঁরেমির জন্তে মায়ের কাছে কর্তদিন বকুনি এবং শেষে কিল-চড়-চাপড়টা খেয়েছেন। তখন কতদিন অতুলপ্রসাদ ছ-হাত বাড়িয়ে মায়ের মারের হাত থেকে বাঁচিয়ে তাকে নিয়ে পালিফ্রে গিয়েছেন। তারপর আরো কত দিন গিয়েছে। এই একগুঁয়ে মেয়েটা—মামাতো

্বোন হেমকুস্থম বিশ্বে হয়ে কার হাতে গিয়ে পড়বে, কত লাশ্বনা-গঞ্চনা কত হৃঃথ লেখা আছে এই ভয়ে তিনি সারা। ভাবতে ভাবতে কোন এক সময়ে অতুলপ্রসাদ নিজের মনকে সমর্পণ করেছিলেন, এবং শেষে বিবাহ করলেন হেমকুস্থমকে! আয়ীয়-স্বজন বিরূপ; হুজনে বোম্বে চলে গেলেন। বম্বে থেকে সাগরপারে। সেদিন হুজনে কারো কথায় কান পাতেন নি।…তবে কেন এমন হল, এ কোন্ গ্রহে?

দিলীপের মৃথ থেকে হেমকুস্থমের অস্থতার থবর শুনে অতুলপ্রাসাদের কিছু ভাল লাগে না। সকল সময়ে বিষন্ন মনে থাকেন, বন্ধু-বান্ধব এলে যা একটু কথায় কথায় মনটা প্রফুল্ল হয়। কাজে তেমন উৎসাহ জাগে না। ভাবেন, এই তো মান্থবের জীবন! এর জল্যে মান্থব গর্ব করে, রাগ-অভিমান করে। কথন কার ভাগ্যে কী লেখা আছে কে বলতে পারে! হেমকুস্থমের এত রাগারাগি, মান অভিমান; এখন অস্থ শরীরে সে কতই না অসহায়! দিলীপের মুখে সব কথা শুনে হেমকুস্থমের জল্মে হঠাং যেন মন কেমন করে ওঠে। হেমকুস্থম আছ লখনউয়ে নেই, তাই আত্মীয়-স্বন্ধন বন্ধুবান্ধব পরিচিতদের লখনউ আগমন। লখনউয়ে অতুলপ্রসাদের বাড়ি যেন পান্থশালা—শুধুই অতিথির আনাগোনা, আসল মান্থবের দেখা নেই। এতদিনে ব্রিধ তাঁকে মনে পড়ল হেমকুস্থমের। । । ।

অতুলপ্রসাদ খুব চিস্তিতভাবে দিলীপকে বললেন, কলকাতায় তোমার মায়ের ঠিকমত চিকিৎসা হচ্ছে তো? ডাক্তার কী বলেন? এখন কেমন আছেন? আমার কাছে তোমার মাকে যত তাড়াতাড়ি পার নিয়ে এস। আমি এখান থেকেই তাঁর চিকিৎসা করাব। তোমরা আমাকে চিঠিপত্র লেখ না কেন?

মা লিখতে বারণ করেছিলেন। মার ইচ্ছে নয় মার অস্থাথর কথা তোমার কাছে লিথে জানাই। মহেশকাকা কলকাতাতে ডাক্তার ডেকেছিলেন, তাঁরা দেখে গেছেন। ও্যুধপত্র আনা হয়েছে। মহেশকাকা মায়ের অনেক দেবাশুশ্রমা করছেন। তুমি নিজে না আনলে মা কথনই লখনউ আসবেন না।

বেশ তো, আমি নিজে গিয়ে নিয়ে আসব তোমার মাকে কলকাতা থেকে। **জিজ্ঞা**দা করলেন, তোমার পড়াশোনো কেমন হচ্ছে ?

হচ্ছে না, দিলীপ বললে। আমি পড়াশোনা ছেড়ে দিয়েছি। প্রথম কারণ মায়ের সেবা-শুক্রমা করতে করতে পড়াশোনা করতে পারিনি, দ্বিতীয়, আমার পড়া মনে থাকে, না। আমি ভাবছি অন্ত কিছু শিগব। কোন কিছু ট্রেনিং নেব।

কী শিখতে চাও তুমি ?

ফার্মিং শিখব, আমার অনেক দিনের ইচ্ছে।

বেশ তো, তোমাকে না-হয় দেরাছন পাঠানো খেতে পারে ওই জঞে। তুমি বাবা

একটা কাজ কর, তোমার মাকে ব্ঝিয়ে-স্থঝিয়ে কলকাতা থেকে নিয়ে এস। আমারু এখন এদিকে একটা কাজ আছে, একদম সময় পাচ্ছি না—কোর্টের ছুটি নেই। তুমিও তো এখন বড় হয়েছ। মায়ের শরীর তো এখন একটু ভাল আগের থেকে, না ? পারবে না!

मिनीभ वनतन, भात्रव।

দিলীপ ফিরে চলে গেল কলকাতায়। কলকাতা থেকে ফেরার তোড়জোড় করতে লাগল। কলকাতায় এসে শুনল মহেশকাকা বিবাহ করেছেন একটি হুঃস্থ ঘরের মেয়েকে। মহেশকাকার মত মাহ্মর হয় না। মেয়েটির বাবার অসহায় অবস্থা দেখে মহেশকাকা অল্পসময়ের মধ্যেই তার বাবাকে কথা দিয়ে তাকে বিবাহ করেছেন। বিবাহ করে দ্রে অক্ত জায়গায় বাদা নিয়েও মাকে দেখাশোনা করছেন। সেবা শুশ্রা করছেন স্থামী স্ত্রী মিলেই। মহেশকাকা খুব কর্তব্যপরায়ণ নির্ভীক পুরুষ। দিলীপ বললে, মা তুমি চল, তোমার আর কোন আপত্তি শুনব না। এটুকুই যেন শোনার অপেক্ষায় ছিলেন হেমকুস্থম। অভাব তৃ-জনেই অহ্নভব করছিলেন। হেমকুস্থমের অস্থন্থতা বুঝি সাময়িকভাবে মিলনের সেতু হয়ে দেখা দিল।* অতুলপ্রসাদ হেমকুস্থমকে লখনউ নিয়ে এলেন। লখনউ এনে জানালেন, তোমার যদি আমার সঙ্গে একই বাড়িতে থাকতে ইচ্ছে না হয় তো বল, তোমার জন্তে আর-একথানা বাড়ি ভাড়া নিয়ে রাখি। তোমার গাড়িও থাকবে, দিলীপও থাকবে। সেখানে তোমার কোন কট হবে না।

হেমকুস্থুমের চোথগুটি জলে ভরে এল।—বললেন, আমি এখানেই থাকব।

^{*} অন্ত আর এক স্ত্রে জানা যায়, অতুলপ্রসাদের এক ঘনিষ্ঠ আত্মীয়ার চেষ্টায় এ পর্যায়ে কবি ও কবিপত্মীর মিলন হয়।

সেই ঘর, সেই জানলা। জানলার ধারে হালাহানার ঝাড়টি ঠিক তেমনি গন্ধ ছড়ায় সন্ধ্যার মুখে। কেশরবাগের মোড় ধরে একা-টাঙার তেজী ঘোড়া খুরে আগুনের ফুল্কি ছুটিয়ে চলে তেমনি। ভার হতে না হতেই ফুলওয়ালীর দল ফুল বেচে চলে; সবিজিওয়ালারা তিন চাকার গাড়িতে সবিজি বোঝাই করে হেঁকে যায়। সানাই বাজে দূরে ভৈরবীতে থাদিও সবিকছু পরিচিত তবু কেমন যেন অপরিচয়ে মাণা এক অজ্ঞাত রহস্থময় জগতের গন্ধ ভেসে আসে; সত্যি, কতগুলো বছর এর মধ্যে পার হয়ে গেছে। হেমকুস্থম চোখ মেলে তাকিয়ে অতুলপ্রসাদকে দেখলেন। প্রৌঢ়বের সবকটি চিহ্ন এখন তার অঙ্কে, তবু এখনও যেন তিনি পরিপূর্ণ যৌবনের অধিকারী, উদ্ধাম প্রাণময়তায় ভরপুর।

অতুলপ্রসাদ হেমকুস্থমকে উৎসাহ দিলেন। বললেন, তোমার দেখাশোনা পরিচধার জন্মে একজন পরিচারিকা আমি নিযুক্ত করে দিলাম। থাও-দাও বিশ্রাম কর। ডাক্তার যেভাবে চলতে বলবেন সেভাবে চলবে। ওর্ধপত্র যা যা থেতে বললেন থাবে, বিরক্ত হয়োনা। লখনউয়ের সেরা সেরা ডাক্তাররা ভোমায় দেখে যাবেন। অবভা আমার মনে হয় তুমি এখন অনেকটা স্কস্তঃ; ভোমার মুখ দেখে আমার তাই মনে হয়। ভোমাকে আমি নৈনিতাল, আলমোড়া, দেরাত্ন, মুসৌরী নিয়ে যাব। কোন্ শহরটা ভোমার পছন্দ বল?

হেমকুস্থম চোথ ফিরিয়ে তাকিয়ে অতুলপ্রদাদকে দেখলেন। প্রথম দৃষ্টিতে তাঁকে স্বাস্থ্যোজ্জন বলে মনে হলেও তিনি ঠিক আগের মত নেই, তাঁর শরীরের অবস্থা সম্বন্ধে জানতে হেমকুস্থম জিজ্ঞাস্থ দৃষ্টিতে চাইলেন।

অতুলপ্রদাদ হেদে বললেন, আমিও আর আগের মত স্বাস্থ্যকু নেই হেমকুস্থম।
আমার রক্তচাপ বৃদ্ধি পেয়েছে। ডাঃ ভাটিয়া হন কম থেতে বলেছেন কিছুদিন। অত
বাধা-নিষেধ ভাল লাগে না।

কিন্তু তাতে তো আবার স্বাস্থ্য থারাপ হবে।

কী জান, নিজেকে অস্থ মনে করলেই অস্থ মনে হয়। থাও-দাও আনন্দ কর, দেখবে সব রোগ তোমাকে ছেড়ে পালিয়ে গেছে। ডাক্তাররা অতিরিক্ত সাবধানী।
দিলীপের মুথে কলকাতা থাকতে শুনেছিলাম কোর্টে কাঞ্চ করতে করতে খুব অস্থ হয়ে পড়েছিলে?

७ किছू नग्र।

সব কথা আমাকে বল, লুকিও না।

শোন তবে। একদিন কোর্টে আরগুমেণ্ট করতে করতে শরীরটা খুব খারাপ হয়ে গিয়েছিল। আরগুমেণ্টের মাঝে বার-লাইত্রেরিতে এসে বসেছিলাম, জুনিয়ারদের সঙ্গে আলোচনা করছি, এমন সময়ে মাথাটা কেমন ঘুরে গেল—প্রবল জ্বর এল। বেছঁস অবস্থা। আমার জুনিয়ার আ্যাডভোকেট-প্লীডার সকলে আমাকে ধরাধরি করে গাড়িতে তুলে দিল, কেউ কেউ বোধহয় আমার সঙ্গে বাড়ি পর্যন্ত এসেছিল।

হেমকুত্বম বললেন, তারপর ?

তারপর আর কী! তুমি তো তথন কলকাত। য়, কে আর আমার সেবাভশ্রষা করবে। ভাগ্যিদ স্থবালামাদী ছিলেন এই আউট্রাম রোভের বাড়িতে, মায়ের মত দেবা-ভশ্রষায় আমাকে দারিয়ে তুললেন। স্থবালামাদী যদি দে দময় লখনউ না থাকতেন, দত্যি তাহলে আমাকে অস্থবিধেয় পড়তে হত।

স্থবালামাসীর কথার এবং প্রশংসায় হেমকুস্থমের মুখ বিকৃত হয়। এখনও হেমকুস্থম সহ্ করতে পারেন না অ হুলপ্রসাদের মাকে, বোনেদের, মাসীদের, মামাদের। প্রশংসা এবং নিন্দা কোন কিছু নয়।

কোটের কাজেকর্মে নানা মন্ধেলদের আহ্বানে মাঝে মাঝে অতুলপ্রসাদকে কানপুর, আগ্রা, দিল্লী, বন্ধে, মাদ্রান্ধ, কলকাতা সব জায়গায় ছুটতে হয়। তাছাড়া তাঁর আরো কত কাজ। মডারেট লিডার এ. পি. সেন, সমাজসেবী অতুল সেন। তাঁর অনবরতই নানান জায়গা থেকে ডাক আসছে। এই তো সেবার একদিনের জত্যে গেলেন এলাহাবাদে কোর্টের কাজেই, উঠলেন স্কেবাহাহর সাপ্রুর অতিথি হয়ে। কাজ শেষ হতে সন্ধ্যারাতে সেদিনই এলাহাবাদ থেকে মোটরযোগে লখনউ যাত্রা করলেন, সঙ্গে এক্সট্রীমিন্ট অমল হোম এবং মডারেট নেতা সি. ওআই চিন্তামিল। তাঁরা ত্র-জনে আউট্রাম রোডের বাসায় আনন্দে কয়েকটা দিন কাটিয়ে গেলেন। অমল ও চিন্তামিল ত্রজনেই বেশ অস্বস্তি বোধ করছিল একসঙ্গে গাড়িতে আসতে।

क्न, क्न ? ट्यक्ट्र वनलन।

অমল যে চরমপন্থী, আর আমরা—আমি ও চিন্তামণি যে মধ্যপন্থী! চিন্তামণি তো অমলকে দেখেই রেগে আগুন, শেষে অনেক করে ব্ঝিয়ে শুঝিয়ে নানা ঠাটা করে ঠাওা করে তবে নিম্নে এলাম লখনউতে; কয়েকটা দিন আমার এখানে কাটিয়েও গেল ফুজনে।*

^{*} শ্রীঅমল হোম লিথেছেন, '১৯২০ সালে আমি "ট্রিবিউন"-এর কাজে ইন্তফা দিয়ে লাহোর ছেড়ে, এলাহাবাদে মতিলাল নেহঙ্গর 'ইণ্ডিপেণ্ডেণ্ট' কাগজে যোগ

আমি বখন এখানে থাকি না তখন ভোমার এখানে সব সময়ে লোকজন আসে দেখছি। এটা কিছ আমি পছল করি না।

বতুলপ্রদাদ হাসেন।

হেমকৃত্বম বলেন, যাই হোক, তুমি কিন্তু এত পরিপ্রম কোরো না। তোমার জন্তে আমার বড় ভয় হয়। একদিনে সকালে এলাহাবাদ গিয়ে সারাদিন নানা কাজকর্ম করে ফিরে এলে সেদিন রাত্রে লখনউতে, এত পরিপ্রম ভাল নয়। বয়সপ্ত তো হয়েছে। শরীরের দিকে দৃষ্টি রাখ।

অতুলপ্রসাদ বলেন, আমার শরীরে এখনও আগেকার মত শক্তি; পরীক্ষা করবে নাকি ! আমি বুড়ো হইনি…! সেদিনই না এসে উপায় ছিল না। লখনউতে আমার চড়িয়ে ছুটেছে। বিপিনবাবু সম্পাদক রঙ্গ আয়ার আর আমি তাঁর তুই সহকারী সাব-এডিটররা এক-একজন অগ্নিশলাকা। মডারেটদের মৃতুপাত করা আমাদের নিতাকর্ম, বিশেষত ইউ. পি-র মডারেট লীডারদের। তেজবাহাতর কাশ্মীরী হয়েও পার পান না। জগংনারায়ণ প্রায়ই থোঁচা থান, তবে চিন্তামণির ওপর রাগটাই আমাদের বেশি, কেননা তিনি লীডারের সম্পাদক। জহরলালন্সী তবু খুশি নন। প্রায়ই বলেন বড় ফ্লাট হয়ে যাচ্ছে, যেন আরও একটু স্থর চড়ালে ভাল হয়। এত্নে অবস্থায় একদিন তুপুরে অফিদে বদে কাজ করছি। জুন মাদ, অদহু গ্রম: চতদিকে খদ-খদ টাঙানো—হঠাং অপ্রত্যাশিতভাবে সেই অগ্নিকুণ্ডে একট্রীমি-স্টদের কেল্লায় প্রবেশ করলেন মডারেট লীডার মিস্টার এ. পি. সেন। সদাহাল্ড-বিকশিত সন্মিত বদন। সাব-এডিটরেরা বিন্মিত, রঙ্গ আয়ার একটু অপ্রস্তুত: কোথায় যেন বাধছে—আমি তাড়াতাড়ি এদে সম্বর্ধনা করে বসালাম। এইদিন সকালে এলাহাবাদ হাইকোর্টে একটা মকর্দমার কাজে তিনি এসেছেন, রাত্রেই ফিরে যাবেন। বললেন আজ শনিবার, কাল তো তোমার ছুটি। আজ চল আমার সঙ্গে লখনউ,—মোটরে যাব রাজিতে। তিনি ডক্টর তেম্বাহাতর সাঞ্জর অতিথি। খাওয়া-দাওয়া দেরে দেপানেই গেলাম। তেজবাহাতর সাপ্রু ঠাটা करत वनतनन, भड़ारतिरामत वाड़िर्ड कि देखिरपुर अन्तित सामर्ड इम्र। অতলপ্রদাদ হেদে বললেন, তাই তো আমি নিজে গিয়েছিলাম। একট পরে দেখি শ্রীযুক্ত চিন্তামণি এদে উপস্থিত। তাঁকেও অতুলপ্রসাদ লখনউ নিয়ে যাচ্ছেন। আমার তো চকুন্থির! প্রতিদিন বার সম্বন্ধে কটুকাটব্য না করে আমরা জলগ্রহণ করি না, তাঁর সঙ্গে একত্র গমন ও বসবাস—সমস্থা বটে। চিস্তামণি महानम् चलावल्ट गक्कीत, य कात्रांगरे हाक व्याता धकरे गस्कीत हानन।

অনেক কাজ বে, এত কাজ ফেলে বেশি দিন অন্ত কোথাও থাকতে পারি । আমি দুরে থাকলে লখনউবাসীদের চলবে না। আমিও ওদের ছেড়ে থাকতে পারি না।

গরম কাল এল। কোট বন্ধ হতে তথনও দেরি আছে। অতুলপ্রসাদ হেমকুস্থমকে বললেন, বাও, তুমি দিলীপকে সঙ্গে নিয়ে দেরাছন মুসৌরি ঘুরে এল। তোমার শরীর ভাল থাকবে শীতের দেশে।

তুমি থেতে পারবে না ?

আমার পক্ষে এখন তো যাওয়া হয়ে উঠবে না হেম! অনেক কান্ধ—একটার পর একটা কান্ধ এসে পড়ছে, এ কান্ধগুলো ছেডে কেমন করে যাই বল।

তবে যেও না। অভিমানিনী হেমকুস্থম।

অতুলপ্রসাদ হাসলেন।

একদিন শুভদিন দেখে হেমকুস্থম ও দিলীপ—মা ও ছেলে দেরাছ্ন এক্সপ্রেসে ওঠে বসলেন পাহাডভলির দেশে যাত্রার উদ্দেশ্য নিয়ে। দেরাছ্ন থেকে চিঠিপত্র লেখেন দিলীপ ও হেমকুস্থম। তাঁরা দেরাছ্নের একখানা বড হোটেলে ঘর নিয়েছেন, ঘূরে ঘূরে বেড়াচ্ছেন দেরাছ্ন, মৃসৌরি, হুষীকেশ, হরিছার। হরিছার হুষীকেশের গঙ্গায় স্থান বড মনোহর। প্রাণ মন শীতল করে ডোলে। হেমকুস্থমের যে বেড়াতে ভাল লাগছে একথা জেনেও মন তৃপ্ত হয় অতুলপ্রসাদের। বেড়ানোর মত আনন্দ আর কোথায় আছে! বেড়াও আর মান্ত্রয দেখ, মান্ত্রের সঙ্গে পরিচয় লাভ কর। দেশভ্রমণ তো নয়, মানব দর্শন। প্রকৃতির হাতে শিক্ষা নাও, তোমার মনে উদারতা নেমে আসবে—মনের নীচতা কেটে ষালে, তৃমি মান্ত্র্য হবে। ভ্রমণ কর, ভ্রমণ করে আইরের অস্তরের চোথ খোলা রেখে বেরিয়ে পড, ঘূরে বেড়াও। চরৈবেতি। হুঠাং খবর এল, টাঙা খেকে পড়ে গিয়ে ছুর্ঘটনায় হেমকুস্থম আঘাত পেয়েছেন। আঘাত

লেগেছে পায়ে, গুরুতর আঘাত। থবর শুনে অতুলপ্রসাদ সেদিনই রওনা হলেন আমার অবস্থা সহজেই অন্তমেয়। অতুলপ্রসাদ ব্যাপারটা ব্বলেন। গাড়িতে উঠে চিন্তামণি মহাশয়কে বসালেন আমাদের ত্-জনের মাঝখানে। তারপর আরম্ভ করলেন যত খোশগল্প, আর চিন্তামণি মহাশয়ের মৃত্ মৃত্ leg pulling. গভীর নিশুতি রাতে মোটর চলছে, নীরব পথ ম্থরিত হয়ে উঠেছে হাস্তধনিতে। চিন্তামণি না হেসে পারছেন না। এমন করে সমন্তটা সহজ করে দিলেন অতুলপ্রসাদ। যে তুদিন আমরা তার বাড়িতে তুজনে ছিলাম কেউ কোন কুঠা বোধ করিনি। পরস্পরের সহজ সম্ভটাই ফুটে উঠল পোলিটিকাল কোন্দলের উপরে, আর সে শুধু অতুলপ্রসাদের শুণেই।

দেরাছন। দেরাছন পৌছেই তাঁকে দক্ষে করে নিয়ে এলেন লখনউ। লখনউয়ের খ্যাতনামা ভাজারদের কল দেওয়া হল। সকলে একে-একে প্রীক্ষা করলেন। আঘাত থেকে জটিলতর অবস্থার উত্তব হল। সেইসকে শরীরে নানা উপসর্গ দেখা দিল। শরীর এবং স্বাস্থ্যের জন্মে তাঁকে পাহাড়ে স্বাস্থ্যকর জায়গায় পাঠানো হল; কোথায় সম্পূর্ণ সেরে স্বস্থ হয়ে উজ্জল হয়ে ফিরে আসবেন, তা নয়, এ কী অদৃষ্টের পরিহাস! অসহ্থ য়য়ণায় হেমকুস্থম কাতরোক্তি করেন। অতুলপ্রসাদ চিস্তিতভাবে তাকিয়ে হেমকুস্থমকে সাহস জোগান: তুমি ভাবনা কোরো না হেমকুস্থম, আমি তো আছি। ভাবনা করার অবশ্র কারণ ছিল ডাং ভাটিয়ার কথায়। ডাং ভাটিয়া বললেন, আমার মনে হচ্ছে মিসেস সেনের শরীরে একটা অপারেশন করার দরকার হতে পারে। অতুলপ্রসাদ বললেন, ডাক্তার, অপারেশনে হেমকুস্থমের স্বাভাবিক স্বস্থতা ফিরে আসবে? ডাং ভাটিয়া বললেন, চেষ্টা করা ছাড়া উপায় নেই। আমি আমার যথাসাধ্য চেষ্টা করব। আপনার ভয় নেই।

হেমকুস্থম অপারেশনের আগে ভয় পান স্বাভাবিকভাবেই।

অপারেশনের সময় স্বাক্ষর করতে এসে মৃহর্তের জন্তে কলম-ধরা হাতথানি কাঁপে বৃঝি অতুলপ্রসাদের। যদি কিছু ঘটে যায় অকস্মাৎ হেমকৃস্থমের! সে যে হবে বড় হৃ:থের, বড়ই হৃ:থের! তার থেকে থাক, যেমন আছে তেমন থাকুক হেমকৃস্থম। তবু হেমকৃস্থম আছে—ওর অন্তিছটুকু অনেকথানি অতুলপ্রসাদের মনে। কিন্তু এ দিধা বৃঝি ক্ষণিকের। হুর্বলতা অতিক্রম করে ঈশ্বরের শরণাপন্ন হন অতুলপ্রসাদ। সকল পথের শেষে তিনিই—আদি এবং অন্ত। ঈশ্বর-নির্ভর না হয়ে উপায় কী!

ঈশরের ইচ্ছায় সবকিছুই মঙ্গলরূপে সম্পন্ন হল। অপারেশন সাকসেসফুল। ডাঃ ভাটিয়া বললেন, মিসেস সেন এখন ক্রত আরোগ্যের পথে মিঃ সেন। না, আপনার ভাবনার কিছু নেই। আপনি এখন আপনার কাজকর্মে সম্পূর্ণভাবে মন দিতে পারেন।

অতুলপ্রসাদ হেমকুস্থমের বিছানার ধারে এসে দাড়ালেন। বললেন, এখন কেমন মনে হচ্ছে হেম ?

হেমকৃষ্ণ বললেন, ভাল। আমাকে উঠিয়ে বসিয়ে দাও। ঘরের মধ্যে ভয়ে ভয়ে পিঠে ব্যথা হয়ে গেল···জানলাটা খুলে দাও না একটু, বাইরের আলো দেখি।

অতৃত্রপ্রসাদ স্বত্বে চাদরটি গায়ে জড়িয়ে দিয়ে হেমকুত্বেরে পিঠে বালিশের দেয়াল তুলে
দিয়ে আধ-শোয়া করে শুইয়ে দিলেন। পরে এগিয়ে গিয়ে জানলা খুলে দিয়ে বললেন,
দেখো ঠাগুা যেন না লাগে। আমার বড় ভয় হয়!

আলোয় ভরে গেল ঘরত্য়ার, বারান্দা। হেমকুস্থম তাকিয়ে রইলেন অনেককণ। পরে ক্লাস্ত হয়ে বিছানায় ভয়ে পড়লেন। অতুলপ্রদাদ বললেন, তুমি ভরে থাক, বিশ্রাম কর; আমি ঘুরে আদি হেম। সি. ওরাই.
চিন্তামণি এসেছেন, তাঁর গলা ভনতে পাচ্ছি; বিশ্বেরনাথ, সৈয়দ ওয়াজির হোসেন
সাহেব আমার জন্মে অনেককণ প্রতীক্ষা করছেন। লখনউ বিশ্ববিচ্ছালয়ের আইন-সভার
জকরি মিটিং আছে আজ। কদিন থেকে রাফায়েল ক্লাব বেকলী ক্লাবের সভ্যদের আনাগোনা ভক্ল হয়েছে—ওদিকে অনেকদিন যেতে পারিনি… কত দিক সামলাই বল
তো! সকলে কেন যে আমাকে এত ছাক দেয়, আমার জন্মে প্রতীক্ষা করে আমি
বুঝি না আছে। আমি আসি—আসি, বুঝলে!

তুমি তাড়াতাড়ি এসো, আমার বড় ভয় করে।

আমি ধাব আর আসব। তুমি কিছু ভেব না হেম। কপালে হাত ছুইয়ে অতুলপ্রসাদ বিদায় নিলেন। হেমকুস্থম প্রতীক্ষা করে রইলেন।

প্রতীক্ষা করে আছেন আরো অনেকে। প্রতীক্ষায় আছেন সেন সাহেবের জক্ত লখনউয়ের জ্ঞানী গুণী মাঞ্যরা।

জ্ঞানী গুণীদের কদর জানেন দেনসাহেব—পর্ণকৃটিরে ভৈরবী ঠৃংরি গুনতে গিয়েছেন। বৃদ্ধ ওস্তাদ কেঁপে অস্থির—দেনসাহেবকে কোথায় বসাবেন, কোথায় জায়গা দেবেন। তব্ বোধহয় মনে মনে বৃদ্ধ ওস্তাদ প্রতীক্ষা করছিলেন সমঝদার আসবেন তাঁর এই পর্ণকৃটিরে, তাঁকে কদর করবেন। পর্ণকৃটিরে ভাঙা খাটিয়ায় বসে ঘণ্টার পর ঘণ্টা গান শুনেছেন অতুলপ্রসাদ, তারিফ করেছেন। শুধু শুকনো মৃথে নয়, ওস্তাদের ছেলের হাতে নোট গুঁজে দিয়ে কিসী রোজ তসরিফ নিয়ে আসতে অস্থরোধ করেছেন। বৃদ্ধ ওস্তাদের প্রতীক্ষার অবসান হয়েছে। সমঝদার সেনসাহেব এসে তাঁকে 'কদর' দান করেছেন। প্রতীক্ষা করেছেন ওয়াজিদ আলি শায়ের দরবারের শেষ গায়ক ছোট মৃয়ে। অতুলপ্রসাদ তাঁকে সাদরে তাঁর বৈঠকখানায় জায়গা দিয়েছেন। তালিম হোসেন লখনউয়ের শেষ বিখ্যাত সানাইয়া। ওর ভৈরেঁ। আর টোড়ি। ইউস্থকের সেতারের হাত বড় মিঠে। ওকে রাখনে হয়্ম না ? বরকতের ছড়ির টান ভাল। নিয়ে এস তাকে। ওদের মাইনে করে রাখব।

ধনী-দরিত্র, মডারেট-এক্সট্রীমিন্ট, রাজা-নবাব রৈসবায়ং, অধ্যাপক, স্থলমান্টার, উকিল, ব্যারিন্টার, হিন্দু মুসলমান সকল শ্রেণীর সকল সম্প্রদায়ের মাত্র্য তাঁর জন্তে প্রতীক্ষা করে আছেন। বৃহত্তর পৃথিবী তাঁর জন্তে বসে আছে। অফুক্ষণ ডাক দেয়। সময় কোথায় ঘরের ডাকে সাড়া দেবার। এ জীবন কতটুকু, কতটুকু অবসর!*

ত্মকুস্থম একটু একটু করে বিছানা থেকে উঠে বসলেন। দাঁড়ালেন আপন পায়ে তুর্বল

* 'অতুলপ্রসাদ'—ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়ের প্রবন্ধ।

শরীরটার ভার নিয়ে। দেয়াল ধরে ধরে পায়ে পায়ে চলে-ফিরে বেড়ালেন। সেদিন ভত্তপ্রসাদ এলেন। এলেন যথন, ভাভিমানে আর রাগে ত্মকুত্বম মৃথ ফিরিয়ে নিলেন।

আমি আর তোমার সঙ্গে থাকব না।

হেমকুস্থম, তুমি আমাকে ভুল বুঝো না।

আমি আর তোমার সঙ্গে থাকব না। আমি দিলীপকে সঙ্গে নিয়ে এ বাড়ি ছেড়ে চলে যাব। আমাকে ডাকতে পারবে না। হেমকুস্থমের মনে নানা সন্দেহ সংশয়। এল প্রাণঘাতী সেই পুরোনো রাগ। দিলীপ তুমি আমার সঙ্গে চল, যদি তুমি আমার ছেলে হও।

এর পরের ঘটনা আমরা দেখতে পাই, অস্কস্থ হেমকুস্থম পুত্র দিলীপের হাত ধরে কৈশরবাগের মোড়ের বাড়ি ছেড়ে চলে গেলেন। বাড়ি ভাড়া নিলেন লালবাগ মহলায়।

একদিন অতুলপ্রসাদ লালবাগের বাড়িতে এলেন। বললেন, হেমকুস্থম চল, কেন তোমরা এমন কষ্ট করে আছ! হেমকুস্থম লালবাগের বাড়ি ছেড়ে দিতে রাজি হলেন না। মনের তুঃখে কৈশরবাগের বাড়িতে ফিরে চলে এলেন অতুলপ্রসাদ।

১৯২৩-এর জাহয়ারি মাদে হঠাৎ সাজ-সাজ রব পড়ে গেল। রবীক্রনাথ আসছেন মার্চ মাদে বন্ধে যাওয়ার পথে লখনউতে। অতুলপ্রসাদের বাড়িতে তিন-চার দিন থাকবেন। ১লা মার্চ থেকে সম্ভবত ৪ঠা মার্চ।

ভাল একটা সম্বৰ্ধনা দিতে হবে কবিগুৰু রবীন্দ্রনাথকে। লখনউয়ের বিশিষ্ট অধিবাসীরা একত্রিত হলেন।

শত্যকুমারকে ডেকে পাঠালেন অতুলপ্রসাদ। সত্যকুমার তথন কলকাতা থেকে ফিরে এসে বাস করছেন অতুলদার বাওলাের হাতার দােতলায় মক্তেলদের জন্ম থাকার বাড়িতে। সত্যকুমারের বড় হঃসময় চলছিল কয়েক বছর। মাত্র ছয় মাসের মধ্যে ওর আঠারাে বছরের জােয়ান ভাই, এবং পরে ওর প্রথম মেয়েটা মারা গেল। * সিমলার ভাল চাকরি ছেড়ে দিয়ে বাধ্য হয়ে ফিরে আসতে হল কম মাইনেতে লথনউয়ে। সত্যকুমার বড় ভেঙে পড়েছে; ওকে সাল্বনা দেওয়া দরকার। জীবনে হঃথ বেদনা তাে আছেই; তাই বলে কি মন সকল সময়েই হৃঃথ বেদনায় ঘিরে থাকবে! সত্যকুমার কোথায়? যােগীনবাব্ আদিত্য ছিজেন পাহাড়ি গিরীশ অথিল বীরেনক এরা কোথায়? আরে ডাক. ডাক।

* সত্যকুমার ম্থোপাধ্যায়কে সান্তনা দিয়ে অতুলপ্রসাদের পত্র—

স্থেহাস্পদেযু

3 Banks Rd.

Lucknow 21. 7. 21.

সত্যকুমার, তোমার শোকাবেশময় পত্রথানি পাইয়াছি। কি যে লিথিব জানি না। তাঁর নিয়ম ও অভিপ্রায় বৃঝি না। যতদিন হংথের অতীত না হওয়া যায় ততদিন হংথ সহু করিতে হইবে এই বৃঝি। যে হন্ত আঘাত করে সে হন্তই ধরিয়া থাকা ছাড়া আর উপায় নাই। তিনিই ক্রমে ক্রমে তোমাদিগকে সান্ধনা দিন এই প্রার্থনা করি। তোমার পিতাঠাকুর ও মাকে আমার ভক্তি-পূর্ণ প্রণাম জানাইও। তোমরা হ্রনে স্বেহ-সম্ভাষণ নিও।

তোমার অতুলদাদা

ণ পাহাড়ি সাত্যাল, দ্বিজেন্দ্রনাথ সাত্যাল, দ্বিজেন্দ্র আদিত্য, যোগীন বন্দ্যোপাধ্যায়, গিরিশ ভট্টাচার্য, বীরেন্দ্রনাথ রায়, অথিল বন্দ্যোপাধ্যায় এঁরা সকলে ছিলেন বাঙালী যুবক সমিতির উৎসাহী সভ্য।

সভ্যকুষাররা বললেন, দাদা আপনি ভাববেন না বেশি। আপনার শরীর ধারাপ হবে। কবিকে আমরা তাঁর উপযুক্ত সমান দিতে চেষ্টার কোন কার্পণ্য করব না।

ভাবব না ? সেকি, কবিগুরু লখনউ আসছেন আর আমি স্থিরভাবে বসে থাকব একথা কেউ ভাবতে পারে ! জ্বরদন্ত অভিনন্দন জানাতে হবে প্রবাসে কবিগুরুকে। বল ভোমরা কিভাবে কবিগুরুকে অভিনন্দন জানাবে ?

অতুলদাদার ব্যাহ্বস রোডের বাড়িতে ক্লাবের পাণ্ডাদের একটা জোর সভা হয়ে গেল।
সভায় প্রোগ্রাম স্থির হল। অতুলদাদা বললেন, কবির আগমন উপলক্ষে আমি একথানি
গান বাঁধব। সভার শুরুতে তোমাদের গান গাইতে হবে। তারপর পাহাড়িকে
বললেন, তোমাকে গানখানি গাইতে হবে। আমার কাছে এসে থবর নেবে। আমার
গানখানি লেখা শেষ হলে তোমাকে শিখিয়ে দেব, কেমন ?

বঙ্গীয় যুবক সমিতির ছেলের। থুব উৎসাহের সঙ্গে ক্লাবঘর পরিষ্কার করে। সাজিয়ে-গুছিয়ে রাখে। ক্লাবের কর্তাব্যক্তিরা রবীন্দ্র-সম্বর্ধনার জন্মে যাতে কোন খুঁত না থাকে প্রবাসে এই লখনউ শহরে তার জন্মে বিশেষভাবে ব্যস্ত হলেন। ঘন-ঘন সভা ডাকা হল।

পাহাড়ি অতুলদার বাড়িতে পৌছে গেল। কী অতুলদা, রবীক্সনাথের সম্বনার জ্ঞানতুন গানধানা লিখবেন বলেছিলেন, লেখা হয়েছে অতুলদা ?

অতুলপ্রদাদ যেন কেমন অন্তমনস্ক। শুনেও শোনেন না দেকথা। আপন কাজে ব্যস্ত।

हरत हरत भरत हरत, कान धरमा भाराष्ट्रि । अञ्चला वनरान ।

পাহাড়ি ফিরে আসে। পরের দিন আবার যায় অতুলদার বাডি। অতুলদা বলেন, আজ একেবারে সময় পাইনি পাহাড়ি, গান লেখা হয়নি। তুমি কাল এসো। পাহাড়ি চলে যায়। পরের দিনও সেই এক কথা। না পাহাড়ি—গানটা লেখা হয়ে ওঠেনি, তুমিকাল এস। গান লেখা হলেই ভোমাকে হুরটা তুলে দেব।

এমনি করে রবীন্দ্রনাথের লখনউ আগমনের দিন এগিয়ে আসে। পাহাড়ি ভাবে, অতুলদা কি গান লেখার কথা ভূলে গেছেন! নানান কাব্দে অতুলদার মনে থাকছে না বোধহয়। এতদিনেও গান লেখা হল না। অতুলদা গান লিখরেন, গানে হয়র দেবেন, আমাকে শেখাবেন, অহাস্থ সঙ্গীদের শেখাবেন, কী করে সম্ভব! রবীন্দ্রনাথের লখনউ আগমনের দিন যে এগিয়ে এল।

দিন সাতেক মাত্র বাকি। অতুলপ্রসাদের মনের মত গান লেখা আর হয় না, যে গানথানি স্লাবের ছেলেরা গাইবে। প্রতিদিন প্রাণপাত চেষ্টা করেন লেখার, কিছ মনের মতন সন্দীতটি ধরা পড়ে না। অমনোনীত কবিতাগুলি ব্যঙ্গ করে থণ্ড-থণ্ড রূপে লেখার টেবিলের নিচের বাব্ছেটটা উপচে উঠে। অবশেবে রবীক্রনাথের লখনউ আসার কয়েকদিন আগে অতুলপ্রসাদ তার গানের কলি খুঁজে পেলেন; লিখলেন:

'চাহ রে আজি ভারতমাতার প্রতি।'

গানটি রচনা হলে তাতে স্থর সংযোজিত হল। সেই গানখানি সাবের ছেলেদের শিথিয়ে দিলেন তালিম দিয়ে। কবিগুরু লখনউ পৌছলে সাবের কোন্ সভ্যের কি কাজ সব শিথিয়ে পড়িয়ে দিলেন। পাহাডির ওপর নির্দেশ হল গান শেষ করে এগিয়ে গিয়ে রবীক্সনাথের পায়ের ধুলো নেবার।*

অবশেষে রবীন্দ্রনাথ লখনউ এলেন প্রায়। অতুলপ্রসাসের কেশরবাগের মোড়ের মাথার বাঙলো বাড়িথানির রঙ করার কাজ শেষ হল। সাজানো গোছানো হল ঘরদোর। রবীন্দ্রনাথ লখনউয়ে যে কটা দিন থাকবেন সে কদিন যাতে ঘরে-বাইরে তাঁর কোন অস্থবিধা না হয় তার জল্যে সতর্ক দৃষ্টি রাখা হল। লোকজনের অভাব হবে না—খানসামা বেয়ারা আর ড্রাইভার সব সময়েই তাঁর ইঙ্গিতের অপেক্ষায় থাকবে। তাছাড়া বাঙালী যুবক সমিতির সদস্তরাও সব সময়েই সামান্ত কর্ম করতে পেলে আনন্দিত হবে। অতুলপ্রসাদ নিজেও রইলেন রবীন্দ্রনাথকে দেখাশোনার জন্যে—কোন কিছুরই অভাব নেই—তা অভাব শুরু একট মায়্রের জন্তে। রবীন্দ্রনাথ যদি প্রশ্ন করেন—হেমকুস্থমকে দেখছি না—তখন কী উত্তর দেবেন অতুলপ্রসাদ! কেমনভাবে বলবেন হেমকুস্থম আছে এই লখনউত্যেই অন্ত কোনখানে ?……কিন্ত কেন দূরে আছে হেমকুস্থম? কেন এত অপমান করে, কেন এত রাগ? কবিগুরুর লখনউ আসার আগে সে কি একবার আসতে পারে না এ বাড়ি, তুলে নিতে পারে না এ সংসারের হালখানি…না, বোধহেয় সে আসবে না।

কিন্তু দেদিন এক আশ্চর্য ঘটনা ঘটল। হেমকুস্থম দিলীপের হাত ধরে কৈশরবাগের মোডের বাংলোথানিতে এসে দাঁড়ালেন। অতুলপ্রসাদ বিশ্বিত, পুলকিত।

কবিগুরু রবীক্রনাথ লখনউ আসছেন, তাঁর বাড়িতে উঠছেন, আর হেমকুস্ম তাঁর দেখাভানা করবেন না? কবির স্থবিধে অস্থবিধে দেখতে হবে না! লোকজনের হাজে সবকিছু ছেডে দিলেই হবে? শেষে বদনাম হবে হেমকুস্মের, লখনউয়ের বাঙালীদের অতুলপ্রসাদও একবার হেমকুস্মেকে খবর দিতে পারতেন। কবি রবীক্রনাথ লখনউ আসছেন একথা ভানে হেমকুস্ম কিভাবে স্থির থাকতে পারেন!

তুমি যে এসেছ আমি কী যে খুশি হয়েছি হেম কী যে আনন্দ আজ আমার মনে ! অভিমান-ভরা গলায় হেম বললেন, তবু তুমি তো আমায় ধবর দাও নি। — কবি কবে আসছেন ?

শ্রীযুক্ত পাহাড়ি সাক্তালের কাছে শোনা।

এসে পড়লেন প্রায়, অতুলপ্রসাদ খুশিভরা গলায় বললেন। তুমি এসেছ, এবার লেগে বাও-কবির ঘরত্রার সাজাতে। মনে রেখো, কবি সৌধীন মাহব।

ছেমকুস্থম বললেন, আমি ধখন ঘরে এসেছি ভোমাকে ভাবতে হবে না।

অতুলপ্রসাদ এদিক থেকে নিশ্চিন্ত হয়ে অন্তদিকে ব্যন্ত হলেন। ক্লাবের সভ্যদের সঙ্গে পরামর্শ করে কবিকে রাজোচিত সম্বর্ধনায় স্টেশন থেকে বাড়িতে মিছিল করে আনার পরিকল্পনা করলেন। মহম্মদাবাদের মহারাজার কাছ থেকে তাঁর ল্যাণ্ডো চাওয়া হল। তাকে ফুল লতা পাতা দিয়ে সাজানো হল। লখনউয়ের বিখ্যাত সানাইওয়ালা তালিম হেসেন এবং তাঁর পার্টিকে ডাক দেওয়া হল। ক্লাবের কন্দার্ট পার্টি তালিম দিয়ে নিজেদের তৈরি করে নিল। তারা বাছ্ম-বাজনা সহকারে মিছিলে যোগ দেবে। কবিগুক্ত লখনউ এলেন। লখনউ স্টেশনে জনারণ্য। লখনউয়ের যুক্তপ্রদেশবাসীরা কবিগুক্তকে দর্শন করতে আর মিছিলে যোগ দিতে এগিয়ে এল। ল্যাণ্ডো গাড়ির ঘোড়া খুলে দিয়ে যুবকেরা কবির গাড়ি নিজেরাই টেনে নিয়ে চলল। কবির যাত্রাপথের হ্র্ধারে উৎস্থক জনতার ভিড়। পুম্পরৃষ্টি হচ্ছিল। গানে বাজনায় জয়৸বনিতে লখনউয়ের আকাশ বাতাস ম্থরিত হল। কবি লাজুক কঠে চুপিচুপি বললেন অতুলপ্রসাদকে,

অতুলপ্রসাদের বাড়ি তীর্থক্ষেত্র হল। শিক্ষিত জনসাধারণ বিভিন্ন সম্প্রদায়ের মাহ্বৰ এদে কবিকে অভিনন্দন জানিয়ে গেলেন। লখনউয়ের প্রবাসী বাঙালীদের তরফ থেকে আন্তরিকতভাবে তাঁকে অভিনন্দন দেওয়া হল। অতুলপ্রসাদ ও হেমকুস্থনের আতিথ্যে এবং ব্যবহারে কবি সম্ভষ্ট মনে বিদায় নিলেন।*

কবি চলে যেতেই থবর এল, বাংলাদেশ থেকে বাংলার বাঘ শুর আশুতোষ ম্থোপাধ্যায় আদছেন মে মাদে। মে মাদে দারুণ গরম লখনউয়ে। তা হোক, দেই গরমের মধ্যেই কুইন্স স্কুলের মাঠে শুর আশুতোষ ম্থোপাধ্যায়কে অভিনন্দন দেওয়া হল। দঙ্গে সঙ্গে একথালা মিষ্টান্ন নিবেদন করা হল। তিনি মিষ্টান্নে পরিতোষ সহকারে মন দেওয়ার কালে অতুলপ্রসাদ গান ধরলেন:

আ মরি বাংলা ভাষা, মোদের গরব মোদের আশা…

শুর আশুতোষ মিষ্টি থাওয়া শেষ করে আনন্দে উংফুল্ল হয়ে এগিয়ে এসে অতুলপ্রসাদকে সজোরে আলিকন করে আশীর্বাদ করে বক্তগন্তীর নিনাদে বললেন, 'ধক্ত অতুল, ধক্ত লথনউয়ের বাঙালী সমাজ! বাংলার এত দ্বে থেকেও বাংলা ভাষার এত আদর এত কদর আমার কর্বকৃহর শীতল করে দিল।'

'অতুল এ কী করেছ ?'

শ্রীযুক্ত বসন্তকুমার বহুর রচনাহ্রসারে।

ভাষণ শেষ হলে ছেলের দল শুর আশুভোষকে একে-একে প্রণাম করে তাঁর আশিবাঁধি নেওয়ার জন্ম ব্যস্ত হল। অভ্যর্থনা-সভা শেষ হলে মহা উরাদে ছেলের দল তাঁকে পাড়িতে চড়িয়ে শোভাষাত্রা করে অতুলদাদার বাড়ি পৌছে দিয়ে যে যার বাড়ি চলে গেল। ভ সেবার আশুভোষ ম্থোপাধ্যায় ইউনিভারদিটিতে কয়েকটি বক্তৃতা দিলেন। কয়েকটি স্থান দিন অতুলপ্রসাদের বাড়িতে কাটিয়ে শুর আশুভোষ ফিরে গেলেন কলকাতার তাঁর কর্মভূমিতে।

কবি চলে যেতে অতুলপ্রসাদের আনন্দম্থর বাড়ি ক্ষণিকের জন্ম ঝিমিয়ে পড়েছিল। তারপর আরো কিছুদিন পর এসেছিল এক আনন্দের জোয়ার। তারপর হেমকুস্থমের সেই একঘেয়ে জীবন। কাছারি আর নানান কাজ আরুত করল অতুলপ্রসাদকে। অবসরটুকু যা মেলে, দেশের কাজে নানান প্রয়োজনে নানা মানুষ জড়ো হয়ে হেমকুস্থমের সময়টুকু হরণ করে নিয়ে যায়।

প্রতি রবিবার অতুলপ্রসাদের বাড়িতে সাহিত্যসেবী সঙ্গীতসেবীদের বৈঠক বসে। জ্ঞানী গুণী ক্রতী বাঙালীর—যেমন ধূর্জটিপ্রসাদ, জ্ঞানেন্দ্র চক্রবর্তী, নির্মলকুমার সিদ্ধান্ত, রাধাকমল রাধাকুম্দ ভাত্বয়, অধ্যাপক বিনয় দাশগুপ্ত, ডাক্তার বিজনবিহারী, অধ্যাপক শস্তুশরণ রসরাজ, তুর্গাদাদা, শিল্পী অসিতকুমার হালদার এ দের সমাবেশ হয়। এসে উপস্থিত হয় নির্মল দে (কেপা), সত্যকুমার।

মাঝে মাঝে স্বল্পবাক অধ্যক্ষ শ্রীশ সেনও দেখা দিতেন। সকলেই স্থলিথিত কবিতা বা গল্প পাঠ করতেন। অতুলপ্রসাদ ও ধৃজ্ঞিসাদ গান পরিবেশন করতেন, আর কেউ কেউ খোশগল্পে আদর জমিয়ে রাথতেন। মজলিশটি বেশ আনন্দের উৎস ছিল ভবে না কেন? বিদায়ের আগে যেরকম ভ্রিভোজের ব্যবশা অতুলপ্রসাদ করেছিলেন তা অভ্তপ্র ।*
সেদিন ম্সলমান কবি হামিদ আলি থা এলেন। বললেন, চলুন অনেকদিন ম্সায়েরায় যাইনি। যাবেন?

চলুন, বেশ তো আমি রাজি।

বাঈজী-পাড়ায় বিখ্যাত ঠুংরি গানের আকর্ষণে গান শুনতে যেতেন। গান শুনলে নাওয়া থাওয়া বৃঝি ভুলতেন। ধৃজটিপ্রসাদ লিখেছেন: "আমার সঙ্গে তাঁর সম্পর্ক ছিল অক্ত ধরনের। আরো আনেকের মত আমি তাঁর কর্মান্তের, বিরামের সঙ্গী ছিলাম। আমাদের পরিচয় হয় সঙ্গীতের দৌতে, সঙ্গীতের আসরে। কৈশরবাগে তথন তিনি থাকতেন, অনেক রাত পর্যস্ত গান বাজনা হত। তারপর কত আসরে বসে তাঁর সঙ্গে গানবাজনা শুনেছি তার সংখ্যা নেই। ভাল গান বাজনা শুনলে তিনি বালকের মত অধীর হয়ে উঠতেন, অক্ট চিৎকার করতেন, মৃথ দিয়ে উর্ত্ জ্বান বেক্ত, এক স্থানে

শত্যকুমার মুখোপাধ্যায়ের ভায়েরি থেকে ।

বলে থাকতে পারতেন না, আবার তৎক্ষণাৎ লচ্ছিত হতেন। কতবার বলেছেন, 'দেখ একটু ব্যাকুল বা বেসামাল হয়ে পড়লে আমার জামা ধরে টেনো। তোমাকেই বা কে সামলায় তার ঠিকানা নেই।'

শারীরিক উত্তেজনা অল্পকণের জন্তেই তাঁকে অভিভূত করত ; তারপর ধীরে ধীরে তাঁর মুখে সর্বাঙ্গে এক সন্মিত কমণীয়তা নামত।*

পান গান আর গান। হেমকুস্থম ক্ষ হন। হেমকুস্থম ত্ব-এক ঘণ্টা অতুলপ্রসাদকে কাছে পাওয়ার কামনা করেন। তাঁর সঙ্গে গল্প করতে, আরো কত সংসারিক কাজ তো থাকতে পারে, একথা কেন অতুলপ্রসাদ বোঝেন না। হেমকুস্থমের অনেক প্রশ্নের উত্তর দিতে ভোলেন অতুলপ্রসাদ। বাইরের নানান কাজে ব্যস্ত কবি, সময়মত বাড়ি ফেরা হয় না বৃঝি। কথনো দেরি হয়।

তাঁকে যে সকলে চায়,—সকলেরই কাজের মাঝে। ডাকে সাড়া না দিয়ে উপায় কী! তাঁকে সকলেই ভালবাসেন, হেমকুস্থমের তাতে আপত্তি। মনের ক্ষুত্রতা সহীর্ণতা দীনতা কবির চোথে বিষ। মাহুষের হৃদয় হবে বিশাল সাগরের মত, অস্তরীক্ষের মত। মাহুষকে ভালবাদ, জীবে প্রেম কর। অতুলপ্রসাদ গাইলেন—

সবারে বাসরে ভালো, নইলে মনের কালো ঘুচবে না রে। আছে ভোর যাহা ভালো

ফুলের মত দে দবারে।
করি তুই আপন আপন
হারালি যা ছিল আপন;
এবার তোর ভরা আপণ

বিলিয়ে দে তুই ধারে তারে।
যারে তুই ভাবিস ফণী;
তারো মাথায় আছে মণি,
বাজা তোর প্রেমের বাঁণি—

ভবের বনে ভয় বা কারে ?
সবাই যে তোর মায়ের ছেলে;
রাথবি কারে, কারে ফেলে ?
একই নায়ে সকল ভায়ে

ষেতে হবে রে ওপারে।

ধৃর্কটিপ্রসাদ মৃথোপাধ্যায়ের রচনা থেকে।

ব্রলেন না শুধু হেমকুশ্বম অতুলপ্রসাদকে। কৈশরবাগের বাড়ি ছেড়ে আবার তিনি। চলে গেলেন দিলীপকে সঙ্গে নিয়ে লালবাগ মহলায়।

আঠারে

সম্ভবত ১৯২৩ সনের কোন এক রাত। খাওয়া-দাওয়ার পর অতুলপ্রসাদ সেন বললেন, সি. ওয়াই., তোমার কিছু ট্রক্স দেখাও।

কথা হচ্ছিল সেদিন শ্বতিশক্তিসম্পন্ন মাহ্যদের ঘিরে কার কিরকম শ্বতিশক্তি ইত্যাদি। সেদিনকার আড্ডায় ছিলেন ধূর্জটিপ্রসাদ ম্থোপাধ্যায়, রাধাকুমৃদ রাধাকমল ভাতৃষয়, সি. ওয়াই. চিস্তামণি, গোকরণ মিশ্র, অতুলপ্রসাদ এবং আরও কয়েকজন।

অতুলপ্রসাদ বললেন, সি. ওয়াইয়ের শ্বভিশক্তির তুলনা নেই। সি. ওয়াই., তোমার ট্রিক্স দেখাও।

দি. ওয়াইয়ের এক গাল ভরা পান। মৃথের কোণে দিগারেট, তার ধেঁায়ায় এক চোথ বন্ধ। শুরু হল ট্রিক্স।

z অক্ষর ধার আদিতে সেইসব নাট্যশালার নাম কর। হল। তারপর পোপেদের নাম, সন তারিথ। গোকরণ মিশ্র বললেন, কে আর তোমার ভূল ধরতে ঘাচ্ছে! আমাদের কি কিছু মনে আছে? যা মনে আছে এখন বল দেখি। বোম্বাই হাইকোর্টের চীফ-জাষ্টিসরা কে কবে চাকরি করেছেন ?

গোকরণ মিজের কথা শেষ হল না। চিস্তামণি গড়-গড় করে বলে ষেতে লাগলেন। বিশেশর নাথ শ্রীবান্তব বাধা দিলেন। এললেন, ও সব চালাকি চলবে না। আমি একটা সাল বলছি। কোন্ কোন্ স্বনামধন্য উকিল এই সালে জন্মেছিলেন ?

সি. ওয়াই. বললেন, কোন্ দেশের ?

এই অঞ্চলের ?

আবার গড়-গড় করে নাম উচ্চারিত হল।

অতুলপ্রসাদ বললেন, এই সালের একটা তারিখে আসা যাক। এবার বল কোন্ তারিখটা, তারিখটা আমার মনে নেই। চিস্তামণি ছ-জনের নাম বলে বললেন:

And last but not the least, my friend on the right. অর্থাং অতুলপ্রসাদ। অতুলপ্রসাদ খ্ব হেনে উঠলেন ····· এইবার ডোমাকে পাকড়েছি! আমার জন্ম-তারিথ ভূল বলেছ।

চিস্তামণির কালো মৃথ বেশুনি হয়ে উঠল। সিগারেটটা কব্বের মত ধরে টান দিতে লাগলেন প্রায় আধমিনিট। পরে চিস্তামণি বললেন, go and ask your mother. অত্লপ্রসাদ উত্তর দিলেন, তার প্রয়োজন নেই। কিন্তু তিনদিন পরে অত্লপ্রসাদ
ধূর্জটিপ্রসাদকে বললেন, ওহে ধূর্জটি, লোকটাকে নিয়ে আর পারা গেল না। চিন্তামণির
তেটটাই ঠিক! পরে জানা গেল অত্লপ্রসাদের মা বছর-কয়েক আগে ছেলের জন্মদিন
উপলক্ষে কলকাতায় তাঁর বন্ধুদের খাওয়ান। চিন্তামণি সেই সময়ে কলকাতায় ছিলেন,
তিনি নিমন্ত্রিত হয়েছিলেন।

দেদিন হাতে গোলাপ-কাটা কাঁচি নিয়ে ডেুসিং গাউন পরে বাগানে বেড়াচ্ছেন অতুলপ্রসাদ। গানের আধধানা চরণের গুঞ্জনধ্বনি হচ্ছে, এমন সময়ে ধৃষ্ঠটিপ্রসাদ গিয়ে পড়েছেন।

এই ষে! এস। কোথায় যে থাকো!

ধ্জটিপ্রসাদ বললেন, নতুন গান ব্ঝি ? বড় মিঠে হুর তো, নতুন লিখলেন ব্ঝি ? হয়নি এখনো।

্শোনান।

खनरत ?

এক্ষনি।

তারপর গলার জ্জতা ভেঙ্কে আন্তে গাওয়া।

গান গাওয়া শেষ হলে ধৃষ্ঠটি বললেন, ভাল হয়েছে।

ভাল হয়েছে ?

আরো আছে নাকি গান ?

সেদিন একটা কেসে মফস্বলে গিয়েছিলাম। নদীর ধারে একটা বা লোতে থাকতে দিলে। ভাই থাকতে পারলাম না না লিগে।

গান না লিখে ? মকেল টাকা দিলে ?

मिटन देविक !

নেই বুঝি কবিভাটা ?

ছোট্ট ছেলের মত হাসতে হাসতে গৃজটিকে সঙ্গে নিয়ে গেলেন বাগান থেকে বৈঠক-ধানায়। অফিস-ঘর থেকে উকিলের ডায়েরি নিয়ে এলেন, তারই পাতা থেকে গানের থসডা বেরুল। চলল গান···

চলত গান সম্বন্ধে আলোচনা ধূর্জটি এবং অতুলপ্রসাদের মধ্যে।

অতুলপ্রসাদ নিজের গান আসরে গাইতে পারতেন না। সভায় অতি সহজে নিজের ওপর বিখাস হারাতেন, মূল হুর খুঁজে পেতেন না। ছোট আসরে অতুলপ্রসাদের গলা খুলত। স্বচেয়ে ভাল•শোনাতো গুনগুন করে গাইবার সময়ে।

অতুলদা আপনি বাংলা ভাষায় ঠুংরি এনেছেন। যদিও মেটেবৃক্লজে ওয়াজিদ আলি শাহের

বন্দী জীবনের সময় থেকেই ঠুংরির ভাবপূর্ণ মধুর তানে বাঙলী অভ্যন্ত হয়ে এসেছে, তব্ও আপনি বাংলার দৃত হয়ে লখনউ-প্রবাসী হয়েছেন। একেই ইতিহাসের প্রতিশোধ বলে—আপনার লখনউয়ে প্রবাস বাংলাদেশের সঙ্গীতের ইতিহাসের আধুনিক অধ্যায়। হিন্দু ছানী সঙ্গীতের সঙ্গে আপনি যোগস্থ্র বজায় রেখেছেন, এই যোগস্ত্রের সাহায্যে বাউল কীর্তন ভাটিয়ালির মালা গাঁথা আপনার মৌলিকত্ব।

কিছ কিছু মনে করবেন না, রবীক্সনাথের মৌলিকত্ব আরো উচ্চন্তরের। প্রধানত রবীক্সনাথের কবিতা ভাষ্য ও ভাবের দিক দিয়ে সাহিত্যের প্রেষ্ঠ সম্পদ বলে তাকে উপযুক্ত নতুন স্থরে যুর্ভ করা আরো শক্ত। দ্বিতীয়ত, গত দশ পনেরো বংসর ধরে রবীক্সনাথ স্থরে এমন একটি সম্পূর্ণ নতুন ধারা এনেছেন যার সঙ্গীত হিসেবে যুল্য তানসেন কৃত দরবারী কানাড়া কিম্বা মিয়া কী মল্লার অপেক্ষা কম নয়। এক সময় ছিল যথন রবীক্রনাথ হিন্দু ছানী স্থরের ছকে গান বসাতেন। যথন থেকে দেশ সঙ্গীত অর্থাৎ বাউল কীর্তন ভাটিয়ালের স্রোত তাঁর প্রতিভাকে অস্থ্রপ্রাণিত করলে তথনই তিনি নিজের সন্ধান পেলেন, স্বাধীন হলেন। এতদিন হচ্ছিল অস্ক্ররণ, হাতে থড়ি। এথন শুক্ত হল স্থাষ্ট। এই বোধহয় জীবনের রীতি। দেশের সন্ধান, দরবার ও নগরের বাইরের মাটি ও গ্রামের সন্ধান, শূল ও যবনের সন্ধান যথন পাওয়া যায় তথনই মাহ্মর জাতি, সভ্যতা, নবজীবন লাভ করে। মাটির সন্ধান পেয়েছেন বলেই রবীক্রনাথ সঙ্গীতকে নবজীবন দিতে পেরেছেন।…সে যাই হোক গত হ-তিন বংসর রবীক্রনাথ বেসব গান লিথেছেন তাতে না আছে মাটির গন্ধ না আছে পেয়াজের। সেসব একেবারে নতুন, তাঁর নিজম্ব সম্পত্তি।

অবশ্য একথা ঠিক যে কোন ওস্তাদি স্থানে তৈরি কানে আপনার গান রবীন্দ্রনাথের গান অপেক্ষা ভাল লাগবে, কারণ আপনার গানের স্থর বিশুদ্ধ ছাতের।

সন্ধীত জ্ঞ ধৃর্জটি প্রসাদের ব্যাখ্যায় অতুলপ্রসাদ সঙ্গৃচিত হতেন। ধৃর্জটিপ্রসাদের কোন জ্ঞাকেপ নেই, ষা মনে ভাবেন ভাই মুখে প্রকাশ করেন।

আপনার গানে থ্ব বেণি মৃসলমানী চালের আমেজ আছে; ভবে সে আমেজ ঠিক ধ্রুপদের নয়।

অতুলপ্রদাদ বলেন, তবে বোধহয় আমায় ছেলেবেলায় শোনা আগ্রানিবাসী কবি গোবিন্দ রায়ের গানের হুরগুলি প্রভাবিত করেছে। গোবিন্দ রায়ের 'কত কাল পরে আদ্ধি ভারত রে' শোননি ? ছেলেবেলা থেকেই আমি ঠুংরি-ভক্ত হয়ে উঠি, ভারপর লখনউতে এসে জাত ঠুংরি শোনবার প্রথম হ্বযোগ হল। তবে আমার ভাল লাগত ছেলেবেলা থেকে বাউল ভাটিয়ালি কীর্তন। আমার ঠাকুরদার গান এবং হুর আমাকে অহুপ্রাণিত করে। আমার বাবা হোলির গান লিখতেন। আমার দাদামশাই মামারাও

অনেকে সন্দীত জ ছিলেন। তা ছাড়া খাল-বিল-দেরা আমাদের বাংলাদেশটার আছে স্থারের ছাওয়া।

পানই তো আপনার জীবন, গানই তো আপনার প্রাণ। দিলীপকুমার রায় বলতেন অত্লপ্রসাদকে। ১৯২৩ সালে প্রথম নতুন করে পরিচয় হল দিলীপকুমার-অতুল-প্রসাদের। বিদেশ থেকে ফিরে দিলীপকুমার এলেন লখনউয়ে।

অতুলপ্রসাদ সেদিন গাইলেন—

মূলে ও স্থরে ভরেছ কবি প্রাণ! কণ্ঠ তব গায় তো তারি গান! ধরণী তুমি বরিলে আদরে। বরদা তাই উথলে ও স্বরে।

গাইলেন তাঁর পেলব অভিমানী কঠে। দরদ ঢেলে স্থরেলা মধুর কণ্ঠস্বরে। ক-জন বড় গায়কের মধ্যে সে মনোজ্ঞ স্থর, সে দরদ মেলে? তাঁর মুখে এ গান ভনে কার না ইচ্ছে জাগে তাঁকে এই বলে অর্ঘ্য দিতে! দিলীপকুমার রায় গাইলেন—

স্থরে তব প্রাণ আলা—ফুলে ভরা হিয়া।
কমনীয় গান মালা গাঁথো তাই দিয়া।
গদ্ধে চিনেছ তুমি মলয়ের পথে:
দঙ্গীত স্থা ঢেলে চল জয়রথে।

কার মনে না হয় এ প্রাণ বড় বিরল, এ ধ্বনি ধ্মের জগতের, যার কাছে একথা বলা তঙ্কার :

কুস্থমের গল্পে রূপে

সে আসে গো চুপে চুপে

মেঘের আড়াল হতে

ডাকে: আয় আয় আয়।

হে মোর অচেনা বঁধু

লুকায়ে থেকো না ভধু

এস করি পরিচয় মালায় মালায়।

দিলীপকুমার রায় এবং অতুলপ্রদাদ সেনের তথন থুব ঘনিষ্ঠতা, আর ধূর্জটিপ্রসাদ— তিনন্দনের রাজযোটক। তথন কেবল গান আর গান। লথনউয়ের যেথানে যে ওন্তাদ তার ঠিকানা শোনামাত্রই—তলব কর তদরিফ রাখিয়ে।

একদিন দিলীপকুমার রায়কে অতুলপ্রসাদ বললেন, কাল সন্ধ্যায় চাঁদের আলোয় একখানা গান রচনা করলাম। দেকি অত্লদা, এডকণ শোনাও নি ? কি জানো, একটা কথা ···ভাবছি ···

ভেবো না অতুলদা, ভাবনা করা তোমার মানায় না, তুমি তো গান গেয়ে বাও। মনে নেই তোমার গান—

মিছে তুই ভাবিস মন
তুই গান গেয়ে যা গান গেয়ে যা
আন্দীবন।

অতুলপ্রসাদের গান রচনা করে গাইতে বড় কুণ্ঠা—অথচ আগ্রহ কি ছিল না !…গান গাইতে কি তিনি সহজে চাইতেন !

গান রচনা করেছেন সেও অপরাধ। কত সংখাচ প্রচার করতে আপনাকে, অথচ গান রচনা এবং গাওয়ার আগ্রহ পুরোমাত্রায়। অহুপম কবি হারীক্রনাথের এ কুঠায় সমর্থন:

"Tell me my love!

is it not more than wrong

To praise thy beauty

as I do in words!

Is song a sin?

-and yet all life is song

From the huge planets

to the lit, 'e birds."

कि छान मिनीभ, ७ मकारीत ऋतऐक्—

আহা, গাও না অতুলদা!

ভালো লাগবে কি ?

८क-त्र ?

আচ্ছা আচ্ছা গাইছি শোন।

অতুলদা গাইলেন সেই গানটি—দেই বিখ্যাত গান—

"চাদনী রাতে কে গো আসিলে!

উজন নয়নে কে গো হাসিলে ?

মোহন হুরে ধীরে মধুরে

পরান-বীণায় কে গো বাজিলে !"

অতুলদা, এ বে একটা হুরের হাওয়া! দিলীপকুমার রাম উচ্চুসিতভাবে বললেন, আহা,

'চাঁদনির' রে গা রে পা'র ঐ আরোহণের পরেই 'আদিলে'র অবরোহণ পঞ্চম থেকে রেথার ছায়ানটের চঙে—দেশের সঙ্গে ছায়ার এ মিলন— তু-তুমি আমাকে বড়···

একটু বাড়াইনি অতুলদা—বাংলায় ঠুংরির এ আমেজ তোমার আগে কেউ আনেননি, এ আমি তামা তুলদী গঙ্গাজল নিয়ে হলফ করে বলতে পারি—বিশেষ এ গানটির পেলব কবিছের সঙ্গে দেশ রাগিণীর নতুন চাল···

অতুলপ্রসাদের সদাস্বেহকোমল মৃথধানি দিলীপকুমারের কথায় খুশিতে আরও কোমল হল। বললেন: আরও আছে, একটু পিলুও। বলে তর্জনী উঠিয়ে পিলুকে যেন ছুঁরে দেখিয়ে দিতে চান। মনে পড়ে দিলীপকুমারের অতুলপ্রসাদের হাতের সে ভঙ্গি—কণ্ঠস্বরের ইতস্তত সে জড়িমা। শীলতার স্বভাবনম্রতার এই আফোটা গন্ধ। শোন সঞ্চারীটা—

হেম ষম্নায় প্রেমতরী বায়
(কে) ভাকে আমায়—আয় গো আয়।
প্রভাত বেলায়
কেমনে চলে যাবে হায়।

গানের আর একটি কলি গাইলেন অত্সপ্রসাদ। উচ্ছুসিত দিলীপকুমার: অত্লদা, দেশের সঙ্গে পিলুর এ ধরনের মিশ্রণ অপূর্ব!

অতুলপ্রদাদ ম্থ তুললেন। তথন তাঁর চোথে কুণার কুয়াশা কেটে দেখা দিয়েছে প্রীতির সলক্ষ আভা। বললেন, স—সত্যি তোমার ভাল লেগেছে দিলীপ ? দেখ আ—আমি কথনও কোনদিনও মনেই করতে পারিনি যে আ—আমার গান কাফর এত ভাল লাগতে পারে! কিন্তু দেখ, শেষের আভোগটা আমার ম—মনোমত হয়নি। আয়প্রশংসায় অতুলপ্রসাদের কথা পদে-পদে বেধে যেত।

পরে যখন হয়েছিল তখন গাইলেন:

তব সে কূলে যাব কি ভূলে যে ভালবাদা বাদিলে।

আর একদিন গাইলেন:

ভধু তুমি যে শিব তাহা বুঝিতে দিয়ো। যে পথে চালাবে নিজে চলিব, চাব না পিছে, আমার ভাবনা প্রিয়! তুমি ভাবিও, (আর) তুমি যে শিব তাহা ব্ঝিতে দিয়ো।

(দেখ) সকলে আনিল মালা, ভকজি-চন্দন থালা আমার বে শৃক্ত ডালা তুমি ভরিও।

(আর) তুমি যে শিব তাহা বুঝিতে দিয়ো।

গাইতে গাইতে তাঁর কণ্ঠ এসেছিল গাঢ় হয়ে। সে সন্ধ্যায় দিলীপকুমারকে এ গানটি শেখান অতুলপ্রসাদ। গান শিখিয়ে বললেন, দিলীপ, এ গানটি কিন্তু যার-তার কাছে গেয়ো না। এ গানটি আমার ···· বড় ব্যথার দিনে লেখা!

রাত্রে একত্রে শয়ন করেছিলেন দিলীপকুমার অতুলপ্রসাদ। তরে তরে কত গল্প হয়।
স্থাত বারোটা হবে, দিলীপকুমার বললেন, অতুলদা কেমন করে এত হাসতে পার তুমি
এমন গান গাওয়ার পরেই ?

অতুলপ্রসাদ মৃত্ হেনে বললেন, দিলীপ, গান ও হাসিই আমার জীবন। গান গেয়ে আর হাসিম্থেই যেন এ জগং থেকে বিদায় নিতে পারি, ভগবানের কাছে এই আমার প্রার্থনা।

অতুলপ্রসাদের মৃথে সকল সময়ে হাসি, মনে পাথর-চাপা তুঃথ বেদনা। সে বেদনা কোনদিন মৃথে প্রকাশ পায় না। বোনেরা বিধবা হল। মা এসে রইলেন লখনউয়ে। অশান্তি। মা চলে গেলেন কলকাতায়, স্ত্রীও লখনউয়ে অহা এক স্থানে বাসা বাঁধলেন। মা এলেন ; বৃকে তুলে নিলেন হিরণ-কিরণকে। প্রভার স্থামীর কর্মক্ষেত্রে গোলবাগ দেখা দিল। চাকরি নেই।…তোমরা আমার কাছে এদ। বড় আন্তরিকভাবে ডাক দিলেন দাদা ছোট বোনেদের। হিরণ এল। কিরণ এল তার ছোট মেয়ে বুলবুলকে সঙ্গে নিরে। দাদার কাছে এসে বড় শান্তি মেলে। এমন করে ভালবাদে কে! এমন স্বেহের আশ্রয় আর কোথায় আছে! তাঁর বোনেরা আত্রীয় স্বজনেরা তাঁর গুণে মৃদ্ধ। ভাগনে ভাগনিরা অকালে তাদের বাবাকে হারিয়ে বাবার মত স্বেহ পেয়েছে। তিনি তাদের অভাব কোনদিনও বৃথতে দেননি, স্বেহের ভালবাদায় কোন ফাক রাখেন নি।

কিরণের ছোট মেয়ে বৃলবৃল। কিরণ হিরণের সঙ্গে ব্যাক্ষালোরে চলে গেল। বৃলবৃল থাক আমার কাছে; কোথায় যাবে! তবু একটা ছোট মেয়ে আছে, খুরে ঘুরে বেড়ায় সারা বাড়িময়; কী যে আনন্দ হয়! ও থাক আমার কাছে, ভোরা যা ঘুরে বেড়িয়ে আয়।

বুলবুল, যাবি না আমার সঙ্গে!

না মা আমি বড়মামার কাছে থাকব।

हित्रव कित्रव हत्न श्वन ।

বুলবুলের অবর হল। অবর কমে না। অবর নামে নাকুকেন ? হল টাইক্সরেড। চিস্তিড

चामादत्र ७ चौधादत

অতুলপ্রসাদ। এ কী হল, মায়ের কাছ থেকে মেয়েকে চেয়ে নিলেন,—মেয়ে যে পালিয়ে যায়, রাখা গেল না! কিরণ ব্যান্ধালোর থেকে ছুটে লখনউ চলে আসবার তিনদিন পরে বুলবুল বিদায় নিল।

কিছুদিন পরে মনের ছাথে কিরণ লখনউ ছেড়ে কলকাতায় চলে গেল। হিরণ ব্যাঙ্গালোরে। ছুটকি (প্রভা) ও ছুটকির স্বামী শেষান্ত্রী দিদির কাছে ব্যাঙ্গালোরে। মা কোথায়? মা আজকে লখনউ, কাল কলকাতায়; ব্যাঙ্গালোরে কিরণ হিরণের বাড়িতে, অতুলের বাড়িতে—মায়ের কোথাও গিয়ে শাস্তি নেই। মায়ের মন চঞ্চল হয় একের পর এক মৃত্যুর আঘাতে আঘাতে ত্রে ঘুরে বেড়ান শাস্তির আশায়।

লখনউয়ে অতুলপ্রসাদ একাকী। হেমকুস্থন অল্প দূরে লালবাগ মহলায় ক্যাণ্টনমেণ্ট রোডের বাড়িতে দিলীপকে নিয়ে বাস করছেন। এখানে এই নির্জন বাড়িতে অতুল-প্রসাদ লোকজনের হাতের উপর নির্জন। বাবুচি বেয়ারা আয়া মালি যেন এদেরই সংসার, অতুলপ্রসাদ বাইরের মাহয—অতিথি। তাঁর এ-গৃহ যেন পায়ণালা—যাত্রীরা ত্দিনের জত্তে আদে আর যায়। তুদিনের হাসা কাঁদা। যার চিরকালের মত ঘর বেঁধে থাকবার কথা, সে থাকে দূরে।

স্থালামাসি লখনউ এসে গৌছে গেলেন। এসে অতুলপ্রসংদের সাংসারিক ভার আপন হাতে তুলে নিলেন। মাতৃম্বেহে ভরিয়ে দিলেন অতুলপ্রসাদের মন।

অতুলপ্রসাদের শরীরে আলশু নেই। নিজের স্বাস্থ্যের দিকে লক্ষ্য না রেখে দিনরাত কাব্দে ব্যস্ত। সারা দিনরাত তাঁর দেখা মেলা ভার। স্থবালামাদী অনেক সময়ে বলেন, তোমার কাছে এলাম অথচ তোমাকে দেখতে পাই না। বলেছেন, তুমি যখন এত খাটো, তুমি অনেক টাকা উপার্জন কর; কিন্তু এত টাকা তুমি কী কর?

অত্লপ্রসাদ উত্তর দিতেন, আমি খাটি এবং যথেই টাকা উপার্জন করি সত্যি, কিছ সব খাটুনিই তো টাকা উপার্জনের জ্ঞে করি না। আমার কত কাজ আছে! লোকে সব কাজে আমাকে ডাকে। ডাকলে তো সাড়া না দিয়ে পারি না।

হেমন্তশনী যথন লখন উয়ে এসেছেন তথন অনেকদিন অসুযোগ করেছেন, বাবা অতুল, তুই কিছু টাকা জমিয়ে একটা জমি কেন। বাড়ি কর বাবা। এ-কথা বলে বলে হেমন্তশনী হয়রান। অতুলপ্রসাদ প্রত্যেক বারই হেসে বলেন, হবে মা, বাড়ি হবে। তোমাকে আমার বাড়িতে থাকতে হবে। তোমার নামে, তোমার জন্তেই একটা বাড়ি করব ঠিক দেখো।

কিন্তু অতুলপ্রসাদের ইচ্ছা ইচ্ছাই থেকে বায়, ভমি কেনা আর হয় না। টাকা জমানো হয় না। বত্ত আয় তত্ত্ত বায়।

মা রাগ করেন। দাদাভাই সভ্যপ্রসাদ রাগ করেন। মা বলেন সভ্যপ্রসাদকে,

আমি তো বলে পারি না সত্য, দেখ তোর কথার যদি অতুস ধরচপত্র কমায়। নিজের ভবিশ্রংটুকু ভাবতে হবে না ?

দাদা (সত্যপ্রশাদ) যথন মাঝে মাঝে ছুটি-টুটিতে লখন উ আসেন, তথন কতদিন অহুষোগ করেন, তুমি তোঁ ইচ্ছে করলেই বাজে খরচ কমিয়ে টাকাটা জমিয়ে জমি কিনে বাড়ি করতে পার। পার না কি ? তবে সে চেটা কর না কেন ?

অতুলপ্রদাদ হালেন, বলেন, বাজে খরচ তো আমি করি না দাদা! মুন্সিদের প্রতি অতুলপ্রদাদের নির্দেশ ছিল, দাদা যথন লখনউ আদবেন, দাদাকে যেন জ্মা-খরচের থাতা দেখানো হয়। অতুলপ্রদাদ বলেন, দেখ দাদা, তুমিই দেখ, কোন্টা আমার অক্তায় খরচ। তুমি বল!

কিছ তুমি নিজের জন্মে কিছু ভাবো? কিছু তো সংস্থান করবে নিজের জন্মে! বাজে খরচ তো দেখছি। এত সব প্রতিষ্ঠানে তোমার টাকার সাহায্য করার দরকারটা কীপ্রত্যেক মাসে—এই যে এতগুলি প্রতিষ্ঠানে তুমি প্রতি মাসে টাকা পাঠাও! বুঝে-শুঝে দান কর না কেন!

আমার আবার ভাবনা! অতুলপ্রসাদ হাসেন। আমি শেষ জীবনে গিয়ে রামকৃষ্ণ মিশনে থাকব। পঞ্চাশ টাকায় আমার বেশ চলে যাবে।

একবার বাংলাদেশে এসে সত্যপ্রসাদকে অতুলপ্রসাদ বললেন, দাদা, এবার একটা জমি কিনব মনে করছি। কেনায় কিছু স্থবিধে হতে পারে। বে-জায়গাটা দেখেছি, তা লখনউ মিউনিসিপ্যালিটির—স্টেশনের কাছাকাছি ভাল জায়গায়।

সত্যপ্রসাদ আগ্রহ প্রকাশ করে বললেন, কী রকম দাম-টাম বলে ?

অতৃলপ্রসাদ বললেন, জমির বাধিক থাজনা ৫০০ টাকার মত। যদি কুড়ি বাইশ বছরের খাজনা একদক্ষে দিয়ে দেওয়া যায় তবে আর কোন থাজনা দেওয়ার দরকার নেই। জমিটা নিজম্ব হবে।

সত্যপ্রসাদ খুউব উৎসাহের সঙ্গে বললেন, জমিটা নিয়ে নাও। বাড়ির কাজ আরম্ভ করে দাও। শুক্র করলেই শেষ করতে দেরি হবে না।

তোমাকে আর একটা কথা জানাই দাদা। একটা ঘটনা ঘটে গেছে। আমি ষেখানে জমিটা কিনব ভাবছি, সে-জায়গাটার নাম লখন উয়ের পুরজনেরা আমার নামাস্থসারেই রেখেছে। কী, কী বললে ভাই ?

আর বল কেন! সেবার মামি যখন কলকাতার এসেছিলাম, দেই সময়টিতে আমার সম্মতির অপেকা না করেই লখনউরের পুরক্তনেরা ওই জমিটার মধ্য দিয়ে একটা রাস্তা বার করে রাস্তাটার নাম দিরেছে 'এ. পি. সেন রোড'। আমি দাদা এই নামকরণের ব্যাপারে খুব অসম্ভই হয়েছি।

দাদা বললেন, তোমায় বে লখনউবাদীরা কত ভালবাদেন, এ তারই নিদর্শন। অসম্ভ কেন হচ্ছ ? না-না, এ-বিষয়ে আর কোন আপত্তি কোরো না বেন। দেদিন সত্যকুমার এলেন।

অত্লপ্রসাদ ভোরবেলা উঠে ড্রেসিং গাউন পরে তাঁর লখনউছ বাসভবনের বাগিচায় মালির কাজকর্মের তদারকিতে ব্যস্ত ছিলেন। কোটের কাজে প্রায় সারা দেশ ঘুরে বেড়াতে হয়। কত কাজ তাঁর, তারই ফাঁকে ফাঁকে ফুল বাগিচার কথাও মনে থাকে। ছেলেবেলায় ঢাকার মিরাভারের বাড়িতে বাবার সঙ্গে বাগান করা, গাছকে বত্ব করতে শেখা, বাবা এবং ঠাকুরদার (মাতামহ কালীনারায়ণ গুপ্ত) কাছ থেকে ব্রক্ষের প্রতি মমন্তবাধ জান অর্জন এবং অভ্যাস আজও অনেক কাজের মাঝে বাগানে এসে নিজ হাতে কাজ করার উৎসাহ জোগায়। গোলাপ তাঁর বড় প্রিয়। গোলাপ গাছের ঝাড়টি আগাছায় ভরে গেছে; মালির হাত থেকে গোলাপ-কাটা কাঁচি হাতে নিয়ে নিজ হাতেই ভালগুলি পরিন্ধার করছেন, এমন সময় সভ্যকুমার এলেন। সভ্যকুমারকে দেখে অতুলপ্রসাদ বললেন, কি হে, তুমি অনেকদিন আসনি। তুমি কেন আমার এবাড়ি থেকে চলে গেলে মডেল হাউসে? ভোমার ভাড়া-বাড়িতে থাকার দরকার কী! তোমার ওপর আমার ভীষণ রাগ হয়েছে।

সত্যকুমার হাসলেন। বললেন, আপনি আর আমাকে কত সাহায্য করবেন অতুলদাদা ! আপনার দানের তুলনা নেই।

অতৃলপ্রসাদ বললেন, যাক তৃমি যথন এসেছ চল আজ জমিটার ব্যবস্থা করে আসি।
সভ্যকুমার বললেন, নতুন স্টেশনের সামনে কংগ্রেসের মাঠে লখনউ মিউনিসিপ্যালিটির
থালের থারের জমিগুলি। ওথানে অনেকেই জমি নিচ্ছেন—আমাদের বিরাজ গুপু,
ভা: সেন, জ্বজ্পাহেব যতীন বস্থ এবং আরো অনেকেই। পাড়াটা বেশ ভাল জমবে
মনে হচ্ছে অতুলদাদা। স্বপ্থেকে ভাল হবে এ পি. সেন রোডে কবি অতুলপ্রসাদ
সেনের বাড়ি। মাকে একবার জমিটা দেখিয়ে দিন। মা খুশি হবেন খুউব।
ঠিক বলেছ, মাকে এবার কলকাতা থেকে নিয়ে আসব। আমার মনে একটা স্বপ্ন আছে,

ঠিক বলেছ, মাকে এবার কলকাতা থেকে নিয়ে আসব। আমার মনে একটা স্বপ্ন আছে, জান! আমার এখানে হটো বাড়ি হবে। একটা মায়ের নামে মায়ের জন্তে, আর একটা হেমকুস্থমের।

নজুলের কাছ থেকে পাঁচ বিঘে জমি নেওয়া হল। দথল নিলেন পরে; দে জমিতে খুঁটি দিয়ে কাঁটাভারের বেড়া দিয়ে মিরে রাখলেন। মাকে এর মাঝে কলকাভা থেকে নিয়ে এলেন। মায়ের শরীর রোগে শোকে ত্:থে ভেঙে পড়েছে। মেয়েগুলো বিধবা হল, তুটি নাতনির অকালে মৃত্যু হল—কিরণের মেয়েড্টি। চাট জামাইটির চাকরির

[🔹] দাবিলিঙে কিরণবালার বড় মেয়ের মৃত্যু হয়। কিরণের তুই মেয়ে।

কেত্রে গোলমাল পাকিয়ে উঠল—আর একমাত্র পুত্র অতুলের জল্ঞে সব সময়েই ভাবনা মনটাকে ছেয়ে থাকে। তার মৃথের দিকে বৃত্তি তাকাতে পারেন না হেমস্তপনী। ···শরীর থারাপ হবে না মায়ের ভেবে ভেবে!

অতুলপ্রসাদ বললেন, মা তুমি এত ভেবো না, আমি বেশ ভাল আছি। তোমার তো খুশি হওয়া উচিত। তোমার ছেলের বাড়ি তৈরি শুরু হবে এবার। তোমার তো অনেক দিনের ইচ্ছে ছিল, চল তোমাকে জমিটা দেখিয়ে নিয়ে আসি।

মা থেন কেমন নিরুৎসাহ বোধ করেন—কেন যে, সে-কথা বলা যায় না। অথচ ছেলের বাড়ি তৈরি শুরু হবে, মনে তো আনন্দ থাকা উচিত। জমি কেনা হয়ে গেছে।

অতুলপ্রসাদ খ্ব উৎসাহের সঙ্গে নিজেই নিজের বাড়ির নক্সা আঁকতে শুরু করে দিলেন। আজ এটা মনের মত হয়, তো কাল ওটা খুঁতখুঁত করে, আবার নতুন করে আঁকেন—আঁকান। বন্ধুবান্ধবদের দেখান, তাদের সঙ্গে আলোচনা করেন। মায়ের সঙ্গে পরামর্শ করেন। ইট স্থরকি সিমেন্ট কাঠের দরদস্তর খোঁজখবর নেন। আর টাকা জোগাডের চেষ্টা করেন। বাড়ি করা কি সহজ কথা! কত কাঠ-খড় পোড়াতে হয়। অতুলপ্রসাদ বাড়ি তৈরির সবরকম বন্দোবন্ত করে ফেললেন। বাড়ি শেষ হলে মাকে দিয়ে গৃহপ্রবেশ করাবেন। ত্-খানি বাড়ি হবে, চমংকার নক্সা হল। বাড়ি তৈরি শুরু হবে ভিত পুজো করে, মা অস্থবে পড়লেন।

নায়ের শরীরটা সতিয় খুব খারাপ হয়ে গিয়েছিল। কিন্তু ভেতরে ভেতরে এত বে থারাপ হয়েছে কে ভাবতে পেরেছিল। ভীষণ অস্ত্র হয়ে পড়লেন। অবস্থার ক্রমে অবনতি হল। শেষ সময়ে মা একবার জাঠিইমাকে* দেখতে চাইলেন। বোনেদের কাছে আত্মীয় স্বজনদের কাছে জরুরি তার গেল। দূর দেশে জনেকে। ছুটে এলেন। বোনেরা কেউ কেউ শেষ সময়ে মাকে দেখতে পেলেন, কারুর বা শেষ দেখা আর হল না। ১৮ই বৈশাথ ১৩৩২ (ইংরিজি ১৯২৫) মা শেষ নিশাস ত্যাগ করলেন। হেমকুস্থম অস্ত্র শরীরে তখন দেরাছনে। আন্ধ-বাসরে দেরাছন থেকে দিলীপ এল লখনউয়ে। বেদনাহত অত্লপ্রসাদ মাকে হারিয়ে পাগলের মত হলেন। কোর্টের কাজকর্ম, দেশের কাজকর্ম, জনসেবা, হাজারো কাজ থেকে মৃক্তি চাইলেন। শুণমুম্ব দেশের মাহুষ, আত্মীয়স্বজন বন্ধুবাদ্ধব সান্ধনা দিয়ে সমবেদনা জানিয়ে চিঠি লিখলেন। মায়ের আদ্ববাসরে বেদনাহত অত্লপ্রসাদ প্রার্থনা জানালেন:

"বিশ্বজননী! সংসারে পাইয়াছিও অনেক, হারাইয়াছিও অনেক। কিন্তু এবার সকলের চেয়ে অমূল্য সম্পদ হারাইলাম—মা। তুমি আমাকে অনেক ক্থে বঞ্চিত করিয়াছ,

^{*} সত্যপ্রসাদ সেনের মা

কিছ একটি পরম হথে একদিনের জন্তেও বঞ্চিত কর নাই; সেটি অপূর্ব মাতৃ-স্নেহ, আজ তাহা হইতে বঞ্চিত করিলে। এক-এক সময়ে মনে হয় এখন কী নইয়া থাকিব, কে আমাদের সকল হথে হখী, সকল তৃথে তৃখী হইবে। শৈশব হইতে যৌবনে, যৌবন হইতে প্রৌঢ়াবস্থার, প্রৌঢ়াবস্থা হইতে বার্ধক্যে আসিয়া পড়িলাম। মার কাছে চিরকাল শিশুই হইয়া রহিলাম। যখন 'মা' বলিয়া ডাকিতাম, আর মা যখন 'অতৃল' বলিয়া ডাকিতেন, তখন ভূলিয়া যাইতাম যে এত বড় হইয়াছি। শৈশবে যেমন স্নেহের শাসন পাইতাম, সেদিনও সেইরূপ পাইয়াছি। হায়! আজ তেমন করিয়া শাসন করিবে কে? তেমন করিয়া সেবা করিবে কে? এই গৃহ রক্ষা করিবে কে? মাতৃহারা হইয়া নিজেকে নিংসম্বল মনে হইতেছে। বিশ্বজননী, তুমি আমার সহায় হও।"

সন্ত্রীক মাসত্ত ভাই শিশিরকুমার দপ্ত সিমলা যাওয়ার পথে জ্যৈষ্ঠ আযাঢ় মাসে লখনউ এলেন। অতুলপ্রসাদকে শিশিরকুমার বললেন, চল তুমি আমার সঙ্গে ভাইদাদা। ভোমার মন খারাপ, কিছুদিন আমার সঙ্গে ঘূরে আসবে চল। ভোমার কোর্ট ও ভো এখন বন্ধ হবে। কোন কথা ভানব না।

অতুলপ্রসাদ বললেন, আমার এখন কিছু কাজ আছে সেগুলো সেরে নিই। তোমরা বাও, আমি কিছু পরে তোমাদের সঙ্গে মিলিত হব।

শিশিরকুমার দত্ত সন্ত্রীক সিমলার পথে দিল্লী রঙনা হলেন। সিমলায় এসে উঠলেন চার্চের নিচে বেলমণ্টএ। অতুলপ্রসাদ সিমলায় এসে সিসিল হোটেলে উঠলেন। সেথান থেকে কালেটন হোটেলে এলেন। কাল্টন হোটেল থেকে দাদা সত্যপ্রসাদকে লাকসামে চিঠি দিলেন:

Carlton Hotel Simla

मामा

22. 6. 25.

আমি ছুটিতে তিন সপ্তাহের জন্ম সিমলাতে আসিয়াছি। শারীরিক ভালই আছি, কিন্তু মা হারা হওয়াতে মনটা মাঝে মাঝে বড় বিচলিত হয়। তাঁহার আকার্মার্থ একরকম ভালভাবেই হইয়াছে। কলিকাতা হইতে প্রচারক গুরুদাস চক্রবর্তী আসিয়াছিলেন, রামক্ষণ আর্জমে প্রায় ১৫০০ কর আত্র ও বিপর্নদের থাওয়ানো হইয়াছিল। মার নামে সেবার্গ্রমে একটি শুক্রমালয় নির্মাণ করিবার কর্ম্ম ৩০০০ টাকা দিব প্রতিক্ষত হইয়াছি। ফিরিয়া গেলে ভাহার কাল আরম্ভ হইবে। আরও ২৫০০ টাকা ব্রাহ্ম সমাজে প্রচারের কাজে দিব বিলয়াছি। তার্মার বির্দার ভিল ভালি ক্রেটিমার সঙ্গে দেখা করিতে—হইল না। ভগবানের নির্ভর ভিল আর উপায় নাই!

তোমরা পুরী বেড়াইয়া আসিলে, এবং জেঠিমাতাঠাকুরানীকে তীর্ধ দর্শন করাইয়া আনিলে, ভালই করিয়াছ। আমি লখনউ ফিরিয়া পিয়া টয়্নাকে* একখানা গানের বই পাঠাইয়া দেব। দিলীপ প্রান্ধের সময় আসিয়াছিল। এবং লখনউতে কয়েকদিন আমার কাছে ছিল। আবার জ্লাই মাসে আসিবে। এখন সে দেরাহনে। তাহাকে কোন একটি এগ্রিকালচার ফারমে ভতি করাইয়া দিব ভাবিতেছি। সেইজ্ম্ম লেখালেখি করিতেছি। তাহারও সেদিকে ইচ্ছা। তাহার মা এখন দেরাহনে। আমাদের বিশেষ বন্ধু মেজর জ্যোতিলালের (বিহারী সেন মহাশয়ের পুত্র) বাড়িতে ইলেকটো চিকিংসার জয়ে আছে। কয়েক মাস থাকিতে হইবে। মার পরলোক গমনের পরেই কোনরূপ অবস্থার পরিবর্তন আমার ইচ্ছা নহে। ভবিয়তের কথা এখন ভাবিতে পারি না।

আমার জন্তে ভাবিও না। যিনি তুঃধকষ্ট দিতেছেন তিনিই রক্ষা করিবেন। তোমরা সকলে আমার ভালবাসা জেন। আমি ৩রা জুলাই লখনউ ফিরিব। সেইখানেই পত্র লিখ।

তোমার ছোটভাই

অতুল

শিশিরকুমার দত্ত একদিন এসে বললেন, চল ভাইদাদা আমরা ভোজ্যি থেকে বেড়িয়ে আদি।

ভোজ্যি অর্থাং শতফ নদীর উৎস।

বেশ তো, চল ষাওয়া যাক। কে কে যাবে খোদনণ ?

তুমি আমি আর কুম্দিনী। সঙ্গে আমাদের বোড়া থাকবে। থাবার দাবার সঙ্গে নেব।
চমংকার বেড়ানো হবে।

थूर जान कथा। চল या ७ ग्र। याक।

চলার পথে ত্ধারে বনরাজির ভামলিমা, কথনো কক্ষ প্রান্তর, অজল বরনা, পাপির কলকাকলি, কথনো নিস্তর নিথর পৃথিবী, ধ্যানমগ্র গিরিকন্দর। আপন মনে পথ চলেন অতুলপ্রসাদ। আজ বড় মৌন। চিরকাল তিনি হাস্তম্থী, হাসির ফোয়ারা। রদের রসিক অতুলপ্রসাদ আজ বড় মান। আনমনে পথ চলেন। বড় করুণ পদক্ষেপ। কুম্দিনী বলেন, একটা গান করুন ডাইদাদা। শিশির বলে, এমন পরিবেশে একটা গান শোনাও।

चामाद्र व चाराद्र

টছ্মা—শ্রীমতী জ্যোৎস্বা সেন (সত্যপ্রসাদ সেনের কক্তা)

প্রাদন — মাসতুত ভাই শিশিরকুমার দত্ত

হইয়া পড়িয়াছে। তাহার চিকিৎসার আবশুক। জ্যোতিলালের ট্রীটমেণ্টে কিছুই হইল না।

৩। তুমি ভাই বলিয়াছ যে দেশে গেলে কিছু টাকা সঙ্গে না লইয়া যাওয়া চলে
না। যাহা কিছু হাতে আসে তাহা বাড়ির জন্মে থরচ করিতে যায়, এ
যাত্রায় তাই যাওয়া ছিল না। দেখি যদি শীতকালে পারি। তোমরা
আমার ভালবাসা নিও। আশা করি তোমরা সকলে ভাল।

তোমার ভাই

অতুল

সভ্যপ্রসাদকে চিঠি লিখলেন অতুলপ্রসাদ ১৯শে সেপ্টেম্বর ১৯২৫।

তার কয়েকদিনের মধ্যেই অত্লপ্রসাদ দেরাত্ন রওনা হলেন। হেমকুস্থমের অস্কৃতার জল্পে খুউব চিন্তিত। মেজর জ্যোতিলালের চিকিৎসাতেও হেমকুস্থমের শরীর কিছুমাত্র সারেনি। হেমকুস্থমের স্বাস্থ্য যথন দেরাত্বনে সারল না, তথন আর তাঁকে দেরাত্বনে রাথার কোন প্রয়োজনই নেই। ওঁকে লখনউ নিয়ে এলেই হয়, লখনউতে এনে স্পোলিন্ট ডাব্রুলিকে দেখিয়ে স্কৃত্ব করে তোলার চেষ্টা করলে হয়। তাই মনে মনে ভেবে নিলেন অত্লপ্রসাদ, যত শীঘ্র সম্ভব হেমকুস্থমকে লখনউতেই ফিরিয়ে নিয়ে আসবেন।

দিলীপ তথন দেরাছনে কোন একটি এগ্রিকালচার ফারমে ট্রেনিং নিচ্ছে। দিলীপকে দেখে বললেন, কেমন কাজকর্ম হচ্ছে তোমার, এ বিষয়ে মন বসছে তো? মনে মনে ভাবেন অতুলপ্রসাদ, শেষ পর্যস্ত এতেও মনম্বির থাকবে তো তাঁর একমাত্র ছেলের! বড় থামথেয়ালী ছেলে। ওর জন্তে কম ভাবনা!

দিলীপকে বললেন, তোমার শরীর কেমন ? এথানে ভাল লাগছে তো বাবা ?

मिनौপ वनत्न, रंगा जान नागर्छ।

ভোমার ছুটি কবে হচ্ছে ? লখনউ ষাচ্ছ কবে ?

শীতকালে কয়েকদিনের জন্মে খেতে পারি।

মন দিয়ে কাঞ্চকর্ম কর, কেমন ? তোমাকে মাহুষ হতে হবে।

অতুলপ্রসাদ বললেন, তোমার মায়ের চিকিৎদা এখানে ভাল হল না, তাই ভাবছি তাঁকে লখনউতে নিয়ে ভাল করে ভাকার দেখিয়ে আবার নতুন করে চিকিৎদা করাবো।

मिनौभ वनतन, दंगा भिर जान वावा।

অতৃল প্রসাদ হেমকুস্থমকে নিয়ে লখনউ ফিরে এলেন। উঠলেন আউট্রাম রোডের বাড়িতে। অস্থ হৈমকুস্থম বড় অসহায়। ওকে যেন চেনাই যায় না, বিছানায় মিশে গেছে শরীরখানা। চারবাগের বাড়ি তথনও শেব হয়নি, বারে বারে বারা পড়ে কাজে। জমি কিনে কত পরিকয়না মনে এঁকে বাড়ি শুরু করবেন অতুলপ্রসাদ, মা হঠাৎ মারা গেলেন। মায়ের নামে রামকৃষ্ণ সেবাজামে একটা রক তৈরির টাকা দিলেন। নানান ব্যাপারে বাড়ির কাজ ব্ঝি কিছুদিনের জল্যে থেমে যায়। এখন আবার হেমকৃষ্ণম অস্থ। হেমকৃষ্ণমের জল্যে জলের মত টাকা খরচ হয়। কিন্ত সেজন্যে কি বাড়ির কাজ বন্ধ থাকে! বাড়ির নির্মাণ-কার্যও চলে, হেমকৃষ্ণমের চিকিৎসাও চলল। অতুলপ্রসাদের পরিশ্রম ক্রমে অত্যধিক হয়ে উঠল।

হেমকুস্থম সারাদিন শুয়ে একাকী। অতুলপ্রসাদ সে সময়ে কাজে ব্যন্ত থাকেন। অতুলপ্রসাদ যথন হেমকুস্থমের পাশে এনে বসেন, হেমকুস্থম বলেন, আমি আরু চলতে পারব না কোনদিন। তুমি বল, আমি চলে-ফিরে বেড়াতে পারব ?

অতুলপ্রসাদ বলেন, কেন পারবে না! তোমাকে ভাল ডাক্তাররা দেখে বাচ্ছেন, তোমাকে সম্পূর্ণ স্বস্থ করে তোলার জ্বন্থেই তো তাঁদের এখানে আসা। তাঁরা তো আশা ত্যাগ করেননি।

কিন্তু দেরাত্নে ক্যোতিলাল আমাকে তো ভাল করে তুলতে পারল না।

তুমি মনে জোর আন হেম, দেখবে তুমি ভাল হয়ে গেছ।

মনে জোর আনতে চাই তো, কিন্তু শরীরটা। ... পারি না।

না, মনে জোর আন নি; আনলে মৃথের চেহারা অমন হত না।

আমি কোনদিন চলে ফিরে বেড়াতে পারব না। আমার পা-ছটি বেন কেমন অবশ বলে মনে হয়।

অতুলপ্রসাদ হেমকুস্থমকে সাহস দিয়ে বলেন, তুমি চলতে ফিরতে পারবে বৈকি।
এ তোমার মনের ভয়। তুমি এখন অনেক সেরেছ। ডাক্তার তোমাকে সাহস মনে
এনে চলতেই বলেছেন। তুমি আমার হাত ধর। এস, আমার হাত ধরে ধরে চল।
না আমি চলতে পারব না, আমার ভয় করছে!

কিন্তু তোমাকে চলতেই হবে হেম। তুমি উঠে দাঁড়াও, আমার হাত ধর। ···এই তো দাঁড়িয়েছ···সাহস ফিরে এসেছে। চল, এগিয়ে চল।

সাহসে ভর করে হেমকুস্থম পায়ে পায়ে এগিয়ে চলেন। চলতে গিয়ে ক্লাস্ত হন।
থর-থর কাঁপে সারা দেহ। তৃ-হাতে মৃথ ঢেকে বসে পড়েন। অতৃলপ্রসাদ সাহস দেন।
সাহস দিয়ে প্রেশ্বণা দিয়ে অতৃলপ্রসাদ হেমকুস্থমের মনের আছা ফিরিয়ে আনেন।
নিজের ওপর আছা ফিরে আসাশ্ব হেমকুস্থম অনেকটা স্থন্থ হন।

ওদিকে অত্লপ্রসাদের স্বাস্থ্য নষ্ট হয় বৃঝি। শব্যা ত্যাগ করেন কোন সকালে, তারপর কাজের চাকা খুরে চলে। কোট যাওয়ার আগে পর্যন্ত অফিস-মরে মঞ্জেলদের

ভিড়; তাদের বক্তব্য শোনা, নথিপত্র দেখা, তাদের বিদায় করে দিয়ে লান খাওয়া শেষ করেই ছোট কোর্টে। চলে কয়েক ঘণ্টা মানসিক পরিপ্রম, শারীরিক পরিপ্রমণ্ড কম হয় না সপ্তরাল করতে গিয়ে। কোর্ট থেকে ফিরতে না ফিরতেই আবার শুরু হয়ে যায় মঙ্কেলদের আনাগোনা। কোনদিন বা কারো সঙ্গে কথা বলতে ইচ্ছে জাগে না। বড় ক্লান্ত মনে হয়। কত রাত গেছে নিদ্রাহীন আইনের বইয়ের পাতায় পাতায় ঘুরে ফিরে। আনে হর্গত মায়্রয়রা তাঁর কাছে আইনের আপ্রয় চেয়ে। তাদের ফেরাতেও মন চায় না। কবি অতুলপ্রসাদের মন টানে রবিবারের আসরটি। এই আসরে এসে ঘখন বসেন তথন তিনি অত্য মায়্রয়। কোথায় শোক, কোথায় হঃখ, অয়্থ-বিম্র্থ, জর জারি! এই পৃথিবীটা তখন কেবল গানের, হাসির, আনন্দের; এখানে এলে এই সাহিত্যজগতে সাংসারিক জগওটা অনেক দ্রের বলে মনে হয়়। স্ত্রী-পুত্র-পরিবার, তাদের অত্তিত্ব অকিঞ্ছিৎকর বলে মনে হয়়।

···প্রবাদে আমাদের একটা পত্রিকা প্রকাশ করলে কেমন হয়, আমাদের প্রবাদী বাঙালীদের মুখপত্র! বাঙলাদেশে বাংলা সাহিত্যের প্রবাহ চলছে ধেমন চলুক। আমরা এখানে আমাদের কথা বলি।

কেদার বন্দ্যোপাধ্যায় কাশী থেকে জানালেন, অতি উত্তম। আপনি যদি চেষ্টা করেন আমরা আপনার পিছনে আছি।

উহু, দে হবে না। আপনারা সকলে এগিয়ে আহ্বন আমার সামনে।

পত্রিকার ব্যাপারে কান্ধ করার জন্মে একজন স্থযোগ্য কর্মী চাই। সে-ই সকল ভার নিক, আমরা তার সঙ্গে থাকব। প্রবাসী বঙ্গ সাহিত্য সম্মেলনের তথন প্রতিষ্ঠা হয়ে গেছে। প্রকাশ হয়নি তথনও প্রবাসী বাঙালীদের মুখপত্র 'উত্তরা'র। এলেন স্বরেশ চক্রবর্তী।*

* স্থরেশ চক্রবর্তী তথন তরুণ। কাশীতে একটি পত্রিকা প্রকাশ করলেন, নাম তার প্রবাদ-জ্যোতি। মনে অনেক আশা-আকাক্রা এবং অনেক স্বপ্ন নিয়ে দে পত্রিকার প্রকাশ হল। লেথক-গোষ্টিতে কেদার বন্দ্যোপাধ্যায়, পণ্ডিতপ্রবর গোপীনাথ কবিরাজ, স্থনামধন্ত আরো অনেকেই ছিলেন। কেদার বন্দ্যোপাধ্যায় একদিন বললেন, স্থরেশ, লখনউয়ে কবি অতুলপ্রসাদের কাছে যাও; লখনউয়ের স্থনামধন্ত এবং অত্যন্ত প্রতিপত্তিশালী মাহ্যব। কবিতা নিয়ে এস, এবং কিছু গ্রাহক করিয়েও আনতে পারবে। গ্রাহক জোগাড় হবে—এ কথাতেই স্থরেশ চক্রবর্তী ধূউব উৎসাহিত হলেন। কারণ কবিতা পাওয়ার থেকে গ্রাহক সংগ্রহের আগ্রহটাই তথন স্থরেশ চক্রবর্তীর কাছে কাজের কথা। কোন এক শনিবার ছুটলেন কাশী থেকে লখনউ। স্টেশন থেকে সোজা অতুলপ্রসাদের

আপনি বোধহুর চিনতে পেরেছেন, কেদার বন্দ্যোপাধ্যার বনলেন, আমাদের প্রবাস-জ্যোতি পত্রিকার জন্মে স্থরেশ আপনার কাছে গিয়েছিল।

हैंग हैंग, 6िन वहेकि, विनक्त हिनि।

আয়প্রকাশ হল কাশী লখনউ থেকে 'উত্তরা'র। 'উত্তরা অতুলপ্রসাদের মানস কলা। সে বছর লখনউয়ে বঙ্গ সাহিত্য সন্মিলনের তৃতীয় বার্ষিক অধিবেশন বসল। অতুলপ্রসাদ অভ্যর্থনা কমিটির সভাপতি। সন্মিলনের উদ্ঘাটন-দিবসে বললেনঃ

"আপনারা লখনউ নিবাসী বাঙালীদের বিনম্র নমস্বার গ্রহণ করুন। অভ্যর্থনা সমিতির পক্ষ হইতে আমি আপনাদিগকে সাদরে অভিনন্দন করিতেছি। এ সাহিত্যোৎসকে বোগদান করিয়া আমাদিগকে রুতার্থ করুন হয়ত আপনারা ভাবিয়াছিলেন নবাব-প্রধান লখনউ নগরে নবাবোচিত সৌজন্ম ও আতিখ্যের বিপুল ব্যবস্থা হইবে। সত্যি এককালে লখনউ নগর প্রচ্র স্থুখ স্বচ্ছনতা, মনোরম সৌজন্ম ও অপরিমেয় আতিখেয়তার জন্ম সর্বত্র খ্যাতিলাভ করিয়াছিল। একদিন স্বচ্ছল-অবকাশ-সাপেক্ষ মধুর সঙ্গীতে এদেশ ঝক্বত হইত। ঐশ্র্য-পরিপুষ্ট শিল্পকলা এদেশে সকলের মনোরঞ্জন

বাড়িতে। ভূত্য এনে বসিয়ে দিয়ে গেল যে ঘরে তার পাশের ঘরটিই বোধহয় স্লানের ঘর ছিল, কারণ জল ঢালার শব্দ আসছিল এবং তার সঙ্গে বা তা ছাপিয়ে গন্তীর দরাক্ষ গলায় গানের কলি। কিছু পরে চটি পায়ে তোয়ালেয় শরীর ঢেকে যে জ্যোতিয়ান পুরুষটি স্লানের ঘর থেকে বেরিয়ে এলেন তিনি বললেন হাসিম্পে, বস্থন আসছি। কর্মবান্ত মাহয়ে, তব্ সময় দিলেন কিছুক্ষণ। বললেন, পোজা স্টেশন থেকে ব্ঝি? তবে তো খাওয়া দাওয়া কিছু হয় নি। খেয়ে যাবেন। জানতে চাইলেন কি জতো আগমন, কী করতে পারি।

স্থরেশ চক্রবর্তী বললেন, আপনার কবিতা আমার চাই। তারপর আসল কথা বললেন: আপনার তো এখানে অনেক পরিচয়, আমাদের কাগজের জস্তে কিছু গ্রাহক জোগাড় করে দিন এবং আপনিও গ্রাহক হন।

অতুলপ্রসাদ বললেন, বেশ বেশ, আপনাকে গ্রাহকও নিশ্চয় দেব। তারপর। গানের খাতাখানি এনে স্থরেশ চক্রবর্তীর হাতে দিয়ে বললেন, যে গান আপনার ভাল লাগে নিন। স্থরেশ চক্রবর্তী মনোনীত করলেন 'মোদের পরব মোদের আশা—আ মরি বাংলা ভাষা'।

অতুলপ্রসাদ বললেন, দেখি আপনি কী গান মনোনীত করলেন? পেখে বললেন, আপনার কচি আছে।

অতুলপ্রসাদের বিখ্যাত গীতি কবিতাটি সর্বপ্রথম প্রকাশিত হয় সেই প্রবাদের অধ্যাতনামা পত্রিব টিভেঃ

করিত। লখনউর রাজগণ যদিচ কুক্ট কিন্বা বটের সংগ্রামে যেরপ পারদর্শী ছিলেন রাজ্যশাসন বিষয়ে তদ্রপ দক্ষ ছিলেন না, তথাপি তাঁহাদের অধিকাংশই উদারচেতা ও মৃক্তহন্ত ছিলেন। মচ্ছিভবনের অধিষ্ঠাতা নবাব আসফদৌলা সাহেবের দানশীলতা এরপ জনবিশ্রুত ছিল যে, এখনও চৌকের কোন কোন বণিক প্রাতে আপনার বিপণি ছার উদ্ঘাটন করিবার পূর্বে এই মন্ন উচ্চারণ করে—জিসকো ন দে মৌলা, উসকো দে আসফদৌলা।

কিন্তু যদিচ লখনউর প্রাতন গৌরবরশ্মি নিতান্তই হীনপ্রভ হইয়াছে তথাপি এই মহানগরী সম্পূর্ণ হত শ্রী হয় নাই। এখনও এদেশ শস্ত-শ্রামলা, এখনও প্তসলিলা, বিদ্ধিগতিতে গোমতী তাহার শীতল আলিঙ্গনে এ দেশকে স্থণীতল করিতেছে। এখনও লোহিতাভ সন্ধ্যায় যখন লখনউয়ের সমাধিসোধের উচ্চ মুকুট এবং শৃঙ্গাবলী।আকাশপটে চিত্রিত হয় তখন গত গৌরবের ধুসর শ্বতিতে আমাদের নয়ন মধুর বিষাদে আর্দ্র হয়। যদিও প্রসিদ্ধ সঙ্গীতজ্ঞগণ লখনউ নগরী হইতে চিরবিদায় লইয়াছেন তথাপি এখনও লখনউয়ের রাজপথ প্রচারীর স্থললিত সঙ্গীতে ম্থরিত। এখনও স্থকবিগণ তাঁহাদের মধুর 'মারসিয়া' সঙ্গীতে হিন্দু-মুসলমান-নিবিশেষে সকলের চিত্তবিনোদন করেন। এখনও 'মুসায়েরা' সন্ধিলনে ধনী দরিত্ব শিক্ষিত অর্ধশিক্ষিত কাব্যমোদিগণ একাসনে বসিয়া এক পাত্রে কাব্যস্থা পান করেন। পুরাতন শিল্পকলা ও কাক্ষকার্য যদিও এখন নিংশেষপ্রায় তথাপি তাহার ক্ষীণাবশিষ্ট এখনও বিভ্যমান। যদিও মুসলমান রাজত্বের সঙ্গে সক্ষেমান সভ্যতার প্রতিপত্তি প্রায় বিদৃপ্ত হইয়াছে তথাপি এখনও আসামান্ত সৌক্ষত, উর্দু ভাষার অপূর্ব সৌষ্ঠব, কথোপকথনের মোহন প্রণালী, মনোহারী ভাববিত্যাস ইত্যাদি সভ্যতার বাহ্নিক নিদর্শন ভিরোহিত হয় নাই।

্তিন বংসর পূর্বে কানপুরের কভিপন্ন সাহিত্যপ্রেমী স্নাঙালী বহিব্বে বাঙলা সাহিত্যের

প্রসার ও প্রতিষ্ঠার একাস্ত আবন্তকতা অহুভব করিয়া এই সাহিত্য-সন্মিলনের স্চনা করেন। যাঁহার। এই মহৎ ত্রত সাধনের প্রথম প্রদর্শক তাঁহাদের মধ্যে আমাদের প্রম বন্ধু কানপুরের জনপ্রিয় লব্ধপ্রতিষ্ঠিত ডাক্তার স্থরেন্দ্রনাথ সেন মহাশয় অক্তম। তৎপর-বৎসর ভাগীরথী তীরে পুণ্যভূমি কাশীনগরে তথাকার সাহিত্যাহরাগী ও উদ্যোগী বাঙালীগণ বন্ধ সাহিত্য সন্মিলনের এক চিরম্মরণীয় মহাসভার অফুষ্ঠান করেন। বর্তমান সাহিত্যজগতের শ্রেষ্ঠতম কবি অতুল প্রতিভা সম্পন্ন বাঙলার কবীন্দ্র রবীক্রনাথ সে সাহিত্য-যজ্ঞের পৌরোহিত্য গ্রহণ করেন ও সে অহুষ্ঠানের সফলতা সম্পাদন করেন। গত বংসর গঙ্গা যমুনার সন্ধিন্থলে পবিত্র প্রয়াগ নগরীতে এই সাহিত্য-সন্মিলনের অধিবেশন হয় · বাঙলা সাহিত্যজগতে স্বপ্রতিষ্ঠিত প্রবাসীকুলগৌরব শ্রীযুক্ত রামানন্দ চট্টোপাধ্যায় মহাশয় সে সভার সভাপতিত্বে রুত হন। কিন্তু অস্তম্ভতার জ্ঞু সভায় উপস্থিত হইতে পারেন নাই। তাঁহার অহুপস্থিতিতে শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণ মহাশয় সভাপতির কার্য সম্পাদন করিয়াছিলেন। এ বংসর লখনউ সে গৌভাগ্যের অধিকারী। কাশী কিম্বা প্রয়াগের ন্যায় এ তীর্থভূমি নহে, তথাপি এ প্রদেশ পুণাভূমি। প্র্বদিকে পুণ্যতোয়া সর্যুর উপক্লে রঘুক্লমণির রাজধানী অযোধ্যা নগরী। পশ্চিমে গোমতী তীরে মহাভারত রচয়িতা ঋষিকুলপুন্দব বেদব্যাদের পবিত্র তপোবন নৈমিষারণ্য। উত্তরে দেব-ত্রাতা আত্মত্যাগের চরম আদর্শ রাজ্যি দধীচির সমাধিভূমি এবং তীর্থ-সমূহের মিশ্রণভূমি মিশ্রিথ। দক্ষিণে পৃতসলিলা জাহুবী। কেন্দ্রন্থলে বিনয়াবতার লক্ষণদেবের রাজধানী কৃত্র গ্রাম লক্ষণপুর—যেস্থলে আত্র বৃহৎ লখনউ নগরী বিরাজিত। আমরা অবোগ্য হইলেও ভারতীর পূজার জন্ম এদেশ অবোগ্য নহে। আমাদের পরম সৌভাগ্য যে এ ভারতীর পূজায় ভারতীর বরকলা ভারতী সম্পাদিকা অধিনায়িকার পদ গ্রহণ করিয়াছেন।

আমাদের এই নবীন শিশুটি আমাদের এত আদরের যে ইতিমধ্যে ইহার একাধিকবার নামকরণ হইয়া গিয়াছে। প্রথমে ইহার নাম রাধা হয় উত্তর-ভারতীয় বঙ্গীয় সাহিত্য সন্মিলন। গত বংসর ইহাকে 'প্রবাসী বঙ্গ-সাহিত্য-সন্মিলন' আঝা দেওয়া হইয়াছে। যদি এ সন্মিলন বাঙ্গালার বহিভূতি বাঙালী-মাত্রের সন্মিলন হয়, তবে উহাকে উত্তর ভারতীয় বলা সঙ্গত নহে। কেন না মধ্যভারত ও দক্ষিণ ভারতে বাঙালী বাস করেন, তাঁহারাও এ সন্মেলনের সভ্যপদের অধিকারী। প্রবাসী নামটি অপেকাক্বত স্থপরিচিত, কিন্তু এ নামটিও সম্পূর্ণ নিরাপত্তিতে গ্রহণ করা চলে না…এখানে যাহারা দীর্ঘকাল ও বংশপরস্পরায় হায়িভাবে রয়েছেন তাঁহাদের ঠিক প্রবাসী বলা চলে না…প্রবাসী শব্দ দুর্ঘব্যঞ্জক ও আগভ্বকতার পরিচায়ক।……

এমন বাঙালী বোধহয় কেহই নাই যাহারা সাহিত্য সমিলনের উপকারিতা সহজে

সন্দিহান। এ দেশবাসী আমরা বহুকাল হইতেই মাতৃভাষার প্রসার সাধনকরে ও বাঙাল। আতির উন্নতি ও বৈশিষ্ট্য রক্ষার মানসে সমিলিত চেট্টার আবশুকতা বিশেষভাবে অহুভব করিয়া আদিতেছি। ভগবংকপায় আমাদের এ উদ্দেশ্ত ফলবতী হইবার পূর্বাভাস দৃষ্টি-গোচর হইতেছে। কিন্তু আমাদের এ সম্মিলনকে স্থায়ী ও হিতপ্রদ করিতে হইলে যে নিরলস সাধনা ও দলবন্ধ প্রয়াসের প্রয়োজন তাহা আমাদের ক্যায় জীবিকারেষী ও নিরবসর বাঙালীর সাধ্যায়ত্ত কি না সে সম্বন্ধে মনে বিধা উপস্থিত হওয়া অস্বাভাবিক নহে। তথাপি প্রবাসী বাঙালীদের হৃদয়ে অধুনা মাতৃভাষার প্রতি যে নবীন অহুরাগের উদ্দীপনা দেখিতেছি তাহাতে আশা হয় যে আমাদের এ নবপ্রতিষ্ঠিত সাহিত্য-মন্দির নিতান্ত ভঙ্গুর হইবে না…

শেপ্রবাদী বৃদ্দস্ভানদের অন্তত বংশরান্তে একবার সাহিত্যাৎসবে দম্দিতি হওয়ার সফলতা বহুবিধ।
 শেকবলমাত্র সামাজিক দিক দিয়া বিচার করিলেও ইহার উপকারিতা অতি স্থান্টরূপে প্রমানিত হয়। সামাজিক পরিচয় ও আয়ীয়তার সাফল্য হয়ত কেহ অস্বীকার করিবেন না, অথচ প্রবাদী বাঙালী আমরা অনেকেই পরস্পরের নিকট অপরিচিত
 শেষাদের অভাব, আমাদের ভবিয়ৎ উন্নতির পয়া ও অন্তরায়, আয়রক্ষার এক উপায় বলিলেও অত্যক্তি হয় না। কিন্তু একত্র হইবার স্থযোগ না থাকায় পরিচয় ও ভাববিনিময়ের অভাবে আমরা বিচ্ছিয়, পরস্পরের সংগয়তা হইতে বঞ্চিত স্থতরাং আমরা ত্বল। যদি সাহিত্যস্ত্রে আমরা কথনও কথনও এক হইতে পারি এবং আমাদের শুভাস্কের আলোচনা করিবার মবদর পাই তবে আমাদের সমূহ লাভ। প্রবাদে বাঙলা সাহিত্যের প্রচার ও উন্নতিসাধন করিতে হইলে সাহিত্য স্থিলন অপরিহার্ষ।

দর্বপ্রথম আমাদের কর্তব্য প্রবাসে বাঙালী বালক বালিকাদের বাঙলা শিক্ষার স্থ্যবন্ধা করা। ধেখানে বহুসংখ্যক বাঙালীর বাস সেধানে স্থপরিচালিত বাংলা স্থল স্থাপন করা নিভান্ত আবশুক। তাহা ব্যায়সাপেক সন্দেহ নাই। কিন্তু মদি সকলে নিজের উপার্জনের এক ক্ষুণ্ডাংশও এ উদ্দেশ্রে ব্যয় করেন তবে অন্তত মেয়েদের একটি পাঠশালা উত্তমরূপে চলিতে পারে। প্রবাসে বাঙালীদের বালিকা বিভালয়ের সংখ্যা অল্ল হইবে না; কিন্তু যে বিভালয়ে শিক্ষার খুউব স্থবন্দোবন্ত আছে এরপ বিভালয় বিরল। এ বিষয়ে আমরা অল্ল ও উদাসীন। যাহাদের সাংসারিক অবস্থা স্বচ্ছল তাহাদের এ সম্বন্ধে গুরুক্দায়িত্ব আছে। দরিক্র বাঙালী ভাইয়ের পুত্রকক্ষারা যদি অর্থাভাবে বাংলা ভাষা শিক্ষা করিতে না পারে তাহা হইলে তাহাদের সাংসারিক স্বচ্ছলতা নিরর্থক। আমাদের মনে রাথিতে হইবে যে আমরা দেব ঈশ্বরচক্র বিভাসাগ্রের বংশধর। স্থাীয় তারকনাথ পালিত এবং রাসবিহারী ঘোষের স্ক্লাতি। আমাদের নিকট বিভা বিতরণ

বিষয়ে দানশীলতার পরম সার্থকতা কেবলমাত্র শাস্ত্রের অনুশাসণ নছে। উহা প্রত্যক্ষীকৃত্ত
সত্য। তৎপরে বাঙালী জনসাধারণের মধ্যে বাঙলা সাহিত্যের প্রচার করিতে হইলে
পাঠাগার স্থাপন করা প্রয়োজনীয়। প্রকালয়ের উদ্দেশ্য পাঠক সাধারণের মধ্যে
স্থাকা বিস্তার করা। যে সাহিত্য পাঠে মনের উচ্চরুত্তিগুলি পরিষ্কৃত হয় সেই
সাহিত্যপাঠে পাঠককে প্রলুক্ত করাই প্রকাগারের মৃল উদ্দেশ্য। জনসাধারণ বাহা
পাঠ করিতে চায় শুরু তাহা সংগ্রহ করাই প্রকাগারের কর্তব্য নহে। তলবুদাহিত্যের
প্রতি স্বতঃই লোকের আকর্ষণ অধিক; যে সাহিত্য চিন্তাশক্তিকে সক্রিয় করে তৎপ্রতি
সাধারণের দৃষ্টি অল্প। তাই সচরাচর প্রকাগারে গল্প ও উপস্থাসের বাহুল্য দেখিতে পাই।
সে বিষয়ে আমাদের একটু সতর্ক হওয়া আবশুক। বাঙলা ভাষায় স্থপাঠ্য সদ্গ্রন্থের
অভাব নেই। তলক হওয়া আমাদের প্রবাদী পাঠক সমাজের একটু সাবধান হওয়া
আবশুক।

•••প্রবাদী বাঙালীদের মধ্যে সাহিত্য সাধনার একটা প্রবল ইচ্ছা দেখা দিয়েছে তাহার ফলে বাঙালীবহুল কাশী নগরী হইতে কয়েকখানি মাসিকপত্র প্রকাশিত হইয়াছিল। তন্মধ্যে 'মলকা' অলিখিত, 'প্রবাস জ্যোতি' নির্বাপিতপ্রান্ন। সম্প্রতি সাহিত্যপ্রেমী শ্রীন্তরেশ চক্রবর্তী কাশীধাম হইতে 'প্রবাসী বাঙালী' নামে একথানি পাক্ষিক পত্রিকা বাহির করিতেছেন, আমি তাঁহার সাহিত্যোৎসাহের প্রশংসা করি এবং তাঁহার স্থলিখিত পত্রিকার স্থায়িত্ব কামনা করি। আমি কিন্তু তাঁহাকে একটি মনোরম ও সারগর্ভ মাসিক পত্রিকা সম্পাদন বিষয়ে সহায়তা করিতে অমুরোধ করিতেছি। পত্রিকাথানি সঠিত্র হইবে। উত্তর ভারতে আজকাল একাধিক খ্যাতনাম। বাঙালী চিত্রশিল্পী বাস করেন। আমার বিশা: এ বিষয়ে এীযুক্ত অসিতকুমার হালদার, শ্রীযুক্ত সমরেন্দ্রনাথ গুপ্ত, শ্রীযুক্ত সারদা উকিল প্রমুখ চিত্রবিভাবিশারদ বাঙালীদের সহায়তা অনায়াদে পাইতে পারি। হুগুভিষ্ঠিত সাহিত্যিক বন্ধুবর ডা: রাধাকমল মুগোপাধ্যায় মহাশয় এ কার্যে হস্তকেপ করিবেন এরপ আশা করি। পাটনা কাশী এলাহাবাদ লগনউ এবং লাহোর বিশ্ববিভালয় সমূহে স্থবোগ্য বিদ্বান বাঙালী অধ্যাপনার কার্যে নিযুক্ত হইয়াছেন। তাঁহারা অনেকে সাহিত্যিক, স্থলেপক। তাঁহারা কট্ট স্বীকার করিলে অনেক সারগর্ভ প্রবন্ধাদি এ পত্রিকায় প্রকাশ হইতে পারে। ডাঃ রাধাকমল মুখোপাধ্যায়, যত্নাথ দরকার প্রম্থ প্রবাদী ঐতিহালিকেরা এ দেশের প্রাচীন ইতিহাস সম্প্রীয় অনেক অনাবিষ্কৃত তথ্য প্রকাশিত করিতে পারেন ৷ যাঁহারা উত্ভাষায় পারদর্শী তাঁহারা দাগ, গালিব, জোধ, আমির, আত্স্, রতননাধ, আকবর, হালি প্রভৃতি স্কবিগণের কাব্যভাগার হইতে রত্ব সঞ্চর করিয়া আমাদের বাঙলা ভাষার 🕮 বৃদ্ধি করিতে পারেন। বাহারা হিন্দিভাবার, স্থশিক্ষিত তাঁহারা তুলসীদাস, স্বাদান, কবীর, বিহারীদান, কেশবদান, ভ্রণ, মীরাবাদ, পদ্মাকর, রহিম, হরিশচন্ত্র, প্রভাপ, শীধর পাঠক প্রমুখ প্রদিদ্ধ হিন্দি কবিগণের কাব্যকুত্বম হইতে মধু আহরণ করিয়া আমাদের মধুচক্রটিকে আরও মধুময় করিতে পারেন। এ দেশের তীর্থাদি, এ দেশের জনপ্রবাদ, এ দেশের লোকাচার ইত্যাদি সাহিত্যের প্রকৃষ্ট উপকরণ যথেষ্ট বিশ্বমান। আমার ধারণা এসব উৎকৃষ্ট উপাদান অবলম্বন করিয়া যদি একটি সচিত্র মাসিক পত্রিকা প্রবাদে নিয়মিতরূপে সম্পাদন করা যায় তাহা হইলে বহিঃবদীয় বাঙালীগণের মাতৃসাহিত্য সেবার পক্ষে বিশেষ সহায়তা করা হইবে, সাহিত্য-প্রেমিকদের মাতৃভাষায় প্রবন্ধ ও কবিতাদি রচনা করিতে উদ্বন্ধ করা হইবে।

প্রবাসী বাঙালীদের আর একটি দায়িত্ব আছে যাহা সাহিত্যদেবী বাঙালীদের মনে রাখা কর্তব্য। যাহাতে বাঙালী জাতি ভিন্ন এ দেশীয়দের মধ্যেও বাঙলা সাহিত্যের প্রতিপত্তি ও প্রসার সংসাধিত হইতে পারে সে বিষয়ে আমাদের যত্ত্বান হইতে হইবে। আপনারা লক্ষ্য করিবেন আধুনিক হিন্দিভাষা অনেকটা বাঙলা ভাষার অমুকরণে গঠিত হইতেছে। হিন্দি, মারাঠি, গুজরাটি ভাষায় বাংলা সাহিত্যের বিশুর গ্রন্থাদি অমুবাদিত ইইয়াছে। আমার বোধ হয় বাঙলা সাহিত্যের শ্রেষ্ঠ গ্রন্থগুলি দেবনাগরী অক্ষরে প্রকাশিত এবং অত্যান্ত ভারতীয় সাহিত্যের উৎকৃষ্ট গ্রন্থগুলি সংক্ষিপ্ত টিকাসহ বাঙলা অক্ষরে মুদ্রিত করিলে আদান-প্রদানের খারা বাঙলা সাহিত্যের সম্পদ বৃদ্ধি তে। করা হইবেই, অন্ত্যান্ত ভারতীয় ভাষাকেও আমাদের বাঙলা সাহিত্যের দ্বারা অমুপ্রাণিত করা হইবে 1 - কালে আমাদের বাঙলা সাহিত্য বিশ্বসাহিত্যের সাহিত্য হইবে। প্রবাদী বাঙালীদের যন্ত্র ও অধ্যবসায় ঘারাই আমাদের এ অভীষ্ট সিদ্ধ হইতে পারে। ... সাহিত্যপ্রেমী বন্ধগণ. আমরা বছদিন পরে প্রবাদে বঙ্গবাণীর উৎসব-মন্দির স্থাপন করিলাম। পুরোহিত কিছা উপাদকের অভাব হইবে না। কিন্তু ইহাকে চিরস্থায়ী করিতে হইলে হাদয়ে ভক্তি চাই, গভীর নিষ্ঠা চাই, প্রচুর ধৈর্য চাই, নতুবা আমাদের সাহিত্য সাধনা নিফ্ল হইবে। ক্ষণিক উৎসাহ কিমা ভাবুকতায় আমাদের অভীষ্ট সিদ্ধ হইবে না; কার্যতংপরতা, অধ্যবসায়, শৃঝলা, স্বার্থত্যাগ, পরার্থপরতা ও সদ্ওণ সম্তের সমাবেশ হইলে তবে আমরা সফলমনোরথ হইব। ভগবৎচরণে প্রার্থনা করি, তিনি আমাদের সাহিত্যসেবা সাৰ্থক কৰুন।"

অধিবেশন চলার কালে অক্যান্ত প্রস্তাবের মাঝে সমিলনের ম্থপত স্বরূপ একথানি মাসিক পত্র প্রকাশ করা হবে বলে স্থির হয়ে নিম্নলিগিত ব্যক্তি সম্বলিত সমিতির ওপর জার দেওয়া হল: প্রীযুক্তা সরলা দেবী, প্রীত্মতুলপ্রসাদ সেন, ডাঃ স্থরেক্সনাথ সেন, ডাঃ রাধাকুম্দ মুখোপাধ্যায়, ডাঃ রাধাকুম্দ মুখোপাধ্যায়, ডাঃ রাধাকুম্দ মুখোপাধ্যায়, ডাঃ রাধাকুম্দ মুখোপাধ্যায়, জাঃ রাধাকুম্ব মুখোপাধ্যায়, কণিভূষণ অধিকারী, রম্নাথ ভট্টাচার্য, স্থরেশ চক্রবর্তী, অসিতকুমার হালদার, শচীক্রনাথ ঘোষ, গোপালচক্স

মুখোপাধ্যায়, মহেন্দ্রচন্দ্র রায়, ডাঃ প্রসন্নকুমার আচার্য, দেবনারায়ণ মুখোপাধ্যায়, নির্মলচন্দ্র দে, প্রমথনাথ বন্দ্যোপাধ্যায়, স্থরেন্দ্রনাথ ভট্টাচার্য, যোগেন্দ্রনাথ কাব্যতীর্থ, বিমলচন্দ্র মুখোপাধ্যায়। চার্চ মিশন ক্ষ্ল প্রাঙ্গণে শেষ অধিবেশন বসল। পত্তিকা পরিচালনার জন্মে ৩০০০ টাকার আবশুক। কী করে অত টাকা পাওয়া বাবে? নিয়লিখিত উপায়ে।

এককালীন দান মাসিক চাঁদা গ্রাহক সংগ্রহ

অতুলপ্রসাদ সর্ব প্রথমেই দান করলেন তিনশত টাকা। নলিনবিহারী মিত্র এলাহাবাদ থেকে দুশো টাকা, ফণিভূষণ অধিকারী কাশী থেকে একশো টাকা, স্বরেন্দ্রনাথ সেন কানপুর থেকে ছুশো, সরলা দেবী লাহোর থেকে পঞ্চাশ টাকা, যোগেন্দ্রনাথ কাব্যতীর্থ, রঘুনাথ ভট্টাচার্য, গোপালচন্দ্র মুখোপাধ্যায়, গঙ্গাচরণ মুখোপাধ্যায় ৫০।২৫ টাকা। আরও অনেকেই দিলেন। অনেকে টাকা দেবার প্রতিশ্রুতি দিলেন। পত্রিকার নামকরণ হল 'উত্তরা'। সম্পাদক—অতুলপ্রসাদ সেন ও রাধাকমল মুখোপাধ্যায়। সহ-সম্পাদক হুরেশ চক্রবর্তী। পত্রিকার প্রকাশ লখনউ থেকে, মূদ্রণ কাশীতে। শেষে কাশীর ভেলুপুরা থেকেই মুদ্রণ এবং প্রকাশ—উত্তরা মানেই হুরেশ চক্রবর্তী, স্থরেশ চক্রবর্তী মানেই উত্তরা। ধৃষ্ঠিপ্রসাদ ম্থোপাধ্যায় বলেছেন, 'উত্তরার প্রথম সংখ্যা বেকল, তারপর সব উৎসাহরই প্রকৃতি অহুসারে এ উৎসাহে ভাঁটা পড়ল। অক্ত শহর থেকে টাকা এল কিন্তু তাঁর ত্রাশা প্রণের উপযুক্ত নয়। লাগে টাকা দেবে অতুল সেন। তিনি টাকা দিলেন ... উত্তরার জত্যে এথমবার, বিতীয়বার, তৃতীয়বার টাকা দিলেন। কিন্তু এ কথা না বলে থাকতে পারছি না—উত্তরার প্রতি মমতার দক্ষে স্থরেশ চক্রবর্তীর ওপর স্নেহ মিশে গিয়েছিল। তিনি স্থরেশকে আন্তরিক স্নেহ করতেন। অনেক সাহিত্যিকের মতে উত্তরা একথানি ভালো কাগজ। হচারজন নামজাদা সাহিত্যিকের মুখে এও শুনেছি যে উত্তরাই একমাত্র সাহিত্য পত্রিকা। তাঁকে এ খবর শুনিয়েছি। শুনে তাঁর মুখে হাসি এসেছে—আর একটু তোংলামি করে, আধ্যানা ভাষায় আনন্দ প্রকাশ করেছেন: বেশ বেশ বেশ, লেখ লেখ অচ্ছা করে লেখ দিখিনি।—অতুলদা আপনি নুসেয়ারার মতন আর একটা প্রবন্ধ লিখুন।—তাই—তাইতো কখন লিখি বল ? এরা যে ছাড়ে না। তোমরা সব লেখ।—অতুলদা—আমরা সকলেই লিখছি ... কিছ আমাদের লেখাটাই উত্তরার সর্বস্ব নয়। আমি ভাই কবিতা দিতে পারি—ভাও সময় কই ? সময় পেলেই তিনি কবিতা ও গান লিখতেন আর সে গান প্রধানত উত্তরার জন্মে লেখা হোত। । যখন টাকা দেবার দূরকার হোত না, যখন লেখা দিতে পারতেন না তথন উত্তরার কল্যাণের জন্তে চিস্তা করতেন। উত্তরা যে তাঁর মানস কল্পা!"

'ধৃর্কটিপ্রসাদ তথন থাকতেন লখনউ কলেজ-সংলগ্ন অধ্যাপক-নিবাসে। অতুলপ্রসাদ সময়
শেলেই গাড়ি করে গিয়ে হাজির হতেন বন্ধুদের কাছে। কথনো বসে যেতেন আড়া
জামিয়ে, কথনও বা তৃ-তিন জন বন্ধুকে তাঁর গাড়িতে তুলে নিয়ে বেরিয়ে যেতেন
বেড়াতে। একদিন এমনি চলেছেন বেড়াতে। সঙ্গে রয়েছেন ধৃর্জটিপ্রসাদ। কোন এক
গলির মুখে এসে গাড়ি থামাতে বললেন অতুলপ্রসাদ। "এক্ষ্নি আসছি, তোমরা
ভাই একটু বসো।" বলে গাড়ি থেকে নেমে গলিতে প্রবেশ করলেন অতুলপ্রসাদ।
ধৃর্কটিপ্রসাদের মনে জাগল কৌতৃহল। নিঃশব্দে অত্বসরণ করলেন। ছোট একটা প্রায়কুঁড়ে ঘরে তুকলেন অতুলপ্রসাদ। পকেটে হাত তুকিয়ে মুঠো ভর্তি কয়ে নিয়ে এলেন—
কপোর টাকা আর নোট—যতটা পারলেন। ও কুটিরে শয্যাশায়ী এক রুদ্ধের কাছে
গিয়ে তার বালিশের তলায় গুঁজে দিলেন ঐ সমস্ত নোট, টাকা-কড়ি সব। চেয়ে
দেখলেন না কত টাকা, গোনা তো দ্রে। মুখ ফেরাতেই ধরা পড়ে গেলেন ধৃর্জটিপ্রসাদের
কাছে। "ওটা কী হল অতুলদা ?" সকৌতুক প্রশ্ন ধৃর্জটিপ্রসাদের।

লজ্জায় জড়িত কঠে অতুলপ্রসাদ হাসলেন। কিছু নয়! কথাটা বুঝি চাপা দিতে চেষ্টা করলেন। পরে বললেন, অতি তঙ্কণ বয়সী ব্যরিস্টার এ. পি. সেন লখনউ এসেছেন ভাগ্য পরীক্ষা করতে। যেমন সাধারণত হয়ে থাকে—দিনের পর দিন যায় উপার্জন হয় না। মনে চিন্তা ভাবনা। সেই সময়ে এক মুসলমান ফকির তাঁকে আখাস দিয়ে বলেন, তোর অনেক টাকা রোজগার হবে বেটা, চিন্তা ভাবনা করিস নে। তার কথা তো মিথ্যে হয়নি!

তাই বৃঝি মাঝে মাঝে তার ডেরায় এনে আপনি পকেট ভতি "দামান্ত কিছু" টাকা-কড়ি বালিশের তলায় গুঁছে দিয়ে আদেন ?

অতুনপ্রসাদ লচ্ছিত হাসি হাসেন।*

সময় বায়।

এদিকে তৃটি মাদের অক্লান্ত পরিশ্রমে হেমকুস্থম দেয়াল ধরে উঠে দাঁড়ালেন। দেয়াল ধরে চললেন, তারপর দেয়াল ছেড়ে পা টিপে টিপে। তারপর অনেকটা স্বাভাবিক মান্থবের মত চলে ফিরে বেড়ালেন যেদিন সেদিন মনে কী যে আনন্দ হল বোঝানো কি যায়! তথন অতুলপ্রসাদের কথাই একমাত্র মনে হল হেমকুস্থমের। কিন্তু কোথায় অতুলপ্রসাদ! এঘর ওঘর ঘুরে…একতলায়…দরভা ধরে দাঁড়িয়ে দেখলেন—আসরে

^{*} বিনয়কৃষ্ণ ঘোষের রচনাত্রসারে। পরিশিষ্ট স্রষ্টব্য

অতুলপ্রসাদ; তিনি খুউব হাসছেন। তাঁর উচ্চ হাসির দমকে ঘর কেঁপে উঠছে। তিনি অন্ত জগতে—সেথানে শুধু হাসি গান আনন্দ আলোর বক্তা। তাঁকে ঘিরে বসে তঙ্গণ-তঙ্গণীরা। তাদের কঠে গান—হাসি:

মোরা নাচি ফুলে ফুলে হলে হলে,
মোরা নাচি স্বরধূনী কুলে কুলে।
কখনো চলি বেগে, কভূ মৃত্ব চরণে,
কখনো ছুটি মোরা ফুল ফল হরণে।
কোথা হতে এসেছি,
কবে যে ভেসেছি

তা গেছি ভূলে।

অতৃলপ্রদাদ যেখানে মধ্যমণি দেখানে চিরনবীনতা, চিরদজীবতা বিরাজমান। সেখানে চির বদস্ত। ডাক দাও তাকে:

জাগো বসস্ত, জাগো এবে
মোদের প্রমোদকাননে।
তুমি জাগিলে জাগিবে ফুল,
বহিবে মলয় মৃত্-মৃত্ল,
গাহিবে বিপিনে বিহগকুল
মোহনমধুর ভাষণে।
পরাও সবারে মোহন বাস,
জাগাও হৃদয়ে নি ব আশ,
হাস্ক ধরণী মধুর হাস
তব শুভ আগমনে।

এলেন না ভধু হেমকুস্থম।

হেমকুস্ম আছ ভাল আছেন, খুব ভাল আছেন—একথা বাঁকে বলবেন বলে আনেক ঘর ঘুরে আনেক পথের শেষে বাঁর দেখা পোলেন তাঁকে যেন কেমন দুরের মামুষ বলে মনে হল।

হল অভিমান। অনেক কণ দাঁড়িয়ে রইলেন হেমকুস্থম, কেউ তাঁকে দেখল না। ছ চোথ দিয়ে অভিমান-অঞ্চর বক্তা নেমে এল। আবার এল ঘর ছাড়ার পালা। একাকী আউট্রাম রোডের বাড়িতে অভুলপ্রসাদকে পেছনে ফেলে হেমকুস্থম লালবাগের বাড়িতে চলে গেলেন। বছর শেষ হয়ে গেল। ১৯২৬ সালের শুরুতে অর্থাৎ জামুয়ারিতে কবিগুরু রবীক্রনাথ এলেন লখনউতে সঙ্গীত-সম্মেলনে নিমন্ত্রিত হয়ে, সঙ্গে শিল্পী অসিতকুমার হালদার।… লখনউ সঙ্গীতের জায়গা। লখনউয়ের শেষ নবাব ওয়াজিদ আলি শাহ সঙ্গীত ও বাছে স্থরসিক ছিলেন, অনেক গজলের লেখক ও স্থরকার ছিলেন। মিউটিনির পর ইংরেজ রাজত্বের প্রথম দিকে বিন্দাদিন মহারাজ ঠুংরি গানে এবং কথক নাচে খুব নাম করে-ছিলেন। তাঁর ভাই কালকা মহারাজ তবলা বাগে চৌকোস ছিলেন। বিন্দাদিন অনেক ঠুংরি গান রচনা করে স্থরসংযোগ করেছিলেন, যাকে এথন বলা হয় 'লখনউ ঠুংরি'। বিন্দাদিনের তিন ছেলে—অচ্ছন, লচ্ছন ও শস্তু মহারাজ। অচ্ছন মহারাজ রামপুর নবাবের সভাগায়ক হন। লচ্ছন এবং শভু মহারাজ কথাকলি নাচে খুব নাম করেন। আউধের তালুকদার রাজা রাজেশরবলী সঙ্গীতজ্ঞ ছিলেন—সমঝদার ছিলেন। একদিন তাঁর ইচ্ছে হল এই লখনউয়ে সারা ভারতের জ্ঞানীগুণী শিল্পীদের একত্রিত করে সঙ্গীত-সম্মেলন করবেন। সঙ্গে সঙ্গে ভিনি একটি কমিটি করে বসলেন। ... সঙ্গীত-সম্মেলন ষে হবে তার ধরচও আছে। রাজা-মহারাজাদের কাছে এ-বিষয়ে সাহাষ্য করার জম্বে প্রস্তাব গেল। অনেকে সাহাষ্য করতে এগিয়ে এলেন। অতুলপ্রসাদ কমিটির একজন সদস্ত নিযুক্ত হলেন। সঙ্গীত-সম্মেলন হবে কেশরবাগের ওয়াজিদ আলি শাহের বারত্বারীতে। হাজার হাজার বিশিষ্ট শ্রোতা ও দর্শকদের বসার জন্ম আয়োজন করা হল। তালুকদারদের কৈশরবাগের বাড়িগুলি দূর দ্রান্ডের গায়কদের থাকার জন্ম চাওয়া হল। তাঁরা অহমতি দিলেন। লখনউয়ে প্রথম সঙ্গীত-সম্খেলন; সকলের মুখে মুখে সে কথা। অতুনপ্রসাদের উৎসাহ খ্ব বেশি। গুণী সঙ্গীতশিল্পীরা একে একে লখনউ এসে পৌছলেন। বোম্বাই অঞ্চল থেকে এলেন ভাতপণ্ডের প্রিয় শিশ্ব রতনঝনকার গুরু ভাতথণ্ডের সঙ্গে। বরদার মহারাজা পাঠালেন তাঁর সভাগায়ক আলাবান্দাকে এবং তাঁর জার্মান ব্যাগুমাস্টারের দক্ষে স্টেট ব্যাগু পার্টি। মাইহার থেকে এলেন আলাউদিন থা সাহেব তাঁর তারের ব্যাওপার্টিকে নিয়ে। মথুরা থেকে এলেন মথুরার বিখ্যাত ওন্তাদ ठन्मन टोरिंव, व्याद्मा अप्लन मद्भारिक व्यानि थी, किना ट्रांसन, वीनाम्न प्यान সেতারে এনায়েত থা। বাঙলা থেকে এলেন রাধিকামোহন গোস্বামী একজন নাম-করা পাথোয়াজ-বাদককে সঙ্গে নিয়ে। এলেন দিলীপকুমার রায়, এসে নামলেন তাঁর বন্ধু ধৃর্কটিপ্রসাদের বাড়িতে। অতুলপ্রসাদের বাড়ি তখন সরগরম, ছোট বোন ছুটকি ভার ছেলেমেয়েদের নিয়ে ব্যাঙ্গালোর থেকে এসে উপস্থিত। আছেন হেমকুস্থম, আর এসেছে সাহানা তার শিশুপুত্রকে নিয়ে।

মামাতো বোন সাহানাকে কাছে পেয়ে অতুনপ্রসাদ থ্ব ধূলি। সাহানা বড় চমৎকার গান গায়, ভগবংদত্ত ক্ষমতা ওর গলায়। তাছাড়া শেখার আগ্রহ কম কি? ষেখানে ও স্বযোগ পেরেছে, গানের তালিম নিয়েছে ভাইদাদার কাছে—দার্ভিলিং, কলকাতা, শিম্লতলায়। ষেধানে দেখা হয়েছে গান শেখার আগ্রহ। সঙ্গীতশিল্পী সাহানা দেবী বলেছেন: অতুল্যার কাছে আমার প্রথম গান শেখা—'ভব পারে কেমনে যাব হরি।' গানটি শিথি দার্জিলিং-এ ম্যাকেঞ্জি রোডের ওপর ডাক্তার পি. কে. রায়ের 'রুবি হল' নামে বাড়িতে বংস। 'বধৃধর ধর' গানটিও শিখি। অতুলদা সেবার ওই বাড়িতে ছিলেন। অতুলদার কাছে গান শেখার ইচ্ছে অনেক দিন থেকেই কিন্তু তা আর হয়ে ওঠেনি । পার্লিলং পারাড়ে প্রথম দেই স্থােগ-স্থবিধে পাওয়া গেল। সাহানা দেবী আর এক জায়গার বলেছেন: দেবার 'প্লেন ইডেন' ছ-নম্বরের বাড়িতে স্থার নীলরতন, তাঁর মেয়েরা, অতুলদা ও আমি···মামরা দবাই একদকে বেড়াতে যেতাম। অতুলদা নানা গল্প করে আমাদের হাসাতেন। নিজেও হাসতেন প্রাণখোলা। এমনিতে তিনি ছিলেন শান্ত ধীর হির, থানিকটা লাজুক মিইভাষী মোলায়েম প্রকৃতির। মান্ত্রটি ছিলেন মঙ্গলিদী মেঙ্গাজের। কত গল্পের পুঞ্জিই ষে ওঁর ছিল! একবার আমরা অনেকে ক্যালকাটা রোড বলে রান্তাটি দিয়ে চলেছিলাম। এই রাস্তাটা ধরে সোজা গেলে দাজিলিং-এর আগের স্টেশন ঘুম। ঘুম দাজিলিং-এর চাইতে আরো উচুতে। সর্বদাই কুয়াশার মত মেঘে ঢাকা---চলতে-চলতে হঠাৎ কানে ভেদে এল মৃত্ স্থরে গান। চেয়ে দেখি দামনে পাহাড়ের দিকে উদাদ নয়নে তাকিয়ে অতুলদা গুনগুন করে গান গাইছেন 'কে হে তুমি ফুলর, অতি ফুলর।' মন ধেন তাঁর কোথায় ভেদে গেছে। স্তব্ধ হয়ে ভনতে লাগলুম, আমার মনও ডানা মেলল। কিছুক্রণ পর আমার দিকে একবার তাকিয়ে বলেছিলেন—গা না ঝুরু, গা না রে একটা গান। খানিক দূরে গিয়ে পাকা রান্তা ছেড়ে দিয়ে পাকডাগুী দিয়ে একটু ওপরে উঠে স্থন্দর জায়গা দেখে বসলাম। ... সকলের মধ্যে একটা শুদ্ধ ভাব যেন জ্বমাট বেঁধে আছে, দেই সময় অতুলদা ধীরে ধীরে গান ধরলেন, 'পাগলা মনটারে তুই বাঁধ।' প্রাণ ঢেলে তিনি গাইলেন। অন্তত একটা পরিবেশ স্কটি হল। আমি গাইলাম তাঁর কাছে শেখা তাঁরই গান 'কী আর চাহিব বল, হে মোর প্রিয়।' চারিদিকে গগনচুখী স্ব ছন্দের দৃষ্ঠ, তার ওপর অতুলদার গাওয়া ওই গান মনকে বেঁধে দিয়েছিল এমন স্থানর স্থারে বে, গান গাইতে গিয়ে দেখি গান আমার আসছে যেন অক্ত কোন অগং থেকে। সে অভিক্রতা কোনদিন ভূলবার নয়।

হঠাৎ একদিন শুনলাম রবীন্দ্রনাথ দাজিলিং এসেছেন, আছেন 'আর্সনটুলি' নামক বাড়িতে। গগনেন্দ্রনাথ অবনীন্দ্রনাথের অতিথি হয়ে। সঙ্গে এসেছেন রথীবাবু ও প্রতিমাদি। তাঁরা উঠেছেন হোটেলে।

সেই আসরে গগনেক্রনাথ, রবীক্রনাথ, অতুলদা, অবনীক্রনাথের জামাতা মণিলাল গক্ষোপাধ্যাম্ন প্রভৃতি উপস্থিত ছিলেন। . . . একবার স্থির হল 'ঘুম রক' বলে যে পাহাড়ের চূড়া আছে দেখানে বনভোজন খাওয়া হবে। শুর নীলরতনের মেয়েরাও যাবে আমাদের সঙ্গে। দলে ছিলেন প্রতিমাদি, রথীবাব্, অতুঞ্চদা, ডাব্ডার হিজেন মৈত্র ও আমি। ট্রেনে ঘুম পর্যন্ত গিয়ে তারপর হাঁটাপথ। গাড়ি থেকে নেমে আমরা হাঁটতে আরম্ভ করলাম। প্রতিমাদির জন্মে ডাঙীর ব্যবস্থা করা হয়েছিল। হুন্দর চওড়া রান্ডা, মনোরম সব দৃষ্ঠা দেখতে দেখতে আমরা অগ্রসর হতে লাগলাম। বেশ থানিকটা দ্র গিয়ে সেই পাহাড়ের চূড়ার পথে উঠতে আরম্ভ করা গেল। ... সকলেই দেথি জৌকের ভয়ে অহির ও তটস্থ। কার জুতোয় কখন জোক ঢোকে। এ রাভাতে নাকি অসম্ভব জোক। যথাছানে যথন উপস্থিত হলাম দেখা গেল দ্বিজেনবাৰু হঠাৎ [লাফাচ্ছেন। কী ग্যাপার! ভাইদা হেদে বললেন—ওহে লাফিয়ে আর কী হবে, ছেড়ে দাও—ছেড়ে দাও। রক্ত খেয়ে আপনিই পড়ে যাবে। তথন বোঝা গেল ব্যাপারটা। সকলেই হেসে উঠলেও প্রভ্যেকেরই যথেষ্ট ভয় ও অশ্বন্তি প্রকাশ পাচ্ছিল। জিনিসপত্র রেখে আমরা চারিদিক ঘুরে অবর্ণনীয় শোভা উপভোগ করছিলাম। ... তারপর চলল গান গাইবার জন্তে অমুরোধ উপরোধ ... অতুলদা গাইলেন—'মিছে তুই ভাবিস মন'। আকাশীদি(নীলরতন সরকারের মেজ মেয়ে) গাইলেন, আমিও গাইলাম, রণীবাবু গাইলেন রবীন্দ্রনাথের 'তোমার কাছে শান্তি চাব না' গানটি -- দাজিলিং-এ সেবার অতুলদা রবীক্রনাথকে একসঙ্গে পেয়েছিলাম। এখানে এই সঙ্গীত-সম্মেলনে এসে ঝুফু খাওয়া-দাওয়া পর্যন্ত ভূলে গেছে, কী ভন্ময়তা ওর। ঝুড় (সাহানা), তোমাকে কিন্তু লখনউ থেকে সহজে যেতে দেওয়া হবে না, বিশেষত তুমি ও মণ্টু (দিলীপকুমার) যথন লখনউতে এসে গেছ। সাহানাকে নিয়ে সঙ্গীত-সম্মেলনে উপস্থিত থাকেন অতুলপ্রসাদ। চলল বেশ কয়েকদিন সঙ্গীত-সম্মেলন সারাক্ষণ, সারা দিন রাড সে যে কী পুলক ! সক্ষীত সমঝদারদের সজে বসে সঙ্গীত শোনায় এক গভীর আনন্দ আছে। পণ্ডিত ভাতথণ্ডে বসেন মণ্ডপের মাঝে সঙ্গীত-সভা আলো করে। বড় বড় ওতাদেরা ওতাদী গান গেয়ে হয়ের কাঞ্চ-কার্য দেখিয়ে রাজা মহারাজাদের কাছ থেকে গিনির টাকার ভোড়া, সোনা-রুপোর মেডেল, শাল-দোশালা পেলেন। রাধিকামোহন বাঙলার মুখ রাখলেন। আলাউদ্দিন ব্যাওপার্টি সমেত পুরস্কার পেলেন। আলাউদ্দিন শেবে বীক্ষ মিজ্রের তবলার সঙ্গে বেহালা

বাজিয়ে সকলকে মৃথ্য করলেন। আলাউন্দিনের বেহালা বাজনা এবং বীক মিশ্রের তবলার প্রশংসা লখনউবাসীদের মৃথে মৃথে ফিরতে লাগল। সেই আসরে মথ্রার বিখ্যাত চন্দন চৌবে অপূর্ব মীড়ের কাজে গাইলেন। গুরু ভাতথণ্ডের নির্দেশে প্রিয় মৃত্রু শিশু রতনঝনকার সঙ্গে সঙ্গে স্বরলিপি করে চললেন। চন্দন চৌবের গান শেষ হল, রতনঝনকারের নোট নেওয়া শেষ হল। ভাতথণ্ডে ঠার প্রিয় শিশুকে বললেন, এবার তুমি শুরু কর। রতনঝনকার চন্দন চৌবের গানখানি গাইলেন। গান শেষ হলে রতনঝনকারকে চন্দন চৌবে আনন্দে জড়িয়ে ধরে বললেন, তুমি এ-গান এত তাড়াতাড়ি কী করে তুললে বাবুসাহেব! আমি যে এ-গান আমার গুরুর কাছ থেকে ছ-মাসেও ভাল করে তুলতে পারিনি! তুমি যে আশ্রুর্থ থেল দেখালে! রতনঝনকার বললেন, এ আমার গুরু ভাতথণ্ডের রুপায়।

স্বদূর বোম্বাই থেকে পণ্ডিত ভাতথণ্ডে এদেছিলেন এই লখনউ শহরে সঙ্গীত বিচ্ছালয় স্থাপনের জন্তে। স্থাপন করলেন। তাঁর তুই প্রিয় শিশ্র রতনম্বনকার এবং আরও ত্জন মুসলমান ওতাদকে সহকারী হিসেবে গ্রহণ করলেন। কিছুদিন পরে রাজা রাজেশ্রবলীর চেটায় এবং আরো অনেকের সাধু ইচ্ছায় 'মরিস কলেজ অব্ হিন্দুসানী মিউজিকের' প্রতিষ্ঠা হল। রতনঝনকার হলেন তার পরবর্তী অধ্যক্ষ। সেদিন কিছ দিলীপকুমার রায় তাঁর স্থমিষ্ট স্থমধুর কঠে যথন মিউজিক কনফারেনে গান শোনালেন, তথন বাংলার প্রবাসী বঙ্গবধ্রা বললেন—এতক্ষণে ষেন কান জুড়োলো। সঙ্গীত সম্মেলন শেষ হয়ে গেল। কিন্তু সঙ্গীত-সন্মেলম শেষ হলেই কি সঙ্গীত শেষ হয়! অতুলপ্ৰসাদ বললেন, আমাদের আরো কিছুদিন শসীতের আসর বস্থক। ধৃর্জটিপ্রসাদ সায় দিলেন এবং আরো অনেকে জোরের সঙ্গে অতুলপ্রসাদ ধৃর্জটিপ্রসাদের প্রস্তাবে মত দিলেন। দিলীপকুমার ও সাহানা দেবীর গান ভরু হল প্রথমে গোকরণ মিশ্রর বাড়িতে, তারপর ঘুরে ঘুরে অতুলপ্রসাদের বাড়িতে, নয় তো ধৃষ্ঠটিপ্রসাদের বাড়িতে কিংবা রাধাকমল রাধাকুমূদ মুখোপাধ্যায়ের বাড়িতে। শিল্পী অসিত হালদার, বিনয় দাশগুপ্ত এঁদের কারো না কারো বাড়িতে প্রতিদিনই গানের আসর যত ক্রমে, অতুলপ্রসাদের উৎসাহ তত বেড়ে যায়, সাহানা-দিলীপকুমারের ফিরে যাওয়ার দিন তত পিছিয়ে পড়ে। এক সময়ে অতুসদা ধৃষ্ঠটিদার মত সঙ্গীত-সমঝদারদের ছেড়ে সাহানাকে লখনউ ছেড়ে যেতে হল।

পকীত সম্মেলন হয়ে গেল। সঙ্গীত-শিল্পীরা একে একে বিদায় নিলেন। আবার রোজকার জীবন এল ফিরে,—সেই কোট-কাছারি, মঞ্জেল মামলা, সওয়াল, মাঝে মাঝে চিঠিপত্র লেখা। উত্তরা হুরেশ চক্রবর্তী বেশ ভালই চালিয়ে বাচ্ছে। উত্তরার জক্তে হুরেশ মাঝে মাঝে তাগাদা দিয়ে চিঠিপত্র পাঠায়। লেখা আর কোখার হয়ে ওঠে! সমন্বই পাওরা বার না। মাঝে করেকটা মাস স্বাস্থ্যটা একটু ভেঙে গেল। একটু স্বস্থ হয়ে দাদা সত্যপ্রসাদকে ১৯শে মার্চ উনিশশো ছাব্বিশ তারিখে একটা চিঠি লিখলেন:

18 Outram Road

Lucknow

मामा,

19. 3. 26

বছদিন তোমাকে পত্র লিখি না, অপরাধ ক্ষমা করিও। আমার ইতিমধ্যে থুউব অম্বর্থ গিয়াছে। এখন অপেকাকৃত অনেক ভাল আছি, জার হইয়াছিল, ম্যালেরিয়া কাশি ইত্যাদি। আরো উপদর্গ ছিল। এখন নাই। শরীর অপেকা মনের অবস্থা আরো খারাপ। হেমকুস্থমের শরীরের জন্তে অনেক দেবাশুশ্রমা করা গেল, খরচও করা গেল কিন্তু হাড় যে ভাঙিয়াছিল তাহা দারিয়াছে বটে, শরীরও পূর্বাপেকা ভাল কিন্তু মনের পরিবর্তন হইল না।

সেদিন রাগ করিয়া আবার বাড়ি ছাড়িয়া চলিয়া গিয়াছে, লখনউতেই অক্সত্র ছিল। স্থার কে. জি. গুপুর সম্বটপূর্ণ ব্যারাম হওয়ায় কলিকাতায় সম্প্রতি গিয়াছে। আবার এখানেই ফিরিয়া আসিবে। আবার পুরাতন ইতিহাস। ছুটকি ও তাহার একটি মেয়ে ও ছেলে এখানেই আছে। তাহারা শারীরিক ভাল।

তাহার স্বামীর এখনও কাজ হ্য় নাই। কিরণ কলকাতায় তাহার নিজের বাড়ীতে, সেও ভালই আছে, হিরণ ও তাহার মেয়ে বাঙ্গালোরে। হেমকুহ্মের জন্মে তাহাদের এখানে আনিবার জো নাই।

আমার বাড়ি সম্পূর্ণ তৈয়ার হইয়াছে। আর ছু মাদের মধ্যেই নতুন বাড়িতে ধাইব। প্রায় ৩৩ হাজার টাকা থরচ হইল, ঈশবের ইচ্ছায় ধার করিতে হইবে না। শীতকালে পার তো একবার নিশ্চয়ই আদিও।

ব্দাশা করি তোমরা সকলে ভাল আছ। ক্রেঠামাঠাকুরানীকে আমার ভক্তিপূর্ণ প্রণাম দিও, তোমরা আমার ভালবাসা নিও।

তোমার ভাই

অতুল

চারবাগে এ. পি. দেন রোভে অতুলপ্রসাদের বাড়িখানি শেষ হল। ৩০ হাজার টাকা খরচ করে স্থরম্য অট্টালিকাখানি। তিনদিকে বাগিচা। লোহার ফটক থেকে লাল স্থরকি-ঢালা রান্ডাখানি এগিয়ে এসেছে গাড়িবারান্দা পর্যন্ত। ফটকের পাশে শাদা পাথরে খোদাই করে লেখা 'হেমস্ত নিবাস'—এ-বাড়ির নাম। মায়ের শ্বৃতি ঘিরে রইল এ-বাড়িখানি যতদিন এ বাড়ি থাকবে। …মা আজ অনেক দ্রে মনে তৃঃখ এই। ১৯২৬ মে মাসের মাঝামাঝি কিম্বা শেষের দিকে অতুলপ্রসাদ তাঁর নতুন বাড়িতে 'জাকজমকে গৃহপ্রবেশ' করে উঠে এলেন। লখনউয়ের গণ্যমান্ত লোকেরা নিমন্ত্রিত হলেন। আত্মীয়ম্বজনেরা অনেকে এলেন। হেমকুহ্বম অহুপদ্বিত। হেমকুহ্বমের বাবার খ্ব বাড়াবাড়ি অস্থথের জন্ত তথন তিনি কলকাতায়।

নতুন বাড়িতে এসে বোনেরা মাসিরা মাসতুত ভাই বোনরা ভাগ্নে ভাগ্নিরা মহা খুলি। ভাইদাদা, শুনলাম এই বাড়ি নাকি ভোমারই নক্মায় ভৈরি? স্থন্দর নক্সা করেছ। সত্যি কী স্থন্দর বাড়ি করেছ।

সভ্যি, সভ্যি স্থন্দর।

ভাইদাদা এদিকে বুঝি টেনিস লন করবে ? বড় চমংকার হবে।

তোমার ফুলবাগানটা চমৎকার।

আমার একটা শথ ছিল নদীর ধারে হবে আমার বাড়ি।

ছেলেবেলার সেই পদ্মা-নদীটিকে কি অতুলপ্রদাদ ভূলতে পারেন!

একে একে আত্মীয়স্বজনেরা সকলে বিদায় নিলেন। সকলেরই আপন আপন সংসার। কে আর কতদিন কান্ধ ছেড়ে থাকতে পারেন। এত বড় বাড়ি তৈরি হল অথচ আপন মাহ্য কই। দারওয়ান ভূত্য বাব্টি বেয়ারা সরকার গোমস্তায় বাড়ি ভতি, কিন্তু মনের মাহ্য কই! দিলীপ দেরাছনে। দিলীপের জ্বন্তে মাঝে মাঝে বড় মনকেমন করে। দিলীপ মনোযোগ দিয়ে কান্ধ শিথছে। ভাল করে কান্ধ শিখুক, ওকে নিয়ে বড় ভাবনা। হেমকুহ্মমের জ্বন্তে ভাবনা। হেমকুহ্মম এথানে থাকলে আত্মীয়-স্বন্ধনের আনা যায় না—কেন যে তার রাগ এত সকলের ওপর!

আমার একা একা থাকতে ভাল লাগে না হেম, আমি বড় একাকী বোধ করি। তুমি যদি আত্মীয়ন্তজনদের সঙ্গে আত্মীয়তা রাখতে ইচ্ছে না কর, আমাকে কেন বারণ কর। আমি সকলকে ত্যাগ করতে পারি,না ষে।

হেমকুস্থমের এবারের চলে যাওয়াই শেষ যাওয়া, এরপর আর কোনদিন হেমকুস্থম ও অতুলপ্রসাদ একসন্দে বাস করেন নি। হেমকুস্থমের অভাব স্বস্ময়েই জাগে কিছানানান বন্ধ্বাদ্ধব আত্মীয়স্বজনদের আগমনের মধ্যে দিয়ে সে অভাব পূর্ণ হয়। কখনো কোন আত্মীয়স্বজন বন্ধ্বাদ্ধব তাঁর লখনউয়ের বাসভবনে পৌছলে তার জত্যে রাজসিক কাও শুরু হয়ে যায়। থাওয়া-দাওয়া থেকে তার স্থ্য স্বাচ্ছন্দোর সকল রকম স্ব্রবৃদ্ধানা করা পর্যন্ত তাঁর স্বন্ধি নেই। 'বুকে সকল সময়ে অগ্লিগিরির বহ্নি জালিতেছে, ম্থে কিছু প্রকাশ পায় না। অতুলপ্রসাদের বাড়ি ছিল যেন আনন্দভবন। বন্ধ্বাদ্ধব আত্মীয়স্বজন কেহ না কেহ সকল সময়েই তাঁর বাড়িতে থাকিতেন। তাঁহাদিগকে আনন্দে রাখিবার জন্য তাঁহার আন্তরিক চেষ্টার ক্রটি ছিল না। পত্মী গৃহত্যাগিনী, ভগ্নীরা পতিহারা তত্পরি প্রশোকাত্রা, অপরজন কন্যাগালিনী প্রায়। স্বেহময়ী জননী এত সাধের ভবন প্রস্তুত হইবার পূর্বেই চলিয়া গেলেন। এইসকল প্রতিক্ল অবস্থার মধ্যে তাঁহার স্বাভাবিক মাধুর্য হারায় নাই। সর্বদা হাসিম্থে ধীর স্থিরভাবেই সবই সন্থ করিয়াছেন আর গাহিয়াছেন, তুমি যে শিব তাহা ব্রিতে দিও।*

দাদা সেদিন লিখলেন, তুমি কিছুদিন ছুটি নিয়ে আমার কাছে থেকে বেড়িয়ে যাও। আমরা হুই ভাই চল একবার দেশে আমাদের গ্রাম থেকে ঘুরে আদি। কতদিন দেশে যাওনি অনেক দিন। মনে পড়ে তোমার আমাদের গাঁয়ের সেই নদী, কাজলদিঘি, হোগলাবন, পীরের সিন্নি, গাজির গান আর ওই করিমভাইয়ের ভিটে ? মনে পড়ে না—

"দেশের মাঠে থেতে-ভরা সব ধান, পুকুর-পাড়ে বকুল গাছের গান, তরুণ চাষীর করুণ বাঁশির তান আকাশ-ভরা মেঘ ও পাথির দল।"

দাদা লিখলেন, দেশকে তুমি কেমন করে ভূলে আছ ় এস একবার ছুটি নিয়ে এস। আমার কাছে চলে এস ভাই। তোমার জন্মে আমার বড় মন কেমন করে সব সময়ে, তোমায় কতদিন দেখিনি!

প্রবাসী মন দেশের জন্মে কেঁদে সারা। কিন্তু অবসর কোথায়!
অতুল লিখলেন দাদাকে, তুমি আমার কাছে ডিসেম্বরে এসো—তুমি এলে আমি খুউব
খুশি হব। কডদিন ভোমার সঙ্গে দেখা হয়নি—কডদিন ষে——

* জাঠতুত দাদা ডাঃ সত্যপ্রসাদ সেনের ডায়েরি থেকে।

A. P. Sen Road Charbagh Lucknow.

मामा,

ভিদেশর মাদে ছুটি নিয়া এখানে আসিবে শুনিয়া খুউব স্থণী হইলাম।
আমি X'মাদের ছুটিতে দিন সাতের জন্যে দিল্লী যাইব। নতুবা ভিদেশর জামুয়ারি এখানেই থাকিব। তুমি কিন্তু নিশ্চয়ই আসিবে। আর আমার নতুন বাড়ি হইয়াছে না আসিলে চলিবে না। তোমরা সকলে আমার ভালবাসা লও। আশা করি তোমরা ভাল। আমি একরকম ভাল আছি। শেষান্তির—ছুটকির স্বামীর এখনও কাক্ত হয় নাই। হিরপ ছুটকিরা ব্যান্থালোরে। কিরণ কলকাতায়।

ইতি তোমার ভাই অতুল

দাদার ডিসেম্বরে লখনউ আসা হল না। স্থবালামাসি এলেন মেয়ে উষাকে নিয়ে। উষার শরীর থারাপ হয়েছিল, জলহাওয়ার পরিবর্তনে শরীর সারবে এই আশায় স্থবালা এলেন লখনউয়ে। ভিসেম্বরের মাঝামাঝি অথবা শেষ সপ্তাহে দিলীপকুমার রায়ের আমন্ত্রণে শিম্লতলায় কয়েকটা দিন ছুটি কাটাতে এলেন অতুলপ্রসাদ। ৩১শে ডিসেম্বর ১৯২৬ অতুলপ্রসাদ এবং দিলীপকুমার রায় শিম্লতলা থেকে সটান বোলপুর উপস্থিত হলেন।

সকালবেলা কবির ওথানে পৌছতেই অতুলপ্রদাদ খুউব খুণি হয়ে কবিকে বললেন, 'আপনার শরীরটা খুব ফিরেছে দেখছি।'

কবি সহাস্থে বললেন, চূপ চূপ, ও কথা বোলো না। কালকেই এক ভদ্রলাকের আবির্ভাব হয়েছে, তাঁর স্থীর মৃত্যুবার্ষিকী সভায় আমাকে সভাপতি করতে কোমর বেঁধে মরিয়া হয়ে এসেছিলেন। তাঁকে বহু কষ্টে বিশ্বাস করিয়েছি যে আমি মরণাপন্ন। আচমকা আমি ভাল আছি জানলে তিনি দিখিদিকজ্ঞানশৃত্য হয়ে উঠবেন, যাবেন আমাকে টেনেনিয়ে। তথন তাঁর স্থীর জন্যে প্রকাশ্য সভায় চোথের জল না ফেলে আমার আর উপায় থাকবে না।

অতৃনপ্রসাদ হেসে বললেন, তাঁকে বিখাস করালেন কী করে ? কবি কৌতৃক করে হেসে বললেন. জানা চাই হে, জানা চাই। আঁটঘাট বেঁথেছি কি কম! পাছে ফল্কে যায় এই ভয়ে ওঁকে ঘটা করে ব্ঝিয়েছি যে এরূপ ক্ষেত্রে বিনি পতি তাঁরই সভাপতি হওয়া উচিত।' এরপর বদল গানের আসর। কবি শ্রীমতী রমা মছুমদারের সঙ্গে গাইলেন :
 তোমার বীণা আমার মন মাঝে।

অতুলপ্রদাদ গাইলেন তাঁর নিজের লেখা গান:

আমারে এ আঁধারে

এমন করে চালায় কে গো ? আমি দেখতে নারি, ধরতে নারি, বুঝতে নারি কিছুই যে গো!

পরের দিন ২রা জামুয়ারি, ১৯২৭। কথায় কথায় সেদিন এল মৃত্যুর প্রসঙ্গ। কবি বললেন, ইচ্ছা অপূর্ণ রেখে মরলে ফের জন্মাতে হয়…মৃত্যুর পরে আমাদের চৈতক্ত লোপ পায় না। তারপর চিস্তিতভাবে বললেন, তবে আমাদের সে চৈতত্ত এ চৈতত্তের জের টেনে চলে না।

অতুলপ্রসাদ বললেন, পরিষ্ঠার করে বলুন কথাটা।

রবীক্রনাথ বললেন, কি রকম জান, আমাদের জীবনে কি অনেক সময়েই অদলবদল হয়ে বায় না কোনো অভাবনীয় কিছু একটা ঘটলে। একটা নড়চড় ভাঙচুর হলে বেমন সমস্ত দৃশুটা থাকে অথচ আগাগোড়া বদলে যায় অনেকটা তেমনি। অর্থাং হয়ত আমাদের মনোভাব, প্রাণের সাড়া দেওয়ার ভিঙ্কি, হদয়ের ক্ষ্ধা-তৃষ্ণা আশা আকাজ্জা সব্কিছুর মধ্যেই একটা বড় রকমের রূপান্তর ঘটে। এ যদি জীবনের ভূমিকস্পেই ঘটে তাহলে মৃত্যুর ভূমিকস্পে আরো ঘটবে। এই তো মনে হয় বেশি করে অমন ধরো এটা শুধু একটা দৃষ্টান্ত মনে রেখো—ধরে। এমনও হতে পারে যে মৃত্যুর পরে আমাদের পক্ষে প্রিয়জনের দ্রে থাকা ও কাছে আদার মধ্যে আর কোন তফাত থাকবে না। তাই মৃত্যুর পরে চৈতক্ত রইল বলতে আমি ব্রি না যে সেটা হল এই চৈতক্তেরই সম্প্রসারণ। আমার মনে হয় যে খ্র সন্তব সে চৈতক্তের মধ্যে একটা মূল ছন্দ যায় বদলে।

আরো বলেছেন, প্রতি মাত্র্যকেই বিধাতা আলাদা আলাদা রূপে গড়েছেন আলাদা আলাদা অভিজ্ঞতার হাঁচে ঢালাই করে। কিন্তু কয়েকটা আধার বেশি উৎরে গেল। এদের চরিত্রে একটু অভিনিবেশ দিয়ে দেখলে দেখা যাবে যে তাদের অভিজ্ঞতার গঠন প্রকৃতি, গুণসমাবেশ ঘটনার যোগাযোগ সবেরই পিছনে যেন রয়েছে একজন অদৃষ্ঠ কারিগরের, কি বলব, design—মতলব। তবে আমি এ ধরনের কথা বলতে অহ্নার করতে চাইনি বিশ্বাস কর। বরং উন্টো। কেননা আমি একথা বলেছি আমার আমিত্তকে ফাঁপিয়ে তুলতে নয়—এই সব যোগাযোগকেই বড় করে ধরতে।

অতুলপ্রসাদ বললেন, আপনি এত সঙ্কৃচিত হচ্ছেন কেন এসব কথা বলতে? আপনি

আরো পাঁচজনের সঙ্গে কাঁধ মিলিয়ে চললেও তারা যে কাঁধে আপনার সমান নয় একথা কি চোথে ধরা না পড়ে পারে ?*

দাদার ডিসেম্বরে লখনউ আসা হল না।

১৯২৭ ১০ই জামুয়ারি দাদা সত্যপ্রসাদ সেন সোদপুর থেকে লখনউ যাত্রা করলেন, তার কয়েকদিন আগেই অতুলপ্রসাদ বোলপুর থেকে কলকাতা হয়ে লখনউ ফিরে এসেছেন। সত্যপ্রসাদ কাটিহারে এসে রাত কাটালেন। ডায়েরিতে লিখলেন, "১১ জামুয়ারি সমস্ত দিন গাড়িতে চললাম। সোনপুর পোল ও স্টেশন খুব বড়। বি, এন, ডাবলু, আর-এর স্টেশানগুলি বেশ স্থলর ও থাবার বেশ পাওয়া যায়। ছাপরায় নেমে কাশী যাওয়া যায়।

"১২ই জান্ত্যারি। Arrived Lucknow. found Subala & her daughter Usa Atul's place. কেশনে কোন লোক ছিল না। বড় ভাবনা হল অতুলের শরীরের জন্তে। পরে দেখি অতুল আমার চিঠি পায়নি। এই চিঠি চার পাঁচদিন পরে এসেছিল। মিঃ চিস্তামণি, ইউ. পির মিনিস্টার, তাঁকে দেখলাম অতুলের অভিথি। আজ বিদায় গ্রহণ করলেন। অতুল বড় স্থন্দর বাড়ি করেছে, নাম দিয়েছে 'হেমস্ত-নিবাস' অর্থাং খুড়িমার নামে। লখনউতে জ্ঞান রায়কে দেখলাম। তাঁকে দেখে পুরোনো দিনের কথা মনে পড়ল। ঢাকাতে আমাদের মধ্যে আমার অতুলের ও জ্ঞানের খুব বন্ধুত্ব ছিল। জ্ঞানবাব্র (নস্থবাব্) বাবা গোপীবাব্ই খুড়োমহাশয়ের মৃত্যুর পর অতুলের টাকা কোথায় কি আছে বন্দোবন্ত করেন।

১৪ই জামুয়ারি। দিলীপ এল কলকাত থেকে। হেমকুস্থম ছয় সাত মাস হল কলকাতায় স্থার কে. জি. গুপুর বাড়িতে। স্থার কে. জি. গুপু পরলোকগমন করেছেন। বাবা মারা যাওয়ায় হেমকুস্থম খুউব কাতর। স্থার কে. জি. গুপু হেমকুস্থমকে পনেরো হাজার টাকা দান করে গেছেন।

সত্যপ্রসাদ দিলীপকে বললেন, তুমি তো ফার্মিং-এ ট্রেনিং নিলে এবার কী করবে বল ?
দিলীপ জানায়, এবার একটা পোলট্রি করব ভাবছি জ্যাঠামশাই। ভাবছি কোথায় করা
যায়।

তা এক কাজ কর না। তুমি বরং আমার দঙ্গে পূর্ব-বাঙলায় চল। ওসব অঞ্চলে পোলট্রি করতে পারলে তোমার প্রচুর লাভ হবে।

দিলীপ সরাসরি অস্বীকার করল, না জাঠামশাই অতদ্র আমি যাব না। অতুলপ্রসাদ বললেন, তোমার জ্যাঠামশাই যা বললেন দিলীপ মন দিয়ে শোন। উনি

দিলীপকুমার রায়ের 'তীর্থয়র' থেকে।

ষধন বলছেন ওধানে তোমার স্থবিধে হবে তথন নিশ্চয়ই স্থবিধে হবে বলেই বলছেন।
আমারও বিশাস ওখানে পোলট্রি করতে পারলে তোমার লাভ হবে। তোমার বাবা
এবং জ্যাঠামশাই নিশ্চয়ই তোমার ভাল চাইবেন একথা মনে রাখছ না কেন। তোমার
ভালোর জন্তেই তোমার জ্যাঠামশাই বলেছেন। ওঁর কি লাভ!

১৫ই জারুয়ারি। অতুলপ্রসাদের বাড়িতে চমৎকার এক সঙ্গীতের আদর হল।

বেশ শোনাও ভাই।

সেদিন সেধানকার বিখ্যাত তবলা হারমোনিয়াম ও সরোদ বাজনা শোনা হল।

২০ জাসুয়ারি। দাদা লখনউ থেকে বিদায় নিলেন। যাবার আগে বলে গেলেন, তোমাকে একটা কথা বলব ভাবছি অতুল। সেদিন আমাদের দেশের গ্রামখানি থেকে কয়েকজন শিক্ষিত ভদ্রসন্তান আমার কাছে এসেছিলেন, তাঁদের ইচ্ছা গ্রামে আমাদের দেশে যাতে একখানা বিভালয় স্থাপন করা হয়। আমার কাছে এসেছিলেন কিছু অর্থ সাহায্যের কামনা নিয়ে। আমি তোমার নামও বললাম। আমরা সকলে সাহায্য করলে বিভালয় স্থাপন করা যায়।

জতুরপ্রসাদ বললেন, সাধু উদ্দেশ্য তাঁদের। আমি নিশ্চয়ই তাঁদের টাকা দেব। তোমাকেই আমি টাকা পার্টিয়ে দেব তুমি ভদের হাতে টাকা দিয়ে দিও।

বেশ তাই পাঠিও।

আছো শোন অতুল, আর একটা কথা বলি। আমরা যখন ওদের এত টাকা দিছিছ ওদের একটা কথা বললে কেমন হয় ? ওদের বিতালয়ের নামকরণ যেন বাবা ও কাকার নামেই করে।

অতুলপ্রদাদ হেদে বললেন, নিশ্চয়, বলবে বইকি।

সত্যপ্রসাদ অফিসের কাজে লাহোর যাত্রা করলেন। যাওয়ার সময়ে সত্যপ্রসাদকে অতুলপ্রসাদ বললেন, ভোমার নামেই বিছালয় প্রতিষ্ঠার জন্মে টাকা পাঠিয়ে দেব দাদা। বিছালয় প্রতিষ্ঠার কথায় আমার থুউব আনন্দ হচ্ছে। তোমার মনে পড়ে দাদা, মগর গ্রামে বাবা ছোট্ট একটা বিছালয় স্থাপন করেছিলেন একসময়ে। ই্যা ভাই, মনে পড়ে বইকি। আমি ভো সে গ্রামের বিছালয়ে পড়ান্তনা করেছিলাম। গ্রামের কথা মনে পড়বেই কাকার সেই বিছালয়ের কথা মনে পড়ে।

সত্যপ্রসাদ বিদায় নিলেন।

কিছুদিন পরে অতুলপ্রসাদ দাদা সত্যপ্রসাদকে চিঠি লিখলেন:

Hemanta Nibas

मामा,

Charbagh, Lucknow

আজ তোমার নামে স্থলের জন্মে ১০০২ টাকার একখানি চেক পাঠাইতেছি। স্থলের নামের যে প্রস্তাব করিয়াছ 'ভিন্ত, তামটা, নিগুন, কাঞ্চনপাড়া গুরুপ্রসাদ রামপ্রসাদ ইনষ্টিটিউশন, মগর'' তাহা আমি একেবারেই পছন্দ করি না। এত বড় নাম কখনই হয় না। নামটা একেবারেই শ্রুতিমধুর নয়। বরং হাপ্তকর। আমি এ নামে রাজি নই।

শ্রীযুক্ত গিরীক্তকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় বে নামটি দিতে চাহেন সেটি বেশ। পঞ্পল্লী গুরুরাম হাই স্কুল। আশা করি এ নামটি সকলের মনঃপৃত হইবে। টাকা পাঠাইতে দেরি হইল। ছেলেরা ষে চিঠি আমাকে দিয়াছিল সেটি এখনও পাইতেছি না।

কাহাকে লিখিতে হইবে জানাইও। উত্তর দিব।

আশা করি তোমরা ভালো আছ। আমি একরকম আছি। ব্লাড প্রেশারটা এখনো বেশ আছে বলিয়া মনে হয়।

তোমরা আমার ভালোবাসা নাও।

তোমার অতুল

দেশে-গ্রামে স্থলের প্রতিষ্ঠা হয়েছে। অতুলপ্রসাদ আরও কয়েক কিন্তিতে টাকা দান করলেন। টাকা না হলে স্থল চলে! ইতিমন্যে অতুলপ্রসাদের রক্ত-চাপ বৃদ্ধি পেয়েছে। কথনো কম হয় কথনো বেডে যায়। অতুলের শরীর ভাল নেই, ওর জ্ঞানো চিস্তিত। সত্যদাদা পর-পর অনেকগুলি চিঠি লিখলেন। জ্বাব নেই।

শেষে অতুলপ্রসাদ লিখলেন:

Hemanta Nivas
Charbagh
Lucknow
3. 11. 27.

পরম স্থল দাদা আমার,

বান্তবিক আমার বড় অস্থায় হয়েছে এতদিন চিঠি লিখি নাই। তাই বলে মনে করো না আমাদের হৃদয়ের বন্ধন এতটুকু শিথিল হয়েছে।

আব্দু তোমাকে ৫০০ টাকার একখানা চেক পাঠাচ্ছি। দেশের জম্মে যে ভাবেতে ধরচ করা উচিত মনে হয় করিও। আর কত আমাকে দিতে হবে ভাও জানিও।

चामादत्र. ७ चांशादत

জ্ঞীেমাকে আমার ভক্তিপূর্ণ ভালোবাসা জানিও। তোমরা সকলে আমার ভালোবাসা নিও। হিরণ সীতা এখন আমার কাছে আছে। স্থবালামাসীর অবহা মৃমূর্ব। আজ টেলিগ্রাম এসেছে condition serious. তিনি এখন কলকাতার আছেন। আমার শরীর পূর্বাপেক্ষা ভালো আছে। শেবাদ্রির এখনও কাজ হয় নাই, তবে আশা করছে শীন্তই ত্-এক মাসের মধ্যে হবে। হলেই রক্ষা। ওদের ওপর দিরে বড় পরীক্ষা বাচ্ছে। কিরণ কয়েকদিনের জন্মে ছুটকির কাছে গিয়াছে, তারা শারীরিক ভালো আছে।

আজ আসি

তোমার ছোট ভাই অতুল

অতৃল দাদাকে এর পরের চিঠি লিখলেন লখনউ থেকে ২৩। ৩। ২৮ তারিখে। নানা কাজে অতৃলপ্রদাদ ব্যন্ত, সময় তাঁর কম, কিছু তৃ-কলম লিখে কি দাদাকে স্বখী করতে পারেন না! অতৃল, তৃমি আসলে আমাকে ত্যাগ করতে চাও। জান না অতৃল তোমার জন্তে, তোমার শরীরের জন্তে দিনরাত আমি কত ভাবনা করি। তৃমি আমার কথা ভূলে গেছ!

তাই কি হয় ? অতুলপ্রসাদ লিখলেন: দাদা, প্রিয় বন্ধু আমার,

তোমার স্নেহপূর্ণ চিঠিখানি পেয়েছি। আমি কি এত বড় পাষাণ-হলয় যে তোমাদের ত্যাগ করব! আমি চিঠি লেখা সম্বন্ধে খুউবই অপটু এবং সেইজন্তে আমাকে অনেকে ভূল বোঝে কিন্তু আমার অন্তর তো তুমি জান। ক্ষমা করো। দাদা, দিলীপের সঙ্গে আমার কথা হয়েছে। সে বলে ঢাকা বড় দ্রে। অত দ্রে বেতে চায় না। এদিকে স্থবিধে হতে পারে কি না পোলট্রি ফারম এবং ভেজিটেবল গার্ডেন খোলবার তা একবার দেখতে চায়। এ নিয়ে তার প্রতি আমি খুব ক্ষর হয়েছি। সে হয়ত তোমার কাছে শীন্তই যাবে। তুমি তাকে বুঝিয়ে আবার বলো। তাকে নিয়ে আমি বড় মুক্কিলে পড়েছি। আমি বলেছি হয় আমি আর তুমি যা পরামর্শ দেব তা করবে নতুবা নিজের চেষ্টা দেখবে, আমি কিছু করব না। আর এও বলেছি যে লখনউর কাছে কোন ফারম খুলব না ইহা নিশ্চয়ই। এ কাছে থাকলে আমার ভয়্মস্বাস্থ্য একেবারেই যাবে। এ ক-দিনে বেশ সেরে এসেছি সবাই বলছে যে আমাকে খুউব ভালো দেখায়, অনেকদিন এমন ক্ষম্ব চেহারা দেখেনি; আবার দিলীপের সাথে সাক্ষাৎ করলে যেটুকু লাভ হয়েছে সবটুকু যাবে। আমার রাভপ্রেশার ২১৮ হয়েছিল তা ত জান। কলিকাতার শেবে ১৭০ হয়েছে। ছেল্খটাও কিছু ইমপ্রশন্ত করেছে ভাজারেরা বললেন।

আমি গরমের ছুটিতে একবার চাঁদপুর যাব জ্যেটীমার সঙ্গে দেখা করব। পরে লানাবো ঠিক কবে যাব। আশা করি তোমরা ভালো আছ। রাঁটীতে জায়গা পাওয়া যায় ১০০ টাকা বিঘা সেলামিতে। প্রায় ৩০ বিঘা পেতে পারি। সেথানে গেলে ফল খুউব ভালো হয় এবং তাতে নাকি লাভও আছে। আর সেথানে পোলট্রও চলতে পারে। সেথানে ফুল কলেজও আছে। রাঁচি সম্বন্ধে তোমার কী মত জানিও।

তোমরা আমার ভালবাসা নিও

তোমার ভাই অতুল

অতুলপ্রসাদের কিছু জায়গা জমি কেনার ইচ্ছে ছিল রাঁচিতে। এবং হয়ত ইচ্ছে ছিল রাঁচিতে ছোট একথানি বাংলোবাড়ি তৈরি করার। রাঁচির আবহাওয়া ভাল, হেমকুম্মও সেথানে থাকতে পারে। ওর শরীরটা সেথানে ভাল থাকবে। দিলীপও একটা পোলট্রি করতে পারে। দিলীপের জন্তে সারাক্ষণ একটা ভাবনা। ওর বয়স তো হল, এখন একটা কিছু করা দরকার। কিন্তু কোন কিছুতেই ওর বেন মন বসে না। আজ এ কাজটা করবে ভাবে, কাল ও কাজটা। ও কোন কথা ভনতে রাজি নয়, কোন কথা মানতে রাজি নয়। মনটা মাঝে-মাঝে অতুলপ্রসাদের বড় বিষাদে ভরে যায়—একটিমাত্র ছেলে।…… শেষ জীবনটা নানা ভাবনায় ভাবনায় গেল। একদিকে হেমকুম্বমের ভাবনা, অত্তদিকে দিলীপের ভাবনা। দিলীপের একটা কিছু করে দিতে পারলে স্বস্তি। তারপর বিশ্রাম, সম্পূর্ণ বিশ্রাম। ঈশ্বরের কী ইচ্ছা কে জানে।

বাইশ

১৯২৮ থেকে ১৯৩০ ছটি বছর পার হয়েছে। অতুলপ্রসাদের কর্ময়য় জীবনের ষাত্রা তেমনি ধারায় এগিয়ে চলেছে। চলেছে ব্যারিস্টারি, তেমনি মক্তেলদের জিড়, কোর্ট-কাছারি, গান বাজনা, স্থরসংযোজনা, সাহিত্যিক-শিল্পী গুণীজনদের আসা যাওয়া। ডাক পড়ে নানা সভাসমিতি থেকে উত্তরপ্রদেশের মডারেট নেতা মিঃ এ. পি. সেনের। ডাক পড়ে প্রবাসী বন্ধ-সাহিত্য সম্মেলনে বন্ধ সাহিত্য শাধার সভাপতিরূপে প্রায় প্রতি বছর। ডাকে লখনউ বিশ্ববিভালয়ের ছাত্র-শিক্ষক কর্মকর্তারা। তাঁকে না হলে চলে না আউধ সেবা-সমিতির, রামক্বকার্রম, বালিকা বিভালয়, আগলো-সংশ্বত কলেজের। আছেন দিলীপকুমার রায়, বিজেন সাজাল, ইনাহানা দেবী, রেণুকা দাশগুণা, চিত্রলেখা সিদ্ধান্ধ, পাহাড়ি সাজাল, টুলু সেন, সতী ঘোষ, বীণা চক্রবর্তী,

কনক দাস, বিনয় ঘোষ, হরিদাস গোষামী, কুম্দেশ (বদন) সেন, স্থনীল সরকার, পূর্ণেন্দু চক্রবর্তী, হরিপদ রায়, আরো অসংখ্য অতুলপ্রসাদের গানের গায়কগোটা। বিনয় ঘোষ বলেছেন, তথন বাংলা দেশ ভেলে যাছে স্বরের প্রাবনে অপরপ স্বর্ষ্ঠ দিলীপকুমার রায়ের গানের বস্তায়। "গান তো শুনে আসছিলাম, গেয়েও আসছিলাম—বিশ বছর ধরে। কিন্তু গানের জান, প্রাণ, কলিজা যে কোথায় থাকে তার থবর প্রথম দিলেন দিলীপকুমার। ভক্ত হয়ে পড়ব এ আর বেশি কী! সাকরেদ বনে গেলাম হরিদাস গোস্বামী, কুম্দেশ সেন, রণজিং (টুলু) সেন, স্থনীল সরকার, পূর্ণেন্দু চক্রবর্তী, হরিপদ রায়—আমাদের বন্ধুগোঞ্জিভুক্ত কয়েকজন। অতুলপ্রসাদের কতকগুলি গান দিলীপবাব্র (আমাদের সবার মন্টুদা) মধুনিংশুন্দী কঠের জাত্তে তথন বাংলা দেশকে মৃয়, মোহাছেয় করে রেথেছিল। ঐসব গান আমরাও শিথেছিলাম মন্টুদার কাছ থেকে এবং নানান আসরে গেয়ে দৃষ্টি আকর্ষণ করেছিলাম। পরে অতুলপ্রসাদের সক্তে পরিচয় ও তাঁর কাছে বসে তাঁর কাছেই গান শেখার সৌভাগ্য হয়েছে আমাদের অনেকের।

"অতুনপ্রসাদ সে সময়ে কলকাতায় কয়েকবার এসে নেমেছেন ভাত্ন গুপু মত্নু গুপুর পিতা হাকিম গুপ্ত সাহেবের বাড়িতে—প্রথমে স্টোর রোডে, পরে রাসবিহারী এভিনিউ হিন্দুখান রোড-এ। এক সন্ধ্যায় জোড়াসাঁকো, শিবঠাকুরের গলি ৩১ নম্বর বাড়িতে शिराहि, खनी, मिल्ली, कनतमान महत्न वाष्ट्रिंगे स्थातिहरू त्रित वीतवन, आत তার পাশেই বনেছেন অতুলপ্রসাদ, মূথে স্মিত হাস্ত। গাইলাম—'মেঘেরা দল বেঁধে ষায় কোন দেশে।' অতুলপ্রসাদের গান গাইছি । বিদ ভুলভাল হয়, যদি গাওয়া পছন্দ ना हम ! अञ्जलक्षमाम वर्ष वर्ष कार्य त्याल, हामि मृत्य व्यास्त्र वालनन, 'वा ! বেশ স্থনর।' এরপরে তাঁকে দেখেছি সমবায় ম্যানশনে, পুরোনো হিন্দুস্থান বিল্ডিভের 'আনন্দমেলা' (আনন্দবাজারের আনন্দমেলা নয়) প্রতিষ্ঠানের বার্ষিক উৎসবে। অতলপ্রসাদ প্রবাসী হয়েও ছিলেন আনন্দমেলার প্রেসিডেণ্ট। প্রীযুক্ত হরিহর চক্র মহাশ্রের অমুরোধে অতুলপ্রসাদ গানের পর গান গেয়ে শোনালেন। খাদের দিকে কণ্ঠস্বরে গুরুগান্তীর্ষের সঙ্গে মাধুর্ষের মিলন লক্ষ্য করবার মত। সে আসরে উপস্থিত ছিলেন ইন্দিরা দেবী চৌধুরানী, প্রিয়ম্বদা দেবী। অতুলপ্রসাদের গান ভনে আমার পিপাসা আরও বেড়ে গেল। বললেন, 'গান শিখতে চাও? বেশ তো এসো আমাদের বাড়ি। আমি আছি আমার ভাইয়ের বাড়ি স্টোর রোডে।'.....অরদিনের স্বর পরিচয় আমার সঙ্গে। তবু লখনউ থেকে কলকাতায় এলে একখানা ছোট্ট চিঠিতে অতুলপ্রসাদ—'ভাই বিনয়, আমি এসেছি তুমি স্থবিধামত অবশুই এসে দেখা করো। व्यक्तमा ।'

পিয়ে হাজির হতেই শ্বিত হাস্তমাখা মুখের অভ্যর্থনা। —এসেছ? বেশ বস, চা খাও আগে।'

'কে তুমি বিদ নদীক্লে একেলা' গানটা শেখাতে শেখাতে মাঝখানে বললেন ঐ গানের ইতিহাসটা: 'একবার এক কমিশনে বাচ্ছি, গোমতী নদী দিয়ে নৌকা করে। মাঠের ছিতর দিয়ে এঁকে-বেঁকে চলেছে নদীটা। বেশ মিঠে হাওয়া বইছে। বসে বসে একটা বইয়ের পাতা উলটে বাচ্ছি। এমন সময়ে চোখে পড়ল, অল্প বয়সের একটা মেয়ে নদীর একেবারে ধারে বসে, কেমন আনমনা, কিছুই যেন দেখছে না। হাওয়ায় চ্লগুলো উড়ছে এলোমেলো, আধময়লা ঘাঘরাটাও উড়ছে এদিকে সেদিকে। কোন দিকেই ল্রক্ষেপ নাই মেয়েটার। দেখে মনটা যেন কেমন উদাস হয়ে উঠল। উদাস করা একটা হয়ের মনে এসে গেল। তথন এই গানটা লিখে ফেললাম।' বললেন অত্লপ্রসাদ তাঁর সেই ঈষৎ হাসি আর একট্থানি লাজুক ভিন্দি মেশানো তঙে। তারপর সবটা গান শোনালেন, শেখালেন।

শ্বল কজেদ কোর্টের জ্বজনাহেব গুপ্তানাহেবের রাদবিহারী এভিনিউয়ের বাড়িতে দেবার উঠেছেন। দেখানে একদিনের আদরে এলেন শচীন দেব বর্মন, হিমাংশু দত্ত আর দে দময়ে একেবারে অজ্ঞাত অখ্যাতনামা কুন্দনলাল সাইগল। লখনউ থেকে রেলের চাকরি ছেড়ে ছুড়ে কলকাতায় এদেছেন ভাগ্যপরীক্ষা করতে। আছেন ওয়েলিংটন স্ত্রীটে। চমংকার গান করেন, এই বলে তাঁর পরিচয় দেওয়া হল। সাইগল স্বাইকে অবাক করে গাইলেন, 'কবে তুমি আদবে বলে, রইব না বদে।' রবীজ্ঞনাথের গান। কণ্ঠমাধুর্যে মৃগ্ধ স্বাই। অতুলপ্রসাদ খুউব তারিফ করলেন। জিজ্ঞাসা করলেন, 'পাহাড়ির সঙ্গে চেনাপরিচয় আছে নাকি ?'

शा थ्र (माखी चाह्य । रनतन मारेशन।

অহুরোধে সাইগল কয়েকটি গজন ও পাঞ্চাবী গীত গাইলেন।

কথায় কথায় একদিন 'উঠো গো ভারতলন্দ্রী' গানটির কথা উঠল। বিনয় ঘোষ জিজ্ঞেস কবলেন অতুলপ্রসাদকে, 'এ গানখানি কথন লিখেছিলেন ?'

অতুলপ্রসাদ বললেন, 'ভেনিদে এক সন্ধ্যায় গণ্ডোলায় করে বেড়াচ্ছি। চারদিকে বাড়ির আলো, আকাশের তারা, জলের ঝিকিমিকি আর এধারে ওধারে গণ্ডোলার ছপ্ছপ্শন্ধ। চুপ করে দেখছি, শুনছি। হঠাৎ একটা গণ্ডোলা থেকে হ্বর ভেসে এল। বেহালা বাজাচ্ছে। চমৎকার লাগল হ্বরটা। গণ্ডোলা দূরে চলে গেলেও হ্বর কানে বাজতে লাগল। ফিরে এসে গানটা লিখে ফেললাম। দেশে ফিরেছি। গানখানা ত্-চার জায়গায় গেয়েছি, অনেকে প্রশংসাও করেছেন। প্রথম কোধায় ছাপা হরেছিল গানটা মনে নেই।… তথন ছিল প্রথম স্বদেশীর যুগ। প্রায়ই সভাসমিতি হয়।

अकिमन ख्वामीभूद्वत शकात शांद्वत अकिंग तांछ। पित्र ठमिछ, हर्टार एत त्यत्क कात्म अम अकिमन हिलात शांत्वत छ्व। ख्वा अकिंगू काह्छ अलारे वृद्धत्व भांत्वाम ख्रा। खामात शांमोंहे शांहेत्व शांहेत्व शांहे । खांति चांचे एतः १००० मांहेत्व शांकि । खांचे किंगू ने च्यून अमिन काम काम का किंगू ने च्यून अमिन काम काम का किंगू ने चांचे । वांचे । वांचे । वांचे । वांचे चांचे चांचे । वांचे चांचे चांचे चांचे । वांचे चांचे चांचे चांचे । वांचे चांचे चांचे चांचे चांचे । वांचे चांचे चां

গোমতীর জলধারা বয়ে চলে। স্রোভ সময়কে এগিয়ে নিয়ে চলে। ভারতবর্ধের স্বাধীনতা সংগ্রামের পট পরিবর্তন হয়েছে। স্বাধীনতা সংগ্রামে কত প্রাণ বিসর্জন হল। এলেন মোহনদাস করমটাদ গান্ধী দক্ষিণ আফ্রিকা থেকে নতুন 'সত্যাগ্রহ' অস্ত্র হাতে নিয়ে। ধীরে ধীরে দেশের পুরোভাগে এসে দাঁড়ালেন। ঘটে গেল জালিয়ানওয়ালাবাগ হত্যাকাগু। পরিচালনা করলেন চম্পারন সত্যাগ্রহ, যোগদান দিলেন থিলাফত স্থান্দোলনে, প্রতিষ্ঠা করলেন স্বরম্তা আশ্রম, ইয়ং ইণ্ডিয়া, নবজীবন পত্রিকা… দণ্ডিত হলেন ছয়্ম বছর কারাদণ্ডে, হলেন বেলগাঁও কংগ্রেসের সভাপতি।…

১৯২৩ থেকে গান্ধীজীর আইন অমাক্ত আন্দোলন শুক হল পণ্ডিত জওহরলাল নেহকর সভাপতিত্বে কংগ্রেসের পূর্ণ স্বাধীনতা প্রস্তাব গৃহীত হবার পর। গান্ধীজী গুজরাটের ডাণ্ডিতে লবণ আইন অমাক্ত করতে চললেন, সারা দেশে আইন অমাক্তের জোয়ার। অতুলপ্রসাদকে এই সময়ে দেশ ছেড়ে বেতে হল দূর বিদেশে।

ষাওয়ার আগে দাদাকে লিখলেন:

Calcutta 13, 5, 30,

माना, वक् व्यामात्र,

••• আজ বিলেত যাবার পথে বম্বে যাচ্ছি। বিলেতে পৌছে তোমাকে চিঠি লিথব।
আমায় নিম্মলিথিত ঠিকানায় চিঠি লিথ

A. P. Sen
C/o Messrs. Thomas Cook & Son
Berkely Street
Piccadilly
London

^{*} বিনয় ঘোষের রচনাত্মারে। পরিশিষ্ট ভ্রষ্টব্য

আমি সেপ্টেমরের,শেষে দেশে ফিরব। দেশেরও এখন বা অবহা! বিধাতার কী অভিপ্রায় জানি না।

ৰাৰ তাড়াতাড়ি

ভোমার ভাই অতুল

এবার কোর্টের কাজে স্থদ্র বিটিশ দীপপুঞ্জে যাত্রা। প্রিভি কাউলিলে একটি মামলার তদারকিতে তাঁকে যাত্রা করতে হল। ঠিক এই সময়ে তাঁর দেশ ছেড়ে বেতে ইচ্ছা ছিল না। শরীরটা ঠিক আগের মত তত ভাল নেই। কিছুদিন থেকে বারে বারে নানা রোগের আক্রমণে তাঁকে কিছুটা তুর্বল করে তুলেছে। ১৯২২ থেকে মাঝে মাঝে রক্তচাপ বৃদ্ধি দেখা দিয়েছে, তথন কর্মক্রমতা হ্রাস পায়। চিকিৎসকের কড়া নির্দেশ, এই সময়ে কাজকর্ম কিছু কম করুন, শুনে থাকুন। তিকিৎসকের কণা নির্দেশ, এই সময়ে কাজকর্ম কিছু কম করুন, শুনে থাকুন। তিকিৎসকের কণা বিশ্ব বিস্ব বিস্ব থাকলেই কি চলে। তাঁর উপর যে কতকগুলি মাহুষের জীবল এবং জীবিকা নির্ভর করছে, মুখ চেয়ে বসে আছে।

যদিও এই বয়সে দ্র পথে যাত্রায় কিছু কিছু ভাবনা আসছিল, তবু যৌবনের দিন-গুলির কথা শারণ করে যৌবনের দেখা লগুনে ফিরতে উৎসাহই জাগছিল। পরিচিত মাহ্রমদের একবার খুঁজে দেখলে কেমন হয়সে দেশটা কি এখনও সেইরকমই আছে! হয়ত সময় হাতে থাকবে না। হয়ত দেখা হবে না, খুঁজে পাওয়া যাবে না তাদের। চেনার সম্ভাবনাও নেই এ পরিণত বয়সে, দৃষ্টি বদলে গেছে। বাইরের অস্তরের রূপের পরিবর্তন হয়েছে, ক্লচিও বদলেছে, হয়ত সেই পরিচিত জগংটাকে আর চেনা যাবে না।

বেশ তো, তাহলে না হয় সে দেশে ফিল্লে সে দেশের নবীনতাকে নতুন দৃষ্টি দিয়ে দেখা যাবে।

'গোলডার্স গ্রীন' পাড়ায় মিসেদ লোকেন পালিতের বাড়িতে এসে নামলেন। মিসেদ পালিত এখন এখানেই বাদ করছেন।

মিদেস পালিত আগ্রহের সঙ্গে অতুলপ্রসাদকে এনে তাঁর বাড়িতে রাখলেন। মিদেস পালিতের কটেজের একখানি কামরা স্থসজ্জিত ছিল অতুলপ্রসাদের জন্মই।

আপনি আসবেন আমি জানতুম। তাই এই ঘর সাজিয়ে রেখেছিলুম। আপনার কোন অস্থবিধে হবে না।

আপনি কেমন আছেন ? অনেক দিন পর আপনার সঙ্গে দেখা হল মিসেস পালিত। আপনাকে অনেক দিন পর দেখলাম মিঃ সেন। কত দিন! আপনাকে বেন কিছু রোগা দেখাছে···আপনার অক্স্ছভার ধবর পেয়েছিলাম, ভাবনা হয়েছিল। আপনার মত প্রতিভা হয় না, একাধারে ব্যারিকীর, সমাজদেবী, রাজনীতিবিদ, কবি।···

প্রবাসী ভারতবাসীরা এসে ঘিরে ধরে লিবারেল নেতা মি: এ. পি. সেনকে। বাঙালীরা তাদের প্রিয় গীতিকার কবি অতুলপ্রসাদকে। 'উইক এন্ডে' কোথাও কোন সম্প্রবেলায় যাওয়া হয়, নয় তো মিসেস পালিতের কটেজেই সঙ্গীতের আসর বসে যায়। কিছু কিছু সঙ্গীত-পাগল ছাত্র বলে, আপনাকে যথন কাছে পেয়েছি, আপনার কাছেই আপনার গান শিথব। আপনি আপনার গান শোনান, আমাদের শেথান। স্থরেলা দরদী গলায় অতুলপ্রসাদের গান শুরু হয়—

"মনরে আমার

"তব অস্তর এত মন্থর আগে তো তা জানি নি", কিংবা

তুই শুধু বেয়ে যা দাঁড়।
হালে যথন আছেন হরি
তোর যেমন ফাগুন তেমনি আযা

যথন যুঝবে তরী স্রোতের সনে—
মনরে আমার—
তুই টানিস আরো পরান পণে
যথন পালে লাগবে হাওয়া
সময় পাবি রে জিরোবার
মাঝির সেই গানের তানে
মনরে আমার, মনরে আমার—

মনে পড়ে যায় দেই শ্রামল বাঙলা দেশ, পাড়ভাঙা নদী-কূল। মেঘেরা দল বেঁধে যায় কোন্ দেশে। মনে পড়ে যায় পাথির গান। সেই থোলা মাঠ। বকুল ফুল, হরিরলুটের বাতালা, স্লিগ্ধ মাটির গন্ধ, মায়েদের ভালোবালা—সেই মিষ্টি দেশ সকলের লামনে এলে দাঁড়ায়, প্রাণের মাঝে ভাকে। মনে হয়, ভূলি নি, ভূলি নি, ভূলি নি। দ্রদেশে থেকে মায়ের টান বেন বড় বেশি। হাজার হাজার মাইল দ্রে বলে বাংলা দেশের প্রবালী মান্ত্রদের মন হঠাৎ ব্ঝি দেশের জল্ঞে কেঁদে কোল গারা।

অত্লপ্রসাদ ত্থন গানে ও হুরে মাতোয়ারা :

ভেবেছিন্থ নাই-বা এলে
ওহে ভব নদীর মাঝি,
যাব চলে আপিন পালে
অবহেলে।
এখন মাঝ-গাঙেতে টুটল দড়ি,
ভাঙা নায়ে উঠল বারি।
তে কাঞাবী.....

ছাবিশ ইঞ্চি স্টকেস অক্লেসে হাতে নিয়ে দীর্ঘ জ্যোতিমান পুরুষটি লণ্ডনের আগ্রার-প্রাউণ্ড ট্রেনে এসে উঠলেন। ফিরছেন গ্রীনউড। ট্রেনে এসে উঠল একজন ভারতীয় ছাত্র। চিনতে পেরে উৎসাহের সঙ্গে আলাপ শুরু করল ছাত্রটি। কথায় কথায় বললে, আমি আপনার গান গেয়ে থাকি। আপনার গান আমার ধ্ব ভাল লাগে।

কী নাম তোমার ?

রণজিং সেন। ষদিও টুলু সেন বলে আমাকে অনেকে জানেন। রণজিং আবার বললেন, আপনার গান আমি শ্রীযুক্ত দিলীপকুমার রায় এবং সাহানা দেবীর কাছ থেকে শিখেছিলাম। কিন্তু আজকে কী সৌভাগ্য আমার এইভাবে এই পরিবেশে এত দূর দেশে আপনার সঙ্গে দেখা! এবং আলাপ হওয়ার সৌভাগ্য ষধন ঘটল তথন একটা আজি আছে!

কী বদ তো?

আমি আপনার গান আপনার গলায় শুনতে ইচ্ছা করি। তাতে আপনার গানের সঠিক হ্বর সম্বন্ধে অবহিত হব; এবং আমাকে আপনার কয়েকটি গান শেখাতে হবে। বেশ তো। তুমি এখানে কোধায় থাক? চল না-হয় আমার সঙ্গে গোলভার্স গ্রীনে। তোমার ইচ্ছার জয় হোক।

পিকাভিলি স্টেশনে ট্রেন বদল করতে হবে। সিঁড়ি দিয়ে উঠে আর একটা ট্রেন ধরতে হবে। স্টকেসটি হাতে তুলে নিয়ে ট্রেন থেকে নেমে এলেন, সঙ্গে রপজিং। অতুলপ্রসাদ বলিষ্ঠ ভঙ্গিতে স্টকেস হাতে সিঁড়িতে উঠছিলেন। বয়সে তিনি প্রবীণ এবং সম্মানীয়, নবীন যুবকের চোখে ভক্ততাবোধ জাগল। বিনীত স্থরে রণজিং বললেন, আপনার স্টকেসটা আমার হাতে দিন।

অতুলপ্রসাদ বললেন, তুমি নিতে পারবে না রণজিং, স্থটকেশটা খ্ব ভারি। না না আমার হাতে দিন, আপনি কেন কট্ট করবেন আমি সামনে থাকতে! त्वम नांख, त्वस।

পিছন কিরে অতুলপ্রসাদ দেখলেন, রণজিং সেন তাঁর স্থাকেশটি বেশ কটকর ভবিভে তুলে আনছেন। তাঁকে দেখে হেসে বললেন অতুলপ্রসাদ, রুদ্ধের শরীরে এখনও তাহলে শক্তি আছে, কী বল! স্থাকেসটা আমার হাতে দাও।

ना ना ठिक चाह्य हनून।

লব্জিতভাবে রণব্জিৎ পা বাড়ালেন।

যে কটা মাস লগুনে ছিলেন অতুলপ্রসাদ সে দিনগুলি কাটছিল মনের আনন্দে।
মিসেস পালিতের আতিথ্যে অতিরিক্ত স্থাস্থাচ্ছন্দ্য সৌজত্যে মাঝে মাঝে বিব্রত
বোধও করছিলেন। এই দূর বিদেশেও সঙ্গীত সাহিত্যের আসর বসে যায়। ষেখানেই
অতুলপ্রসাদ সেখানেই মজলিশ। কবি রবীক্রনাথ লগুনে আসছেন রাশিয়া পরিভ্রমণ
শেষে। অতুলপ্রসাদ থ্ব আনন্দিত, বিদেশে এসেও কবিগুরুর সঙ্গে সাক্ষাৎ হবে ভেবে।
ছই বন্ধর দেখা হল।

উডক্রক থেকে ৩০ মে লগুনে এসে আর্যভবনে উঠলেন রবীক্রনাথ। আর্যভবন ভারতীয় অভিথিশালা, বিড়লাদের প্রতিষ্ঠান। অত্লপ্রসাদ আর্য ভবনে রবীক্রনাথের সঙ্গে সাক্ষাৎ করতে এলেন। রবীক্রনাথ পরিচয় করিয়ে দিলেন লগুনের ইণ্ডিয়া হাউসে ক্রেপ্রেণা অন্ধনরত চারজন তরুণ শিল্পী যথাক্রমে রণদা উকিল, ধীরেন দেববর্মা, ললিত্রমাহন সেন, স্থাংশু রায়চৌধুরী এদের সঙ্গে। চিত্রশিল্পী শ্রীরণদা উকিল লিথেছেন, 'আমাদের সঙ্গে কবি অত্লপ্রসাদের আগে কোন পরিচয় ছিল না। আমরা গিয়েছিলাম কবিগুরু রবীক্রনাথের নিকটে সপ্তবত আর্যভবনে সাক্ষাৎ করতে। সেই সময়ে কবি অত্লপ্রসাদপ্র সেখানে ছিলেন। কবিগুরু আমাদের সঙ্গে কবি অত্লপ্রসাদের আলাপ পরিচয় করিয়ে দিয়েছিলেন। আমার বেশ মনে আছে।' চারজন তরুণ চিত্রশিল্পীর আমন্তবে ইণ্ডিয়া হাউসে দেয়ালচিত্র দেখতে গেলেন। তাঁদের ক্রেস্কো চিত্র দেখে উচ্ছুসিত প্রশংসা করলেন। তাঁরা তথন বললেন, আমাদের পেনিওয়ার্ন রোডের বাসাতে আপনাকে আসতে হবে। বলুন কবে আসবেন; সেদিনই আপনার চায়ের

प्रकृतक्षत्राम प्राप्तवन शहन करत्र वनलन, याव, निक्तप्तरे याव, याव देविक ।

করেক দিনের মধ্যে চার-আঁকিয়ের পেনিওয়ার্ন রোডের ঘরে অত্লপ্রসাদ এলেন।
চার বন্ধু অত্লপ্রসাদ আসবেন বলে চিত্রশিল্পীদের চিরাচরিত অগোছালো ঘরধানি
বাড়পোছ করল, সাক্রালো গোছালো। ফুলদানিতে ফুল রাখল, ধূপ আলাল।
ফুলের গদ্ধে, ধূপের গদ্ধে, ভারতীয় পোশাকে মেন্ডান্ডে, হাসিতে-খুলিতে ভরপুর হয়ে
প্রবাসী কবির প্রতীক্ষার রইল ওরা। চার বন্ধু দির করে, চায়ের আসরের শেষে

একটা গান-বাজনার আসর বসাতে হবে। শিল্পীর তো অভাব নেই। গান সকলেই কিছু না কিছু জানে, আর সবথেকে বিনি সেরা কবি স্থরকার গারক তিনিও আছেন। তাঁকেও অহুরোধ করতে হবে গান গাওয়ার জন্তে।

তিনি যদি গান গাইতে অস্বীকার করেন ?

ভাঁকে গাইতেই হবে গান।

চায়ের আসর শেষ হয়েছে, চিত্রশিক্ষী ধীরেন দেববর্মা তাঁর এসরাজে ছড় টানলেন।
মৃগ্ধ সকলে। অকমাৎ ধীরেনের ছড়ের টানে এসরাজে অতুলপ্রসাদের গানের হার ভেসে
এল। বড় মধুর, মনমাতানো; হাদয়ের গভীর তল থেকে বৃঝি উঠে এল বড়
করুণ হার—ভেসে বেড়াল ধ্যানগভীর পর্বতশিখর হতে সমৃদ্রের উদ্ভাল তরক্ষে—
তরকে, সমৃত্র-সফেনে, বালুকাবেলায়। আলোড়িত হল মন। অব্যক্ত ব্যথা বেদনা
মৃক্তি চাইল কঠে। ধীরেনের এসরাজের সঙ্গে একের পর এক অনেকগুলি গান
গাইলেন অতুলপ্রসাদ।

গান থামিয়ে অতুলপ্রসাদ বললেন, অনেক রাত হল, এবার আমি বিদায় নিই। চার বন্ধু বললে,চলুন আপনাকে এগিয়ে দিয়ে আসি।*

<u>ভেই</u>শ

সেপ্টেম্বরের শেষাশেষি বা অক্টোবরের প্রথম দিকে লণ্ডন থেকে অতুলপ্রসাদ ফিরলেন। বোম্বাই থেকে সোক্ষা লখনউ—তাঁর কর্মভূমিতে। দীতের দেশে শরীরটা বেশ ভালইছিল। ভারতবর্ষে ফিরে আসতে না আসতেই নানা রোগের আক্রমণ শুরু হল। গাউটের ব্যথা, রাড প্রেশার, হজমের গোলমাল, সিদ-কাশি ইনফুয়েঞ্জা একের পর এক ঘিরে ধরল। শারীরিক অম্বন্ধি এবং মানসিক অম্বন্ধি প্রবল। স্ত্রী হেমকুম্বম পক্ষাঘাতে পঙ্গু। চলংশক্তিহীন। মাঝে মাঝে লালবাগের বাড়িতে হেমকুম্বমকে দেখে আসেন। অতুলপ্রসাদের বলতে সাধ জাগে কেন তুমি এখানে একাকী বাস করছ চল আমার সঙ্গে চারবাগে তোমার বাড়িতে, কিন্তু বলতে পারেন না, কোণায় যেন একটা দিধা। পাহাড়-প্রমাণ দিধা এবং সংশয় তাঁদের হজনের মাঝখানে। তা অভিক্রম করে হজনের মধ্যে স্বাভাবিক কথাবার্তা স্বাভাবিক মামুষের মত ব্যবহার একেবারেই অসম্ভব। অথচ একাকী হেমকুম্বমকে লালবাগের বাড়িতে রেখে যেতে ভরসা হয় না। হেমকুম্বম বড় অসহায়, একাকী নিজের নিত্যপ্রয়োজনীয় কর্মগুলি সম্পাদনেরও শক্ষি নেই।

चটনাটি চিত্রশিল্পী শ্রীরণদা উকিলের উক্তি থেকে।

দিলীপকে বারে বারে দাবধান করেন অতুলপ্রসাদ। বলেন, তোমার মায়ের ওপর দৃষ্টি
রেখো, মা বেন পড়ে না যার দেখো, স্বায়াকে থাকতে বোলো তাঁর কাছে দব সময়ে।
নিজেও পরিচারিকাদের নির্দেশ দিয়ে যান।

মাঝে মাঝে কিছুদিনের জন্তে ব্ঝি আসতে পারেন না। শরীর বাধ সাধে। এর ওপর খাটুনির কি শেষ আছে! বিলেত থেকে ফিরে আসবার পর দেখেন তাঁর অবর্তমানে বিশ্ববিচ্ছালয়ের অনেক জকরি কাজ মূলত্বি হয়ে আছে। জ্ঞান চক্রবর্তী, রাজকমল তালেন বিশ্ববিচ্ছালয়ের মন্ত্রণাকক্ষে। সেবা সমিতি থেকে, বয়য়াউট থেকে ভাক আসে। রাধাকুম্দরা এসে নিয়ে যায়। অ্যাসোসিয়েশন থেকে ভাক আসে, ভাক আসে নানা বিচ্ছালয়, কলেজ, নানান প্রতিষ্ঠান থেকে,—সেখানকার তিনি সভাপতি, কর্ণধার। বেঙ্গলী ক্লাব এবং ইয়ংম্যান অ্যাসোসিয়েশনের কর্ণধার কর্মীরা—সত্যকুমার, স্থচাক সান্তাল, আরো অনেকে এলেন। ওরা বলেন, চলুন অত্লাদা, ক্লাবে চলুন। আপনি এসে আমাদের মধ্যে বসলে আমরা খুউব শক্তি পাই।

নিশ্চয়ই নিশ্চয়ই ! তোমাদের কী নতুন প্লে শুরু করলে বল তো ? তোমরা প্লে করবে আর আমি যাব না এ হতে পারে ?

এদিকে শরীরটা সত্যি আর চলে না। এত ছোটাছুটি, এত খাটাখাটি, এত চারদিক থেকে টানাটানি, তবু তিনি হঠাৎ ছুটি নিয়ে বসতে পারেন না। তাঁর ওপর নির্ভর কতকগুলি পরিবার; তাদের কল্পি-রোজগার তাঁর হাতেই। তিনি যদি কোর্টের কাজকর্ম থেকে বিশ্রাম নেন তাঁর ওপর নির্ভরশীল পরিবারগুলি অন্নকষ্টের সম্মুখীন হবে। আসলে তিনি যে একটি প্রতিষ্ঠান। তবু তিনি কোর্টের কিছু কাল্প থেকে হালকা হলেন। কোর্টের কাল্পে দ্রে দ্রে যাতায়াত কমিয়ে আনলেন। কাল্পের ভার তাঁর তুই জ্নিয়ার ব্যারিন্টার হেমস্তকুমার ঘোষ এবং এস. সি. দাসের হাতে কিছুটা চাপিয়ে দিলেন। ভাক্তারের পরামর্শে গুরুপাক খাওয়া ছেড়ে দিলেন। অফিসের কাল্প সেরে ফিরে এসে একটু নিশাস নিতে শুক্ত করেন।

গুণগ্রাহী মাহবেরা সেনসাহেবের অত্বস্থতার থবর পেয়ে আসেন দ্র থেকে, ভগবানের কাছে, ঈশরের কাছে, থোদার কাছে স্বস্থতার প্রার্থনা জানিয়ে ধীরে ধীরে বিদায় গ্রহণ করেন। আত্মীয় স্বজনরা অত্বস্থতার থবর পেয়ে অন্থিরচিত্ত হন। বড় বোন হিরণ বলেন, দাদা আমার কাছে ব্যাঙ্গালোরে এস, জায়গা পরিবর্তনে তোমার স্বাস্থ্যের উন্নতি হবে। কলকাতা থেকে মেজ বোন কিরণ লেখে, ভাইদা কলকাতায় এসে তোমার একজন ভাল ভাক্তার দেখানো উচিত। আমি তো মনে করি ডাঃ নীলরতন সরকারকে দিয়ে তুমি ভোমার স্বাস্থ্য পরীক্ষা করাও। কেন তুমি এত তুর্বল হয়ে যাচছ, বারে বারে ফিরে ফিরে অস্থথে পড়ছ! ভোমার শরীরের জক্ত আমরা খুউব চিন্তিত।

দাদা লেখেন, তুমি আমার কাছে চলে এন। পূর্ববাংলায় দেশের খোলা হাওয়ায় শরীর তোমার ভাল হয়ে যাবে। লখনউয়ের জলহাওয়া তোমার স্থট করছে না। তোমারু এখন রাডপ্রসার কত ? শরীর অবস্থা লিখে জানিয়ে ভাবনা দূর কর।

অতুলপ্রসাদ মনে করলেন, কলকাতায় কিরণের বাড়ি গিয়ে ভাল ডাব্ডার দেখিয়ে শরীরটা পরীক্ষা করালে মন্দ হয় না। সব সময়ে মাথার যন্ত্রণা, বেদনা, শরীরের অস্বন্ধি আর ভাল লাগে না। আর দেরি করা উচিত নয়।

সেদিন কোর্ট থেকে অন্ত কোথাও না গিয়ে সোজা পৌছে গেলেন লালবাগ মহল্লায়, ক্যান্টনমেন্ট রোডের বাড়িতে হেমকুস্থমের সঙ্গে দেখা করে আসতে।

হেমকুস্বম স্থয়ে ছিলেন। অতৃলপ্রসাদ তাঁর শিয়রে এসে দাঁড়ালেন। বললেন, কেমন আছ হেমকুস্বম ?

হেমকুষ্ম তাঁর গলার আওয়াজ ভনে ফিরে তাকালেন। তাঁর ছ-চোথ দিয়ে অভিমানের অশ্বধারা বইল। অনেকক্ষণ পর বললেন, তুমি অনেক দিন আস নি। আমার অনেকদিন কোন থোঁজ খবর নাও নি, আমি মরে গেছি না বেঁচে আছি। এ কী অভিযোগ।

অতুলপ্রসাদ বললেন, তুমি আমার দিকে চেম্বে দেখ, তুমি বোধহয় আমাকে দেখনি । তোমার শরীর এত খারাপ দেখাচ্ছে কেন ?

শরীরটা ভাল নেই হেমকুস্কম। কাজকর্ম আজকাল বিশেষ আর করতে পারি না। কোর্ট থেকে ফিরে বিশ্রাম নিই। ভাবছি ছ্-এক দিনের মধ্যেই কলকাভান্ন যাব। ডাক্তার নীলরতন সরকারকে দিয়ে শরীরটা পরীকা করাব।

হ্যা যাও ঘুরে এস।

আমি যখন এখানে থাকব না, তখন তোমার এবং দিলীপের কট না হয় তার সব-ব্যবস্থা আমি সেরে রেখেছি। ডাক্তারবাবু ঠিক সময়ে সময়ে আসবেন, তুমি নিয়মিড ওযুধ খেও, ইনজেকশান নিও, ডাক্তার যা বলেন ভনো। সাবধানে থেকো, ব্রলে হেমকুস্ম!

मिनीभ, मिनीभ!

দিলীপকে ডাকলেন অতুলপ্রসাদ। বললেন, শোন। আমি সম্ভবত কাল বা পরশুর মেলে কলকাভায় চলে বাচ্ছি। তোমার মাকে দেখো, কেমন? সময়মত ওহাধ খাইও। টাকার দরকার হলে মুনসিজীর কাছ থেকে চেয়ে নিও, ঘোষকাকাকেও বলতে পার। তিনি তোমাদের সবরকম সাহায্য করবেন।

চারবাগের বাড়ি ফিরে এলেন অতুলপ্রসাদ। মি: এইচ. কে. ঘাষ এবং মি: এস. সি.
দাশকে তাঁদের যে মামলাগুলি চলছিল সে সহছে নানান উপদেশ দিলেন।

লখনউয়ের পরিচিত মাহ্যরা বন্ধুরা এলেন। বিদায় জানিয়ে তাঁরা বললেন, সেই ভাল, আপনি ভাল একজন ডাক্টার দেখিয়ে আহন। আপনার শরীরটা সত্যি বড় ভেঙে পড়েছে। ধূর্জটিপ্রসাদ, জ্ঞান চক্রবর্তী, চিম্বামণি, নির্মল সিদ্ধান্ধ, আদিত্য, সত্য-কুমারদের কাছ থেকে বিদায় নিয়ে অতুলপ্রসাদ কলকাতাগামী টেনে উঠে বসলেন। অতুলপ্রসাদ কার্তারে মনে কলকাতায় এসে পৌছলেন। স্টেশনে আত্মীয়-স্বন্ধনরা এসেছিলেন; শরীরের অবস্থা দেখে তাঁরা চিস্তিত হলেন।

ভাইদাদা, এ কী তোমার চেহারা হয়েছে!

না, এখন আর কোন কান্ধ করা চলবে না।

সত্যি ত্বাপনার শরীর স্বাস্থ্য খুউব ভেঙে পড়েছে।

এখানে তোমার সম্পূর্ণ বিশ্রাম। কোন সভা-সমিতি নয়, কোন গানের আসর নয়।
কেউ যদি তোমাকে কোন সভায় সঙ্গীতের আসরে ডাক দিয়ে যায় দেখাবো তাকে।
কিরণ বলে। বলে দেবো, তোমার কারো সঙ্গে দেখা হবে না। তুমি কারো সঙ্গে
দেখা করবে না।

অতুলপ্রসাদ হাসেন।

না ভাইদাদা, তুমি হেসো না। তোমার শরীরটা আগে। ওদের সঙ্গে বকবক করলে গান গাইলে ওদের কী হবে ? তোমার শরীরটা যাবে। তেদের তো কিছু হবে না! আমার ভাইদাদার শরীর খারাপ হবে তে তোমায় কোথাও যেতে দেব না। এবার তুমি আমার হাতে। আমার অহুমতি ছাড়া কোথাও আমার বাড়ি থেকে বেকতে পারবে না।

কিরণের চোধহাট বোধহার ছলছল করে, কয়েক বছর আগে তার স্বামীকে হারিয়েছে, মেয়েদের হারিয়েছে। বড় ছঃখিনী!

কিরণ কল দেয় ডা: নীলরতন সরকারকে। ডা: বিধানচন্দ্র রায়কে। ওঁরা অতুল-প্রসাদকে ভাল করে পরীক্ষা করেন। বিশ্রাম গ্রহণের জন্ম পরামর্শ দেন। অতুলপ্রসাদ বিশ্রাম করেন। কিন্তু ডাক্তারের কথা শোনা কি তাঁর ধাতে সয়! আবার অত্যাচার।

কিরণের বাড়িতে একদিন অমল হোম এলেন।

অতুলদা, আপনার আসার থবর আমি কয়েকদিন আগেই শুনেছি। তথন থেকেই একটা চিস্তা এসেছিল মনে, এবারে রবীক্রজয়ন্তী সভায় আপনাকে কিছু বলতে হবে। আপনাকে উপস্থিত থাকতে হবে।

हुश हुश ! वनह की ? क्ति ? की इन ? িবেনে বললেন অতুলপ্রসাদ, যদিও আমার শ্রীরটা অনেকটা ভাল এখন, তব্ কিরণ—
আমার বোনটি যদি শোনে তুমি আমাকে কোন সভায় বক্তৃতা দিতে বা গান গাইতে
নিয়ে চলেছ তাহলে…

তাহলে কী অতুলদা?

বলে দিতে হবে ! · · · · শোন শোন, নিশ্চিত থাক আমি যাব, যাব কিরণকে দুকিয়ে।
না অতুলদা থাক, আপনার অহুস্থ শরীর।

রবীক্স-জন্মন্তী সভায় আমি যাব না, কী যে বল ! এ হতে পারে ?

সভািই ভাে, রবীন্দ্র-জয়ন্তীতে অতুলপ্রসাদ উপস্থিত থাকবেন না এ কি কথনও হতে পারে !

ষতই অহম্ব হন না কেন, রবীক্স-জন্মোৎসবে অতুলপ্রসাদকে উপস্থিত থাকতেই হবে। সেদিনের সভায় অতুলপ্রসাদ স্থলর একটি বক্তৃতা দিলেন আর বন্দনা করলেন কবিগুরু রবীক্রনাথের:

গাহো রবীন্দ্র-জয়ন্তী বন্দন,
ভকত জনে আনে পৃশ্চচন্দন
বরো বরণ্যে, জগত মান্তে,
মৃথর যাঁর গানে কাব্যকানন।
সাহিত্য আকাশে ভাতে যত রবি,
ইন্দ্র সবাকার, তুমি ওহে কবি,
গৌড় গৌরবে তোমার সৌরভে,
বিশ্ব বিমোহিত, মৃগ্ধ গুণীজন।
হে অমর কবি. থাকো মরলোকে
বর্ষ বহু আরো মোদের সম্মুখে;
বন্দবীণা আরো বাজাও গুণী
মহান মোহন বাণী কহো ভনি।
রচো এ ভ্বনে 'শান্ধিনিকেতন'।
পূর্ণ হউক তব পুণ্যসাধন।

১৯৩১-এর গরমের কালটা—মে-জুন মাসটা কলকাভায় চিকিৎসায় চিকিৎসায় গেল। এখন অনেকটা হছে। চিকিৎসক অহ্মতি দিলেন, এখন কাজকর্ম করতে পারেন, তবে বেশি পরিশ্রম নয়।

অতৃলপ্রসাদ লখনউ ফিরে এলেন তার আপন কর্মক্ষেত্র। আবার কাজের মাঝে ডুব দিলেন। লখনউ পৌছে ছু মাস পরে দাদার চিঠি পেলেন, দাদা লিখছেন তার বিতীয় মেরে সাধনার বিষে। বিয়ে হবে ২৫শে নভেম্বর। অতুলের নিশ্চয়ই আসা চাই। । তুমি না এলেই নয়। এখন কেমন আছ অতুল ? অতুলপ্রসাদ সমতি জানিয়ে চিঠি লিখলেন:

Charbagh Lucknow 9, 10, 31,

मामा,

আজ বিকেলে ভোমার চিঠি পেলাম। প্রায় পাঁচ্-ছয় মাস যাবং আমি বারে বারে গাউট-এ ভূগছি। আর ইদানীং ইনফুয়েঞ্জা হয়ে বড় ছর্বল হয়ে পড়েছি, কাশিটাও আছে তবে পূর্বাপেক্ষা একটু ভাল আছি। মোট কথা প্রায় ছয় মাস ধরে ভূগছি, এর ওপর কাজ করতে হচ্ছে, অনেকগুলি প্রাণীর জীবিকা আমার ওপর নির্ভর করে কিনা।

শিবুর বিবাহ ২৫শে নভেম্বর হবে শুনে বড় স্থী হলাম। শরীর নিতান্ত অস্কৃষ্ক না থাকলে নিশ্চয়ই যাব। শিবুকে আমার আশীর্বাদ পাঠিও। তুমি ছোট ভাইয়ের ভালোবাসা নাও। আশা করি সকলে ভাল আছে।

তোমার স্নেহের ভাই

অতুল

কিন্ত শরীর বাদ সাধল।

১৫-১১-৩১ তারিথে চারবাগ হেমন্ত নিবাদ কুঠা থেকে দাদাকে পরের চিঠি লিখলেন:
দাদা,

বারবার ইনফুয়েঞ্চা হ প্রাতে আমি এত অস্থ হয়ে পড়েছিলাম আর রাড-প্রেশার এত বেড়ে গিয়েছিল যে, আমি একটু ভয় পেয়েছিলাম। এখানকার ডাক্তারদের দেখিয়েছিলাম, তাঁরা কিছু করতে পারছিলেন না। ডেনহাম হোয়াইট যখন দেখলেন তখন আমার রাডপ্রেশার ২১৪, খুবই হাই। কালিটা বড় কট দিছে এখনও। তবে প্র্বাপেক্ষা একটু কম। মাঝে মাঝে জর হত সেটা এখন হয় না। রাডপ্রেশারটা হয়ত সামান্ত কম। দেখি নি। লিভারের অ্যাকশান ভাল হচ্ছে না, রং সাদা ছিল। এখন একটু ভাল হয়েছে, তবে ঠিক স্বাভাবিক হয় নি। ডেনহাম হোয়াইট চিকিৎসা ও ডায়েট-এর ব্যবহা করে দিয়েছেন সেইমত চলছি। কিছু উপকার পেয়েছি। এখন সামান্ত কাছারির কাজ ছাড়া আর কোন কাজ করি না। কাছারির কাজ না করলে ওদিকে চলে না—ভারপর যতটা সম্ভব রেস্ট করি ও ওয়েই থাকি। বয়্ব তুর্বল বোধ হয়।

শিব্র বিয়েতে যাব ঠিক করেছিলাম। কিন্তু শরীরের এ অবস্থায় যেতে পারব না। জানি তুমি খুব ছংখিত হবে, আমিও সত্যি ভয়ম্বর ছংখিত। ছোট ভাইকে স্বেহ এনে তার শরীরের অবস্থা ভেবে ক্ষমা করো। · · · · · শরীরটা ভাল থাকলে ভাবতাম না। · · · · · আমি বর-ক্সাকে আশীর্বাদ করি, তারা স্থেপ থাকুক, সকলকে খুশি করুক।
তোমরা আমার ভালবাসা নিও।

তোমার ছোট ভাই অতুল

১৫ই নভেম্বর খুব ছংখিত মনে দাদাকে চিঠি লিখলেন অতুলপ্রসাদ যে, তাঁর প্রিয় ভাইঝি
শিব্ বা সাধনার বিবাহে যেতে পারলেন না। কিন্তু ডিসেম্বরে তাঁকে লখনউ ত্যাগ
করতে হল অস্ত্রন্থতার জন্তেই। আবার কলকাতায় কিরণের বাসায় ডাঃ নীলরতন
সরকারের চিকিৎসায় ধরা-বাঁধার মধ্যে রইলেন। খাওয়া-দাভয়ার ব্যাপারে ধরাকাঠ
ভক্ষ হল। ঘোরাঘ্রি পরিশ্রম নয়। আত্মীয়স্বজনদের রক্তচক্ষ্র হাত এড়িয়ে কোন
মাহ্যের প্রবেশ নিষেধ। কিরণের বাড়িতে তাঁর স্বেহের বন্দীজীবন শুক্ষ হল।

চবিবশ

ইদানীং অতুলপ্রসাদ প্রায়ই চিকিৎসা ও বিশ্বামের জন্তে কলকাতায় আসতেন। লখনউয়ের কর্মক্ষেত্রে এক মূহূর্ত তাঁর বিশ্রামের অবসর থাকত না। কলকাতায় এলেই কি বিশ্রাম হত ? তাঁর বাসস্থানে গানের জলসা বসে যেত। বন্ধুবান্ধব আত্মীয় স্বন্ধন আসতেন, সঙ্গীতে তাঁর সমস্ত সত্তা ভূবিয়ে দিতেন। একবার বোন কিরণের বাসায় কবি রবীশ্রনথকে নিমন্ত্রণ করলেন। দিলীপকুমার রায়ও নিমন্ত্রিত হলেন একটি সর্ভ সমেত, গান গাইতে হবে। গান গাইলেন দিলীপকুমার।

লখনউ যখন ফিরতেন প্রবাদী কবি অতুলপ্রসাদ, আত্মীয়স্বজনদের কেউ না কেউ তাঁর সঙ্গী হতেন। অস্তঃসলিলা ফল্পধারার মত প্রেমপূর্ণ ছিল তাঁর প্রাণ। তাঁর সংস্পর্শে ফিনি এসেছেন অক্সভব করেছেন সে কথাটি। বোনেরা বিপদে ছংখে তাঁর আধ্রয়ে এসেছে। তিনি স্বেহ্ময় ভাইয়ের কর্তব্য পালন করেছেন। ভাগ্নে-ভাগ্নীরা পিতৃহারা হয়ে তাঁর কাছে পিতৃত্বেহ পেয়েছে। তিনি তাদের পিতার অভাব কোনদিন ব্রুতে দেন নি, কাছে এনে রেখে সম্বেহে তাদের সব অভাব ভরে দিয়েছেন। হিরণের একমাত্র ছেলে লওনে পড়তে গিয়ে ভীষণ অক্স্ছ হল। হিরণ ভেবে আকুল। ঘাষ তুমি ষাও হিরণকে সঙ্গে নিয়ে তাকে দেখে এস। যদি খুব অক্স্ছ হয়ে থাকে তাকে সঙ্গে করে নিয়ে চলে এস। যত খরচ-খরচা হয় আমি দেব।

হিরণের ছেলে মারা গেল ফিরতি পথে। জাহাজ থেকে তাদের নামিয়ে দেওয়া ইল কোন দ্বীপে। হিরণের মন কেঁদে সারা। অতুলপ্রসাদ সান্ধনা দিলেন বোনকে। ছোট বোন ছুটকির (প্রভা) স্বামী শেষাদ্রি আয়াঙ্গারের চাকরির ক্ষেত্রে চক্রান্ত, গোলযোগ, ছন্টিস্তা, অশাস্তি। মিং আয়াঙ্গারকে সান্ধনা দিলেন: তুমি তো সংপথে আছ, কোন ভয় ভাবনা কোরো না। আমি তোমায় সাহায়্য করব। কেউ তোমার গায়ে হাত দিতে পারবে না। তোমার উজ্জ্বল ভবিয়ৎ। ছোট বোন এবং তাঁর ছেলেমেয়েদের এনে রাখলেন তাঁর চারবাগের বাড়িতে। তোমাদের কোন ভাবনা নেই, আমি তো আছি। আমি—অর্থাৎ অতুলপ্রসাদ সেন। সেই বিরাট ব্যক্তিন্তের আছোদনের নিচের সে আশ্রয়েটুকুর কি কম মূল্য!

হেমকুস্থম শুধু ব্ঝলেন না। হেমকুস্থম প্রথম থেকেই জেদী। 'আপনাকে' ঘিরে তাঁর জ্বাং। তার বাইরে পা বাড়াতে তিনি রাজি নন। তোমার আগ্রীয় স্বজনদের জন্যে এই যে এত ভাবনা চিস্তা, এত খরচ-খরচা—এ কেন হবে? কেন তুমি ওদের বিবাহের কথা ভাববে? ওদের নিয়ে কেন তুমি এত মন্ত আমি বুঝি না!

ওরা সকলেই আমার আপনার, যেমন তুমি। ওদের জন্তে আমার ভাবনা হয়, যেমন তোমার জন্তে, দিলীপের জন্তে আমার সব সময়ে ভাবনা হয়। ওরাও আমাকে বড় আপন বলে মনে করে। ওদের তুঃথকষ্টের দিনে, আনন্দের দিনে আমি যদি না দাঁড়াই, আমার যথাসাধ্য সাহায্য যদি ওরা না পায় ওরা কার কাছে দাঁড়াবে! কাকে কাছে পাবে!

আৰু ২৫শে জান্থয়ারি, ১৯৬২। ভাগনী রমলার বিবাহ। রমলা ও কুন্তলা প্রভার মেয়ে। প্রভারা লখনউয়ে ভাইদাদার আশ্রয়ে। রমলার বিবাহে উৎসব-অন্থচানের কোন ক্রটি রইল না। চারবাগের বাড়ি আজ আনন্দম্থর। আগ্রীয়ম্বজনে ভরা। সারা বাড়িখানি আলোয় আলোয় হাসির বন্যায় ভরা।

मोमी. २०. ५. ७३

আজ ভাগিনেমী রমলার বিবাহ। তোমার ভালোবাসা ও শুভাশীর্বাদ চাই। ভেবে-ছিলাম খুউব সংক্ষেপে কাজটা সারব, তা হল না। রমলা তোমার প্রেরিত টাকা পেয়ে খুউব খুশি হয়েছে।

তোমরা আমার ভালোবাসা নিও। আমি আজ একটু ভাল আছি। কিরণ স্থবালা টেড বাবলি ও তাহার স্বামী প্রফুল্ল এসেছে। পরে জানাব বিবাহ-অমুষ্ঠান।
আশা করি ভাল আছ।

তোমার ভাই অতুল

১৯৩২ সাল থেকে অস্থতার কাল শুরু হল। মাঝে মাঝে শরীর ভাল থাকে, আবার আক্রমণ শুরু হয়ে যায়। চারদিক থেকে আক্রমণ: বাতের আক্রমণ, রক্তচাপ রৃদ্ধি, মাথার যন্ত্রণা, কিডনির অস্থথ। কোর্টে যাওয়া মাঝে মাঝে স্থণিত রাথতে হয়। কিছু যার উপার্জনে অনেকের নির্ভর—যিনি নিজেই একটি প্রতিষ্ঠান তাঁর পক্ষেপ্রতিদিন কার্যক্ষেত্রে উপস্থিত হওয়া নিতাস্তই প্রয়োজনীয়। তা নাহলে দিন চলা হয় ব্যাহত। অন্নকষ্টে পড়তে পারে অধীনস্থরা। তহাতে যাঁর উপার্জন তাঁর ব্যয়ের আধিক্যও অত্যধিক।

বিশেষত অতুলপ্রসাদ, হৃদয় যার বিশাল অস্তরীক্ষের মত। 'লাগে টাকা দেবে অতুল দেন।'

অমৃক লোকটা আমায় ঠকিয়েছে হে, ওকে আর এক পয়সা দেব না।

তথনই দেখা গেছে অতুলপ্রসাদ তাঁকে ৫০০ টাকা দিয়েছেন। ধৃর্জটিপ্রসাদরা বলাবলি করেছেন, ইতিপূর্বে মন হয়েছে তাই নিজের ত্র্বলতা লুকোতে ব্যস্ত।

লখনউতে একজন পাগলী আছে, রাস্তায় ঘূরে ঘূরে বেড়ায়। এককালে বিখাত গায়িকা ছিল। এখন অন্ত টোরী আর ভৈরবী গায়। অতুলপ্রসাদ শুনেই সংবাদদাতাকে পাঁচ টাকা দিলেন, বললেন, তাকে নিয়ে এস। তাকে খুঁজে পাওয়া গেল না। টাকা ফেরত দেওয়ার সময়ে বললেন, ও তোমার কাছেই থাক, যখন খুঁজে পাবে ধরে এনো। এটা বোধহয় হুখবরের পুরস্কার। রাজকুমারের গজমতির মালাদান, না হয় সংবাদদাতাকে সাহায্য। যে খবর দিয়েছিল সে ছিল বিদেশী সঙ্গীত শিক্ষার্থী। তাতে টু মূলে—ওয়াজিদ আলি শাহর দরবারের শেষ গায়ক এসে জুটেছিল অতুলপ্রসাদ সেনের বৈঠকখানায়।

তালিম হোসেন লখনউয়ের শেষ বিখ্যাত সানাইয়া। কৈশরবাগে থাকতে ভোরবেলা ভৈঁরো আর টোরী বাজাত। দূর থেকে অতুলপ্রসাদ স্থর শুনতে শুনতে বলে উঠতেন, ইয়াস্বফের সেতারের হাত মিঠে; রাথলে হয় না!

বরকতের ছড়ের টান ভাল। নিয়ে এস তাকে।

চল হে ধৃষ্ঠটি এক ওস্তাদের গান শুনে আসি। চললেন কোন পর্ণ কৃটীরে বৃদ্ধ ওস্তাদের ঠুংরী শুনতে। বৃদ্ধ ওস্তাদ তো কেঁপে অন্থির, সেন সাহেবকে কোথায় বসাবেন। সেই ছেঁড়া ভাঙা থাটিয়ার ওপর বসে ঘণ্টার পর ঘণ্টা গান শুনলেন। বেলা বারোটা হল। ওস্তাদের ছেলের হাতে তৃথানি নোট গুঁজে দিলেন। পরে কিসী রোজ ভসরীফ নিম্মে আসতে অন্থ্রোধ ক্রলেন।

গুণীদের কদর জানতেন অতুলপ্রসাদ। কদরদান বলতে যে কথাটি আছে তার সাক্ষাৎ দৃষ্টাস্ত অতুলপ্রসাদ। তুহাতে যার রোজগার চার হাতে তাঁর দান। তাঁর কাছে ঋণী আউধ দেবা সমিতি, রামক্বফাশ্রম, হরিমতী বালিকা বিভালয়, বাঙালী যুবক সমিতি, আরও কত প্রতিষ্ঠান। অর্থনাহায্য এবং পরিচালনা কোনটাকে তারা অস্বীকার। করবে তার অত্লপ্রসাদ তার আপন কর্মচারীদের জল্মে মাঝে চিস্তিত হন।

১৯৩২-এর মে জুন মাস, কোর্ট বন্ধ। অতুলপ্রসাদ কলকাতা হয়ে কার্সিয়ং বেড়াতে গেলেন। প্রত্যেক বছরেই গরমের ছুটিতে কোথাও না কোথাও নৈনিতাল সিমলা আলমোড়া দার্জিলিং কার্সিয়ং বেড়াতে ধান। কার্সিয়ং থেকে যথন কলকাতায় ফিরলেন তথন একটু স্কন্ধ। দাদা তথন চাদপুর ফিরে গেছেন। মনে আশা ছিল দাদার সঙ্গে দেখা হবে; অনেকদিন দাদার সঙ্গে দেখা হয়নি।

লখনউ ফিরে কিছুদিন সময় গেল, যখন অবসর পেলেন অর্থাৎ আগস্টের প্রথম সপ্তাহে দাদাকে লিখলেন: দাদা, অনেকদিন তোমাদের কোন খবর পাইনি। বৌঠান ও তোমরা কেমন আছ শীদ্র জানিও। আশা করি বৌঠান সেরে উঠেছেন। আমি যখন কাসিয়াং থেকে ফিরলাম তখন তোমরা চাঁদপুরে ফিরে গেছ। ত্লেখনউতে এক সপ্তাহ পূর্ব পর্যন্ত ভয়ঙ্কর গরম ছিল, এখন বৃষ্টি নেমে ঠাণ্ডা হয়েছে। আমি মোটের ওপর ভালোই আছি। তবে রাজপ্রেসারটা মাঝে মাঝে বাড়ে। বিশেষ কোন গ্রানি বোধ করি না। তবের উত্তর শীদ্র দিও এবং তোমরা সকলে কেমন আছ জানিও।

তোমরা আমার ভালবাদা লও। তোমার ছোট ভাই অতুল

সেবার বড়দিনের ছুটিতে গোরক্ষপুরে প্রবাসী বস-সাহিত্য সম্মেলনে তাঁকে মূল সভাপতিরূপে অভিষিক্ত করা হল। তাল লখনউয়ের কর্মবহুল জীবনের কর্মভার থেকে একফাকে ছুটি নিয়ে এলাহাবাদ এলেন নির্জনে সম্মেলনের অভিভাষণ লিখবেন এই মনে করে। এলাহাবাদের গঙ্গার তীরের নির্জনে বসে ছেলেবেলার চেনা পদ্মাপারের গ্রামটির কথা মনে করে লিখতে বড় ভাল লাগে। মনে পড়ে কত কথা—পদ্মানদীর ধার, সেই থেলার মাঠ, পাথির গান, বকুল ফুল, হরির লুটের বাতাসা, মায়েদের ভাল-বাসা, ছেলেবেলার কত হাসি কত থেলা।

'আমার সেই মিষ্টি দেশটি আমার চোথের সামনে, আমার প্রাণের মাঝারে ভাসতে লাগল, ভাল করে মনে হল আমি ভূলিনি, ভূলিনি সেই দেশমাতাকে। যদিও প্রায় কত বংসর যে সে গ্রামথানিতে যাই নি! দ্র দেশে থাকলে কি হবে, মায়ের;টান বড় টান।'

দেশের জত্তে বুঝি মন কেমন করে; দ্র দেশে স্ঠামল মাটি টানে বাঙালী কবির মন।

'প্রবাদী চলরে দেশে চল।'

'এ যেন প্রাণের প্রতিষ্ঠান। এমন মর্মস্পর্ণী স্থর কোধায় শোনা যায়। হৃদয় যেন কেমন করে ওঠে। মাহুষ যৌবনে কর্মক্ষেত্রে পদ-প্রতিষ্ঠা খুঁজতে বিস্তার্জনে দেশে দেশে বেরিয়ে পড়ে, তার উদ্দাম আশা আকাজ্ঞা তাকে সাহস দেয়, শক্তি জোগায়। দে দেখানে বাদা বাঁধে-ক্লাব, লাইত্রেরি, থিয়েটার ফাঁদে, ক্রমে ছেলে-মেয়েদের শিক্ষার জন্মে বিখ্যায়তন গড়ে তোলে। তার সকল উৎসাহ তথন সেইমুখো হয়ে তাকে আনন্দে রাখে। দেশ ঘরবাড়ি ক্রমে গৌণ হয়ে পড়ে। স্বাভাবিক। কিন্তু বয়দ ষথন অন্তের দিকে হেলে পড়ে তথন দেশ একে একে তার প্রাপ্য আদায় করতে থাকে—দেই ভিটা, দেই ঘরবাড়ি, দেই পারিপার্থিক—বাল্যের থেলাধুলা থেকে উৎসব আনন্দ বিচরণ-স্থান নদীনালা বৃদ্ধ কুল বকুল গাছটি পর্যস্ত চোথের সামনে ফুটতে থাকে। সেখানে কত কথা কত গল্প, কত সরল সহজ ভালবাসা, কত স্নেহস্পর্শ ছড়ানো আছে। সেই বিশ্বত দিনের কত কথাই মধুর হয়ে উদয় হয়। তাদের ফিরে পাবার ইচ্ছে জাগায়। তাদের জন্মে দীর্ঘনিধাস ফেলার—যেন এখনো সেথায় গেলে সে দেখতে পায়।' কিন্তু যৌবনের কর্মক্ষেত্রকে ভুলতে পার। যায় না। জন্মভূমি না হলেও অন্নভূমি। এ দেশও দেশ। এ দেশে আমরা ঘর বেঁধেছি। নানা কাজে এদেশেই নিজেকে জড়িয়ে ফেলেছি। এদেশের লোকদের বড় আপনার মনে হয়। তাদের স্নেহ করি। তাদের সেবা করে আনন্দ পাই, ক্বতার্থ হই; হয়ত এ-দেশেই ছাইটুকু রেখে যাব।

কেন তিনি একথা বললেন? এ ধেন তাঁর শরীর ও মনের অবস্থার এক ভবিস্থাভবাণী তাঁর কলমের মূথে প্রকাশ পেয়েছিল। কারণ আমরা দেখলাম তিনি হঠাং অস্ক্রন্থ পড়লেন। অসমাপ্ত অভিভাষণ মূথে মূথে বলেছেন, তাঁর একটি আয়ীয়া তা লিখে নিয়েছেন। অধিবেশনের কিছুদিন আগে থেকেই অতিরিক্ত রক্তচাপ দেখা দিল। ডাক্তার সম্পূর্ণ বিশ্রামের নির্দেশ দিলেন। কিন্তু তখনও অভিভাষণের শেষ অংশ লেখা হয়নি। আয়ীয়া বললেন, কাজ নেই আপনার অভিভাষণ লিখে।

কিন্তু তাই কি হয়! রোগশয়া থেকেই অসমাপ্ত অভিভাষণ মুখে মুখে বলা সাক্ত হল।
এবং শুধু তাই নয়, ভাক্তারের নির্দেশ অমান্ত করে রোগশয়া থেকে উঠে দাঁড়িয়ে
ক্লান্ত তুর্বল শরীরে রেলপথের শত কট্ট অগ্রাহ্য করে সেই শীতে গোরক্ষপুরের অধিবাসীদের
ভাকে সাড়া দিতে সেখানে পৌছলেন। সম্মেলনের কর্মকর্তারা—লালগোপাল
মুখোপাধ্যায়, স্থরেন্দ্রনাথ, কেদারনাথ, কুমুদরঞ্জন স্বাই তাঁর শরীরের জন্তে শহিত।
তিনি বলেছেন, কিছু ভাবনা নেই, আমি বেশ ভাল আছি, বেশ ভাল। চলুন,
আমান্ত অভিভাষণ দিতে হবে।

অভিভাষণ দিলেন:

প্রিয় স্থহদবর্গ,

ভাক্তারের অনুশাসন পালন করলে আমার আসা হত না; কিন্তু এতবার নানা কারণে এ-সম্মেলনের উৎসবে অনুপস্থিত হয়েছি যে, এবারে লঙ্জার থাতিরেও আপনাদের সাদর নিমন্ত্রণ উপেক্ষা করতে পারলাম না, এসে হাজির হয়েছি। আমার সভাপতিত্বের ও অভিভাষণের ক্রটি মার্জনা করবেন এ আশা রাখি বলেই আসতে সাহসী হয়েছি। যদি বলি আমার আন্তরিক ক্বতজ্ঞতা জানাচ্ছি, তাহলে একটা মামূলি প্রথার কথা বলা হবে, যদিও কথাটা অতি সত্য। এর চেয়ে সত্যি কথা হবে আমি আমার পাতানো ভাইবোনেদের প্রাণের ভালোবাসা জানাচ্ছি, আর যাঁরা বয়োজ্যেষ্ঠ, তাঁদের সহস্র শ্রম্বা অর্পণ করছি। আমি আপনাদের কাছে আসতে পেরে আপনাদের আনন্দে ও সাহিত্যসেবায় যোগ দিতে পেরে বড় স্বখী হয়েছি।

ষে উচ্চাসন আৰু আপনারা আমায় দিলেন, তার যোগ্য আমি নই তা আমি জানি, আপনারাও জানেন। আর যদি তা না মানেন, তাহলে মানতে বেশি বিলম্ব হবে না। আমি ষে আসন গ্রহণ করেছি তা সম্মানের উচ্চাসন বলে নয়, স্মেহের আসন বলে। সম্মানের সিংহাসনের চেয়ে স্মেহের কোল উচুতে। আজ আপনারা আমাকে দেশ-বাসীর কোলে স্থান দিয়েছেন, মাতৃভাষার অঙ্কে বসিয়েছেন, তাই আমার এত গর্ব। বাঙলা ভাষাকে সম্বোধন করে আমি লিথেছিলাম, 'মা তোমার কোলে তোমার বোলে কত শান্তি ভালবাসা।' প্রাণের কথাই লিখেছিলাম। যাক, ভূমিকা সংক্ষেপেই শেষ করি।

আমরা যে বাঙলার বাইরে এতগুলি বাঙালী প্রতি বংসর একত্রিত হই এবং বাংলাদেশের প্রতিষ্ঠানের বাঙালীদের এ-অফুষ্ঠানে আহ্বান করি এবং তাঁদের নেতৃত্ব কামনা
করি, তার একটা প্রধান কারণ হচ্ছে আমরা সকলে মাতৃভূমি বাংলাদেশের সঙ্গে
মাতৃ-সাহিত্যের যোগস্ত্র রাথতে চাই এবং সে-বন্ধন আরো দৃঢ়তর করতে চাই।
বিদিচ আমরা বাংলাদেশের বাইরে বাস করি, তবু নিজেদের প্রবাসী বলতে আমি
সঙ্কোচ বোধ করি। ভারতে বাস করে ভারতবাসী নিজেকে পরবাসী কি করে
বলব। সেটা বড়ই অশোভন। তাই আমি প্রথম থেকেই 'প্রবাসী' আখ্যার বিরোধী।
একবার কবিগুরু রবীক্রনাথের সঙ্গে এ-বিষয়ে আমার কথা হয়, তিনিও প্রবাসী নামের
পক্ষপাতী নন। আমি জিজ্ঞাসা করেছিলাম, 'বাহির বন্ধ সাহিত্য সম্মেলন' বলকে
কেমন হয় ? তিনি বলেছিলেন, বেশ ভাল কথা। 'বহির্বন্ধ সাহিত্য সম্মেলন' বলতে
পার অথবা 'বন্ধতর সাহিত্য সম্মেলন' বলতে পার। যদিও আমাদের এই সম্মেলনের
একাধিকবার নাম পরিবর্তন হয়েছে, তবু আমি এ-বিষয়ে পরিচালকবর্গের দৃষ্টি

আকর্ষণ করছি। তবে এ-কথা বলতেই হবে 'প্রবাসী' নামটা চলে গেছে, কেমন বেন ছাড়ানো যায় না। প্রবাসী নামের যতকিছু আপত্তি উত্থাপন করি না কেন এ-কথা স্থীকার করতেই হবে বাংলাদেশ আমাদের আপন দেশ, আমাদের মাতৃভূমি, বাঙলা ভাষা আমাদের মাতৃভাষা। প্রতি বংসর এই সম্মেলন যেন আমাদের এ-কথা নতৃন করে মনে করিয়ে দেয়। এ-দেশকে আমরা দেশ বলে মনে করব, কিন্তু জন্মভূমি যে সকল দেশের চেয়েও আপন, তা ভূললে চলবে কেন। ভাতে এ-দেশকে একটুও অবজ্ঞা করা হয় না। আমরা অনেক স্থীলোককে মা বলে সম্বোধন করি, তবে মাতৃত্বের গৌরব বৃদ্ধি পায়। কিন্তু যে মা পেটে ধরেছে, সে মা কিন্তু অক্ত মায়ের চেয়ে একটু পৃথক; সে জননী, শুধু মা নয়।

বাংলাদেশ আমাদের জননী এ-কথা মনে রাখা বড় দরকার। এ-সম্মেলনে প্রতি বৎসর আমরা যেন আমাদের সেই স্বজলা স্থফলা মাটিকে শ্বরণ করি।

সেদিন আমার দেশের কয়েকটি ভাই আমাকে তাঁদের নবজাত পত্রিকার জন্তে একটি কবিতা পাঠাতে বিশেষ করে অমুরোধ করেছিলেন। তথন আমার গ্রামখানির কথা মনে পড়ে গেল। সেই পদ্মানদীর ধার, সেই খোলা মাঠ, পাথির গান, বকুল ফুল, হরির লুটের বাতাসা, মায়েদের ভালবাসা, ছেলেদের সঙ্গে খেলা সব মনে পড়ে গেল। আমার সেই মিষ্টি দেশটি আমার চোখের সামনে আমায় ভালতে লাগল। ভাল করে মনে হল, আমি ভূলিনি, ভূলিনি আমার দেশমাতাকে, যদিও প্রায় তেত্রিশ বছর সে-গ্রামখানিতে যাইনি। দ্র দেশে থাকলে কি হবে মার টান বড় টান। তাই মনে করে একটি কবিতা সেই দেশের পত্রিকার জন্তে লিখে পাঠিয়েছিল্ম, তা উদ্ধৃত করলে বেশি অপ্রাসঙ্গিক হবে না। সে-গানটিতে নিজেকে প্রবাসী বলেই উল্লেখ করেছিলাম। ক্ষমা করবেন।

প্রবাসী, চলরে দেশে চল। আর কোথায় পাবি এমন হাওয়া এমন গাঙের জল।

ষখন ছিলি এভটুক,

সেথাই পেলি মায়ের স্থা ঘুম পাড়ানো বৃক; সেথাই পেলি সাথীর সনে বাল্যখেলার স্থথ; যৌবনেতে ফুটল সেথাই প্রাণের শতদল।

ठनदा एएट हन्।

হরির পুটের বাডাসা, আর পৌষ মাসের পিঠা, পীরের সিন্নি, গান্ধির গান, আর ওই করিমভাইন্নের ভিটা, আহা মরি সেই স্বৃতি আজ লাগুছে কত মিঠা! শিউলি বেলী কদম-চাঁপা এমন কোথায় বল । চল্রে দেশে চল্।

মনে পড়ে দেশের মাঠে খেতভরা সব ধান, মনে পড়ে পুক্র-পাড়ে বকুলগাছের গান, মনে পড়ে তঙ্কণ চাষীর কঙ্কণ বাঁশির তান, মনে পড়ে আকাশভরা মেছ ও পাথির দল।

প্রবাসী, চলরে দেশে চল্।

"যদিও এদেশ আমাদেরই দেশ, এদেশেই আমরা অনেকে ঘর বেঁধেছি, নানা কাজে এদেশেই অনেকে নিজেকে জড়িয়ে ফেলেছি, এদেশের লোককেও বড় আপন মনে হয়, তাদের স্নেহ করি, তাদের স্নেহ পাই, তাদের সেবা করে আনন্দ পাই, কতার্থ হই, হয়ত বা এদেশেই ছাইটুকু রেখে যাব" *; তবু সেই যে বড় নদীর দেশ, বর্ষা ও ঝড়ের দেশ, সেই যে ম্যালেরিয়াক্লিষ্ট আমার ভাই-বোনগুলি, সেই যে ভাটিয়ালী বাউল ও কীর্তন গান, সেই যে ভাবপ্রধান মা তিনি আর সেই যে আমার অতি মিষ্ট বাংলা কথা ও বাংলা ভাষা সে যে আমার স্বর্গাদিপি গরীয়সী জন্মভূমি। তাকে ভূলতে পারি না। দ্রে থাকলেও সে-দেশ তো আমারই, সে-দেশের অধিবাসীরা আমারই ভাইবোন, এ-কথাটি আমাদের মনে রাখতেই হবে।

বছকাল পূর্বে ছাত্রাবস্থায় বিলেতে অদ্বিতীয়া গায়িকা মাদাম পেটের মূথে একটি গান জনেছিলাম Home sweet home, তা এখনও আমার কান ও প্রাণে মধ্বর্ষণ করে। তবে একথা আমাদের মনে রাখতেই হবে যে, যদিও আমরা জন্মভূমি থেকে দ্রে রয়েছি, তবু এদেশও আমাদের দেশ। এ আমাদের জন্মভূমি না হলেও কর্মভূমি, অন্নভূমি। অনেক বাঙালী আছেন যাদের এদেশ জন্মভূমি। এদেশ আমাদের জীবিকার সংস্থান করে দিছে। এদেশের অধিবাদীরা আমাদের ভাইবোন, ভাইবোন ভেবেই এদের বুকে টেনে নিতে হবে। এদের অন্তরের ভালবাদা দেওয়া চাই। মনে বা মূথে এদেশের লোকেদের তাচ্ছিল্য করলে নিজেদের হীনতা বা অন্থদারতা প্রকাশ পাবে। চাণক্য বলে গেছেন, 'উদারচরিতানাম্ বস্থধৈব কুটুম্বক্ম'—মনে রাখবার কথা, জীবনে পালন করবার কথা।

···এই গোরক্ষপুরের সন্নিকটেই দেবদেব বৃদ্ধদেবের জন্ম ও মহাপ্রস্থানের স্থান। এই অতি পবিত্র দেশে দাঁড়িয়ে আমি আজ মানব-প্রীতির ও অহিংসার অবতার সেই

প্রবাসী কবি অতৃনপ্রসাদ ভাষণের পাণ্ডুলিপিতে এই উদ্ধৃত অংশে স্বহস্তে দাগ
দিয়ে বিশেবভাবে চিহ্নিত করে রেখেছিলেন, ষা অল্পদিনের মধ্যে সত্য বলে
প্রমাণিত হয়।

মহাত্যাগীকে স্মরণ করে তাঁকে শ্রন্ধা ও ভক্তির অপ্পলি অর্পণ করি। তাঁর উপদেশ জীবে প্রীতি জীবে দয়াকে এদেশের বাঙালীরা কথনও ভোলেনি। সিদ্ধার্থের জন্মভূমি আজ আমাদের এই কথাই বলিতেছে, 'বাঙালী মানব মাত্রকেই প্রীতির চক্ষে দেখিও। অহিংসা বিশ্বপ্রীতি জনসেবাই মানবের পরম ধর্ম।' হয়ত অনেকেই জানেন না বে, এক সময়ে আমাদের বাংলাদেশ বৌদ্ধরাজগণের অধীন ছিল। বাংলাদেশে বৌদ্ধর্থের বিস্তৃতি প্রভাব ও প্রসার ছিল। জানি না, আমার মনে হয় যদি বৌদ্ধর্থ এদেশ থেকে অপহত না হত, তাহলে হয়ত এদেশে এত হুর্গতি হত না। বৌদ্ধর্থের সাম্য ও জাতীয়তা হয়ত ভারতবাসীকে এত ছিন্ন-বিচ্ছিন্ন হতে দিত না। বে সাধনার উপায়গুলি বৃদ্ধদেব নির্দেশ করে গিয়েছিলেন, তা আজ আবার মনে করবার দিন এসেছে— সংদৃষ্টি, সংসক্ষর, সংকার্য, সংব্যবহার, সহুপায়ে জীবিকা অর্জন, সংচেষ্টা, সংস্মৃতি। আমি আমাদের বাঙালী ভাইবোনেদের বিশেষ করে আজ এই উপদেশটি মনে রাখতে অন্থরোধ করি। তাহলে আমরা এদেশীয়দের সঙ্গে সথ্যভাব রক্ষা করে চলতে পারব।

এখন আমাদের নিজেদের কথা তৃ-একটা বলি। প্রথম কথাই হচ্ছে বহির্বন্ধ বাঙালীদের মধ্যে মিত্রতা স্থাপন। এ মিত্রতার অভাব আমরা বেশ মাঝে মাঝে অফুভব করি। এ নিতান্তই আক্ষেপের বিষয়। দলাদলি এদেশের বাঙালীদের মধ্যে বিশুর দেখতে পাই। বিজয়ার সাম্বংসরিক আলিঙ্গন বাঙালীকে এ-অনিইকরণ হতে মৃক্তি দিতে পারে নাই। বড় তৃঃখ হয় দেখলে যেখানে মৃষ্টিমেয় বাঙালী সেখানেও মৈত্রীর অভাব, সেখানেও দলাদলির ক্ষি। যেখানে তৃইশত বাঙালী সেখানে হয়ত চুটি ক্লাব, তিনটি থিয়েটার দল। এ যে অত্যন্ত অশোভন সকলেই স্বীকার করবেন। এতে বিভেদ তো হয়ই, বলক্ষয়ও হয়। আমরা যদি একত্র দলবদ্ধ হয়ে মিলে মিশে থাকি তাহলে আমরা বাইরের প্রতিঘদ্দিতায় ও প্রতিযোগিতায় আরো ভাল করে আত্মরক্ষা করতে পারি। এ সুল কথাটি ভূলে যাওয়া আমাদের পক্ষে নিতান্ত হানিকর। আমি আমার বাঙালী ভাইদের বিশেষ করে মিনতি করি। এ তৃর্ভাবনার হাত থেকে নিছ্বতি পেতে যেন সকলেই চেষ্টা করি।

আর একটি আমাদের প্রধান প্রয়োজন ও কর্তব্য বাংলার বাইরে বাংলা-সাহিত্যের ও ভাষার প্রচার। আমাকে যদি কেহ জিজ্ঞাসা করে তোমাদের বাঙালীজাতির সবথেকে গর্বের বিষয় কি? আমি তৎক্ষণাৎ কোন দ্বিধা না করে উত্তর দিই, আমাদের ভাষা। আমার নিজের গানের কথায়, 'মোদের গরব মোদের আশা আ মরি বাংলা-ভাষা'। ভারতের সমস্ত সাহিত্যের মধ্যে বাংলা-সাহিত্য যে সর্বোচ্চ স্থান অধিকার করেছে তা অস্বীকার করার উপায় নেই। কী করে করবে। জগৎ যে সে-কথা সীকার

করে বসে আছে। আজও জগতের নানা দেশ বাংলা-সাহিত্য-সম্রাট রবীক্রনাথকে সমানের মৃকুট প্রাবার জন্মে লালায়িত। তারপর আমাদের শরৎচক্র অক্সাৎ এসে ভারতের সাহিত্যসভার প্রথম পংক্তিতে আসন গ্রহণ করেছেন। সকলেই বলেছেন এ আসন তাঁরই প্রাণ্য। ভারতের অহা সব কথাসাহিত্য শরৎচন্দ্রের উপন্থাস ও গল্প অফুবাদ করে ক্বতার্থ হচ্ছে। এ প্রসঙ্গে একটা পুরোনো কথা মনে হল। তথন আমি পাঠ্যাবস্থায় বিলেতে ছিলাম। ১৮৯৩ সনের কথা। ছেলেবেলা থেকেই আমার বাংলা-সাহিত্যে একটু অন্থরাগ ছিল। লণ্ডনে ব্রিটিশ মিউজিয়ামের লাইব্রেরি জগৎ-বিখ্যাত পুস্তকশালা। অতবড় লাইব্রেরি বোধহয় জগতে একটাই আছে। সেখানে আমি মাঝে মাঝে অবসরে পড়তে যেতাম। লাইব্রেরির ক্যাটলগগুলির মধ্যে দেখি একটি বাংলা বইয়ের ক্যাটলগ। তাতে একটি জিনিস দেখে আমার বড় গর্ব হল। বাংলায় যত পুস্তক ছাপা হয়েছে এবং জগতের যে যে ভাষায় বাংলা পুস্তকের তর্জমা হয়েছে, তার তালিকাও তাতে দেখলাম। বিষমচন্দ্রের উপন্তাসের তর্জমা ভারতীয় ও ইউরোপীয় ভাষায় হয়েছে। কপালকুওলার তর্জমা করেছিলেন Mr H A.D. Philips I.C.S এবং দেই ইংরাজি তর্জমা থেকে জার্মান এবং অন্তান্ত ইউরোপীয় ভাষায় কপালকুওলা অনুদিত হয়েছে। যেদিন থেকে ব্রিটিশ মিউজিয়ামে জিনিসটি আবিষ্ণার করলাম, সেদিন থেকে মাতৃসাহিত্যের প্রতি অমুরাগ দশগুণ বেড়ে গেল। ভারপর রবীন্দ্রনাথের তো কথাই নেই। যদি আপনারা কথনো বোলপুর যান, সেথানকার লাইবেরিতে দেখতে পাবেন জগতের এমন ভাষা নেই যে ভাষায় রবীক্রনাথের রচনাবলী অনুদিত হয়নি। দেখলে গর্বে বক্ষ ক্ষাত হয়। এমন যে আমাদের ভাষা আমাদের প্রকৃষ্ট সম্পদ্ধ তা আমরা বঙ্গের বাইরের বাঙালীরা কি সম্ভোগ করব না ? না করলে যে পাপ হবে। তাই বলি, এদেশীয় বাঙালী ভাইবোনেরা এদেশেও মাতৃভাষায় পূজা সমারোহ কর। এ পূজায় আমাদের যে ভধু আনন্দ (তাই নয়), এ-বিষয় আমাদের দায়িত্বও আছে। বাঙালী ছোট ছোট মেয়ের। যথন বাঙালী অলফারের সঙ্গে সামঞ্জশু করে এদেশীয় অলঙারও পরে, বড় মধুর দেখায়। তেমনি আমরাও (যাতে) এ-দেশীয় সাহিত্যের ভূষণ-ভাণ্ডার থেকে রত্ন সংগ্রহ করে বাঙ্গা সাহিত্য-ফুন্দরীকে নতুন ভূষণে সচ্জিত করতে পারি, এদিকে দৃষ্টি রাখা কর্তব্য। এক সময়ে বাঙলাদেশে কোন কোন সাহিত্যিকেরা ফার্সী সাহিত্যে বিশেষ আগ্রহী ছিলেন এবং তাঁরা ফার্সী সাহিত্যের সাহাষ্যে বাঙলা ভাষার সৌষ্ঠব বৃদ্ধি করেন। ঈশ্বরচন্দ্রের কবিতায় পারক্ত কবিতার অমুবাদ যথেষ্ট পাওয়া যায়। হাফিজের অনেক কবিতা ভিনি অমুবাদ করেছেন অথবা তা অবলম্বন করে কবিতা লিখেছেন। 'কাঁটা হেরি কাস্ত কেন কমল তুলিতে, তুঃখ বিনা স্থলাভ হয় কি মহীতে' ওটি তর্জমা, অথচ এ কথা তুটি সকল

বাঙালীর কঠেই শুনতে পাওয়া যায়। অনেকেই জানেন বৈষ্ণব পদাবলী বাংলাং লাহিত্যের নতুন সম্পদ। চণ্ডীদাস, জ্ঞানদাস, বিভাপতির পদাবলী হিন্দী। ব্রজ্ঞাষা বাঙালীর ভাষা না হয়েও বাংলা ভাষায় স্থান করে নিয়েছে। আমরা যাঁরা বাঙলার বাইরে থাকি, আমাদের কর্তব্য হিন্দী, উর্ত্, ফারসী, গুরম্থী ইত্যাদি ভাষার উভান থেকে মধু আহরণ করে আমাদের বাংলা সাহিত্যকে আরো মধুময় করা। এই দায়িত্বর দিকে আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি।

সাহিত্য সম্বন্ধে আরও ত্-একটি কথা বলা আবশ্যক মনে করি। প্রবাসী সাহিত্যসেবী বাঙালীদের প্রতি আমার ত্-একটি নিবেদন আছে। অতি স্নেহ সহকারে ও শুভ-অভিপ্রায়ে আপনাদের কাছে সে নিবেদন জানাচ্ছি। যদি কারও মনঃপৃত না হয় তাহলে আমায় মার্জনা করবেন। যে নিবেদন করছি সাহিত্যসেবীরা সেদিকে মনোনিবেশ করলে স্থী হবো। আমার মতে সাহিত্যের উপকরণ সাধারণতঃ তিনটি। ভাব, ভাষা ও ভঙ্কি:

ভাব

যদি আমি ভাবের নিয়ময়তার পক্ষপাতী তথাপি আমি কখনও বলি না যে কতগুলি হিভোপদেশই সাহিত্যের একমাত্র লক্ষ্য। বর্তমান বাঙলা সাহিত্যে ছু একটি জিনিস দেখে একটু ছুঃখিত ও শঙ্কিত হই। কয়েকটি আবর্জনা আমাদের সাহিত্য সম্পদকে কিঞ্চিৎ মলিন করে তুলছে। কোন কোন লেখা অল্পীলতার দোষে ছুই। আর্টের দোহাই দিয়ে, বাস্তবতার দোহাই দিয়ে সাহিত্যে অল্পীলতার প্রচলন ও প্রচার করলে অল্যায় করা হবে। উদীয়মান সাহিত্যিকরা এ বিষয়ে একটু সতর্ক হবেন। বাস্তবতাকে বর্জন করলে সাহিত্য চলে না, একথা স্বভাবদিদ্ধ। বঙ্কিমচন্দ্র, রবীক্দ্রনাথ, শরংচন্দ্র কেউই বাস্তবতাকে উপেক্ষা করেন নাই। সত্যের ওপর সাহিত্যের আসন। তবে সব মলিন সত্য খা কুৎসিত বাস্তবতাই সাহিত্যের আধার নয়। কতগুলি বাস্তবতা স্ক্রসাহিত্যে বর্জনীয়। কেননা সাহিত্যের আপ্রয় শুধু সত্য নয়, শিব ও স্ক্লেরও সাহিত্যের আপ্রয়। যে সাহিত্যের আপ্রয় শুধু সত্য নয়, শিব ও স্ক্লেরও সাহিত্যের আপ্রয়। যে সাহিত্যের অপ্রস্কার সে সাহিত্যে যত বাস্তবতা থাক না কেন তা পরিত্যাক্স।

বর্তমান বন্ধ সাহিত্যে আর একটি ক্রটি কখনো কখনো লক্ষিত হয়, সেটি হচ্ছে ভাবের অস্পষ্টতা। ভাবের অস্পষ্টতার সঙ্গে আরও অস্পষ্টতা দেখতে পাই। সাহিত্য যদি এত তুরধিগম্য হয় যে তার অর্থ ব্যবার চেটা পদে পদে প্রতিহত হয়, তাহলে সাহিত্য শুধু একটা সমস্থাতে দাঁড়ায়। সাহিত্যের লক্ষ্য বোধহয় তা নয়। অবশ্র এদলের লেখকেরা হয়ত বলবেন এ পাঠকদের ব্যবার ক্ষমতার অভাব লেখকের লেখার দোব নয়। কোন কোন স্থানে হয়ত একধা সত্য কিন্তু আমার মনে হয় না বে

একথা সম্পূর্ণ সত্য। কোন কোন স্থলে লেখকেরা হয়ত নিজেরাই হাদয়ক্সম করতে পারেন না কি লিখছেন। তাঁদের কাছে না ব্যুতে পারা অথবা না বোঝাতে পারায়ও একটা আনন্দ আছে। সেই আনন্দে তাঁরা বিভার। মাঝে মাঝে দেখতে পাই ভাব যখন খুব প্রচ্ছন্ন ও আচ্ছন্ন ভাষার আড়ম্বর ও সাজসজ্জা তত বেশি। ভাষার আচ্ছাদন ও আলোড়ন এত বেশি যে ভাবের শুভ-দৃষ্টির পথ রুদ্ধ হয়ে থাকে। সাহিত্যের উদ্দেশ্য পুরাতনকে নৃতন করে দেখানো। যে নৃতন ভাব-সৌন্দর্য পূর্বে চোখে পড়ে নাই, তা চোখের সামনে মনের সামনে ধরা; কিন্তু দেখতে পারা চাই। লেখক যদি শুর্ব নিজেই ব্রালেন বা না ব্রালেন আর কেউ না ব্রুন, তবে লেখার সার্থকতা কী। আমাদের নবীন লেখকদের এই বিষয়ে একটু সতর্ক হতে অহুরোধ করি। কালিদাস বলে গেছেন বাক্য এবং মর্থ ছ্য়ের সমাবেশ হলে তবে হর-পার্বতীর মিলন হয়। সাহিত্য সহয়েও তাই।

ভাষা

সাহিত্যের ভাষা সম্বন্ধে মতামত প্রকাশ করা বড় কঠিন। এ বিষয়ে গোঁড়ামি করা ধুইতা। সাহিত্যের ভাষা কিরূপ হওয়া উচিত সে সম্বন্ধে মতভেদ থাকবেই। ভাষায় বৈচিত্র্য অবশৃস্কাবী ও বাঞ্ছনীয়। ইহা লেথকের রুচি, শিক্ষা ও অভ্যাদের ওপর নির্ভর করে। আমি নিজে যদিও সরল ও স্থপাঠ্য ভাষার পক্ষপাতী তবু আমি মার্জিত ও সংস্কৃতহে যা খুব সম্ভোগ করি। কাঁচা বয়দে রবীন্দ্রনাথ মাইকেল মধুস্দন দত্তের ভাষার বিদ্রপার্থক সমালোচনা করেছিলেন, কিন্তু তারপরে তিনি সমালোচনার ভ্রম নিজে স্বীকার করেছিলেন। যে ভাষা শ্রুতিমধুর, যে ভাষা ভাবকে স্থন্দরভাবে প্রকাশ করতে পারে—যে ভাষা নিতান্ত আড়ষ্ট বা অম্পষ্ট নয় সে সাহিত্যের সমীচীন ভাষা। আমি নিজে সরল ভাষার পক্ষপাতী কিন্তু তরল ভাষার বিরোধী। আধুনিক সাহিত্যেও কখনও কখনও তরলতা লক্ষ্য করি। আমি নিজে লিখিত ভাষায় প্রাদেশিকতার আতিশয্য অপছন্দ করি। কলকাতার ভাষা যদিও সাহিত্যের ভাষা হয়ে দাঁড়িয়েছে তবু তারও অতিশয়া নিরাপদ নয়। ধরুন যদি চট্টগ্রামবাসী কিম্বা শ্রীহট্টবাসী বা বঙ্গের অক্তান্ত স্থানের সাহিত্যিকেরা জেদ ধরেন তাঁদের স্থানীয় ভাষাও বাঙলা সাহিত্যে চালাতে হবে তাহলে বাংলা সাহিত্যের কি হর্দশা হবে বুঝতেই পারেন। মনে রাথতে হবে বাংলা সাহিত্য সমস্ত বাংলার সাহিত্য। বাঙালী যে যেখানে আছেন তাঁদের সাহিত্য। বড়ই গৌরবের বিষয় আমাদের বাঙালী মুসলমান ভাইদের মধ্যে অনেক স্থুসাহিত্যিকের আবির্ভাব হয়েছে। অনেক স্থানেই তাঁদের বাংলা ভাষা বড় মনোরম। আমি তাঁদের রচনা খুব আগ্রহের সঙ্গে পাঠ করি। তাঁরা অনেকেই সাহিত্যের উচ্চ হান অধিকার করেছেন। তাঁরা বাঙালী তাই তাঁদের ভাষাও

বাংলা। আমি অস্তরের সহিত কামনা করি হিন্দু-মুসলমান সাহিত্যিকদের ভাষায় বেন কোনরূপ প্রকট পার্থক্য না এসে পড়ে। উভয়ের আদর্শের আদান-প্রদানে যেন বাংলা সাহিত্যের সৌষ্ঠব বৃদ্ধি হয়।

ভঙ্গী

ভাষার ভঙ্গী অর্থাৎ স্টাইল সাহিত্যকলার এক প্রধান অঙ্গ। লেখকের ভাষার ভঙ্গীর ওপর তাঁর রচনার সম্মোহনতা অনেকটা নির্ভর করে। রচনার ভাব ও ভাষা যতই গুরুগম্ভীর হোক না কেন যদি তার প্রকাশভঙ্গী মনোরম না হয় তাহলে সাহিত্য হিসেবে সে রচনা পঙ্গু। রচনাভঙ্গীর কোন বাঁধাধরা নিয়ম নেই। ভঙ্গীর বৈচিত্র্য সাহিত্যের ঐশ্বর্ষ। বড় বড় সাহিত্যিক যাঁরা, তাঁদের রচনাভঙ্গী মনোহারী ও স্বতন্ত্র। যুগ হিদেবে হয়ত সাহিত্যের ফাইলের অনেকটা ঐক্য ও সমতা লক্ষ্য করা যায়, ষেমন বৈষ্ণব কবিদের যুগ, মাইকেল, হেমচক্র, নবীনচক্রের যুগ, বিষমচক্রের যুগ, রবীক্র-নাথের যুগ আর এখন শরংচক্রের যুগ। এঁদের লেখার ছাপ সমসাময়িক লেখকদের ওপর পড়ে। এবং সেই যুগপ্রবর্তকদের ফাইল সে যুগের ফাইল বলা যেতে পারে। কিন্তু স্থলেথক মাত্রেরই একটা নিজের প্রকাশভঙ্গী আছে যাহা অমুকরণীয়। অমুকরণের চেষ্টা বিশুর হয়। কিন্তু সফলমনোরথ হওয়া ততটা সহজ নয়। যদিও বাস্তব অমুকরণ ত্ব:সাধ্য তবু সাহিত্যমহারথীদের প্রভাব এড়ানো সমসাময়িক লেখকের পক্ষে ততদূরই ত্ব:সাধ্য। বাংলা সাহিত্যের একচ্ছত্র সমাট রবীন্দ্রনাথের সাহিত্যের প্রভাব বাঙালী লেথকমণ্ডলীর ওপর অল্প বিশুর পড়েছে। শত চেষ্টায় প্রকৃত অমুকরণ সহজ নয়, তেমনি শত চেষ্টায় প্রধান দাহিত্যিকের রচনাভঙ্গীর প্রভাব এড়ানো দহজ নয়। তবু আমি নবীন লেথকদের বলি তাঁরা যেন তঃ মহুকরণের চেষ্টা না করেন, তাঁদের নিজস্ব স্টাইল যেটা আপনা হতে আসে সেটাকে যত্নে রক্ষা করেন। অজ্ঞাতসারে অপরের প্রভাব পড়ে পুত্র । স্থলেগকের স্টাইলের স্বকীয়তা অক্ষ্ রাথা বাঞ্নীয় মনে করি। মুখোস পরে নিজের আক্বতির দৈল অনেকদিন ঢেকে রাথা যায় না। নিজের সাহিত্যের আক্বতিকেই স্তপরিমার্ক্তিত করে স্বাভাবিক উপায়ে তাকে অস্তত হাস্তাম্পদ হতে হয় না। উপসংহারে আমি গর্বের সহিত বলি, বর্তমান বাংলা সাহিত্যের যা কিছু ক্রটি থাক না কেন, আমাদের বাংলা সাহিত্য ক্রমেই উন্নতির স্তরে আরোহণ করবে। একদিন তথন বাঙালী সাহিত্যে কয়েকজন মহার্থী ছিলেন, আর বাকি সব নিমন্তরের। আজকাল স্মাহিত্যের গুরও বিশুর উচুতে—যাকে ইংরাজীতে বলে 'লেভেল' সেটি অনেক উন্নতি লাভ করেছে। যেটি ধ্বই শ্লাঘার বিষয়। যদি কিছুক্ষণের জক্তে রবীন্দ্রনাথ, শরৎচন্দ্র, কেদারনাথ প্রমুখ সাহিত্যিকদের লেখা ভূলে থাকা যায়, তবু স্থপাঠ্য ও স্থথপাঠ্য সাহিত্যের দৈত্ত কেহ বোধ করবেন না। এটি খুব বড় কথা।

দীর্ঘ অভিভাষণ শেষে ক্লান্ত হয়েছেন অতুলপ্রসাদ। সভা শেষে সাহিত্যিক কেদারনাথ বন্দ্যোপাধ্যায়কে অতুলপ্রসাদ বনেছেন, অভ্যর্থনা সমিতির সভাপতি চাক্লচন্দ্র দাস মহাশয়ের সঙ্গে দেখা হয়েছে কি? আমি তাঁর বাড়িতে আছি। চলুন না, দেখাটাও হয়ে যাবে।

বেশ তো চলুন, দেখা করে আসি। চলতে চলতে অতুলপ্রসাদ কেদার বন্দ্যোপাধ্যায়কে বলেছেন, আমি আজই চলে যাব ভাবছি।

কেদারনাথ বলেছেন, আপনার না আসাই উচিত ছিল, কেন এমন শরীর নিয়ে আপনি এলেন ?

অতুলপ্রসাদ হেসে বলেছেন, না এসে আমার উপায় ছিল না, ভদ্রলোকদের কথা দিয়েছিলাম বে।

অস্থ শরীর, তবু একজন মহিলা হঠাং তাঁকে গাইবার অম্বরোধ করলেন। মহিলার অম্বরোধে গাইতে হল। কাকেও ক্ষ্ম করতে চাইলেন না। তাঁকে একেলা লখনউ ফিরতে দিতে ইচ্ছে ছিল না কেদারনাথ ও কুম্দরঞ্জনের। তাঁরা অতুলপ্রসাদের শরীরের জন্যে ভাবিত হলেন।

গোরক্ষপুর অধিবেশনের পর লখনউতে ফিরে এলেন অতৃলপ্রসাদ। লখনউ-এ কিছু মাস এগিয়ে গেল, শরীর স্বস্থ হল না। ডাক্তারেরা বললেন, আপনার জলহাওয়া পরিবর্তন হওয়া দরকার। এখানে আপনার শরীর ভাল থাকছে না, আপনি সমুদ্রতীরে কিছুদিন বিশ্রাম নিয়ে আফ্ন। সমুদ্রের জলহাওয়া ব্লাডপ্রেশার ক্লগীদের পক্ষে ভাল।

দাদা লিখলেন, নদীতীরে তোমার জন্মে একথানা ছোট বাড়ি দেখে রেখেছি, চমৎকার জায়গা, তুমি আদবে লিখলে তোমার জন্মে বাড়িটা ভাড়া নিয়ে রেখে দেব, তুমি আমার কাছে এদে বিশ্রাম কর।

কিরণ লিখল, তুমি কলকাতার এদাে। নীলরতন সরকারের ট্রীটমেণ্টে তােমার স্বাস্থ্যের একবার উন্নতি হয়েছিল। কলকাতার ডাক্তাররাই তােমার শরীর সারাতে পারবেন।

চৈত্র মাসে কলকাতায় যাওয়াই একরকম স্থির হল। অতুলপ্রসাদ সারাক্ষণ শুয়েই থাকেন, কাজকর্ম বন্ধ। লগনউ থেকে অতুলপ্রসাদ বিদায় গ্রহণ করছেন; এ কি চিরবিদায়ের আভাদ! বন্ধু-বান্ধব, আগ্রীয়স্বজন, গুণমুগ্ধ লখনউয়ের অধিবাদীরা একে একে জড়ো হলেন ছংখিত মনে লখনউ স্টেশনে। অনেকে বিদায় জানাতে এসে সাঞ্র-নয়ন হলেন। অতুলপ্রসাদ হেসে বললেন, আমার এখনও অনেক কাজ বাকি, আমাকে আবার লখনউ ফিরে আসতে হবে।

ভাকগাড়িতে সহধাত্রী ছিলেন কিছুদ্র পর্যন্ত রাধাকুমৃদ মুখোপাধ্যায়। প্রতাপগড় পর্যন্ত একসঙ্গে চললেন। তাঁর কাছে বিদায় নিতে হাত বাড়িয়ে চিরবিদায়ের আশকার ছায়া দেখে শিউরে উঠলেন রাধাকুমৃদ, ভাবী ত্র্ঘটনার ছায়া তাঁর মন ছেয়ে রইল। এমনকি অতুলপ্রসাদ শেষ পর্যন্ত কলকাতায় পৌছতে পারবেন কি না সে আশকাও রাধাকুম্দের মন অধিকার করে বসল। তাঁকে একাকী টেনের মাঝে রেখে দিয়ে প্রতাপগড়ে নেমে গেলেন রাধাকুমৃদ।

কলকাতায় এসে অতুলপ্রসাদ বালিগঞ্জে কিরণের বাড়িতে উঠলেন। যথারীতি চিকিৎসা শুরু হল। শরীর বৃঝি কিছু স্বস্থ হয়, তারপরই আবার অত্যাচার শুরু হল, ডাক্তারের কথা হেসে অমাত করতে লাগলেন। কেদারনাথ এসে নেমেছিলেন অতুলপ্রসাদের বাড়ি থেকে অল্প দূরে ধূর্জটিপ্রসাদের বালিগঞ্জের বাড়িতে। প্রায়ই আসতেন, গল্প করতেন। সেদিন অতুলপ্রসাদ বললেন, আমি এখন বেশ ভাল আছি কেদারবাবু।

কেদারনাথ হাসলেন। বললেন, বেশ ভাল তো।

বিখাস করুন।

যাবার আগে ঘনিষ্ঠ উত্তপ্ত আলিঙ্গনের মধ্যে দিয়ে এ কি শেষ বিদায়ের ইঙ্গিত ? কেদারনাথ কেমন যেন বিষণ্ণ মনে ফিরে এলেন।

অনেকদিন পর কি জানি কেন প্রফুল্লমনে অতুলপ্রসাদ দাদা সত্যপ্রসাদকে চিঠি লিখলেন:

> P 27 Rash Behary Avenue Calcutta 6-3-34

আমার পরম আপন দাদা,

কিরণের বাসায় তোমার স্নেহপূর্ণ চিঠিখানি পেলাম। আমার স্বাস্থ্য সম্বন্ধে কিছু বলি। ত্-মাস পূর্বে আমার ব্লাডপ্রেশার থুব বেশি ছিল, ২৩৫ হয়েছিল। বড় তুর্বল ও রোগা হয়েছিলাম। হঠাং একদিন বাঁদিকটা অবশ ও ঝিমঝিম বোধ হয়েছিল, সেটা এখনও সারে নি। সেই জত্যে কাম্ব ছেড়ে চিকিৎসার জত্যে এখানে এসেছিলাম। শুর নীলরতন সরকার এবং অহ্যান্থ ডাব্রুণারেরা দেখেছিলেন। এসেই ইউরিন একজামিন করিয়েছিলাম তাতে সামান্থ albumen ও cast পাওয়া গিয়েছিল। একেবারে প্রায় শুয়েইছিলাম তাঙ সপ্তাহ। শুর্ ফল থাচ্ছিলাম আর হধ-দই, কিছু খই আর এক-বেলা সন্ধি কিছু হন না দিয়ে খাচ্ছিলাম। ত্র্ধ দই কিছু খাই। গত ত্বারেও albumen ও cast পাওয়া যাচ্ছে না। ত্র্বলতা কমেছে। বাঁদিকে ষে

অবশ ও রানো ভাব ছিল, তা সামাগ্ত কমেছে। হাঁটতে কট হয় না। তবেঃ
হাতে ও পায়ে আড়াই ও জালা-জালা ভাব এখনও আছে, একটু কম।
ওলনে খুউব কমে গিয়েছিলাম এখন সামাগ্ত বেড়েছি। তু মাস কাজ ছেড়ে
আছি। এখন আর চলে না। ডাক্তারেরা বলেছেন খুব light কাজ
করতে পারি। তবে খাওয়া সম্বন্ধে খুউব সাবধান থাকতে হবে। আমি
পরত্ত লখনউ ফিরে যাব। তাই এখন এ অবহায় চাঁদপুর যাওয়া হবে না।
ভবিশ্বতে যাওয়ার ইচ্ছে রইল। সেখানে কি নদীর ধারে বাড়ি পাওয়া
যাবে ? এখন তো আবার ঝড়-বুটির সময় এসে পড়ল। চাঁদপুর কোন্ সময়ে
বায়্যকর ও স্ববিধাজনক ? লখনউয়ে জানিও। ভাল কথা, এখন প্রায় ১ই
মাস থেকে রাজপ্রেশার ১৮০ থেকে ১৯০-তে স্থির হয়ে আছে। ১৮০ আমার
প্রায় নর্মাল অনেকদিন থেকে। আমার হেল্থ্-এ কোন দোষ নাই। কিডনি
প্রায় সেরেছে, মাথাটা মাঝে মাঝে খুউব গরম হয়। আবার সেরে যায়।
আমি যখন ফিরে যাব, তখন রমারা হয়ত আসবে। বেশ, দেখা হবে।
আশা করি বৌঠান ও তোমরা সকলে ভাল আছে। সকলে আমার

ইতি তোমার স্নেহের ভাই

অতুল

এক মাস এক দিন পরে সত্যপ্রসাদকে শেষ চিঠি দিলেন। এর মধ্যে লখনউয়ে উপদ্বিত হয়েছেন। ডাক্রারের নির্দেশমত অল্ল অল্ল কোর্টে বেরিয়েছেন, কোর্টের কান্ধ কিছু করেছেন। আবার শরীর ভেঙেছে, কান্ধকর্ম থেকে বিদায় নিয়েছেন। দ্বির করেছেন, পুরীতে স্বাস্থ্য উদ্ধারের জন্ম কিছুদিন গিয়ে বাস করবেন। পুরী যাবেন, অথচ হাতে টাকা নেই। কান্ধকর্ম বন্ধ। অথচ থরচের কি কমতি আছে! সকল কিছুই রাথতে হবে, কিছু ত্যাগ করা চলবে না। দান ধ্যান সমানে চলে—চির জীবন যেমন চলেছে তেমনি। আল্ল এলাহাবাদ থেকে লালগোপাল মুখোপাধ্যায় এলাহাবাদের কোন একটি বিভালয়ের সাহাযের জন্মে দানস্বরূপ কিছু টাকা চাইলেন: 'পাঠিয়ে দাও একটা একশত টাকার চেক।' স্থরেশ চক্রবর্তীর 'উত্তরা' চলছে না। 'এই শেষবার, আর নয়।' রামকৃষ্ণাপ্রম; ব্রাহ্মসমাজের উয়য়নমূলক কান্ধ হবে; দাও,দাও টাকা; ওদের তো দিতেই হবে। বিধবা মা তাঁর মেয়ের বিয়ে দিতে পারছেন না—কত টাকা লাগবে ক্লিজেন কর…এখন উপায় নেই অথচ ইচ্ছা আছে। এ কি নবাব শহর লখনউয়ে বাস করে নবাবী দিলদরিয়া মন? তা নয়, এ তাঁর চিরকালের। ছেলেবেলায় ঢাকার মিরাতারে কিষা লক্ষীবাজারের মামার বাড়িতে ধ্বন ছিলেন, তথনও কারো ছঃখ-কই দেখলে

শবির হয়ে গড়তেন। কোন ভিধারী তাঁর কাছ থেকে কোনদিন রিক্ত হাতে বিশ্বতে গারত না। মৃষ্টিভিক্ষার জারগার তার ঝুলি ভরে দিয়ে তাকে বিদার দিতেন। মা কতদিন হাসিম্থে বলেছেন, অতুলের জন্তে আমার ভিক্ষার চাল স্বসময়ে ভাঁড়ার ভরে রাধতে হয়, অল্ল দিয়ে ওর তৃষ্টি নেই।*

প্রীর সমৃত্তের জলহাওয়ায় শরীর ভাল হবে যথন ডাক্তারের অভিমত, তথন সেধানে বেতে হবে বৈকি।

টাকা চাই ?

দেণ্ট্রাল ব্যাক্ষের কাছ থেকে পাঁচ হাজার টাকা ধার নিলেন। ড্রাইভার এসে বললে, সাহাব, একটা কথা বলব যদি মেহেরবানি করেন—

की, वन ना-की वनत्व ?

দেশে বাড়িতে অহথ বিহুথ করেছে আমার পরিবারের। ছুটি চাই।

বেশ, ষথন তোমার পরিবারের অহুথ করেছে, যাও ছুটি দিলাম।

ড্রাইভার একট্ ইতন্তত করে বললে, সাহাব, আর একটা কথা বলব ? যদি মেহেরবানি করে আমাকে কিছু টাকা দেন হজুর ধার।

কত টাকা চাই ?

বড় অন্থবিধায় পড়েছি সাহাব, ৫০০ টাকা হলে এ-যাত্রায় আমি বিপদ থেকে পার হছে। পারি।

তুমি কিছু কাজ কর না, তুমি এক পয়সা পাবে না !

ড়াইভার জানে তার আবেদন মঞ্জুর হয়েছে। পাঁচ হাজার টাকার মধ্যে থেকে পাঁচশো টাকা তিনি তাকে দিলেন। জানেন হয়ত সে দেবে টাকা, হয়ত নাও দিতে পারে, তাই বলে তার অসময়ে অতৃলপ্রসাদ টাকা দেবেন না! কেউ বিপদের সময়ে তাঁর কাছে এসে দাঁড়িয়েছে অথচ সাহায্য পাবে না এ কি কখনো হয়েছে! এক মাস এক দিন পরে অতুলপ্রসাদ দাদাকে চিঠি লিখলেন।

পুরীর ষাত্রাপথে লখনউ থেকে কলকাতা এসে পৌছেছেন, কলকাতা থেকে চিঠি লিখলেন। সত্যপ্রসাদ চিঠিখানি পেলেন হু-চারদিন পরে।

Calcutta 13. 4. 34.

माना,

তোমার পি-িদ পেয়েছি। আমি পরও পুরী যাচ্ছি। সেখানে একটি ছোট বাড়ি নিয়েছি। ছুটকি, কুন্ত ও দিলীপ আমার সঙ্গে যাচ্ছে ও থাকবে।

^{*} শ্রীমতী স্থবালা **ভাচার্ষের রচনা থেকে।** পরিশিষ্ট ক্রষ্টব্য ।

একা থাকব না। পুরী স্থনেছি রাডপ্রেশারের জন্তে ভাল। এখন রাডপ্রেশার কম আছে। বাড়ির ঠিকানা সেখানে গিয়ে ভোমাকে জানাবো। ভোমরা আমার ভালবাসা নিও।

তোমার ভাই অতুল

পুরীর ঠিকানা :--

রায়বাহাছর মহেক্রলাল মিত্তর কুঠি, পাথরপুরী

পঁচিশ

১৯৩৪এর এপ্রিল মাদের মাঝামাঝি মাদ-খানেক বা মাদ-দেড়েকের জন্তে স্বাস্থ্য উদ্ধারের আশায় কলকাতায় কিরণের বাড়িতে থেকে পুরী যাত্রা করলেন অতুলপ্রসাদ। সেই সময়ে পুরীর আবহাওয়া বেশ ভাল। সঙ্গে চলল একমাত্র ছেলে দিলীপ, ছোট বোন প্রভা (ছুটকি) আর তার মেয়ে কুস্তু। সকলের মনেই থুব আনন্দ বেড়াতে যাওয়ার নামে। মহেক্রলাল মিত্রের বাড়ি ভাড়া নেওয়া হয়েছে।

পুরী যথন যাচ্ছি তথন একবার আমরা কোনারকের স্থ্যন্দির দেখে আসতে পারি তো?

ভুবনেশ্বর আমরা যাব না ?

আর চিন্ধা লেক ?

কোনারকের স্থ্যনিদর কত দিন আগে হয়েছে বাবা ?

সম্ভবত ত্ৰয়োদশ শতান্দীতে।

পুরী থেকে অনেক জায়গায় যাওয়া যায়, না!

কুন্তর মা দিলীপের ছুটকি পিসি বলেন, দেখ দিলীপ-কুন্ত, তোমরা পুরী গিয়ে কোথাও বেড়াতে যাবার নাম করবে না। যদি বেড়াতে যেতে হয় কোথাও তোমরা চুজনে যেও, দাদাকে নিয়ে যাওয়ার চেষ্টা কোরো না। আমরা পুরীতে কী কারণে এসেছি জান তো, শুধু বিশ্রামের জন্তে। পুরী থেকে কোথাও যাওয়া চলবে না।

আহা ওদের আনন্দে বাধা দিচ্ছিদ কেন ছুটকি !

পুরীতে পৌছে দাদাকে বলেন ছুটকি, চুপচাপ এখানে শুয়ে বসে বিশ্রাম নিতে হবে তোমাকে। দূরে কোথাও বেড়াতে যাবার নাম করবে না। শুধু যেতে পার সম্দ্রের ধারে। আমরা সকলে সকালে-বিকেলে সম্দ্রের ধারে বেড়াবো, সকলে অল্লকণের জল্পে স্থান করব সমৃদ্রে। বেশি পরিশ্রম নয়।

বাজার-টাজার যেতে পারব না ? নিজের হাতে বাজার করার স্থথ থেকে আমার বঞ্চিত করবে ? নিজের হাতে বাজার করার মত আনন্দ আর আছে !

এখন নম্ন, তোমার শরীর একটু ভাল হোক। তারপর নিজের হাতে বাজার কোরো, মন্দির দেখতে যেও। এখন ভগু বিশ্রাম।

অত্লপ্রশাদ ছোট বোনের স্নেহের শাসনটুকু উপভোগ করেন। প্রথম-প্রথম প্রীতে পৌছে বেশি ঘোরাঘ্রি পরিশ্রম শরীরে সহ হবে না অত্লপ্রসাদ জানতেন। সেইজন্তে পরিশ্রমের কোন কাজ করার ইচ্ছেও নেই। এসেছেন যথন বিশ্রামের জক্তে, তথন যতটা সম্ভব বিশ্রামই হোক। সকাল সন্ধ্যার বালুকাবেলায় দিলীপ ও কুন্তর হাত ধরে ঘ্রে বেড়ান অত্লপ্রসাদ, হাঁটতে হাঁটতে ক্ল্যাগ-স্টাফ পর্যন্ত, অক্তদিকে স্বর্গরার। বালির ওপর বসেন, দিলীপ এবং কুন্তু পাশে বসে থাকে। বালুকাবেলায় নানা মান্থবের পায়ের ছাপ, ছুটোছুটি থেলা, ছালিয়াদের স্নান করানো, স্নানার্থাদের জলেতে হুটোপুটি, জেলেদের মাছ ধরা ও সমুদ্রে সংগ্রাম, সমুদ্রের অবিরাম টেউ আর গর্জন, ঝড়ের মত হাওয়া, আর পরিষার নাল আকাশ—সব মিলিয়ে বেশ ভালই লাগে। সমুদ্রের ওজোন-ভরা আগটে হাওয়ায় প্রথম-প্রথম একটু অস্বত্তি হলেও এখন সয়ে গেছে। খোলা হাওয়া শরীরের সব ক্লান্তি, সব অবসরতা মুছে নিয়ে যায়। মাঝে মাঝে কুন্তু এবং দিলীপ হাত ধরে টানে, চল সমুদ্রে স্বান করতে যাই।

অনেকক্ষণ ধরে স্নান-পর্ব চলে।

সম্ক্রমানে বাতাসে ভ্রমণে শরীর ধীরে ধীরে বল ফিরে পায় যেন। একদিন দেখা হয়ে গেল সম্ভবেলায় এলাহাবাদ বিশ্ববিশালয়ের অধ্যাপক দক্ষিণারঞ্জন ভট্টাচার্য এবং অধ্যাপক সাতকভি দত্তর সঙ্গে, তাঁরা একদল ছেলেমেয়েদের সঙ্গে নিয়ে বালুকাবেলায় বেড়াচ্ছিলেন। অতুলপ্রসাদকে দেখে সদলবলে এগিয়ে এলেন।

আপনি কবে এলেন, আপনার শরীর অত্বস্থ শুনেছিলাম ? দক্ষিণারঞ্জন বললেন। অতুলপ্রদাদ হেদে বললেন, শরীরের জন্মই তো পুরীতে আদা। আপনারা দেখছি বিরাট দল নিয়ে পুরীতে……

আমাদের ইউনিভারসিটির মিউজিয়ামের জন্মে প্রাণ্ট কালেকশনে বেরিয়ে পুরীতে এসে পৌছেছি। আমরা কয়েকটা দিন এখানে এখন থাকব স্থির করেছি, ছেসে বললেন দক্ষিণারঞ্জন। আসলে আমাদের রথ দেখা কলা বেচা তৃই কাজই হচ্ছে। দক্ষিণারঞ্জনের মুখেই শুনলেন লখনউ বিশ্ববিচ্ছালয়ের উপাচার্য জ্ঞানেন্দ্র চক্রবর্তী মহাশয় সন্ত্রীক পুরীতে এসে পৌছেছেন, নেমেছেন বি. এন. আর. হোটেলে।

ক্ষান চক্রবর্তী এসেছেন ? আমাদের লখনউয়ের মাহব—দেশের মাহব; কী যে ভাল

লাগছে ! এই পৃথিবীটা গোলাকার ; ঠিক দেখা হয়ে যায় কোথাও না কোথাও চেনা-পরিচিত মান্নুযদের সঙ্গে ।

ক্সান চক্রবর্তী এলেন সন্ত্রীক তাঁর বিদেশী পুত্রস্থানীয় কাইটেল সাহেবকে সঙ্গে নিয়ে মহেন্দ্রলাল মিত্রের কুঠিতে অতুলপ্রসাদের সঙ্গে দেখা করতে। কুশল বিনিময়ের পর তিনি বললেন, আপনি কবে এলেন অতুলবাবু?

धनाम धिथालत मरण्डता-चार्गाता जातिए। चार्गान करव धालन?

এই তো কয়েকদিন হল। শুনেছেন, কৈলাসনাথ কাটজু সাহেবের সঙ্গে গান্ধীজী এনেছেন পুরীতে। গান্ধীজীর সঙ্গে তো আপনার আলাপ আছে।

বাছে, আছে।

बादवन नांकि?

বাওয়া যায়। নিশ্চয়ই যাব। গান্ধীজীকে আমার ভাল লাগে। গান্ধীজীকে আমি শ্রুদ্ধা করি। আমার অনেক মতবাদ ওঁর সঙ্গে মেলে।

গান্ধীজীরও আপনাকে ভাল লাগে। আপনার গান শুনেছেন। ওই বে ওই গানটি, 'কে আবার বাজায় বাঁশি এ-মধু কুঞ্জবনে', গান্ধীজীর খুব প্রিয় গান। গান্ধীজী যদি শোনেন আপনি এখানে এসেছেন, তিনি নিশ্চয়ই আপনাকে গান শোনাবার জন্তে ডাক পাঠাবেন।

গান্ধীন্দী আমাকে গান গাইতে বললে গান শোনাব বইকি!

মি: সেন, আপনাকে লখনউতে যেরকম দেখেছিলাম, এখন তার থেকে একটু ইমপ্রভড্ মনে হচ্ছে।

ইয়া এখন নিজেকে একটু ভাল মনে করছি। শরীরে একটু যেন জোর পাচছি। জ্ঞান চক্রবর্তী বললেন, আমার ওধানে আপনি কবে আদছেন ? একদিন খাওয়া-দাওয়া গান-বান্ধনা করা যাক।

এই যাব একটু সময় পেলে।

অল্পদিনের মধ্যেই পুরীর সম্দ্রের হাওয়ার গুণে অতুলপ্রসাদের ভাঙা স্বাস্থ্য অনেকটা জোড়া লাগল। তিনি তথন সবল হয়ে হেঁটে চলে বেড়াচ্ছেন পুরীর রাস্তায়। সম্দ্রে ছবেলা অনেকক্ষণ স্থান করছেন। মনেই হয় না তাঁর শরীরে কোন অহুখ-বিহুখ থাকতে পারে। তাঁর বলিষ্ঠ চলার ভঙ্গি, দীর্ঘ জ্যোতিমান শরীর পুরীর মাহুষদের কৌতৃহলী করে তুলেছে: কে এই মাহুষটি, কী এঁর পরিচয় ? ইতিমধ্যে বোন কিরণ এসে পৌছে গেল পুরীতে ভাইদাদার বাড়িতে। লগনউ থেকে এলেন রাধাকুমৃদ মুখোপাধ্যায়। অতুলপ্রসাদকে দেখে তাঁরা খুউব খুণি হলেন।

রাধারুম্দ বললেন, আপনার শরীরের অত্তে আমি বড় ভাবছিলাম। সভ্যি, জানেন,

কয়েক মাস আগে আগনাকে যখন টেনের কামরায় রেখে প্রতাপগড়ে নেমে গেলাম, তখন কীবে তুর্ভাবনা হচ্ছিল কীবলব!

अथन की तकम मत्न हर्ष्ट ?

এখন আপনি কিছুটা সেরেছেন।

অতৃলপ্রসাদ বললেন, কিছুটা মানে ? আমি সম্পূর্ণ সেরেছি। জান, এখানে এসে এই পুরীর জল-হাওয়ার গুণে আমি আবার আগের জীবন ফিরে পেয়েছি। এখানে এসে কতকগুলি গানও লিখে ফেললাম। শরীর ভাল থাকলে গানও আসে। আর একটা কথা, আমার পরিচয় এখানকার লোকেরা পেয়েছে, আর একটা কাণ্ড ঘটে গেছে। কেন, কী কাণ্ড হল!

গান গাইতে হবে।

গান ?

হাঁয়া, এখানেও মজলিশ-টজলিশ আছে দেখছি, রোজই একটা না একটা লেগে আছে। ওরা আমাকে বলে গান গাইতে হবে। আপনার গান আমরা ভনতে চাই, আপনাকে যথন হাতে পেয়েছি।

গাইছেন নাকি গান ?

একট্-আধট্ গাইছিও। গান গাইতে আমার বিশেষ ক্লাস্তি আদেনি কোনদিন, এখন একট্ আধট্ কট্ট হয়। তবে গান গাইলে মনটা খুব খুশি হয়। ওরা যখন আমাকে আদর করে ডাক দেয় তখন কি না গিয়ে পারি—বল তুমি, পারি কি ?

অধ্যাপক দক্ষিণারঞ্জন ভট্টাচার্য তাঁর দলাল-সমেত নেমেছেন দেবপ্রসাদ সর্বাধিকারী মহাশয়ের বাড়ি। দক্ষিণারঞ্জন নিজে সঙ্গীতজ্ঞ, সঙ্গীতরসিক। একদিন এসে অতৃলপ্রসাদকে ধরে নিয়ে গেলেন তাঁদের আড্ডায়। সেদিন অতৃলপ্রসাদ দেখানে অনেকগুলি শ্বচিত গান গাইলেন। দক্ষিণাবাব্ও অনেকগুলি গান সকলকে শোনালেন। চমংকার একখানা গানের আসর দক্ষিণাবাব্র বাসায় হল।

গান্ধীন্ত্ৰী অতৃলপ্ৰসাদকে ডাক পাঠালেন। জানালেন, আপনি বধন এধানে, আপনার গান শোনার জন্মে অতৃল আগ্রহ নিয়ে আমি প্রতীকা করে আছি।

বেশ তো, গান্ধীন্ধী যখন ডেকে পাঠিয়েছেন, তখন যাওয়া যাবে। একদিন তাঁকে গান ভানিয়ে আসব। গান্ধীন্ধী যেন কী গান ভালবাসেন! 'কে আবার বান্ধায় বাঁশি এ-মধ্ কুপ্লবনে'। বেশ, সেই গানই শোনানো হবে। একই স্থরে সেই গানটির ছিন্দী অহুবাদ হয়ে গেল, অহুবাদ করলেন অতুলপ্রসাদ। তারপর গান পেয়ে শোনালেন গান্ধীন্ধীকে হুরেলা মধুর ছন্দে।

শরীর এখন বেশ স্কৃত। তুর্বলতা নেই। বেশ সভেজ শরীর। সমুত্রের হাওরা

দেড় মাসের মধ্যে তাঁর শরীরকে আশ্চর্যরকম সারিয়ে তুলল। ফিরে এল সেই উচ্চন্

পুরীর জীবন ক্রমে একঘেয়ে হয়। কাজের মাস্থদের পক্ষে অলস ভাবে ছুটি উপভোগ করাও অসহনীয়। অতুলপ্রসাদ বললেন, চল্ ছুটকি আমরা এবার ফিরে যাই। আর পুরী ভাল লাগে না। কতদিন আর কাজকর্ম ছেড়ে থাকব।

ছুটকি বললে, যাবে যে, শরীর ভোমার স্বস্থ হয়েছে, সেরেছে কি ?

হাা, হাা, অনেক ভাল, বেশ ভাল।

পুরী থেকে প্রথমে কলকাতায় এলেন পরিজনসহ, তারপর দিলীপকে নিয়ে পুরাতন কর্মক্ষেত্র লখনউয়ের পথে পা বাড়ালেন অতুলপ্রসাদ। তাঁকে দেখে, কাছে পেয়ে লখনউয়ের বন্ধ্বান্ধব, ভক্ত পুরবাদীদের মনে আনন্দ আর ধরে না। অনেকে আশস্ত হয় তাঁর আছ্যের উন্নতি দেখে। পুরীর সমৃদ্র তাঁকে নতুন জীবন, উজ্জ্বল স্বাস্থ্য ফিরিয়ে দিয়েছে। তিনি এখন তবে অনেকদিন আমাদের মধ্যে থেকে তাঁর জীবনের শ্রেষ্ঠ কীতিগুলি উপহার দেবেন।

কিন্তু কে জানত, ক্ষণিকের এই উজ্জ্বলতা, ক্ষণিকের এই দীপ্ত শিখার মাঝেই মহাকালের মহাসমাধির ইঙ্গিত লুকিয়ে আছে !

ছাবিবশ

আজ সেণ্ট্রাল ব্যাক্ষের সেই ৫০০০ টাকার শেষ কিন্তিটা শোধ করে দিয়ে এলাম, জান হেমস্ত । আর কোন ভাবনা চিন্তা নেই, আমার উইলটাও হয়ে গেছে। তোমরা চ্জন, ঘোষ আর দাশ আমার হই জুনিয়র সাক্ষী রইলে। আমার সব কাজ শেষ, এবার নিশ্চিস্তে আরাম।

ব্যারিন্টার হেমস্তকুমার ঘোষ হয়ত সেদিন বলেছিলেন, আপনার এত তাড়াতাড়ি উইল করার কোন দরকার ছিল না, আপনি এখনও অনেক দিন বাঁচবেন। আপনাকে আজ সত্যি খুব bright মনে হচ্ছে।

সেদিন ২৪ আগস্ট, শুক্রবার, ১৯৩৪ ঞ্রীস্টাব্দ। বাংলা ৭ই ভাদ্র, ১৩৪১ সাল।

আমি বলছি তো আমি সম্পূর্ণ সেরে গেছি, বুআমার শরীরে কোন বেদনা নেই, কোন ক্লান্তি নেই; আমি খাটতে পারি কুড়ি বছর আগে ষেরকম খাটতাম। কী, তুমি কি আমার শক্তি পরীকা করতে চাও নাকি ?

ব্যারিস্টার হেমস্তকুমার ঘোষ হেসে বললেন, না, না।

সেদিন তাঁকে খুউব উৎফুল এবং উজ্জ্বল দেখাচ্ছিল। পুরীর সামৃদ্রিক জলহাওয়ার গুণে তাঁর শরীরের সব অহুথ যেন সেরে গেছে। একেবারে নীরোগ বলে মনে হচ্ছিল। পরের দিন ২৫ আগস্ট, শনিবার, বাংলা ৮ই ভাদ্র। সেদিন সকালে হঠাং কি মনে হল, তিনি পাড়ার চেনা জানা মামুষদের বাড়িতে গেলেন, হাসিমুখে সকলের খবরাখবর নিলেন, কে কোথায় আছে, কে কেমন আছে ইত্যাদি অভাতঃভ্রমণে প্রতিদিনই বেরোতেন। সকলের খবরাখবরও নিতেন। কিন্তু সেদিন যেন বিশেষ করে প্রতিটি চেনা-জানা মামুষের সংবাদ জানার জন্তে ব্যাকুল। ব্যারিস্টার ঘোষকে বললেন, তোমার মেয়েরা কোথায়? তাদের অনেকদিন দেখিনি। ডাক তো দেখি, তারা সকলে কেমন আছে! হেমন্তর একটি মেয়ের দিকে অনেকক্ষণ তাকিয়ে রইলেন, আদর করলেন! রাধাক্রক্ষ শ্রীবান্তবের বাড়িতে যখন পৌছলেন, রাধাক্রক্ষ বড় জামবাটি-ভরা ত্র্য ব্যারিস্টার সাহাবের জন্তে সামনে এনে বললেন, আইয়ে আইয়ে সেন সাহাব, পিজিয়ে। ছেলেমামুষের মত হেসে সেনসাহেব সে-তুধ পান করলেন।

প্রাভঃত্রমণ সেরে ফিরে এলেন প্রত্নপ্রসাদ। স্বালামাসি এবং তাঁর মেয়ে উবা কিছুদিন আগেই লখনউ থেকে কলকাতায় ফিরে গেছেন। চারবাগের বাড়িতে কেবল দিলীপ। অস্তুত্ব হেমকুস্থম ক্যাণ্টনমেণ্ট রোডের বাড়িতে। হিরণ বিলেতে, কিরণ নৈনিতালে, প্রভা কলকাতায়, দাদা পূর্ববাংলায়—একাকী অতুলপ্রসাদ, দীর্ঘ দেহ, মুখে সকল সময়ে হাসি, ফিরে আসছেন তাঁর চারবাগের শৃত্য প্রাসাদ হেমস্কনিবাসে। প্রাসাদ তো নয়, পাশ্বশালা। হদয়-ভরা হংখ, মুখে হাসি সবসময়ে, কঠে গান… বেশ কিছুদিন আগে অতুলপ্রসাদ গান গেয়েছিলেন, তৃমি যে শিব তাহা বৃঝিতে দিও। প্রোতা ছিলেন দিলীপকুমার রায়। গাইতে গাইতে তাঁর কঠ এসেছিল গাঢ় হয়ে সে সন্ধ্যায়। দিলীপকুমার রায়েকে সেদিন সে গানটি শেখান, বলেন, দিলীপ এ গানটি কিন্তু যার-তার কাছে গেও না। এ গান আমার বড় ব্যথার দিনে লেখা। তারপর প্রাণখোলা হাসি হেসে মাতিয়ে তুললেন সকলকে।

অনেক রাত্রে একসঙ্গে শুয়ে অতৃলপ্রসাদ দিলীপকুমারকে বলেছেন, জান মন্টু কী আমি প্রার্থনা করি ঈশরের কাছে ?

দিলীপকুমার বলেছেন, কী অতুলদা ?

অতুলপ্রসাদ বলেছেন, শ্মশানে যেদিন আমাকে নিয়ে যাবে সেদিন চিভায় ভয়ে হঠাৎ ষেন একবার সকলের দিকে চেয়ে হেসে চোখ বুজোই।

সেদিন কি তিনি ব্ঝতে পেরেছিলেন তাঁর যাওয়ার সময় হল ? এ জগতের বাইরের কোন রহস্থময় জগং কি তাঁকে হাতছানি দিয়ে ডাক দেয় ? এ জগতের মামূরকে ছেড়ে যেতেও কট্ট হয় বৃঝি। এদের ত্ঃখ-বেদনা, দৈল্ল-ত্র্দশা তাঁর মনকেও বেদনা দেয়…তাই কি তিনি বলেছেন, আমি হাসি মুখে যেতে চাই!

তুমি যখন পৃথিবীতে এলে তুমি কেঁদেছিলে; জগৎ হেসেছিল। এখন তুমি এমন আমারে এ আঁখারে কাল করে বাও বাতে এ-লোকের খেলা শেব হলে তুমি হাসতে হাসতে চলে বাবে, জগৎ ডোমার জন্তে কাঁদবে।

অতুলপ্রসাদ প্রাতঃভ্রমণ সেরে ফিরে এলেন তাঁর চারবাগের বাড়ি হেমস্থনিবাসে। প্রতিটি মাছুষ বোধহয় নিঃসঙ্গ, একাকী, জীবনডোর। এসেছে একাকী, যেতেও হবে **একাকী** েকেউই আপন কেউই পর নয়। আমাদের এ হাসা-কাঁদা ছদিনের। কে বলতে পারে, আজ কিম্বা কালই এ খেলার শেষ হবে। আমরা বিদায় জানাব এ ৰাগংকে। ভূত্যেরা শশব্যস্ত হয়ে ছিল। মালি ফটক খুলে সরে দাঁড়িয়ে সাহেবের পথ करत मिराइ हिन । फूनवां त्रिठात माथ मिरा नान उरतक- जाना १थ । शारत शारत करन এনে দাঁড়িয়েছিলেন বোধহয় ফুলবাগিচায়। ফুল তিনি ভালবাসতেন, রক্তগোলাপ। নিজের হাতে ফুলগাছের তদারকি করতেন। সেদিনও হয়ত মালির সঙ্গে ফুলগাছ मश्रक जात्नाचना करतरहन, छेशरमण मिरायरहन जथवा मृद् ७६मना करतरहन रतांककात মত। নিজের হাতে গোলাপ-কাটা কাঁচি নিয়ে ঝোপঝাড় পরিষ্কার করতে নিজেই বাগানের কাব্দে নেমেছেন। বাগানের কাব্দে ছিল তাঁর ভীষণ শথ। বাগিচায় দাঁড়িয়ে মায়ের নামের স্থৃতি-ধরা তাঁর আপন প্রিয় প্রাসাদখানির দিকে তাকিয়ে ছিলেন। মাকে মনে পড়েছিল হয়ত বেদনাভরা হৃদয়ে—মা চিরকাল একাকী জীবন কাটিয়েছেন; হেমকুস্থম, সেও চিরটা কাল একাকী জীবন কাটালো। বড় ছু:খী হেমকুস্থম। সংসারটা কেমন যেন ছন্নছাড়া হয়ে গেল। অথচ কত যত্নে এ সংসার গড়ার ইচ্ছে ছিল, আশা •ছিল মনে। মনে আশা ছিল এক স্বস্থ স্থী পরিবারের আক্তি সব আশা ভেঙে খান-খান হয়ে গেল। কেন ? দে কথার কে উত্তর দেবে !

কী-জানি কেন আপন ছেলে দিলীপ, তার কথা ভেবে দীর্ঘাস পড়ল। ক্ষণিকের জন্তে দাঁড়ালেন গাড়িবারান্দার নিচে। তারপর সিঁড়ি ধরে ছ্-ধাপ উঠে ডাকলেন—
দিলীপ···দিলীপ !

मिनीथ এन।

বললেন, বেলা হয়েছে নাও স্থান করে নাও। আমরা একসঙ্গে থেতে বসব। থেতে থেতে তোমার সঙ্গে একটা বিষয়ে কথা বলব। দেরি কোরো না।

দিলীপ স্থান সারতে গেল। তিনি লেখার টেবিলের কাছে চেয়ার টেনে বসে এলাহাবাদে কোন একজন পরিচিত মহিলাকে চিঠি লিখলেন। চিঠির শেবে লিখলেন, আমি বাবার আগে কাউকে বেন কট না দিই, ও নিজে না কট পাই এই কামনা করি। চিঠি লেখা শেব হলে হঠাং মনে হল কে বেন একখানা অটোগ্রাফের খাতা রেখে গেছে। টেবিলের ওপরই ছিল কালো কাগজের মলাট-দেওয়া খাতাখানি, হাতে দিয়ে কলম তুলে লিখলেন—

"বে জন রহিতে চায় নিজ রুদ্ধ দরে হারানিধি নিরবধি সেই খুঁজে মরে।"

বেখা শেষ করে স্থান সেরে ভাত খেতে বসেছেন। স্থায় মানুষ, সবল মানুষ। ভাত খেয়ে কোটে বাবেন। দিলীপ এসে সামনে দাড়ালো। ছজনে খেতে বসলেন। দিলীপের সঙ্গে সামাত ত্-চার কথা…শরীরটা ষেন কেমন করে উঠল। রগত্টো ধরে গেল, মাথা গরম হল।

দিলীপ বলল, কী হল ? অমন করছ কেন ? শরীরটা কি খারাপ মনে হচ্ছে ? না, ঠিক আছি। তুমি থেতে বস। গন্তীর ও ক্লান্ত স্বর অতুলপ্রসাদের। কয়েক মুহুর্ত গেছে, দিলীপ চিৎকার করে বললে—বাবা·····

থেতে থেতে চামচেটা তাঁর হাতের মূঠে। থেকে খদে পড়ে গেল প্রথমে। তারপর তিনি চেয়ার থেকে জ্ঞান হারিয়ে মাটিতে ল্টিয়ে পড়লেন। তখনই তাঁকে ধরাধরি করে তুলে এনে থাটে শোয়ানো হল। দিলীপ ছুটে গিয়ে ব্যারিস্টার এইচ. কে. ঘোষ এবং ব্যারিস্টার মিঃ দাসকে থবর দিল। হেমস্ক ঘোষ ডাঃ সেনকে ডেকে আনলেন; ডাঃ হেমস্ক মিত্র এলেন, কর্নেল হান্টার, ডাঃ ব্যাস—চিকিৎসকে চিকিৎসকে ছেয়ে গেল তাঁর চারবাগের বাড়িখানি।

সন্মাস রোগে আক্রাস্ত হয়ে অত্লপ্রসাদ অজ্ঞান, এ সংবাদ ছড়িয়ে গেল সারা লখনউ শহরময়। হিতাকাক্ষী অগণিত জনসাধারণ ভেঙে পড়ল এ. পি. সেন রোডে হেমস্তনিবাসের সামনে। আরোগ্যের খবরাখবর পাওয়ার জন্তে জনসাধারণের চলল ঘণ্টার পর ঘণ্টা নিশ্চল নিস্তব্ধ উৎক্ষিতিত উদ্বিধ্ব প্রতীক্ষা।

বেলা তথন একটা দেড়টা হবে। একথানি গাড়ি এসে হেমস্তনিবাসের সামনে দাঁড়ালো। গাড়ির মধ্যে একটি মহিলা। অস্কৃষ্ক, শোকে অবসন্ধ, ত্-চোথে অঝোর জলধারা। হাত তুলে সে অশ্রু মুছে নেওয়ার শক্তি নেই। শরীরের একটি অক অসাড় অবশ চিরকালের মত—তিনি হেমকুস্ম।*

এই প্রথমবার এবং সম্ভবত শেষবার চারবাগে হেমন্তনিবাদে এলেন হেমকুস্থম। এই দর এই বাড়ি তাঁর স্বামীর, এখানেই আজ কোন একখানি দরে তাঁর স্বামী মৃমূর্, মৃত্যুপথযাত্রী স্বামীর, এখানেই আজ কোন একখানি দরে তাঁর স্বামী মৃমূর্, মৃত্যুপথযাত্রী স্বামীর এখানে অবারিত দার নয়। জনসাধারণের প্রবেশ নিষেধ। শান্তিভক্ত হবে এই আশহায় সেনসাহেবের কুঠি হেমন্তনিবাদের পথ চিরকালের জন্ত বন্ধ।
আমার স্বামীর বাড়ি। স্বামীর বাড়ি আমার বাড়ি একথা বলতে কুঠা জাগে।
কালো কাপড়ে তেকে শরীরটাকে বয়ে নিয়ে স্বামীর শিয়ুরে একবার এদে দাড়ান।

সভ্যকুমার ম্থোপাধ্যায়ের পুত্র সম্ভীবকুমার ম্থোপাধ্যায়ের কাছে শোনা, ভার
চোধে দেখা।

ভারপর সকলের অলক্ষ্যে সকলের সেবা শুশ্রুষার মাঝে নিজেকে অপাংক্তেয়, নিতাস্তই অপ্রয়োজনীয় ভেবে অশ্রুপূর্ণ চোথে হেমস্তনিবাস ছেড়ে চলে গেলেন হেমকুস্থম।

খুম আদে না হেমকুস্থমের। শরীরে ষন্ত্রণা, মনে যন্ত্রণা, উৎকণ্ঠা। রাজ তথন একটা বেজে পঁয়তাল্লিশ মিনিট। হাওয়ায় বোধহয় কপাট খুলে গেল, অতুলপ্রসাদ এসে হেমকুস্থমের শিয়রে দাঁড়ালেন।

তুমি কথন এলে তকমন করে এলে গো, সদর দরজা বন্ধ, কে খুলে দিল তোমায় ?
অতুলপ্রসাদ খুব হাসছেন, আর তাঁর সেই রসাত্মক কঠন্বর : কেন, তুমিই তো।
তাঁর চেহারায় হঠাৎ যেন তারুণ্য ফিরে এসেছে। এসে দাঁড়িয়েছেন অবিকল সেই
পোশাকে, যথন প্রথম দেখা হয় বিয়ের রাতে।

কুস্থম, কুস্থম, তোমার জন্মে আমার বড় মন-কেমন করছিল, তোমাকে আমার একবারটি দেখতে ইচ্ছে হয়েছিল। তুমি তখন গেলে অথচ তোমার সঙ্গে কোন কথা বলতে পারলামনা, দেখ তো! তাই এলাম। তুমিও আমার কথা ভয়ে ভয়ে ভাবছিলে বৃঝি, তাই না? হেমকুস্থম হাসলেন, তোমাকেও চোখের দেখা পেতে আমার ইচ্ছে হয়েছিল গো। তুমি এসেছ যখন, আমার বিছানার পাশে একটিবার বসো। তুমি সেরেছ, স্কম্ব হয়েছ—আমার কী যে আনন্দ হচ্ছে! আমার গায়ে একটু হাত বুলিয়ে দাও।

কুস্থম, অতুলপ্রসাদ যেন কিছু বলতে চেষ্টা করলেন, কিছু বিধাগ্রস্ত। হেমকুস্থমের শব্যার পাশে বসলেন। হলে উঠল পালঙ্থানি। ধীরে ধীরে মাথায় হাত বুলিয়ে দিলেন। বললেন, কুস্থম তুমি ভাল হয়ে যাবে, স্তস্ত্ব হয়ে উঠবে ক্রেম, কুস্থম, তোমাকে আমি অনেক হংগ দিয়েছি, তোমার জন্তে আমার হংগহয়। তোমাকে আমি স্বথে রাধতে পারি নি কোনদিন।

কেন তুমি স্থবে রাখনি গো ? বল !

তুমিও তো আমাকে হৃ:খ দিয়েছ। আঘাত করেছ। স্থ কেড়ে নিয়েছ, শাপ্তি নিয়েছ। প্রতি দিনে প্রতি মুহূর্তে যে আঘাত করেছ আমায় সে আঘাতে আমি ভেঙে খান-খান হয়েছি···অপ্রত্যাশিত ছিল তোমার এ আঘাত·····কেন আমাকে এত আঘাত দিলে কুস্থম! উত্তেজিত, কুরু অতুলপ্রসাদ।

বিশাস করো গো, আমি তোমাকে আঘাত দিতে চাই নি চাই নি, আমি তোমাকে ভালবেসেছিলাম, এখনো ভালবাসি, কিন্তু তুমি আমাকে ভালোবাসনি, আমাকে ভূলে অন্তকে নিয়ে থাকতে চেয়েছ, অন্তকে পেতে চেয়েছ—আমি জানি। আমার ত্র্নাম, তাই তোমারও ত্র্নাম এ লখনউ শহরে। কিন্তু এ কথা জেনে রাধ সকলকে ত্যাগ করেও তোমাকে নিয়ে থাকতে চেয়েছি তুমি বারে বারে আমাকে ভূল করেছ।

কী বললে! ভূল? এদেশে আমাদের বিয়ে হল না, তাই আমি তোমাকে বিয়ে করার জন্তে কত দূরে বিদেশে নিয়ে গিয়েছিলাম। আমার ভালবাসায় কি কোন ফাঁক ছিল? মনে পড়ে তোমার লগুন-কলকাতার দিনগুলো…মনে পড়ে কুস্থম, তোমার সে সর্ব দিনগুলোর কথা? যথন প্রথম আমরা এলাম এই প্রবাদে লথনউ শহরে, তথন আমি ছিলাম অখ্যাত অজ্ঞাতনামা একজন ব্যারিস্টার। তারপর আমাদের প্রতিষ্ঠা লাভের জন্তে তুজনেরই কী প্রাণাস্তকর পরিশ্রম! তুমি তো সেদিন সব সময়েই আমার পাশে ছিলে। আমাদের মনে কত আশা ছিল আকাজ্ঞা ছিল…তোমাকে পেয়ে আমার মন ভরেছিল—মন ভেবেছিল সব পূর্ণ হল। কিন্তু এ কোন্ অপূর্ণতা…কী পেলাম তোমার কাছ থেকে! বল, আমি কী পেলাম? তুমি কী দিয়েছ আমাকে? ভালবাসা? কোখায় তোমার ভালবাসা—কত্টুকু ভালবাসা?

বিশ্বাস কর গো, আমি তোমাকে মন প্রাণ দিয়ে ভালবাসি। ভালবাসো, তাই আমাকে ছেড়ে বারে বারে চলে গিয়েছিলে।

চলে গিয়েও চলে যেতে পারলুম কই ?

ভালবাসো, তাই আমাকে অপমান করেছিলে বারে বারে ···ভালবাসো ··· তাই ··· ভালবাসো !···তৃমি ভালবাসো ···

তুমি বিশ্বাস কর !

বিশ্বাস নেই এ জগতে কোথাও। ভালবাসাও নেই, কোথাও নেই সং মানুষ কেবল স্বার্থপরতা আর স্বার্থপরতা! লোভী মানুষ, নীচতা, নোংরামি এ জগংময় ভালবাসা, প্রেম কোথাও নেই। তবু আমি পেয়েছি কুস্থম, আজও এ জগং চলে যাঁর জন্মে, যিনি ক্ষমাপরায়ণ, সেই সত্যকে। যাকগে, আমি যাই হেম, আমার সময় হয়ে গেছে—আমাকে যেতে হবে।

হেমকুস্থম হাত বাড়িয়ে অতুলপ্রসাদকে ধরতে গেলেন, পারলেন না। হেমকুস্থম বিছানায় ভয়ে ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদলেন অঝোরধারে। বালিশ থেকে অতি কষ্টে মৃণ তুলে বললেন, একটু দাঁড়াও লক্ষ্মীট। রাগ কোরো না। আমার কথা ভনে যাও। একটু দাঁড়াও তুমি। আবার কবে আসছ ?

আর আমার আসার প্রয়োজন ফুরিয়েছে হেম।

তুমি যেও না ... আমার একটা কথার জবাব দিয়ে ষাও ... তুমি ষে বল ঈশর ...

সহসা হেমকুস্থম দেখলেন, অতুলপ্রসাদ উজ্জল হয়ে উঠেছেন ক্ষমাস্থলর হাসিতে। হাত তুলে তাঁর চিরাচরিত ভাবাবেগে স্বরেলা গলায় বললেন, দেখ, এতক্ষণ যা বললাম ভূলে বাও। তুমি অক্তাপ বা দ্বঃথ কিছুই কোরো না, কেমন ? তুমি তুমি বা দিয়েছ প্রতিদিন প্রতি মৃহুর্তে সে তোমারই দান, তার তুলনা নেই। ভগবানেরও বোধহয়

-এই ইচ্ছে ছিল, এই হোক আমার প্রাণ্য। আমরা অবশ্র ত্বংধ পেলাম। · · আছা চলি,
-চলি কুস্থম। ভাল থাক এই কামনা করি।

হাওয়ায় দরকায় শব্দ হল। কার যেন পদধ্বনি দূর থেকে দূরে মিলিয়ে গেল। আথো
স্থা আথো জাগরণে হেমকুস্থম অতি কট্টে বিছানায় উঠে বসলেন। ভিনি কি
কাসছিলেন ? তিনি কি চলে গেলেন ভবে কি তিনি নেই ? ছ-চোখে হেমকুস্থমের
কালধারা। শুধু জমে-থাকা শ্বতি, শুধু শ্বতি।

শ্ব্ম ভেঙে লখনউবাসী শুনল, তাদের প্রিয় সেনসাহেব আর নেই। লখনউয়ের আকাশে বাতাসে ছড়িয়ে পড়ল সে কথা। ভজরা কাছারি বন্ধ করে দিলেন। উকিলেরা বার লাইবেরিতে শোকসভা ডাকলেন। লখনউ বিশ্ববিত্যালয়, স্থল-কলেজ বন্ধ হল। সারা লখনউ শহর হিন্দু মুসলমান ক্রিশ্চান নিবিশেষে ভেঙে পড়ল হেমস্কনিবাসের সামনে তাদের প্রিয় সেনসাহেবকে শেষ দর্শনের জল্তে। শোকের সংবাদ লখনউ অতিক্রম করে ছড়িয়ে পড়ল বাংলা দেশে। বাংলা দেশের, সারা ভারতের নানান সংবাদপত্রের প্রথম পৃষ্ঠায় কালো রেখার বন্ধনে চিত্রসহ কবি-ব্যারিস্টার-রাজনীতিবিদ অতুলপ্রসাদ সেনের মৃত্যুসংবাদ প্রকাশিত হল। বাংলা দেশের মাহ্র্য মর্মাহত হয়ে শুনল, ভাদের প্রিয় গীতকার কবি অতুলপ্রসাদ আর মরলোকে নেই। সাক হল কাদা হাসা।

ক্বিশুক্স রবীক্রনাথ ব্যথিত মনে কবি অতৃলপ্রসাদের শ্বরণে রচনা করলেন—

বন্ধু তুমি বন্ধুতার অজস্র অমৃতে পূর্ণপাক্র এনেছিলে মর্ত্য ধরণীতে। ছিল তব অবিরত

হৃদয়ের সদাব্রত, বঞ্চিত করোনি কভূ কারে তোমার উদার মৃক্ত ধারে॥ মৈত্রী তব সমৃচ্ছল ছিল গানে গানে

অমরাবভীর সেই স্থা-ঝরা দানে।

হুরে-ভরা সঙ্গ তব বারে বারে নব নব মাধুরীর আতিথ্য বিলালো; রসতৈলে জেলেচিলে আলো॥

দিন পরে গেছে দিন, মাস পরে মাস, তোমা হতে দূরে ছিল আমার আবাস। "श्दव श्दव एमश श्दव" এ कथा नीवर व्रदर ধ্বনিত হয়েছে ক্লণে ক্লণে অকথিত তব আমন্ত্রণে । আমারো যাবার কাল এলো শেষে আজি "इरव इरव ८१था इरव" मरन ७८५ वांकि সেখানেও হাসি মুখে বাহু মেলি ল'বে বুকে নব জ্যোতি-দীপ্ত অমুরাগে, সেই ছবি মনে মনে জাগে॥ এখানে গোপন চোর ধরার ধূলায় করে সে বিষম চুরি যথন ভূলায়। যদি ব্যথাহীন কাল বিনাশের ফেলে জাল বিরহের শ্বতি লয় হরি' সব চেয়ে সে ক্ষতিরে ডরি ॥ তাই বলি দীর্ঘ আয়ু দীর্ঘ অভিশাপ, বিচ্ছেদের তাপ নাখে সেই বড়ো তাপ। 🤏 নক হারাতে হয় তারেও করিনে ভয়; যতদিন ব্যথা রহে বাকি, তার বেশি যেন নাহি থাকি॥

বছর ঘূরে গেল। দেখতে দেখতে আরও একটি বছর গেল কোন্ অতীতের কোলে। অণুক্ষণ সেই মুখ মনে পড়ে, সেই কণ্ঠস্বর, হাসি, গান, অভিমান-ভরা মুখখানি। আরো কত বে ছোটখাটো কথা, কত ঘটনার মালা। ভোলা যায় না। কেন মিছে রাগ এ জীবনে? কেন এত রাগ ছেষ, কেন? শরীরে যন্ত্রণা, মনে যন্ত্রণা, ছুর্বল শরীর…আর কত কাল, কত দূরে নিয়ে যাবে হে ঈখর! ছুন মাসের প্রচণ্ড গরম। পশ্চিমের শহরগুলির উপর দিয়ে সে বছর প্রচণ্ড গরম হাওয়ার ঝড় বয়ে চলেছে। প্রচণ্ড রোদ, উত্তপ্ত আকাশ বাতাস, জনপ্রাণীহীন প্রঘাট;

লকলেই ঘরের কোণে আধ্বয় গ্রহণের জন্ম ব্যস্ত। এমন দিনে হেমকুস্থমের শেষ দিন উপস্থিত হল। তাঁর স্বামীর মৃত্যুর ছটি বছরের পর আরও কয়েকটি মাস পার হয়েছে। দৈনিক কাগন্ধের পাতায় নানান সংবাদের মাঝে ছোট্ট কালো রেখায় ঘেরা একখানি সংবাদ প্রকাশিত হল:

"পরলোকে শ্রীযুক্তা হেমকুস্থম সেন দয়াবতী পুণ্যশীলা মহিলার মৃত্যু

শ্রীযুক্তা হেমকুস্থম সেন গত বুধবার রাত্রে লক্ষ্মেষ্ঠাহার নিজ বাটিতে পরলোক গমন করিয়াছেন। তিনি বহুদিন যাবং পক্ষাঘাত রোগে কট্ট পাইতেছিলেন। স্বর্ণীয়া হেমকুস্থম সেন অত্যন্ত দয়াশীলা ও পুণাবতী ছিলেন। লখনউর বহু জনহিতকর ও মহিলা প্রতিষ্ঠানের সহিত সংশ্লিষ্ট ছিলেন, এতঘ্যতীত সঙ্গীতেও তাঁহার বিশেষ অমুরাগ ছিল। তিনি এশ্রাজ ও পিয়ানো বাজনায় বিশেষ পারদশিনী ছিলেন। তিনি স্বর্গীয় শ্রুর কে. জি. গুপ্তর দিতীয়া কলা এবং বিখ্যাত গীতি কবি ও সঙ্গীতজ্ঞ স্বর্গীয় অতুলপ্রসাদ সেনের পত্নী।"

পরিশিষ্ট

সভ্যপ্রদাদ সেনের ভায়েরি

(অতুলপ্রসাদ প্রসঙ্গে)

(সত্যপ্রসাদ দেন পরলোকণত কবি অতুলপ্রসাদ সেনের জ্যেষ্ঠতাত-পুত্র। বাল্য, কৈশোর এবং প্রথম যৌবন সত্যপ্রসাদ কবি অতুলপ্রসাদের সঙ্গে পূর্ববাঙলার ঢাকা শহরে অতিবাহিত করেন। সেই কারণে কবি অতুলপ্রসাদের বাল্যজীবনের একমাত্র তথ্য-নির্ভর সম্পূর্ণ চিত্র সত্যপ্রসাদ সেনের ভায়েরিতে পাওয়া যায়। অতুলপ্রসাদের বাল্য জীবন, কবির অন্তরঙ্গ পারিবারিক ঘটনা, কবির ব্যথিত হৃদয়, বৈরাগী মন, ভালবাসার কথা অত্যস্ত নিষ্ঠার সঙ্গে তাঁর ভায়েরিতে লিপিবদ্ধ করে গেছেন। সেগুলি এই জীবনকাব্য-কাহিনী রচনার ক্ষেত্রে অনেকথানি উল্লেখযোগ্য ও মূল্যবান। সত্যপ্রসাদ সেন অতুলপ্রসাদের কাব্যগ্রন্থ প্রকাশের ব্যাপারে অনেকথানি সক্রিয় ভূমিকা নিয়েছিলেন। সেই কারণে কবিবর অতুলপ্রসাদের কাব্যগ্রন্থ এবং আরো কয়েকটি অপ্রকাশিত গীতিকবিতা লোকচক্ষ্র সন্মূথে এসে দাঁড়িয়েছে। সত্যপ্রসাদ সেন কয়েরক বছর আগে পরলোক গমন করেছেন। তাঁর জ্যেষ্ঠা কয়া শ্রীমতী জ্যোংমা দেন তাঁর পিতার ভায়েরি এবং আরো কিছু মূল্যবান কাগজপত্র দিয়ে তথ্য সংগ্রন্থের ব্যাপারে অনেক সাহায্য করেছেন। নিচে সেই ভায়েরি থেকে কিছু কিছু অংশ তুলে দেওয়া হল।)

"আমার জন্ম ১৭৯০ শকান্ধ ২৩শে আষাঢ় বৃহস্পতিবার। দক্ষিণ বিক্রমপুর প্রগনা, জেলা ফরিদপুর, মায়েলামে একটি গণ্ডগ্রামে আমার জন্ম হয়। পিতা গুরুপ্রসাদ সেন, মাতা সারদাস্থলরী। আমার একজন মাত্র কাকা ছিলেন, তিনি ডাঃ রামপ্রসাদ সেন। আর ভূজন পিসিমা। বড় পিসিমা বাবারও বড় ছিলেন। প্রথমে বড় পিসিমা, তারপর বাবা, তারপর ছোট পিসিমা। সকলের ছোট ছিলেন আমার কাকামহাশয়।

পিতা বোধহয় বড়পিসিমার বাড়িতে থাকিয়া কবিরাজি শিথিয়াছিলেন। তিনি কবিরাজি করিয়াই সংসার চালাইতেন। অনেকদিন পর্যন্ত তিনি বরিশালের মধ্যে মোহাদিগঞ্জে থাকিয়া চিকিৎসা করিয়াছিলেন। আয়ও বোধহয় সামান্ত ছিল। বাবা খুউব মিতব্যয়ী ছিলেন। তিনি ঋণকে বড় ভয় করিতেন। তিনি সর্বদাই বলিতেন অঋণী অপরাধীনের মত স্থবী কেউ হয় না। আমিও বেদিন হইতে টাকা উপার্জন করিতে আরম্ভ করিলাম তথনই বাবাকে আনিয়া রাথিয়াছিলাম।

১২ই ভাতুরারি, ১৯২৭

Arrived Lucknow. Found Subala and her daughter Usha Atul's place.

স্টেশনে কোন লোক ছিল না। বড় ভাবনা হয়েছিল। পরে দেখি অতুল আমার পত্র পায় নাই। এই পত্র চার-পাঁচ দিন পরে আসিয়াছিল। মিঃ চিস্তামণি বিনিঃ যুক্তপ্রদেশের মিনিস্টার ছিলেন তিনি অতুলের গেস্ট। আজ চলিয়া গেলেন। অতুল বড় স্থলর একখানি বাড়ি করিয়াছে, নাম দিয়াছে 'হেমস্ভনিবাস' অর্থাৎ খুড়িমার নামে। রাস্তার নাম হইয়াছে এ. পি. সেন রোড। উষার অস্থ্য। তাই উহারা চেঞে আসিয়াছে। আমার খুড়িমার অভাব আমার প্রাণে বারে বারে জাগিতেছে।

১৩ই জানুয়ারি, ১৯২৭

অতুলের বাড়ি দেখিয়া স্থমিপ্রিত কট্টই বেশি হইতেছে। হতভাগ্যকে একটা সরাই-থানার মালিকের মত মনে হইতেছে। আজ হজন কাল হজন আসিতেছে ধাইতেছে। বাহার সকল সময়ে আসিয়া অতুলের সেবা করার কথা তাহার উদ্দেশ নেই। অতুলের বুকের আগুনের কথা মনে করিয়া বাড়ির সৌন্দর্য মান হইয়া ধায়।

লখনউতে নম্বাবৃকে দেখিলাম। তাঁহাকে দেখিয়া বছকালের পুরাতন কথা শ্বরণ হইল। তিনিও খুউব খুলি হইলেন। একসময়ে ঢাকাতে আমাদের শৈশব হইতেই উহাদের দক্ষে আমাদের খুউব মাধামাধি ছিল। খুড়োমশাইয়ের মৃত্যুর পর নম্বাবৃর বাবা গোপীবাবৃই অতৃলের টাকা পয়সার কোথায় কি আছে বন্দোবন্ত করেন। বিনয় নম্বাবৃর ছোট ভাই। আমাদের সমবয়সী, অন্তরক।

১৪ই জানুয়ারি, ১৯২৭

দিলীপ আসিল কলিকাতা হইতে। স্থবালা ও তাহার মেয়ে উষা অতুলের বাড়িতে আছে। উষার স্বাস্থ্য ভাঙিয়াছে। স্থবালার মধুর ব্যবহার আমাদিগকে মুগ্ধ করিয়াছে। সে-ই বাড়ির কর্ত্রীর ভার নিয়াছে। উষার স্বভাব বড়ই মধুর। একটুও অহন্ধারের লেশ নাই। আমার খুড়িমার অভাব স্থবালা দূর করিতে চেষ্টা করিতেছে। কী আশ্চর্য মাতৃভাব তাহাতে ফুটিয়া রহিয়াছে।

১৫ । जानूयाति, ১৯২१

লখনউয়ের বিখ্যাত হারমোনিয়াম ও তবলা ও সরোদ বাজনা অতুলের বাড়িতে। শুনিলাম।"

২০শে জাহুয়ারি সত্যপ্রসাদ অফিসের কিছু কাজকর্মের জন্য অমৃতসর যাত্রা করলেন। পরে উত্তর ভারত ঘূরে ৩১শে জাহুয়ারি কর্মস্থল চাঁদপুরে ফিরে এলেন।

২৫শে ফেব্রুয়ারি, ১৯২৭

অতৃলপ্রসাদের পিতা ডা: রামপ্রসাদকে শ্বরণ করে সত্যপ্রসাদ লিখেছেন:

"ভনিয়াছি খুড়োমহাশয় ছোট পিসিমার বাড়ি পণ্ডিৎসায় থাকিয়া বাঙলা ও পারসী শিখিতেন। সেই সময়ে তাঁহার সহপাঠাদিগের মধ্যে কালীমোহন ও গোপীমোহন ঘোষ এই তুই ভ্রাত। ছিলেন। পরে উহারা খুড়োমশায়ের সঙ্গে ব্রাহ্মধর্মে দীক্ষিত হন। কালীমোহনবার গণিত শাস্ত্রে স্থপণ্ডিত ছিলেন। তিনি দেরাছনে কান্ধ করিতেন। তাঁহার বড় জামাত। প্রিন্সিপাল অপূর্ব দত্ত। থুড়োমহাশয় কিছুকাল জ্বপনা ইস্কুলে পণ্ডিতের কাজ করিতেন। তথন তিনি স্থপণ্ডিত দীননাথ সেন মহাশয়ের সংসর্গে আসেন। দীনবারর পুত্র ডাঃ প্রিয়নাথ সেন আমাদের সহপাঠী ছিলেন। তিনি পরে হাইকোর্টের উকিল হইয়া স্থগাতি অর্জন করিয়া অল্পদিনের মধ্যে পরলোক গমন করেন। আমরা প্রথম জীবনে দীনবাবুর নিকটে কিছুদিন শিক্ষা লাভ করিয়াছিলাম। মহাশয় পরে কলিকাতার গিয়া দেখানে মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের নিকট পরিচিত হন। সহায়সমলহীন পূর্ববঙ্গবাদী যুবক নিজ অসমসাহদিকতার জ্বন্তই সেই উদার ধর্মপরায়ণ নহ্যির দহিত প্রিচিত হইতে পারিয়াছিলেন, এবং তাঁহার প্রভাবেই ব্রাহ্মধর্ম গ্রহণ করেন। মহখির দয়া ও সাহায্যে তিনি দে সময়কার মেডিকেল কলেজের বাঙলা ক্লাদে ভতি হইয়াছিলেন এবং দেখান থেকে পাশ করিয়া গভর্মেন্টের কার্যে নিযুক্ত হন। ঢাকার পাগলা গারদের চার্জে কিছুকাল ছিলেন। কিন্তু তাঁহার চাকরি ভাল লাগে নাই, তাই অন্নকালের মধ্যেই চাকরি ছাড়িয়া ঢাকাতে স্বাধীনভাবে চিকিংসা করিতে আরম্ভ করেন এবং খুব স্থ্যাতি ও সম্মানের সহিত নিজ ব্যবসা পরিচালনা করিয়াছিলেন। চাকরিতে থাকার সময়ে তিনি ভাটপাড়া নিবাদী ঋষিতুল্য সাধু কালীনারায়ণ গুপ্ত মহাশয়ের (শুর কে. 🚁 গুপ্তর পিতা) প্রথমা কলা হেমন্তশ্নীকে ব্রাহ্মমতে বিবাহ করেন।

ভেসরা মার্চ, ১৯২৭

"আমি আমার ৭ বংসর বয়সেই মাতৃসম। খুড়িমা ও স্নেহময় খুড়োমহাশয়ের নিকট ঢাকায় ঘাই। (তিনি) ঢাকাতে 'নিউ মেডিকেল হল' নামে ডিসপেনসারি মিডফোর্ড হাসপাতালের সম্মুথে খুলিয়াছিলেন। উহাই তংকালীন প্রাচীনতম ঔষধালয় ছিল। এইখানেই থাকিয়া কালীনারায়ণ ঘটক মহাশয় এবং অটল ভাইগণ কাজ শিক্ষা করিয়া পরে নিজেরা স্বাধীনভাবে চিকিংসা করিয়াছিলেন। আমাদের বাসারও, ডিসপেনসারিতে রোজই প্রধান ডাক্তারগণ মিলিত হইতেন। মেডিকেল স্কুলের টাচার তুর্গাদাস রায়, স্থানারায়ণ সিংহ, কাশীচন্দ্র দত্তগুপ্ত এবং প্রিয়নাথ বস্থ প্রভৃতি প্রতিদিন নিয়মিতভাবে সকালে আমাদের বাসায় চা খাইতেন। হাসপাতালের

কাজের পর ডিসপেনসারিতে বদিতেন, উহাই তাঁহাদের ক্লাব ছিল। সে সময়্বার মেডিকেল স্থলের স্থপারিন্টেণ্ডেণ্ট ছিলেন ক্রমবিক সাহেব। তিনি পাদরির স্থায় অমায়িক ও দয়ালু ছিলেন। থালি পায়ে জল-কাদা ভাঙিয়াও রোগী দেখিতে যাইতেন। থুড়োমহাশয় ইংরাজি জানিতেন না, তথাপি সাহেবের হ্রায় পরিজার পরিজ্বর থাকিতেন। আমাদের ফুলের ও তরকারির স্থন্দর বাগান ছিল। থুড়োমহাশয় কি রাজনৈতিক কি সমাজনৈতিক সকল সভাতেই যোগদান করিতেন,বক্তৃতা করিতেন। আমাদের ছোট সময়ে কেশবচন্দ্র সেন মহাশয়ের মেয়ের বিবাহ নিয়ে ব্রহ্মসমাজে মতভেদ হওয়াতে থুড়োমহাশয় কেশবচন্দ্রের দলভুক্ত হইলেন। সাধারণ ব্রাহ্মসমাজ ভাঙিয়া নববিধান সমাজ আরম্ভ হইল (?) নববিধান সমাজের কোন জায়গা না থাকায় আমাদের বাসাতেই সমাজের কাজ হইত। পরে বাব্রবাজারে পাকা বাড়ি হইয়াছিল। এই সমাজ-ঘর নির্মাণের জল্যে থুড়োমহাশয় নিজে ভিন্দার ঝুলি নিয়া দোকানদার প্রভৃতির নিকটস্থ হইতে লজ্জা বোধ করিতেন না। এইজগ্র তাঁহার সম্মানিত আয়ৢয়য়া তাহাকে বিজ্ঞপ করিলেও তিনি পশ্চাদপদ হন নাই। ছাথের বিষয় তিনি জীবিতকালে এই সমাজের নির্মাণ শেষ দেখিয়া যাইতে পারেন নাই।

আমরা মিরাতারের গলিতে যে বাসায় থাকিতাম তাহার মালিক ছিলেন কালীপ্রসন্ন বস্থ। এই বাসায় আমরা ১১ বছর ছিলাম। পাছে ১২ বংসর থাকিলে আনাদের স্বত্ব জন্মে সেইজন্ত আমরা এই বাসা ছাড়িতে বাধ্য হইয়াছিলাম। তথন আমরা সকলে খুড়োমহাশয়ের শুগুরবাড়ি ১৯নং লক্ষীবাছারে গিয়া থাকিতে আরন্ত করিলাম। আর খুড়োমহাশয় ডিসপেনসারির নিকট এক বাসা নিয়া দেখানেই একা থাকিতেন। রাত্রে লক্ষীবাছারে আসিতেন। কিছুদিন পরে তাঁহার পিঠে একটা এণ হয়। তাহাই শেবে কার্বাহ্বলে পরিণত হইয়া তাঁহার জীবন শেব করে। খুড়োমহাশয়ের সাহস এত বেশি ছিল যে এই ফোড়া প্রথম অবয়ায় আয়নার সাহাযে। নিজেই কাটিয়াছিলেন। খুড়োমহাশয়ের বহুমুত্র ছিল। তাহার উপর এই উপসর্গই কাল হইয়া দাঁড়াইল। ব্যারাম বৃদ্ধির অবয়ায় তাঁহাকে লক্ষীবাজারে আনা হইল। সেইখানেই তাঁহার জীবন শেষ হয়।* তাঁহার চিতাভন্ম বহুদিন এই বাড়িতেই ছিল। পরে আমি তাহা আনিয়া মগরে স্বগ্রামে স্থাপন করি। এজন্তে অতুল এবং ভগ্লিরা আমাকে সাহায্য করিয়াছিল। খুড়োমহাশয়ের মৃত্যুর সময়ে আমি চিন বিরহ্বন পড়ি। তাঁহার অবয়া দিনের বেলায় খারাপ হয়, তথন আমি ডাঃ পি. কে. রায়কে সংবাদ দিলাম। তিনি ঢাকা কলেজের প্রফেসর ছিলেন ও মিউনিদিপ্যালিটির চেয়ারম্যান

^{*} ডাঃ রামপ্রসাদ সেন প্রলোক গমন করেন ১৬ই কাতিক ১২৯১ শনিবার রাত্তি তিনটা।

ছিলেন। তিনি আদিয়া সকলকে সংবাদ দেন। রাত্রে খুড়োমহাশয়ের আবা চলিয়া যায়। ভোরে আমরা শানপুর ঘাটে তাঁহার নশ্বর দেহকে ভন্নীভূত করিয়া আদি। নববিধানের প্রায় সকলেই উপস্থিত ছিলেন। বন্ধচন্দ্র রায়, গোপকৃষ্ণ সেন, তুর্গানাথ রায়, ঈশ্বরচন্দ্র সেন ইত্যাদি। ডাঃ পি. কে. রায় আদিয়াছিলেন। সমস্ত পথ 'জয় জয় সচিচদানন্দ' উচ্চারিত হইয়াছিল। খুড়োমহাশয় এক পুত্র অতুলপ্রসাদ, তিন কন্তা হিরণ কিরণ ও প্রভা রাথিয়া যান।

খুড়োমহাশয় খুউব শক্তিশালী পুরুষ ছিলেন। তিনি প্রাতে বিছানায় থাকিয়াই "অয়ি স্থেময়ী উষা কে তোমারে নিরমিল" এই গানটি গাহিয়া ভগবানের নিকট প্রার্থনা করিয়া শয়াতাাগ করিতেন। পরে সংস্কৃত শ্লোক আরুত্তি করিতেন ও আমাদিগকে ত্বকটি মুখস্থ করাইতেন তারপর হাতম্থ ধূইয়া স্নান করিয়া চা থাইতেন। তথন ডাক্তাররা আসিয়া যোগ দিতেন। তারপর যার যার কাজে যাইতেন। তিনি নিজে বাজার করিতেন। কারণ ভাল থাওয়ার দিকে তাঁহার খুউব ঝোঁক ছিল। বহুমূত্রের লক্ষণ দেখা দেওয়াতে আমাদের নিয়ম ছিল দিনের বেলায় ডাল ভাত সহ তরকারি ও রাত্রে মাংস থাওয়া। সেইজয়্ম বার্চি ছিল। তাঁহার ধর্মবন্ধুগণের নাম প্রেই বলিয়াছি। জমিদারদের মধ্যে দিগুবার্ (ব্রেজন্দ্রক্রার, বালিয়াটীর) ও প্রকাশচন্দ্র দাশ মহাশয়ের সঙ্গে খুউব ভাব ছিল। তাঁহারা প্রায় আদিতেন। উকিলদের মধ্যে আনন্দচন্দ্র রায়ের সঙ্গে খুউব ভাব ছিল। তিনি এখনও বাঁচিয়া আছেন। আমরা সর্বদাই দেখানে যাইতাম। আনন্দবার্র ভাইপো স্থধীরবার্, স্ববোধ প্রভৃতি আমাদের বাল্যদেরী ছিল। স্ববোধ খুউব ভাল গান করিতে পারিত। তাহার বাবা গোবিন্দ রায়ের রচিত গান কত কাল পরে" ও "নির্মল সলিলে" সর্বদাই গাইত। তাহারা শৈশবে আগ্রায় ছিল বলিয়া হিন্দী গানও জানিত।

খুড়োমহাণয় শৈশবে নাকি হোলির গান রচনা করিতেন। অতুল বোধহয় কবিছশক্তি কিছু কিছু পৈতৃক ও অনেকটা মাতামহের নিকট লাভ করিয়াছে। খুড়োমহাশ্ম
বংসরে একবার বাড়ি যাইতেন। তথন খুউব ধুমধাম হইত। ১২৮০ সন কাতিক
মাসে তিনি বড় এক বজরা করিয়া খুড়িমা ও অতুলকে বাড়ি আনিয়াছিলেন। তিনি
বেদিন বাড়ি থেকে গেলেন সেদিনই খুব ঝড় হইয়া তাঁহার নৌকা পদ্মার উত্তাল তরক্বে
পড়িয়া চূর্ণ হইয়া যায়। ইহাই ১২৮০ সালের কুখাত বল্প। খুড়োমহাশ্ম অতুলকে
কাধে করিয়া চরের ওপর দাঁড়াইলেন। সেখানেও বুক পরিমাণ জন। খুড়িমাও কাছে
দাঁড়াইয়া। তথন তিনি অস্তসত্বা। হিরপ তাঁহার গর্ভে। এ অবস্থা ক্লনা করিতেও
শিহরিয়া উঠিতে হয়। ক্রমে ভোর হইলে দেখা গেল সে ঝড়ে কী বিষম ক্ষতি

হইয়াছে। ফরিদপুর নোয়াথলি বরিশালের অনেক স্থানেই এ ঝড়ের আঘাত লাগিয়াছিল

অতৃলের জীবন ত্-বার জলে বিপন্ন হইয়াছিল। একবার এই পদার জলে, আর একবার ঢাকার থালের মধ্যে ঘোড়ার গাড়ি সমেত পড়িয়া অতি কটে বাঁচিয়াছিল। তথন খুড়িমা সঙ্গে ছিলেন।

আমার জন্মের কিছু পূর্বেই কাকামহাশয় ব্রাহ্মধর্ম গ্রহণ পূর্বক বিবাহ করেন; সেইজন্ম দেশের ব্রাহ্মণ সমাজ নাকি আমাদের বাড়ির লোকদিগকে একঘরিয়া করেন। তাহার ফলে আমাদের ধোপা নাপিত বন্ধ হয়। কেহু আমাদের বাড়ি যাইতেন না। আজ পর্যস্ত একদল ব্রাহ্মণ আমাদের বাড়ি যান না। (যদিও এখন তাঁহারা যাইবার জন্ম আগ্রহ প্রকাশ করেন।) শুনিয়াছি আমার জন্মের পর ও অন্ধ্রপ্রশাননের দিন ধোপা নাপিত না পাওয়াতে মা আমাকে কোলে করিয়া সন্ধ্যা পর্যস্ত কাঁদিয়াছিলেন। পরে চামটার তামধব বাড়ুজ্জে মহাশয় তাঁহার অধিকারের ধোপা নাপিত পাঠাইয়া আমাদের উদ্ধার করিয়াছিলেন। সেই সময়ে তিনি খ্ব প্রতাপশালী ব্যক্তি ছিলেন। এই স্থ্রে গাঁয়ে ব্রাহ্মণদের মধ্যে ঘুটি দল হইল। অন্যদিকে আমাদের নীচ হিন্দু ও ম্সলমানদের মধ্যে মরুর সম্পর্ক ছিল, আমরা কাউকে দাদা কাকা খুড়ো খুড়ী জ্যেঠা ইত্যাদি সম্বোধন করিতাম। এখন যেমন ম্সলমান কি নীচ হিন্দুরা আমাদের ভাত থায় না, উহারা আমাদের ভাত থাইতে হিধা করিত না। আমরা তাহাদের থাছা না থাইলে তাহারাই বা গাইবে কেন।

খুড়োমহাশয় বাড়িতে এক স্থল হাপন করিয়াছিলেন। সেই ফুলে আমি ৭ বংসর বয়স পর্যন্ত পড়ি। বিষ্ণু পণ্ডিত তথন পণ্ডিত মশাই ছিলেন আর সারদা সেন মহাশয়কে দেখিতাম সাব ইন্সপেকটার। তিনি পরে ডেপুটি ইন্সপেকটর অবৃ স্থল ছিলেন। তাহার পুত্র রায়বাহাছর ললিত ও রামতারণ (ডাক্তার) ঢাকায় থাকার সময়ে আমাদের থেলার সাথী ছিল। আমি ৭ বংসর বয়সের সময়ে ঢাকায় খুড়ো-মহাশয় খুড়িনার কাছে আদিলাম। সেবার বাবা মাও আসিয়া কিছুদিন ছিলেন। তাহারা চলিয়া যাওয়াতে থ্ব কাঁদিয়াছিলাম। তথন ঢাকাতে তুর্গাদাসবাবু ডাক্তার একটা ফুল খুলিলেন। আমরা সেই স্থলে ভতি হইলাম। আমি, অতুল, তুর্গাবাবুর তিনপুত্র মনা (জ্ঞানেশ) মতা (পরেশ) ভূতো (দীনেশ), বন্ধবার্র ছেলে যোগেশ ও আরো কয়েকটি রান্ধ ছেলে ছাত্র হইলাম। পড়াশোনা কিছুই হইত না। এই রক্ষমে তুই বংসর গেল। তারপর আমরা ঢাকা কলেজিয়েট স্থলে আমি 10th অতুল প্রি classa ভতি হইলাম। তথন পোপ সাহেব ছিলেন প্রিজ্ঞপাল আর কৈলাসচক্র বেঘাব ছিলেন হেডমান্টার। ঈশ্বরচক্র বস্থ (শুর জগদীণ বস্তর খুড়ো) ছিলেন

অ্যাসিন্ট্যাণ্ট হেডমান্টার, তিনি পরে হেডমান্টার হন। আমাদের সহপাঠীদের মধ্যে নগেন্দ্র নাগ বড় কেমিন্ট হইয়াছে। আমি যথন 5th class এ পড়ি তথন খড়োমহাশয়ের মৃত্যু হয়। সেই অবধি আমরা লক্ষ্মীবাজারে খুড়োমহাশয়ের মণ্ডরবাড়িছিলাম। 1889এ আমি ও অতৃল জুবিলি স্কুল থেকে এণ্ট্রান্দ দিই। আমি গাশ করিতে পারি নাই। 1890 আমি ঢাকা মেডিকেল স্কুলে ভাঁত হই। তথন থেকে আমি মেডিকেল মেদে থাকিতাম। পানীবাবু ৫ টাকা মাদিক দিতেন। অতুল কয়েক মাদ দিয়া বিলাত গেল।"


সত্যপ্রদাদ আর এক জায়গায় লিখেছেন, "আমাদের নিবাদ জেলা ফরিদপুর, প্রগণা বিক্রমপুর, প্রাম মগর, পোট অফিস পঞ্চপল্লী। মগর, চামটা, ভতা, নিলগুণ ও কাঞ্চনপাড়া এই পাঁচ গ্রামের নামে পঞ্চপল্লী পোট অফিস ও পঞ্চপল্লী গুরুরাম (গুরুপ্রদাদ রামপ্রদাদ) হাইস্কুল মগর গ্রামে প্রতিষ্ঠিত হয়।

জন্মস্থান ও তারিখ

আমার জন্ম মগর প্রামে ১২ ৭৮ সন ২৩শে আযাত বৃহস্পতিবার। পিতা কবিরাজ গুরুপ্রসাদ সেন, মাতা সারদাস্থলরী।

অতৃলের জন্ম ঢাকা শহরে ১২৭৮ সন কাতিক মাসে এক রবিবারে। পিতা ডাঃ রামপ্রসাদ সেন। মাতা হেমন্তশশী।

অভুলের মৃত্যু ১৩৪১ ৮ই ভাদ্র শনিবার রাত্রি ১-১৫ মিনিট (ইং মতে ২৬৮.৩৪ রবিবার), শ্রাদ্ধ ১৩৪১ ২৪শে ভাদ্র ইংরিজি ৯.৯.৩৪ রবিবার।



প্রাণাধিক ভাই অতুল, দেখিতে দেখিতে একপক্ষ কাল অতীত হইয়াছে তুমি আমাদের শোক সাগরে ভাসাইয়া গিয়াছ। তোমার অভাবে আত্মীয় স্বন্ধনেরা হাহাকার আমারে এ আঁধারে করিতেছে আর দেশবাসীরা তোমার জন্মে অশ্রুবিসর্জন করিতেছে। তোমার দান দক্ষিণার কথা অল্প লোকই জানিতে পারিত। তোমাকে দেশবাসী জানিয়াছিল তোমার গানের মধ্য দিয়া। তোমার গান আজ বাঙলার তরুণ তরুণীদের প্রিয় গান। সে গানগুলি রবিবাব্র ওপরে কি নিচে তাহা বুঝিবার সময় এখনও আসে নাই তবে তোমার অনেক গান কেহ কেহ রবিবাব্র গান বলিয়া ভূল করে তা আমি জানি।

ভাইরে আমাকে তো বড় আঘাত দিয়াছ। আর আমাদের দেখা হল না। শিশুকাল হইতে আমরা একত্রে ভোজন একত্রে শয়ন করিতাম। প্রাণের কত আশা আকাজ্জার কথা পরস্পরের নিকট শুনিতাম। স্ত্রী পুত্রের স্থথের দিক না চাহিয়া সমস্তই গরিব হংখীর জন্মে দান করিয়া গেলে। এই ছিল ভোমার শেষ আকাজ্জা। একথা তো অনেক আগেই আমাকে বলিয়াছিলে। তুর্মি তো রাজার মত চলিয়া গেলে। তোমার আত্মার কল্যাণ হোক।"

অতল প্রসঙ্গে

"জিলা ফরিদপুর। পরগণা বিক্রমপুর। গ্রাম মগর নিবাসী ও লখনউ প্রবাসী অতুলপ্রসাদ সেন বার, এট, ল বিগত ৮ই ভাস্ত শনিবার (১২৪১) রাত্রি ১।৪৫ মিনিটের সময় আত্মীয় স্বজন বন্ধু বান্ধবকে কাঁদাইয়া মহাপ্রস্থান করিয়াছেন। সমস্ত বাঙলা তাঁহার জন্মে কাঁদিতেছে। লখনউবাসীরা তথা সমগ্র আগ্রা-অযোধ্যাবাসীরা তাঁহার অভাবে হাহাকার করিতেছে। তাহার মৃত্যুর তারিথ সম্বন্ধে একটু ভূল আছে। বাঙলা হিসেবে শনিবার। ইংরেজি হিসেবে রবিবার। প্রত্যুয়ে সংবাদপত্রে তাঁহার আদি নিবাস ঢাকা জেলা বলা হইয়াছে, প্রকৃতপক্ষে আমাদের নিবাস পরগণা বিক্রমপুর, জিলা ফরিদপুর।

অত্লের পিতা আমার পিতা তুই সহোদর ছিলেন। অতুল আমার খুল্লতাত-পুত্র।
আমি আমার ৭ বংসর বয়সের সময় হইতে ঢাকাতে খুড়িমা খুড়োমহাশয়ের নিকট
গিয়া থাকি। তদবধি আমি ও অতুল তুই সহোদরের ক্যায় প্রতিপালিত হই। অতুল
আমার ধ নাসের ছোট ছিল। আমি ঢাকা যাইবার পূর্বেই অতুলের ভগ্নী হিরণের
জন্ম হইয়াছিল। আমার পিতা ছিলেন কবিরাজ গুল্প্রসাদ সেন, মাতা সারদাহন্দরী।
আর অতুলের পিতা ছিলেন ডাক্রার রামপ্রসাদ সেন ও মাতা হেমস্কশনী। আমার
৭ বংসর বয়স হইতে প্রায় ২০ বংসর বয়স পর্যন্ত অতুল ও তাহার ভগ্নীদের সঙ্গে
একত্র কাটাইয়াছি।

পিডা ও পিড়ত্বের সংক্ষিপ্ত পরিচয়

পিতামহ কৃষ্ণচন্দ্র সেন ছিলেন সামান্ত অবস্থার বৈত ভদ্রসন্তান। আমাদের পৈতৃক সম্পত্তি থুব অল্লই ছিল। তথাপি তাহার দারাই শুনিয়াছি সংসারষাত্রা নির্বাহ হইত। পিতামহের তিন পুত্র—জ্যেষ্ঠ হুর্গাপ্রসাদ, মধ্যম গুরুপ্রসাদ, কনিষ্ঠ রামপ্রসাদ আমাদের তুই পিদিমা ছিলেন। বড়পিদিমা বাবারও বড় ছিলেন, ছোটপিদিমা ছোট কাকার বড়। শৈশবে বাবা বড় পিদিমার বাড়ি 'কোটপোড়া' থাকিয়া সংস্কৃত ও আয়ুর্বেদ শিক্ষা করেন ও কাকা ছোটপিদিমার বাড়ি পণ্ডিংসায় থাকিয়া বাঙলা ও পারসী শিক্ষা করেন। এই সময়ে রাহাপাড়া নিবাসী গোপীমোহন ঘোষ ও কালীমোহন ঘোষ ভাত্ররও খুড়োমহাশয়ের সহপাঠী ছিলেন। পরে তাঁহারা খুড়োমহাশয়ের সঙ্গে ব্রাহ্মধর্ম গ্রহণ করেন। বাবা বাধরগঞ্জ জেলার মধ্যে মেহেন্দিগঞ্জে থাকিয়া কবিরাজী করিতেন। খুড়োমহাশয় কিছুদিন জপদা গ্রামে পণ্ডিতি করেন। এইখানেই স্থপণ্ডিত দীননাথ সেন (দরকার) মহাশয়ের সহিত পরিচিত হন। দীনবার কেবল পণ্ডিত ছিলেন না, স্থায়ক ও ভক্ত ছিলেন। তাঁহার তিন পুত্রও থুব বিদ্বান হইয়াছিল। **বি**তীয় প্রিয়নাথ হাইকোর্টের উকিল আমাদের সহপাঠী ছিলেন। খুড়োমহাশয় জ্পপার কাজ ত্যাগ করিয়। নিঃম্ব অবস্থায় কেবল সাহসের উপর নির্ভর করিয়া কলিকাতার যান। দেগানে মহর্বি দেবেন্দ্রনাথের সহিত পরিচিত হন এবং তাঁহারই উংসাহে মেডিকেল কলেজের বাঙলা ক্লাদে ভতি হন। মহর্ষির সংশ্রবে আসিয়া তিনি ব্রান্নধর্মে আরুষ্ট হইয়াছিলেন। পরে দীক্ষিত হইয়া ব্রাহ্ম মতে রাজ্যি কালীনারায়ণ গুপ্তের প্রথমা কলা হেমস্তশশীকে বিবাহ করেন। মেডিকেল কলেজ হইতে পাশ করিয়া তিনি বরিশাল মূলিগঞ্জ ও পরে ঢাকাতে সরকারী কাজে নিযুক্ত হন। এখানে তাঁহার পদার এত বুদ্ধি হইয়াছিল যে তিনি সরকারী কাজ ছাড়িয়া নিজে ব্যবসা আরম্ভ করেন এবং সেইসঙ্গে R. P. Sen & Co New Medical Hall ডিসপেনদারি খোলেন। এই ডিসপেনদারি ঢাকার দেই সময়ের মধ্যে সর্ববৃহং ঔষধালয় ছিল। খুড়োমহাশয় ফুলের বাগানের জন্ম বিশেষ ষত্ন নিতেন। নিজে কোট-পেণ্ট্রন পরিয়া কাজে যাইতেন। আমাদিগকেও কোট-পেণ্ট্রলন পরিয়া শৈশবে স্কুলে যাইতে হইত। তিনি প্রতাহ নিজে বান্ধার করিয়া দিতেন। তিনি নিজে থাইতেও পারিতেন ভাল। থাওয়ার দিকে নজরও ছিল। তাঁহার বহুমূত্রের পীড়া ছিল, সেইজ্য প্রতি রাত্তে থাওয়াতে মাংস থাকিত।

খুড়োমহাশয় শৈশবে হোলি ইত্যাদি পর্ব উপলক্ষে গানের দল করিয়া নিজে গান রচনা করিতেন। অত্নের মধ্যেও এই শক্তি বিকশিত হইয়াছিল। সমাজ সংস্কার কি রাজনীতি-ঘটিত যে-কোন সভাসনিতি হইত তিনি তাহাতে উপস্থিত থাকিয়া বক্তৃতা

করিতেন। কুলীন ব্রাহ্মণদিগের মধ্যে বছবিবাহ নিবারণ করিবার জন্ম যে মহাপ্রাণ রাসবিহারী মুখোপাধ্যায় অক্লান্ত পরিশ্রম করিয়াছিলেন সেই পুরুষ-দিংহকে খুড়ো-মহাশয়ের নিকট সর্বদাই আসিতে দেখিতাম। খুড়োমহাশয় তাঁকে উৎসাহ দিতেন ভনিয়াছি। খুড়োনহাশয় বিধবা বিবাহের পক্ষপাতী ছিলেন। একসময়ে নিজেই বিধবা বিবাহ করিতে সঙ্গল্প করিয়াছিলেন। ত্রহ্মানন্দ কেশবচন্দ্র সেন স্বীয় কন্সার বিবাহ কুচবিহারের মহারাজার সঙ্গে দেওয়াতে ব্রাক্ষসমাজের মধ্যে যে তুমূল আন্দোলন উপস্থিত হইয়াছিল (৬ই মার্চ ১৮৭৮) তাহার ফলে কেশবচন্দ্র সাধারণ বান্ধসমাজ হইতে বিচ্ছিন্ন হইলেন ও 'নববিধান অথবা ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজ' নাম দিয়া এক দল নিয়া বাহির হইয়া পড়িলেন ৷* ঢাকাতে এই আন্দোলনের ঢেউ পৌছাইয়াছিল, ফলে এখানে তুইটি দলের সৃষ্টি হইল। সাধারণ সমাজে পণ্ডিত বিভয়ক্ষ গোস্বামী, অতুলের মাতামহ রাছধি কালীনারায়ণ গুপু, ডা: পি কে. রায়, প্রসন্ত্র মার মজুমদার, রজনীকান্ত ঘোষ, নবকান্ত চট্টোপাধ্যায় প্রভৃতি, আর নববিধান দলে রইলেন বঙ্গচন্দ্র রায়, তুর্গাদাস রায়, তুর্গানাথ রায়, গোপী সেন, কৈলাস চন্দ্র নন্দী, বৈকুণ্ঠ ঘোষ প্রভৃতি। যতদিন না নববিধানের পাকা মন্দির প্রতিষ্ঠিত হইয়াছিল ততদিন প্রতি রবিবার উপাসনা আমাদের বাসায় হইত। পাকা মন্দিরের জত্যে থুড়োনহাশয় অক্লান্ত পরিশ্রম করিতেন। মন্দির নির্মাণের জত্তে মান সম্মান ত্যাগ করিয়াছিলেন। তাঁর মৃত্যুর অল্পকালের মধ্যেই আর্মানিটোলায় নববিধান ত্রাহ্মসমাজের মন্দির প্রস্তুত হইয়াছিল। খুড়োমহাশয় দেশে গিয়া হাটে বাজারে ব্রাহ্মধর্ম প্রচার-কল্পে সভা করিয়া বক্তৃতা করিতেন। বাড়িতে সমবেত লোকদের সহিত জাতিভেদ ও পৌত্রলিকতার আলোচনা করিতেন। কুসংস্থার দোষ তিনি মনে স্থান দিতেন না। দুটান্ত স্বরূপ তিনি ঢাকাতে এক জুতার দোকান পর্যন্ত খুলিয়াছিলেন। সে সময় হিন্দুদের মধ্যে জুতার দোকানের কারবার করা খুউব হীন কাজ ছিল। আর যেবার পদার ঝড়ে পড়িয়াছিলেন তথনও সকলের নিষেধ না মানিয়া ত্রাহস্পর্শর দিনে বাড়ি থেকে বাহির হইয়াছিলেন। ভগবানের মঙ্গল হাত দর্বদাই রহিয়াছে ইহা তিনি বিখাদ করিতেন।

* সত্যপ্রসাদ সেন এই অংশে কিছু ভূল লিখেছেন। দেবেন্দ্রনাথের প্রতিষ্ঠিত ব্রাহ্মসমাজের নাম 'আদি ব্রাহ্মসমাজ'। পরে কেশবচন্দ্রের প্রতিষ্ঠিত ব্রাহ্মসমাজের নাম 'নববিধান বা ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজ' বলা হত। এবং পরে কেশবচন্দ্রের কন্তার বিবাহ উপলক্ষে যে আদর্শগত মতবিরোধ দেখা দিল তাতেই শিবনাথ শান্ত্রী প্রমুখ বিশিষ্ট ব্রাহ্মদের প্র:তিষ্ঠিত ব্রাহ্মসমাজের নাম 'সাধারণ ব্রাহ্মসমাজ' সর্বশেষে প্রতিষ্ঠিত হয়।

কলিকাতার পাঠাবস্থায় একটি স্ত্রীলোকের সহিত থুড়োমহাশয় পরিচিত হইয়াছিলেন। শুনিয়াছি ইহার নিকট অভাবের মধ্যে অর্থসাহায্য পাইতেন। স্থাদিনের দর্শন পাইয়াও থুড়োমহাশয় ইহাদের বিশ্বত হন নাই। মৃত্যুর সময়েও ইহাদের জন্ম কিছু সংস্থানের ব্যবস্থা করিয়া গিয়াছিলেন।

খুড়োমহাশয়ের একান্ত পিড়াপিড়ির ফলে আমি সাত বংসর বয়সের সময়ে পড়াশোনা করিবার জন্ম ঢাকাতে নীত হইয়াছিলাম। দেখানে আসিয়া পাইলাম অতুলকে। অতুল আমার ৫ মাসের ছোট। তথন হিরণের জন্ম হইয়াছিল। কিরণ ও প্রভা (ছুটকি) পরে জন্মগ্রহণ করে। মায়ের অভাব ভুলিয়াছিলাম স্নেহময়ী খুডিমার নিকট হইতে—মাতৃক্লেহের আস্বাদ পাইয়া অতুল ও আমি তুই সহোদরের ন্থায় প্রতিপালিত হইতে লাগিলাম। একত ভোজন, একত শ্যাায় শয়ন। আমরা ছিলাম শৈশবের সহচর। একত্রে থাকিয়াও আমি অতুলের কোন গুণেরই অংশ পাইলাম না মনে করিয়া লজ্জায় মিয়মান হইয়া পড়ি। শেষকাল পর্যস্ত আমাদের মধ্যে কেবল ভাততত্ত্বর সম্পর্কই ছিল না, আমরা ছিলাম তুইটি অক্তরিম বন্ধু। আমার ঢাকা যাওয়ার অল্পকালের মধ্যেই ঢাকা মেডিকেল স্কুলের টিচার ভাক্তার তুর্গাদাস রায় মহাশয় একটি বিভালয় খোলেন। সাধারণ কুলে ছেলেমেয়েদের নৈতিক শিক্ষা হয় না সেইজ্বন্ত তিনি এই স্কুল আরম্ভ করেন। ... আমরা প্রায় তুই বংদর ওই বিচালয়ে থাকিয়া প্রায় কিছুই শিথিলাম না, তার কারণ তথনকার মান্টার মহাশয়রা ছিলেন অল্লাচরণ সেন, গুরুপ্রসাদ ভৌমিক ও দীননাথ সেন মহাশয়গণ। ইহারা ছিলেন নববিধান সমাজের লোক। সাধারণ আদ্ধা সমাজের ভিতর হইতে কতকজন ভিন্ন হইয়া নববিধান ব্রাহ্মসমাজ আরম্ভ করিলেন (?)। নববিধানের প্রচারকেরা প্রায় সকলে একটি বাড়িতে থাকিতেন। প্রাতের উপাসনায় প্রায় ১২টা ১টা বাজিয়া যাইত। খাওয়া দাওয়ার পর মাস্টারমহাশয়গণ আদিতেন, তথন দেড়টা ত্টো। এথানে পড়াশোনা হয় না দেথিয়া খুড়োমহাশয় আমাকে কলেজিয়েট স্কুলের দশম শ্রেণীতে, অতুলকে নবম শ্রেণীতে ভতি করিয়া দিলেন। আমরা তথন নয়াবাজারের মিরাতারের গলিতে থাকিতাম দেখান হইতে বিভালয় খুব দূর হইলেও কখনো গাড়িতে কখনো হাঁটিয়া বিতালয়ে ষাইতে লাগিলাম। তথন কলেজিয়েট স্কুলের হেডমাস্টার ছিলেন কৈলাসচন্দ্র ঘোষ আর কলেজের প্রিন্দিপাল পোপ সাহেব।

আমরা কেহ কেহ তুর্গাবাব্র স্কুল ত্যাগ করিলেও তাঁহার উৎসাহ দমে নাই। অন্ধ কয়েকটি ছাত্র লইয়াই স্কুল চালাইতে লাগিলেন। পরে 'মডেল হাই স্কুল' নাম দিয়াছিলেন। বোধহয় সেথান থেকেই তাঁহার প্রথম পুত্র জ্ঞানেশ ও বিমলানন্দ নাগ এণ্ট্রেম্ব পাশ করিয়াছিলেন। কিছুকাল পরে এই স্কুলটি লোপ পায়। এই স্কুলের অঞ্চে

তুর্গাদাস বাবু খুব ক্ষতিগ্রন্ত হইয়াছিলেন। তবু তিনি যাহা সত্য বলিয়া বিখাস করিতেন তাহা হইতে নিবুত্ত হইতেন না। তিনি নিষ্ঠাবান ধার্মিক ত্যাগী পুরুষ ছিলেন। ইহারই একমাত্র কন্তা বিনোদমণিকে অতুলের মাতৃল গন্ধাগোবিন্দ গুপ্ত (পানিবার্) বিবাহ করিয়াছিলেন। আমি এই পানিবাবুর কাছে চিরঋণী। আমরা কলেজিয়েট স্কুলে থাকার সময়ে যে সকল ছাত্রদের সঙ্গে বিশেষ প্রীতি জন্মিয়াছিল তাহাদের মধ্যে নগেন্দ্রনাথ নাগ ও প্রাণকৃষ্ণ বস্থ অন্ততম। নগেন্দ্রের মামা ছিলেন ডাঃ পি. কে রায়। নগেনরা বারদীর জমিদার। স্থার জে. সি. বোদের একজন প্রতিষ্ঠাবান ছাত্র। নগেন বোধহয় আনন্দমোহন বহুর এক কন্তাকে বিবাহ ক্রিয়াছিলেন। প্রাণকিশোর ডাঃ পি. কে. রায়ের এক কন্যাকে বিবাহ করিয়াছে। আর আমাদের সভীর্থদের মধ্যে ছিল নলিনী নাগ আর নগেন্দ্র সোম। নগেন্দ্র সোম কবিশেথর উপাধি পাইয়াছে। সে মাইকেলের একজন জীবনী লেখক ও বাঙলা সাহিত্যে স্থপণ্ডিত। তাদের সঙ্গে অনেকদিন দেখা হয় নি। আগেই বলেছি আমাদের ঢাকা কলেজিয়েট স্কুলের হেডমাস্টার ছিলেন ঈশ্বরচন্দ্র বস্থ। বৈকুণ্ঠ রায়, রজনী ঘোষ প্রভৃতি আর পণ্ডিতদের মধ্যে ছিলেন প্রদন্ন বিভারত্ব ও সারদা পণ্ডিত মহাশয়, পরে তাঁহারা ঢাকা কলেজের প্রফেসর হইয়াছিলেন। কলেজের প্রিন্সিপ্যাল ছিলেন পোপ সাহেব। আমার এখনও বেশ মনে পড়ে তিনি কি করিয়া এক অক্ষরে তাঁর নামটি সহি করিতেন। পোপ সাহেব ভালো ক্রিকেট খেলিতে পারিতেন। তিনি কলেজ ও স্কুলের ছাত্রদের মধ্য হইতে বাছিয়া খেলোয়াড় সহ ক্লফনগর কলেজের ছাত্রদের সঙ্গে ম্যাচ খেলিয়া জিতিয়া আদিলেন। তথন ঢাকার ছাত্রদের নাম পড়িয়া গেল। বোধহয় প্রেসিডেন্সির সঙ্গেও একবার দ্বিতিয়াছিল। সে সময়ের থেলোয়াড়দের नाम किছু किছু মনে পড়ে। সারদারঞ্জন রায়, তাঁহার ভাই মৃক্তিদা ও কুলদা, বসস্তকুমার গুহ, জমিদার যতীন রায়, বিপিন, স্থধন্ত বস্তু, বিজয় বন্দ্যোপাধ্যায়। থেলাতে ঢাকার ছেলেদের নাম ছিল। পরে তাহারা একবার রংপুরে গিয়াও ফুটবল ম্যাচ জিতিয়া আসিরাছিল। পোপ সাহেব ছিলেন সদাশয় ও দ্য়ালু। তিনি আমাদের নিচের ক্লাসের ইংরাজি পরীক্ষা নিতেন এবং পরীক্ষার সময়ে সাহস দিতে কথনো কখনো কোলে তুলিয়া আদর করিতেন। তারপর আদিলেন বৃথ সাহেব—সম্পূর্ণ বিপরীত প্রকৃতির লোক। অঙ্কে স্থপণ্ডিত, কিন্তু কারো সঙ্গে বড় সম্পর্ক ছিল না। তথন এমন গল্প প্রচলিত ছিল যে গণিতে তাহার মন্তিক এত ভাল ছিল যে তাঁহার মৃত্যুর পর মন্তিকের গঠন দেখিবার জন্ম দশ হাজার টাকায় উহা বিক্রীত হইয়া রহিয়াছে। এ গল্প সভ্য কি জানি না। ডাক্তার পি. কে. রায় সম্বন্ধেও এরপ গল্প শোনা যাইত। সেই সময়ে কলেঞ্ছে ছিলেন পি. কে. রায়, সারদারঞ্জন রায়, স্থাকুমার আগন্থি (পরে

তিনি দেশি সিভিলিয়ান হন) প্রসন্ধ বিভারত্ব, আর কেমিষ্ট্রি পড়াইতেন ডাঃ প্রিয়নাথ বস্থ। তাঁহার লেবরেটরি আাসিন্ট্যাণ্ট ছিলেন ডাঃ স্থানারায়ণ ঘোষ। শেষোক্ত ছইজন প্রকৃতপক্ষে ঢাকা মেডিকাল স্থলে পড়াইতেন কিন্তু ঢাকা কলেজের কেমিষ্ট্রি শিক্ষা দিতেন। স্থাবাবু 'রামধ্যু' নামক বিজ্ঞান-বিষয়ক একথানি হুন্দর মাসিক পত্রিকা বাহির করিতেন।

এই সময় ঢাকা কলেজে একজন দেব চরিত্রের প্রফেসর আসিলেন তিনি অতুলের মেসো-মশাই শশীভ্যণ দত্ত। তিনি যেমন বিদ্বান তেমন হুপুরুষ, ততোধিক পৃতচরিত্র। তেমন তিনি তেমনি তাঁর সহধমিণী চপলা দেবী। তেমন কলেজের পর ঢাকাতে আর-একটি কলেজের আরম্ভ হয়—জগন্নাথ কলেজ। ইহার প্রথম প্রিক্ষিপাল সংস্কৃত ও ইংরাজিতে স্পণ্ডিত কুল্পলাল নাগ। তেমাদের সম্পর্কে ভগ্নিপতি শিবেন্দ্র দাশগুপ্ত ছাত্রাবস্থা হইতে অনেক সময়ে আমাদের বাড়িতে থাকিতেন। তাই আমার ঢাকা হইতে বাড়ি যাওয়া আসা প্রায়ই তাঁহার সঙ্গে হইত। আমরা ছোটকালে তাঁহার সঙ্গে নানা ঠাট্টা ভামাসা করিতাম, নানান কারণে তাঁহার সহিত আমাদের আত্রীয়তা খুব ঘনিষ্ঠ হইয়াছিল।

তুই বংসর পূর্বে অতুল কলিকাতায় আসিয়াছিল। আমিও ছিলাম আমার স্ত্রীর চিকিৎসার জন্ত কলকাতায়। অতুলের ইচ্ছা হইল আত্মীয়দের কারো কারো সঙ্গে দেখা হয়। একটি দিন ঠিক করা হইল। সেদিন আসিয়াছিল শিবেক্সবাব্র ছেলে তুইজন—বড় ছেলে জ্যোতিষ, মধ্যম ক্ষিতীশ, আর অতুলের বিশেষ ইচ্ছায় আসিয়াছিল স্নেহভাজন অচিস্ত্যকুমার। সে এখন একজন খ্যাতনামা সাহিত্যিক। সেই আনন্দের দিনের কথা মনে করিয়া বুক ফাটিয়া যায়। সেই আমার শেষ দেখা। অতুল গাহিয়াছিল, 'ওগো সাথী মম সাথী'। সংসারের নানা পরীক্ষায় ক্ষতবিক্ষত হৃদয় নিয়া ভাই আমার চিরসাথীর সহিত মিলিত হইতে আকুল হইয়া উঠিয়াছিল।

ঢাকা শহরের আমোদ-প্রমোদ

"ঢাকা শহর গান বাজনার জন্মে বিখ্যাত। এমন মহলা নাই যেখানে ২০টা গানের বৈঠকখানা নাই। প্রত্যেক মহলাতেই গান ও কৃত্তির চর্চা হইত। প্রতি বংসর হোলির গানের পালা চলিত। বাবুরবাজারের পুলের পৃথদিক হইতে একভাগ ও পশ্চিমদিক হইতে একভাগ করিয়া ঢাকা শহর ভাগ হইত। তুইভাগের লোকেরা একবংসর লন্দ্রী বাজার রাজাবাবুর ময়দানে একবংসর উর্ত্ লালাবাবুদের বাড়িতে পালা করিয়া হোলির গান করিত। স্থর, তাল, মান, লয় নিয়া গানের বিচার হইত। গানের মধ্যে এমন ভাষা থাকিত যাহাতে গুণগান করিতেছে কি গালি দিভেছে বোঝা কঠিন

হইত। ভাহ্ন নামে একজন ওন্তাদ ছিল উর্ত্র দিকে। সে একবার গাহিয়াছিল, ভাহকা জ্যোতিসে তেরা ভর দেঙ্গা চাঁদ বদন। অর্থাৎ স্থর্বের আলোভে তোমার স্বন্দর মুখ ঢাকিয়া ফেলিব। আবার, ভাহ্ন নামক ওন্তাদের জুতা দিয়ে তোমার মুখ ঢাকিয়া দেব।

আমরা, বিশেষ করিয়া (আমি) অতুল ও বিনয়মামা এসব গান উপভোগ করিতাম। তথন হিন্দু মুদলমান একত্রিত হইয়াই এ দকল আমোদে যোগ দিত। কি মহরমের তাজিয়া, কি জন্মাষ্টমীর মিছিল, কি হোলির গান হিন্দুমুদলমানেরা প্রস্পারের উৎসবে আনন্দে গলাগলি হইয়া উপভোগ করিত। এখন নাকি তাহা হয় না।

ঢাকার একটি উৎসব জন্মাষ্টমীর মিছিল। ... এক সময়ে ঢাকা শহরকে দুই ভাগে ভাগ করা হইত। চারিদিক হইতে দহস্র দহস্র নরনারী এই তামাদা দেখিতে আসিতেন। সমস্ত ঢাকা শহরময় একটা আনন্দের সাড়া পড়িয়া যাইত। চারিদিকে লোক সমাগম, নানারকম পণ্যের দোকান, আখ, চিনেবাদামের ছড়াছড়ি। গাড়োয়ানরা নবাগত দরল পল্লীবাসীদিগকে সমস্ত ঢাকা শহর দেথাইবে চুক্তি করিয়া শহরের থানিক দূর নিয়াই বলিত—হইয়াছে এখন নামেন মহারাজ। আপত্তি করিলে মৃদ্ধিল, তথন নিজ মৃতি ধরিয়া জোর করিয়া নামাইয়া দিয়া প্রদা আদায় করিত। জ্মাষ্টমী মিছিলের মত আর একটিও মিছিল নাকি সমস্ত ভারতবর্ষের মধ্যে হয় না। তবে এখন নাকি আর তেমন হয় না। প্রথমে যাইত ৫০।৬০টি হাতি, তারপর ছোট চৌকি। ঘোড়া ও হাতিদিগকে বহুমূল্যবান ঢাকনি দিয়া সাজাইত। উহাদের শতাধিক ঘোড়া, তারপর কপালে সোনা কি রুপার মালা বাঁধা থাকিত। তারপর বড় চৌকি। চৌকিতে অপর দিকের কুংদাই বেশি থাকিত। বড় চৌকিতে শিল্প ও ক্ষচির পরিচয় পাওয়া যাইত ও ইহা দিয়াই কোন দিক ছিতিল বিচার হইত। বড় চৌকিতে পৌরাণিক কিম্বা ঐতিহানিক ঘটনার চিত্র থাকিত। যেমন— নীতহরণ, পদ্মিনীর চিতারোহণ, ইন্দ্রসভা ইত্যাদি। বড়লোকেরা জাঁকজমক করিয়া নিঙ্গ নিজ হাতিতে চড়িয়া বাহির হইতেন। প্রায় প্রত্যেক বড় লোকেরই নিজ নিজ হাতি ছিল। আমরা হ তিনবার বালীয়াটির জমিদার দিগুবাবুর (ব্রজেন্দ্রকুমার রায়) হাতিতে চড়িয়া দেখিতে গিয়াছি। একবার খুড়োমহাশয় পিল্থানা হইতে হাতি ভাডা করিয়া আনিয়াছিলেন।

এই মিছিলে উভয় পক্ষেরই বহু সহস্র টাকা খরচ হয়। তাঁতির বাজারের পোন্দারবাবুরা ব্যাঙ্কে এই লগে জ্বাকা জ্বমা রাখিয়াছেন, তাহার স্কৃদ হইতে এই ব্যয় হয়। আর নবাবপুরের খরচ চানা করিয়া হয়।

শীতকালে এক উৎসব হইত বনবিহার। ইহাতে শ্রীক্লফের গোষ্ঠবিহার সংক্রাস্ত নানা

দৃশ্য মাটি দিয়া দেখানো হইত। সাধারণত ইহা বাঙলাবাজারে প্রতাপবাব্র বাড়িতে ও বাডানগরের এক বাড়িতেই ভালো হইত। আমরা অতুলের মাতামহর সঙ্গে অনেকবার ইহা দেখিয়াছি। তিনি একজন ভাল শিল্পী ছিলেন। তাই বোধহয় তাঁহার ইহা দেখিতে ভাল লাগিত। তিনি ইহার দোষগুণ ভাল বিচার করিতে পারিতেন। তিনিও বালকের মত সরলভাবে আমাদের হাশ্যরসে যোগ দিতেন ও নানা ব্যাখ্যা করিয়া আমাদিগকে সম্দয় ব্ঝাইয়া দিতেন। সেই রাজবিকে শ্বরণ করিয়া বারবার নমস্বার করিতেছি।

আমাদের শিশুকালে প্রথম নাটক দেখি নবাবপুরের 'শকুন্তলা'; তারপর 'দীতার বনবাদ', 'নীলদর্পণ', 'বিলম্পল'। এই নাটকের প্রাণ ছিলেন অতুলের মাতুল আমার পরম উপকারী বান্ধব গঙ্গাগোবিন্দ গুপ্ত। চিত্রপট আঁকিতে, অভিনয়কারীদিগের অভিনয়ে শিক্ষা দিতে, কথা ও নৃত্য শিথাইতে, সাজাইতে তিনি ছিলেন দিছহত্ত। নাটকের প্রভাতকালীন এক দৃশ্রে নানাবিধ পাথির হুরে তিনি ডাকিতেন। শিশু ভরত যথন দিংহের দঙ্গে লড়াই করিত তথন তিনি দিংহের গর্জন শোনাইতেন। শকুন্তলা নাটকের কোন কোন গানের স্থ্য অতুলের কোন কোন গানে আছে। এই নাটকের গান রচয়িতা ছিলেন রামবার্। নবাবপুরের প্রতিদ্বলী তাতিরবাজারও 'মালতীমাধব' নাটক করিয়াছিল। ইহার একজন প্রধান উত্যোক্তা ছিলেন চন্দ্রনাথ রায় মহাশয়। চন্দ্রনাথবাবুর গন্তীর ও মধুর গলা যাহারা শুনিতেন তাহারাই মৃগ্ধ হইতেন। তিনি দাধারণ আক্ষমাজের বেতনভোগা গায়ক ছিলেন। চন্দ্রনাথবাবুরা একটি বাউলের দল করিয়াছিলেন। গেরুয়া পরিয়া, নকল চুলদাভি লাগাইয়া বাউল সাজিয়া রাত্রিযোগে কিছুকাল বাড়াবাড়ি সঙ্গীত করিতেন। তাহার একটি গান কিল "রাম রহিমকো জুদা কর ভাই।' পঞ্চাশ বংসর পূর্বে তাঁহারা যে মিলন সঙ্গীতিট গাইয়াছিলেন আত্ব আমরা ভাহার আবশ্রকতা অত্তত্ব করি। এই বাউল সঙ্গীতের রেশ অতুলের প্রাণে শেষ দিন পর্যন্ত বাজিয়াছিল।

মহরমের তাজিয়ার উৎসবেও হিন্দু মুসলমান একত্র হইয়া মিছিল বাহির করিত। হোসেনী লালন ঢাকার একটি পরম রমণীয় সৌধ। আমরা শিশুকালে খুড়োমহাশয়ের সঙ্গে মহরমের সময়ে সেথানে যাইতাম। আমাদের শৈশবে তৃই একঘর মোগল মুসলমান দেখিয়াছি ঢাকাতে। মোগলটুলীতে তাহাদের একটা কাঁচ ও চিনেবাদামের দোকান ছিল। মহরমের মিছিলের প্রভাগে তাহারাই বৃক চাপড়াইয়া হাসান হোসেন করিত। ইহা ছাড়া ঢাকাতে আমাদের ছোট সময়ে যাত্রা গান করিত গোবিন্দ কীর্তনীয়া, ব্রজ্বাসী। তথন হইত 'ভীয়ের শরসজ্জা', 'বিজয়বসন্ত', 'অভিময়্যবধ'। প্রথম প্রথম হইত 'মানভঙ্গন'।

ঢাকায় প্রতি মহলায় কৃতির আথড়া ছিল ও জমিদারদের বাড়িতে কৃত্তিগির বেতন

করিয়া রাখা হইত। কখনো কখনো ইহাদের মধ্যে কুন্তি খেলা হইত। প্রাসিদ্ধ শ্রামাকান্ত বাডুক্তে ও পরেশ নাথ ঘোষ ঢাকার অঘোর ঘোষের শিশ্ব ছিলেন। অঘোর ঘোষ নিরীহ ছোট মাহ্মটি ছিলেন, কিন্তু কুত্তি করার চমৎকার কৌশল জানিতেন। আমরা তাঁহাকে ও তাঁহার আথড়া দেখিয়াছি। ভামাকাস্তবারু পরে সোহংস্বামী নাম লইরা সন্ন্যাপী হইয়াছিলেন। ডিনি বাঙালিদের মধ্যে আদি সার্কাস কর্তা ও তাঁহার বাঘের সঙ্গে লড়াই দেখিয়া আমরা শিশুকালে বিশ্বিত ও গুণমুগ্ধ হইয়া পড়িতাম। পরেশবাবু ছিলেন অতিশয় নিরীহ স্কুলমাস্টার, কিন্তু ক্যায়ের পক্ষে দাঁড়াইয়া শক্তির পরীক্ষা দিতে ভীত হইতেন না। অনেক ভদ্রসন্তাহার নিকট কৃত্তি শিক্ষা করিত। একবার ঢাকাতে গিরিশ ঘোষের স্টার থিয়েটার আদিল। ছাত্ররা প্রতিজ্ঞা করিল মেয়েদের অভিনয় দেখিবে না। নিজেরা যাইবে না, অপরকেও যাইতে দিবে না। নিষেধ করিতে দলে দলে ছাত্ররা ঘুরিয়া বেড়াইতে লাগিল। পাছে কোন গোল হয় নেইজন্তে তথনকার পুলিশ সাহেব মি: ক্লার্ক পরেশবাবু ও প্রদর্মবার্কে (পাগলা) স্পেদিয়াল কনস্টেবল করিল। ফল বিপরীত হইল। ছাত্রদের দৃঢ়তা আরো বাড়িয়া গেল। অভিভাবকরা ছাত্রদের সঙ্গে যোগ দিলেন। ফলে স্টার থিয়েটারকে ঢাকা ত্যাগ করিতে হইল। কিছুদিন পরেই রাজক্লফ রায় তাঁহার দল লইয়া আসিলেন। 'প্রহলাদ চরিত' ও 'চন্দ্রহাদ' দেখাইলেন। তাঁহার দলের সকলেই পুরুষ। তু-পয়সা লইয়া গেলেন।

'বাংলা ১২৯১ লালের কাতিক মানে খুড়োমহাশার পরলোক গমন করিলে আমি চতুদিকে অন্ধকার দেখিতে লাগিলাম। বাবা ও ছোট পিলিমা খুড়োমহাশারের পীড়ার কথা শুনিরা বাড়ি হইতে তাঁহাকে দেখিতে আদিরা দেখিতে পান নাই। আমি আপাততঃ তাঁহাদের দহিত বাড়ি গেলাম। কিছুদিন পরে স্নেহমন্ত্রী খুড়িমা জানাইলেন অতুলের দঙ্গে আমারও স্থান অতুলের মাঝার বাড়িতে হইবে। এখানে রাজ্যি কালীনারান্ত্রণ অতুলের মাতামহ ও তাঁহার মহীন্ত্রদী ধার্মিকা সহধ্যিণী অন্নদাদেবী অতুলের মাতামহী, কালীনারান্ত্রণের জ্যেষ্ঠপুত্র স্থার কে. জি. শুপু, মধ্যমপুত্র ভাক্তার প্যারীমোহন, তৃতীয় গঙ্গাগোবিন্দ (পানীবারু), চতুর্থ বিনয়চক্র। ক্যাগণ খুড়িমা হেমন্তশনী, সৌদামিনী, চপলা, সরলা, বিমলা ও হ্বালা। এখানে আমি যে স্নেহ যত্র পাইন্নাছি তাহা স্মরণ করিতেই আনন্দে পুলকিত হইন্না উঠি। কোনমতে তাঁহারা ব্ঝিতে দিতেন না যে এ বাড়ি আমার আপন মাতুলালয় নহে। বিনয় ছিলেন আমাদের কিছু বড়। প্রতি মাথোৎবরের সময়ে আমার পাবনার ধৃতি পাইতাম। বিনয় অতুল কি আমার কাপড়ে কোন প্রতেদ থাকিত না। পানীবারু ও বিনয় গানে বাছে চিত্রান্ধনে পটু ছিলেন।

পানীবাব্ হাশ্তরসিক পুরুষ ছিলেন। যেথানেই যাইতেন সেথানেই তাঁহার ব্যক্ষ কৌতুক শুনিবার জন্য লোকেরা পাগল হইত। তিনি কাহারও অন্থরোধ এড়াইতে পারিতেন না। তাঁহার হৃদয় ছিল প্রেম ও ভালোবাসায় পরিপূর্ণ। নীচতা তাঁহার হৃদয়ে স্থান পাঁইত না। শুনিয়াছি রাজকার্যে যথন যেথানে গিয়াছেন সকল দলেই তাঁহার স্থান ছিল। সকলের সঙ্গে সমান ভাবে মিশিতেন। কি ছোট কি বড়। তাঁহার দক্ষিণ হত্তের দান বাম হস্ত জানিতে পারিত না। ত্রুম্ব বন্ধু ও আত্মীয়স্বজনকে সর্বদা যথাসাধ্য যথাযোগ্য সাহায্য করিতেন। যথন আমার মেডিকেল কলেজের পড়া ধরচার অভাবে বাদ হইবার উপক্রম হইল তথন এই মহান্তত্ব দয়ার্দ্রচিত্ত আত্মীয়টির সাহায্যেই উহা সম্ভব হইয়াছিল।"

ভায়েরির পৃষ্ঠার আরো কিছু পরে সত্যপ্রসাদ বিনয়চন্দ্র বিষয়ে লিখেছেন, "বিনয় আমাদের অপেক্ষা অল্পই বড় ছিলেন। তাঁহার হৃদয়টিও পানীবার্র অন্তর্মপ ছিল। তাহার অকপট বন্ধুত্ব আমার জীবনের মূল্যবান সম্পদ। তাহার প্রথম বিবাহের পাত্রী নির্বাচনে আমি তাহার সঙ্গী ছিলাম। এই সময় অতুলের এক মাতৃহীন মাসতুতো ভাইও মাতৃলালয়ে ছিল।"

ভায়েরির পৃষ্ঠায় এলোমেলো পুরোনো শ্বতিকথার মধ্যে ডুব দিয়েছিলেন সত্যপ্রসাদ। অকস্মাৎ লিগলেন, "আজ ১৩৭১ সন ১৫ই পৌষ সোমবার আমি ও প্রভা (ছুটকি) প্রাণাধিক অতুলের চিতাভন্ম পূজনীয় খুড়িমার সমাধির পার্ষে স্থাপন করিলাম। ভগবানের ইহা দেয়। আত্মার শাস্তি করুন।

১৩৪১ সন ১৪ই পৌষ রবিবার আমি কাওরাইদ গিয়াছিলাম (30. 12. 34 ইংরাজি) সেথানে সোনামামা পানীবাব্র (গলাগোবিন্দ গুপ্ত) ছোট পুত্র ছোটকু (ধীরেন্দ্র নাথ গুপ্ত)ছিল। সেদিন বড়কুর স্ত্রী শোভনা বড়কুর (৬ হিমাংশু মোহনের) চিতাভন্ম লইয়া আসিয়াছিল। সঙ্গে আসিয়াছিল তই কল্লা তাহার বৃদ্ধ পিতা ভাতা ও ময়মনিসংহের ৬ অনর দত্তের পুত্র। ছুটকি ও তাহার কল্লা কুন্তলা ও টেড (শশীবাব্র কল্লা) আসিয়াছিল, বছদিন পরে উহাদের দেখিলাম। প্রায় ৫০ বংসর পূর্বে মাঘোংসবের উপলক্ষে কাওরাইদ যাইতাম আর আজ গিয়াছিলাম এক শোকাবহ কর্তব্য সম্পাদন করিতে।

১৯৩৫ ১লা জামুয়ারি ছুটকি কুন্ত ও টেড আসিল। অনেক পুরাতন কথা স্মরণ হইল।"

অতুলপ্রদাদের পিতার ঢাকা শহরে অল্পনির মধ্যেই মৃত্যু হয়। অতুলপ্রদাদের পিতা রামপ্রদাদের দহিত ব্রাহ্মধর্মী সমাজকর্মী উকিল ফুর্গামোহন দাদের বন্ধুছ ছিল। ব্যবসায়িক নানান প্রয়োজনে ডাঃ রামপ্রসাদ সেন ফুর্গামোহন দাদের কাছে প্রায়ই পরামর্শ গ্রহণ করতেন। তাঁরা পরস্পর ঘনিষ্ঠ বন্ধুরূপে পরিচিত ছিলেন। পরে বেশি বন্ধসে ঘুর্গামোহন দাশ অতুল-মাতা হেমস্কশশীকে বিবাহ করেন। ঢাকা শহরে থাকতে সে ঘটনার কথা শ্বরণ করে সত্যপ্রসাদ সেন লিখেছেন:

"ইংরেজি ১৮০০ জুন মাসের এক রবিবার আমি অতুল বিনয় ব্রাহ্মসমাজ হইতে বাসায় ফিরিয়া দেখি সেথানে সকলেই শোকে মৃহ্মান। অধিকতর শোকাতুরা অতুলের মাতামহী ঠাকুরাণী। অহুসন্ধানে জানিলাম যে খুড়িমাতা ঠাকুরাণী দিতীয়বার দুর্গামোহন দাশ মহাশয়ের সঙ্গে পরিণীতা হইয়াছেন। এ সংবাদ কে. জি. গুপ্ত লিখিয়াছেন কলিকাতা হইতে। এ সংবাদে সকলেই বিচলিত। হিরণ প্রভৃতি কাঁদিতেছে। আমরা খুব কাঁদিতে লাগিলাম। আমি তো নিজেকে সম্পূর্ণ আশ্রয়হীন মনে করিতে লাগিলাম। অতুলের মাতুলালয়ের সঙ্গে আমার সকল বন্ধন ছিল্ল হইয়া গেল। এখন আমি দাঁড়াই কোথা? সেদিনকার আঘাত আমার খুউব প্রাণে লাগিয়াছিল। সে শোকাবহ দৃশ্য আজও আমার শ্বরণ হয়। অতুল ভগ্নিদের লইয়া কিছুদিনের মধ্যে কলিকাতায় চলিয়া গেল। ভগ্নিরা গেল মায়ের কাছে। অতুল রহিল মাতুল পানীবাব্র কাছে। তথন কে. জি গুপ্ত রেভিনিউ বোর্ডের মেম্বার আরু পানীবাব্ চীফ ইনকাম ট্যাক্স এসেসার কলিকাতার।

আমরা একে একে লক্ষীবাজার হইতে বিদায় লইলাম। আমি সম্পূর্ণ আশ্রয়হীন হইলাম। দাঁড়াই কোথায়? কোথায় ঘাই? কলিকাতা ঘাইবার পূর্বে অতুল বলিয়া গেল যে সে আমাকে কিছু কিছু দিবে। অতুলের মাসীরা কেহ কেহ আমাকে কিছু কিছু দিবেন আশা দিলেন। এ সময় আমার অক্তরিম বান্ধব পানীবাবু দাহস ও ভরসা দিয়া জানাইলেন যে তিনি আমাকে মাসিক ৫ টাকা করিয়া সাহায্য করিবেন। এই ৫ টাকার উপর নির্ভর করিয়াই আমার মেডিকেল স্ক্লের পড়া শেষ করিতে কিছুদিন পরে অতুল বিলাত গেল তথন আমাকে ব্যথিতচিত্তে জানাইল আমাকে টাকা পাঠানো আর তাহার সম্ভব হইবে না। স্বতরাং পানীবাবুর ৫ টাকাই আমার মেডিকেল স্ক্লে পড়ার শেষ সম্পল হইয়াছিল।"

"১৮৯০ সন আমি মেডিকেল স্থলে ভতি হইলাম। অতুল সে বংসর বিলাত গেল। অতুলের সঙ্গে আমাদের সহপাঠা জ্ঞান রায়ও বিলাত গিয়াছিলেন। জ্ঞান স্থলে থাকার সময়েই ছোট একথানি কবিতা-পুত্তক ছাপাইয়াছিলেন। জ্ঞান স্থলররূপে কবিতা আরুত্তি করিতে পারিতেন। রবিবাবুর কবিতা আরুত্তি করিয়া আমাদিগকে বুঝাইতেন যে রবিবাবু কথন কোন কোন কবিতাটি লিখিয়াছেন। কেন কাহাকে কোন বইখানি উপহার দিয়াছেন ইত্যাদি 'ভগ্গহদয়' ছিল আমাদের অধিক আলোচনার বিষয়। তিনি 'তুই দিন' কবিতার ব্যাখ্যা করিতেন যখন, তথন নিজেও ভাবে গদগদ হইয়া

পড়িতেন, মৃথ হইতে অনির্বচনীয় জ্যোতি নির্গত হইত। শ্রোতারা মৃথ হইয়া শ্বির হইয়া প্রবণ করিত। জ্ঞান খুব স্থপুরুষ ছিলেন। বিলাতে গিয়াও আমাকে মাঝে মাঝে চিঠিপত্র দিতেন। দেশে ফিরিয়া জ্ঞান ব্যবদায়ে বেশ নাম করিয়াছিলেন। জ্ঞানেজ্রনাথ রায় নাম অনেকেই জানেন। পরিতাপের বিষয় অল্পকালের মধ্যেই তিনি চলিয়া গিয়াছেন। অরবিন্দ ঘোষ, চিত্তরঞ্জন দাশ প্রভৃতি অতুলের প্রবাসকালীন বিলেতে ছিলেন।"

সত্যপ্রসাদ সেন ভায়েরিতে এর পরের কিছু পাতায় অতুলপ্রসাদের বাল্য জীবন সম্বন্ধে আরো কিছু আলোকপাত করেছেন। সত্যপ্রসাদ নিখেছেন, "ব্রাক্ষসমান্ধ ভাগ হইয়া যথন নববিধান সমাজ আরম্ভ হইল তথন নববিধান সমাজের কোন উপসনাগৃহ পৃথক না থাকাতে রবিবারের উপাদনা আমাদের মিরাভারের বাড়িতে ঘটিত। অতুন কখনো কখনো খোল বাজাইত। শিশু অতুলের খোল বাজাইবার ক্ষমতা দেখিয়া সকলে অবাক হইতেন। আমার বেশ মনে আছে প্রমাণ খোল বাঙ্গাইতে অতুলের অস্ববিধা হইত দেখিয়া খুড়োমহাশয় অতুলকে একটি ছোট খোল কিনিয়া দিয়াছিলেন। বাঁশি, বেহালা, হারমোনিয়াম দকল যন্ত্রই অতুল শিশুকাল হইতে আয়ত্ত করিয়াছিলেন। অতুলের মধুর গলার স্বর শিশুকাল হইতেই সকলকে মৃগ্ধ করিত। পরিণত বয়সে অতুল যথন স্বরচিত গান করিতেন তথন মনে হইত যেন বাস্তবিকই গানের মধ্যে প্রাণ আছে। নিজে ভাবে গদগদ হইয়া পড়িতেন, মুখ হইতে অনিৰ্বচনীয় জ্যোতি নিৰ্গত হইত। শ্রোতারা মৃদ্ধ হইয়া স্থির হইয়া থাকিতেন। শিশুকাল হইতে বক্তৃতা করিবার আকাজ্ঞা অতুলের মনে জাগিয়াছিল। আমাদের শৈশবে পণ্ডিত বিজয়ক্বঞ গোস্বামী মহাশয়ের স্থমধুর বক্তৃতা ভ্রতিম। তারপর কলিকাতা হইতে বড় বড় কৌস্থলি—মনোমোহন ঘোষ, টি. পালিত, আনন্দমোহন বস্থ প্রভৃতিরা মকর্দমা উপলক্ষে ষ্থন ঢাকাতে আসিতেন তথন আমরা তাঁহাদিগকে দেখিতাম ও তাঁহাদিগের বক্তৃতা ভ্রনিতে কাছারিতে যাইতাম। প্রতাপচন্দ্র মজুমদার, শিবনাথ শাস্ত্রী, নগেক্স চট্টোপাধ্যায়, রামকুমার বিভারত্ব বান্দ সমাজে, ও শশধর তর্কচ্ডামণি, শ্রীক্লফপ্রসন্ন সেন প্রভৃতি হিন্দু সমাজে যে সকল বকৃতা করিতেন তাহা শুনিবার সৌভাগ্য আমাদের হইয়াছিল। আমরা যথন যুবক তথন স্থরেন্দ্রবাবু, লালমোহন ঘোষ প্রভৃতির বকৃতা ভনিয়া অতুল ভাহা নকল করিবার চেষ্টা করিতেন। আমরা ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেনের বিলাভ ও ভারতবর্ষের বক্তৃতা খুউব আগ্রহের সঙ্গে পড়িতাম। অতুল বক্তৃতার ভঙ্গিতে তাহা পাঠ করিয়া আমাদিগের শুনাইতেন। উক্ত হুইখানি পুস্তক পুন:-পুন: পাঠ করিয়াছিলাম।… শ্রীহট্টের ভূতপূর্ব হেডমান্টার তুর্গাকুমার বহু মহাশয়ের পুত্র সত্যেন্দ্র, জ্ঞান রায়, অতুল ও আমি মাঝে মাঝে রূপবাব্দের কিম্বা আনন্দ মাস্টারমহাশয়ের বাগান-বাড়িতে

গিয়া নিভূতে আলোচনা করিতাম। আলোচনার বিষয় থাকিত কেশববার্র বক্তা, রবিবার্র কবিতা আর কংগ্রেদের কার্যাবলী। সত্যেক্র স্থলর ইংরাজি বলিতে পারিতেন। তিনি প্রতাপ মন্ত্র্মদারের মত করিয়া বক্তা করিতে চেটা করিতেন। জ্ঞান কবিতা আর্ত্তি করিতেন। কখনো কখনো নিজের কবিতাও শুনাইতেন। আর অতুল স্বরেক্রবার্র বক্তার অহুরূপ বক্তা করিতে প্রয়াস পাইতেন। একবার স্বরেক্রবার্ ঢাকায় আদিয়াছিলেন। আমরা তখনও তাঁহাকে দেখি নাই, অতুল তাঁহাকে দেখিবার আশায় নারায়ণগঞ্জ পর্যন্ত গিয়াছিলেন ও তাঁহার সহিত আলাপ করিতে করিতে ঢাকায় আদেন। দেশ সেবার আকাজ্ঞা স্বরেক্রবার্ অতুলের প্রাণে জাগরিত করেন। স্বরেক্রবার্র ঢাকার বক্তৃতার বিষয় ছিল বোধহয় 'ভারতে ও বিলাতে একসঙ্গে সিভিল সাভিস পরীক্ষা নেওয়া',:'পরীক্ষাথার বয়োর্দ্ধি ও উচ্চপদে ভারতীয়দের নিয়োগ'। তাহাতে তিনি বলিয়াছিলেন যে এমন সকল পুলিশ সাহেব নিয়োগ করা হয় যে তাহাদের মধ্যে কেহ পরীক্ষায় নিজ মাতৃভাষা ইংরাজিতে তিন নম্বর ও অঙ্কে শৃষ্ঠা পাইয়াছিলেন।

রবিবাব্র 'কড়ি ও কোমল' বাহির হইবার কিছুদিন পরই ইহার সমালোচনা করিয়া একথানি ব্যঙ্গ পুন্তক বাহির হইল নাম 'বাহরি রচিত মিঠে কড়া।'…পুন্তকথানা প্রথম দেখিলাম চিত্তরঞ্জনের (C. R. Das) নিকট। তিনি ঢাকা আদার সময়ে নিয়া আদিয়াছিলেন। আমরা প্রায় কণ্ঠস্থ করিয়াছিলাম। এথনও কিছু-কিছু মনে আছে। অতুল স্থলর করিয়া এইদকল আর্ত্তি করিয়া শোনাইতেন।"

কবিবর রবীন্দ্রনাথ এবং অতুলপ্রসাদ ত্-জনের পরস্পর পরিচয়ের কথায় সত্যপ্রসাদ তাঁর ভায়েরিতে লিখেছেন:

"বিলাত হইতে আসার পর অতুলের সাথে রবিবাব্র আলাপ হয় এবং ক্রমে তাহা স্নেহের বন্ধনে পরিণত হইয়াছিল। রবিবাব্ অতুলের সঙ্গ লাভ করিতে সর্বদাই উৎস্থক থাকিতেন। কবি একবার গ্রীমের সময় অতুলকে লিথিয়াছিলেন তাহার ভাবার্থ আমার শ্বরণ আছে যে গ্রীমের আতিশয্যে সকলেই মেঘের জন্ম লালায়িত, আমি ভাবিতেছি অতুল কবে আসিয়া আমাকে শ্রিশ্ব করিবেন।

রবীন্দ্রনাথের চিঠিগুলি অতুল আমাকে গৌরবের সহিত দেখাইতেন। কবি কথনো কথনো লখনউয়ে আসিতেন, অতুলও অবসর সময়ে শান্তিনিকেতন গিয়া তাঁহার কত হৃদয়ে শান্তির প্রলেপ দিতে প্রয়াস পাইতেন।

বিলাত গিয়া ব্যারিস্টার হওয়ার প্রবল বাসনা অতুলের প্রাণে কিশোর বয়স হইতেই ছিল। খুড়োমহাশয় অকালে চলিয়া যাওয়াতে যে সংস্থান রাখিয়া গিয়াছিলেন তাহাতে ইহা সম্ভব হওয়া স্কঠিন ছিল। নিয়তি, তাই শৈশবে একবার পদ্মানদীর প্রবল বক্টায় ও আর একবার ঘোড়ার গাড়িসহ জলের মধ্যে পড়িয়াও রক্ষা পাইলেন। যৌবনেও সাংসারিক নানা ঘটনায় অতুলের প্রাণে নিদারুণ আঘাত লাগিয়াছিল, ফলে মাতুলদের কাহারো কাহারো প্রাণে এত সমবেদনা জাগিয়া উঠিয়াছিল যে অতুলকে দ্র দেশে পাঠাইয়া তাহার প্রাণের জালা প্রশমিত করিতে চেটা করা সমীচীন মনে করিলেন। এও নিয়তিরই থেলা। যাহা প্রায় অসম্ভব ছিল তাহা সম্ভব হইতে চলিল। অতুল আমাকে বলিয়াছিলেন যে এ বিষয়ে তাঁহার মধ্যম মাতৃল Dr. P. M. Gupta তাঁহাকে বিশেষ সাহায্য করিয়াছিলেন। এজন্ত অতুল আজীবন ক্বতজ্ঞ ছিলেন। ক্রতজ্ঞতার নিদর্শন স্বরূপ মাতৃল-কন্যা সাহানাকে অত্যধিক ক্ষেহ করিতেন। শুনিয়াছি সাহানাকে বলিতেন সে যেন তার আবশ্রকীয় টাকাকড়ি অতুলের বাক্স হইতে নেয় এবং কন্ত নিল তাহা যেন কথনো না বলে।

আমি ঢাকা মেভিকেল স্কুলে ভতি হইবার কয়েক মাসের মধ্যেই অতুল বিলাত চলিয়া গেলেন। আমি পাশ করিবার সঙ্গে সঙ্গে অতুল বিলাত হইতে ব্যারিস্টার হইয়া আসিলেন। বিলাত হইতে আসার পর অতুল একবার মাত্র দেশের বাড়িতে গিয়াছিলেন, কিন্তু আমার কর্মস্থানে কথনো কথনো আসিতেন এবং আমিও কথনো কখনো তাঁহার সহিত লখনউ কি দাজিলিং কলিকাতা প্রভৃতি স্থানে একত্রিত হইয়াছি।

মৃত্যুর অল্পকাল পূর্বে জীর্ণ স্বাস্থ্য সংস্কার-নিমিত্ত পুরী গিয়াছিলেন। দেখানে আনাকে যাইবার জন্ত পুন:-পুন: আহ্বান করিয়াছিলেন। আমি তথন রুয়, শয্যায় শায়িত; তাঁহার অম্বরোধ রক্ষা করিতে পারি নাই। এই জীবনে আর আমাদের দেখা হইল না। অতুলের জন্ত আমার প্রাণ ব্যাকৃল হইতেছিল কেন তথন ব্ঝি নাই। জন্মী কিরণকে লিখিয়াছিলাম জীবনের সন্ধ্যাকালে আমার বড় দাধ হইতেছে তোমরা আমার অতুলকে নিয়া কিছুকাল আমার কাছে থাক। কিন্তু পূর্বেই অতুল চিকিংসকের আদেশে পুরী নাপ্তরা স্থির করিয়াছিলেন। আমার প্রাণের সাধ পুরিল না। শেষ মৃহুর্তে ব্ধন তাঁহার অন্তিম শয্যার পার্শে যাইবার তার পাইলাম তথনও তুর্বল শরীরে যাইতে সাহল করি নাই। গেলেও তাঁহাকে দেখিতে পাইতাম না। ১০ ঘণ্টা অজ্ঞান অবস্থায় থাকিয়া তাঁহার আত্মা অমরধাম চলিয়া গেল। লখনউ নিবাদী লোকেরা জাতি ধর্ম নির্ণিশেবে অশ্রেবিসর্জন করিতে করিতে তাঁহাকে শেষ দর্শন করিতে ছুটিয়া আসিয়াছিলেন। এই আকন্মিক নিদারুল শোক-সংবাদে সমন্ত বাঙলা তথা ভারতের শিক্ষিত সমাজ তার হইয়া পড়িয়াছিলেন। প্রায় তুই মাদ পর্যন্ত প্রতিদিন সংবাদ-পত্রে কোন না কোন স্থান হইতে অতুলপ্রসাদের আত্মার কল্যাণ কামনায় শ্রেজান্ত প্রদানের সংবাদ বাহির হইতেছিল। তাঁহার নিকটতম আত্মীয়দের প্রাণে যে গভীর

আঘাত লাগিয়াছিল দেশবাসীর অশুজ্বল তাহা অনেক পরিমাণে প্রশমিত করিয়াছিল। আমরা দেশবাসীর নিকট সেইজন্ম চিরক্কতজ্ঞ।"

"মাত্র্য চিরদিনই মাত্র্য। ভুলভ্রান্তির হাত হইতে কেহই মৃক্ত নয়। অতুলপ্রসাদের জীবনেও এক ভীষণ ভুল হইয়াছিল—জানি না ইহা ভুল, না ইহাই বিধাতার বিধান। অমৃত জ্ঞানে যে হলাহল তিনি পান করিয়া চিত্তের পিপাসা নিবারণ করিতে চাহিয়াছিল, তাহাই অমৃতের পরিবর্তে গরলে পরিবর্তিত হইয়া অতুলের প্রাণে ভন্মাচ্ছাদিত আগুনের **ন্তায় জলিতেছিল। অতুল কি**স্ত নীলকঠের ন্তায় হলাহল পান করিয়াও তাঁহার স্বাভাবিক মাধুর্য হারান নাই। অতুল স্থার কে. স্পি. গুপ্তর দ্বিতীয়া কন্সা হেমকুস্থমকে বিবাহ করিয়াছিলেন। সকল আত্মীয়দের অসমতে সত্ত্বেও এই বিবাহ সম্পন্ন করিবার জন্ম তাঁহাকে বিলাত পর্যস্ত যাইতে হইয়াছিল; কারণ এদেশের আইনে এইরূপ বিবাহ সিদ্ধ হয় না। বিলাত থাকাকালীনই তাহার পত্নী হুইটি যমজ সম্ভান প্রসব করিলেন। একটি অকালে কালগ্রাসে পতিত হইল। বিলাতে থাকাকালীনই তাহাদিগকে বিষম অর্থকষ্টে নিপতিত হইতে হইয়াছিল। সেথানে একজন ম্বলমান তালুকদার বন্ধুর সাক্ষাং হওয়ায় তিনি অতুলকে লথনউ উপস্থিত হইয়া প্র্যাকটিস করিতে উপদেশ দেন। তার আগে অতুল কলিকাতায় ও রংপুরে গিয়া পদারের ১েটা করিয়াছিলেন কিন্তু স্থবিধা করিতে পারেন নাই। বিবাহের পর আত্মীয়র। তাঁহার উপর বিমৃথ হইয়া পড়িলেন। তাঁহাদের নিকট হইতে দূরে থাকিবার জন্ম এবং অভাবের তাড়নায় অতুল লখনউ গিয়া ভাগ্যপরীক্ষা করাই স্থির করিলেন। এখন তাঁহার পত্নী ও পুত্রের ভার বহন করিতে হইবে। অর্থের অন্টনে আত্মীয়দের নিকট হইতে কোন সাহায্যের প্রত্যাশা নাই, অথচ কাছে থাকিলে তাঁহাদের কাছে উপহাসের পাত্র হইতে হইবে, এইসকল চিন্তা করিয়াই অতুল কর্মভূমি লখনউ নির্ধারিত করিলেন। প্রথম-প্রথম এখানেও অর্থদয়ট কম ছিল না। এখন অতুলের মাও অতুলের সঙ্গে আসিয়া থাকিতে আরম্ভ করিলেন। সেই সময়ে অতুলের জীবনে মন্ত পরীকা আরম্ভ হইল। আগ্রীয়দের দক্ষে অতুলের কোন যোগ থাকে ইহা তাঁহার পত্নীর ইচ্ছা নহে। অথচ অতুলের স্বাভাবিক স্নেহপ্রবণতা ইহার বিপরীত। ফলত: প্রতি পদেই পতি পত্নীর মধ্যে মনোমালিল বৃদ্ধি পাইতে লাগিল। ক্রমে অবস্থা এমন দাঁড়াইল যে উহাদের একত্রে থাকা অসম্ভব হইল। ১৯১৩ দালে স্থির হইল অতুল কলিকাতায় থাকিবে, হেমকুস্থম লখনউয়ে থাকিবে। তখন শাস্তি পাইবার জন্ত অতুল আমাদের কাছে করেকদিন আসিয়া থাকিলেন। তথন আমি লাকসামে। হেমকুত্নের ব্যবহার অতুলের মনে খ্বই আঘাত দিতে লাগিল। অতুল ইচ্ছা করেন আয়ীয় য়ড়নদের লইয়া থাকেন, হেমকুয়ম বাধা দিতে লাগিলেন। ক্রমে বাধা অত্যাচারে পরিণত হইল। বিবাহের পর অতুল রাহুগ্রন্ত চন্দ্রের মত হইয়া পড়িয়াছিলেন। আমাদের সহিত সকল রকম সম্পর্ক ছিল্ল হইয়া গিয়াছিল। এমনকি কিছুদিন চিঠিপত্র পর্যন্ত লেথালেথি ছিল না। অতুল আমাকে পরে ইহার কারণ বিলয়াছিলেন যে তিনি একেবারে উপায়হীন হইয়া পড়িয়াছিলেন। একদিকে হেমকুয়মের জেদ যেমন বাড়িতে লাগিল অত্যদিকে আয়ৢয়য়-য়জন বন্ধু-বান্ধবদের জক্ত অতুলের স্নেহ মমতা কৃল ছাপাইয়া উঠিতে লাগিল।

অতুলের প্রেমে ভরা মন পত্নীর অন্তায় জেদ সহু করিতে অ্পারক হইয়া উঠিল। একদিন এমন হইয়াছিল যে কোন বন্ধুর বাড়িতে নিমন্ত্রণ রক্ষা করিতে যান ইহা হেমকুস্থমের ইচ্ছা ছিল না। কিন্তু অতুল এই অন্তায় জিদে প্রশ্রেয় না দিয়া বন্ধুর ভবনে চলিয়া গেলেন। কিছুকাল পরে ভৃত্যের নিকট সংবাদ পাইয়া বাড়িতে আসিয়া দেখেন তাঁহার সমৃদয় মূল্যবান পোশাক একত্রীভূত করিয়া তাহাতে হেমকুস্থম অগ্নি সংযোগ করিয়াছেন। পোশাকগুলি দাউ-দাউ করিয়া উঠানের মাঝখানে জ্বলিতেছে। এমন একটিও পোশাক রহিল না যে তাহা পরিধান করিয়া পরের দিন আদালতে যাইতে পারেন। সেইজ্ব্য অতুলকে পরের দিন অন্তের দারস্থ হইতে ইইয়াছিল।

অতুলের মৃথে যথন এই ঘটনা শুনিয়াছিলাম তথন সক্রেটিসের মন্তকে পত্নী কর্তৃক কর্দমাক্ত জল ঢালিয়া দেওয়ার কথা শৈশবে পাঠ করিয়াছিলাম তাহাই আমার মনে পড়িল। আশ্বর্য থৈয়ালিজ অতুলের ছিল। সকল নির্যাতনই খায়ান বদনে সহ্ করিয়াছেন। কিছুতেই তাঁহার স্বাভাবিক মাধুর্য মান করিতে পারে নাই। আগুনে পুড়িলে সোনা খাঁটি হয়। আমাদের অতুলপ্রসাদকেও অতুলপ্রসাদ রূপে পাইতাম না যদি তাঁহাকে আগুনে পুড়িয়া পরের জন্ম বাহির করিয়া না দিত। তাই একদিন গাহিয়াছিলেন, 'যাব না যাব না যাব না ঘরে'। একদা আমরা ছই ভাই ছই বন্ধু দাজিলিংএ একত্রে ছিলাম। আমাদের শয়নকক্ষ ছিল পাশাপাশি, কিন্তু অতুল শয়ায় শয়ন করিবার অল্পকণ পরেই আমার শয়ায় আসিয়া আমার বুকে মাথা রাখিয়া থাকিতেন। নীরবতার মধ্যেই তাঁহার প্রাণের বেদনা জানিতে ও বুঝিতে পারিতাম। তিনিও আমার সমবেদনার স্পর্শ বুঝিতে পারিতেন। এরপে আমরা কত বিনিশ্র রক্তনী নীরবে কাটাইয়াছি। দেবার অতুল, 'যাব না যাব না যাব না ঘরে' গানটি রচনা করিয়াছিলেন। প্রভাত হইবার প্রেই আমরা ছই ভাই বেড়াইতে বাহির হইতাম। পথে বিসয়া বিসয়া বিহক্তের কাকলির য়ায় তাঁহার ন্তন ন্তন গান শুনাইয়া আমাকে মৃশ্ধ করিতেন। তথনও বাঙ্গলা দেশে তাঁহার গানের আদর আবন্ধ হয় নাই।

অকশ্বাৎ একদিন সংবাদ আসিল হেমকুস্থম .লখনউ ত্যাগ করিয়া কলিকাতায়

সত্যপ্রসাদ আরো লিখেছেন:

"একাধিকবার হেমকুস্থম গৃহত্যাগ করিয়া অতুলকে জব্দ করিতে চেষ্টা করিয়াছেন। কিন্তু সর্বদাই অতুল তাঁহাকে ক্ষমা করিয়া গৃহে স্থান দিতে প্রস্তুত ছিলেন। অতুল আমাকে বলিয়াছিলেন যে একবার রবীন্দ্রনাথ অতুলের অতিথি, তার পূর্বে হেমকুস্থম গৃহ ছাড়িয়া চলিয়া গিয়াছেন। কবির আতিথ্যে ত্রুটি না হয় সেইজন্ম হেমকুস্থম বাড়িতে আসিতে চাইলে অতুল অমান চিত্তে তাহা অমুমোদন করিলেন। কিন্তু এই মিলন অচিরাৎ বিচ্ছেদে পরিণত হইল। খুড়িমার পরলোক গমনের পর আরো একবার শ্রহের বিহারীলাল সেন মহাশয়ের পুত্র মেজর জ্যোতিলালের অন্থরোধে অতুল হেমকুস্থমকে পুনর্বার তাঁহার চিকিৎসার যথোপযুক্ত বন্দোবন্ত করিয়া দিয়াছিলেন, কিন্ত অদৃষ্টের পরিহাদে সকল চেষ্টাই বুথা হইল। অল্পকালের মধ্যেই গৃহত্যাগের রোগ প্রবল হইয়া উঠিয়া শেষবারের মত হেমকুস্থম বাড়ি ছাডিয়া চলিয়া গেলেন। ক্রমে স্বামী-স্ত্রীতে যেরপ সম্পর্ক দাড়াইয়াছিল তাহাতে একে অত্যের প্রতি মমতাশৃত্ত হইয়া পড়িয়াছিলেন। তবু কর্তব্যজ্ঞান অতুলকে কোনদিনই ত্যাগ করে নাই। অকাতরে হেমকুস্থমের স্থণ-স্বিধার জন্ম অর্থ জোগাইতেন। নিয়মিত মাসিক মাদোহারা দেওয়ার পরেও রোগের সময় কিমা গ্রীমকালে শৈলাবাসে থাকার জন্ত প্রয়োজনাধিক অর্থ দিতে পশ্চাংপদ হন নাই। এত করিয়াও পুনমিলন হয় নাই। ভাই বড় হৃ:থে গাহিয়াছিলেন:

নিদ নাহি আঁথিপাতে, বঁধুয়া।

নিয়তি অতুলকে দিয়া তাঁর থেলা থেলাইবেন, তাই শৈশবে ত্ইবার তাঁর জীবন বিপন্ন হইয়াও রক্ষা পাইল। যৌবনের এক ঘটনায় প্রাণে এমন আঘাত পাইলেন যে তাহার উপশমের জ্ব্য মধ্যম মাতৃলের সহাস্থৃতি পাইয়া বিলাত যাইতে সমর্থ হইলেন; নতুবা ইহা হওয়া হয়ত কঠিন হইত। তারপর তাঁহার অভিশপ্ত বিবাহ। সকল আত্মীয় বন্ধনরা একদিকে, অতুল একদিকে। কিন্তু যে বিবাহের জ্ব্য অতুল সকলের বিরাগভাবন হইল তাহার ফলও বিষময় হইল। নীলকণ্ঠের স্থায় তিনি নিজে সেই বিষ আকণ্ঠ

পূর্ণ করিয়া ধারণ করিলেন আর তাহাই দেশবাসীকে স্থারণে দিয়াছিলেন। তথনই অতুল গাহিয়া উঠিল, 'কী আর চাহিব বল হে মোর প্রিয়!' ফলতঃ দেশবাসী অতুলপ্রসাদকে পাইল সাধক রূপে, উদাসী বাউল রূপে আর সর্বস্তাঙ্গী বৈরাগী রূপে।"

"বাল্য, কৈশোর ও ষৌবনে আমরা পরস্পরের নিকট প্রাণ খুলিয়া ষেমন আমাদের আশা আকাজ্রা ও স্থুপ তৃঃপের আলোচনা করিতাম, বার্ধক্যের কোঠায় পা দিয়াও আমরা তেমনই প্রাণের কপাট খুলিয়া আলাপ করিতাম। তাই তাঁর প্রাণের থবর মিলিবার স্থযোগ ঘটিয়াছিল। প্রত্যেক মান্ত্রেরই জীবনে আলো ছায়া হই পৃষ্ঠাই আছে। প্রথমটি স্বর্গীয়, তাহার ধ্বংস নাই। দ্বিতীয়টি পার্থিব। অতৃলের জীবনের যাহা অবিনশ্বর সেই কথা আমি কমই বলিব। কারণ তাহা হয়ত পক্ষপাত-দোষে হুই হইতে পারে এই আমার ভয়। তাহার শেষ জীবনের সঙ্গী মুখোপাধ্যায় আতা-যুগল। অধ্যাপক ধৃর্জটিপ্রসাদ, উত্তরার উত্তরাধিকারী ও সাহিত্যে সহকারী স্থরেশবাবু ও কথাশিল্পী মরমী কেদার বন্দ্যোপাধ্যায় শেষ জীবনের কথা ব্যক্ত করিবেন আশা করি। আর অতৃলের শ্রেষ্ঠ দান স্থর ও কথার প্রকৃত বোদ্ধা দিলীপকুমার রায় এ বিষয়ে মতামত ব্যক্ত করিবেন।

কয়েক বংদর পূর্বেই অতুল আমাকে তাঁহার উইল কিরূপ হইবে জানাইয়াছিলেন। আমরা দমবয়দী হইলেও তাঁহার বিশ্বাদ ছিল যে তিনি আমার পূর্বেই ষাইবেন। গেলেনও তাই। দেইজন্ম তাঁহার উইলে আমাদের ও বীরেনকে (Mr B. C. Sen. I. C. S.) তাঁহার উইলের ট্রান্টি করিবেন ইচ্ছা প্রকাশ করিয়াছিলেন। যে কারণেই হোক তাঁহার ইচ্ছার অবশেষে পানবর্তন করিয়াছিলেন। করিয়া ভালই করিয়াছিলেন। হয়ত ব্ঝিতে পারিয়াছিলেন আমাদেরও দময় আগতপ্রায়। আমরা কেহই এই কঠন কর্তব্য এত দূরে থাকিয়া দম্পন্ন করিতে পারিতাম না।

লখনউয়ে অতুল প্রথম ভাড়াটিয়া বাড়িতে থাকিতেন; পরে নিজ বাড়ি করার সঙ্কল্ল করিয়া যে জায়গা নিয়াহিলেন দে জায়গাটা লখনউয়ের বড় ফেলনের সন্নিকট। অতুলের নামারুদারে একটি নতুন রাস্তা হইয়াছিল A. P. Sen Road, তাহারই উপর প্রায় পাঁচ বিঘা জমি। এই জমি তৃ-ভাগ করিয়া তৃ-খানি বাড়ি করার ইচ্ছা তাঁহার ছিল। কিছ হইয়া ওঠে নাই। এ. পি. সেন রোড সম্বন্ধে অতুল আমাকে বলিয়াছিলেন যে অতুলের লখনউয়ে অন্তপৃষ্থিত কালে লখনউয়ের পুরজনেরা অতুলের অজ্ঞাতসারেই একটি নৃতন রাস্তা বাহির করিয়া তাহার নাম রাখিয়াছিল A P. Sen Road. লখনউবাসীদের হদয়ের ভালবাসার ইহা এক প্রকৃষ্ট নিদর্শন। যে জায়গাটিতে বাড়ি করার জন্ম জমিল লখনউ

মিউনিসিপ্যালিটির। অতুল আমাকে বলিয়াছিলেন যদি ২০ কি ২২ বংসরের খাজনা একত্তে দেওয়া যায় তবে আর কোন খাজনা দেওয়ার দরকার নাই।

অত্ল যাহা উপার্জন করিতেন সবই থরচ করিতেন, তাই এই টাকা দেওয়া হ্বিন ছিল। আমি আগ্রহ প্রকাশ করিতে লাগিলাম যে যেমন করিয়াই হোক এ জায়গাটা নিষ্কর করিতে হইবে। কয়েক বৎসর পর আমি যথন অতুলের নৃতন বাড়িতে গিয়াছিলাম তথন বলিয়াছিলেন যে এই জায়গাটা নিষ্কর করিতে সক্ষম হইয়াছেন। লখনউয়ের বাড়ির পরিকয়না তাঁহার নিজের। কত রাত্রি জাগিয়া কী রকম করিলে হ্বার বাড়র পরিকয়না তাঁহার নিজের। কত রাত্রি জাগিয়া কী রকম করিলে হালর হয়, কী রকমে সকলের হ্ববিধা-মত জায়গা হইবে ইহাই চিন্তা করিতেন ও এক-এক সময়ে এক-এক রকম য়য়ান অহিত করিতেন। জ্ঞানবাব্ নামক একজন ইঞ্জিনীয়ারের কাছে আমাকে নিয়া চলিলেন বাড়ির নির্মাণ বিষয়ে সবিশেষ পরামর্শ করিবার জন্ত। অতুলের ইচ্ছা ছিল আমি থাকিয়া আমারই তত্বাবধানে বাড়িটা করায়। কিন্তু ছাথের বিষয় আমি সক্ষম হই নাই, থাবিতে পারিলে হয়ত আরো কম থরচে বাড়িটা হইতে পারিত। অতুলের বাড়ির নাম খুড়িমা হেমন্তশালীর (অতুলের মা) নামায়্ল্যারে 'হেমন্তনিবান' রাখা হইল। কিন্তু বড়ই পরিতাপের কথা খুড়িমা এই বাড়ি দেখিয়া যাইতে পারেন নাই।

অত্লের গৃহবিচ্ছেদের মূলে একজন অক্তজ্ঞ ব্রাহ্মণ-সন্থান ছিল। অতুল নি:সহায় অবস্থায় সাহায্য করিয়া লেথাপড়া শিথাইয়াছিলেন। পরে সে সেই উপকারীর প্রতি কৃতজ্ঞতা দেথাইয়াছিল নিতান্ত নির্নজ্ঞের মত ব্যবহার করিয়া। দৃষ্টান্ত স্বরূপ, বিভাসাগর মহাশয়ের জীবনেও এরপ অভিজ্ঞতা বিরল নহে, এমন গল্প শুনিয়াছি। অর্ধ-উন্মাদ পত্নী গৃহত্যাগী, ভগ্নীরা তিনজনেই পতিহারা ততপরি শোকাতুরা, অপর জন কন্তাপাগলিনীপ্রায়। স্বেহময়ী জননী এত সাধের ভবন প্রস্তুত হইবার পূর্বেই চলিয়া গেলেন—এ সকল প্রতিকৃল অবস্থার মধ্যে পড়িয়াও তাঁহার স্থাভাবিক মাধুর্ষ হারায় নাই। সদাই হাসিমুথে ধীর-স্থিরভাবে সবই সহু করিয়াছেন আর গাহিয়াছেন:

'তুমি যে শিব তাহা বুঝিতে দিও।'

বৃঁকে সর্বদা আগ্নেয়গিরির বহি জালিতে থাকিলেও মৃথে কিছুই প্রকাশ পাইত না। তাহার বাড়ি ছিল একটা আনন্দ-ভবন। বঙ্গু-বান্ধব, আগ্রীয়-স্বজন, কুটুম্ব কেহ না কেহ সর্বদাই তাঁর বাড়িতে থাকিতেন। তাঁহাদিগকে আনন্দে রাথিবার জন্ম আন্তরিক চেষ্টার ক্রটি ছিল না। কাহারো যাহাতে কোনরূপ অস্তবিধা না হয় সেদিকে প্রথর দৃষ্টি। আমি যতবারই গিয়াছি প্রত্যেকবারই আমার স্ত্রী ও ছেলেমেয়েদের নিয়া কাপড়ের কি থেলনার দোকানে গিয়া উহাদের ইচ্ছামত জিনিস কিনিয়া আনিতেন। উহাদিগকে এই সকল দিয়া বড়ই তৃগু হইতেন।

অমিতব্যয়ী বলিয়া আমি সর্বদাই অভিযোগ করিতাম। খুড়িমাও অনেক সময়ে বলিতেন, 'দেথ আমি তো পারি না, তুই বড় তোর কথায় যদি থরচাপত্র কমায়।' আমি যথনই লখনউ যাইতাম তথনই তাঁহার মৃলিদের প্রতি আদেশ থাকিত যেন হিসেবের থাতা আমাকে দেখানো হয়। আমাকে বলিতেন, 'দাদা তুমি দেথ দেখি কোন্টা আমার অন্তায় থরচ ?' ভবিশ্বতের জন্ত সংস্থান করার কথা বলিলে বলিতেন, 'আমি শেষ জীবনে রামকৃষ্ণ মিশনে থাকব। ৫০ টাকায় আমার বেশ চলে যাবে।'"

ভায়েরির পাতা এলামেলো। সত্যপ্রসাদ নিয়মিত ভায়েরি লেখেননি। 'রোজনামচা'র অলিখিত নিয়মই বোধহয় তাই। বছর ঘুরে গেছে, হয়ত এক কলমও লেখেন নি, আবার কয়েকটি দিনে পর-পর কিছু ছত্র লিখেছেন। তাঁর বাল্য, কৈশোরও প্রথম যৌবনের দশী তাঁর কবি-ভাতা অতুল সমস্ত মনপ্রাণ জুড়ে ছেয়ে ছিলেন। ভায়েরির পাতায় তাঁর কথাই—ভার জীবনের টুকরো টুকরো ঘটনার মালা আপনার অজানিতে আমাদের উপহার দিয়েছেন। সত্যপ্রসাদের হয়ত এক সময়ে ইচ্ছেও ছিল অতুলপ্রসাদের জীবনী রচনার কাজে হাত দেবেন। কিন্তু হয়ে ওঠে নি; হয়ত বার্ধক্যের জত্যে কিংবা অস্তম্ব শরীরের জত্যে—যেকোন কারণেই হোক। তিনি ভায়েরির পাতায় অতুলপ্রসাদের জীবনের বিভিন্ন সময়ের বিভিন্ন ঘটনাপঞ্জীর একটা ছকও এ কৈছিলেন। শেষের দিকে তাঁর লেথার কোন তারিথ নেই, যদিও কিন্তু অনেক জীবনের জন্মমৃত্যুর তারিথ লিখে গেছেন। সেদিন লিখলেন

"খূড়িমা হেমস্তশশীর জন্ম ১২৭৪ মৃত্যু ২৮শে বৈশাথ ১৩৩২ খুড়িমা ৭৮ বংসর বাঁচিয়াছিলেন"

আরো ত্-এক পাতা পরে লিখেছেন: "অতুল ও হেমকুস্থমের মধ্যে বিচ্ছেদের প্রথম কারণ আমার মনে হয় যে উহাদের বিবাহে যাঁহারা বাধা দিয়াছিলেন ও উহাদের পরে প্রায় ত্যাগ করিয়াছিলেন তাহাদের সম্পর্ক সম্পূর্ণ বর্জন করাই ছিল হেমকুস্থমের ইচ্ছা, কিন্তু অতুল তাহা সমর্থন করিতে পারেন নাই। দিতীয়তঃ, থুব সম্ভবত ঈর্বা। অতুল ছিলেন স্ত্রী পুরুষ নির্বিশেষে সকলেরই প্রিয়। অনেক মেয়েরা অতুলের কাছে গান শিথিতে আসিত ইহা বোধহয় হেমকুস্থম পছন্দ করিতেন না। বিচ্ছেদের পর অতুল আমাকে বলিয়াছিলেন যে অতুলের কি হেমকুস্থমের দিকের আত্মীয়ের কাহারো সঙ্গে কোন সংশ্রব থাকে ইহা হেমকুস্থমের ইচ্ছা ছিল না।"

অতুলপ্রসাদের পরলোক গমনের পর একটি বছর অতিক্রাস্ত হল, ফিরে এল সেই হংস্বপ্নের কাল রাত্রি। মনে হয় না অতুল আর এ জগতে নেই। তাঁর গান আজ্ব আকাশে বাতাদে সকলের কঠে কঠে ফিরছে। তাঁর কথা যে একদিনও ভূলতে পারা

যায় না। ভোলা যায় না তার হংখ তার বেদনা, তাঁর উচ্চ হাসি, সরস উক্তি আর হাস্তম্থর লাজুক ম্থখানা। তিনি যে উদাসী বাউল, সাধক, সর্বত্যাগী বৈরাগী। সত্যপ্রসাদ লিখলেন:

"আজ প্রায় এক বংসর পূর্ণ হইতে চলিল প্রাণাধিক অতুলকে আমি হারাইয়াছি। তাঁহার শোক আমাকে বড় বিচলিত করিয়াছে। এমন এক দিনও যায় নাই ষেদিন তাঁহার কথা শ্বরণ করি নাই অথবা তাঁহার বিষয়ে আলোচনা করি নাই। শোক ব্যথায় ইহাই আমাকে সান্তনা দিতেছে। ঈশ্বর মঞ্জময়।"

(অতুলপ্রসাদের মৃত্যুবাবিকীতে সতাপ্রসাদের ভাষণ)
রাঙ্গি কালীনারায়ণ তাঁহার রচিত গানের পুন্তক 'ভাব সঙ্গীত' তাঁহার তিন শিশু
দৌহিত্র অতুলপ্রসাদ, চাঙ্গচন্দ্র ও নলিনীভ্যণকে অর্পণ করিয়াছিলেন। তিনজনই
স্বন্ধ ছিলেন। অতুলপ্রসাদ কেবল স্বর্গ ছিলেন না, তিনি দাদামহাশয়ঠাকুরের সঙ্গীত
রচনার যোগ্য উত্তরাধিকারী হইয়াছিলেন।

অতুলপ্রসাদের কর্মক্ষেত্র যুক্ত প্রদেশের লখনউ শহরে ছিল। কিন্তু তাঁহার সঙ্গীতের রস বাঙলাকে মৃশ্ব করিয়াছিল। অতুলপ্রসাদের সঙ্গীত এতই উচ্চদরের ছিল যে কেহ কেহ অতুলপ্রসাদের কোন কোন গানকে কবীন্দ্র রবীন্দ্রনাথের রচনা মনে করিতেন। সেই কারণে কবিগুরু অতুলপ্রসাদকে তাঁহার রচিত গানগুলো পুত্রকাকারে বাহির, করিতে উপদেশ দিয়াছিলেন। অতুলপ্রসাদের রচিত গান বাঙলা ভাষায় অপূর্ব সম্পদ। তাঁহার গীতাবলী তাঁহাকে বাঙালীর নিকট অমর করিয়া রাখিবে। স্থথের বিষয় কলিকাতা বিশ্ববিভালয় অতুলপ্রসাদের গান বিশ্ববিভালয়ে পাঠ্যভুক্ত করিয়াছেন।

অতুলপ্রসাদ উত্তর ভারতের খ্যাতনামা ব্যবহারজীবী, সমাজ হিতৈষী, আর্তের বন্ধু এবং শ্রেষ্ঠ রাজনৈতিক। বাঙলায় তিনি উদাসী বাউল বলিয়াই পরিচিত। আজীবন অতুলপ্রসাদ সঙ্গীতে মশগুল ছিলেন, তাই গাহিয়াছেন, 'মিছে তুই ভাবিদ মন, তুই গান গেয়ে যা গান গেয়ে যা আজীবন।' গাহিলেন:

'সংসারে যদি নাহি পাই সাড়া
তুমি তো আমার রহিবে
বহিবারে যদি নাহি পারি এ ভার
তুমি তো বন্ধু বহিবে।
হুংগেরে আমি ডরিব না আর
কণ্টক হোক কঠের হার
জানি তুমি মোরে করিবে অমল
যভই অনলে দহিবে।'

তৃ:খী অতুনপ্রদাদ তাঁর চিরসদী দদীতের মধ্যে আত্মন্থ হইতে চাহিয়াছিলেন চ গাহিলেন, 'ওগো তৃ:খস্থথের দাধী দদী দিনরাতি দদীত মোর!'

শংসারের অশান্তির মধ্যেও অতৃলপ্রসাদ বাহিরের পাগলকে অন্তরে দেখিতে পাইলেন। পাগলের ডাক শুনিয়া অতৃলপ্রসাদ গাহিয়া উঠিলেন, 'যাব না যাব না, যাব না ঘরে, বাহির করেছে পাগল মোরে।'

ৰাভীয় কবি অতুলপ্ৰসাদ

দীনশা ওয়াচার সভাপতিত্বে কলিকাভায় বিজন পার্কে যে বংসর জাতীয় মহাসভা হইয়াছিল সেই মহাসভায় অতুলপ্রসাদ গাহিলেন, 'উঠো গো ভারতলক্ষ্মী, উঠ আদি জগতজন-পূজা।' সভাস্থ সকলে মন্ত্রম্প্র ও চমংক্রত। এ লোকটি কে? এমন আশ্চর্য রচনা কাহার? সেইদিন হইতে অতুলপ্রসাদ বাঙালীর নিকট পরিচিত হইলেন। তারপর তাঁহার 'হও ধরমেতে ধীর হও করমেতে বীর হও উন্নতশির নাহি ভয়', 'বল বল বল সবে শত বীণা বেণু রবে' ইত্যাদি গান তাহাকে সম্পূর্ণরূপে বাঙলার ও বাঙালীর আপনজন করিয়া দিল। তদবধি বাঙলায় কবি অতুলপ্রসাদ সর্বজন-পরিচিত।

বিত্যী স্বর্ণকুমারী দেবী অতৃলপ্রসাদকে জলধর সেন মহাশয়ের সঙ্গে পরিচিত করার সময়ে বলিয়াছিলেন, 'দেখুন ইনি ''উঠগো ভারতলন্দ্রীর কবি।'' ইহাই অতৃলপ্রসাদের প্রকৃত পরিচয়।

সংস্কারক অতৃলপ্রসাদ

মহাত্মার অচ্ছত আন্দোলনের বহু পূর্বেই অতুলপ্রসাদ গাহিয়াছিলেন, 'পরের শেকল ভাঙিদ পরে নিজের শিকল ভাঙ রে ভাই, আপন কারায় বন্ধ ভোরা পরের কারায় বন্দী ভাই।'

অতৃলপ্রসাদ হিন্দু ম্সলমানকে পৃথক বলিয়া জানিতে শিথেন নাই, ভাবিতেও পারেন নাই। তাই ব্রাহ্ম অতৃলপ্রসাদের শ্বাধার বহন করিয়াছিলেন একদিকে হিন্দু ডাঃ জ্বগংনারায়ণ, অপরদিকে ম্সলমান বন্ধু মিঃ মহম্মদ নাসিম। অতৃলপ্রসাদের নিকট ধর্ম পৃথক হইলেও সকল ভারতবাসীই জাতিগতভাবে এক, সকলেই 'ভারতীয়'।

मत्रमी অতুमপ্রসাদ

অতুলপ্রসাদ কথায় ও কার্যে এক ছিলেন। জীবিত কালে তাঁহার আয়ের অধিকাংশই দানে ব্যয় করিতেন, মৃত্যুর পরও উইল ঘারা আয়ের প্রায় সমস্টাই পরার্থে দান করিয়া গিয়াছেন। তাই অতুলপ্রসাদ গাহিয়াছেন:

"কতকাল রকে নিজ বিভব অশ্বেষণে"

ভক্ত অতুলপ্রসাদ

অতুলপ্রসাদের সঙ্গীতের বহু স্থানে শেষের দিনের উল্লেখ দেখিতে পাওয়া যায়। মনে হয় সেই দিনের জন্ম যেন তিনি সর্বদাই প্রস্তুত ছিলেন।

ভক্ত মাতামহ কালীনারায়ণ গুপ্ত গাহিলেন:

'ওগো দরদী—আমার মন কেন উদাসী হতে চায়। যোগ্য দৌহিত্র অতুলপ্রসাদ গাহিলেন:

আমার পরান কোথা যায়—কোথা যায় উড়ে।

এক প্রবন্ধে ধৃজটিপ্রসাদ লিখেছেন:

"অতুলপ্রসাদ ছিলেন স্থাসায়িত পুরুষ। । । তার জীবনের বহুম্থীনতা কোন ঘশ্ব কিংবা বিভাগ স্বান্ট করেনি। ঘল্ব ছিল না বলি না, কিন্তু সেই ঘল্বের শক্তিকে তিনি স্থাস্থ্য সংহতিতে পরিণত করেছিলেন। বিভাগ যে কত ছিল সকলেই জানেন। অত বড় ব্যারিস্টার, নেতা, সমাজ সেবক, কমী, দাতা, কবি, সঙ্গীত রচয়িতা একাধারে ঘলত। কিন্তু প্রত্যেক কর্ম তাঁর স্বভাবে এত উত্তম-ধৃত ছিল যে মনে হত্ সবই যেন অন্তরের জ্যোতির বিকিরণ, গোলাপগাছের গোলাপ ফোটার মত স্বাভাবিক, প্রতিবেশের প্রভাব থেকে সম্পূর্ণ নিরপেক্ষ। প্রতিক্লকে অন্তর্গলে রূপান্তরিত করার জাত্বিছা তাঁর ছিল করায়ত্ত। এমন প্রয়াসবিহীন সামঞ্জন্মের ক্রপাতেই তিনি ছিলেন জনপ্রিয়।

কিন্তু বিশেষ কর্মেই তাঁর সমগ্রতা ধরা পড়ত। আমাদের বিশ্ববিচ্চালয়ের সঙ্গে তিনি যুক্ত ছিলেন সর্বোচ্চ সমিতির সভ্য হিসেবে। কিন্তু আমার সঙ্গে তাঁর সম্পর্ক ছিল অন্ত ধরনের। আরো অনেকের মত আমি তাঁর কর্মান্তের বিরামের সঙ্গী ছিলাম। আমাদের পরিচয় হয় সঙ্গীতের দৌত্যে, সঙ্গীতের আসরে। তেকসরবাগে তথন তিনি থাকতেন। অনেক রাত পর্যন্ত গানবান্ধনা হয়। তারপর কত আসরে তাঁর পাশে বসে গানবান্ধনা স্থনেছি তার সংখ্যা নেই।

তাঁর গান গাওয়ার মধ্যে একটা কথা আমার চিরকাল মনে থাকবে। সেটা হল অবসর। আরম্ভ করার পূর্বেই গানকে অবসর দিতেন; চোথে বুজে, নীরবে জমি তৈরি করতেন। কালো ভেলভেটের ওপর কামদানীর কান্ধ, আগ্রহে উন্মুথ হয়ে অপেকা করতাম। গান গাইবার সনয়ে প্রত্যেক কথাকে অবসর দিতেন। বাক্যের সক্ষে তার সম্বন্ধটি উপলব্ধি হত। নীরবতার আশ্রয়ে গানটি মিলিয়ে যেত, যেন মায়ের কোলে ছেলে ঘুমিয়ে পড়েছে। তাঁর গান গাওয়া ছিল নিভূতের কম্পিত রূপছটো, রাগ হত সম্বনের সংঘত কুশলতা। এই বিরাম কি তাঁর বিশ্বামবিহীন জীবনের ক্ষতিপ্রণ ? কে

তাঁর জীবনের কর্মকথা বুঝে তাঁর গান গাইবে ? করুণায় মৃত্ন, অস্তরেরই ভাবসম্পদে অন্তর্মুখী যে নয় সে যেন তার গান না গায়।

তিনি ছিলেন রবীন্দ্রনাথের মহা ভক্ত। কবির কবিতা ভনতে পেলে আর কিছু চাইতেন না। বলতেন, 'লিখতে লজ্জা হয়, ইচ্ছে হয়, কেবল পড়ি। কিন্তু হঠাৎ ষেন হাত কিরকম করে ওঠে।' রবীন্দ্রনাথ ছাড়াও অক্ত কবির কবিতা পড়তে তিনি খুব ভালবাসতেন। তাঁর রুচি ছিল নিতাস্ত উদার। সাহিত্যের প্রতি প্রগাঢ় প্রীতি না থাকলে এইপ্রকার সার্বভৌমিকতা লাভ করা যায় না। তুলসীদাস ও কবিরের দোঁহা, মীরাবাঈয়ের ভজন তাঁর নিভান্ত প্রিয় ছিল। কিন্তু সাত রাজার ধন মানিক তাঁর নিজের ভাষা বাংলা ভাষা। সঙ্গীত ও কবিতা রচনা ছাড়া অক্স উপায়ে প্রবাসী তিনি বাংলা ভাষাকে সাহায্য করেছেন। 'উত্তরা'র জন্মে, উত্তর প্রদেশের বাঙালীর সাহিত্য অফুষ্ঠানের জন্মে, এ অঞ্চলের প্রত্যেক বাংলা বিচ্যালয়ের জন্মে তিনি যে হাজার হাজার টাকা দান করেছিলেন সে কেবল সাহিত্যের প্রতি গভীর ভালবাসার প্রেরণায়। 'উত্তরা' তাঁরই মানস সন্তান। তিনিই প্রথম বলেন কাগন্ধ বের করতে হবে। রাধা-ক্মলবাবু এবং প্রবাসী বাঙালী প্রত্যেকেই তাঁর প্রস্তাব সোংসাহে গ্রহণ করেন। প্রথম সংখ্যা বেরুল, তারপর সব উৎসাহে ভাঁটা পড়ল। অন্ত শহর থেকে টাকা এল কিন্তু তাঁর ছুরাশা পূরণের উপযুক্ত নয়। লাগে টাকা দেবে অতুল সেন। তিনি টাকা দিলেন কত, আমি জানি। দেবার সময় রাগের ভান করে বললেন, 'টাকা আমি আর দিতে পারব না।' শুনে প্রত্যেকে হেসেছিলাম। ... কতবার ষে হয়েছে ইয়ত্তা নেই— 'অমুক লোকটা আমায় ঠকিয়েছে হে ওকে আর এক পয়দা দেব না', তথনই বলাবলি করতাম, 'ইতিপূর্বে মন নরম হয়ে তাই নিজের তুর্বলতা লুকুতে ব্যন্ত।'···

শ্রবাসী বাঙালীদের সাহিত্য-সভায় যোগ দেওয়া ছিল তাঁর নেশা । তাঁর উপস্থিতিতে রদের ফোয়ারা খুলে যেত। গান, গান আর গান। কানপুরে রাত তৃটো পর্যন্ত গাইলেন, দিল্লীতে জয়ন্তী উৎসবে রাত বারোটা পর্যন্ত । তার্যপুর, নাগপুর, কাশী সর্ব ত্রই তিনি গেয়েছেন—সকলকে মৃগ্ধ করে এসেছেন—কেবল সৌজ্জে নয়, সাহিত্য-প্রীতির সংক্রমণে।"

শ্রীযুক্ত ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়কে লিখিত শ্রীযুক্ত দিলীপকুমার রায়ের পত্র নিচে 'স্থরেলা' নামে 'উত্তরা'র অতৃল স্মৃতি সংখ্যায় প্রকাশিত রচনাটি থেকে কিছু আংশ তুলে দেওয়া হল:

"অতুলপ্রসাদ আজ আর আমাদের মধ্যে নেই। সন্ন্যাস রোগে কয়েক ঘণ্টার মধ্যে সব শেষ হয়ে গেছে। না, সব শেষ নয়। অনেক কিছু রয়ে গেল। দিয়ে গেছেন তিনি। উত্তরাধিকারী আমরা সে সম্পদের। তাঁর গানের। কম নয় সে সৌভাগ্য। সে গান সে যে কী বস্ত ছিল তা তুমি জান। তাঁর 'কয়েকটি গান'—তাঁর প্রথম গানের বই,—যা প্রকাশ করতে তাঁর কতই কুঠা ছিল, তুমিই একরকম জোর করে প্রেসে দাও। আমার বিশ্বাস খুব কম লোকই তাঁর গানকে তেমন করে জানে। তুমি যে ছিলে তাঁর বোদ্ধা, সতীর্থ, বন্ধু। শুধু স্থরের যে নৈর্ব্যক্তিক আবেদন তার মধ্যে দিয়েই নয়, দরদের, সামীপ্যের, তাঁর ব্যক্তিগত মাধুর্যের মধ্যে দিয়েও চিনেছিলে তাঁর স্থরকে তাঁর স্থরময় প্রাণকে। তাই তুমি জানো যে এমন স্থরেলা কান ও ফুলেলা প্রাণ জীবনে বড় বেশি মেলে না। তোমার কাছে কত প্রিয় এই গানটি আমি জানি:

'আমার বাগানে এত ফুল, তবু কেন চলে যায়

(তারা) চেয়ে আছে তারি পানে, সে তো নাহি ফিরে চায়।'
এক নতুন চঙের খামাজ; ছোট মীড়ে, ছোট গমকে, ছোট তালে এ গানটি শুনলে কার
না মনে জাগত উদাস-করা ফুলের হুগদ্ধ? আলোক-লোকের পিপাসা? কার না
অতুলপ্রসাদকে লক্ষ্য করে বলতে ইচ্ছে হত

'ফুলে ও স্থরে ভরেছ কবি প্রাণ! কণ্ঠ তব গায় তো তারি গান।'

মনে পড়ে যেদিন এ গানটি তিনি প্রথম ভনিয়েছিলেন তাঁর পেলব অভিমানী কঠে। কত দরদই নাছিল তাঁর মধুর স্থরেলা কণ্ঠস্বরে। কজন বড় গায়কের মধ্যে সে মনোজ্ঞ স্থর, সে দরদ মেলে ?"

এক প্রবন্ধে লখনউ বিশ্ববিভালয়ের প্রাক্তন অর্থনীতির অধ্যাপক রাধাকমল ম্থোপাধ্যায় বলেছেন, "অতুলপ্রসাদ সেনের মনের এমন একটা প্রসারতা ছিল বাহাতে তিনি কি বাঙালী কি অবাঙালীর সঙ্গে আগ্রীয়তা হাপন করিতে পারিতেন। প্রবাদী বাঙালীর পক্ষে এইটাই তাঁহার বিপুল কর্মময় ও রসপ্রবণ জীবন হইতে প্রধান গ্রহণ করিবার জিনিস। ব্যবসায়িক ক্ষেত্রে অপরিচিত দেশে য্ঝিতে যুঝিতে তিনি অবসর সময়ে এ প্রদেশের সাহিত্য ও গান, আমোদ-উৎসব ও চারু শিল্পকলার রসপ্রাচ্ব উপভোগ করিবার জন্ত সর্বদাই। উন্মৃথ থাকিতেন। এই কারণেই তাঁহার বন্ধুত্বের আদানপ্রদান বাঙালী সমাজে আবন্ধ ছিল না! গোখলে, চিন্তামণি ও শ্রীবান্তবের সঙ্গে তাঁহার বন্ধুত্বের প্রগাঢ়তা অনেক বাঙালী কল্পনাই করিতে পারে নাই। একটি সহজ সহদয়তা ও উদ্বেল প্রীতি তাঁহার পরিশীলনের প্রসারতার সহায় ছিল।

'আনায় রাখতে ষদি আপন ঘরে বিশ্বঘরে পেতাম না ঠাই।

হজন যদি হত আপন

হত না মোর আপন স্বাই।

এইটাই তাঁহার জীবনের খৃলস্ত্র ছিল। তাই তিনি আপনা ভূলিয়া মনে প্রাণে এত ভালবাসিতে পারিয়াছিলেন।

কিন্তু যে বাঙালীর অন্তর এমন করিয়া প্রবাসকে ভালোবাসিতে পারিয়াছিল তাহা দিয়া প্রবাস জীবন বাঙালী জাতিকে কম দান দেয় নাই। কত গান কত কবিতায় এই বাঙালী কবি উত্তর ভারতের সাহিত্যের সহজ লৌকিক অন্তভৃতি তাঁহার সরল ভাবপ্রকাশ ও তাঁহার চঞ্চল বিচিত্র ছন্দে আনিয়াছেন। লৌকিক গানের ভিতর জাতির মনের স্ফৃতির প্রধান স্বরটি ধরা পড়ে। তাই কবি যথন নতুন ছন্দে নতুন প্রকার শব্দ যোজনায় নতুন তীব্র আবেদনে বাংলা গানে নতুন মাধুর্য আনিলেন তথন আমরা তাঁহার ভেধু প্রতিভার মৌলিকভার পরিচয় পাই না, বেশি পরথ ও প্রশংসা করি তাঁহার মনোময়তার, যাহার জন্ম উত্তর ভারতের পরিশীলনের সহিত বাংলার প্রাণের একটা সহজ ও স্বন্দর সংযোগ স্থাপিত হইল। সঙ্গীতের নৃতন ছন্দ, অভিনব স্থরের লীলা-তরঙ্গ বাংলার ভাবুক প্রাণকে মৃশ্ব করিয়াছে ইহা সত্য।

'এ বনেতে বনমালী, কোথা তব বনফুল ? কার লাগি ধায় এত দলে দলে অলিকুল ?'

এই গানে হিন্দুখানী গজলের স্থর বাঙলাদেশের কীর্তনের স্থরের মতই প্রচলিত হইতে পারে। তথারো কত গানের স্থর ও ছন্দ বাংলাদেশের পক্ষে নৃতন, আদরণীয়। কিন্তু এই স্থর মিশ্রণ বা নৃতনত্বের মৌলিকতার চেয়ে যাহা সর্বাপেক্ষা গৌরবের জিনিস অতুলপ্রসাদ সেনের গীতি কবিত: তাহা হইতেছে বাংলার সহিত উত্তর ভারতের ভাব-সাধনার আদানপ্রদান।

প্রবাসী বাঙালীর সর্বাপেক্ষা গুরু দায়িত্ব বাংলার কৃপমণ্ডুকত্বের বাহিরে আসিয়া বিপুল ভারতের ভাবসাধনের উত্তরাধিকারী হওয়া। প্রবাসী বাঙালী ভারতবাসী হউক, তবেই বাংলার পরিশীলনের সার্থকতা। ভারতের গৌরব। অতুলপ্রসাদ সেন এই মহান আদর্শের অগ্রদ্ত।
অতুলপ্রসাদের জীবন ও সাধনার মধ্য দিয়া আমরা পাই বাঙলা দেশ ও বহির্ভারতের পরিশীলনের আদান প্রদান।

কিন্তু শুধু জাতির নয়, ব্যক্তিগত জীবনের উপর তাঁহার অধিকার বড় কম নহে। কারণ অতুলপ্রসাদ সেন যে বড় গায়ক ও কবি। ঋতু পর্যায়ে য়ুগে য়ুগে য়ুগে ফত নিবিড় বরষা আমাদিগের মনকে বিরহ-ব্যথায় ভরিবে। গঙ্গা-য়মুনার বিপুল বক্ষে কত চাঁদিনী রাতি আসিয়া ফিরিয়া যাইবে। আকাশের তুই তীরে কত আলো কত কালো মিলিয়া হোলিথেলা থেলিবে। মধুমাসে কত সথী মধু হাসিয়া প্রেম সম্ভাষণ জানাইবে। প্রকৃতি ও জীবন আমাদিগকে কত না সম্পদে ধনী করিবে, কত না বেদনায় ক্ষত-বিক্ষত, কত না রিক্ততায় উদ্বেল করিবে। তথনই কবি তাঁহার মনোহারী স্থরটি লইয়া আমাদিগের প্রতি স্থ হঃখ, প্রতি কায়া-হাসির মধ্যে মনের মায়ুষটি সাজিয়া জীবনের সক্ষে মিশিয়া থাকিবেন। সম্পদের দিনে আমরা এই কবিকে ফিরিয়া পাইব কত না তাঁহার মধুর হোলি, কাজরী, নটমল্লার, চৈতী ও শাওয়নী গানে, কিন্তু তাঁহাকে আমরা আরো নিবিড়ভাবে পাইব হৃংথের দিনে, চোথের জলের মধ্যে, যথন আমাদিগের সাজানো বাগান নিদারুণ উত্তপ্ত ঝটিকায় শুকাইয়া যাইবে—শুরু কাহার চরণের অলজ্বরাগ আলবালে অহিত থাকিবে। এই ঘর-ছাড়া কবি, যাহার জীবনের প্রধান স্থর হুইতেছে অস্তরের বিরাগী বাউলের সে বাণী—

'যাব না, যাব না, যাব না ঘরে বাহির করেছে পাগল মোরে!'

তিনি দেখা দিবেন কত না হুংখের তিমির রাতে। যথন হুংখের বাদল রাত মনোবিহঙ্গকে আন্ধ ও হতাশ করিবে, যথন গগনে বাদল, নয়নে বাদল, জীবনে বাদল ছাইবে, অলক্ষিতে তথন আঁথিপাতে জাগিয়া হাসিতে থাকিবেন:

'মিছে তোর স্থথের ডালি, মিছে তোর **ত্**থের কালি : তুদিনের কানা-হাদি—ছল ছল ছল রে ভোলা !'

তু:থের কবি এ জীবনের প্রম সাথী। কারণ মান্থ অমৃতের পরশ পায় চোথের জলে। নিস্পন্দ হতাশ অন্ধকারে। সম্পদের রোশনাইয়ের হাজার হাসিতে নয়।

অতৃলপ্রসাদ সেনের আত্মীরা ৺স্থালা দেবী 'অতৃল' নামক প্রবন্ধে বলেনঃ

তাকা নগরীতে একটি শিশুর জন্মের কথা মনে পড়িল। এই শিশুটি আমার পূজ্যপাদ পিতা স্বর্গগত ভক্ত কালীনারায়ণ গুপ্তের প্রথম দৌহিত্র। তাই এই শিশুর মৃথথানি দর্শনে সকল আহ্মীয়ম্বন্ধন ও দাদামহাশয়ের মনে আনন্দ আর ধরে না। ক্রমে বয়োরৃদ্ধির সঙ্গে এই শিশু দাদামহাশয়ের অঞ্লের নিধি হইয়া উঠিল। তাহার সরলতা-মাথা পবিত্র স্থানর মৃথথানি কেহ আদর না করিয়া থাকিতে পারিত না। দাদামংশিয় তাহাকে ভাবানের প্রশাদ স্বরূপ পাইয়া তাহার নাম দিয়াছিলেন অত্লপ্রদাদ। তাঁহার ষত্ব ও সোহাগে এই শিশু বাড়িতে লাগিল। অত্যধিক আদরে শিশুর চরিত্র কোনপ্রকার বিক্বত হয় নাই। তাহার আহার, থেলা, শোয়া, বদা দবই তাহার ঠাকুরদাদার দক্ষে। (অত্ল তাঁহাকে ঠাকুরদাদা বলিয়াই ভাকিত) তাই বাল্যেই দাদামহাশয়ের সকল সদ্গুণ তাহার চরিত্রে অক্রেত হইয়াছিল। "··· "আমাদের পিতৃদেবের প্ত জীবন কাব্য, সঙ্গীত, শিল্পকরা, চিত্র ও হাস্থামোদে আনন্দময় ছিল। তিনি ছিলেন আনন্দের উপাসক ··· আমাদের অত্লের জীবন এমন আদর্শ জীবনের সহবাসে দিন-দিন বিকশিত হইতেছিল। বাল্যকাল হইতেই সঙ্গীতে, চিত্রে, কাব্যে তাহার আশ্চর্ম অমুরাগ ছিল। শুনিয়াছি বাবা যথন উৎসবে নগর সংকীর্তন লইয়া বাহির হইতেন এবং ভাবোয়ত্র হইয়া কীর্তন করিতেন তথন পাঁচ বংসরের শিশু অত্লাপ্রসাদও করতাল সহযোগে তাঁহার সহিত সংকীর্তনে উয়ত্ত হইত ও ত্-চোথে জলধারা বহিয়া যাইত। ··· দাদামহাশয় তাহাকে কোলে লইয়া কত আদর ও আশীর্বাদ করিতেন। দাদামহাশয়ের আদর্শ জীবন আলোকস্তম্ভ স্বরূপ চিরদিন তাহাকে জীবন পথে চালিত করিয়াতে।

দানে বাল্যকাল হইতে অতুন মৃক্তহন্ত ছিল। কাহারও ছংখ দারিদ্র দেখিলে দে অম্বির হাইয়া পড়িত। কোন ভিথারী তাহার নিকট হইতে রিক্ত হন্তে ফিরিতে পারিত না। মৃষ্টিভিকার স্থলে তাহার থলিটি পূর্ণ করিয়া বিদায় দিত। ইহা দেখিয়া আমার দিদি হাসিম্থে বলিতেন, 'অতুলের জ্বন্ত আমার ভিকার চাউল সর্বদা ভাও ভরিয়া রাখিতে হয়। অল্প দিয়া তাহার প্রাণ কিছুতেই তৃপ্ত হয়না।"

আমি সম্পর্কে তাহার মাসি হইলেও ভাহার বয়ে।কনিষ্ঠ ছিলাম। সেই জন্ত বাল্যকালে অতুল আমার থেলার দাপী ছিল। এবং আমরা একত্তে থেলাধূলা ও আনন্দে বর্ধিত হইয়াছি। তাহার দরল মিষ্ট স্বভাব দকলকে আরুষ্ট করিত। ছেলেবেলা হইতে তাহার কবিতা লিখিবার অভ্যাস ছিল ও সঙ্গীতে প্রগাঢ় অন্থরাগ ছিল। তাল মান লয় সহযোগে স্থমিষ্ট কঠে গান গাহিয়া দকলকে মৃশ্ব করিত। অন্থকরণ করিবার শক্তিও তাহার আশ্চর্য ছিল। তাহার সমবয়সী ছোটমামার দক্তে একত্তে মিলিয়া সঙ্গীত, অন্থকরণ ও হাল্যামোদে আমাদের গৃহ দকল সময়ে মৃথরিত রাখিত।"…"এগারো বংসরে তাহার পিত্বিয়োগ ঘটে। এই সময়ে দাদামহাশয় তাহাকে আরো বৃক্তে আকড়াইয়া ধরিলেন। তাহার মাতৃলেরা একদিনের তরে পিতার অভাব বৃঝিতে দেন নাই। পাঠ্যাবস্থাতেই তাহার খুউব বক্তা হইবার সাধ ছিল। তথন কলেকে পড়িত, অনেক সময়ে দেখিয়াছি ছাদে পায়চারি করিতে করিতে বিড়-বিড় করিয়া কি বলিত। আমি হঠাৎ পিছন হইতে বলিতাম, 'কী করছ ?' চ্মকিয়া বলিত, 'কিছু না। এক জায়গায়

কিছু বলবার জন্ম ছাত্রবন্ধুরা ধরেছে, তাই যা বলব তাই অভ্যাস করছি।' পরবর্তী জীবনে তিনি স্থবক্তা হইয়াছিলেন।"

স্থবালা দেবী আরো বলেছেন:

"দেই সময়ে তাহার ইংলগু যাইবার জন্ম বড় আগ্রহ দেখা যাইত। ত একদিন বলিল, 'আমার বিলেত যেতে এত ইচ্ছে হয় যে কী বলব। যদি কেউ চাকর করেও আমাকে সঙ্গে নিয়ে যায় আমি যেতে রাজি আছি।' তিনিলেত হইতে ব্যারিন্টার হইয়া আমিলেন। ত কবি হিজেন্দ্রলাল রায়ের সঙ্গে তাহার থুব বন্ধুত্ব ছিল। ত তাহার পর রংপুরে কিছুদিন প্র্যাকটিস করে। দেখান হইতে আবার বিলেত যাত্রা করে। দেখানে তাঁহার একটি মুসলমান বন্ধু লখনউ যাইয়া প্র্যাকটিস করিবার জন্ম তাঁহাকে পীড়াপীড়ি করেন এবং বলেন, 'আমি তোমার জন্ম যথাসাধ্য চেষ্টা করব। নিশ্চয়ই তোমার সেখানে ব্যবসায়ের উন্নতি হবে।' তাঁহার কথামত ফিরিয়া আসিয়া লখনউয়ে প্র্যাকটিস করিব। তাহার জীবনের সকল ছার মুক্ত হইয়া গেল।

লখনউ উচ্চাঙ্গ সঙ্গীত চর্চার জন্ম বিখ্যাত। সেথানে গিয়া তাহার সঙ্গীত-চর্চার বিশেষ স্থােগ ঘটিল এবং তাহার অন্তরের সঙ্গীত নানা ভাবে ও নানা ছন্দে নব নব স্থরে উচ্ছুদিত হইতে লাগিল। তাহার কঠে এক উন্নাদনা শক্তি ছিল। তাহার স্থকঠে তাহার রচিত সঙ্গীত যথন গীত হইত তথন মুখে এক স্বর্গীয় ভাব প্রকাশ পাইত। ভাহার সঙ্গীতের ভাষা সরল ও হৃদয়স্পর্শী। কি ধর্ম-সঙ্গীত, কি স্বদেশ-সঙ্গীত, কি অত্যাত্ত সঙ্গীত—সকলের ভিতরেই তাহার প্রাণের একাগ্রতা এবং ভগবানে বিশ্বাস এবং ভক্তি প্রকাশ হইয়াছে। তাই তাহার দেশপ্রীতি শুধু কথায় পর্যবসিত হয় নাই। ধর্মকে ভিত্তি না করিলে যে থাটি স্বদেশপ্রীতি হয় না, সেই ভাব তাহার সকল স্বদেশ সঙ্গীতের ভিতরেই ফুটিয়া উঠিয়াছে। 'হও ধরমেতে ধীর, হও করমেতে বীর', 'কতকাল রবে নিজ বশ-বিভব অরেষণে' ইত্যাদি অনেক সঙ্গীতই তাহার প্রাণের এই গভীর ধর্মভাবের পরিচায়ক। --- অন্তর্নিহিত ভগবৎ প্রেমই বিশ্বপ্রেমে পরিণতি লাভ করে। এই প্রেমই তাহাকে দেশদেবা ও জনসেবার কার্যে উদুদ্ধ করিয়াছিল। --- তাহার মধ্য ও শেষ জীবন লখনউ শহরেই কাটিয়াছে। সেখানকার সকল মকল প্রতিষ্ঠানেই সে আগ্রহী हिन এवः कां जिथम-निर्वित्नर धनी निर्वाह नकरनत यथानिक कन्यान नाधरन আপনাকে নিয়োজিত করিয়াছিল। কাহারও হুঃথ অভাবের কথা শুনিলে চক্ জলে ভরিয়া উঠিত এবং সেই হুঃথ মোচনে তত্ন মন ধন সর্বস্থ দিতে কথনো বিধাবোধ করিত না।

তাহার একটি ভাগিনেরীর বিবাহের সময় আমরা ইচ্ছা করিয়াছিলাম বে বিবাহের উপাসনায় অতুলগ্রসাদের রচিত সন্দীতই গীত হইবে। সে ইহা পছন্দ করিল না। আমাকে বলিল, 'এ হতে পারে না। রবীন্দ্রনাথের এত স্থব্দর স্থলর সঙ্গীত থাকতে শুধু আমার রচিত গানগুলিই হবে, এ আমার ভাল লাগছে না। চারটি গানের মধ্যে অস্তত তৃটি রবীন্দ্রনাথের হোক।' রবীন্দ্রনাথকে সে এতই শ্রদ্ধা করিত এবং নিজেকে নগন্ত মনে করিত।

বাড়িতে কেহ অতিথি আসিলে আত্ম পর ধনী দরিত্র নির্বিশেষে সকলকেই সমান যত্ন ও আদর করিত। তাঁহাদের আরামে ও স্থবিধায় রাথিবার জন্ম নিজের সব ছাড়িয়া দিত। এবং তাঁহাদের মনোরঞ্জনের জন্ম কতরূপে ব্যয় করিত। তাহার গৃহ কথনো অতিথিশূন্য থাকিত না।

তাহার বড় ভয় ছিল মৃত্যুর সময়ে রোগে ভূগিয়া পাছে কাহাকেও কট দিতে হয়। ঈশ্বর তাহার সে প্রার্থনা ভনিয়াছিলেন। সকলের কাছে হাসিম্থে বিদায় লইয়া শয্যা গ্রহণ করিয়া চক্ষু মৃদিত করিল, সেই চক্ষু আর মেলিল না।

মাহ্ব-মাত্রেরই দোষ ক্রটি হুর্বলতা আছে। তাহারও তাহা থাকা স্বাভাবিক। রাহ্ চন্দ্রকে গ্রাস করে সত্য, কিন্তু রাহ্ম্ক চন্দ্র বেমন স্নিগ্ধ ও নির্মল জ্যোতিতে প্রকাশ হয়, আমাদের প্রিয় অতুলপ্রসাদের জীবনও আরো উজ্জ্বলতর রূপে আমাদের সকলের অন্তরে প্রকাশ পাইতেছে। তিবিশ্বজ্বননী তাহার সকল সন্তাপ হরণ করিয়া তাহাকে কোলে হান দিয়াছেন।

লখনউ বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের প্রাক্তন অধ্যাপক রাধাকুম্দ ম্থোপাধ্যার লিখেছেন: "অতুলপ্রসাদের অপ্রত্যাশিত পরলোক গমন বিনা মেঘে বক্সপাতের ক্যার লখনউবাসী সকলকেই আঘাত করিয়াছে। আবালর্দ্ধ বনিতা জাতি-সম্প্রদার-খ্রেণী নির্বিশেষে গভীর শোকে অভিভৃত। তাঁহার নশ্বর দেহ স্কন্ধে বহন করিবার জক্ত অশ্রুদ্দ নয়নে প্রথমে অগ্রসর হইয়াছিলেন লখনউয়ের হিন্দুর অধিনায়ক পণ্ডিত জগৎনারারণ আর ম্সলমানের প্রতিমিধি মহম্মদ নসীম। ইহারা ছইজনেই লখনউর আইন ব্যবসায়ী-দিগের মধ্যে সর্বাপেক্ষা বয়োজ্যেষ্ঠ ও প্রবীণ। ইহারা উভয়ে শোকবিহ্বল চিত্তে অতুলপ্রসাদের জীবনের অন্তিম কার্যের ভার গ্রহণ করিবার অধিকার উপস্থাপিত করিলেন। অটনাটুকু সামান্ত ও কণিক হইতে পারে, কিন্তু ইহার অর্থ নিগৃত্ এবং সক্ষেত্ত নিতান্ত মর্মস্পর্ণী। ইহা অতুলপ্রসাদের ঐহিক কর্মজীবনের সার্থকতা ও বিশেষদের একটি স্কন্পন্ত নিদর্শন।

বিগত চৈত্র মানে তাঁহার শরীরের অবস্থা বিশেষ শহার কারণ হইয়া ওঠে। চিকিৎসকের আদেশে তিনি তথন লখনউ ত্যাগ করিতে বাধ্য হন এবং চিকিৎসা এবং বিশ্বামের জন্ত কলিকাতার বান। কলিকাতার যাওয়ার সমরে আমি কিছুদ্র ডাকগাড়িতে তাঁহার সহবাত্রী হইয়াছিলাম। প্রতাপগড় স্টেশনে বখন আমাকে তাঁহার নিকট বিদার নিতে হয় তখন তাঁহার শরীরের অবহা দেখিয়া আমি তাঁহার চিরবিদায়ের কিঞ্চিৎ আভাস পাই। একটি ভারি হুর্ঘটনার ছায়া বেন তখন আমাকে স্পর্শ করিল। এমনকি এই বিদায়ের পর তাঁহার কলিকাভায় নিরাপদে পৌছানোর সংবাদ পাইবার জক্তও আমি একটু উদ্বিয় হইয়াছিলাম।

ইহার কিছুদিন পরেই আমার আবার তাঁহার সঙ্গে দেখা হয় পুরীতে। তথন তাঁহাকে দেখিয়া আমার পূর্বের উদ্বেগ একেবারেই অপসারিত হইল। আমি আশা করি নাই বে এত অল্প সময়ের মধ্যে পুরীর সম্ক্রের হাওয়ার গুণে তাঁহার স্বাস্থ্য এতটা উন্নতি লাভ করিবে। তিনি তথন সবল হইয়া হাঁটিয়া বেড়াইতেছেন। তুইবেলা সমুদ্রে অনেকক্ষণ ধরিয়া স্থান করিতেছেন এবং পুরীর লোকরাও তাঁহার প্রকৃত পরিচয় পাইবার জন্ম ব্যস্ত হইয়া উঠিয়াছে। লখনউল্লের বাহিরে অতুলপ্রসাদ কবি ও গায়ক বলিয়া বেশি পরিচিত ছিলেন। ইহার মধ্যেই আমি শুনিতে পাইলাম যে তাঁহাকে লইয়া পুরীর স্থানে স্থানে সাদ্ধ্য সম্মেলন ও মজনিদ বসিতে আরম্ভ করিয়াছে।"

কবিবর অতুলপ্রসাদের গান রচনা এবং সংযোজনা সম্বন্ধে এবং সঙ্গীত সম্বন্ধে শ্রীযুক্ত রাধাকুমুদ বলেছেন, "থুব আনন্দের সহিত স্বচক্ষে দেখিলাম যে তিনি গুনগুন করিয়া মাঝে মাঝে গাহিতেছেন ও পরে সেই নতুন রচিত গানটিকে লিপিবদ্ধ করিতেছেন। প্রথমে স্থর জাঁহার মনকে আছল্ল করে, তাহার পর সেই হুর তাহার নিজের ভাষা খুঁজিয়া লইয়া নিজেকে কবিতা ও গানে প্রকাশ করে। কালিদাস বলিয়া গিয়াছেন যে বাক্য ও মিল হরগৌরীর সম্বন্ধ ও মিলনের ক্যায় অচ্ছেত। সেইরূপ অতুলপ্রসাদের স্থর ও গান একসঙ্গেই উদ্ভূত ও পরস্পর-বিজ্ঞিত। ইহাদের মধ্যে ব্যবধান বোধগম্য হইত না। ব্দুত্রপ্রসাদের রচনা-প্রণালী সাধারণ প্রণালীর মতন ছিল না। আগে কবিতা রচিত হইবে তাহার পর সেই কবিতার উপযুক্ত হুর অহুসন্ধান করিয়া সেই হুরের প্রয়োগ षात्रा কবিতাটিকে গানে পরিণত করিতে হইবে—এই প্রণালী অতুলপ্রসাদের প্রণালী নয়। স্থর কিখা ছন্দের যে একটা স্বাধীন সত্তা আছে তাহা অতুলপ্রসাদ বিশেষভাবে উপলব্ধি করিতেন। ছন্দের ঘারা আগে তিনি আবিষ্ট হইতেন, তারপর ছন্দাবেশে সেই ছন্দকে ভাষার ঘারা রূপ দিতেন ও গানে মূর্ত করিতেন। ইহা যেন স্থরলোক হইতে স্থরের মর্ত্যলোকে অবতরণ। স্থতরাং তাঁহার কবিতায় কুত্রিমতার চিহ্ন নাই। তাঁহার কবিতা সহজ, সরল, স্থললিত, প্রকৃতির বাণী, হাদয়ের অদম্য উচ্ছাস, অস্তরের উবেলিত ভাবধারা।

হিৰুহানী কতিপয়, হ্ৰেরে প্রতি ওাঁহার একটি বাভাবিক অহুরাগ ও আকর্যন ছিল।

সেই স্বরের বারা তিনি প্রথমে আক্রান্ত হইতেন। প্রায় সময়েই দেখা বাইত বেন তিনি স্বরগ্রন্ত। স্বর বেন প্রণবের স্থায় তাঁহার অন্তরে আপনা আপনি স্বতঃই ধ্বনিত হইতেছে। তথন সেই অন্তরের অদম্য স্বর আত্মপ্রকাশের জন্ম নিজের বাহনকে আক্লিত করিত। স্বর ভাষায় ব্যক্ত হইল। তথন উহা কবিতা ও গানে নিবদ্ধ হইয়া পড়িল। হিন্দুহানী স্বর বাংলা ভাষা মণ্ডিত হইয়া বাংলা ভাষাকে একটি অপূর্ব সঙ্গীত সম্পত্তি দান করিল।

অতৃলপ্রসাদের এই অপূর্ব সৃষ্টি বাংলা সাহিত্যে একটি অভিনব পর্যায় প্রবর্তন করিয়াছে। তেওঁলার রচনা কেবল সঙ্গীত হিসাবেই বিবেচিত হইলে উহার প্রতি স্থবিচার করা হইবে না। বঙ্গীয় সঙ্গীত শাস্ত্র ও কলাবিভায় অতৃলপ্রসাদের সঙ্গীতগুলি একটি অতৃলনীয় সম্ভার আনিয়া দিয়াছে। কিন্তু তাঁহার সঙ্গীতগুলি কবিতা হিসাবেও বে উচ্চপ্রেণীর তাহা সকলেই স্থীকার করিবেন।

অতৃলপ্রসাদের ভাবধারা অমৃতধারা। ইহার অবাধ, চিরস্তন গতি। উহা কালে আরো প্রশন্ত ও গভীর হইতে থাকিবে। কারণ দেই গতির সঙ্গে কালচক্রের গতির আভ্যস্তরীণ মিল আছে। অতৃলপ্রসাদের কবিতা নবযুগের কবিতা, বিপ্লবের বাণী, তরুণের প্রেরণা, ভবিশ্বতের আভাস। তাই তাহার উৎস চিরজাগরুক থাকিবে।

নেইহা কম সৌভাগ্যের কথা নয় যে অতৃলপ্রসাদ জীবনে নিজেই উপলব্ধি করিয়া গিয়াছেন কেমন করিয়া কয়েক বৎসরের মধ্যেই তাঁহার ভাবধারা গানের মধ্য দিয়া সমস্ত বাঙলা দেশে একটা বল্লা আনিয়া দিয়াছে। সেই বল্লা পল্লীতে পল্লীতে প্রবেশ করিয়া বাংলার মানস ক্ষেত্রকে সরস ও সজীব করিয়া তৃলিয়াছে। এই অস্তরের প্রসাদই তাঁহাকে সংসারের নানা অশাস্তির মধ্যেও আত্মন্থ করিতে পারিয়াছিল। বাস্তবিক অতৃলপ্রসাদের মহত্ব এই অচল অটল আধ্যাত্মিকতাকে অবলম্বন করিয়াই বর্ধিত হইয়াছিল। তাঁহার জীবনের প্রতিষ্ঠা ছিল স্বরলোকে, কল্পনার রাজ্যে, রস-সরোবরে, কবিতা-কুয়ে। তিনি পার্থিব মান্থব ছিলেন না।" মান্থব অতৃলপ্রসাদ প্রসঙ্গে লিখেছেন:

"লখনউতে তিনি যাহাদের রাখিয়া গেলেন তাঁহার তিরোভাবে তাহাদের যে ক্ষতি
হইয়াছে তাহার পরিমাণ ও পরিপূরণ সহজে হইতে পারে না। তাঁহার অঞ্চন বন্ধ্বান্ধবদের ক্ষতি কখনই প্রিত হইতে পারে না। তাঁহার অমধ্র হাস্ত, প্রেমময়
আলিক্ষন, করুণাসিক্ত হৃদয়, সভাষণ-প্রসারিত হন্ত, নিরপেক্ষ বিচার, পরিপক বৃদ্ধি,
সর্বত্যাগী আতিথা, হৃদয়গ্রাহী ব্যবহার, এইসকল হইতে তাঁহার বন্ধুপণ
চিরকালের জন্ম বঞ্চিত হইলেন। সেইসঙ্গে তাঁহার বৈঠকখানার অপূর্ব মজলিদ
চিরকালের জন্ম বিদ্বা হইল। বাঙালীর সভ্যতা বিশেষ বিশেষ বাঙালী ভার্কের
বৈঠকখানা আশ্রের করিয়া কালে কালে সঞ্চীবিত ও পৃষ্ট হইয়া আসিয়াছে। লখনউরের

প্রবাসী বাঙালী সমাজও নিজের বিশিষ্ট সভ্যতা বিদেশে অক্ষ রক্ষা করিবার জক্ত অতুলপ্রসাদের অসম্ভব সুযোগ ও দৃঢ় অবলম্বন পাইয়াছিনেন।"

শারো বলেছেন, "লখনউয়ের যাবতীয় অফুষ্ঠান ও প্রতিষ্ঠানে তিনি একজন পৃষ্ঠপোষক ছিলেন। তিনি কর্মকতা ছিলেন আউধ সেবা সমিতি, রামক্ষপাশ্রম, হরিমতী বালিক। বিছালয় প্রভৃতি প্রতিষ্ঠানের। এই প্রতিষ্ঠানগুলি তাঁহার অর্থ-সাহায্য অপেক্ষা তাঁহায় হ্ববিবেচিত পরিচালনাকে বেশি মূল্যবান মনে করিত। তিনি স্থানীয় উচ্চ আদালতে স্থপ্রসিদ্ধ নেতা হইয়াছিলেন। Oudh Bar Association ও Oudh Bar Council এই উভয় প্রতিষ্ঠান তাঁহাকে সভাপতি পদে বরণ করিয়াছিল। লখনউ বিশ্ববিভালয়ের নানা সভায়, Court, Executive Council, Board of Appointments প্রভৃতির মনোনীত সভ্য হইয়া তিনি স্বভাবসিদ্ধ নিরপেক্ষ বিচারশক্তি ও মাধুর্বের ছারা বিশ্ববিভালয়ের সকল শ্রেণীর সমগ্র শিক্ষক ও ছাত্রমগুলীর আন্তরিক অফুরাগ ও শ্রদ্ধা অর্জন করিয়া গিয়াছেন। বিশ্ববিভালয়ে তাঁহার অভাব বিশেষভাবে আক্ত অফুভব হয়।

অতৃলপ্রসাদের কীতি লখনউয়ের সঙ্কীর্ণ গণ্ডীর মধ্যে আবদ্ধ ছিল না। রাজনীতি-ক্ষেত্রে যুক্তপ্রদেশের তিনি একজন প্রধান নেতা ছিলেন। মধ্যপন্থী রাজনৈতিক দলের বাংসরিক অধিবেশনে তিনি হইবার সভাপতি মনোনীত হইয়াছিলেন। সেই প্রসঙ্গে তিনি যে সভাপতির অভিভাষণ পাঠ করিয়াছিলেন তাহা আধুনিক রাজনৈতিক আন্দোলনের সাহিত্যে যে উচ্চ স্থান অধিকার করিয়াছে তাহা সর্ববাদীসম্মত। তিনি যাবতীয় রাজনৈতিক সমস্রার সমালোচনা যেরূপ ওজ্বিনী ভাষায় ও বৈজ্ঞানিক প্রণালীতে বিবৃত করিয়াছেন তাহার তুলনা সমগ্র কংগ্রেসের সাহিত্যেও তুর্লভ। একাধারে এতঞ্জলি সদ্পুণের ও কর্মবৃত্তির সমাবেশ অতি বিরল।"

স্থাহিত্যিক সাহিত্য-রিদক শ্রীঅমল হোম 'অতুলপ্রসাদ' প্রদক্ষে বলেছেন তার 'শ্বতিকথা' প্রবন্ধে : "অতুলপ্রসাদকে আমি ঠিক কবে প্রথমে দেখেছিলাম মনে নেই, কিন্তু তাঁকে আমি আমার বাল্যকালেই দেখে থাকব। যথন স্কুলে পড়ি তথন আমি … কোন আত্মীয়ের বাড়িতে একটি পারিবারিক উৎসবে তাঁর গান প্রথমে জনেছিলাম। … তারপর যথন কলেজে পড়ি কলকাতার এখানে ওখানে তাঁকে কয়েকবার দেখেছি। লখনউয়ের তিনি বড় ব্যারিস্টার একথা জেনেছি। তাঁর গান আরো জনেছি ও গেয়েছিও বন্ধুমগুলীর সঙ্গে—'কাঙাল বলিয়া করিও না হেলা আমি পথের ভিশারী নহি গো', কিম্বা 'তুমি মধুর অঙ্গে নাচ গোণরঙ্গে নৃপুর-ভঙ্গে হৃদয়ে'—তথন আমাদের যুবক-মহলে তাঁর এইসব গানেরই চলতি ছিল।

১৯১৪ সালে তথনকার ক্যানিং কলেজের অধ্যাপক শ্রীযুক্ত উপেক্সনাথ বল মহাশরের বিবাহে আমি লখনউ ঘাই। সেখানেই আমার অতুলপ্রসাদের সঙ্গে প্রথম পরিচয়। একদিন বিকেলবেলা উপেনবাব্ বললেন, 'চল তোমায় মিস্টার এ. পি. সেনের কাছে নিয়ে ঘাই।' আমার সহর্ধ সম্বতিজ্ঞাপনের অল্পকণের মধ্যে আমরা তাঁর ব্যক্ষ্ রোড-এর বাড়িতে পৌছলাম।

পাঁচ রাস্তার মোড়ের ওপর প্রকাণ্ড হাতাওয়ালা বাড়ি। সৌথীন ফুলবাগান পার হয়ে বারান্দায় উঠতেই সেনসাহেব নিজে বেরিয়ে এলেন ---- স্বেমাত্র তথন কোর্ট থেকে ফিরেছেন, পোশাক ছাড়েন নি। আমাদের সোজা খানা-কামরায় নিয়ে গেলেন। তথন দেখানে বৈকালিক চা পান চলছিল। টেবিলে আরো কয়েকজন বসে ছিলেন, তাঁদের সঙ্গে আলাপ করিয়ে দিলেন। তাঁদের মধ্যে তুল্পন ম্সলমান ভদলোকদের এখনও আমার বেশ মনে আছে। তাঁদের একজন মির্জা সামিউল্লা বেগ, পরে তিনি হায়দাবাদ হাইকোর্টের প্রধান বিচায়পতি হয়েছিলেন। অন্ত ভদ্রলোকটি অধ্যাপক আবদার রহিম। ইনি কলকাতার পলিটিকাল মহলে বিশেষ পরিচিত। তথন মহম্মদ আলি সাহেবের অত্যুগ্র পান-ইস্লামিজম বরদান্ত না করতে পেরে রহিম সাহেব কমরে ড' কাগছের সাব-এডিটরি কাছে ইস্তফা দিয়ে দিল্লী ছেড়ে লখনউ এসেছেন শিয়া স্কুলের হেডমাস্টারি নিয়ে। অৱক্ষণ পরে সামিউল্লা সাহেব ও আরো হু-এক জন যাঁরা ছিলেন তাঁরা বিদায় নিলেন। রইলাম ভর্বল মহাশয়, রহিম সাহেব আর আমি। রহিম সাহেব বাঙালী, মৌলবী আবহুল করিমের ছেলে। কিন্তু ছেলেবেলা থেকেই ভাগ্যদোবে আলিগড়ের আবহাওয়ায় মান্ত্য হয়ে বাংলা জ্বান 'টুটিফুটি' বলতেন পারেন মাত্র। তিনি আমার সঙ্গে বাঙলায় কথাবার্তা বলবার চেষ্টা করে অবশেষে ইংরেজি ধরলেন।" ১৯১৬ থ্রী: কংগ্রেসের লখনউ অধিবেশন সম্বন্ধে শ্রীঅমল হোম বলেন,"১৯১৬র ডিদেম্বরে লথনউয়ে কংগ্রেসের অধিবেশন হল। কংগ্রেস বসবার তিন সপ্তাহ আগে লখনউ থেকে কংগ্রেসের কর্তৃপক্ষের তরফ থেকে একজন এসে অতুলবার্কে পাকড়াও করে নিয়ে গেলেন। যাবার সময়ে আমাকে বললেন, 'তুমিও তো আসছ। লখনউয়ে পৌছেই আমার দক্ষে দেখা কোরো।' কংগ্রেদ বদবার দিনভিনেক আগে লখনউ পৌছুলাম। পৌছিয়ে অতুলপ্রসাদের বাড়িতে গেলাম। বাড়িতে তিনি নেই। অবগত হওয়া গেল যে অতুলপ্রদাদ কংগ্রেসের কপ্পাউতে তাঁবুতে বাদ করছেন, বাড়িতে আসেন না। ডেলিগেটদের মধ্যে হোমরা-চোমরা কয়েকজন তাঁর বাড়িতে এসে পাকবেন। কংগ্রেদ ক্যাম্পে গেলাম। দেখানে দেখি অতুলপ্রদাদ ভলেটিয়ার বাহিনীর অধিনায়ক; যোধপুরী পাজামার ওপর থাকি রঙের ইউনিফর্ম কোট, মাধায় রাজপুত পাগড়ি, বুকে কর্ড দিয়ে বাধা হুইদল, হাতে ছড়ি। ছুটোছুটি করে বেড়াচ্ছেন। আমাকে

দেখে এগিয়ে এনে বললেন, 'তুমি আমার বাড়িতে থাকবে, সেথানেই সব ব্যবহা আছে কোন কট হবে না।' আমি হেলে বললাম, 'তা আমি শুনেছি কিছ ওসব হোমরা-চোমরাদের মাঝে আমি থাকতে পারব না।' 'তুমিও তো একজন "হোম" হে! আছা ভাহলে আমার ক্যাম্পে এসে থাক।' আমি ধন্তবাদ জানালাম যে, আমি উপেন বল মহাশয়ের বাড়িতে উঠেছি: সেখানেই বিপিনচন্দ্র পাল মহাশয় আছেন, আমরা একসঙ্গে কলকাতা থেকে এসেছি। সেবার লখনউ কংগ্রেসে গিয়ে বুঝলাম অতুলপ্রসাদ লখনউ শহরবাসীর কত প্রিয়। সত্যিই তিনি লখনউয়ের মুকুটহীন রাজা ছিলেন। धनी मृतिख, महादि এकम्हीिमिक, ताका नवाव, दित्रताग्नर, व्यथाभक कुलमाकीत, हिकल ব্যারিস্টার, হিন্দু মুসলমান, সকল শ্রেণীর সম্প্রদায়ের মধ্যে তাঁর অম্বৃত প্রভাব। দেখলাম সামান্ত টাঙাওয়ালা পর্যন্ত সেনসাহেবকে জানে, শ্রদ্ধা করে। যুবক মহলে তাঁর কী অসাধারণ প্রতিপত্তি! তাঁর তাঁবুতে বসে দেখতাম কংগ্রেস ভলেন্টিয়াররা তাঁর আঙুল হেলনে নিঃশব্দে আদেশ পালন করছে। কংগ্রেসের জেনারেল সেক্রেটারি পরলোকগত পণ্ডিত গোকরণনাথ মিশ্র, পরে যিনি আউধ চীফ কোর্টের জঞ্জ হয়েছিলেন—অক্ততম সেক্রেটারি পণ্ডিত বিশেশর নাথ শ্রীবাত্তব যিনি চীফ কোর্টের চীফ জজ, মোসলেম লীগের সৈয়দ ওয়াজির হোসেন সাহেব, প্রত্যেকে এবং সকলেই 'ভাই সাহেবে'র সঙ্গে পরামর্শ না করে কোন কাজ করেন না। তিনি তাঁদের বন্ধু, মন্ত্রণাদাতা, নেতা—অথচ তিনি কেবল মাত্র ভলেণ্টিয়ার বাহিনীর অধিনায়ক। বড় পদের লালসা তাঁর কথনও ছিল না। তাই লখনউ বিশ্ববিচ্ছালয়ের ভাইস-চ্যাম্পেলারের পদ তিনি উপরোধ-অমুরোধ সত্ত্বেও গ্রহণ করেন নি।

সাম্প্রদায়িকতা হতে মুক্ত মাহ্যর আজকের দিনের পোলিটিক্যাল ক্ষেত্রে দেখা পাওয়া ছন্ধর। ইচ্ছা বা অনিচ্ছায় আজ সকলেই, কি হিন্দু কি মুসলমান কম্যুনালিজম-এর আত্মর নিয়েছেন। কিন্তু জীবনের শেষ দিন পর্যস্ত অতুলপ্রসাদকে এই ভাব থেকে মুক্ত দেখেছি। মনে পড়ে যেদিন লখনউয়ে প্রথম হিন্দু মুসলমান প্যাক্ট নিম্পত্তি হল সেদিন তাঁর কী আনন্দ! যখন ভনলেন তিলক বলেছেন যে 'I don'c care how many seats in the legislature the Mahomedans get' তখন তিনি বারবার বলতে লাগলেন—'That's exactly my view too'। লখনউ কংগ্রেস থেকে অতুলপ্রসাদের চরিত্রের আর একটা দিক—তাঁর কর্মশক্তি, খদেশপ্রেম, লোকহিতৈষণা, বন্ধুবাৎসল্য দেখে মুগ্ধ হয়ে ফিরলাম। তিনি কিন্তু আর কলকাতায় ফিরে এলেন না। আবার লখনউয়ে প্র্যাকটিস ভক্ষ করলেন। তাঁকে কি আর লখনউ ছাড়তে দেয় বন্ধুরা? ১৯১৭ সালের কলকাতায় বেসাণ্ট কংগ্রেসে তিনি এসেছিলেন কি না মনে নেই। তবে বতদ্ব মনে পড়ছে বন্ধীয় হিতসাধন-মগুলীর পক্ষ থেকে সে সমন্ধ আম্রা

বে First All India Social Service Conference কলকাতায় করি তাতে গান্ধীলীকে সভাপতি করবার প্রস্তাব তিনিই আমাদের কাছে করেন। রাজনৈতিক মতাস্তর সত্ত্বেও মহাস্থান্ধীর প্রতি তাঁর প্রগাঢ় প্রদ্ধা ছিল; তাঁর সম্বন্ধে তীত্র সমালোচনা তিনি সহু করতে পারতেন না।

····· ১৯১৮ সালের ডিসেম্বরে দিল্লীতে কংগ্রেস, মালবীয়ান্দী সভাপতি। লাহোর থেকে কাগজের Special Representative হয়ে এসেছি, মডারেট আর হোমকলীয় বা মণ্টেগু চেম্দ্ফোর্ড স্কীম নিয়ে লড়াই করবার জন্ম কোমর বেঁধেছেন মিদেদ বেদাণ্ট, বেঁকে বসেছেন। তাঁর দল বিধাবিভক্ত বাংলার পোলিটিসিয়ানারা বিপিনচন্দ্র ও ব্যোমকেশের পরিচালনায় ইমিডিয়েট প্রভিন্দিয়াল অটোনমির দাবি জানিয়েছেন, মোসলেম লীগের দোমনা ভাব, জিল্লাসাহেব সংশয়-তরীতে দোল খাচ্ছেন, শ্রীনিবাস শাস্ত্রী 'মডারেশন' ও 'প্রুডেন্স'-এর দোহাই দিচ্ছেন—থবরেকাগজীদের খোরাকের অভাব নেই তাই আমারও দিনে রাতে বিশ্রাম নেই, হঠাং খবর পেলাম অতুলপ্রসাদ এসেছেন। বছদিন তাঁর সংক দেখা হয়নি। খবর পেয়ে ছুটলাম তাঁর সঙ্গে দেখা করতে। তিনি উঠেছেন মেটকাফ হাউদে, কংগ্রেস-ক্যাম্প থেকে তিন চার মাইল দূরে। যথন পৌছুলাম রাত্রি হয়ে গিয়েছে। ভলেন্টিয়ার একজন থবর দিল যে সেদিন বিকেলে তিনি এসে পৌছেছেন। বড় ক্লাস্ত, ভয়ে পড়েছেন। তবু তাকে বললাম কার্ড নিয়ে যাও। কার্ড পাঠাবামাত্র অতুলবাবু বেরিয়ে এনে জড়িয়ে ধরে নিয়ে গেলেন তাঁর ঘরে। দেখি ছখানি ক্যাম্পথাট। একথানিতে লেপের ওপর কম্বলমৃড়ি দিয়ে শ্রীনিবাস শাস্ত্রী শুয়ে, আর একখানিতে অতুলবাবু। একটি মাত্র চেয়ার। আমাকে ভাতে বসিয়ে নিজে খাটে বসলেন। কত প্রশ্ন, কত গল্প। থা ভারা হয়েছে কি না জিজ্ঞা:, করলেন। হয়নি ভনে তক্ষুনি থাবার আনালেন, বসে থাওয়ালেন এবং বারবার সতর্ক করে দিলেন যেন অতিরিক্ত পরিশ্রম আর দিল্লীর হাডভাঙা শীতে অস্থ না করে বসি। ঘরে ভিতর fire-place-এ আগুন জনছিল, তাই আমার ওভারকোট খুলে রেখেছিলাম। ঘর থেকে বের হবার আগে নিজে ওভারকোট পরিয়ে দিলেন এবং কোটের ওপর হাত বলিয়ে দেখলেন সেটা যথেষ্ট মোটা আর গরম কি না।

১৯১৯-এ পাঞ্চাবের হাদামার সময় কালীনাথ রায় মহাশয়ের কারাদণ্ড হওয়াতে আমি যথন 'ট্রিবিউন' কাগজের অহায়ী সম্পাদক পদ লাভ করলাম, অতুলপ্রসাদ টেলিগ্রাম করে আনন্দ অভিনন্দন জানালেন। কিছুদিন বাদে এল প্রকাণ্ড একঝুড়ি লখনউ-বিখ্যাত সফেদা আম। পাঞ্চাবে জনী আইনের অত্যাচারে তিনি বিষম মর্যাহত হয়েছিলেন। হান্টার কমিটির তদন্তের ফলে যখন সত্য ঘটনা যা চাপা ছিল বের হতে আরম্ভ করল। তথন তিনি আমাকে যে একখানি চিঠি লিখেছিলেন তাতে মডারেট মনোবৃদ্ধির এতটুকু

পরিচয়ও ছিল না। সত্যই তিনি মতামতে মডারেট হলেও স্বভাবত: মডারেট ছিলেন না। আমার মনে হয় গোখেলের প্রতি তাঁর ব্যক্তিগত শ্রদ্ধা থুব বেশিরকম থাকাতে তিনি রাজনীতিকেত্রে তাঁর অন্ধ্যামী ছিলেন।

তাঁর বাড়িতে সর্বাদলের সর্বজাতির সন্মিলন দেখে বিস্মিত হয়েছি, ভারতবর্ষের বহু মনীবীর সাক্ষাৎকার লাভ করে ক্বতার্থ বোধ করেছি।…

এলাহাবাদ ছেড়ে ১৯২১ এ কলিক।তায় এদে 'ইণ্ডিয়ান ডেলী নিউজ'-এ যোগ দিলাম। ইতিমধ্যে অতুলপ্রসাদ যথনই কলকাতায় আদেন দেখা হয়। স্থারামর্শ দেন, তাঁর স্নেহ ভালোবাসার নিত্য নৃতন পরিচয়ে মন ভরে ওঠে। ইতিমধ্যে বন্ধুবর ধ্র্র্ছিপ্রসাদ ম্থোপাধ্যায় লখনউএ অধ্যাপক হয়ে গেলেন, তার আগে গিয়েছেন অগ্রজতুল্য রাধাক্ম্দ ও রাধাক্মল ম্থোপাধ্যায় আহয়্গল। তারপর গেলেন স্কালয় নির্মান্ত্রার, তারপর বন্ধু অনিতকুমার। এ দের সকলকে পেয়ে অতুলপ্রসাদ যে কী আনন্দ লাভ করেছিলেন তা আমি জানি। বিশেষত ধ্র্র্জিপ্রসাদের গানের সমঝদারিতায় ও তাঁর মননশীল অস্থ্যমন্ধিংলায় তিনি মৃশ্ধ ছিলেন। এ বিশ্ব প্রতির বিশ্ব পরিচয় উত্তর ভারতে দিছিলেন।

১৯২৬ সালের ডিসেম্বরে দিল্লীতে শ্রীযুক্ত প্রমথ চৌধুরী মহাশয়ের সভাপতিকে প্রবাসী বন্ধ সাহিত্য সন্মিলনের অধিবেশনে যোগদান করে লাহোর ঘূরে ফিরবার পথে লখনউ এলেন অতুলপ্রসাদ ও অতাত্য বন্ধুদের সঙ্গে দেখা করতে। অতুলপ্রসাদ সন্মিলনীতে আসেন নি। শুনেছিলাম তিনি শান্তিনিকেতনে পৌব উৎসবে যোগদান করতে গিয়েছেন। আমি লখনউ পৌছুবার পরদিন ওরা ছাহুরারি ১৯২৭ তিনি বোলপুর থেকে ফিরলেন। বিকেলবেলা বন্ধুবর নির্মলকুমার, বৃর্জিটপ্রসাদ, অধ্যাপক বিনয় দাশগুপ্ত আর আমি তার চারবাগের নতুন বাড়িতে এলাম। এ বাড়ি আমি এর আগে দেখি নি। অতুলপ্রসাদের নিজের নামের রান্তার উপর লখনউন্নের নতুন স্টেশনের সামনে চমংকার বাড়িটি দেখে এত ভাল লাগল! বাড়ির নাম দিয়েছেন নিজে স্বর্গতা মারের নামে। নিজে সমস্ত বাড়িটি ঘূরে দেখালেন।"

১৯২৭-এর ডিসেম্বরে বড়িদিনের ছুটিতে শান্তিনিকেতনে সাম্বংদরিক উৎদরে অমল হোম অতুলপ্রদাদের দেখা পেলেন। অমল হোম লিখেছেন,—"যেদিন দদ্ধ্যায় আমরা পৌছুলাম, তার পরদিন অতি প্রত্যুবে কবির কঠম্বরে ঘুম ভেঙে গেল। তাড়াতাড়ি শয়াত্যাগ করে এদে দেখলাম, কবি আমাদের পাশের ঘরখানি ঠিকঠাক করে রাধবার জন্যে ভৃত্যুকে নির্দেশ দিছেনে। আমাকে দেখেই বললেন, কাল রাতে অতুলের টেলিগ্রাম এসেছে, সে আত্র একটু পরেই এদে পৌছবে।' অতুলপ্রসাদের জন্যে স্বয়ং রবীক্রনাথ ঘর ঠিক করাছেন। দেখে এত আনন্দ হল! অলক্ষণ পরেই অতুলপ্রসাদ এলেন।

তারপর চার-পাঁচটি দিন কবি-ভবনে আমাদের কী আনন্দেই কটিল! প্রতিদিন চার বার থাবার টেবিলে কবির অতিথি আমরা সকলে যথন সমবেত হতাম তথন কী রসের বক্তা ছুটত! কবির রসিকতা সর্বজনবিদিত, তাঁর পরিহাস-প্রিয়তা স্থাসিন্ধ, তাঁর সঙ্গে যেন মনিকাঞ্চন যোগ হল অতুলপ্রসাদের পরিচ্ছন্ন ও প্রচ্ছন্ন রহস্ত-শক্তি। কবির স্থতীক্ষ ও স্থগভীর রহস্যালাপ ক্ষণে হাসির লহরা তুলত। আর সে কী অস্থদমন্দ্র হাসি অতুলপ্রসাদের। সমস্ত ঘরটি যেন গমগম করত।

কবির প্রতি অতুলপ্রসাদের যে কী অসীম অহুরাগ ছিল তার বহু পরিচয় বহুবার বছভাবেই পেয়েছি। ১৯৩১-এর ১৬ই মে রবীন্দ্রজয়স্তীর উদ্বোধন-সভায় সকালে আমি জানতে পারলাম অতুলপ্রসাদ কলকাতায় এসেছেন। বালীগঞ্জে তাঁর সঙ্গে দেখা করতে গেলাম। বলামাত্রই তিনি সভায় উপস্থিত থাকতে ও কিছু বলতে সানন্দে সমত হলেন। অথচ রক্তের চাপ হঠাৎ বেশি হওয়াতে তিনি সার নীলরতনকে দেগাবার জন্তে সেবার কলকাতায় আছেন। আত্মীয়-স্বজনের নানা আপত্তি সত্তেও তিনি যথাকালে সভায় যোগদান করলেন ও হুন্দর একটি বক্তৃতা দিলেন। তারপর রবীক্রজয়স্তী উৎসবের আয়োজনে তাঁর কী আনন্দ ! তপ্রবাদী বাঙালীরা যাতে উৎসবে যোগদান করতে পারেন সেই উদ্দেশ্যে আমি দ্যর লালগোপাল মুখোপাধ্যায় মহাশয়কে দে বংসর প্রবাসী বন্ধ সাহিত্য সন্মিলনের অধিবেশন স্থগিত রাথবার জন্ত অমুরোধ করেছিলাম। এ থবর পেয়ে অতুলপ্রসাদ নিজে স্বতঃপ্রবৃত্ত হয়ে লালগোপালবাবুকে আমার অমুরোধে তাঁর একান্ত সন্মতি জানালেন। 'উত্তরা' সম্পাদককে টেলিগ্রাম করলেন প্রবাসী বাঙালীদের নাম ঠিকানার তালিকা প্রস্তুত করে আমাকে পাঠাবার জন্ম। তারবীক্রজয়স্তী উৎসব ্রান্নকট। টাউন হলে অফিস খোলা হয়েছে। প্রদর্শনীর দল বাঁধা হচ্ছে, চিত্রশালা সাজানো হয়েছে—আমার ও সহকর্মীদের এক মৃহুর্ত বিশ্রাম নেই। একদিন সন্ধ্যায় টেবিলে বসে কাজ করছি, হঠাৎ মাথা তুলে দেখি সামনে বসে অতুলপ্রসাদ। কথন যে এসেছেন, নীরবে আসন গ্রহণ করেছেন কিছুই টের পাইনি।

আমি তাড়াতাড়ি উঠে দাঁড়িয়ে বললাম, 'অতুলদা, এ কী অন্তায়! আপনি এসে এরকম বসে আছেন? বলুন কী করতে হবে?' বোম্বাই থেকে ছটি মারাঠা বন্ধু এসেছেন তাঁদের জন্তে 'নটির পূজা' অভিনয়ের টিকিট সংগ্রহ করতে পারেননি জানালেন,—তাঁদের একজনকে নিজের টিকিটখানি দিয়েছেন, আর একখানি টিকিট প্রয়োজন। এর ব্যবস্থা করা আমার সাধ্যাতীত ছিল।…মুহুর্তের মধ্যে আমার অবস্থা ব্যে নিয়ে আমাকে আশস্ত করলেন এবং আমাকে জানালেন তিনি কিছু মনে করবেন না।

२१ (भ फिरम्राइत ১৯৩১, त्रवीक्षजग्रस्थीत कवि मःवर्धना मछा। जन-ममागम खक इराग्रह,

বেচ্ছাদেবকরা নিশিষ্ট আদনে সদস্যদের বদাচ্ছেন, সহসা অতৃলপ্রসাসাদ এদে বললেন, 'অমল আমি কি আমার সীট আর একজনের সঙ্গে বদলিয়ে নিতে পারি?' আমি বললাম, 'আপনার এত সামনের সীট, তা ছেড়ে এত দ্রে চলে বেতে চাচ্ছেন কেন?' উত্তর হল, 'আমার একটি বন্ধুর পাশে বসতে চাই।'

"ইদানীং অতুলপ্রসাদ প্রায়ই চিকিৎসা ও বিশ্রামের জন্ম কলকাতায় আসতেন। তাঁর সঙ্গে আমার দেখা সাক্ষাৎ ঘটত না। তিনি কলকাতা এলেই তাঁর আবাসন্থলে জলসা বসত। কখনো কখনো তাতে উপস্থিত খেকে দেখেছি সঙ্গীতে তিনি তাঁর সমস্ত সত্তা কেমন করে ডুবিয়ে দিতে পারতেন।"

শ্রীযুক্ত পাহাড়ি সাত্যাল মহাশয় লেখকের সঙ্গে এক সাক্ষাৎকারে বলেছেন:

"তথন বিজেনদার (১) বিয়ে। সময়টা ঠিক মনে নেই,১৯২৩।২৪ হবে। আমি তথন খুউব ব্যন্ত নতুন বৌদিকে পেয়ে, আরও নতুন নতুন আত্মীয় স্বজন, তথন নতুন সম্পর্ক, নতুন স্বপ্ন, এদিকে ওদিকে মন ছুটে বেড়াচ্ছে, তথন কি আর অতুলদার কথা মনে থাকে! হাজার হোক তিনি তথন প্রবীণ মানুষ, আমি নবীন অতুলদা আমাকে ডাক পাঠিয়েছিলেন, যাওয়া হয়ে উঠল না। যাচ্ছি যাব করতে করতে তারপর ভুলে গেলুম।

তার আগে মণ্টুদা (২) এসে লখনউতে গাইলেন, 'ষদি দিন তো দেবে'। বড় অপূর্ব গাইলেন দরদী কঠে,—ভ্লতে পারলাম না। যারা সেদিন উপস্থিত ছিলেন তাঁরা তন্ময় হয়ে ভনেছিলেন তাঁর গান। অত্লদা মণ্টুদার গান ভনে এত মৃভ্ড্ হয়েছিলেন যে তাঁর ছ-চোথ ভরে জল এসেছিল। সেদিন মণ্টুদার সঙ্গে আমিও গলা মিলিয়েছিলাম। একদিন অত্লদাকে তাঁর কতগুলি গান গেয়ে শোনালাম। আমার গলাটা, বলব না, ভালোই ছিল। অত্লদা বললেন, 'তোমার হবে, তোমার হবে, ব্ঝেছ!' সেদিন চাক্রবাবু (৩) সেথানে ছিলেন। বললেন, 'বেশ গায়।' চাক্রবাবু অত্লদাকে বললেন. 'চলুন আমরা নির্মলের (৪) বাড়ি থেকে ঘ্রে আসি। ঝুহুর (৫) গান শোনা যাক।' অত্লদা, আমি, চাক্রবাবু এবং আরো কেউ কেউ ছিলেন, সকলে সেদিন নির্মলবাবুর

> শ্রীদ্বিজ্ঞেন স্যান্তাল । সঙ্গীতজ্ঞ । শ্রীযুক্ত পাহার্যি স্যান্তালের বড় ভাই । প্রবাসী বঙ্গ সাহিত্য সম্মেলনের সঙ্গীত শাখার সভাপতি ছিলেন কয়েকবায় ।

२ मण्डेमा । श्रीयुक्त मिनी भक्सात त्राप्र

৩ চাক্লবাব্। সিনেমা-অভিনেত্রী কমা দেবীর পিতা

৪ নির্মলবাবু॥ ৶নির্মল সিদ্ধান্ত

अ्ष्रिम ॥ व्यीठिखरम्था निकास्त्र । √िर्मिन निकास्त्र नर्धामिगे

বাড়ি উপস্থিত হয়ে ধুউব খানাপিনা করলাম আর মনের আনন্দে ঝুফুদির গান ভনলাম। ঝুফুদি অপূর্ব গান গাইতেন। ঝুফুদিকে বলা হত সেই সময়ে নাইটিকেল অব্ বেকল। বাঙলাদেশ থেকেই এই সম্মান দিয়ে উত্তরপ্রদেশের রাজধানী লখনউ শহরে পাঠিয়েছিল। স্থকণ্ঠ ছিলেন। তাঁর গান যারা ভনেছেন তাঁরা ভূলতে পারেন না। यारे रोक रव कथा वनहिनाम। अञ्चला आभारक यूजेव स्त्रष्ट कत्रराजन-यूव स्त्रष्ट-পরায়ণ ছিলেন। তাঁর বাড়ির খার সব সময়েই সকলের জন্মে অবারিত ছিল। যথন তথন তাঁর বাড়ি হাজিরা দিতাম, তিনি কখনো তার জন্মে বিরক্ত বোধ করেন নি। অতুলদা সকলকে খুউব থাওয়াতে ভালবাদতেন। যথনই আমরা ওঁর বাড়ি গিয়ে উপস্থিত হয়েছি খুব থাইয়েছেন। খাইয়ে মামুষদের থাইয়ে উনি আনন্দ পেতেন। নিজেও খাল্বরসিক ছিলেন। কাবাব কোপ্তা মোগলাই খানা খেতে খুউব ভাল-বাসতেন। ১৯২০ সন থেকে তাঁর ব্লাড প্রেশার দেখা দেয়, তাই ডাক্তারেরা তাঁকে থাত্মের ব্যাপারে লোভ সংবরণ করতে বলেছিলেন। কিন্তু তিনি বালকের মত ব্যবহার করতেন। কোন এক ভোজসভায় খাওয়ার টেবিলে আমি ঠিক তাঁর পাশের চেঁয়ারেই বলেছিলাম। তথন যতদ্র মনে পড়ে মণ্টুদা, ধৃজ্টিপ্রসাদ এবং আরো অনেকেই ছিলেন। বয় নানান থাভাসভার নিয়ে আসে আমরা সকলে তুলে নিই, কিন্তু তাঁর তে। উপায় নেই। আমার তথন বয়স অল্প, ডাক্তারের নিষেধের কথা আমি ভতটা বৃকি না। আমি অতুলদার প্লেটে দব মুখোরোচক থাবার চুপিদারে দাপ্লাই দিই। অতুলদাও সকলের অলক্ষ্যে তা ষথাস্থানে প্রেরণ করেন। একবার ধরা পড়ে গেলেন। সকলে হা-হা করে উঠলেন—একি অতুলদা এ কী করছেন ! আপনার না এসব থাওয়: বারণ। অন্যায়ই; ভীষণ অন্যায়ই হচ্ছে ইত্যাদি। সকলে একসঙ্গে বললেন। তথন অতুলদা শিশুর মত হেসে বললেন, খাইনি ... কোথায় কো-কোথায় খেলাম আর! একটু টেস্ট করছিলাম, কেমন রান্নাটা দেখলাম।

অতুলদা উচ্চরবে হাস্য করতেন অল্প তোতলামি ছিল। দেখে মনে হত রাসভারি মাহ্ম, কিন্তু তিনি ছিলেন রসিক মাহ্ম। তাঁর কত যে গুণ ছিল! তাঁর সেই ব্যক্তিত্ব কেমন ছিল ঠিক বোঝাতে পারব না। আমরা ত্থন ছিলাম ছোট, তিনি আমাদের কাছে বিরাট পুন্দ, আমাদের আদর্শ; আমাদের মনপ্রাণ ভূড়ে থাকতেন। অনেকদিন হয়ে গেছে মাঝে মাঝে ভূলে যাই, তব্ তাঁর কথা যখন ভাবতে বিসি, তাঁর শ্বতিগুলো যখন ভিড় করে এসে দাঁড়ায় শ্বতিপটে তখন কী যে তৃথি পাই বোঝাতে পারব না। মনে পড়ে তিনি খুউব জোরে কথা বলতেন এবং উচ্ছহাস্য করতেন। তাঁর চিকিংসকরা অত উচ্চহাস্য থেকে বিরত থাকতে বলেছিলেন বারবার। উচ্চহাস্যির দমক তার শরীরে যে-কোন মুহুর্তে বিপদ ডেকে আনতে পারত।

ষাই হোক, বেকথা বলছিলাম। অতুলদা আমাকে একদিন ডেকে পাঠালেন। বলে পাঠালেন, আমার কাছে এসো অমৃক দিন। একটা গান শেখাব, নতুন একটা গান লিখেছি।'

'কী গান ?'

'কত গান তো হল গা ওয়া'……

কিন্তু আমার যাওয়া হল না। তথন আমার কত কাজ!

অতুলদা আমাদের বেন্ধনী ক্লাব আগও বেন্ধনী ইয়ংম্যান আ্যাসোসিয়েশনের সারা জীবনের প্রেসিডেণ্ট ছিলেন। তিনি ছাড়া আর কারো যোগ্যত্য ছিল নাকি? সে কথা এতই স্বতঃসিদ্ধ যে সকলেই তা মেনে নিয়েছিলেন। তিনি ছু:হাতে পয়্মমা উপায় করতেন, ব্যয় করতেন চার হাতে। তাঁর কাছে যে কেউ যেতেন আতিথ্য গ্রহণ করতেন; তাঁর কথা কেউ ভ্লতে পারতেন নাকি! লখনউয়ের ভদ্রতার তিনি সাক্ষাং দৃষ্টাস্ত।

স্থামার সঙ্গে প্রথম আলাপের কথা বলি। সাল তারিথ ঠিক মনে নেই, সম্ভবত আমার বয়স বোধহয় বার কি তেরো হবে। 'আওয়ার ডে ফাণ্ড' উপলক্ষে আলাপ হয়ে গেল। 'আওয়ার ডে ফাণ্ড' অর্থাং আজকাল যেমন ডিফেন্স বণ্ড, নানান ত্রাণ তহবিল ইত্যাদি হচ্ছে তথন প্রথম মহাযুদ্ধের পর ছিল 'আওয়ার ডে ফাণ্ড'; সেই তহবিলে টাকা সাহায্যের জন্ম অতুলপ্রসাদেরগানের একটা অফুষ্ঠান হয়েছিল। বৈশিষ্ট্য ছিল,অতুলপ্রসাদ নিজেই সেই অফুষ্ঠানের শিল্পীর তালিম দিচ্ছিলেন। আমি তথন অতুলপ্রসাদের ত্ব-থানি গান বাড়িতে গেয়ে খুউব মক্স করে অতুলপ্রসাদের গানের একজন মন্ত বড় শিল্পী বা সমঝদার বলে নিজেকে মনে করেছিলাম। তাই যথন অতুলপ্রসাদ অফুষ্ঠানে অংশ গ্রহণে ইচ্ছুক শিল্পীদের তালিম দিচ্ছিলেন তথন আত্মপ্রতায়ে ভরপুর আমি তাদের সামনে দাঁড়িয়েছিলাম। ভয়কর গন্তীর প্রকৃতির মান্ত্র্য, ততোধিক কণ্ঠকর আমি তাদের সামনে দাঁড়িয়েছিলাম। ভয়কর গন্তীর প্রকৃতির মান্ত্র্য, ততোধিক কণ্ঠকর করেছ ? তোমার নাম কী ?'

भाग (थरक रक এकजन ছেলে বললে, 'ও পাহাড়ী।'

তিনি ইংরেজিতে বললেন, 'তুমি পাহাড়ী হয়ে আমার বাংলা গান জান ? গাইতে পারবে ? বাংলা জান ব্ঝি ?'

चामि वननाम, 'चामि वाडानी। चामात्र नाम शाहाजी माजान।'

দেদিনকার তালিমের পর অতুলদা আমাকে ডেকে বললেন, 'তুমি আমার কী কী গান আন ?'

বললাম, 'উঠো গো ভারত-লম্বী।'

'শোনাও শুনি।'

আমি গাইলাম 'উঠো গো ভারত-লক্ষী', 'মোদের গরব মোদের আশা আ মরি বাংলা ভাষা।' গান শুনে বললেন, 'তোমার গলাটা ভাল। চেষ্টা কর, গান হবে। তোমাকে আমার গান কিছু শেথাব।' আমি তো আনন্দে আত্মহারা তাঁর কাছে গান শিথব একথা ভেবে। সত্যিই তাঁর কাছে থেকে অনেক গানই আমি শিখেছি। অপূর্ব ভরাট গলা ছিল তার। গানও গাইতেন চমৎকার। সে সময়ে তিনি আমাদের কত গান শিথিয়েছিলেন। তাঁর শেথানো স্থরগুলি আর এখন স্বরলিপিতে যে স্থর আছে অনেক ফারাক। সেই মেজাজ কোথায়! তাঁর অনেক গানের স্থর আজ হারিয়ে গেছে, অনেক গানেরও আছ চিহ্ন পাওয়া যায় না। কবি রবীন্দ্রনাথ তথন লখনউত্ত আসবেন, সঙ্গীত সম্মেলন, তার জন্ম সারা লখনউ শহরে প্রস্তুতি চলেছে। রবীন্দ্রনাথকে কিভাবে অভার্থনা করা হবে, ভাই নিয়ে বাঙালীদের মধ্যে জোর জল্পনা কল্পনা চলছে। অতুলপ্রসাদ অভার্থনা কমিটির প্রেসিডেন্ট। রবীন্দ্রনাথ লখনউয়ে আসবেন তাই অতুলপ্রসাদ তাঁর সমানে একথানা গান বাঁধবেন। আমার <mark>উপর হকুম হল সে গান</mark> গাইবার। কথা রইল, রবীক্রনাথের লখনউ আসার আগেই অতুলদা গান বেঁধে গানখানা আমাকে তুলে শেবেন। বললেন, কয়েকদিন পরে এসো পাহাড়ি, ভোমাকে গানখানা তুলে দেব। আমি প্রত্যেক দিনই অতুলদার বাড়ি যাই গানখানি রচনা করেছেন কি না জানতে এবং গান রচনা হলে অতুলদার পায়ের কাছে বলে গানথানির স্থর তুলে নিতে, কিস্ক অতুলদার বাডি উপস্থিত হয়ে প্রত্যেকদিনই দেথতুম অতুলদা নিরাসকভাবে তাকিয়ে আছেন; গানখানি রচনা করার কোন আগ্রহই নেই।

আমি বলতাম, 'অতুলদা গান রচনা হন না এখনও ?'

তিনি বলতেন, 'হবে, ব্যস্ত কী ?'

আরো কয়েকদিন পরে তাঁর কাছে উপস্থিত হয়েছি, অতুলদাকে তথনও দেখেছি খুব ব্যস্ত। গানের কথা বলতে বলেছেন, 'একটু সব্র কর। গান লেখা হলেই স্থর দিয়ে তোমাকে শিখিয়ে দেব। এক কাজ কর তুমি। বরং কাল এসো পাহাড়ি, কালকের মধ্যেই গানখানা লিখে ফেলব।'

কাল কাল করতে করতে অনেকগুলো দিন এগিয়ে গেল, অতুলদার আর গান লেখা হল না। আমারও গান শেখা হল না। আমি ভাবলাম অতুলদা গান লেখার কথা ভূলেই গেছেন, কারণ কবিগুরু রবীন্দ্রনাথের লখনউ পৌছবার মাত্র আর কদিন আছে। যখন আর ছদিন বাকি তখন অতুলদাকে না বলে আর পারলাম না বললাম, 'অতুলদা, আপনার গান লেখার কি ইচ্ছে নেই ? আপনি গান লিখবেন হার দেবেন তারপর আমাকে শেখাবেন তারপর আমি সকলের সামনে গাইব;

এ তিন কাছ কী করে সম্ভব হবে এত অর সমরের মধ্যে ? অতুলদা এ আমি পারব না !'

অতৃলদা অকস্মাৎ ভীবণ গভীর হয়ে বললেন, 'তৃমি কি মনে কর আমি গান রচনার অক্ষে চেষ্টা করিনি? এক মাস ধরে প্রতিদিন গান রচনার চেষ্টা করেছি। রবীজ্ঞনাথের উপযুক্ত গান লিখতে পারি নি; মনোমত হয় নি তাই ছি ডে ফেলে দিয়েছি।' দেশলাম বার্জে কাগজের বুড়িতে অসংখ্য ছিল্ল কবিতার পাঙুলিপি।

অবশেষে লখনউয়ে রবীক্রনাথের আগমন ঘটল, আ্র এক-দেড়দিন আগে অতুলপ্রসাদ লিখলেন, 'চাহ রে আজি ভারত মাতার প্রতি।' অতুলদা নির্দেশ দিলেন, গান শেষ করে আমি যেন কবিগুরু রবীক্রনাথের পদধ্লি গ্রহণ করি। রবীক্রনাথ সঙ্গীত সম্মেলনীতে লখনউ এসেছিলেন ১৯২৬ সালে।

কিন্তু তারও আগে বিজ্লার বিয়ের পর সেই দেদিন বর্থন অতুলদার সঙ্গে দেখা হয়েছিল অতুলদা বলেছিলেন, 'পাহাড়ি তুমি কবে আদছ, তুমি একদিন এলো আমার কাছে। এত কী কান্ত তোমার!'

সেই সময়ে আমি তাঁর ঘনিষ্ঠ সহচর হয়ে পড়েছিলাম। বেখানে বে অহুষ্ঠানে তিনি বেতেন তাঁর ছোট্ট ভক্তটির আসন তাঁর পাশেই থাকত। আমার অন্ধরে তিনি বেরকম বিরাটরূপে বিরাজ করেছিলেন, সম্ভবত তাঁর অন্তক্তরণেও ক্তৃত্তম ভারগা আমার জত্তে সংরক্ষিত ছিল। আমার কেমন অধিকার-বোধ জন্মেছিল তাঁর অনুপদ্বিতিতে ক্লাব-বরে তাঁর সংরক্ষিত আসনে বসে থিয়েটার দেখার। তিনি সম্প্রেহে আমাকে এই অধিকারটুকু দান করেছিলেন। বেঙ্গলী ক্লাব এবং ইয়ং ম্যান আাসোসিয়েশনের কোন থিয়েটার-হলে তাঁর আসনে ততক্ষণ বসে থাকতাম যতক্ষণ না তিনি এসে উপস্থিত হতেন। তিনি এলে তাঁর পাশের চেয়ারে বস্তাম। এই ছিল নিয়ম। সেদিন একটা ঘটনা ঘটে গেল। ক্লাব-ঘরে ঘণারীতি খিয়েটার হচ্ছে। আমি বসে আছি অতুসদার অন্থপথিতিতে তাঁরই সংরক্ষিত আসনটিতে। থিয়েটার ভক্ত হল তথনও অতুসদা এলেন না, এমন তো সাধারণত হয় না! থিয়েটার যথন জমে এসেছে, খ্ব মনোযোগ দিয়ে দেখছি, তথন অতুসদা এলেন। স্টেজের দিকেই চোখ রেখে তাঁর আসন ছেড়ে দিয়ে অতুলদাকে বঙ্গলাম, 'বস্থন অতুলদা।'

অভুসদা বললেন, 'উঠতে হবে না ভোমাকে, আমি পাশের চেয়ারে বসছি।'

শ্বাক হলাম একটু, শ্বতুলদা তো এমন বলেন না কথনো! শ্বতুলদা কেমন খেন নিংশলে বলে থিয়েটার দেখছেন; এমন তো হয় না কখনো! থিয়েটার দেখতে দেখতে শ্বতুলদা মতামত ব্যক্ত করতে এবং শুনতে ভালবালেন, তাই শামরা থিয়েটার চলাকালীন নিচু হরে কথা বলে থাকি। অতুলদা কি আমার ওপর রাগ করেছেন! মনে মনে ভাৰলাম, উনি আমাকে কেতে বলেছিলেন আমি যাই নি, তাই কি এ রাগ! আমরা ত্-জনে থিয়েটার দেখে চলেছি অথচ কথা বলছি না এবং সেইজন্ত মনে মনে বড় পীড়িত হচ্ছি। ভাবি ক্ষমা চাইব অতুলদার কাছে অস্তায় করেছি বলে, না কী অন্ত কোন কারণ, সেই কারণটা জিজ্ঞেস করে জেনে নেব।

অতুলদা মনোযোগ দিয়ে থিয়েটার দেখছেন। তারণর দেখলাম, অতুলদা মনোযোগ দিয়ে থিয়েটার দেখছেন না। কারণ মনোযোগ থাকলে চোথ থাকে স্টেক্সে অভিনেতাদের প্রতি এবং হাতের উল্লাস প্রকাশ পায় আমার পৃষ্ঠদেশে; সেদিক থেকে তিনি নীরব। তিনি যখন নীরব আমিই বা কেন সরব হব। দ্বির করলাম অতুলদা কোন কথা না বললে আমিও কোন সাড়াশন্ধ করব না। আসলে আমিও তো কম অভিমানী নই! অতিক্রম করেছে কিছু সময়। অন্ধকারে এক সময়ে অত্তত্তব করলাম একখানা ভারি হাতের স্পর্শ আমার পিঠে এবং শুনলাম তাঁর কণ্ঠন্বর, 'তুমি কেন আমার সঙ্গে কথা বললে না, আমি যদি তোমার সঙ্গে কোন কণা না-ও বলে থাকি!'

আমি অতুলদার কথা শুনে অন্ধকারেই তাঁর দিকে ফিরে তাকালাম। আমার চোখছটো জ্বলভরা হয়ে উঠেছিল। অতুলদা বললেন, 'বল, তোমাকে আমি ডাক পাঠালাম
বারবার আমার নতুন গান শেখাবো বলে জার তুমি এলে না, কেন ?'

অতুলদার ত্-চোথ দিয়ে দরদর করে অকস্মাৎ জলধারা নামল। আমি ব্যক্তিত হয়ে তাকিয়ে রইলাম। দেই বিরাট ব্যক্তিত্বের কোমল স্নেহপূর্ণ কোন্ গভীর তল থেকে এ কোন্ অভিমানের কশ্বধারা !*·····

ৰীবিনয়ক্বঞ্চ ঘোষ 'অতুলপ্ৰসাদ প্ৰসঙ্গে' নামক প্ৰবন্ধে বলেছেন:

সন তারিথ মনে নেই ঠিক। অনুমান ১৯২৯-৩০ সাল হবে। ঋতুটা বর্ধা। জোড়া-সাঁকো, শিবুঠাকুরের গলি, ৩১ নম্বর বাড়ি। গুণী, শিল্পী, কদরদান মহলে বাড়িটি স্পরিচিত। নিষ্ঠাবান ব্রাহ্মণ তান্ত্রিক সাধক পূর্বপূক্ষ-প্রতিষ্ঠিত ঐ নিবাসের অধিকারী মিহিরকিরণ ভট্টাচার্য। তম্ম অনুজ শিশিরশোভন। মধ্যম জ্রাতা তিমিরবরণ তথনও অক্সাত অধ্যাত।

বিজ্ঞাপন ছাপিয়ে নয়, চিঠি বিলি কয়ে নয়। কিন্তু আসর বসে ওখানে মাঝে মাঝেই।
সঙ্গীত, শিল্প, সাহিত্য সর্বক্ষেত্রের গুণীদের সমাগম হয়। সঙ্গীতের তান ওঠে। কখনো
কঠে, কখনো যজে। কেউ চোখ বুজে শোনেন বুঁদ হয়ে। কারো কঠ উচ্ছুসিত।

উপরোক্ত বিবরণ শ্রীপাহাড়ি সান্তাল মহাশয়ের সাক্ষাৎকার-সময়ে বর্ণনা

ক্ষুসায়ে লেখক কর্তক লিখিত।

খোশ গল্প, হান্ত পরিহাস, পান জ্বদা চা— অর্থাৎ বৈঠকের উপচার ও উপাদান কিছুরই ক্মতি নেই।

এক বর্বা-সন্ধ্যার গিয়েছি সেখানে। দেখি—বীরবল, আর তাঁর পাশে বসেছেন অত্ল-প্রসাদ। গৃহস্বামীর সম্প্রেছ আপ্যায়ন—'এই বে এসেছ। বাং বেশ হয়েছে। বস, গান শোনাও দেখি।' বীরবল ও অত্লপ্রসাদকে লক্ষ্য করে বললেন,—'এর নাম বিনয়। বিনয় ঘোষ। গান গায়। ভারি মিটি গলা।' বীরবল চুক্লটো ঠোঁট থেকে সরিয়ে বললেন, 'বলতে হবে না। ওকে জানি।' অত্লপ্রসাদ কিছুই বললেন না; চোখ বড় বড় করে তাকিয়ে রইলেন। মূথে স্মিত হাস্ত। গাইলাম, 'মেঘেরা দল বেঁধে বায় কোন্দেশে।" একটু আশহা ছিল মনে। অত্লপ্রসাদের গান গাইছি তাঁর একেবারে ভিন হাত নাগালের মধ্যে বসে, যদি গাওয়া তাঁর পছল না হয়! যদি কোখাও ভূল-ভাল হয়!

গাওয়া শেব হল। মিহিরদা হাসিম্থে বললেন, 'বাঃ বেশ গেয়েছ।' অতুলপ্রসাদ তেমনি বড় বড় চোথ মেলে তাকিয়ে রইলেন হাসি-হাসি মৃথে। আত্তে করে বললেন, 'বাঃ! বেশ স্থলর!'

Arts ষেখানে ছিল, অর্থাৎ পুরোনো হিন্দুছান বিল্ডিংএ 'আনন্দমেলা' (আনন্দ-বান্ধারের আনন্দমেলা নয়) প্রতিষ্ঠানের বার্ষিক উৎসব। প্রতিষ্ঠানে যুক্ত ছিলাম। এই স্থবাদে গিয়েছি সেথানে। মেঝেতে আলপনা দিয়ে কিছু প্রশংসা পেলাম শিল্পী মনীষী দে মশাইয়ের কাছ থেকে। অতুলপ্রসাদ তথন ছিলেন ওই 'আনন্দমেলা'র প্রেসিডেন্ট। লখনউ-প্রবাসী হওয়া সত্তেও। ঐ সময়ে তিনি কলকাতায় এসেছিলেন, এবং উপস্থিত ছিলেন ঐ সভার। 'আনন্দমেলার' প্রতিষ্ঠাতা-সম্পাদক শ্রীযুক্ত হরিহর চন্দ্র মহাশরের অমুরোধে অতুদপ্রসাদ সেদিনের আসরে তার ইচ্ছেমত করেকথানি গান গাইলেন। গানের পর গান। খাদের দিকে কণ্ঠখরে গুরুগান্তীর্যের সঙ্গে মাধুর্ষের মিলন লক্ষ্য করবার মত। বেশি তান খেলিয়ে কোন গান গাইলেন না। তার সপ্তকেও দাঁড়ালেন না। অথচ যে-সব ছোট ছোট টগ্গার তান আর মীড় লাগিয়ে ঠংরির লাবণ্য ফুটিয়ে তুললেন গানগুলিতে তা লক্ষ্য করে আমার পিপাসা আরও বেড়ে গেল। বালক বয়স থেকেই অতুলপ্রসাদের কয়েকটি গান কণ্ঠত্ব করেছিলাম দাদাদের কাছ থেকে। বিচার করবার মত তথন না ছিল বয়স, না ছিল কমতা। কিছ না বুবে-হ্বরেও মৃগ্ধ হয়ে বেডাম। সেই অতুলপ্রসাদের আপন কর্ছে, তাঁরই লেখা গান ভনলাম এত কাছে বলে ! ভাগ্যবান বলে মনে করলাম নিজেকে। चात्र अं भगमान चात्र के चानमारमा देश चान्तर राष्ट्रित हिलत । हिलत हेनिता राष्ट्री

চৌধুরানী, ছিলেন প্রিরম্বদা দেবী। অতুলপ্রসাদের পরে গান গাইবার পালা ছিল আমার। কিন্তু এবারে স্থবোগটি ছেড়ে দিলাম না। বললাম অতুলপ্রসাদকে মনের কথাটি। বললেন, 'গান শিথতে চাও, বেশ'তো। এসো আমাদের বাড়ি। আমি আছি আমার ভাইরের বাড়িতে কৌর রোডে। গ্রা করেকটা দিন আরও থেকে কিরে যাব—লখনউ। বেশ তো, সকালের দিকে এসো। বিকেলেও আসতে পার।' গিয়ে হাজির হলাম ৬ নম্বর কৌর রোডে—এখন যার নাম হয়েছে গুরুসদের রোড। প্রথমেই মিষ্টিম্খ। অতুলপ্রসাদ বললেন আমার সম্বোচ দেখে, 'থাও না, সবই মরের তৈরি। থেয়ে নাও আগে।' থেয়ে নিলাম। তারপ্র গিয়ে বসলাম গান শিখতে। একটা থাতা খুলে পাতা উলটে দেখতে লাগলেন আর গুন-গুন করে স্বর ভাঁজতে লাগলেন অতুলপ্রসাদ। প্রথমে শেখালেন,

"জল কহে চল মোর সাথে চল তোর আঁথিজল হবে না বিফল"

গাইলেন নিচু পর্দায় আন্তে করে। দিনেজ্রনাথের মত গলা ছেড়ে, মানে উচ্চকণ্ঠে নর। কিন্তু গলার কাজগুলো ঠিক দেখিয়ে দিচ্ছিলেন। গানটির বিতীয় লাইন

> "চেয়ে দেখ মোর নীল জলে শতটাদ করে টলমল"

গাইবার সময়ে 'চাদ' কথাটা টগ্গার ক্রত কম্পন দিয়ে অনায়াসে গেয়ে দেখালেন। আবার সহজ সাদামাটা করেও গাইলেন।

রেভিও আর্টিস্টদের গলায় ঐ টপ্পার কান্সটুকু এ পর্যস্ত শুনতে পেলাম না তো! বলতে লক্ষা নেই, ঐ একথানা গান ভাল করে শিথে নেবার জ্ঞানত একাধিক দিন গিরেছিলাম তাঁর কাছে। আরও গান অবশ্য শিথিয়েছিলেন। খ্ব যত্ন করে, ধৈর্ম ধরে নিজে বার বার গেয়ে শেখাতেন গান। তার সঙ্গে চা এবং সন্দেশাদি তো থাকতই।

আমার পরম সৌভাগ্য, অতুলপ্রসাদ আমার গান তনে খুব খুশি হয়েছিলেন এবং বলেছিলেন, 'চল না আমার সঙ্গে লখনউ। অনেক গান শিখিয়ে দেব। এখানে মাত্র কয়েকদিনের জত্যে আসি।' আমার স্বয় বৃদ্ধি! তাঁর সেই আমন্ত্রণ করিনি সেদিন। কে ভাবতে পেরেছিল এমন অকস্মাৎ চিয়জীবনের মত চলে যাবেন অতুলপ্রসাদ!

১৯৩৪ সালে তিনি পরলোক গমন করেন, আর ১৯৩৫ সালে আমার লখনত বাবার ক্ষোগ ঘটে। তাঁর নামে নামাছিত এ. পি. সেন রোডে তাঁর প্রাসাদোপম শৃষ্ণ বাসভ্বনটি দেখে তখন দীর্ঘশাস ফেলে নিজের বৃদ্ধিকে ধিকার দেওরা ছাড়া আর কিছু করবার ছিল না।

আলু-সর পরিচয় আমার সকে। তবু লখনউ থেকে কলকাভার এলে একখানা ছোট্ট আমারে এ আধারে চিঠিতে ছ-ছত্ত লিখে পাঠাতেন অতুলপ্রসাদ—'ভাই বিনয়, আমি এসেছি। দিনকতক থাকব। তুমি স্থবিধামত অবশ্রই এসে দেখা কোরো। অতুলদা।'

পিয়ে হাজির হলেই সেই মধুর স্মিত হাস্তমাধা মৃথের অভ্যর্থনা—'এসেছ? বেশ।
বন্দ, চা ধাও আগে।' "কে ভূমি বিদ নদীক্লে একেলা" গানটি শেথাতে শেথাতে
মাঝখানে বলেন ঐ গান লেখবার ইতিহাদটা। 'একবার এক কমিশনে বাচ্ছি
গোমতী নদী দিয়ে, নৌকো করে। মাঠের ভিতর দিয়ে এঁকে বেঁকে গিয়েছে নদীটা,
বেশ মিঠে মিঠে হাওয়া বইছে। বনে বনে একটা বইয়ের পাতা উন্টে বাচ্ছি। এমন
সময়ে চোখে পড়ল, অয় বয়সের একটা মেয়ে নদীর একেবারে ধারে একলা বনে
রয়েছে। কেমন বেন আনমনা হয়ে তাকিয়ে আছে—কিছুই বেন দেখছে না। হাওয়ায়
চুলগুলি উড়ছে এলোমেলো। আধময়লা ঘাঘরাটাও উড়ছে এদিকে সেদিকে। কোন
দিকেই জ্রাক্ষেপ নেই মেয়েটির। দেখে মনটা বেন কেমন উদাস উদাস হয়ে গেল।
উদাস-করা একটা হয়ে মনে এসে গেল। তখন এই গানটা লিখে ফেললাম।' বললেন
অতুলপ্রসাদ তার সেই ঈষৎ হাসি আর একট্থানি লাজ্ক ভঙ্গি-মেশানো চঙে। তারপর
সব গানটা শেখালেন।

এই গানটি দ্রুত লয়ে, থেমটার তালে গাইতে গেলে এর অন্তর্নিহিত শাস্ত উদাস-করা ভাবটুকু বে চটপট পটল তুলবে এতে সন্দেহ নেই। অধিকাংশ রেডিও এবং বেকর্ড আর্টিস্ট নিঃসন্দেহে এই স্কন্ম বিচার এবং অমুভৃতি থেকে যে মৃক্ত একথা নির্ভয়ে বলা বেতে পারে।

আর একবার এসেছেন অতুলপ্রসাদ লক্ষ্ণে থেকে, চিঠি পাঠিয়েছেন,গিয়েছি তাঁর কাছে। উঠেছেন এবারে তাঁর জাতি ভাতা, শ্বল-কজেজ কোটের জজসাহেব শুপ্ত সাহেবের বাড়িতেই। "তব চরণ তলে সদা রাখিয়ো মোরে" গানটি শেখাতে শেখাতে একবার একটু হেসে বললেন, "আচ্ছা, তুমি কি হরেন চটোপাধ্যায়কে চেনো? আলাপ আছে? একদিন আনতে পার আমার কাছে? শোননি রেকর্ডে গেয়েছে আমার গানটা—'ওগো নিঠুর দরদী'? ভানেছ? ও, হরেন দিলীপের বন্ধু বৃঝি? তা, নিয়ে এসো একদিন ওকে, কেমন? নিয়ে গিয়েছিলাম হরেনদাকে অতঃপর।

তথন বাংলা দেশ ভেসে বাচ্ছে স্থরের প্লাবনে—অপরপ স্কণ্ঠ দিলীপকুমার রায়ের গানের বন্তার। গান তো শুনে আসহিলাম, গেয়েও আসহিলাম বেশ ক-বছর ধরে। কিন্তু গানের জান, প্রাণ, কলিজা বে কোথার থাকে তার থবর প্রথম দিলেন দিলীপকুমার। ভক্ত হরে পড়ব এ আর বেশি কী! সাকরেদ বনে গেলাম হরিদাস গোখামী, কুম্দেশ (বদন) সেন, রণজিড (টুলু) সেন, স্থনীল সরকার, পূর্ণেশু চক্রবর্তী, হরিপদ শ্লায়—শামাদের বন্ধুগোজিত্ব করেকজন। অতুলপ্রসাদের কতক্তনি গান

দিলীপবাব্ (আমাদের মন্ট্রা) মধ্নিংজ্বলী কণ্ঠের জাহতে তথন বাংলা দেশকে মুগ্ধ মোহাচ্ছর করে রেথেছেন। ঐসব গানের কিছু কিছু আমরাও শিথেছিলাম মন্ট্রার কাছ থেকে। স্বতরাং একদিন আমার জিজ্ঞাসার উত্তরে অতুলপ্রসাদ বধন তাঁর অভাবদিল স্নিশ্ব হাসি আর লাজ-নত্র বচনে জানালেন "মন্ট্র বেশ ভালো গার, কিছু বড্ড
বেশি বাড়াবাড়ি করে ফেলে", মনটা একটু কুর হয়েছিল বৈকি! হোক না একটু
বাড়াবাড়ি। তান বিস্তার না-হয় ঈবং অতিরিক্ত হলই। অমন অমৃতনিংক্তন্দী
"কঠে ফিরিতেছে সাভটি স্বর সাভটি বেন পোষা পাথি" এ যারা চাক্ত্ব করেছেন উান্দের
চক্ত্ ও কর্ণের বিবাদ নিশ্চয়ই ভঙ্গন হয়েছিল। স্থরের থেলা না-হয় একটু বেশিই হল।
'ও আমার নবীন শাখী ছিলে তুমি কোন্ বিমানে", 'ওগো নিঠুর দরদী, এ কী খেলছ
অফ্রন্দণ', 'বদি তোর হদ-যম্না হল রে উছল', 'আর কতকাল থাকব বন্দে', 'বঁধুরা
নিদ নাছি আখিপাতে', 'কে আবার বাজায় বাঁশি এ ভাঙা কুঞ্জবনে'—এ সব গান বছ
আসরে দিলীপবার্ তথন গেয়েছেন। দিলীপকুমার, ধূর্জটিপ্রসাদ এঁরা খ্ব ঘনিষ্ঠ বছু
ছিলেন। অতুলপ্রসাদের গানগুলি দিলীপকুমার নিশ্চয়ই নিত্লি স্করে এবং তঙে
গাইতেন, তানালাপের কথা আলাদা। আমাদের উল্লিখিত বন্ধুগোঞ্জী এইসব গান
শিবেছিলাম দিলীপকুমারের কাছে এবং বছ আসরে তাঁর সন্দে বন্দে গেয়েছি।

কিন্তু আজকাল এই গানগুলি যারা গেয়ে থাকেন তাঁদের গলায় অতুল প্রসাদের গানের বিশিষ্ট চঙ যে খুব কমই দেখতে পাওয়া যায় এটা তাঁরা নিজেরা অর্থাৎ গায়ক-গায়িকারা বোঝেন কি? সম্ভবত বোঝেন না। এবং আমার বিশ্বাস, গ্রামোফোন কোম্পানি এবং বেতার প্রতিষ্ঠানে এমন অভিক্রতাদম্পন্ন লোক সম্ভবত নেই যাদের ঐসব গানের বিশুদ্ধ চঙের সঙ্গে পরিচয় আছে। খান তা থাকত, তাহলে অভ্যন্ধ এবং নিক্নষ্ট গায়ন-ভল্লিতে শিল্পীরা গাইবার অনুমতি পেতেন না।

গান্ত্রন-পদ্ধতি বা চঙের কথা দ্রে, বেখানে গানের কথা পর্যস্ত ঠিক আছে কি না এটাও ঠিক জানেন না অথবা জানা থাকলেও ঐ ভূল-ভাল সমেতই গাইতে দেওয়া হয় সেখানে মাঝারির রাজত্ব চলছে এতে কোন সন্দেহ নেই। আর মাঝারির রাজত্ব ভয়াবহ একথা বলে গেছেন ক্রাস্তদ্বশী রবীক্রনাথ।

'মনোপথে এল বনহরিনী' গানটি অতুলপ্রসাদের জীবিত অবস্থাতেই গ্রামোফোন রেকর্ডে গেয়েছেন স্বর্গত হরিপদ রায়—যাঁর উল্লেখ করেছি আগে। কথা, স্থর, ঢঙ সবই রখারখ রয়েছে ঐ রেকর্ডে। যাঁরা ঐ গানটির বিশুক্ষতা যাচাই করতে ইচ্ছুক তাঁরা ঐ রেকর্ড শুনে দেগতে পারেন। তাছাড়া বাংলা ভাষায় কিছুটা জ্ঞান গায়ক গায়িকাদেরও থাকা বাছনীয়। অতুলগ্রসাদের সর্ব গানেই ছন্দ বা মিলের খুব বে পারিপাট্য আছে, এমন কথা বলা যায় না। তা হলেও বাংলা ভাষাটা তাঁর ভালভাবে জানা ছিল। তিনি লিখেছেন, "থমক-খির একি বহিম ভদী।" বেতারে গাওয়া হয়, "থমকি থির" অর্থাৎ পদটির অর্থ হায়রদম না হওয়ায় কথাগুলি সম্ভবত improve করা হয়েছে। গাওয়া হয়, "কারে চাহ তৃমি মনোবিষাদিনী", অথচ রচয়িতা অতৃলপ্রসাদ নিজে গেয়েছেন, "কারে চাহ তৃমি বনবিহারিণী"। আরও আছে। রচয়িতা লিখেছেন, "কোথা যুথ তব কোথা সে বনছলী, আইলে হেখায় জেনে কি পথ তৃলি।" আগে বে কথা বলেছি তার একটুখানি নমুনা এখানে পাওয়া যাছে। অর্থাৎ মিল সম্বন্ধে অতৃলপ্রসাদের দ্বমং উদাসীয়া। 'বনছলী' আর পথ তৃলি' যে উৎকৃষ্ট মিল নয় এটা নিতাম্ভই প্রাকৃতজন ভিন্ন সকলেই ব্রবনে। কিন্তু এটা বোঝা খ্বই শক্ত, ঐ 'বনছলী' কী করে 'বনছলিনী' হতে পারে। শক্ত হলেও এটা হয়েছে। বেতারে বহুবার গাওয়া হয়েছে, রেকর্ডেও তাই হয়েছে। সদীত-শিক্ষার আসরে পয়জকুমার মল্লিকও ঐ 'বনছলিনী'ই শিখিয়েছেন। তাঁকে জিক্জেস করাতে উত্তর দিয়েছেন,—"কী করব ভাই, স্বরলিপিতে ঐ কথাটাই রয়েছে। আমার কী দোষ ?" হায় স্বরলিপি! তুমি এক তৃড়িতে কী না করতে পার!"

নিভান্ত প্রসক্তই আলোচনা করলাম শিল্পীদের কঠে অতুলপ্রসাদের গানের বর্তমান ত্রবহা নিয়ে। আমার আলোচ্য বস্তু মূলত এ নয়।

শ্বল কক্ষেত্র কোর্টের জজসাহেব মি: গুপ্ত, কলকাতায় এসে সাধারণত বাঁর বাড়িতে অতুলপ্রসাদ এসে উঠতেন, সে সময়ে ছিলেন রাসবিহারী এভিনিউএ শর্গত অনাধগোপাল সেন মহাশয়ের বাড়িতে। সেথানে একদিনের আসরে এলেন শচীনদেব বর্মন মশাই, হিমাংশু দস্ত, আর সেই সময়ে একেবারে অক্সাত অধ্যাতনামা কুন্দনলাল সাইগল। জাতে পাঞ্চাবী, লক্ষো থেকে রেলের চাকরি ছেড়ে ছুড়ে কলকাতায় এসেছেন ভাগ্যপরীকা করতে। আছেন ওয়েলিংটন স্ত্রীটে। চমৎকার গান করেন। এই বলে তাঁর পরিচয় দেওয়া হল। সাইগল স্বাইকে তাক লাগিয়ে দিয়ে গাইলেন, কবে তৃমি আসবে বলে, রইব না বসে। রবীজ্ঞনাথের গান। কণ্ঠমাধুর্বে মৃষ্ট সকলেই। অতুলপ্রসাদ পুউব তারিফ করলেন। জিফাসা করলেন পাহাড়ীর (সাক্সালের) সক্ষে চেনা আছে কি না। হাঁ, পুব দোন্ডী আছে, বললেন সাইগল। কয়েকটি গজল পেরে শোনালেন। আমার অস্বরোধে গাইলেন একটি পাঞ্চাবী পরীগীত।

ঐ বাড়িতেই একদিন গিরেছি। অতুলপ্রসাদ বললেন: 'একটা গান শোন, রেকর্ডে গেরেছে আমার এক ভাইঝি। খ্ব ভাল গেরেছে।' শোনালেন নিজেই রেকর্ডটা বাজিরে। "বাদস কমর্ম বোলে"—গানটা রেকর্ড করেছেন শ্রীমতী বিজয়া দাস (এখন রায়, সত্যঞ্জিৎ রায়ের গৃহিণী)। একটুখানি প্রসম্ম হাসি হেসে বললেন অতুলপ্রসাদ: "মন্থুর গলাটা খ্ব মিষ্টি। ছেলেমান্থব, মাত্র ১৪ বছর বয়স।" শেখালেন আমাকে। এর পর অত্নপ্রসাদ কলকাতার এনে উঠেছেন হিন্দুখান রোডে তাঁর সেই জ্ঞাতি প্রাতা হাকিম গুপ্তসাহেব তাঁর নিজম্ব বাড়িতে উঠে এসেছেন বেখানে।

গিয়েছি গান শিখতে। শেখালেন, "তুমি গাও, তুমি গাও গো।" বললেন, এই গানটা লিখেছেন রবীন্দ্রনাথকে উদ্দেশ্ত করে। এটা পরে রেকর্ড করেন বন্ধু হরিপদ রায়। অপূর্ব মিষ্টি অথচ বলিষ্ঠ ছিল তাঁর কঠ। অতুলপ্রসাদের কত সব গান আমরা সভা সমিতিতে গেয়েছি বিনা মাইকেই। সেনেট হলে, তুর্ধ ইউনিভার্সিটি ইন্টিটিউটের মত হলেও সেইসব গান শুনিয়েছি।

হিন্দুখান রোডের ঐ বাড়িতে একদিন সকালে গানের আসর বসেছে। হিমাংও দত্ত, হরিপদ রায় প্রভৃতি অনেকেই এসেছেন। গৃহস্বামীর তুই পুত্র, মহ্ন এবং ভাহ্ন তুই থালা ভতি উংক্লাই সন্দেশ আমাদের সামনে ধরে দিয়েছেন। সেগুলির সন্থাবহার করছি আমরা সানন্দে সদলে। অতুলপ্রসাদের কাছে এক ভন্তলোক এলেন গাড়ি করে। ভাক্তার। অতুলপ্রসাদ একট্থানি সলক্ষ্ণ হাসি হেসে উঠে দাঁড়িয়ে বললেন, 'তোমরা গান টান গাইতে থাকো। আমি এই এর সক্ষে একট্থাচ্ছি। মাথার এইটে কাটিয়ে ফিরে আসব এক্নি।' বলে হাডটা ঠিক ভাল্র উপরে ঠেকিয়ে দেখালেন। একটা ছোটগোছের মেচেতা হয়েছে সেখানে। কিছুক্ষণ পরে কিরে এলেন।

"উঠ গো ভারতলন্ধী" গানটির কথা উঠল। জিজ্ঞেদ করলাম, 'এটা কখন লিখেছিলেন?' বললেন, 'ভেনিদে এক সন্ধ্যায় গণ্ডোলায় করে বেড়াচ্ছি। চারদিকের বাড়ির আলো, আকালের তারা, জলের ঝিকিমিকি আর এধারে ওধারে গণ্ডোলার ছপ-ছপ শব্দ। চুপ করে দেখছি, ভনছি। হঠাৎ একটা গণ্ডোলা থেকে হ্বর ভেদে এল। বেহালা বাজাচ্ছে। চমৎকার লাগল হ্বরটা। গণ্ডোলা েক দ্রে চলে গেলেও সেই হ্বরটা কানে বাজতে লাগল। ফিরে এসেই গানটা লিখে ফেললাম। দেশে ফিরে গানটা হু-চার জায়গায় গেয়েছি। অনেকে প্রশংসাও করেছেন। প্রথম কোথায় ছাপা হয়েছিল গানটা, ঠিক মনে নেই। অনেকদিন আগের কথা তো। সেটা ছিল বদেশীর যুগ। প্রায়ই সভা-সমিতি হত, তাতে এই গানটা গেয়েছি। একদিন ভবানীপ্রের গলার ধারের একটা রান্তা দিয়ে যাচ্ছি, হঠাৎ দ্ব থেকে কানে এল একদল ছেলের গানের হ্বর। একটু কাছে এলে ব্যুতে পারলাম, ওরা আমার ঐ গানটাই গাইতে গাইতে যাছে। ভারি আনন্দ হল।'

লখনউতে 'প্রবাদী বন্ধ সাহিত্য সম্মেলনের' অধিবেশন বসবে। সভাপতি করা হয়েছে অতুলপ্রসাদকে। বলা বাহুল্য, খুব জোরজার করেই। অতুলপ্রসাদ বললেন: 'আমাকে তো ওরা জোর করে সভাপতি করবেই। কোন মাপত্তি শুনল না। আমার এদিকে এত কাজের চাপ। সভাপতির ভাষণ আর লিখে উঠতে পার্ছি না কিছুতেই।

ওদিকে সম্বেলন তো শুরু। কী আর করি। একটা গান লিখে ফেললাম—"ওগো তৃথে-কৃথের সাধী সদী দিন রাতি সদ্ধীত মোর।" ভাষণের বদলে এই গানটা গেয়ে দিলাম। কী আর করি, বল।' এই বলে একট্থানি হাসলেন। হো-হো, হা-হা করে অতৃলপ্রসাদকে হাসতে দেখিনি। মাঝে মাঝে বেশ হাসির গল্প বলে আমাদের হাসিয়েছেন, নিজে কিন্ধু ঐ "বিলিতি ধরনের হাসি" একট্থানি হেসেছেন শুধু। বোধহর ১৯৩০ সাল হবে। উদরশন্ধরকে আবিন্ধার কলেছেন ইচ্প্রেসারিও স্বর্গত হরেন ঘোষ মশাই। তাঁরই সৌজন্তে কলকাতার কতিপর বিশিষ্ট নাগরিক এই আশ্রুর্থ প্রেভিভাশালী শিল্পীর অপূর্ব নৃত্যভিদ্যার স্পর্শ লাভের পরম সৌভাগ্য আর প্রথমে মুগ্ধ হবার ত্র্পভ আনন্দ আস্বাদনের স্থ্যোগ লাভ করেছিলেন।

প্রায় সেই সময়েই, অর্থাৎ উদরশহরের আবির্ভাবের হয়ত কয়েক মাস আগে শিব্ঠাহ্র লেনের ঐ ৩০ নং বাড়িটিতে পরিচয় হল মিহিরদার মেজ ভাই তিমিরবরণের সঙ্গে। সম্ম প্রত্যাবর্তন করেছেন মাইহার থেকে গুরু আলাউদ্দিনের কাছে শিক্ষা গ্রহণ সমাপনাস্থে। মিহিরদার পরামর্শ নিয়ে এবং তিমিরদাকে পুরোধা করে একটা গানের ইস্কুল খোলা হল বিবেকানন্দ রোডে, একটা মেয়েদের ইস্কুলে। আয়োজন উছ্যোগ সম্পূর্ণ। সেই সময়ে অতুলপ্রসাদ ছিলেন কলকাতায়। গানের স্কুলটির উছোধন অহুষ্ঠানে পৌরোহিত্য করার জন্ত অহুরোধ করা হল অতুলপ্রসাদকে। তাঁর সম্বতি পাওয়া গেল।

ঐ অমুষ্ঠানে আমাকে গান গাইতে হয়েছিল। তার মধ্যে একটা গানের একটুথানি ইতিহাস আছে। সংক্ষেপে বলছি। প্রেসিডেন্সি কলেজের শারীর বিজ্ঞান অর্থাৎ কিন্ধিওলন্ডির অধ্যাপক শ্রন্ধেয় হ্ববোধচন্দ্র মহলানবিশের ছোট ছেলে কাব্ল (হ্বন্ধিত) ছিল আমার সহপাঠী ঐ কলেজে। এই উলোধন অমুষ্ঠানের মাত্র কয়েকদিন আগে এক তুপুরে গিয়েছি পার্ক সার্কাসে, কাব্লদের বাড়িতে ওর ঘরে বসে আড্ডা জমাতে। দেখি বন্ধু হিমাংভ দত্ত (হ্বরসাগর) সেখানে আমার আগে, মানে বেশ কয়েকদিন আগেই এসে অধিষ্ঠিত।

আমি বাওরামাত্রই কাব্ল বলে উঠল, "ছাখ্ বিনর, তোকে আজ হিম্র হুর দেওরা একটা নতুন গান শোনাবো। এই আমার এখানে বসেই হুরটা তৈরি করেছে। কিছ ভোকে আজ শেখানো হবে না কিছুতেই গানটা। একটিবার ভনবি ভুধু, হিম্ গাইবে।" বললাম, 'বেশ আমি রাজি। গেরে শোনাও।' হিমাংভ গানটা গাইল হারমোনিরাম বাজিরে। গানটা শোনার সঙ্গে সঙ্গেই কথাগুলো লিথে নিলাম। গানটার প্রথম লাইন হচ্ছে: 'তুমি তো বঁধু জানো, কাঁদিছে কেন আঁথি।' গ্রগুজব সেরে বাড়ি ফিরে গেলাম। এই গানটি গেরেছিলাম ঐ গানের ছুলের উবোধন অনুষ্ঠানে।

দিনকরেক বাদে অতুলপ্রসাদের একধানা পোর্ককার্ড পেলাম। লিখেছেন তাঁর বাড়িতে একটা গানের আদর বসছে, অবস্থি করে বেন বাই। গেলাম। পিরে দেখি বর-ভরা লোক। তার মধ্যে নামকরা গারক গারিকারা অনেকেই রয়েছেন। বরু হিমাংও দত্তও ছিলেন। তুই তিন জনের গান গাওয়া হয়ে গেলে আমার কাছে এসে অতুলপ্রসাদ বললেন, "ভাই ঐ গানটা তুমি গেয়ে শোনাও না! ঐ বে সেদিন সেইখানে গেরেছিলে।" আমি জিজেস করলাম, "তুমি তো বঁধু জানো"—এই গানটা? তিনি খুশি-খুশি মুখে বললেন, "হাা হাা ঐটে—ঐটে গাও। হ্মনর গানটা।" গাইবার আগে একবার চেয়ে দেখলাম হিমাংওর দিকে। তারপর গেয়ে দিলাম। অতুলপ্রসাদ প্রসন্ন হাসিতে উজ্জ্বস মুখে আমার দিকে চেয়ে বললেন: 'বাং! বেশ গেয়েছ! হ্মনর গেয়েছ।"

হিমাংশুকে বললাম, "কী হে, শুনলে তো? ভুল-টুল হয়নি তো কোথাও?" বলল, "না, ঠিক হয়েছে। ভালোই গেয়েছ।" "তাহলে বাজিটা জিতে গেলাম কাবুলের কাছে?" কাবুল অবশ্য ঐ গানের আসরে উপস্থিত ছিল না। · · · ·

শ্রুক্তের থগেন্দ্রনাথ মিত্র মহাশয় তথন থাকেন ১০ নং ডোভার লেনে বালিগঞ্জ প্লেসে। তাঁর নিজস্ব বাড়ি তথনও তৈরি হয় নি। তাঁর একখানা চিঠি পেলাম। লিখেছেন, "আমার বাড়িতে আজ সন্ধ্যায় অতৃলপ্রসাদ আসবেন। গান টান একটু হওয়া চাই, তুমি নিশ্চয়ই এসো।"

সেটা সম্ভবত জৈছি-আবাঢ় মাস ছিল। ডোভার লেনে তাঁর বাড়িতে পৌছে বাবার মূথে নামল বৃষ্টি। একটু ভিজেই গেলাম। জামাকাপড় বদলাবার জন্তে থ্ব পীড়াপীড়ি করলেন সবাই। গায়ের থদ্দরের চাদরটা শুধু থুলে নিয়ে মেলে দিলাম শুকোবার জন্তে। ভেজা চুল আর পাঞ্চাবী শুকিয়ে গেল ফ্যানের হাওয়ায়। অতুলপ্রসাদ গাইলেন, "ভাঙা দেউলে মোর কে আইলে আলো হাতে।" বধার বৃষ্টি, বাদলা হাওয়া আর তার সঙ্গে ঐ গান, রাতের শুকতা (প্রায় ৪০ বছর আগেকার ডোভার লেন, মনে রাথতে হবে)—সব কিছু মিলে এমন একটা মধ্র বিবাদময় পরিমওল রচনা করল, বার মধ্যে অতুলপ্রসাদের গন্তীর মধ্র কণ্ঠে গাওয়া ঐ গানটি যেন প্রাণময় হয়ে উঠল। গাওয়া শেব হলে আবেগে উদ্বেলিত হয়ে থগেনবাব অতুলপ্রসাদের হাত মুঠো করে ধরে বললেন, "আপনার সঙ্গে অনেক কথা আছে আমার। আরেকদিন আসতে হবে আপনাকে।"

বলা বাছলা, গানটা লিখে নিলাম পরের দিনই অতুলপ্রসাদের কাছে গিয়ে। এই গানটা কোথাও কারো মুখে গাইতে শুনিনি।

অত্লপ্রসাদ প্রসঙ্গে বা বললাম, সে ওধু তাঁর সঙ্গে আমার স্বর দিনের অল্প পরিচয়

আর অভিজ্ঞতার কথাই, এবং এ প্রসন্থাটি প্রধানত তাঁর কাছে গান শেখা আর অক্ত ছচারটে ঘটনার মধ্যেই সীমাবছ। তাঁর গানের বৈশিষ্ট্য, রূপ গুণ ইত্যাদি নিয়ে তেমন আলোচনা করা হয়নি। আমার অভিজ্ঞতার টুকরোগুলির মধ্যে থেকে কবি, গায়ক ও স্থ্যকার অতুলপ্রসাদের বে-রূপের আভাসটুক্ লক্ষ্য করলেই ধরা পড়ে, সেটা হল তাঁর নিরহন্বার, উদার, অমায়িক এবং স্নেহসিক্ত স্থিয় মধ্র চরিত্র। কোনও দিন আমার কোনও অহ্রোধ তাঁর কাছে প্রত্যাখ্যাত হয়নি। কথনও বলেননি, 'সময় নেই', 'পারব না', 'এখন নয়্ন পরে এসো', কিয়া 'ব্যন্ত আছি' ইত্যাদি।

সময় অসময়ের বাছ বিচার না করেই তাঁর কাছে গিয়ে হাঁজির হয়েছি। টেলিফোনে দিনকণ নির্বারণ করে বাইনি কোনদিনই। এমনও হয়েছে, গিয়ে হাজির হয়েছি, যখন তিনি স্নানে বাবেন। যথারীতি প্রসন্ন স্মিত হাস্তম্থে অভ্যর্থনা করে বসিয়ে বলেছেন: 'বস, চা খাও। আমি স্নানটা একটু সেরে আসি।'

কাছাকাছি ছিল স্নানের দর। তনতে পেয়েছি স্নানের সঙ্গে গান চলছে। এক দিন হরিপদ রায়ও গিয়েছিল ঐ সময়েই। স্নানের ঘরে অতুলপ্রসাদের স্বর ভাঁজা তনে বলল: 'দেখছিস, খাদের দিকে অতুলদার গলায় দানাগুলি কি রকম স্পষ্ট হচ্ছে ?'

১৯৩০ সালের ডিসেম্বর মাসে কলকাতায় রবীন্দ্রনাথের ৭০ বংসর বয়স পূর্ণ হওয়।
উপলক্ষ্যে খ্ব জাঁকজমকের সঙ্গে 'রবীক্রজয়য়ী' উৎসব অফুর্টিত হয়। য়য়য়-সম্পাদকের
অক্তম ছিলেন আক্রেয় অমল হোম মহাশয়। অতুলপ্রসাদের সঙ্গে তাঁর যথেষ্ট ঘনিট
পরিচয় ছিল। কলকাতার টাউন হলে উৎসবের অঙ্গীভূত বিভিন্ন সাংস্কৃতিক অফুর্চানের
ব্যবহা হয়েছিল। সেবারের অস্তে টিকিটও বিক্রি করা হয়। একদিন দেখলাম,
অতুলপ্রসাদ তাঁর লক্ষ্রোয়ের কয়েকজন বয়ুকে সঙ্গে নিয়ে টাউন হলে এলেন টিকিট
কেনার অস্তে। কাউন্টারে গিয়ে য়য়ং অতুলপ্রসাদ চাইলেন টিকিট। সে সময়
অমল হোমও সেখানে এসে উপস্থিত। তু-জনের মধ্যে কুশল প্রশ্লাদি বিনিময়ের
পর অমল হোম মহাশয় জিজ্ঞাসা কয়লেন, "অতুলদা টিকিট চাই নাকি?" একটু হেসে
অতুলপ্রসাদ বললেন, "আমার এই বয়ুদের অস্তে ক-খানা।" একটু হেসে বললেন,
"পাওয়া বাবে তো?" বলেই পকেটে হাত দিলেন টাকার জ্ঞে। অমল হোম বললেন,
"পাডান দেখছি।" নিজেই কাউন্টারের দিকে গেলেন। ফিরে এসে বললেন, "না অতুলদা,
টিকিট সব স্থরিয়ে গিয়েছে। একেবারে নিঃশেব। কী কয়ব বলুন, নিরুপায়।"

"না না, তার জন্তে কী হরেছে !" প্রদর হাদি হেদে বললেন অতৃসপ্রশাদ, বাতে অমস হোম মহাশর কিছুমাত্র অপ্রস্তুত বোধ না করেন এইরূপ মনোভাব। সঙ্গী লখনউরের বন্ধুদের দিকে তাকিয়ে হাত্তমূথে বললেন, "কী আর করা বাবে !" ওরাও সঙ্গে সঙ্গে বন্ধুদের, "না না, ঠিক আছে, ঠিক আছে; চলুন বাই।" আমি লক্ষ্য করছিলাম। অত্লপ্রসাদ বে অত্যন্ত ভদ্র, তার পরিচর আমার অআনা ছিল না। তাহলেও ঐ দিন তথন মনে হচ্ছিল, অমল হোম মশাইকে একটু বিশেষ অমরোধ হয়ত তিনি করবেন কোনরকম করে থানকরেক টিকিটের ব্যবস্থা করে দেবার জল্পে। বিশেষ করে তাঁর লখনউয়ের বন্ধু কয়েকটিকে যখন সঙ্গে করে নিম্নে এসেছেন। আমরা সাধারণ পাঁচজনে যা করে থাকি। কিন্তু অত্লপ্রসাদ সে সব কিছুই করলেন না। যেন কিছুই হয় নি এমনিভাবে চলে গেলেন সেখান থেকে—বন্ধুদের নিয়ে। বন্ধুস্থানীয় অমল হোম অপ্রস্তুত বোধ করছেন, এটা যেন তিনি দেখতে চাইছিলেন না।

ছোট ছোট ঘটনা। নাটকীয়তা নেই, আড়ম্বর নেই। কিন্তু তার মধ্যেই ধরা পড়ে মাহ্মমের আসল রূপটি। যাকে বলে অস্তরঙ্গ রূপ। কুত্রিমতার বার্নিশ-রহিত রূপ। অতুলপ্রসাদ সম্পর্কে আমার নিজের সামান্ত অভিজ্ঞতার কথাই শুধু বললাম। এখানে ধূর্কটিপ্রসাদের মুখে শোনা একটা ঘটনার কথা উল্লেখ করছি। স্বর্গত ধূর্কটিপ্রসাদ মুখোপাধ্যায় ছিলেন লখনউ প্রবাদী অধ্যাপক। সাহিত্যু, সমাজ বিজ্ঞান এবং সঙ্গীত সর্ববিষয়েই তাঁর দখল ছিল অসাধারণ। অতুলপ্রসাদের অস্তরঙ্গ ও বিশিষ্ট বন্ধুদের অক্সতম ছিলেন তিনি।

ধৃজিটিপ্রসাদ থাকতেন লখনউ কলেজ-সংলগ্ন অধ্যাপক নিবাসে। অতুলপ্রসাদ সময় পেলেই গাড়ি করে গিয়ে হাজির হতেন বন্ধুদের কাছে। কখনও বসে যেতেন আড্ডা জ্বমিয়ে, কখনও বা ছ-তিন জন বন্ধুকে তাঁর গাড়িতে তুলে নিয়ে বেরিয়ে যেতেন বেড়াতে। একদিন এমনি চলেছেন বেড়াতে। সঙ্গেরছেন ধৃজিটিপ্রসাদ। একটা গলির মুখে এসে গাড়ি থামাতে বললেন অতুলপ্রসাদ। "এক্ষনি আসহি, তোমরা ভাই একট্ বস"—বলে গাড়ি থেকে নেমে গলিতে ঢুকে গেলেন অতুলপ্রসাদ। ধৃজিটিপ্রসাদের মনে জাগল কৌতুহল। নিঃশব্দে অমুসরণ করলেন। ছোট্ট একটা প্রায় কুঁড়ে ঘরে ঢুকে গেলেন অতুলপ্রসাদ। পকেটে হাত ঢুকিয়ে মুঠো ভতি করে নিয়ে এলেন ক্রপোর টাকা আর নোট—যতটা পারলেন। ঐ কুটিরে শ্ব্যাশায়ী এক বৃন্ধের কাছে গিয়ে তার বালিশের তলায় গুঁজে দিলেন ঐ সমন্ত নোট, টাকা কড়ি সব। চেয়ে দেখলেন না কত টাকা, গোনা তো দুরে।

মৃথ ফেরাতেই ধরা পড়ে গেলেন ধৃজিটিপ্রসাদের কাছে। "ওটা কী হল অতুলদা ?" সকৌতুক প্রশ্ন ধৃজিটিপ্রসাদের। লক্ষায় জড়িত কঠে বা বলনেন অতুলপ্রসাদ গাড়িতে আসতে আসতে ভার মর্ম এই:

ভরুণ-বয়সী ব্যরিস্টার এ. পি. সেন লখনউ শহরে এসেছেন ভাগ্যপরীকা করতে। বেমন সাধারণত হয়ে যাকে—দিনের পর দিন যাচ্ছে। উপার্জন হচ্ছে না কিছুই। মনে চিন্তা ভাবনা। সেই সময়ে এক মুসলমান কৰির জাঁকে আখাস দিয়ে বলেন, ভার অনেক টাকা রোজগার হবে বেটা। ঘাবড়াছিস কেন মিছিমিছি। এই সেই ককির। এখন বৃদ্ধ, জরাজীর্ণ। তাঁর সেই ভবিশ্বংবাণী মিখ্যা হয়নি। অতুলপ্রসাদ (ব্যারিস্টার এ. পি. সেন) অতুল ঐখর্যের অধিকারী হয়েছেন, কিন্তু ফকিরকে ভোলেন নি। মাঝে মাঝে তার ডেরায় গিয়ে এমনি পকেট-ভতি (অতুলপ্রসাদের ভাষায় 'সামাম্র কিছু') টাকাকড়ি বালিশের তলায় গুঁজে দিয়ে আসেন।

তাঁর দানের কথা হৃবিদিত। একটি মাত্র এবং অসাধারণ মৃটনা মাত্র উল্লেখ করা গেল।

বিশিষ্ট প্রবন্ধকার এবং সঙ্গীত-রসিক শ্রীমেঘেন্দ্রলাল রায় 'অতুলপ্রসাদের বাংলা গান' প্রসঙ্গে বলেন:

"বাঙলার অমর কবি দরদী স্থরকার অতুলপ্রসাদ চিরদিন বন্ধবাসীর হৃদয়ে অমর হইয়া বিরাজ করিবেন। বাঙলা সঙ্গীতের এই যুগে তিনজন কবি, স্থরকার বা composer ও সঙ্গীত রচয়িতা বলিয়া স্মানিত হইয়া থাকেন—রবীন্দ্রনাথ, দিজেন্দ্রলাল ও অতুল-প্রসাদ। এই তিনজনের মধ্যে অতুলপ্রসাদ যে স্থরস্টি করিয়া গিয়াছেন তাহা সত্যই বাঙলা গানকে বহুল পরিমাণে শ্রীমণ্ডিত করিয়াছে।

অতুলপ্রসাদের সঙ্গীতের প্রধান গুণ

দক্ষীতের ষেটি প্রধান গুণ, হর ও কথা—মূহ্তের মধ্যে হদয়দারে আদাত করিয়া তাহা আমাদের লইয়া যায় হ্রকারের হজিত সেই কল্পলোকে—তন্ময় হইয়া আমরা সেই স্থারাজ্যে অপূর্ব রসস্প্রের আস্বাদ গ্রহণ করি—এই প্রধান গুণ অতুলপ্রসাদের ভাষা ও স্বরস্ক্রের মধ্যে প্রবলভাবে দেখিতে পাওয়া যায়।

অতুলপ্রসাদ আমাদের নিকট হু:খ করিতেন ষে, তাঁহার গানে রবীন্দ্রনাথ বা ধিজেন্দ্র-লালের স্থায় ভাষার ঝন্ধার বা পদলালিত্য নাই। কিন্তু তাঁহার হু:খ করিবার কী কারণ আছে, বরং তাহাতে ইহাই প্রমাণ হয় যে হুরের ঐশ্বর্য কথার ও ভাষার দৈয়কে ক্লান করিয়া এমন একটা সহজ আবেদন খোতার মনে আনিতে সমর্থ, ষাহার মূল্য ভাষার ঝন্ধার বা পদলালিত্য অপেক্ষা কোন অংশে কম নহে।

অতুলপ্রসাদের সঙ্গীতের বৈশিষ্ট্য হইতেছে, তিনি বাঙলা গানে ঠুংরির সৌন্দর্য ও মাধুর্যের মধ্যে ছোট-ছোট তান ও মীড়ের প্রয়োগ করিয়া এক অপূর্ব রস স্বাষ্ট করিয়াছেন, বাহা তাঁহার পূর্বে বাঙলা গানে কখনও দৃষ্ট হয় নাই।

বে সব বাঙালী গায়ক হিন্দুখানী ঠুংরি ভাল গাহেন তাঁহাদের দারা অতি স্থন্দরভাবে অতুলপ্রসাদের সদীত গীত হইতে পারে। তবে হুংথের সহিত বলিতে হইতেছে যে অতুলপ্রসাদের সদীতের উপর অনেক গায়ক অত্যাচার করিয়া থাকেন। তাঁহারা গায়ক হইলেও একথা বিশ্বত হন যে স্থ্যকার বা composer-এর স্থান অনেক উর্ধে। স্থ্যকার স্থরের মাধ্র্য স্থান্ত করিয়াছেন—গায়কের কর্তব্য সেই মাধ্র্যকে লোকসমক্ষে
ভাগ্রত করা, নিজেকে জাহির করা নহে।

প্রকৃত গায়ক

ষিনি সত্যকারের গায়ক, তিনি এই কর্তব্য-বৃদ্ধিতে পরিচালিত হইয়া থাকেন; কিন্তু-সত্যকারের গায়কের সংখ্যা মৃষ্টিমেয়, যদিও বহু সঙ্গীতজ্ঞ আমরা প্রত্যহই দেখি। সব গায়কই সত্যকারের আর্টিস্ট নহেন। বাঁহারা আর্টিস্ট নহেন, শুধু গায়ক, তাঁহারা musician নহেন, musicua technician, এই পর্যন্ত। একজন গায়ক হয়ত ঠিক হরেই গাহেন ও তাঁহার তালেরও দক্ষতা বর্তমান, কিন্তু তাহা হইলেই যে তিনি প্রকৃত গায়ক হইবেন, তাহার কোন নিশ্চয়তা নাই। প্রকৃত গায়ক তিনিই হইতে সক্ষম, ভগবান বাঁহাকে সে প্রতিভা দান করিয়াছেন। নিজের চেষ্টায়্ব হুর ও তাল ঠিক করিলেই গায়ক হওয়া সন্তবপর নহে। ' যিনি প্রকৃত গায়ক তিনি কোখায় হুরের বিস্তারে করিলে মাধুর্ষ বর্ধিত হইবে, কোথায় হুরের বিস্তারের প্রয়োজন কোথায় প্রকেবারেই প্রয়োজন নাই সামান্ত নীড় দিলেই অতি শোভন হইবে, ইত্যাদি সব ব্যাপার সাধারণ গায়ক অপেক্ষা অনেক বেশি উপলব্ধি করেন। সাধারণ গায়কের হুয়ত টেকনিকের জ্ঞান উক্ত শিল্পী হইতে অনেক অধিক হইতে পারে; যেমন ৮ আবত্ল করিম বা ৮ হুরেন্দ্রনাথ মজুমদার অপেক্ষা টেকনিকের প্রচুর বেশি জ্ঞান অনেক গায়কের মধ্যে বর্তমান, কিন্তু কেহই তাঁহাদের নাম হুরেন্দ্রনাথ বা থা সাহেবের সহিত সমপর্যায়ে আনিতে চাহেন না।

বাঙলা ও হিন্দুছানী ওন্তাদি সঙ্গীত

হিন্দুখানী সঙ্গীতে টেকনিশিয়ান-এর একটা বিশেষ স্থান আছে—তিনি সত্যকারের গায়ক না হইলেও হিন্দুখানী সঙ্গীতে তাঁহার গলার আরোহণ অবরোহণ তালের উপর অসাধারণ দক্ষতা দেখিয়া সকলে শুন্তিত হইতে পারেন অর্থাৎ intellectual appeal একটা আছে—এবং গায়ক সত্যকারের রস-স্বাষ্ট না করিলেও আংশিকভাবে শ্রোতাকে আনন্দ দান করিতে পারে। কিন্তু বাংলা গানের ক্ষেত্রে ধন্নন, অতুলপ্রসাদের গানের মধ্যে যদি কেহ গলার অবাধ গতি ও তালের দক্ষতা দেখাইতে কোমর বাঁধিয়া বদেন তাহা হইলে শ্রোতা অন্ধির হইয়া পড়িবেন ও স্থ্যকার স্থা হইতে দীর্ঘনিশাস ফেলিবেন।

হিন্দুখানী সদীতের হুর বিন্তারের একটা ঐক্রজালিক মোহ আছে। হিন্দুখানী সদীতে বিশেষ অভিন্ত না হইয়া ও হুর বিন্তারের পদ্ধতি না জানিয়া এই ঐক্রজালিক মোহ বাঙলা সদীতের পারকদের আন্ত পথে পরিচালিত করিয়াছে। এই কারণে বাঙলা

গানের ও হিন্দুহানী সঙ্গীতের মধ্যে প্রক্রতিগত বৈষ্ম্য উপেকা করিয়া মডার্ন বাঙলা গানে গায়ক প্রচুর vocal gymnastic-এর আমদানি করিয়াছেন, ফলে আধুনিক বাংলা গান না ঠুংরি না টগ্লা না গলল না থেয়াল না কীর্তন না ভাটিয়ালী হইয়া vocal gymnastic-এর চূড়াস্ত আকারে পরিণত হইয়াছে।

বাঙলা গানে গায়কের ওস্তাদি ও স্থরকারের প্রতি অবিচার

আজ এ বিষয়ের আলোচনার প্রয়োজন হইয়াছে। বাঙলা গানের জগতে বহু গান্ধক গান্ধিকা আছেন থাঁহারা রবীন্দ্রনাথ হিজেন্দ্রলাল অতুলপ্রসাদের গীতাবলীর মধ্যে নিজেদের ওস্তাদির পরিচয় দিতে বিশেষ ব্যগ্র। তাহাতে স্থরকারের রচিত গান ও স্থরের মধ্যে বে বৈশিষ্ট্য থাকে তাহা নষ্ট হইয়া যায় ও ক্রমশ যে স্থরের অসাধারণ মাধুর্ষ পরিবেশনের ফলে স্থরকারের অমরত্ব লাভ করিয়াছেন সেই স্টাইল নষ্ট হইয়া যায় ও মূল স্থরও বিক্বত হইয়া পড়ে।

বাঙলা গানে কতকগুলি বৈশিষ্ট্য আছে—প্রথম, এই গানেতে তাল খুব বড় জিনিস নহে—বাঙলা গানের মধ্যে এমন একটা স্থলর ছন্দ আছে যাহা গানকে বড় বেতালা করে না, বদি গায়ক স্থরকার বা composer-এর প্রতি অন্ধানীল হন। দিতীয়, বাঙলা গান গাহিতে যাহাদের কথা ও ভাব অপেক্ষা স্থরের ও তালের দিকে ঢের বেশি লক্ষ্য, তাঁহাদের বাঙলা গান গাওয়া অবিলবে বন্ধ করা উচিত। প্রত্যেক আর্টেরই সৌন্দর্য উপলব্ধি করিবার ছই দিক আছে—intellectual appeal ও emotional appeal—দার্শনিক হার্বার্ট স্পেনসার হইতে কবিসম্রাট রবীজ্ঞনাথ সকলেই emotional appeal-এর প্রাধান্ত থাকা প্রয়োজন। সেজন্ত যদি কেহ অতুলপ্রসাদের গান গাহিয়া নিজেকে বা প্রোতাকে ভাবে অভিভূত করিতে না পারেন তাহা হইলে তাঁহার গান সম্পূর্ণ বিফল হইয়াছে বলিতে হইবে—তা সে সঙ্গীতের মধ্যে যতই কেন না তিনি তানের বিন্তার কক্ষন বা তালের বিভিন্ন লয় লইয়া বিশেষ দক্ষতা দেখান।

রবীক্রনাথ বা বিজেক্রলালের গানের মধ্যে গায়কের স্বাধীনতা অব্লই আছে: কিছু অতুলপ্রসাদের গানের মধ্যে ভাষার ঝকার কম থাকার জন্ম হরের স্বাধীনতা বেশি আছে। কিছু ঠিক এই কারণেই অতুলপ্রসাদের স্বরের উপর গায়কদের অত্যাচার বিশেষভাবে লক্ষ্য করা যায়। অতুলপ্রসাদের বাঙলা গানে একটা বিশেষ স্টাইল বর্তমান; সে স্টাইল কি ভৈরবী, কি পিলু বারোয়া, কি আশোয়ারীতে বর্তমান। কেহ যদি অতুলপ্রসাদের গান সাধারণ বাঙলা ভৈরবীতে বা আশোয়ারীতে টপ্লায় গাহেন ভাহা গান হইতে পারে, ভাহা অতুলপ্রসাদের সনীত হইল না।"

প্রসিদ্ধ সন্ধীতশিল্পী শ্রীমতী সাহানা দেবী কবি অতুলপ্রসাদের গান ও অতুলপ্রসাদ মালুবটি প্রসন্দে বলেছেন:

"অতুলপ্রসাদ দেনের কথা মনে হলেই মনে পড়ে তাঁর গানের কথা, মনে পড়ে সেইসব স্থরে ভরা সংস্পর্লের আনন্দম্থর দিনগুলির কথা। অতুলদা আমার আত্মীয়, আমার আপন পিসততো ভাই হলেও তাঁর সঙ্গে আমার যে সম্বন্ধের মূল্য আমার কাছে ছিল তা আত্মীয়তার চাইতেও বেশি, তা হচ্ছে সঙ্গীত নিয়ে সম্বন্ধ। অতুলদা ছিলেন গান-পাগল । . . রবীন্দ্রনাথের কাছে গান গেয়ে যেমন মন ভরে উঠত, অতুলদার কাছেও হত সেইরকম। গান ভনে অত খুশি হয়ে উঠতে আমি খুউব কমই দেখেছি। কী বে করবেন যেন ভেবে পেতেন না। কত দীর্ঘ সময় ধরে এ দের কাছে বদে আমি গান শিখেছি. গেয়েছি। …গান শোনার আনন্দে এঁরা ভূলে ষেতেন আর সব। অতুলদা শুধু সঙ্গীত-অমুরাগীই ছিলেন না, সঙ্গীত ছিল তাঁর প্রাণ, সন্তার নিত্য সহচর। গাইতেনও ফুলর। আওয়াজ খুব জোর না হলেও ভারি অন্তরস্পর্নী, মিষ্টি মধুর আর দরদে ভরা ছিল কণ্ঠস্বরটি। যখনই গাইতেন, ক্পাণে লেগে থাকত তার স্পর্শ, মধুরতার একটা রেশ। অতুলদার রচিত সব গানগুলিতে আমরা পাই একটা বিশেষ মধুরতার আস্বাদ। তাঁর নিচ্ছের গান তাঁর মূথে যা ভনেছি, আর এখন যা সচরাচর ভনতে পাই তা এতই তফাত ষে, তা যেন আর অতুলদার গান বলে চেনা ষায় না। মৃত্ মধুর স্থরের নানা কান্ধের আলোছায়ার ভিতর ছোট্ট এক একটি থোঁচ ও এক একটি মোচড়ের ভিতর তাঁর সঙ্গীতে ধরা পড়ে স্বন্ধতার স্পর্শ ; রস, কমনীয়তা ও লালিত্য সব জড়িয়ে তাঁর গান হয়ে ওঠে অভুত একটা 'ডেলিকেসি'—অতুলদার গানের বিশেষদ্ব এইখানেই। নিজ্পতার ছাপ, স্বর্ণায়তার ধরন। তারই মাঝে আমরা শুনতে পাই অতুল-গীতির মর্মের স্থর। এ গানের মাধুর্য এমন যে ভনলেই মন স্বতই বলে ওঠে, 'আহা !' এই এমন জিনিসটিই দেয় অতুলদার গানের আসল পরিচয়। তাঁর সঙ্গীতে স্ব্রচিত্রণে নেই জাক-জমকের ঘটা, নেই চমক লাগাবার চেষ্টা। আছে পেলব মাধুর্যের স্মিদ্ধতায় ভরা মনোহরা স্পর্শ। স্বরলিপিতে কিন্তু এ সব পাওয়া বায় না। এসবের শ্বরলিপি করা যায় না। সম্ভব নয়। তথু যে অতুলদার গানের বিষয়ে বলছি তা নয়, এ-জাতীয় বিশিষ্ট শ্রেণীর বাঙলা গানের সম্বন্ধেই বলছি, বে-জাতীয় গানে কথার মূল্য বিশেষভাবে ধরা হয়ে থাকে। বাঙলা গানে কথার ভাব বাদ দেওয়া যায় না কেননা ভার কথার সঙ্গে স্থরের অঙ্গান্ধী সম্বন্ধ। বিশিষ্ট শ্রেণী বলছি এই কারণে যে, গান রচনা হয়ত অনেকেই করে থাকেন, কিন্তু যে সব গীতকারের গান তাদের বৈশিষ্ট্যের গুণে বিশেষ আসন পায়, একটা বিশেষ পর্বায়ে পড়ে, আমি বলতে চাইছি সেই সব গুণীদের গানের কথা। স্বরলিপিতে গানের হুরের কাঠামোটুকুই কেবল দেখা যায়।

ৰাকি সব দিতে হয় গারুককেই। সেইজত্যে থারা বরলিপি থেকে গান ভোলেন, রচয়িতার গান সম্বন্ধে গানের ধরন-ধারন বা ধারা সম্বন্ধে থাদের সেরকম কোন জ্ঞান নেই অভিজ্ঞতা নেই ধারণাও নেই, তাদের তোলা গানের দক্ষে রচয়িতার গানের এত বেশি পার্থক্য থেকে যায় যে, সে গানের মধ্যে রচয়িতার গানকে খুঁজে পাওয়া वाम ना। পাওয় योग ना তার আদল জিনিদের স্পর্শ, ফোটে না তার যথার্থ রূপ, আর বাদও পড়ে অনেক কিছুই। স্থরের কাঠামোই তো গান নয়। তাই ভগু স্বরলিপি খেকে গান তোলা সম্পূর্ণ হয় না, সফলও হতে পারে না, যদি না গায়কের রচয়িতার রচনার সঙ্গে যথেষ্ট পরিচয় ও বিশেষ অন্তরঙ্গতা থাকে, যদি না কোন্টি রচয়িতার নিজম্ব ছাপ ও বিশেষত্ব দেটাকে তিনি হৃদয়ক্ষম করে থাকেন, যদি না অস্তরে তাঁর গানের অতলম্পনী ভাব উপলব্ধি করে থাকেন। না হলে হাজার বিশুদ্ধভাবে স্বরলিপির স্থরকে অমুসরণ বা অবিকল অমুসরণ করে গেলেও রচয়িতার গানের বৈশিষ্ট্য বজায় থাকে না। যথার্থ শিল্পী-মাত্রেরই থাকে তাঁর প্রতিভার নিজম্ব ছাপ, যা দিয়ে তাকে চেনা যায়, যেটা দেয় তাঁর পরিচয়। আমি শুধু আমাদের গীতকারদের কথাই বলছি না…শিল্পকলা জগতের সব শিল্পীদের কথা বলছি—কাব্য সাহিত্য চিত্র সঙ্গীত নত্য নাট্য। তাঁদের প্রত্যেককেই আমরা চিনতে পারি তাঁদের নিজম্ব ছাপটি দিয়ে। এই ছাপ দিয়েই আমরা চিনতে পারি অতুলপ্রদাদকে।

বিশিষ্ট সঙ্গীত-রসিক এবং সঙ্গীত-শিল্পী শ্রীরণজিতকুমার সেন (টুলু সেন) 'অতুরপ্রসাদ ও তাঁর গান' প্রবন্ধে বলেছেন:

"বাংলাদেশে ঠুংরির প্রচলন খ্ব বেশি দিনের নয়। বাংলার নিজম্ব সম্পত্তি কীর্তন, বাউল, ভাটিয়ালি ইত্যাদি ছাড়া বাংলা দেশে সে সময়ে ওন্তাদী গান বলতে গ্রুপদ, থেয়াল ও টগ্না গানই বোঝাত। বলা চলে, বাংলা গানে ঠুংরি চালের প্রবর্তন ব্যাপকভাবে অতুলপ্রসাদই প্রথম করেন। পরে অত্য গীতকাররা ওঁর পদার অমুসরণ করেন। লথনউতে থাকাকালীন অতুলপ্রসাদ ঠুংরি ও লথনউয়ের আঞ্চলিক গান শোনবার এবং চর্চা করবার মথেই স্থযোগ পেয়েছিলেন। তার গানে ঠুংরির প্রভাব বিশেবভাবে লক্ষ্য করা মার। তবে তিনি ঠুংরি-জাতীয় গানই যে শুরু রচনা করে গিয়েছেন তা নয়। বহু রাম সঙ্গীত, থেয়াল সঙ্গীত, থেয়াল টগ্লা, জাতীয় গান, গজল, কাজরী, চৈতী, লউনি, হোলী ইত্যাদি স্বরেও গান রচনা করে গেছেন। এছাড়া থাটি বাঙলার স্বর্গ কীর্তন, বাউল, ভাটিয়ালি, রামপ্রসাদী এবং দক্ষিণী স্থরেও গান লিখে গেছেন। হিন্দুহানী সঙ্গীতে কথার চাইতে স্বরের প্রাধান্য বেশি। সঙ্গীতের মাধ্যমে আমরা

বৰন কোন মনোভাৰ প্ৰকাশ করতে চাই, কোন বিশেষ অন্নভৃতিকে ফুটিয়ে তুলতে চাই,

তথন আমরা ক্রেরই আশ্রের নিই। কথার প্রয়োজন থাকলেও তা ক্রকে ছাপিরে যাবে না। একথা অবশ্র ঠিক বে কথাকে একেবারে বাদ দেওয়া যার না, তাহলে সদীতের পরিসমাপ্তি ঘটত শুধু তেলেনা ও সার্গম দিয়ে বা বন্ধ-সদীতে। বেখানে কথা ও ক্রের হরগৌরী মিলন হয়েছে, সেইখানেই কণ্ঠ সদীতের পূর্ণ সার্থকতা। অতুলপ্রসাদের গানে কথা ও ক্রেরে অপূর্ণ মিলন লক্ষণীয়।

অতুলপ্রসাদের গানের ভাষা সহজ ও সরল হলেও স্থরের দিক দিয়ে তাদের বৈচিত্র্যময় বলা যেতে পারে। স্থরকে তিনি বাণীর অন্থগামী করেন নি, বাণীর আজ্ঞাবহ ভূত্যানাত্র করেননি। হিন্দুয়ানী সঙ্গীতের যে একটি নিজম্ব স্বাতস্ত্র্য আছে, সঙ্গীত যে মৃক্ষ বিহঙ্গের প্রায় স্থরের আকাশে স্বচ্ছনে বিচরণ করে আবার নিজের নীড়ে ফিরে আসতে সমর্থ, একথা তিনি স্বীকার করতেন। তাই সেই স্বাতস্ত্র্যে তিনি কথনো বাধা দেন নি। শাস্ত্রীয় রাগ-সঙ্গীতের মাধ্যমে তান বিস্তারের লীলা তাঁর গানের বৈশিষ্ট্য। তাঁর গানকে কাব্য-সঙ্গীত পর্যায়ে ফেলা যায় না। অত্লপ্রসাদের গানের প্রাণ হল স্থর-ভিত্তিক। যিনি সঠিক দীর্ঘকাল ধরে তাঁর গানের অন্থশীলন করেছেন, তিনিই শুধু অতুলপ্রসাদের গানের মৃল আবেদনটি সম্পূর্ণভাবে ফুটিয়ে তুলতে পারবেন।

चত্লপ্রসাদ তাঁর গানে নিজেই স্থর যোজনা করতেন। নিজে খুউব বিশিষ্ট গায়ক না

চলেও তাঁর স্বরস্প্টির বাহাত্রি না দিয়ে পারা যায় না। বিভিন্ন রাগের সমন্বয়ে তিনি

অতীব মনোরম স্থর স্পৃষ্টি করে গিয়েছেন। তাঁর প্রিয় রাগ ছিল আশাবরী, ভৈরবী,
ঝিঁঝেট, খাস্বাজ, দেশ, বেহাগ ও কাফি। তাঁর গানে স্বরবিহারের (Improvisation)

অবকাশ যথেষ্ট আছে। ইয়োরোপে তিনি দীর্ঘকাল ছিলেন। সেখানে পাশ্চান্ত্য

সঙ্গীত শোনার ও আলোচনা কর্মার স্বযোগ তাঁর হয়েছিল। পাশ্চান্ত্য সঙ্গীতের

ছাপ তাঁর কয়েকটি জাতীয় সঙ্গীতে দেখা যায়—ষেমন, 'উঠগো ভারতলন্ধী'।

এ গানের স্বরটি একটি ইতালীয় স্বর অবলম্বনে তৈরি। কিন্তু এই প্রভাব-সম্পাত

তাঁর অস্তু গানে দেখা যায় না।

সংসারে নানারূপ তৃংখ তিনি পেয়েছিলেন। তাই তাঁর অনেক গানেই বিষাদের স্থরটি ও উদাসী ভাবটি মূর্ত হয়ে উঠেছে। কিন্তু সংসারে কঠিন আঘাত পেয়েও তিনি কখনো নিরাশাবাদী হয়ে পড়েন নি। তৃংখ যখন চরমে ওঠে তখন ভগবানের কাছে পূর্ণ আত্মসমর্পণের কথাটাই আমাদের মনে জাগে। তিনি গেয়েছেন, 'কী আর চাহিব বল হে মোর প্রিয়, শুধু তৃমি যে শিব তাহা বৃঝিতে দিও।' সঙ্গীতে তিনি খুঁজেছেন সান্ধনা। অতৃলপ্রসাদ ছিলেন স্বদেশ প্রেমিক……জাতিকে উদ্দীপিত করতে তার অন্ধকারাছের জীবনে তাঁর স্বদেশী গানগুলো বাংলাদেশে চিরস্তন হয়ে থাকবে।"

ব্রীরণজিত সেনের সঙ্গে কবিবর অতুলপ্রসাদের সাক্ষাতকার হয় একবার লগুন শহরে।

সে সময়ে অতৃলপ্রসাদ এবং রণজিতের মাঝে 'অতৃলপ্রসাদী গান' নিয়ে কিছু আলোচনা হয়। সেই প্রসঙ্গে শ্রীরণঞ্চিত সেন বলেছেন:

***১৯৩০ সালে লণ্ডন শহরে কয়েকদিনের জন্ম অতুলপ্রসাদের সামিধ্য আমি লাভ** করেছিলাম। সেকটি দিন আমার rosaryতে মুক্তোর মত গাঁথা হয়ে আছে কলকাতায় এবং অন্তত্ত্ৰ বহু অহুষ্ঠানে আমি ওঁর গান গেয়েছি জেনে তিনি আগ্রহ করে আমাকে ডেকে পাঠিয়েছিলেন এবং কয়েকটি গান শিথিয়েছিলেন। সে সময়ে ওঁর গান সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম: 'আচ্ছা আপনি যথন গান রচনা করতেন তথন কি বিশেষ কোন পরিবেশের প্রয়োজন হত ? কোন বিশেষ ঘটনা বা অভিজ্ঞতা আপনার গান লেখার প্রেরণা হত কি ?' তিনি মৃত্ হেসে বলেছিলেন, 'সব সময় নয়। ভাব (expression) অনেক সময়ই আত্মবাদী, (subjective) পারিপাশ্বিক অবস্থার সঙ্গে সব সময়ে তার যোগাযোগ থাকে না।' উদাহরণস্বরূপ বলেছিলেন, 'কোর্টে recess । চারদিকে উকিল, আরদালি, পেয়াদা, পুলিশ, সাক্ষীরা ঘোরাফেরা করছে, निष्कद्र टिश्वादर अपन वरम्हि। अरे रहेरिशालि मध्य गांन मत्न अन। निश्रनाम. প্রেগা আমার নবীন শাখী ছিলে তুমি কোন্ বিমানে"। জিজ্ঞাসা করেছিলাম, 'আপনার "জল কহে চল মোর সাথে চল" গানটি পড়ে মনে হয়েছিল আপনি যেন কোন এক ख्यारचा त्रांट तोत्का करत नमी मिरम याच्छितन, उथन ७३ गानि मतन धरमिछन।' এবারেও হেসে বলেছিলেন, 'মোটেই না। কোর্টে যাবার তাড়া, বাথরুমে স্নান করছি, ঘটি দিয়ে বারবার মাথায় জল ঢালছি, তথন ওই গানটি মনে এল। কাজেই বুঝতে পারছ, গান লিখতে দব সময়ে কোন বিশেষ পরিবেশের দরকার হয় না। তবে আমার "বঁধুয়া নিদ নাহি আঁথিপাতে" গানটি লিথেছিলাম মফঃস্বলের এক ডাক-বাংলোতে। কোন একটি কেদে গিয়েছিলাম। ডাকবাংলোর বারান্দায় রাতে ডিনারের পর ইজিচেয়ারে গা এলিয়ে একা বিশ্রাম করছি। বাইরে টিপটিপ করে বৃষ্টি হচ্ছে, চোখে ঘুম আসছে না। বি বি পোকা ও ব্যাঙের ঐকতান ওনছি। মনটা हर्टा ९ छेमान हरत्र (गन। ये गानि उथन नित्यहिनाम।'

আমার বিতীয় প্রশ্ন ছিল ওঁর গানের স্বর্রলিপি সহক্ষে। বাংলাদেশে ওঁর গানের প্রচারের প্রথম প্রচেষ্টা করেন ওঁর ছোট মাসি শ্রীমতী স্থবালা দেবী, ডাঃ প্রাণক্ষক্ষ আচার্যের স্থী। বিদিও ওই প্রচারের স্বচাইতে বেশি দাবি করতে পারেন শ্রীদিলীপ-কুমার রায় ও শ্রীদাহানা দেবী। এঁরা নানা অষ্টোনে অতুলপ্রসাদের গান গেয়েছেন। তাব সব স্বর্গলিপি সে সময়ে ভারতবর্ষে ও অক্ত পত্রিকায় ছাপানো হয়েছিল, তার বেশির ভাগ ছিল সাহানা দেবী ও দিলীপকুমারের ক্বত। কিন্তু ওঁরা যথন গাইতেন, তথন হবছ ঐ স্বর্গলিপি অষ্ট্যরণ করতেন না। অতুলপ্রসাদের গানে তান বিস্তার ও

স্ববিহারের বথেষ্ট অবকাশ আছে, বেটা আমাদের ভারতীয় সঙ্গীতের বিশেষত্ব। এবিষয়ে অতুনপ্রসাদ বলেছিলেন, 'শ্বরলিপি হল স্থরের ও তালের কাঠামো। সেই নির্দিষ্ট কাঠামোর মধ্যেই যে স্থরকে আটকা রাথতে হবে তা তো নর। অবিভি কয়েকটি গান ছাড়া, ষেমন আমার জাতীয় সঙ্গীতগুলো। সেগুলি সমবেত কণ্ঠে ভাল শোনায়, তাই সেগুলি নির্দিষ্ট স্থরে একভাবে গাইতে হবে যাতে কারে। অস্থবিধা না হয়। কিন্তু অন্ত গানের বেলায়, ষেমন খেয়াল, ঠুংরি, গজল ইত্যাদি ষেখানে গায়ক গাইছেন, সে বন্ধন থাকতে পারে না। শিল্পী গাইবার সময় গানের ভাবধারাটিকে সম্পূর্ণ বজায় রেখে যদি তান বিস্তার করেন, স্থরের কোনরকম অঙ্গহানি না করে যদি স্বরবিহার করেন তাহলে সেটা ত্রণীয় মনে করি না। শিল্পীর স্বাধীনতা আমি মানি. তবে যথেচ্ছাচার নয়; আমার গানে কালোয়াতি নয়, উচ্ছাস থাকলেও সংষম থাকবে। শিল্পী যদি পারদর্শী হন, তিনি যদি গলায় স্কল্প কাজ বের করতে পারেন, তাতে ক্ষতি নেই, বরং তাতে গানের সৌষ্ঠব আরো বাড়বে। শুধু স্বরলিপির ওপর চোধ বুলিয়ে গাইলে সে গান মেকানিকাল, প্রাণশৃত হয়ে যাবার সম্ভাবনা। তাছাড়া ভিন্ন ভিন্ন শিল্পীর অমূভৃতি আলাদা রকমের। তাদের প্রকাশভঙ্গী তাই আলাদা হতে বাধ্য। কিছ তাতে কতি কা ? After all আর্টের বেলাতেও variety is the spice of life, এটা মান তো' ?"

অতুলপ্রসাদের উইল

(আনন্দবাজার পত্রিকায় প্রকাশিত)

১৯৩॰ সালের ৩০ মে তারিথে কবিবর অতুলপ্রসাদ সেন নিম্নলিখিত উইলথানি করে-ছিলেন। কবির সম্পত্তির ট্রাস্তীদ্বয় ছিলেন ব্যারিস্টার মিঃ এইচ. কে. ঘোষ ও মিঃ এস. সি. দাশ।

উইলে তিনি তাঁর সম্পত্তির নিম্নলিখিতরূপ বিলি-ব্যবস্থা করেছিলেন:

- (১) আমার পত্নী শ্রীযুক্তা হেমকুস্থম সেন মৃত্যুকাল পর্যন্ত মাসিক ১০০ টাকা করিয়া পাইবৈন। তাঁহার মৃত্যুর পর ওই ১০০ টাকা এই উইলে যে সকল দাতব্যের ব্যবস্থা হইয়াছে, তাহাতে আতুপাতিক হারে বায় করা হইবে।
- (২) আমার পুত্র দিলীপকুমার সেন আজীবন ১০০ টাকা করিয়া পাইবেন এবং তাঁহার অবর্তমানে উহা এই উইলে বণিত দাতব্য কার্যে অথবা অন্তান্ত দাতব্য কার্যে ব্যয়িত হইবে।
- (৩) ট্রাস্টারা দিলীপকুমার সেনের জীবনবীমার প্রিমিয়াম দিবেন তংপর সম্পত্তির যে আয় ও উপস্থব হইবে তাহা ট্রাস্টারা নিম্নলিথিতভাবে ব্যয় করিবেন:
- (ক) রামকৃষ্ণ মিশন সেবাশ্রমের অধীন হেমন্ত সেবাসদনে (উইলকর্তার জননীর শ্বতিরক্ষার্থ নির্মিত) মাসিক ২৫ টাকা করিয়া দেওয়া হইবে।
- (খ) কলিকাতা সাধারণ ব্রাহ্মসমাজ কতৃক প্রতিষ্ঠিত বা পরিচালিত দাতব্য প্রতিষ্ঠানে মাসিক ২৫ টাকা।
- (গ) ঢাকা সাধারণ ব্রাহ্ম সমাজ বা নববিধান ব্রাহ্ম সমাজ কভ্ক দাতব্য কার্যের ভক্ত মাসিক ২৫ টাকা।
- (ম) উইলকর্তার পৈত্রিক গ্রাম ফরিদপুর জেলার মাদারীপুর মহকুমার অধীন মাইগার গ্রামে বা উহার নিকটবর্তী পঞ্চপল্লী গুরুরাম হাই স্থলে মাদিক ২৫ টাকা।
- (৩) ব্রাক্ষ প্রচারকদের সাহায্যের জ্য় নাসিক ২৫ টাকা।
- (5) नत्को तकनी क्रांव ७ देशः गांन प्रात्मितियः गत्न गांनिक २० ठीका ।
- (ছ) नक्को तक्की शार्नम शहे कृत्न मामिक ১৫ টाका।
- (क) মমতাজ পার্কের মৃসলমান এতিমধানায় অথবা অন্ত কোন উপযুক্ত ম্সলমান এতিমধানায় মাসিক ¢ টাকা।
- (ঝ) লক্ষ্ণোতে বা অন্তত্ত হিন্দুদের বা আর্য সমাজের কোনও অনাথ আশ্রমে মাসিক ৫ টাকা।
- (ঞ) ট্রাস্টাদের বিবেচনাক্রমে এবং সম্পত্তির আয় অম্পারে অন্তান্ত দান-কার্যেও ট্রাস্টারা টাকা দিতে পারিবেন।

সাহায্যপ্রাপ্ত প্রবন্ধ ও পুস্তকের তালিকা

- অত্লপ্রসাদ, 'ধ্র্জটিপ্রসাদ ম্থোপাধ্যায় (উত্তরা)
 'মনে এল', 'ঝিলিমিলি' ইত্যাদি গ্রন্থ ও 'অত্ল স্মৃতি' সম্পর্কে বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত প্রবন্ধ ও ভাষণ।
- २. 'A. P. Sen' by. C. Y. Chintamani.
- ৬. 'অতুলপ্রসাদ সেনের জীবন ও গান'—রাধাকমল ম্থোপাধ্যায় (উত্তরা)
- ঃ. 'অতুল'—স্থবালা দেবী (উত্তরা)
- ৫. 'তন্নষ্টং যন্ন দীয়তে'—কেদার বন্দ্যোপাধ্যায় (উত্তরা)
- ৬. 'অতুলপ্রসাদ ও অতুলপ্রসাদের গান'—দিলীপকুমার রায় (প্রবাসী) 'স্বরেলা'—দিলীপকুমার রায় (উত্তরা), ও 'তীর্থন্ধর' গ্রন্থ
- 'স্বর্গীয় অতৃলপ্রসাদ দেন'—রাধাকুম্দ মৃব্থোপাধ্যায় (উত্তরা)
- ৮. 'অতুলপ্রদান দেন', স্থরেন্দ্রনাথ ভট্টাচার্য (উত্তরা)
- ৮. 'অতুলদা'—অসিতকুমার হালদার (উত্তরা)
- ১০ 'অতুল প্রয়াণে—প্রসন্ধুমার সমাদার (উত্তরা)
- ১১. 'অতুলপ্রসাদের গান'—মেঘেন্দ্রলাল রায় (আনন্দবাজার পত্রিকা)
- ১২. 'অতুলপ্রসাদের গান'—অরুণপ্রকাশ বন্দ্যোপাধ্যায় (উত্তরা)
- ১৩. 'অতুলপ্রসাদ'—লালগোপাল মৃগোপাধ্যায় (উত্তরা)
- ১ব. 'অতুলপ্রসাদ'—মহেন্দ্রচন্দ্র রায় (উত্তরা)
- ১৫. 'আমার কয়েকটি রবীক্রশ্বতি' ও 'মৃসেয়ারা'—অতুলপ্রসাদ সেন (উত্তরা)
- ১৬. 'আমাদের মন্ডে ক্লাব'—ে'ভাতচক্র গঙ্গোপাধ্যায় (যুগান্তর)
- ১৭. 'গীতকার অতুলপ্রসাদ সেন'—রেণুকা দাশগুপ্তা
- .৮. 'স্বর্গীয় অতুলপ্রসাদ সেন'—বেলা সেন (পুত্রবধূ) (লথন্টর বেঙ্গলী ইয়ংম্যান এসোসিয়েশনের মৃথপত্র থেকে)
- ্ন. 'অতুলপ্ৰসাদ প্ৰসঙ্গে'—বিনয়ক্বফ ঘোষ (অপ্ৰকাশিত প্ৰবন্ধ)
- ২০. 'স্থরে ভরা দিনগুলি'—সাহানা দেবী (দেশ)
- ২১. 'অতুলপ্রসাদের তিরোভাবে'—প্রতিভা দেবী (উত্তরা)
- ২২. 'কবি অতুলপ্রসাদ'—পারুল দেবী (উত্তরা)
- ২৩. 'অতুল-শ্বতি'— অমল হোম (উত্তরা)
- ২৪. 'অতুলপ্রসাদী গান'—জয়দেব রায়
- ২৫. 'মরমী কবি অতুলপ্রসাদ'—মানিক ভট্টাচার্য (উত্তরা)
- ২৫. 'অতুলপ্রসাদ'—রাজ্যেশর মিত্র

- ২৭. রবীন্দ্রনাথ ও অতুলপ্রসাদের পত্রাবলী
- ২৮. সত্যপ্রসাদ সেনের ভায়েরি, চিঠিপত্র, ভাষণ ও সত্যপ্রসাদ সেনকে লিখিড অতুলপ্রসাদের পত্রাবলী
- ২৯. সভ্যকুমার মৃখোপাধ্যায়কে লিখিত অতুলপ্রসাদের পত্র ও সভ্যকুমার মুখোপাধ্যায়ের ডায়েরি
- ৩০. বসম্ভকুমার বহুর পাণ্ডলিপির অংশবিশেষ
- ৩১. স্থারেশ চক্রবর্তীকে লিখিত অতুলপ্রসাদের পত্র
- ৩২. অতুলপ্রসাদ সেনের প্রবাসী বঙ্গসাহিত্য সম্মেলনের ভাষণ, কবিতা ও চিঠিপত্তের পাণ্ডলিপি
- ৩৩. কবি অতুনপ্রসাদের অমুনিপি ও কাগছে প্রকাশিত প্রতিনিপি
- ৩৪, 'দীননাথ সেনের জীবনী ও তংকালীন পূর্বক'—আদিনাথ সেন
- ৩৫. 'রবীক্রজীবনী'—প্রভাতকুমার ম্থোপাধ্যায়
- ৩৬. 'দরোয়া'—অবনীক্রনাথ ঠাকুর ও রানী চন্দ
- ৩৭. 'বক্কের বাহিরে বাঙালী'—জ্ঞানেক্রমোহন রায়
- ৩৮. 'ঢাকার ইতিহাস'—(লেখকের নাম অজ্ঞাত)

পাহাড়ি সাক্তান

৵কালিছাস নাগ

- ৩৯. 'স্তর আশুতোষ'—মণি বাগচী
- ৪০. বিভিন্ন পত্ৰপত্ৰিকা

33.

30.

ব্যক্তিগভভাবে সাক্ষাৎকার

১. শ্রীমতী	বাসস্তী দেবী	১৪. ৺সতাকুমার ম্থোপাধ্যায় (লখনউ)
₹. "	क्र्म्मिनी मख	্ ১৫. শ্রী প্রভাতচন্দ্র গঙ্গোপাধ্যায়
٥	বেলা সেন	১৬. ৣ রণদা উকিল
8. "	ঊবা হালদার	১৭. 💃 সঞ্জীবকুমার মৃধোপাধ্যার
ć. "	কনক দাস	১৮. দ্লু স্থান রায়
٠. ,	জ্যোৎস্না দেন	১>. " সভ্যেন মৈত্র
۹. ,	শোভনা নন্দী	২•. ৢ বীরেজ্রনাথ রায় (উকিল, লখনউ)
৮. "	মীরা চৌধুরী	২১. অধ্যাপক সাতকড়ি দম্ভ (এলাহাবাদ)
>. डीयूक	স্থরেশ চক্রবর্তী	২০. ঐতহমস্তকুমার খোষ (ব্যারিস্টার, লখনউ)
١٠. "	দিলীপকুমার সেন	২৩. 🗸 রণঞ্চিত (টুপু) সেন
١١٠ "	হিচ্ছেন্দ্ৰনাথ সাকাল	২৪. শ্রীভাষলকুষার দেন

२८. जीवमञ्जूमात्र वञ्च

২৬. শ্রীপুলিনবিহারী সেন, ইত্যাদি